[illegible]

[illegible] হুগ, ঢাক, রাঢ়ীত, বুধ, বাঙ্গি, আরুনি [illegible]

[illegible] আশ্চর্যরূপে [illegible] প্রবেশ [illegible]

[illegible]

[illegible] এরূপ [illegible]

[illegible] প্রায় সমস্ত [illegible]

[illegible]

[illegible] কারণ।

[illegible]

ভাব গ্রহ হওয়া বড়ই কঠিন। এই জন্য চক্রসংগ্রহের নিম্নে শিবদাস প্রণীত তত্ত্বচন্দ্রিকানাম্নী টীকা সন্নিবেশিত করা গেল। যদিও সময়ে সময়ে সংগ্রহের অন্যান্য টীকা গ্রন্থ প্রণীত হইয়াছিল বটে, তথাপি তাহাদের অধিকাংশ এক্ষণে একেবারে লুপ্ত বলিয়াই উক্ত তত্ত্বচন্দ্রিকা বৈদ্যসমাজে বড় আদরণীয়। পরোক্ত দুরূহ স্থানগুলি সাধারণের উপলব্ধির জন্য টীকাকারদিগের সেই সেই ব্যাখ্যা করিবার পদ্ধতি অনুসরণ করিয়া তাৎপর্য্যব্যঞ্জক অতিরিক্ত বাক্য দ্বারা অনুবাদ করা গেল।

২। আয়ুর্ব্বেদের মূল গ্রন্থকারেরা স্ব স্ব গ্রন্থের কোন টীকা না করায় তাঁহারা কোন্ অর্থে কোন্ শব্দ ব্যবহার করিয়া গিয়াছেন, তাহা অভ্রান্তরূপে নিবার কোন উপায় নাই। বিশেষতঃ সংস্কৃত ভাষায় এক শব্দের বিভিন্ন নানা প্রকার অর্থ হওয়ায় বৈদ্যসম্প্রদায়ের মধ্যে অনেক স্থানের অর্থ লইতভেদ হইয়া থাকে। এই রূপ মতভেদের মীমাংসার কোন উপায় না থাকায় আমরা যেরূপ অর্থ গ্রহণ করিয়া চিকিৎসায় অধিকতর ফললাভ করিয়া থাকি বা দে সেইরূপ অর্থেরই যোজনা করা গেল।

৩। ঔষধের নাম অনুবাদ করা অনুবাদকের এক দুরূহ কার্য্য। এই বাঙ্গালাতেই একটী ঔষধ নানা স্থানে নানা নামে অভিহিত হইয়া থাকে। সুতরাং এককালে সকলের মনোমত অনুবাদ করা নিতান্ত অসম্ভব। অধুনা বাঙ্গালার সকল স্থানের লোকই কলিকাতা প্রদেশের কথা যত্নপূর্ব্বক শিখিয়া থাকেন এবং অধুনাতন সকল প্রকার পুস্তকেই কলিকাতা অঞ্চলের কথার প্রয়োগ দেখা যায় বলিয়া কলিকাতার বাজারে প্রচলিত ঔষধের নামই অনুবাদে যোজনা করা গেল।

এতদ্ব্যতীত স্থানে স্থানে মূলের প্রকৃত অনুবাদ করাও কঠিন। সেই সেই স্থান যাহাতে সহসা পাঠকবর্গের হৃদয়ঙ্গম হয়, তজ্জন্য কোন স্থলে ২।৩ বা ততোধিক শ্লোক একত্র করিয়া কোথাও বা একটী শ্লোক ৪।৫ ভাগে বিভক্ত করিয়া অনুবাদ করা গেল। এক্ষণে এই গ্রন্থ পাঠ ও ইহাতে সংগৃহীত ঔষধাদি প্রয়োগ করিয়া আয়ুর্ব্বেদের উপকারিতা সাধারণের উপলব্ধি হইলেই সফল জ্ঞান করিব।

পরিশেষে পাঠকমণ্ডলী-সমীপে বিনীতভাবে নিবেদন এই যে, আয়ুর্ব্বেদ অতি দুরবগাহ শাস্ত্র, এমন কি চিরকাল আলোচনা করিলেও ইহার সম্পূর্ণ অধিকারী হওয়া যায় না। ভ্রম প্রমাদ সামান্য মনুষ্যগণের স্বভাবসিদ্ধ, সুতরাং এই অনু-

যাদে আমাদেরও ভ্রম ঘটিবার সম্ভাবনা। অতএব যখন যে স্থানে যাঁহার ভ্রম বিবেচনা হইবে, অনুগ্রহ করিয়া আমাদিগকে জানাইলে দ্বিতীয়বার মুদ্রাঙ্কনের সময় উহা সংশোধন করিয়া দেওয়া যাইবে এবং তিনি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা ভাজন হইবেন।

শ্রীপ্যারীমোহন সেন গুপ্ত।

সূচীপত্র।

সূচীপত্র।

ইত্যুন্মাদ-চিকিৎসা।

অপস্মার-চিকিৎসা।

ইত্যপস্মার-চিকিৎসা।

বাতব্যাধি-চিকিৎসা।

ইতি বাতব্যাধি-চিকিৎসা।

বাতরক্ত-চিকিৎসা।

ইতি বাতরক্ত-চিকিৎসা।

ঊরুস্তম্ভ-চিকিৎসা।

রাবণকৃতকুমারতন্ত্র সমাপ্ত।

ইতি বালরোগ-চিকিৎসা।

বিষচিকিৎসা।

ইতি বিষ-চিকিৎসা।

রসায়নাধিকার।

চক্রদত্তঃ।

গুণত্রয়বিভেদেন মূর্ত্তিত্রয়মুপেয়ুষে।
ত্রয়ীভুবে ত্রিনেত্রায় ত্রিলোকীপতয়ে নমঃ॥

তত্ত্বচন্দ্রিকা।

যঃ সপ্তবর্ষদেশীয়ো দধার ধরণীধরম্। কংসধ্বংসকরং বন্দে তন্দেবন্দেবকীসুতম্॥ তাতঃ কিমথ যাতেতি যং দৃষ্ট্বা দৃষ্টপূর্ব্বকম্। অভূৎ স্কন্দোঽপি সন্দেহস্তন্দেহং শিবয়োর্ভজে॥ টীকা রত্নপ্রভা চক্রদত্তনির্ম্মিতসংগ্রহে। যদ্যপ্যাস্তে তথাপ্যেষ সংক্ষেপায় সমুদ্যমঃ॥ বিস্তারোক্তঞ্চ সংক্ষিপ্য প্রতিক্ষিপ্য চ দূষণঃ। ব্যাখ্যান্তরঞ্চ নিঃক্ষিপ্য টীকেয়ং ক্রিয়তে ময়া॥

বিশিষ্টশিষ্টাচারানুমিতশ্রুতিবোধিতকর্ত্তব্যতাকং প্রারিপ্সিতগ্রন্থসমাপ্তিফলকং তৎপ্রতিবন্ধকবিঘ্নধ্বংসমাত্রফলকং বা স্বয়ংকৃতমিষ্টদেবতানমস্কারং শিষ্যশিক্ষার্থমাদৌ নিবধ্নাতি গুণত্রয়েত্যাদি।—গুণত্রয়ং সত্ত্বরজস্তমোরূপং, মূর্ত্তিত্রয়ং ব্রহ্মহরিহরস্বরূপম্॥

যিনি সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণ বিভাগের নিমিত্ত ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর রূপে ঐ ত্রিগুণাত্মিকা মূর্ত্তি আশ্রয় করিয়াছেন, এবং যে মহাত্মা ঋক্ যজুঃ সাম এই বেদত্রয়ের সৃষ্টি করিয়াছেন, সেই ত্রিলোকনাথ ত্রিলোচনকে নমস্কার করি।

নানায়ুর্ব্বেদবিখ্যাত সদ্যোগৈশ্চক্রপাণিনা। ক্রিয়তে সংগ্রহো গূঢবাক্যবোধকবাক্যবান্॥ ১॥

প্রেক্ষাবতাং প্রবৃত্ত্যর্থং সম্বন্ধাভিধেয়প্রয়োজনমাহ নানেত্যাদি।—সদিতি সিদ্ধফলং। গূঢ়বাক্যং গূঢ়ার্থং বচনং তদ্বোধকং তদর্থপ্রতিপাদকং যদ্বচনং তদ্যুক্তং, যথা—নবজ্বরে ষড়ঙ্গাদি-ভেষজবিধানং, তথা তত্রৈব "ন দদ্যাত্তত্র ভেষজম্" ইতি ভেষজনিষেধোঽপি, অতো বিধিনিষেধয়োরেকবিষয়ত্বেন বিরোধঃ স্যাৎ, অতস্তৎপরিহারার্থং "মুখ্যভেষজসম্বন্ধো নিষিদ্ধ ইত্যাদি বচনঃ নিবদ্ধমিতি। সংগ্রহেণ সহ সদ্যোগানাং বাচ্য বাচকলক্ষণঃ সম্বন্ধঃ, সদ্যোগা এবাভিধেয়াঃ, অবান্তর প্রয়োজনং চিকিৎসিতং, মুখ্যন্তু আরোগ্যমিতি॥ ১॥

নানা প্রকার আয়ুর্ব্বেদগ্রন্থ হইতে প্রসিদ্ধ ফলদায়ক (যে সকল ঔষধ সেবন করিলে বিনা ক্লেশে শীঘ্র রোগ প্রশমিত হয়, এরূপ বহু পরীক্ষাদ্বারা দৃষ্ট হইয়াছে) উৎকৃষ্ট যোগপূর্ণ, অথচ সংশয়াত্মক ও দুর্ব্বোধগম্য কঠিনবচন সমূহের সরলার্থ-প্রতিপাদক এই আয়ুর্ব্বেদীয় সংগ্রহ চক্রপাণিদত্ত কর্ত্তৃক সংগ্রহীত (ক)। ॥১॥

রোগমাদৌ পরীক্ষেত ততোঽনন্তরমৌষধং। ততঃ কর্ম্ম ভিষক্ পশ্চাৎ জ্ঞানপূর্ব্বং সমাচরেৎ॥ ২॥

---

(১) সংশয়াত্মকের সরলার্থপ্রতিপাদক অর্থাৎ যেমন জ্বরাধিকারে নবজ্বরে সপ্তাহের মধ্যে ঔষধ সেবন নিষেধ করিয়া তাহার পরই বলিয়াছেন যে মুথা ও ক্ষেতপাপড়া প্রভৃতি ঔষধের সহিত ষড়ঙ্গপানীয় প্রস্তুত করিয়া সপ্তাহের মধ্যে রোগীকে সেবন করাইবে। এস্থলে যাহার নিষেধ, তাহারই বিধি দেখা যাইতেছে। সুতরাং বিরোধ উপস্থিত হইল; বিরোধ মীমাংসার্থে এই বুঝিতে হইবে যে, নবজ্বরে সপ্তাহমধ্যে স্বতন্ত্র ভক্ষণার্থ মুখ্য ঔষধ প্রদানই নিষিদ্ধ, কিন্তু মণ্ড, যূষ, পানীয় প্রভৃতির সহিত মিশ্র ঔষধ সেবন নিষিদ্ধ নহে।

তত্র চিকিৎসাক্রমমাহ রোগমিত্যাদি। আদৌ নিদানপূর্ব্বরূপাদিভিঃ রোগং পরীক্ষেত। ততো রোগপরীক্ষানন্তরমৌষধং পরীক্ষেত। জ্ঞান পূর্ব্বমিতি কর্ম্মদর্শনজনিতজ্ঞানপূর্ব্বং, জ্ঞায়তে অনেনেতি জ্ঞানং শাস্ত্রং তৎপূর্ব্বকমিতি বা॥ ২॥

চিকিৎসক প্রথমত অতি সূক্ষ্ম বিবেচনার সহিত রোগের পরীক্ষা করিয়া তদনন্তর ঔষধ পরীক্ষা করিবেন। রোগ ও ঔষধের পরীক্ষাকার্য্য সুচারু রূপে হইলে বিশেষ নিপুণতার সহিত চিকিৎসাকার্য্যে প্রবৃত্ত হওয়া বিধেয় (খ)॥ ২॥

নবজ্বরে দিবাস্বপ্নস্নানাভ্যঙ্গান্নমৈথুনম্। ক্রোধপ্রবাতব্যায়ামকষায়াংশ্চ বিবর্জ্জয়েৎ॥ ৩॥

তত্র জ্বরস্য সর্ব্বরোগপ্রধানত্বাৎ প্রথমং তচ্চিকিৎসিতে বক্তব্যে কৃতমপি ভেষজং নিদানসেবনাদকৃতমিব ভবতীতি নিদানপরিবর্জ্জনস্যৈব গরীয়স্ত্বাৎ প্রথমং নিদানপরিবর্জ্জনরূপং চিকিৎসিতমাহ নবজ্বর ইত্যাদি। অত্রান্নং গুর্ব্বন্নং লঘ্বন্নস্য বিধানাৎ, অতএবোক্তং হারীতে "গুর্ব্বন্নভোজনাচ্চাপি বিষ্টম্ভো দোষকোপনম্" ইতি। কষায়াংশ্চেতি ন তু কল্পনমুদ্দিশ্য কষায়ঃ প্রতিষিধ্যতে ইতি চরকবাক্যস্বরসাৎ কষায়শব্দেনাত্র কষায়রসমাত্রমুচ্যতে, ন তু স্বরসাদিঃ। অতএব জতুকর্ণেঽপি "কষায়রসগুরুরুক্ষস্নিগ্ধস্নানাভ্যঙ্গান্ নবজ্বরে বর্জ্জয়েৎ" ইত্যুক্তম্। হরিশ্চন্দ্রেণাপি "নাত্র স্বরসাদীনাং নিষেধঃ" ইত্যুক্তম্। তথা "স্তভ্যন্তে ন বিপচ্যন্তে কুর্ব্বন্তি বিষমজ্বরম্। দোষা বদ্ধাঃ কষায়েণ স্তম্ভিত্বাত্তরুণজ্বরে" ইতি চরকবচনে স্তম্ভিত্বাদিত্যয়ং হেতুঃ কষায়রসবর্জ্জনাভিপ্রায়েণৈব সঙ্গচ্ছতে। উক্তং হি "কষায়ঃ স্তম্ভনঃ শীতঃ" ইতি বাগ্‌ভটেঽপ্যুক্তং "পিত্তশ্লেষ্মজ্বরেঽপি কষায়ঃ স ন শস্যতে। নবজ্বরে মলস্তম্ভাৎ কষায়ো বিষমজ্বরম্। কুরুতেঽরুচিহৃল্লাসহিক্কাধ্মানাদিকানপি" ইতি॥ ৩॥

নবজ্বরে দিবা-নিদ্রা, স্নান, অভ্যঙ্গ (তৈলাদি মর্দ্দন), গুরুতর আহার, মৈথুন, ক্রোধ, প্রবলবায়ু বা পূর্ব্বদিগ্‌ভববায়ু-সেবন, ব্যায়াম ও কষায়ভোজন, এই সকল পরিত্যাগ করিবে (গ)॥ ৩॥

(খ) কি কারণে কোন রোগ উৎপন্ন হইয়াছে এবং ঐ উৎপন্ন রোগ সাধ্য, কি অসাধ্য, চিকিৎসক রোগীর লক্ষণাদিদ্বারা এই সকল সর্ব্বাগ্রে বিশেষ রূপে নির্ণয় করিবেন, অনন্তর কোন্ কোন্ রোগের শান্তিপক্ষে কি কি ঔষধ ব্যবহার্য্য, অপিচ উপবাস প্রভৃতি অদ্রব ভূত ঔষধ, কি রূপ অবস্থায় উপযোগী, কিরূপ স্থলেই বা মুস্তক প্রভৃতি দ্রব্যভূত ঔষধ সেবন বিধেয়, এই সকল পুঙ্খানুপুঙ্খ রূপে নির্ণয় করিয়া ঔষধের ব্যবস্থা করিবেন; দেশ কাল পাত্র ঔষধের গুণাগুণ, জন্মস্থান ও অবস্থার তারতম্যভেদে ঔষধের উপযোগিতা ও অনুপযোগিতা বিষয়েও বিবেচনা করিতে হইবে। এই রূপে রোগ ও ঔষধ পরীক্ষা করিয়া চিকিৎসক অভিজ্ঞতাপূর্ব্বক অর্থাৎ ভূয়োদর্শন ও অনুষ্ঠানজ্ঞান বশতঃ রোগীর কেমন অবস্থায় কি মাত্রায় ঔষধ সেবন করাইতে হইবে, ইত্যাদি বিষয় বিশেষ বিবেচনা পূর্ব্বক চিকিৎসাকার্য্যে প্রবৃত্ত হইবেন।

(গ) এস্থলে কষায় শব্দের প্রকৃত অর্থ কি? এই কথা লইয়া বহুকাল যাবৎ ভিষক্ সম্প্রদায়ের মধ্যে তর্ক বিতর্ক চলিয়া আসিতেছে; এ যাবৎ স্থিরসিদ্ধান্ত কিছুই, হয় নাই। আয়ুর্ব্বেদ মতে কষায় শব্দের অর্থ বহুবিধ। তন্মধ্যে দুইটী অর্থ এস্থলে বিবেচনীয়। প্রথম অর্থ ক্বাথ। দ্বিতীয় অর্থ কষায় রস, তন্মধ্যে ভাবমিশ্র বলেন যে তরুণ জ্বরে ক্বাথই নিষিদ্ধ। যেহেতু জ্বরের তারুণ্য অবস্থায় ক্বাথ প্রয়োজিত হইলে পাকের গুরুত্ব হেতু দোষ সকল (বায়ু, পিত্ত, কফ,) আকুলিত অর্থাৎ প্রবৃদ্ধ হইয়া স্বকীয় আশ্রয় পরিত্যাগ পূর্ব্বক ইতস্ততঃ গমন শীল হইয়া দুরপনেয় হয়, (১)। কিন্তু ষড়ঙ্গ জল তরুণজ্বরে ব্যবহার হইতেছে। এজন্য কেহ কেহ আপত্তি উপস্থিত করিতে পারেন। একারণ তাহার মীমাংসা স্থলে তিনি বলেন যে, ষোলগুণ জলদ্বারা সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইলে ক্বাথ প্রস্তুত হয়। ষড়ঙ্গ জল প্রস্তুত করিবার নিয়ম ঐরূপ নহে। অর্দ্ধশোষিত হইয়া ষড়ঙ্গ জল প্রস্তুত হইয়া থাকে, সুতরাং পরিপাকের লঘুত্ব হেতু ষড়ঙ্গ জল ব্যবহার সম্বন্ধে কোন আপত্তি হইতে পারে না। ষোড়শগুণ জলদ্বারা সিদ্ধ করিয়া চতুর্থাংশ অথবা অষ্টমাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া যে কষায়

(১) ন কষায়ং প্রশংসন্তি নরাণাং তরুণে জ্বরে। কষায়েণাকুলীভূতা দোষা জেতুং সুদুস্তরাঃ॥
ভাবপ্রকাশঃ।

জ্বরে লঙ্ঘনমেবাদাবুপদিষ্টমৃতে জ্বরাৎ।
ক্ষয়ানিলভয়ক্রোধকামশোকশ্রমোদ্ভবাৎ॥
॥ ৪ ॥

আমাশয়সমুত্থানাং পূর্ব্বং লঙ্ঘনমৌষধমিত্যুক্তং ; জ্বরোঽপ্যামাশয়সমুত্থঃ অতস্তত্র লঙ্ঘনমুপদিশতি জ্বরে লঙ্ঘনমিত্যাদি। যদ্যপি লঙ্ঘনবৃংহণীয়ে "চতুঃপ্রকারা সংশুদ্ধিঃ" ইত্যাদিনা দশবিধমেব লঙ্ঘনমুক্তং তথাপি ব্যায়ামপ্রবাতয়োর্ব্বর্জ্জনীয়ত্বেনৈবোক্তত্বাৎ সংশোধনানীনাঞ্চাবস্থাবিশেষনিয়তত্বাৎ পারিশেষ্যাদত্রোপবাস এব লঙ্ঘনশব্দেনোচ্যতে। অতএব লঙ্ঘনমেবেত্যেবকারেণ সংশোধনাদিরূপং লঙ্ঘনং নিষিধ্যতে। তেন জ্বরস্য পূর্ব্বরূপে যল্লঘুশনাদিবিধানং তস্য ন নিষেধঃ। বাগ্‌ভটেনাপি "স্নানাভ্যঙ্গপ্রদেহাংশ্চ পরিশেষঞ্চ লঙ্ঘনম্‌" ইত্যনেন নবজ্বরে অনশনরূপ-

---

প্রস্তুত হয়, (১) তাহাই নবজ্বরে নিষিদ্ধ। দ্বিতীয় অর্থ কষায় রস, যেহেতু জতুকর্ণ বলেন, যে কষায় রস, গুরুদ্রব্য, স্নিগ্ধদ্রব্য, স্নান ও অভ্যঙ্গ এই সকল তরুণ জ্বরে বর্জ্জন করা কর্ত্তব্য। চরক মুনি বলেন যে, তরুণ জ্বরে কষায় প্রয়োজিত হইলে তাহা পরিপাক না হইয়া স্তম্ভিত ভাবে থাকে। সুতরাং স্তম্ভিত্ব প্রযুক্ত দোষ সকল প্রকুপিত হইয়া বিষমজ্বর উৎপাদন করে। একারণ বোধ হয় স্তম্ভিত্ব প্রভৃতি হেতু কষায় রস বর্জ্জন অভিপ্রায়েই লিখিয়াছেন। বাগ্‌ভট্‌ বলেন যে নবজ্বরে কষায় প্রয়োগ করিলে তদ্বারা বিষমজ্বর, অরুচি, হিক্কা ও উদর আধ্মানাদি উপস্থিত হয় (২) অরুণদত্তও এই স্থলের টিপ্পনীতে কষায় শব্দের অর্থ কষায় রস বলিয়া ব্যাখ্যা করিয়াছেন (গ) কেহ কেহ বলিয়া থাকেন যে, তরুণজ্বরে পঞ্চকষায়ই বর্জ্জনীয়, যেহেতু তরুণজ্বরে সপ্তাহের অভ্যন্তরে ঔষধ ব্যবহার করা নিষিদ্ধ বলিয়া উক্ত আছে। কিন্তু তাহা নহে, ঐস্থলে তরুণজ্বর শব্দের অর্থ সামজ্বর বুঝিতে হইবে। কারণ সামজ্বরে ঔষধ প্রদান করিলে ঐ ঔষধ পরিপাক না হইয়া জ্বরের বেগ আরও বৃদ্ধি করে, (৩) একারণ সামজ্বরেই ঔষধ প্রয়োগ নিষিদ্ধ। চন্দ্রিকাকার বলিয়াছেন যেমন নেত্ররোগের সামতা চারিদিন। তদ্রূপ জ্বরের সামতাকাল সাতদিন, অতএব তন্মধ্যে (সামাবস্থায়) ঔষধ প্রয়োগ করা অনুচিত, ইহাদ্বারা স্পষ্টই প্রতিপন্ন হইতেছে যে সামতাকালপর্য্যন্তই ঔষধ প্রয়োগ নিষিদ্ধ। আম পরিপাক হইলে সপ্তাহের মধ্যেও ঔষধ প্রয়োগ করা যাইতে পারে। বিশেষতঃ উক্ত আছে যে জ্বরের মৃদুতা, শরীরের লঘুতা, বায়ু, পিত্ত কফের অবিরুদ্ধভাব ও মলনির্গম হইলে আম পরিপাক হইয়াছে জানিয়া ঔষধ প্রয়োগ করিবে, (১) বাগ্‌ভট বলেন যে উক্ত জ্বরমার্দ্দবাদি লক্ষণযুক্ত হইলে অল্পকালসমুত্থিতজ্বরেও ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য। এই বচনদ্বারা প্রতিপন্ন হয় যে, ঔষধ প্রদান সম্বন্ধে আমপাকের অপেক্ষা ভিন্ন কোন নির্দ্দিষ্ট কাল নির্দ্ধারিত নাই। আমদোষ না থাকিলেই ঔষধ প্রয়োগ করা যাইতে পারে। সুতরাং সপ্তাহের অভ্যন্তরে যদি আমদোষের পরিপাক হয় তবে ঔষধ প্রয়োগে কোন দোষ হয় না। বিশেষতঃ সুশ্রুত বলেন যে পিত্তজাত জ্বর যদি অল্পকাল সমুদ্ভূত হয় অথচ আমদোষ না থাকে তবে তৎস্থলে ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য (২)। ইহাদ্বারাও বোধ হইতেছে যে তরুণ জ্বরে সর্ব্বতোভাবে ঔষধ দেওয়া নিষিদ্ধ নহে, যেহেতু সপ্তাহ অতিক্রম না করিলে পিত্তজ্বরও তরুণত্ব ছাড়া নহে। হরিশ্চন্দ্র মুক্তকণ্ঠে বলিয়াছেন যে,তরুণ জ্বরে স্বরসাদি নিষিদ্ধ নহে (৩)। অতএব আমাদের মতে কষায় রস এবং কাথ এই উভয় বিধ কষায়ই তরুণজ্বরে নিষিদ্ধ, পঞ্চকষায় নিষিদ্ধ নহে। (৪) তবে স্থানে স্থানে সপ্তাহ বলিয়া যে উল্লেখ আছে, তাহা প্রায়িক বলিয়া বুঝিতে হইবে। কারণ প্রায়ই আমপাক সপ্তাহে হইয়া থাকে।

(১) চতুর্থী ভাগাবশেষকরণে নাষ্টমভাগ করণেনচ কষায় বর্গঃ।

ভাবপ্রকাশঃ ॥

(২) তদেব কষায়ো রসবিশেষো মলস্তম্ভাদেব নবজ্বরে নিষিধ্যতে।

অরুণ দত্তঃ।

(৩) অপচ্যমানং ভৈষজ্যং ভূয়ো জ্বলয়তি জ্বরং।

বাগ্‌ভটঃ।

(১) মৃদুজ্বরো লঘুর্দেহশ্চলিতাশ্চ মলা যদা।
অচিরজ্বরিতস্যাপি ভেষজং কারয়েৎ তদা।

বাগ্‌ভটঃ।

(২) পৈত্তিকে বা জ্বরে দেয়মল্পকালসমুত্থিতে।
অচিরজ্বরিতস্যাপি ভৈষজ্যং দোষপাকতঃ॥

সুশ্রুতঃ।

(৩) নাত্র স্বরসাদীনাং নিষেধঃ। হরিশ্চন্দ্রঃ।

(৪) যঃ কষায়ঃ কষায়স্তু সবর্জ্জ্য স্তরুণে জ্বরে।
নতু কল্পনমুদ্দিশ্য কষায়ঃ প্রতিষিধ্যতে।

অরুণদত্তঃ।

লঙ্ঘনাপেক্ষয়া পরিশেষলঙ্ঘনপ্রতিষেধং কুর্ব্বতা সংশোধনাদিরূপং লঙ্ঘনং নিষিধ্যতে। কিম্বা চরকেণ নিদানস্থানে "হিতং লঘ্বশনমপতর্পণং বা" ইতি যদুক্তং, তৎ পূর্ব্বরূপাবস্থায়াং ; ব্যক্তাবস্থায়াস্তু লঙ্ঘনমেবেত্যেবকারেণ লঘ্বশনমপি নিষিধ্যতে ইতি জ্ঞেয়ম্। ননু লঙ্ঘনবৃংহণীয়ে কফপিত্তজ্বরচর্দ্দ্যাদিষু মধ্যে জ্বরং পঠিত্বা উক্তং "পাচনৈস্তান্ ভিষক্ প্রাজ্ঞঃ প্রায়েণাদাবুপাচরেৎ" ইতি, ইহ তু লঙ্ঘনমেবাদাবিত্যতোবিরোধঃ? নৈবং, তন্ত্রেষজপ্রয়োগস্যাদৌ পাচনং ন তু জ্বরস্যাদাবিত্যবগম্যতে। কিম্বা আদাবেব লঙ্ঘনং কার্য্যমিতি যোজ্যং, তেন জীর্ণজ্বরে ন লঙ্ঘনং কার্য্যমিতি বোধয়তি। উক্তং হি বাগ্‌ভটে "শুদ্ধবাতক্ষয়াগন্তুজীর্ণজ্বরিষু লঙ্ঘনম্। নেষ্যতে তেষ্বভিহিতং শমনং যন্ন কর্ষণম্" ইতি। হারীতেন তু "পিত্তশ্লেষ্মবিশুদ্ধ্যর্থং কুর্য্যাদ্বমনমাদিতঃ" ইতি যদুক্তং তৎ কফপ্রধানানিত্যাদিবক্ষ্যমাণাবস্থায়াং জ্ঞেয়ম্। ক্ষয়শব্দেন ধাতুক্ষয়কৃতং জ্বরং কিম্বা রাজযক্ষ্মকৃতং জ্বরং গৃহ্যাতি। অনিলশব্দেন নিরামানিলগ্রহণং, উক্তং হি "শুদ্ধবাতক্ষয়াগন্তুজীর্ণজ্বরিষু লঙ্ঘনং। নেষ্যতে" ইতি। কিম্বা ক্ষয়ানিলশব্দেন ধাতুক্ষয়কুপিতানিলগ্রহণম্। যদুক্তং "বায়োর্ধাতুক্ষয়াৎ কোপো মার্গস্যাবরণেন চ" ইতি। যস্তু বায়ুর্মার্গাবরণেন কুপ্যতি স আবরকধর্ম্মিতয়া প্রায়েণ সামো ভবতি। তত্র লঙ্ঘনং মাত্রয়া কর্ত্তব্যমেব। যদুক্তং "সামে বাতেঽপি লঙ্ঘনম্" ইতি। অনিলজ্বরমভিধায়াপি কামাদিজ্বরাভিধানং, কামাদিজ্বরেষু কালান্তরেণ বাতসম্বন্ধো ভবতি তেন প্রথমমপি বাতাসম্বন্ধে কামাদিজ্বরাণামলঙ্ঘনীয়তোপাদর্শনার্থম্ ॥ ৪ ॥

শাস্ত্রকারগণ নবজ্বরে প্রথমত অনশন (উপবাস) রূপ লঙ্ঘনেরই উপদেশ দিয়া গিয়াছেন। কিন্তু ক্ষয়জ্বর (ধাতুক্ষয় কৃত বা রাজযক্ষ্মাকৃত জ্বর), অনিলজ্বর, অথবা ভয়, ক্রোধ, কাম, শোক ও পরিশ্রম, এই সকল কারণে জ্বর উৎপন্ন হইলে, তাহাতে উপবাস বিহিত নহে (ঘ)॥ ৪ ॥

(ঘ) অনিলজ্বর অর্থাৎ বাতিকজ্বর। বাতিকজ্বর দুই প্রকার; সামবায়ুজ্বর ও নিরামবায়ুজ্বর। বায়ু, অপকরসে দূষিত হইয়া আমাশয়ে অবস্থিতি করিয়া জ্বর উৎপাদন করিলে তাহাকে সামবায়ুজ্বর কহে এবং যে জ্বরে বায়ু অপক রসে দূষিত না থাকে, তদবস্থার জ্বরকে নিরামবায়ুজ্বর অর্থাৎ শুদ্ধ-বায়ুজ্বর কহে। এস্থলে অনিলজ্বর শব্দে নিরামানিলজ্বর বুঝিতে হইবে। নিরামানিল-

আমাশয়স্থো হত্বাগ্নিং সামো মার্গান্ পিধাপয়ন্। বিদধাতি জ্বরং দোষস্তস্মাল্লঙ্ঘনমাচরেৎ ॥ ৫ ॥

লঙ্ঘনোপপত্ত্যর্থং জ্বরস্য সম্প্রাপ্তিমাহ আমাশয়স্থ ইত্যাদি।—বাগ্‌ভটস্য। অত্র যত্তদোর্নিত্যসম্বন্ধাৎ যস্মাদিতি লভ্যতে ॥ ৫ ॥

সামদোষ (অপক রসযুক্ত দূষিত বায়ু, পিত্ত, কফ) আমাশয়ে অবস্থিত হইয়া অগ্নিমান্দ্য করতঃ শরীরস্থ রসবহ ও ঘর্ম্মবহস্রোতঃ (পথ) সকল অবরুদ্ধ করিয়া জ্বরোৎপাদন করে। একারণ নবজ্বরে উপবাস করা বিধেয় (ঙ)। ॥৫॥

জ্বরে উপবাস অবিধেয়, সামানিলজ্বরে উপবাস বিধেয়। নবজ্বরে আমাশয়ে সামদোষ প্রবল থাকে, এজন্য তাহাতে উপবাস বিধেয়, পুরাতনজ্বরে আমাশয়ে সামদোষ প্রবল থাকেনা, এজন্য তাহাতে উপবাস অবিধেয়। নবজ্বরে উপবাস করিলে, জঠরাগ্নি, রোগীর আমাশয়স্থ সামদোষকেই অন্য আহারের অভাবে পরিপাক করিতে থাকে। সামদোষের পরিপাকে আমাশয়ের নিম্নস্থ অগ্নিরও তেজোবৃদ্ধি হয়। জঠরাগ্নির তেজোবৃদ্ধি হইলে ধাতুস্থ অগ্নিরও তেজোবৃদ্ধি হয়। তাহার বৃদ্ধি হইলে ধাতুস্থ আমেরও পরিপাক হয়, সুতরাং রোগী সহজেই আরোগ্য হইতে পারে।

কামাদিজনিত জ্বরে প্রথমে কোন দোষের সংস্রব থাকে না, কালান্তরে বায়ুসম্বন্ধ ঘটিয়া থাকে, এজন্য আগন্তু জ্বরের কি প্রথমে, কি পশ্চাতে, সর্ব্বত্রই উপবাস নিষিদ্ধ।

(ঙ) এই বচনদ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, অগ্নিমান্দ্য না হইলে জ্বর জন্মে না; এবং সামদোষ অর্থাৎ অপক রস সংযুক্ত বিকৃত বায়ু, পিত্ত, কফ, আমাশয়ে অবস্থিতি না করিলে অগ্নিমান্দ্য হয় না। এখন এস্থলে জিজ্ঞাস্য এই যে কি প্রকারে উক্ত ক্রিয়া সম্পন্ন হয়? এই প্রশ্নের উত্তর স্থলে আচার্য্য সংক্ষেপে শারীর-ক্রিয়ার উল্লেখ করিয়া জ্বরোৎপত্তিতত্ত্ব প্রকাশ করিতেছেন। যথা আমরা যেমন স্থালীতে জলতণ্ডুলাদি নিক্ষেপ করিয়া নিম্নস্থ অগ্নির উত্তাপে পাকক্রিয়া সম্পন্ন করি, শরীরাভ্যন্তরে আমাশয়ের মধ্যস্থিত আহারের পরিপাক ক্রিয়াও সেইরূপে নিষ্পন্ন হয়, অর্থাৎ আমাদের ভুক্তান্নাদি প্রথমে আমাশয়ে উপস্থিত হইয়া তত্রত্য শ্লেষ্মাদ্বারা ক্লিন্ন হয়। আমাশয়ের নিম্নেই অগ্ন্যাশয় অবস্থিত; সেই

অনবস্থিতদোষাগ্নের্লঙ্ঘনং দোষপাচনম্। জ্বরঘ্নং দীপনং কাঙ্ক্ষারুচিলাঘবকারকম্ ॥ ৬ ॥

লঙ্ঘনফলমাহ অনবস্থিত ইত্যাদি।—সুশ্রুতস্য। অনবস্থিতৌ স্বস্থানে স্বমানে চানবস্থিতৌ দোষাগ্নী যস্য স তথা। কাঙ্ক্ষা অন্নপ্রার্থনা, রুচিঃ অভ্যবহারপাটবম্ ॥ ৬ ॥

দোষ (বায়ু, পিত্ত, কফ) ও অগ্নি অসমভাবে স্বস্থানচ্যুত হইয়া জ্বর উৎপাদন করে, এরূপ অবস্থায় তাহার উপবাসে, দোষের পরিপাক, জ্বরনাশ ও অগ্নিদীপ্তি হয়, এবং ভোজনেচ্ছা, আহার-পটুতা ও শরীরের লঘুতা জন্মিয়া থাকে ॥ ৬ ॥

প্রাণাবিরোধিনা চৈনং লঙ্ঘনেনোপপাদয়েৎ। বলাধিষ্ঠানমারোগ্যং যদর্থোঽয়ং ক্রিয়াক্রমঃ ॥ ৭ ॥

এতচ্চ লঙ্ঘনং তথা কার্য্যং যথা ন বলহানিঃ স্যাদিত্যাহ প্রাণাবিরোধিনেত্যাদি।—প্রাণো বলং, বিরোধশ্চাতিক্ষয় ইহোচ্যতে। হেতুমাহ বলাধিষ্ঠানমিত্যাদি।—অধিষ্ঠানমাশ্রয়ঃ অত্র বহুব্রীহিঃ। অতএবোক্তং "যস্মাদ্বলবতঃ সর্ব্বক্রিয়াপ্রবৃত্তিস্তস্মাৎ বলমেব প্রধানমধিকরণানাম্" ইতি। যদর্থঃ আরোগ্যার্থঃ ॥ ৭ ॥

রোগীর বল বিবেচনা করিয়া, যাহাতে অতিশয় বলহানি না হয়, এইরূপে উপবাস করাইবে। কারণ, যে আরোগ্যের নিমিত্ত এই চিকিৎসাক্রম বলা হইতেছে, বলই তাহার আশ্রয়, অর্থাৎ বল-লাভ ভিন্ন আরোগ্য লাভের সম্ভাবনা নাই ॥ ৭ ॥

তত্তু মারুতক্ষুত্তৃষ্ণামুখশোষভ্রমান্বিতে। কার্য্যং ন বালে বৃদ্ধে বা ন গর্ভিণ্যাং ন দুর্ব্বলে ॥ ৮ ॥

অলঙ্ঘনীয়ানাহ তত্ত্বিত্যাদি ॥ ৮ ॥

বায়ু প্রধান ধাতুবিশিষ্ট ব্যক্তি, ক্ষুধিত ও তৃষ্ণাতুর ব্যক্তি, মুখশোষাক্রান্ত ও ভ্রমযুক্ত ব্যক্তি, বালক, বৃদ্ধ ও দুর্ব্বল ব্যক্তি এবং গর্ভবতী স্ত্রী, ইহাদিগকে উপবাস দেওয়া কর্ত্তব্য নহে (চ) ॥ ৮ ॥

বাতমূত্রপুরীষাণাং বিসর্গে গাত্রলাঘবে। হৃদয়োদ্গারকণ্ঠাস্যশুদ্ধৌ তন্দ্রাক্লমে গতে ॥ স্বেদে জাতে রুচৌ চাপি ক্ষুৎপিপাসাসহোদয়ে। কৃতং লঙ্ঘনমাদেশ্যং নির্ব্যথে চান্তরাত্মনি ॥ ৯ ॥

সম্যক্কৃতস্য লঙ্ঘনস্য লক্ষণমাহ বাতমূত্রেত্যাদি।—হৃদয়স্য শুদ্ধিঃ গৌরবাদিরাহিত্যং, কণ্ঠস্য শুদ্ধিঃ কফলিপ্ততাদিবিরহঃ, আস্যস্য শুদ্ধিঃ, অবিকৃতরসত্বং, তন্দ্রা নিদ্রাবৎক্লান্তিঃ, ক্লমো দোষজা গ্লানিঃ। ক্ষুৎপিপাসাসহোদয় ইতি ক্ষুৎপিপাসয়োর্যুগপদুদয় ইত্যর্থঃ। বাগ্‌ভটেনাপ্যুক্তং "ক্ষুত্তৃট্‌সহোদয়ঃ শুদ্ধহৃদয়োদ্গারকণ্ঠতা" ইতি। কিন্তু "সৃষ্টমারুতবিণ্মূত্রং ক্ষুৎপিপাসাসহং লঘুম্। প্রসন্নাত্মেন্দ্রিয়ং ক্ষামং নরং বিদ্যাৎ সুলঙ্ঘিতম্" ইতি সুশ্রুতদর্শনাৎ, ক্ষুৎপিপাসয়ো-

---

নিম্নস্থ অগ্নির উত্তাপে ভুক্তান্ন পরিপাক প্রাপ্ত হয়। এখন প্রকৃত বিষয়ে অনুধাবন করিলেই বুঝিতে পারিবে যে অপক্করসযুক্ত বায়ু পিত্ত কফ দূষিত হইয়া আমাশয়ে অবস্থিতি করিলে আমাশয়ের নিম্নস্থ অগ্ন্যাশয়ের তেজঃ ঊর্দ্ধে উঠিতে পারে না, কেননা সামদোষ তাহার আবরণ স্বরূপ হয়, সুতরাং সেই অগ্নি স্বস্থানভ্রষ্ট হইয়া সর্ব্বশরীরব্যাপী ও হীনতেজঃ হয় এবং তাহার পরিপাকশক্তি হ্রাস হইয়া থাকে। উক্ত সামদোষ এই প্রকারে অগ্নিমান্দ্য জন্মাইয়া দিয়া শরীরস্থ রসবহ প্রণালী সকলকে আচ্ছাদন করিয়া ফেলে, তাহাতেই জ্বর জন্মে। এরূপ অবস্থায় আহার করিলে অগ্নির বল বৃদ্ধি দূরে থাকুক, সম্পূর্ণরূপে তেজোহ্রাস হইতে থাকে, সুতরাং অপরিপাক বশতঃ অজীর্ণ প্রভৃতি নানা রোগ উপস্থিত হয়, এই জন্যই উপবাস বিধেয়। উপবাস দ্বারা যেরূপ

সামদোষ নষ্ট হয়, তাহা পূর্ব্বশ্লোকের অনুবাদের টীকায় বলা হইয়াছে।

(চ) ভ্রমযুক্ত রোগী—অর্থাৎ যাহার ক্ষণে ক্ষণে ভ্রম জন্মে। কোন কোন পুস্তকে "শ্রমান্বিতে" ইহার পরিবর্ত্তে "ক্লমান্বিতে" পাঠ দেখা যায়।

ক্লমতোঽসহ্যউদয় ইতি চক্রেণ ব্যাখ্যাতং ; কিন্তু ন সহতে ইত্যসহঃ পচাদ্যজন্তঃ কর্ত্তরি দৃশ্যতে, তেন অসহশব্দস্যাসহ্যার্থত্বকল্পনে কষ্টং স্যাদিতি। কৃতমাত্ত সম্যককৃতম্। অন্তরাত্মনীতি অন্তরিন্দ্রিয়ে মনসীত্যর্থঃ। ৯।

উপবাসদ্বারা যখন রোগীর মল, মূত্র ও বায়ু নিঃসরণ, গাত্রের লঘুতা, ঘর্ম্মোদ্গম, হৃদয়ের ভার অপনীত, কণ্ঠ ও মুখ পরিষ্কৃত, তন্দ্রা (নিদ্রাবৎ ক্লান্তি) ও ক্লান্তি দূর, আহারে অভিরুচি, এককালেই ক্ষুধা তৃষ্ণার উদয় এবং অন্তঃকরণের প্রসন্নতা লাভ হইবে ও বিশুদ্ধ উদ্গার উঠিবে, তখন তাহার সম্যক্‌রূপে উপবাস করা হইয়াছে বুঝিতে হইবে (ছ)॥ ৯॥

পর্ব্বভেদোঽঙ্গমর্দ্দশ্চ কাসঃ শোষো মুখস্য চ। ক্ষুৎপ্রণাশোঽরুচিস্তৃষ্ণা দৌর্ব্বল্যং শ্রোত্রনেত্রয়োঃ। মনসঃ সম্ভ্রমোঽভীক্ষ্ণমূর্দ্ধবাতস্তমো হৃদি। দেহাগ্নিবলহানিশ্চ লঙ্ঘনেঽতিকৃতে ভবেৎ। ১০॥

অতিসংলঙ্ঘিতলক্ষণমাহ পর্ব্বভেদ ইত্যাদি। অরুচিঃ সত্যামপি বুভুক্ষায়াম্ অনভ্যবহরণম্; শ্রোত্রনেত্রয়োর্দৌর্ব্বল্যং স্ববিষয়গ্রহণাসামর্থ্যম্। সম্ভ্রমোঽনবস্থিতত্বং, ভ্রান্তিরিত্যন্যে। অভীক্ষ্ণমিত্যতিশয়েন। ঊর্দ্ধবাতঃ হিক্কাশ্বাসকর্ণস্বনজৃম্ভাদয়ঃ, ন পুনরুদ্গারবিশেষঃ, অতিলঙ্ঘনেন কফক্ষয়াৎ। স চ পুনঃ কফকোপাৎ ভবতি যদুক্তং "অধঃ প্রতিহতো বায়ুঃ শ্লেষ্মণা মারুতেন চ। করোতি নিত্যমুদ্গারমূর্দ্ধবাতং স উচ্যতে।" তমঃ হৃদি মোহ ইত্যর্থঃ। ১০।

অতিরিক্ত উপবাস করিলে, রোগীর পর্ব্বভেদ শরীর-বেদনা, কাস, মুখশোষ, অক্ষুধা, অরুচি, তৃষ্ণা, শ্রবণ ও দর্শনেন্দ্রিয়ের দুর্ব্বলতা, মনের চাঞ্চল্য বা ভ্রান্তি ও বাহুল্যরূপে ঊর্দ্ধবাত, মোহ এবং শরীর দুর্ব্বল ও অগ্নির তেজো হ্রাস হইয়া থাকে (জ)॥ ১০॥

সদ্যোভুক্তস্য বা জাতে জ্বরে সন্তর্পণোত্থিতে। বমনং বমনার্হস্য শস্তমিত্যাহ বাগ্‌ভটঃ॥ ১১॥

জ্বরারম্ভএব বমনাবস্থামাহ সদ্যইত্যাদি। সন্তর্পণোত্থিত ইত্যত্র "সামে বিশেষতঃ" ইতি বাগ্‌ভটে পাঠো দৃশ্যতে। ১১।

বাগ্‌ভট বলিয়াছেন যে আহারের পরক্ষণেই জ্বর উপস্থিত হইলে, অথবা সন্তর্পণ করাতে জ্বর জন্মিলে, বমন যোগ্য

তাহা হইলে শ্রমযুক্ত অর্থাৎ ক্লান্তিযুক্ত রোগীকে উপবাস করাইবে না, ইহা বুঝিতে হইবে।

(ছ) কণ্ঠ পরিষ্কৃত হয়, অর্থাৎ শ্লেষ্মাদি দ্বারা দূষিত থাকে না, মুখ পরিষ্কৃত হয়, অর্থাৎ মুখের বিকৃতাস্বাদ দূর হয়।

"এককালেই ক্ষুধাতৃষ্ণার উদয় হইলে" এস্থলে "ক্ষুৎপিপাসা—অসহ—উদয়ে", অর্থাৎ ক্ষুধা ও তৃষ্ণার অসহ্য উদয় হইলে, এরূপ অর্থ কোন মতে দেখা যায়। বাগ্‌ভট কহেন ;—যে ক্ষুধা ও তৃষ্ণার এক সঙ্গে উদয় এবং হৃদয়, কণ্ঠ ও উদ্গার বিশুদ্ধ হইলে।

(জ) "সম্যক্ রূপে উপবাস করা হইয়াছে" অর্থাৎ যতদূর উপবাস আবশ্যক, তাহা সম্পন্ন হইয়াছে। চিকিৎসক, রোগীর এই সকল লক্ষণ যখন দেখিবেন, তখন আর তাহাকে উপবাস না করাইয়া আহারের ব্যবস্থা করিবেন। কারণ, ইহার অতিরিক্ত উপবাস করাইলে, রোগীর যে অনিষ্ট হয়, তাহা পরেই কথিত হইতেছে।

পর্ব্বভেদ অর্থাৎ শরীরের সন্ধিস্থানসকলে এরূপ বেদনা উপস্থিত হয়, যেন সঞ্চালন মাত্রে ভাঙ্গিয়া যায়।

এস্থলে ঊর্দ্ধবাত শব্দে, ঊর্দ্ধগত বাতাধিক্যপ্রযুক্ত হিক্কা (হিঁচকি), শ্বাস, (হাঁপানি) কর্ণস্বন (কর্ণের মধ্যে ভোঁ ভোঁ শব্দ) ও জৃম্ভা (হাই) প্রভৃতি বায়ুরোগ বুঝাইবে। উদ্গারবিশেষ বুঝাইবে না। কারণ, অতিশয় উপবাসে কফের ক্ষয় হয়, সুতরাং কফকোপজাত উদ্গারবিশেষ কোন রূপেই জন্মিতে পারে না।

ব্যক্তিদিগকে (গর্ভিণীপ্রভৃতি ভিন্নকে) তৎক্ষণাৎ বমন করাইবে (ঝ)॥ ১১ ॥

কফপ্রাধানামুৎক্লিষ্টান্ দোষানামাশয়স্থিতান্। বুদ্ধ্বা জ্বরকরান্ কালে বম্যানাং বমনৈর্হরেৎ ॥ ১২ ॥

তরুণাতরুণজ্বরে অবস্থাবিশেষে অবিরোধেন বমনমাহ কফপ্রধানানিত্যাদি।—চরকস্য। কফঃ প্রধানো যেষাং তে কফপ্রধানাঃ। উৎক্লিষ্টান্ হৃল্লাসাদিনা বহির্নির্গমনোন্মুখান্। কালে যথোক্তামাবস্থায়াং কালে বম্যানামিতি বমনযোগ্যানাং, তেন গর্ভিণ্যাদিনিষেধঃ ॥ ১২ ॥

যাহাদিগের আমাশয়স্থ দোষ কফপ্রধান বলিয়া নির্ণীত হয় এবং আপনা হইতেই বমনেচ্ছা হইয়া সকল দোষ বহির্গমনোন্মুখপ্রায় বোধ হয়, তাহাদিগকে বমনকারক ঔষধদ্বারা যথাকালে বমন করাইয়া, জ্বরের মূলীভূত সেই সকল দোষের নিঃসরণ করা চিকিৎসকের কর্ত্তব্য ॥ ১২ ॥

অনুপস্থিতদোষাণাং বমনং তরুণে জ্বরে। হৃদ্রোগং শ্বাসমানাহং মোহঞ্চ কুরুতে ভৃশম্ ॥ ১৩ ॥

উক্তাবস্থাব্যতিরেকেণ বমনে দোষমাহ অনুপস্থিতেত্যাদি।—চরকস্য অনুপস্থিতদোষাণাম্ অনুৎক্লিষ্টদোষাণামিত্যর্থঃ ॥ ১৩ ॥

উক্ত অবস্থা ব্যতিরেকে নবজ্বরে বমন করাইলে, প্রবলতর হৃদ্রোগ, শ্বাস, আনাহ (মলমূত্ররোধক রোগ) ও মোহরোগ জন্মিয়া থাকে ॥ ১৩ ॥

তৃষ্যতে সলিলঞ্চোষ্ণং দদ্যাদ্ বাতকফজ্বরে। মদ্যোত্থে পৈত্তিকে বাপি শীতলং তিক্তকৈঃ শৃতম্ ॥ দীপনং পাচনঞ্চৈব জ্বরঘ্নমুভয়ঞ্চ তৎ। স্রোতসাং শোধনং বল্যং রুচিস্বেদপ্রদং শিবম্ ॥ ১৪ ॥

লঙ্ঘনকালে তৃষ্যতোজলমাহ তৃষ্যতে ইত্যাদি। চরকস্য। বাতকফজ্বর ইতি বাতজ্বরে কফজ্বরে বাতকফজ্বরে চ উষ্ণং সলিলমর্দ্ধশৃতং জ্ঞেয়ং। যদাহ অগ্নিবেশঃ "ক্বাথ্যমানন্তু যত্তোয়ং নিষ্ফেণং নির্ম্মলীকৃতম্। ভবত্যর্দ্ধাবশিষ্টঞ্চ তদুষ্ণোদকমুচ্যতে"। মদ্যোত্থইত্যাদি।—মদ্যস্য অত্যুষ্ণবীর্য্যত্বাদম্লত্বাচ্চ পিত্তকর্ত্তৃত্বাত্তজ্জন্যজ্বরস্য পিত্তজত্বেন পরিগ্রহে সিদ্ধেঽপি পুনস্তদভিধানম্ অন্যস্মিন্নপি মদ্যোত্থরোগে তিক্তকশৃতজলস্যৈব যৌগিকত্ববোধনার্থমিত্যাহুঃ। তিক্তকৈঃ শৃতমিতি বক্ষ্যমাণমুস্তাদিভিস্তিক্তকৈঃ শৃতম্। জলমুভয়কতদিতি উভয়ং উষ্ণং তথা তিক্তকশৃতশীতঞ্চ। ঘৃতং দীপনমপি ন পাচনং, লঙ্ঘনং পাচনমপি ন দীপনমিত্যতঃ পদদ্বয়োক্তিং, যদ্যপি ত্রিদোষজকফপিত্তজ্বরয়োঃ পানীয়ং নোক্তং, তথাপি সামান্যেন বিমানস্থানে যদুক্তং "কিন্তু খলু জ্বরিভ্যঃ পানীয়মুষ্ণং প্রযচ্ছন্তি" ইত্যাদিনা তৎ প্রামাণ্যাদুষ্ণমেব জলং দেয়ম্। বাতপিত্তজ্বরেঽত্যর্থদাহকারকে শীতমর্দ্ধশৃতং জলং দেয়মিত্যপি বিমানএবাত্যর্থপিত্তোৎসঙ্গে ইত্যাদিনা গ্রন্থেন সূচিতম্ ॥ ১৪ ॥

বাতজ্বরে, কফজ্বরে ও বাত-কফ উভয় ঘটিত জ্বরে পিপাসা উপস্থিত হইলে রোগীকে পানার্থ উষ্ণজল প্রদান করিবে এবং পিত্তজ্বরে মদ্যপান-জনিত রোগ-সমূহে, মুস্তকাদি তিক্তপদার্থের সহিত জল সিদ্ধ করিয়া তাহা শীতল হইলে, সেই শীতল-জলই রোগীর পথ্য (ঞ)। ১৪

উক্ত উষ্ণ ও শীতল উভয়বিধ জলই অগ্নির উদ্দীপক, আমপাচক, জ্বরনাশক,

---

(ঝ) সন্তর্পণ করা—অর্থাৎ কায়িকব্যাপারে বিরত থাকিয়া দিবানিদ্রাপ্রভৃতি শয্যাসনাদি সুখে অনিয়মিত রূপে নিয়ত রত হইয়া স্নিগ্ধ মধুরাদি গুণযুক্ত নবান্ন, নবমদ্য প্রভৃতি দ্রব্য অতিমাত্র সেবন করা, এই সন্তর্পণক্রিয়াদ্বারা প্রমেহ, পীড়কা, কোঠ (আমবাত), কণ্ডূ, পাণ্ডুরোগ ও জ্বর প্রভৃতি রোগ জন্মে (১)।

(১) "সন্তর্পয়তি যঃ স্নিগ্ধৈর্মধুরৈর্গুরুপিচ্ছিলৈঃ।
নবান্নৈর্নবমদ্যৈশ্চ মাংসৈশ্চানূপবারিজৈঃ।
গোরসৈর্গৌড়িকৈশ্চান্নৈঃ পৈষ্টিকৈশ্চাতিমাত্রশঃ।
চেষ্টাদ্বেষী দিবাস্বপ্নশয্যাসনসুখে রতঃ।
রোগাস্তস্যোপজায়ন্তে সন্তর্পণনিমিত্তজাঃ।
প্রমেহপীড়কাঃ কোঠকণ্ডূপাণ্ড্বাময়জ্বরাঃ।
ইত্যাদি। চরকঃ।"

(ঞ) এস্থলে উষ্ণজল শব্দে ইহাই বুঝিতে হইবে যে, জল সিদ্ধ করিতে থাকিয়া যখন দেখিবে যে

স্রোতঃশোধক (স্বেদ মূত্রাদি জন্মাইয়া স্রোতঃ শোধন করে), বলকারক, অরুচি-নাশক এবং স্বেদোৎপাদক ॥ ১৫ ॥

ষড়ঙ্গপানীয়ম্।

মুস্তপর্পটকোশীরচন্দনোদীচ্যনাগরৈঃ।
শৃতশীতং জলং দদ্যাৎ পিপাসাজ্বরশান্তয়ে ॥১৬॥

তিক্তকৈঃ শৃতমিতি যদুক্তং তদাহ মুস্তেত্যাদি।—চন্দনং রক্তচন্দনং বদুক্তম্ "উক্তে চন্দনশব্দে তু গৃহ্যতে রক্তচন্দনম্"। উদীচ্যং বালকম্। অত্র তু শুণ্ঠী অতিক্তাপ্যামাশয়তৃপ্তিকারণকজ্বরতিক্তাদি-হিতা। বাগ্‌ভটে তু পর্পটকাংশং পঠ্যতে ন তু শুণ্ঠী ॥ ১৬ ॥

মুস্তক (মুথা), ক্ষেত্তপাপড়া, বেণারমূল, রক্তচন্দন, বালা এবং শুঁঠ, এই সকল দ্রব্যের সহিত জল সিদ্ধ করিয়া শীতল হইলে তাহা রোগীকে পান করিতে দিবে। ইহার দ্বারা পিপাসা ও জ্বরের প্রশান্তি হয় ॥ ১৬ ॥

মুখ্যভেষজসম্বন্ধো নিষিদ্ধস্তরুণে জ্বরে।
তোয়পেয়াদিসংস্কারে নির্দ্দোষস্তেন ভেষজম্ ॥ ১৭ ॥

নমু "জ্বরিতং ষড়হেঽতীতে" ইত্যাদিনা সপ্তাহানন্তরমেবৌষধদানং বক্ষ্যতি, অত্র তু সপ্তাহাভ্যন্তরএব ষড়ঙ্গাদেরৌষধবিধানম্, অতঃ পূর্ব্বাপর গ্রন্থবিরোধং নিরাচিকীর্ষুরাহ মুখ্যভেষজসম্বন্ধ ইত্যাদি।—অন্নপানাদেরসংস্কারকতয়া যদৌষধমুপযুজ্যতে তৎ প্রধানং, তদ্ভিন্নং পুনরপ্রধানমিতি তেন প্রধানৌষধস্যৈব তরুণজ্বরে নিষেধঃ। নাপ্রধানস্য ষড়ঙ্গাদেঃ। উপযুজ্যতে ইত্যনেন ভক্ষণবিষয় উপযোগো বিবক্ষিতঃ, তেন পেয়াদীনামপ্রধানত্বাত্তরুণজ্বরে ন নিষেধঃ। অষ্টাঙ্গাদাবপেহোঽপি প্রধানত্বাত্তরুণজ্বরে দেয়এব। যত্ত্বিদোষজজ্বরে তু সপ্তাহাভ্যন্তর এব তস্য বিধানং তদপবাদরূপমেবেতি উৎসর্গাপবাদরূপতয়া বিধিনিষেধয়ো ন বিরোধঃ ॥ ১৭ ॥

নবজ্বরে, স্বতন্ত্ররূপে ভক্ষণার্থ ব্যবহৃত মুখ্য ঔষধ সেবনই সপ্তাহ মধ্যে নিষিদ্ধ; ষড়ঙ্গাদি অপ্রধান ঔষধ সেবনের নিষেধ নাই। এই জন্য জল, মণ্ড প্রভৃতি অপরাপর পানীয়পদার্থের শোধনার্থ মুস্তক প্রভৃতি ঔষধ সেবনে কোনও দোষ নাই ॥ ১৭ ॥

যদপ্সু শৃতশীতাসু ষড়ঙ্গাদি প্রযুজ্যতে। কর্ষমাত্রং ততো দ্রব্যং সাধয়েৎ প্রাস্থিকেঽম্ভসি ॥ অর্দ্ধশৃতং প্রয়োক্তব্যং পানে পেয়াদিসংবিধৌ ॥ ১৮ ॥

উক্ত ষড়ঙ্গতোয়সাধনার্থং তথা বক্ষ্যমাণস্য কষায়সাধ্যপেয়াদেঃ সাধনার্থঞ্চ ভেষজজলমানব্যবস্থাপিকাং বৃদ্ধবৈদ্যব্যবহারসিদ্ধাং পরিভাষামাহ যদপ্সু ইত্যাদি।—শৃতশীতাঃ শৃতশীতজলনিমিত্তং যৎ ষড়ঙ্গাদিদ্রব্যং প্রযুজ্যতে তৎ কর্ষমাত্রম্। আদিশব্দেন পেয়াদিসম্পাদনার্থজলসংস্কারক ধান্যপিপ্পলীপঞ্চমূলী-ধান্যপঞ্চকাদিগ্রহঃ। পেয়াদিসংবিধাবিত্যাদিশব্দাত্তু যূষরসাদীনাং গ্রহণম্। অত মধ্যবীর্য্যস্যাপি ষড়ঙ্গাদেঃ কর্ষো মন্দানলপুরুষবিষয়তয়া জ্ঞেয়ঃ, মধ্যবীর্য্যস্য হি দ্রব্যস্যার্দ্ধপল প্রমাণমগ্রে ব্যবস্থাপনীয়ম্। প্রাস্থিক ইতি দ্রবদ্বৈগুণ্যাচ্ছরাবচতুষ্টয়ে। "দ্বৈগুণ্যং কুডবাদূর্দ্ধং প্রস্থাদিক্রুতিমানতঃ" ইত্যুক্তে, ইমাঞ্চ পরিভাষাং কাথসাধ্যযবাগূবিষয়ত্বেন বৃদ্ধাঃ প্রায়ঃ সমাশ্রিয়ন্তে ॥ ১৮ ॥

উক্ত ষড়ঙ্গপানীয়ের জল ও মুস্তাপ্রভৃতির পরিমাণ যথা—

দুই সের জলে মুথা, ক্ষেতপাপড়া বেণার মূল, রক্তচন্দন, বালা ও শুঁঠ, এ ছয় দ্রব্য, সমুদয়ে দুই তোলা পরিমাণ

উহা অর্দ্ধাংশ শোষিত হইয়া ফেনশূন্য ও নির্ম্মল হইয়াছে, তখন তাহাকে নামাইয়া উষ্ণোদক বলিয়া গ্রহণ করিয়া ব্যবহার করিবে, অগ্নি সংযোগে উষ্ণস্পর্শ হইলেই হইবে না।

পিত্তজ্বরে উষ্ণোদক পান করিলে, আরও পিত্ত বৃদ্ধি হইয়া থাকে, এবং মদ্য পান করিলে, মদ্যের অত্যুষ্ণ বীর্য্য ও অম্লরসত্বহেতুও পিত্ত বৃদ্ধি হয়; সুতরাং পিত্তজ্বর ও মদ্যপান জনিত রোগ সমূহে উষ্ণোদক পান অবিধেয়। এ জন্য উক্ত উভয় স্থলে তিক্তপদার্থ মিশ্রিত উষ্ণোদক-শীতল করিয়া পান করা কর্ত্তব্য। মদ্যপান জনিত অন্যান্য রোগেও এইরূপ শীতল জল পান করা উচিত। এতদ্ভিন্ন অন্যস্থলে উষ্ণোদক পানই বিধেয়।

দিয়া সিদ্ধ করিয়া অর্দ্ধাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া শীতল হইলে রোগীকে পান করিতে দিবে (ট) ॥ ১৮ ॥

বমিতং লঙ্ঘিতং কালে যবাগূভিরুপাচরেৎ। যথাস্বৌষধসিদ্ধাভির্ম্মণ্ড-পূর্ব্বাভিরাদিতঃ ॥ ১৯ ॥

বমনলঙ্ঘনয়োরনন্তরং যদ্বিধেয়ং তদাহ বমিত-মিত্যাদি। চরকস্য। অবস্থাবশাৎ কদাচিদ্বমিতং কদাচিল্লঙ্ঘিতং, কদাচিচ্চ বমিতলঙ্ঘিতম্। বমনানন্তরং হি যদি সম্যগ্বিশুদ্ধির্ন্ন ভবতি, তদা তদনন্তরং লঙ্ঘনমপি ক্রিয়তে. ইত্যত উক্তং, কালইত্যন্নদান-যোগ্যকালে। যথাস্বৌষধং যস্যাং যবাগ্বাং যদ্দেযযুক্তং পিপ্পলীনাগরাদি বাচ্যং, তৎসিদ্ধাভিঃ। কিম্বা যস্মিন্ জ্বরে যদ্দোষযুক্তং পাচনং বাচ্যং তৎসিদ্ধাভিঃ, উক্তং হি সুশ্রুতে "অন্নকালে হিতাপেয়া যথাস্বং পাচনৈঃ কৃতা" ইতি যদ্বৎ স্বং যথাস্বমিতি বীপ্সায়ামব্যয়ীভাবঃ। মণ্ডপূর্ব্বাভিরিতি মণ্ডঃ পূর্ব্বঃ প্রধানোঽচ্ছতয়া যাসাস্তাভি-রিত্যর্থঃ। এতেন পেয়ায়া গ্রহণং, তস্যা এব বহুদ্রবত্বেন মণ্ডপ্রধানত্বাৎ, বিলেপ্যাস্তু নিরাসঃ, তস্যা অল্পদ্রবত্বেন মণ্ডপ্রধানত্বাভাবাৎ। অন্যে তু মণ্ডঃ পূর্ব্বঃ প্রথমাভ্যবহার্য্যো যাসাং তা ইত্যর্থঃ। তেন প্রথমং স্বচ্ছভাগং খাদিত্বা ততো ঘনভাগঃ খাদ্য ইত্যাহুঃ ॥ ১৯ ॥

রোগীর অবস্থা বিশেষে কখন বমন, কখন উপবাস, কখন কখন বমন ও উপবাস, এই সকল দ্বারা সম্যক্ রূপে দোষের পরিপাক হইলে আহার দেওয়া কর্ত্তব্য, কিন্তু একেবারে গুরু দ্রব্য ভোজন করিতে না দিয়া প্রথমতঃ মণ্ড, তৎপরে যবাগূ (পেয়া ও বিলেপী এই দ্বিবিধ যবাগূ এস্থলে যথাক্রমে ব্যবহার্য্য বুঝিতে হইবে) দেওয়া উচিত, অপিচ মণ্ডাদি যাহাতে যে যে ঔষধের বিধি আছে, সেই সেই ঔষধ দ্বারা অথবা দোষের প্রকোপ বুঝিয়া যে যে ঔষধ যে যে দোষের পাচক, সেই সেই ঔষধদ্বারা উক্ত মণ্ডাদি সিদ্ধ করিতে হইবে (ঠ) ॥ ১৯ ॥

লাজপেয়াং সুখজরাং পিপ্পলীনাগরৈঃ শৃতাম্। পিবেজ্জ্বরী জ্বরহরাং ক্ষুদ্বানল্পাগ্নিরাদিতঃ ॥ পেয়াং বা রক্তশালীনাং পার্শ্ববস্তিশিরোরুজি। শ্বদংষ্ট্রাকণ্টকারীভ্যাং সিদ্ধাং জ্বরহরাং পিবেৎ। কোষ্ঠে বিবদ্ধে সরুজি পিবেৎ পেয়াং শৃতাং জ্বরী। মৃদ্বীকাপিপ্পলীমূলচব্যচিত্রকনাগরৈঃ ॥ পঞ্চমূল্যা লঘীয়স্যা গুর্ব্যাতাভ্যাং যথাস্থয়া। কণয়া যূষপেয়াদিসাধনং স্যাদযথা-ক্রমং ॥ বাতপিত্তে বাতকফে ত্রিদোষে শ্লেষ্মপিত্তকে। যবাগূঃ স্যাৎ ত্রিদোষঘ্নী ব্যাঘ্রীদুস্পর্শগোক্ষুরৈঃ ॥ ২০ ॥

লাজপেয়ামিত্যাদি।—চরকস্য। অত্র লাজ-পেয়ামিত্যাদিনা ঘৃতভৃষ্টাং জ্বরাপহামিত্যন্তেন চরকে দশ যবাগ্বোঽভিহিতাঃ। তত্র পিপ্পলী-নাগরৈঃ শৃতামিত্যন্তা প্রথমেতি হরিশ্চন্দ্রঃ। অন্যে তু লাজপেয়াং সুখজরামিত্যেকাং, পিপ্পলীনাগরৈঃ শৃতামিতি দ্বিতীয়াং, এবং শেষাভিঃ সমমেকাদশ পেয়া ইতি ব্যাচক্ষতে। কিন্তু "প্রাক্ লাজপেয়াং সুখজরাং সশুণ্ঠীম্" ইতি বাগ ভটদর্শনাৎ হরিশ্চন্দ্রপক্ষএব সমীচীনঃ, যতোঽস্মিন্ প্রকরণে তত্র লাজপেয়া নোচ্যতে। পেয়ামিত্যাদি।—চরকস্য শ্বদংষ্ট্রা গোক্ষুরং মৃদ্বীকা দ্রাক্ষা চিত্রকং রক্তচিত্রকং মাংসলত্বাৎ। পঞ্চমূল্যেত্যাদি চন্দ্রাগ্নো যোগা অব-চারণয়ৈব ব্যাখ্যাতাঃ। যবাগূঃ স্যাদিত্যাদৌ ব্যাঘ্রী কণ্টকারী, দুস্পর্শো দুরালভা ॥ ২০ ॥

ক্ষুধার্ত্ত জ্বররোগী অগ্নির অল্পতাসত্ত্বেও প্রথমে পিপুল ও শুঁঠ সংযুক্ত, লাজ-পেয়া (খৈর মণ্ড) ভক্ষণ করিতে পারিবে, যেহেতু উহা জ্বরনাশক এবং অনায়াসেই জীর্ণ হয় ॥ ২০ ॥

(ট) উপরি উক্ত ষড়ঙ্গপানীয়ের মধ্যে মুথা, ক্ষেতপাপড়া, বেণারমূল, রক্তচন্দন ও বালা, এই পাঁচ পদার্থ তিক্তরস প্রধান বলিয়া হিতকারী। শুঁঠ তিক্তরস প্রধান না হইয়াও, আমাশয় দূষণকারীজ্বরের পক্ষে হিতকারক বলিয়া এই স্থলে উল্লেখিত হইয়াছে। বাগ ভট শুঁঠের পরি-

(ঠ) এস্থলে যবাগূ পদ উপলক্ষণ মাত্র; অতএব যূষ প্রভৃতিও ব্যবহার্য্য বলিয়া বুঝিতে হইবে কোন্ কোন্ অবস্থায় কোন্ কোন্ ঔষধের সহিত কিরূপে যবাগূ প্রভৃতি প্রস্তুত করিতে হয়

ত্যাহুঃ । অতএব বাগ্ভটেঽপি যবাগূগুণঃ পৃথক্ নোক্তঃ । তদুক্তং "মণ্ডপেয়াবিলেপীনামোদনস্য চ লাঘবম্ । যথাপূর্ব্বং শিবস্তত্র মণ্ডো বাতানুলোমনঃ" ইতি । তথা চরকেঽপ্যন্নমানে মণ্ডপেয়াবিলেপ্যোদনানামেব গুণা নির্দিষ্টাঃ, ন পৃথক্ যবাগ্বা ইতি । যত্তু দ্রব্যগুণে মাধবকরেণ পেয়াবিলেপীগুণং পঠিত্বা লিখিতম্ "তৃষ্ণাপনয়নী লঘ্বী দীপনী বস্তিশোধনী । জ্বরে চৈবাতিসারে চ যবাগূঃ সর্ব্বদা হিতা" ইতি, তৎসামান্যগুণাভিপ্রায়েণ বোধ্যং সামান্যক্ষীরগুণবৎ । যত্তু প্রয়োগরত্নাকরে "চতুর্ব্বিধং ভবেৎ ভক্তং জলদানপ্রমাণতঃ । তত্র ভক্তং বিলেপী চ যবাগূঃ পেয়য়া সহ" ইতি; তত্র মণ্ড এব পেয়াশব্দেন বিবক্ষিতঃ; যতস্তদনন্তরমেব পেয়ায়াং চতুর্দ্দশগুণজলমুক্তং তত্রৈব "পঞ্চগুণে জলে ভক্তং বিলেপী চ চতুর্গুণে । যবাগূঃ ষড়্গুণে তোয়ে চতুর্দ্দশগুণে পরাম্" ইতি ।। ২৫ ॥

যবাগূ তিন প্রকার: মণ্ড, পেয়া ও বিলেপী। যাহাতে সিক্থ (সিট্) নাই অথচ তরল, সেই যবাগূকে মণ্ড কহে। যে যবাগূতে সিক্থ অল্প এবং তরলভাগ অধিক, তাহাকে পেয়া কহে। যাহাতে সিক্থ অধিক ও তরল-পদার্থের ভাগ অল্প থাকে,সেই যবাগূকে বিলেপী কহে ॥২৫

অন্নং পঞ্চগুণে সাধ্যং বিলেপী তু চতুর্গুণে। মণ্ডশ্চতুর্দ্দশগুণে যবাগূঃ ষড়্গুণেঽম্ভসি ॥ ২৬ ॥

যবাগূ পাকার্থং জলপরিমাণমাহ অন্নমিত্যাদি ।—সুশ্রুতস্য । যবাগূরত্র পেয়া ॥ ২৬ ॥

তণ্ডুলের পরিমাণ যত, তাহার পাঁচ গুণ জল দিয়া পাক করিলে, তাহাকে অন্ন, নয় গুণ জল দিয়া পাক করিলে, তাহাকে বিলেপী, উনিশ গুণ জল দিয়া পাক করিলে তাহাকে মণ্ড এবং একাদশ গুণ জল দিয়া পাক করিলে তাহাকে পেয়া বলা যায়। এস্থলে যবাগূ শব্দ পেয়া অর্থে প্রযুক্ত হইয়াছে ॥ ২৬ ॥

পাংশুধানে যথাবৃষ্টিঃ ক্লেদয়ত্যতিকর্দ্দমং। তথা শ্লেষ্মণি সংবৃদ্ধে যবাগূঃ শ্লেষ্মবর্দ্ধনী ॥ ২৭ ॥

যবাগূঃ কস্মিন্ বিষয়ে ন কর্ত্তব্যেত্যাহ পাংশুধান ইত্যাদি ।—পাংশুধানে পাংশুসঞ্চয়ে, অতিকর্দ্দমং যথাস্যাত্তথা ক্লেদয়তি ক্লেদং জনয়তি ॥২৭॥

যেমন ধূলি রাশিতে বৃষ্টি পতিত হইলে অতিশয় কর্দ্দম জন্মে, সেইরূপ প্রবল শ্লেষ্মাবস্থায় যবাগূ সেবন করিলে শ্লেষ্মা বর্দ্ধিত হইয়া থাকে ॥ ২৭ ॥

মদাত্যয়ে মদ্যনিত্যে গ্রীষ্মে পিত্তকফাধিকে। ঊর্দ্ধগে রক্তপিত্তে চ যবাগূরহিতা জ্বরে ॥ ২৮ ॥

মদাত্যয় ইত্যাদি ।—চরকস্য । চরকে এতদ্বচনস্যোপরি ঋতে মদ্যসমুত্থিতাৎ ইত্যস্তি, তেন মদ্যকারণকে জ্বরে যবাগূ নিষিদ্ধৈব । তেন মদাত্যয়ে ব্যাধৌ তথা মদ্যনিত্যে মদ্যপে যোঽমদ্যহেতুকোঽপি জ্বরঃ সোঽপি পেয়ানর্হঃ তথা গ্রীষ্মে যো জ্বরঃ তথা পিত্তকফাধিকো যো জ্বরঃ, তথা ঊর্দ্ধগরক্তপিত্তিনো যো জ্বরঃ, তেষু সর্ব্বেষু যবাগূর্ন হিতেতি । ইহ মদাত্যয়াদীনাং পেয়ানর্হত্বেন তেষু জাতোঽপি জ্বর পেয়ানর্হঃ । পিত্তকফাধিকইত্যনেন পিত্তকফয়োরতিমাত্রোদ্রেকে সতি পেয়ায়া অদানং বোধয়তি । তেন কফজে জ্বরে, পিত্তজে জ্বরে অনুদ্ভূতদোষে পেয়া দেয়া । উক্তং হি "কফজেঽপি যদা ক্ষীণো লঙ্ঘনাদি ক্রমাৎ কফঃ । শস্তা এব যবাগ্বস্তত্র পিত্তেঽপ্যয়ং ক্রমঃ" ইতি । অতএব চরকে "পৈত্তিকে বাথ শীতাং মধুযুতাং পিবেদ্যবাগূম্" ইত্যনেন পিত্তেঽপি যবাগূরুক্তা । পাংশুধানে যথা বৃষ্টিরিত্যাদি হারীতবচনমপি অতিবৃদ্ধকফবিষয়ং জ্ঞেয়ম্ । অন্যে তু মিলিত পিত্তকফাধিকে পুরুষে যবাগূপ্রতিষেধমাহুঃ । ঊর্দ্ধগে কফপিত্তেচেতি পাঠান্তরমনার্ষং; পিত্তকফাধিকইত্যনেনৈব তদর্থস্য লাভাৎ । সুশ্রুতেঽপি "কফপিত্তপরীতস্য ঊর্দ্ধাস্রপিত্তিনস্তথা" ইত্যুক্তম্ । অন্যে তু ঊর্দ্ধগ ইতি ঊর্দ্ধগরক্তপিত্তে কফপিত্তে চেতি কফযুক্তপিত্তে পিত্তস্থানগতে কফে ইত্যর্থঃ। উক্তং হি বাগ্ভটে "মদ্যোদ্ভবে মদ্যনিত্যে পিত্তস্থানগতে কফে । গ্রীষ্মে তয়োর্ব্বাধিকয়োস্তৃড়্দাহমূর্চ্ছাপীড়িতে । ঊর্দ্ধং প্রবৃত্তে রক্তে চ পেয়াং নেচ্ছন্তি তেষু তু" ইতি ব্যাখ্যায় কফপিত্তে চেতি পাঠমুপপাদয়ন্তি ।।২৮।।

মদাত্যয় জন্য জ্বররোগে, নিত্য মদ্যপায়ী ব্যক্তির জ্বরে, গ্রীষ্মকালীন জ্বরে, পিত্তশ্লেষ্মজ্বরে এবং উর্দ্ধগরক্তপিত্তাক্রান্ত ব্যক্তির জ্বরে, যবাগূ অতিশয় অহিতকারী (ঢ)।। ২৮।।

তত্র তর্পণমেবাগ্রে প্রদেয়ং লাজশক্তুভিঃ। জ্বরাপহৈঃ ফলরসৈর্যুক্তং সমধুশর্করম্। দ্রবেণালোড়িতাস্তে স্যুস্তর্পণং লাজশক্তবঃ।। ২৯।।

যদ্যপি চরকে উর্দ্ধগে তর্পণং পূর্ব্বম্ ইতি বচনা যবাগূং বাধিত্বা উর্দ্ধগে রক্তপিত্তে তর্পণং বিহিতমেব, তথাপ্যূর্দ্ধগরক্তপিত্তিনো যো জ্বরস্তত্রাপি তর্পণাদিক্রমঃ কার্য্যঃ, ইত্যাহ তত্রেত্যাদি।—জ্বরাপহানি ফলানি দ্রাক্ষাদাড়িমাদীনি; উক্তং হি "দ্রাক্ষাদাড়িমখর্জ্জুরপিয়ালৈঃ সপরূষকৈঃ। তর্পণার্হেষু কর্ত্তব্যং তর্পণং জ্বরনাশনম্" ইতি। তর্পণশব্দার্থমাহ দ্রবেণালোড়িতাস্তে স্যুরিত্যাদি ॥২৯॥

পূর্ব্বোক্ত মদাত্যয় জন্য প্রভৃতি জ্বরে যবাগূ না দিয়া অগ্রে দ্রাক্ষা দাড়িম প্রভৃতি জ্বরনাশক ফলের রসে লাজচূর্ণ (খৈর গুঁড়া) এবং মধু ও চিনি মিশ্রিত করিয়া আলোড়ন করত আহার করিতে দিবে। এই রূপ আহারকে তর্পণ কহে। (ণ) ॥ ২৯ ॥

শ্রমোপবাসানিলজে হিতো নিত্যং রসৌদনঃ। মুদ্গযূষৌদনশ্চাপি দেয়ঃ কফসমুদ্ভবে। স এব নিম্বয়ূষযুক্তঃ শীতঃ পিত্তজ্বরে হিতঃ।। ২৯।।

শ্রমেত্যাদি।—নিত্যমিতি সর্ব্বদা নবে পুরাণে চ। রসো মাংসরসঃ, তেনোপসিক্ত ওদনো। রসৌদনঃ। এবং মুদ্গযূষৌদনমিত্যত্রাপি ব্যাখ্যেয়ম্। অয়ঞ্চ রসৌদনঃ দীপ্তাগ্নিং প্রতি বোধ্যঃ; উক্তং হি সুশ্রুতে "উপবাসশ্রমকৃতে জ্বরে বাতাধিকে তথা। দীপ্তাগ্নিং ভোজয়েৎ প্রাজ্ঞো নরং মাংসরসৌদনম" ইতি। মুদ্গযূষৌদনশ্চাপীতি কফজে মুদ্গযূষৌদনো দেয়ো যবাগ্বা অহিতত্বাৎ। স এবেতি মুদ্গযূষৌদনঃ ॥ ২৯ ॥

পরিশ্রমের আধিক্য নিবন্ধন জ্বর হইলে, উপবাস হেতু জ্বর উপস্থিত হইলে এবং বায়ুজনিত জ্বর প্রকাশিত হইলে, কি নবজ্বর কি পুরাতন জ্বর সর্ব্বত্রই মাংসের ক্বাথের সহিত অন্ন আহার করিতে দিবে। কফজ্বর উপস্থিত হইলে, মুদ্গযূষের (মুগের ডাইলের যূষের) সহিত অন্ন আহার করিতে দিবে। পৈত্তিক জ্বরে মুদ্গ যূষসংযুক্ত অন্ন শীতল করিয়া চিনি সহযোগে আহার করিতে দেওয়া কর্ত্তব্য ॥ ২৯ ॥

রক্তশাল্যাদয়ঃ শস্তাঃ পুরাণাঃ ষষ্টিকৈঃ সহ। যবাগোদনলাজার্থে জ্বরিতানাং জ্বরাপহাঃ।। ৩০ ॥

রক্তশাল্যাদয় ইত্যাদি।—চরকস্য। চরকে পুরাণা ইত্যত্র "শালয়ঃ" ইতি পঠন্তি, তেন যবকাদীনাং নিরাস ইত্যাহুঃ। যে তু পুরাণা ইতি পঠন্তি তন্মতে যদ্যপি "শূকধান্যং শমীধান্যং সমাতীতম্" ইত্যনেন পুরাণস্যোপযোগো লব্ধঃ, তথাপি প্রমাদাদভিনবস্য তথাক্তিপুরাতনস্য চ গ্রহণং মাভূদিত্যেতদর্থং পুরাণা ইত্যুক্তম্ ॥ ৩০ ॥

পুরাতন রক্তশালি (দাউদখানি) প্রভৃতি ধান্য ও ষষ্টিক (ষাইট) ধান্য, জ্বরনাশক। এ জন্য ঐসকল ধান্যকৃত তণ্ডুলদ্বারা যবাগূ, অন্ন ও খৈ প্রস্তুত করিয়া জ্বররোগীদিগকে আহার করিতে দিবে ॥ ৩০ ॥

(ঢ) জ্বরনাশক ফল যথা—দ্রাক্ষা, দাড়িম, খর্জ্জুর, পিয়াল ও পরূষক (ফল্সা), এই সকলের রসের দ্বারা তর্পণ যোগ্য ব্যক্তিকে তর্পণ করাইবে।

(ণ) যদিও শাস্ত্রকর্ত্তারা এস্থলে তর্পণার্হ দ্রব্যের পরিমাণ নির্ণয় করেন নাই, তথাপি বৃদ্ধ ব্যবহার অনুসারে এইরূপ প্রমাণিত হইয়াছে যে—দুই সের জলে এক ছটাক কিস্‌মিস্ সিদ্ধ করিয়া অর্দ্ধসের অবশিষ্ট থাকিতে নামাইবে, পরে তাহাতে ৪ তোলা লাজ (খৈর) চূর্ণ এবং দুই তোলা মিশ্রি ও মধু দিয়া একত্রে আলোড়ন করিয়া রোগীকে আহার করিতে দিবে।

**মুদ্গামলকযূষস্তু বাতপিত্তাত্মকে হিতঃ।
হ্রস্বমূলকযূষস্তু কফবাতাত্মকে হিতঃ ॥
নিম্বকুলকযূষস্তু হিতঃ পিত্তকফাত্মকে ॥ ৩১**

সম্প্রতি জ্বরজেষ্বাহারবিধিমাহ মুদ্গামলকেত্যাদি।—আমলকাপেক্ষয়া মুদ্গস্য ভূয়সী মাত্রা, আহারদ্রব্যত্বাৎ। "যোগোঽয়ং যদ্যপি সুশ্রুতেন অন্নপানাধ্যায়ে কফপিত্তজ্বরহরত্বেন নির্দ্দিষ্টঃ, তথাপীহ বাতপিত্তজ্বরেঽভিধানাৎ বাতপিত্তজ্বরহরত্বমপি বচনবলাদেবাধ্যবসীয়তে।" হ্রস্বমূলকো বালমূলকঃ অত্র সমীধান্যস্য যূষযোনিত্বাৎ মুদ্গাদ্যপি বোধ্যম্। এবং যত্র নাস্তি তত্র সর্ব্বত্র। কিম্বা ব্যঞ্জনপরো যূষঃ। নিম্বকুলকেত্যাদি। সুশ্রুতস্য। নিম্বস্য পত্রং, তথা কুলকস্য পটোলস্য চ পত্রং ॥ ৩১ ॥

বাতপৈত্তিকজ্বরে মুগের ডাইল ও আমলকীর যূষ হিতকারী। বাতশ্লৈষ্মিকজ্বরে কচিমুলার যূষ হিতকারী। পিত্তশ্লেষ্মজ্বরে নিম্ব ও পলতার যূষ হিতকারী। (ত) ॥ ৩১ ॥

মুদ্গান্ মসূরাংশ্চণকান্ কুলত্থান্ সমুকুষ্টকান্। আহারকালে যূষার্থে জ্বরিতায় প্রদাপয়েৎ ॥ ৩২ ॥

মুদ্গামিত্যাদি।—সুশ্রুতস্য। মুকুষ্টকো বনমুদ্গঃ ॥ ৩২ ॥

জ্বররোগীর আহারার্থে যূষ প্রস্তুত করিতে হইলে, মুগ, মসুর, ছোলা, কুলথকলায় ও বনমুগ, এই সকল দাইলেরই যূষ প্রস্তুত করিয়া দিবে ॥ ৩২ ॥

পটোলপত্রং বার্ত্তাকুং কুলকং কারবেল্লকম্। কর্কোটকং পর্পটকং গোজিহ্বাং বালমূলকম্। পত্রং গুড়ুচ্যাঃ শাকার্থে জ্বরিতায় প্রদাপয়েৎ ॥ ৩৩ ॥

পটোলেত্যাদি।—সুশ্রুতস্য। বার্ত্তাকুং বার্ত্তাকুফলং, কুলকমপি পটোলফলং, কর্কোটকং কাকরোল ইতি খ্যাতং গোজিহ্বা মার্কীশাকঃ ॥ ৩৩ ॥

পটোল পত্র, বার্ত্তাকু, পটোল, করলা, কাঁকরোল, ক্ষেতপাপড়া, গোজিয়াশাক, কচিমূলা ও গুলঞ্চের পত্র, এই সকল শাক পাক করিয়া জ্বররোগীকে আহারার্থ প্রদান করিবে ॥ ৩৩ ॥

জ্বরিতো হিতমশ্নীয়াদ্ যদ্যপ্যস্যারুচির্ভবেৎ। অন্নকালে হ্যভুঞ্জানঃ ক্ষীয়তে ম্রিয়তেঽথ বা ॥ ৩৪ ॥

ইদানীং জ্বরিতস্যারুচাবপি হিতভোজননিয়মমাহ জ্বরিত ইত্যাদি।—অস্যারুচিরপি যদি ভবেৎ তথাপি জ্বরিতো হিতমেবাশ্নীয়াদেব, ইত্যুভয়ত্রাপি নিয়মঃ। যতো দিনান্তে ভোজয়েদিত্যনেন ভুক্তি-ক্রিয়া বিহিতৈব। "নহি তস্যাহিতং ভুক্তমায়ুষে বা সুখায় বা" ইত্যাদিনা হিতমপি বিহিতং; অতঃ সিদ্ধে সত্যারম্ভো নিয়মায় ভবতি। বিপক্ষে দণ্ডমাহ অন্নকালে হীত্যাদি।—যতোঽন্নকালে হিতমভুঞ্জানঃ পুরুষঃ ক্ষীয়তে ম্রিয়তে বা। অন্যে তু অরুচৌ সত্যাং অপিতুর্ভোজনে ইচ্ছাভাবাৎ অপিশব্দং ভিন্নক্রমেণ যোজয়িত্বা নঞং প্রশ্লিষ্যান্যথা ব্যাচক্ষতে। অস্য যদি অরুচির্ভবেৎ তদা অহিতমপ্যশ্নীয়াৎ, কুত ইত্যাহ অন্নকালে হীত্যাদি যতোঽভুঞ্জানস্য ধাতুক্ষয়ো মরণং বা স্যাৎ তস্মাদহিতমশ্নীয়াদিত্যর্থঃ। ন চৈবং ব্যাখ্যানে গুর্ব্বভিষ্যন্দ্যকালে চেত্যাদ্যুত্তরগ্রন্থবিরোধঃ স্যাদিতি বাচ্যম্। যতস্তেনাপি গ্রন্থেনাহিতং ন প্রতিবিধ্যতে অন্যথাব্যাখ্যানাৎ, তথাহি জ্বরী না পুরুষঃ গুর্ব্বভিষ্যন্দ্যকালে চ কথঞ্চন কদাচিদদ্যাৎ সকৃদ্ভুঞ্জীতেত্যর্থঃ। যতো ভুক্তং ভোজনং আয়ুষে বা সুখায় বা ন অহিতং কিন্তু হিতমেব। হি শব্দস্থানে তু শব্দ পাঠেঽপি তু শব্দ নিপাতস্যানেকার্থত্বাৎ হেতৌ ব্যাখ্যেয়ঃ। নম্বেবং ব্যাখ্যা তদৈব সংগচ্ছতে, যদি অহিতার্থমুপদেশঃ ক্বাপি শাস্ত্রে তিষ্ঠতি কিন্তর্হি হিতস্যৈব সর্ব্বত্রোপদেশঃ। অবস্থায়াং তদপি হিতমিতি চেত্তর্হি অহিতমিতি ব্যাহতং? সত্যং, প্রায়ঃ সর্ব্বদা মুদ্গাদিবস্তু হিতমিতি কৃত্বা অহিতমিত্যুচ্যতে, অতএবাহুঃ "মনোনুরূপং যদপথ্যং তদপি ক্রিয়তে এব" ইতি। যদুক্তঞ্চরকে "মনসোঽপ্যানুকূল্যেন তুষ্টিরূর্জ্জো রুচির্ব্বলং। সুখোপভোগিতা চ স্যাদ্ব্যাধেশ্চাপি বলক্ষয়ঃ" ইতি। কিন্তু জেজ্জড়মতে এবং ব্যাখ্যা ন সংগচ্ছতে, যতো

(ত) যদিও এস্থলে দ্রব্যের পরিমাণের উল্লেখ নাই, তথাপি বৃদ্ধব্যবহার অনুসারে বুঝিতে হইবে যে,—/৫ সের জলে অর্দ্ধপোয়া মুগের ডাইল ও /২ তোলা আমলকীর রস মিলিত করতঃ সিদ্ধ করিয়া /১ সের থাকিতে নামাইয়া রোগীকে

হিতপ্রতিষেধকম্ "সততং বিষমং বাপি" ইত্যাদি "সর্ব্বজ্বেষ্বেচ সমাসতঃ" ইত্যন্তং গ্রন্থং কেচিত্তু পঠন্তি, তন্মধ্যে চ গুর্ব্বভিষ্যন্দীত্যাদি গ্রন্থোঽপ্যস্তি, ততো গুর্ব্বভিষ্যন্দীত্যাদি বাক্যস্যাহিত-বিধায়কত্বব্যাখ্যানে প্রকরণমসঙ্গতং স্যাৎ। তথা চন্দ্রিকাকারেণাপি "জ্বরিতস্য মন্দাগ্নেগুর্ব্বন্নাপাকেঽজীর্ণম্ অভিষ্যন্দিনঃ স্রোতোরোধকত্বেন জ্বরবৃদ্ধিঃ" ইত্যাদি ব্যাখ্যাতং। এবঞ্চ গুর্ব্বভিষ্যন্দীত্যাদি গ্রন্থঃ পূর্ব্বোক্ত প্রতিষেধকপরতয়া ঋজুমার্গেণৈব ব্যাখ্যেয়ঃ। জ্বরিতো হিতমশ্নীয়াদিত্যাদ্যপি হিতবিধায়কতয়া এব ব্যাখ্যেয়ম্। অহিতস্য রোগবর্দ্ধকত্বেন সর্ব্বত্র নিষেধাৎ, উক্তরীত্যা গুর্ব্বভিষ্যন্দীত্যাদি গ্রন্থবিরোধাচ্চেতি ।৩৪।

জ্বররোগীর আহারে অরুচি হইলেও তাহাকে অনাহারে না রাখিয়া বা কুপথ্য ভোজন না করাইয়া হিতকর দ্রব্য ভোজন করাইবে। কারণ ক্ষুধার সময়ে আহার না করিলে, বা কুপথ্য আহার করিলে, তাহার শরীর ক্ষয় এবং মৃত্যু-পর্য্যন্ত হইয়া থাকে ॥ ৩৪ ॥

অরুচৌ মাতুলুঙ্গস্য কেশরং সাজ্যসৈন্ধবং। ধাত্রীদ্রাক্ষাসিতানাং বা কল্কমাস্যেন ধারয়েৎ ॥ ৩৫ ॥

ইদানীং বলবদুপদ্রবত্বেনারুচেঃ প্রতীকারমাহ অরুচাবিত্যাদি। যোগান্তরমাহ ধাত্রীত্যাদি ॥৩৫॥

অরুচি উপস্থিত হইলে ছোলঙ্গনেবুর কেশর, ঘৃত ও সৈন্ধব সংযোগে মুখে ধারণ করিবে, অথবা আমলকী, দ্রাক্ষা ও চিনি, এই সকল দ্রব্যের কল্ক প্রস্তুত করিয়া মুখ মধ্যে ধারণ করিবে। এই রূপ করিলেই অরুচি নষ্ট হয় ॥ ৩৫ ॥

সাতত্যাৎ স্বাদ্বভাবাদ্বা পথ্যং দ্বেষ্যত্বমাগতম্। কল্পনাবিধিভিস্তৈস্তৈঃ প্রিয়ত্বং গময়েৎ পুনঃ ॥ ৩৬ ॥

অথ হিতমেব যদি সততোপযোগাদনভিমতরসাদিযোগাদ্বা রুচিবিষয়ো ন স্যাৎ, তদা কিং কার্য্যম্? ইত্যাহ সাতত্যাদিত্যাদি। দৃঢ়বলস্য সাতত্যাদিতি সততোপযোগাৎ, সততোপযোগাদ্ধি স্বাদ্বন্নমপি অপ্রিয়ং ভবতীত্যনুভবসিদ্ধম্, অস্বাদু ত্বং অত এবাপ্রিয়ং, বাস্তুতীক্ষ্ণৌ নস্যাদ। ... তৈস্তৈঃ কল্পনাবিধিভিরিতি মসূরকল্কাদি সূপশাকোক্তবিধানৈঃ পুনঃ প্রিয়ত্বং গময়েৎ ॥ ৩৬ ॥

যদ্যপি সর্ব্বদা আহার বশতঃ অথবা বিস্বাদ বশতঃ পথ্যের প্রতি রোগীর বিদ্বেষ হয়, তাহা হইলে সূদশাস্ত্রের বিধান অনুসারে, বিবিধ কল্পনা করিয়া যাহাতে পথ্য মুখপ্রিয় হয়, তদ্রূপ প্রস্তুত করত তদ্দ্বারা রুচি সম্পাদন করিবে ॥ ৩৬ ॥

জ্বরিতং জ্বরমুক্তং বা দিনান্তে ভোজয়েল্লঘু। শ্লেষ্মক্ষয়ে বিবৃদ্ধোষ্মা বলবাননলস্তদা ॥ ৩৭ ॥

অন্নকালমাহ জ্বরিতমিত্যাদি।—বাগ্‌ভটস্য। দিনান্তে ইত্যপরাহ্নে, সুশ্রুতেঽপ্যুক্তং "সর্ব্বজ্বরেষু সপ্তাহং মাত্রাবদ্ভোজনং হিতম্। দিনাপায়েঽন্যথা তদ্ধি জ্বরবেগাভিবর্দ্ধনম্" ইতি। জ্বরিতমিত্যাদি বাক্যানন্তরং বাগ্‌ভট বচনং যথা"যথোচিতেঽথবা কালে দেশসাত্ম্যানুরোধতঃ। প্রাগল্পবহ্নির্ভুঞ্জানো ন হ্যজীর্ণেন পীড্যতে" ইতি। তেন যস্য পুরুষস্য য উচিত আহারকালঃ তস্মিন্নেব তং ভোজয়েৎ। যথোচিতে হি কালে দেশ সাত্ম্যানুরোধতঃ প্রায়ঃ ক্ষুদ্বোধো ভবতি তদতিক্রমে চ ক্ষুধাপগমো ভবতি, তেন তস্য দিনান্তাপেক্ষা চ কর্ত্তব্যেত্যাহ প্রাগিত্যাদি। অল্পবহ্নিরিতি কায়াগ্নের্ব্বহির্নিঃসরণাৎ জ্বরিতোঽল্পবহ্নিরেব ভবতি। দেশসাত্ম্যানুরোধাৎ অল্পবহ্নিরপি প্রাগেব পূর্ব্বাহ্নেঽপি ভুঞ্জানোঽজীর্ণেন ন পীড্যতে ন বাধ্যতে ইত্যর্থঃ ॥ ৩৭ ॥

জ্বররোগী অথবা জ্বরমুক্ত রোগীকে দিনান্তে (অপরাহ্নে) লঘু ভোজন করাইবে। কারণ, তৎকালে শ্লেষ্মা ক্ষয় হওয়াতে অগ্নির উষ্মা ও বলবৃদ্ধি হইয়া থাকে ॥ ৩৭ ॥

গুর্ব্বভিষ্যন্দ্যকালে চ জ্বরী নাদ্যাৎ কথঞ্চন। ন হি তস্যাহিতং ভুক্তমায়ুষে বা সুখায় বা ॥৩৮॥

মন্দরুচাবপি সত্যাং হিতমেব ভোক্তব্যং, নাহিতমিত্যুক্তম্, অতস্তৎ কিমহিতং যন্ন ভোক্তব্যম্?

ইত্যাহুর্ব্বত্যাদি সুশ্রুতস্য। গুরু পিষ্টকাদি, অভিষ্যন্দি দোষধাতুমলস্রোতসাং ক্লেদজনকম্ অম্লিকাদি। নাদ্যাৎ ন খাদেৎ। তথা অকালে অপ্রাপ্তে অতীতে চ কালে হিতমপি নাদ্যাৎ। কথঞ্চন কদাচিদপি। অত্র হেতুর্নহীত্যাদি ॥৩৮॥

জ্বরাক্রান্ত রোগী, পিষ্টকাদি গুরুপাক দ্রব্য ও অভিষ্যন্দি-দ্রব্য (অম্ল প্রভৃতি ক্লেদজনক বস্তু) আহার করিবে না ; এবং অকালে (ক্ষুধার পূর্ব্বে অথবা ক্ষুধার সময় অতীত হইলে) আহার করাও জ্বররোগীর অহিতকর, সুতরাং তদ্রূপ আহার আয়ুস্কর বা সুখকর হয় না ॥ ৩৮ ॥

লঙ্ঘনং স্বেদনং কালো যবাগ্বস্তিক্তকো রসঃ। পাচনান্যবিপক্কানাং দোষাণাং তরুণে জ্বরে ॥ ৩৮ ॥

ইদানীং লঙ্ঘনস্যেরাদাবিতি যদুক্তং তস্য পাচকত্বং দর্শয়ন্, প্রসঙ্গাৎ স্বেদাদীনামপি পাচনত্বমাহ লঙ্ঘনমিত্যাদি।—কাল ইত্যষ্টাহঃ। তিক্তকরসোঽত্র যবাগূপানীয়াদিসংস্কারকত্বেন জ্ঞেয়ঃ; স্বতন্ত্রভেষজপ্রয়োগস্য তরুণে নিষেধাৎ। উক্তঞ্চ "ভেষজং হ্যামদোষস্য ভূয়ো জ্বলয়তি জ্বরম্" ইতি। অবিপক্কানামিত্যুক্ত্বাপি যৎ তরুণজ্বর ইত্যুক্তং, তদষ্টাহাদূর্দ্ধমতরুণে জ্বরে অপক্কেষু দোষেষু পাচনকষায়স্য প্রাধান্যমাবেদয়তি, ন তু লঙ্ঘনাদীনাম্। কিম্বা অবিপক্কগ্রহণমষ্টাহাদূর্দ্ধমপি সামস্থানুবর্ত্তবতীতি সূচনার্থম্। অতএবাষ্টাহাদূর্দ্ধমপি আমপাচনার্থং পাচনং শমনীয়ং বেত্যাদি বক্ষ্যতি ॥ ৩৮ ॥

লঙ্ঘন (উপবাস), স্বেদক্রিয়া, কাল (অষ্টাহ কাল), যবাগূ ও তিক্তরস সেবন (জলাদিযোগে), এই সকল, নবজ্বরে অপক্ক দোষের পাচক ॥ ৩৮ ॥

আসপ্তরাত্রং তরুণং জ্বরমাহুর্মনীষিণঃ। মধ্যং দ্বাদশরাত্রন্তু পুরাণমত উত্তরম্ ॥ ৩৯

ননু জ্বরস্য তরুণতা কিয়ন্তং কালং তিষ্ঠতি? ইত্যাহ আসপ্তরাত্রমিত্যাদি।—সপ্তরাত্রং ব্যাপ্য, আঙয়মভিবিধৌ ন মর্য্যাদায়াং, অষ্টাহস্য নিরামজ্বরকালত্বেনোক্তত্বাৎ। মধ্যং দ্বাদশরাত্রমিতি পাঠঃ সাধীয়ান্, ন তু মধ্যঞ্চোর্দ্ধশাহস্থিতি, তত্তুকর্ণে মিতি-দ্বাদশাহানন্তরং ত্রয়োদশদিনসমারভ্য, পুরাণমিতি জীর্ণজ্বরমাহুঃ। যত্তু "ত্রিসপ্তাহব্যতীতন্তু জ্বরো যস্তনুতাং গতঃ। প্লীহাগ্নিসাদং কুরুতে স জীর্ণজ্বর উচ্যতে" ইতি তন্ত্রান্তরং, তদতিজীর্ণাভিপ্রায়েণ বোধ্যং। যদ্যপি তরুণজ্বর এবাত্র প্রকৃতস্তথাপি মধ্যপুরাণয়োরত্রাভিধানমেকবাক্যনিবন্ধত্বাৎ ॥ ৩৯ ॥

পণ্ডিতগণ বলেন যে, জ্বরোৎপত্তির দিবস হইতে সাত-দিবস পর্য্যন্ত তরুণজ্বর, সপ্তাহের পর দ্বাদশ দিবস পর্য্যন্ত মধ্যজ্বর ও দ্বাদশ দিবসের পরে পুরাতন জ্বর (জীর্ণজ্বর) বলা যায় ॥ ৩৯ ॥

পাচনং শমনীয়ং বা কষায়ং পায়য়েত্তু তং। জ্বরিতং ষড়হেঽতীতে লঘ্বন্নপ্রতিভোজিতম্ ॥ ৪০ ॥

নমু লঙ্ঘনানন্তরং কিং কর্ত্তব্যং? ইত্যাহ পাচনমিত্যাদি। এতচ্চ বিকল্পদ্বয়ং যোগ্যতয়া যথাক্রমমামদোষ পক্কদোষবিষয়ং জ্ঞেয়ম্। তেন পাচনং সামস্য, নিরামস্য শমনমিতি জ্ঞেয়ং। ষড়হেঽতীতে ইতি জ্বরোৎপাদদিনমারভ্য ষড়হে২তিক্রান্তে সপ্তমেঽহনি লঘ্বন্নপ্রতিভোজিতং জ্বরিতং অর্থাদষ্টমেঽহনি পাচনং শমনীয়ং বা পায়য়েদিতি যোজনা। এবঞ্চ অষ্টাহো নিরামজ্বরলক্ষণমিতি পূর্ব্ববাক্যেন তথা "নিঃসপ্তো নিরামজ্বরলক্ষণম্" ইতি খরনাদবাক্যেন তথা "সপ্তরাত্রাৎ পরং কেচিন্মন্যন্তে দেয়মৌষধম্" ইতি সুশ্রুতবাক্যেন তথা "সপ্তাহাদৌষধং কেচিৎ" ইতি বাগ্‌ভটবচনেন সহৈকবাক্যতা উপপন্না ভবতি। অন্যে পুনরমুমেবার্থং প্রকারান্তরেণেচ্ছন্তি ষড়হে অতীতে ইতি জ্বরোৎপাদদিনং পরিত্যজ্য গণনা কার্য্যা বস্তিদিনপরিহারেণ পরিহারগণনাবৎ, তেন ষড়হে অতীতে ইত্যস্য সপ্তমে অতীতে ইত্যেবার্থো ভবতি। ভট্টারহরিশ্চন্দ্রেণাপি সপ্তমে দিনে কষায়পানং যদ্ব্যাখ্যাতং তস্যাপ্যয়মভিপ্রায় উন্নেয়ঃ। অন্যথা সুশ্রুতাদিবিরোধো দুষ্পরিহর ইতি। চক্রিকাকারেণোক্তং "অক্রিয়োগদিনচতুষ্টয়বৎ জ্বরস্য সপ্তাহং সামতাকালঃ, তত্র ন পাচনং বা শমনং ন শোধনম্" ইতি। যত্তু পেয়াদ্যনন্তরং হারীতেনোক্তং "এতাং ক্রিয়াং প্রযুঞ্জীত ষড়াত্রং সপ্তমেঽহনি। পিবেৎ কষায়সংযোগান্ জ্বরঘ্নান্ সাধুসাধিতান্" ইতি, তথা "ইতি ষড়াত্রকঃ প্রোক্তো নবজ্বরহিতো বিধিঃ। ততঃ পরং পাচনীয়ং শমনং বা জ্বরে হিতম্" ইতি খরনাদবচনঞ্চ পূর্ব্বোক্ত-

যতঃ সুশ্রুতে "সপ্তরাত্রাৎ পরং কেচিন্মন্যন্তে দেয়মৌষধম্" ইত্যাদ্যভিধায় "দৈপৈত্তিকে বা জ্বরে দেয়মপ্যকালসমুত্থিতে। অচিরজ্বরিতস্যাপি দেয়ং দোষপাকতঃ" ইত্যুক্তং। বাগ্‌ভটেনাপি "মৃদুর্জ্বরো লঘুর্দেহশ্চলিতাশ্চ মলা যদা। অচিরজ্বরিতস্যাপি ভেষজ্যং যোজয়েত্তদা" ইতি যদুক্তং, তদপি সুশ্রুতসংবাদাৎ পিত্তজ্বরপরমেব জ্ঞেয়ম্। এতদ্বচনদ্বয়ং সপ্তাহাদর্ব্বাগপি পাচনকষায়দান প্রতিপাদকমনুদ্ভূতসামতায়ামেব জ্ঞেয়ম্। উদ্ভূতসামতায়াস্তু ভেষজদানস্য বলবদপায়জনকত্বাৎ। অতএবাহ বাগ্‌ভটঃ "সপ্তাহাদৌষধং কেচিদাহুরন্যে দশাহতঃ। কেচিল্লঘ্বন্নভুক্তস্য যোজ্যমামোল্বণে ন তু। তীব্রজ্বরপরীতস্য দোষবেগোদয়ো যতঃ। দোষেঽথবাতিনিচিতে তন্দ্রাস্তৈমিত্যকারিণি। অপচ্যমানং ভৈষজ্যং ভূয়ো জনয়তি জ্বরম্" ইতি। অপৈত্তিকজ্বরে তু বাতজাদৌ সপ্তাহাদর্ব্বাক্ পাচনমপি ন দেয়মেব। সপ্তাহানন্তরমপি যদি সম্যগ্দোষপাকলক্ষণানি জ্বরমার্দ্দবক্ষুধাদীনি ন ভবন্তি তদা পাচনম্, অন্যথা তু শমনং দেয়ম্। এতদভিপ্রায়েণৈব "মৃদৌ জ্বরে লঘৌ দেহে প্রচলেষু মলেষু চ। পক্বং দোষং বিজানীয়াজ্জ্বরে দেয়ং তদৌষধম্" ইতি সুশ্রুতবচনং জ্ঞেয়ম্। এতচ্চবচনং জ্বরমার্দ্দবাদৌ দোষপাকলক্ষণে সঞ্জাতে সত্যেব ভৈষজ্যস্য দেয়ত্বং বোধয়তি, তত্র চ সপ্তাহানন্তরমপি নিয়মোনাস্তীতি বাচ্যম্। সপ্তরাত্রাৎ পরং কেচিদিত্যাদি বচনৈঃ সপ্তাহানন্তরমেব ভেষজদানস্য বোধিতত্বাৎ, তেন সপ্তাহাদর্ব্বাক্ পাচনং শমনঞ্চ ন দেয়মিতি স্থিতং, ব্যাখ্যানন্তরন্তু "জ্বরে পেয়াঃ কষায়াশ্চ" ইত্যাদি ব্যাখ্যানাবসর এব ব্যাখ্যেয়ং। ননু সপ্তরাত্রাদূর্দ্ধং জ্বরস্য নিরামত্বাৎ কিমর্থং তত্র পাচনং দীয়তে যদুক্তং "অষ্টাহো নিরামজ্বরলক্ষণম্" ইতি। সত্যপ্যষ্টাহে যদি ন নিরামত্বং তদা লক্ষণমেব ন স্যাৎ সামনিরামসাধারণত্বাৎ। অসাধারণধর্ম্মোহি লক্ষণং ভবতি। অত্রাহুঃ দ্বিবিধা হি সামতা, একা দোষস্য তরুণত্বরূপা, তরুণত্বঞ্চ সপ্তাহমাত্রং। তদুক্তং পুষ্কলাবতে "আসপ্তরাত্রং তরুণম্" ইত্যাদি। দ্বিতীয়া তু রসস্য, মুখবৈরস্যতৃষ্ণারোচকাদিরূপা। অত্র প্রথমা অষ্টাহাদপৈতি, অত্র হরিশ্চন্দ্রেণ হেতুরপ্যুক্তঃ "সপ্তানাং ধাতুনাং ধাত্বগ্নিনা সপ্তাহেনামপাকাৎ অষ্টাহেনৈব নৈরাম্যম্" ইতি। উক্তঞ্চ "সপ্তাহেনৈব পচ্যন্তে সপ্তধাতুগতা মলাঃ। নিরামশ্চাপ্যতঃ প্রোক্তো জ্বরঃ প্রায়োঽষ্টমেঽহনি" ইতি। দ্বিতীয়া পুনঃ সপ্তাহাৎ পরতোঽপি কদাচিদ্দোষবাহুল্যাদগ্নিমান্দ্যাচ্চানুবর্ত্ততে। উক্তঞ্চ "শ্লেষ্মলানামবাতানাং জ্বরঃ প্রায়ঃ কফাধিকঃ। পরিপাকং ন সপ্তাহেনাপি যাতি কদাচন।" ইতি। অতস্তত্র পাচনমুচিতমেব। অতএবাহ সুশ্রুতঃ "বহুদোষস্য মন্দাগ্নেঃ সপ্তরাত্রাৎ পরং জ্বরে। লঙ্ঘনাম্বুযবাগূভির্যদা দোষো ন পচ্যতে। তদা তং মুখবৈরস্যতৃষ্ণারোচকনাশনৈঃ। কষায়ৈঃ পাচনৈর্হৃদ্যৈর্জ্বরঘ্নৈঃ সমুপাচরেৎ" ইতি ॥৪০॥

ছয় দিনের পর অর্থাৎ জ্বরের সপ্তম দিবসে রোগীকে লঘু অন্ন আহার করাইবে। তাহার পর দিনে (অষ্টম দিনে) রোগীকে পাচন বা শমন কষায় পান করাইবে (থ) ॥ ৪০ ॥

সপ্তাহাৎ পরতোঽস্তব্ধে সামে স্যাৎ পাচনং জ্বরে। নিরামে শমনং স্তব্ধে সামে নৌষধমাচরেৎ ॥ ৪১ ॥

ইদানীং সপ্তাহানন্তরমেব রসস্যামাবস্থায়াং পাচনং শমনঞ্চ দেয়ং তদাহ সপ্তাহাদিত্যাদি। অস্তব্ধে সামে ইতি লালাপ্রসেক ইত্যাদি বক্ষ্যমাণস্য রসসামতালক্ষণস্য নিবৃত্তৌ সত্যাং প্রাপ্তলঘুভাবে মধুভাণ্ডোপলেপন্যায়েন স্থিতস্য কোষ্ঠাবলেপকামভাগস্য পাকার্থং পাচনং দেয়ম্। নিরামে শমনমিতি পাচনেন কোষ্ঠাবলেপকস্যামভাগস্য পাকাৎ সম্যঙ্‌নিরামত্বে সতীত্যর্থঃ। সম্যঙ্‌নিরামতা চ দশরাত্রাৎ পরমেব দোষামতারসামতয়োঃ সর্ব্বথা নিবৃত্ত্যা প্রায়শো ভবতীতি। অতএব "দশরাত্রাৎ পরং কেচিদ্দাতব্যমিতি নিশ্চিতং।" ইতি সুশ্রুতেনোক্তং। কিম্বা যত্র দোষাণামনতিবৃদ্ধত্বাৎ সপ্তাহেনৈব রসসামতাপি নিবর্ত্ততে তত্র সপ্তাহানন্তরমপি শমনাদি দেয়ং। স্তব্ধে সামে নৌষধমাচরেৎ" ইতি লালাপ্রসেকাদিরসসামতালক্ষণানাং সত্ত্বাদপ্রাপ্তলঘুত্বে সপ্তাহানন্তরমপি পাচনং শমনঞ্চ ন দেয়মিত্যর্থঃ ॥ ৪১ ॥

জ্বররোগে সপ্তাহের পর অস্তব্ধসামে (দ) পাচন কষায় এবং নিরামাবস্থায়

(থ) যে ক্বাথ দ্বারা বায়ু পিত্ত কফের পরিপাক হয় তাহাকে পাচন কষায় এবং যে ক্বাথ দ্বারা বায়ুপিত্ত কফ, বিরেচন ও বমনদ্বারা নির্গত না হইয়া আপনা হইতেই প্রশমিত হয়, তাহাকে শমন কষায় বলে। কষায় অর্থে—ক্বাথ; ইহা পূর্ব্বে, ৫ম শ্লোকের ব্যাখ্যা স্থলে বলা হইয়াছে। ষোড়শগুণ জলদ্বারা ক্বাথ্য দ্রব্য সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইলে তাহাকে কষায় কহে।

(দ) অস্তব্ধসামে অর্থাৎ পশ্চাৎ উক্ত লালা নিঃসরণপ্রভৃতি আমজ্বরের লক্ষণ নিবৃত্ত হইয়া

শমনকষায় প্রয়োগ করিবে। কিন্তু সাম-দোষ স্তম্ভিত হইলে কি পাচন কি শমন, কোন প্রকার ঔষধই প্রয়োগ করিবে না (ধ)॥ ৪১ ॥

রসসামতালক্ষণমাহ।

লালাপ্রসেকো হৃল্লাসহৃদয়াশুদ্ধ্যরোচকাঃ। তন্দ্রালস্যাবিপাকাস্যবৈরস্যং গুরুগাত্রতা। ক্ষুন্নাশো বহুমূত্রত্বং স্তব্ধতা বলবান্ জ্বরঃ। আমজ্বরস্য লিঙ্গানি ন দদ্যাৎ তত্র ভেষজম। ভেষজং হ্যামদোষস্য ভূয়ো জ্বলয়তি জ্বরম ॥ ৪২ ॥

রসসামতালক্ষণমাহ লালাপ্রসেক ইত্যাদি। হৃদয়াশুদ্ধিঃ হৃদয়াগৌরবং। ন দদ্যাদিত্যত্র হেতুমাহ ভেষজমিত্যাদি ॥ ৪২।

মুখ হইতে লালা নিঃসরণ, হৃল্লাস (বমনেচ্ছা), হৃদয়ের অবিশুদ্ধভাব, অরুচি, তন্দ্রা, আলস্য, অপরিপাক, মুখের বিরসতা, মূত্রাধিক্য, শরীরের জড়তা, ক্ষুধানাশ, শরীরের গুরুত্ব ও প্রবল জ্বর, এই সকল আমজ্বরের চিহ্ন। এই সকল অবস্থায় রোগীকে ঔষধ প্রয়োগ করিবে না। কেন না তাহা হইলে জ্বরের নিবৃত্তি না হইয়া আরও অত্যন্ত বেগবান্ হয় ॥ ৪২।

আমপাকলক্ষণমাহ।

মৃদৌ জ্বরে লঘৌ দেহে প্রচলেষু মলেষু চ। পক্বং দোষং বিজানীয়াজ্জ্বরে দেয়ং তদৌষধম্ ॥ ৪৩ ॥

নস্যমাহ মাতুলুঙ্গেত্যাদি ।—লবণত্রয়ং সৈন্ধব-সৌবর্চ্চল-বিড়ম্ । সিদ্ধিবিহিতমিতি ।—অস্য রোগস্য ভালুকিতন্ত্রোক্তত্বাৎ ভালুকিতন্ত্রস্যৈব সিদ্ধি স্থানে জ্ঞেয়ম্ ॥ ১২৫ ॥

টাবালেবুর (ছোলঙ্গলেবুর) রসে এবং আদার রসে ত্রিলবণ (অর্থাৎ সৈন্ধবলবণ, বিট্‌লবণ ও সচরলবণ) উত্তমরূপে মর্দ্দন করতঃ ঈষৎ উষ্ণ করিয়া নস্য প্রদান করিবে। অথবা সিদ্ধি স্থানে (প) লিখিত অন্যবিধ তীক্ষ্ণ নস্য প্রয়োগ করিবে। (ফ) নস্যদ্বারা শ্লেষ্মা তরল হয়

(প) ভালুকী তন্ত্রনামক গ্রন্থের সিদ্ধি স্থান নামক অধ্যায় বিশেষ। তাহাতে তীক্ষ্ণ নস্যের বিধি বিশেষরূপ বর্ণিত আছে।

(ফ) আয়ুর্ব্বেদ শাস্ত্রে অন্যান্য নস্যেরও বিধান আছে, এস্থলে তাহারই দুই একটি মাত্র লিখিত হইল।—

'রসোনং মরিচং পিষ্টং নস্যং স্যাৎ শ্লেষ্মনাশনম্'
রসোন ও মরিচ সমান ভাগে পেষণ করতঃ নস্য গ্রহণ করিলে শ্লেষ্মা বিনাশ হয়। অপরঞ্চ :—

"ষড়গ্রন্থি সৈন্ধবকণাঃ সমধুকসারাঃ,
পিষ্টাঃসমেন মরিচেন জলেঃকদুষ্ণৈঃ।
নস্যং নিবারয়তি শীঘ্রমচেতনত্বং,
তন্দ্রাপ্রলাপ সহিতং শিরসোঽথরুক্তম্ ॥"

পিপুলমূল, সৈন্ধব, পিপুল ও মউলপুষ্প (মউয়া পুষ্প) সমভাগে চূর্ণ করিয়া উক্ত চূর্ণের সমভাগ মরিচ চূর্ণ তাহাতে মিশাইয়া ঈষৎ উষ্ণ জলের সহিত নস্য লইলে রোগীর শীঘ্র চৈতন্য লাভ হয়, এবং তন্দ্রা, প্রলাপ ও মস্তকের গুরুতা অপনীত হয়। আরও :—

"সিতি কৃকটিকাণ্ডজমলংপানম্ নস্যাদপ্যঞ্জনঞ্চ দুঃসাধ্যসন্নিপাতঃ প্রবলোঽপ্যাশ্বের সমমেতি।"

কৃষ্ণবর্ণ কুক্কুটের ডিম্ব-মধ্যস্থ জলীয়াংশ পান করিলে বা তাহার নস্য গ্রহণ করিলে অথবা অঞ্জন করিলে অতি দুঃসাধ্য প্রবল সন্নিপাতও শীঘ্র নিবৃত্ত হইয়া থাকে।

এবং শ্লেষ্মা তরল হইলেই মস্তক, হৃদয়, কণ্ঠ, মুখ ও পার্শ্ববেদনা নিবারিত হইয়া থাকে ॥ ১২৫ ॥

মধুকসারাদিঃ।

মধুকসারসিন্ধূত্থবচোষণকণাঃ সমাঃ। শ্লক্ষ্ণং পিষ্টাম্ভসা নস্যং কুর্য্যাৎ সংজ্ঞাপ্রবোধনম্ ॥ ১২৬ ॥

মধুকসারেত্যাদৌ-মধুকঃ বৃক্ষবিশেষস্তস্য সারঃ কণাঃ পিপ্পলী, উষণং মরিচম্; অম্ভসা কোষ্ণেন ॥১২৬॥

মউয়াফুলের সার, সৈন্ধবলবণ, বচ, মরিচ ও পিপুল সমভাগে একত্র পেষণ করিয়া ঈষদুষ্ণ জলের সহিত নস্য প্রদান করিলে রোগীর চৈতন্য লাভ হয় ॥১২৬॥

সৈন্ধবং শ্বেতমরিচং সর্ষপং কুষ্ঠমেব চ। বস্তমূত্রেণ পিষ্টানি নস্যং তন্দ্রানিবারণম্ ॥ ১২৭ ॥

সৈন্ধবমিত্যাদৌ শ্বেতমরিচং শোভাঞ্জনবীজম্। ১২৭॥

সৈন্ধবলবণ, সজিনার বীজ, শ্বেত সর্ষপ ও কুড়; এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণপূর্ব্বক একত্র ছাগমূত্রে পেষণ করিয়া নস্য প্রদান করিলে রোগীর তন্দ্রা (নিদ্রাবৎ ক্লান্তি) নিবারিত হয় ॥ ১২৭ ॥

অঞ্জনমাহ।

শিরীষবীজগোমূত্রকৃষ্ণামরিচসৈন্ধবৈঃ। অঞ্জনং স্যাৎ প্রবোধায় সরসোনশিলাবচৈঃ ॥ ১২৮ ॥

অঞ্জনমাহ। শিরীষেত্যাদৌ-শিলা-মনঃশিলা। সরসোনেত্যাদিবিশেষণাদেকো যোগঃ,পৃথক্পাঠাৎ পৃথগ্‌যোগোঽপি বোধ্যঃ। তদুক্তমায়ুর্ব্বেদসারে "শুকাঙ্কবীজ-গোমূত্র-কণা-মরিচ-সৈন্ধবৈঃ। শিলাবচা রসোনৈর্ব্বা অঞ্জনং স্যাৎ প্রবোধনম্" ॥১২৮॥

শিরীষের বীজ, গোমূত্র, পিপুল, মরিচ, সৈন্ধব, রসোন, মনঃশিলা ও বচ; এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া অঞ্জন প্রদান করিলে শীঘ্রই রোগীর মূর্চ্ছা ভঙ্গ হইয়া চৈতন্য লাভ হয়।(ব) ॥ ১২৮ ॥

অষ্টাঙ্গাবলেহিকা—

কট্ফলং পৌষ্করং শৃঙ্গী ব্যোষং যাসশ্চ কাবরী। শ্লক্ষ্ণচূর্ণীকৃতঞ্চৈতন্মধুনা সহ লেহয়েৎ ॥ এষাবলেহিকা হন্তি সন্নিপাতং সুদারুণম্। হিক্কাং শ্বাসঞ্চ কাসঞ্চ কণ্ঠরোগং নিযচ্ছতি ॥ ঊর্দ্ধগঃশ্লেষ্মহরণে উষ্ণেস্বেদাদি কর্ম্মণি। বিরোধ্যুষ্ণেমধুত্যক্ত্বা কার্য্যোঽর্দ্রকজৈরসৈঃ ॥ ১২৯ ॥

অবলেহমাহ' কট্ফলেত্যাদি—যাসো দুরালভা, কাবরীকৃষ্ণজীরকং। সন্নিপাতে স্বেদস্য সর্ব্বদা হিতত্বেন ঊর্দ্ধগঃশ্লেষ্মসম্ভূতঃ দেহস্য উষ্ণত্বং, মধু চ উষ্ণে বিরুধ্যতে, অতস্তত্র মধু ত্যক্ত্বা অর্দ্রকস্বরসেনাবলেহঃ কার্য্য ইত্যাহ ঊর্দ্ধগেত্যাদি।—এক মুষ্ণে ইতি পদং স্বেদাদি বিশেষণম্ অপরঞ্চোপপত্ত্যর্থং। যস্মাৎ উষ্ণবিরোধি মধু ততো মধু ত্যক্ত্বা ইত্যর্থঃ। ননু 'ক্রিয়ায়াস্তু গুণালাভে ক্রিয়ামন্যাং প্রযোজয়েৎ। পূর্ব্বস্যাং শান্তবেগায়াং

(ব) এস্থলে কেহ কেহ শিরীষ বীজ হইতে সৈন্ধবপর্য্যন্ত এক বিধ এবং রসোন হইতে বচ পর্য্যন্ত অন্য বিধ এই দ্বিবিধ অঞ্জনের ব্যবস্থা করিয়া দুই ঔষধ পৃথক্ পৃথক্ কল্পনা করিয়া থাকেন অর্থাৎ শিরীষ বীজ, গোমূত্র, পিপুল মরিচ ও সৈন্ধব এই সকল একত্র পেষণ করিয়া অথবা রসোন, মনঃশিলা ও বচ একত্র পেষণ করিয়া অঞ্জন দিলে রোগী চৈতন্য লাভ হয়। যথা—আয়ুর্ব্বেদসারে :—

"শুকাঙ্কবীজ গোমূত্র কণামরিচ সৈন্ধবৈঃ।
শিলাবচারসোনৈর্ব্বা অঞ্জনং স্যাৎ প্রবোধনম্ ॥"

শিরীষবীজ, গোমূত্র, পিপুল, মরিচ ও সৈন্ধব অথবা মনঃশিলা, বচ ও রসোন; ইহাদিগের দ্বারা অঞ্জন প্রদান করিলে রোগীর চৈতন্য লাভ হয়। কোন কোন আয়ুর্ব্বেদ গ্রন্থে অন্য প্রকার অঞ্জনের বিধিও দেখা যায়। যথা,—

"অম্লোটক্ষ পতঙ্গস্য বিট্চূর্ণং মধুসংযুতম্।
অঞ্জনাদ্বোধয়েন্মুগ্ধং অচিরেণ সন্নিপাতিনম্ ॥"

আরসুলার নাদি চূর্ণ করিয়া মধুসংযোগে অঞ্জন প্রদান করিলে সন্নিপাতরোগগ্রস্ত ও তন্দ্রাশীল ব্যক্তির চৈতন্য সম্পাদিত হয়।

ন ক্রিয়া সঙ্করোহিতঃ" ইত্যনেন সুশ্রুতে ক্রিয়াসঙ্করো নিষিদ্ধঃ, তৎ কথং নস্যনিষ্ঠীবনাদীনাং যুগপদেব সন্নিপাতজ্বরে বিধানম্? অত্রোচ্যতে, ক্রিয়াসঙ্করো হ্যনেকক্রিয়ামেলকঃ, তস্য চ দূষকত্বং ন সঙ্করত্বমাত্রেণ, কিন্তুর্হি অতিমাত্রত্বেন অগ্নিমান্দ্যজনকতয়া তথা পরস্পরগুণবিরোধাদুভয়োরপি নিষ্ফলতয়া চ। এতদ্দোষদ্বয়মন্তঃপরিমার্জ্জন এব সম্ভবতি, ন পুনর্বহিঃ পরিমার্জ্জনে নস্যনিষ্ঠীবনাদৌ। এতদভিসন্ধায় বৃন্দোঽপি সমাধানমুক্তবান্ যথা—"ক্রিয়াভিস্তুল্যরূপাভিঃ ক্রিয়াসাঙ্কর্য্যমিষ্যতে। ভিন্নরূপতয়া যাস্ত তাঃ কুর্ব্বন্তি ন দূষণম্" ইতি। তুল্যরূপতা চাত্রান্তঃ পরিমার্জ্জনত্বেনৈব জ্ঞেয়া। তেনায়মর্থঃ একস্মিন্ অন্তঃপরিমার্জ্জনে উপযুক্তে যদ্যপরমন্তঃ পরিমার্জ্জনমুপযুজ্যতে, তেনৈব ক্রিয়াসাঙ্কর্য্যস্য উক্তরীত্যা দূষকত্বম্, ন বহিঃপরিমার্জ্জনে নস্যাদাবিতি। কষায়াদিভেষজোপযোগান্তরং পুনরবলেহাদিদানে চ যদ্যপি ক্রিয়াসাঙ্কর্য্যদোষো ভবত্যেব, তথাপি কাথ্যাল্পতয়া ন বিরোধঃ। তদল্পতা চানাদিদ্রব্যব্যবহারাৎ দোষানুপলম্ভাচ্চ বোধ্যং। কিম্বা ক্রিয়াসাঙ্কর্য্যস্য দোষস্যাপ্যতয়া কইদ্বাধর্ম্মিকল্পনায়প্রশস্তত্বং চ নিষিদ্ধ-মপ্যবলেহাদিক-মবস্থাবিশেষে অঙ্গীক্রিয়তে। যথা পীতবিষে বালাদৌ বমনম্। অন্যে তু কল্পনয়া তুল্যরূপতাং ব্যাখ্যায় কষায়াবলেহয়ো যুগপদুপযোগেঽপি কল্পনাভেদান্ন সাঙ্কর্য্যমিত্যাহুঃ। তন্ন, সুশ্রুতে অগ্নিমান্দ্যাদিহেতুত্বেন ক্রিয়াসঙ্করমাত্রস্যৈব দোষত্বমুক্তম্। অত্র চাতুল্যরূপতা তুল্যরূপতা বেতি বিশেষো নাস্তি। কেবলং বৃন্দেনৈব কষায়নস্যাদীনাং সন্নিপাতে যুগপদুপযুজ্যমানানামবিরোধার্থম্, ক্রিয়াভিস্তুল্যরূপাভিরিতি বচনং নিবদ্ধম্। তচ্চ ক্রিয়াদ্বয়ং কল্পনয়া তুল্যরূপ-মতুল্যরূপং বা ভবতু, উভয়থাপ্যতিমাত্রাদিনাগ্নিমান্দ্যাদিহেতুতয়া নিষিদ্ধমেব। তেনাভিন্নকল্পনাত্মকেঽপি ভেষজদ্বয়ে যুগপদ্ভুক্তে অতিমাত্রত্বাদিনা অগ্নিমান্দ্যাদিহেতুত্বং দূষকতাবীজমস্ত্যেবেতি। তস্মাৎ অন্তঃপরিমার্জ্জনত্বেনৈব তুল্যরূপত্বম, বহিঃপরিমার্জ্জনে চ ভিন্নরূপত্বং ব্যাখ্যায় কষায়নস্যাবলেহাদিষু ক্রিয়াসাঙ্কর্য্যদোষত্বং পরিহরণীয়ম্ ॥ ১২৯ ॥

কট্‌ফল (কায়ফল), পুষ্করমূল (অভাবে কুড় ব্যবহার হয়), কাঁকড়াশৃঙ্গী, ত্রিকটু (শুঁঠ, পিপুল, মরিচ), দুরালভা ও শুক্ল কৃষ্ণজীরা; এইসকল দ্রব্য অতি সূক্ষ্মরূপে চূর্ণ করিয়া মধুর সহিত লেহন করাইবে। এই অবলেহ দ্বারা দোষজ্বর সন্নিপাত, হিক্কা, শ্বাস, কাস ও কণ্ঠরোগ নিবারিত হয়। (ভ) কিন্তু যদি রোগীকে ঊর্দ্ধগ শ্লেষ্ম হরণকারী, উষ্ণগুণসম্পন্ন স্বেদাদি কর্ম্ম প্রয়োগ করা হইয়া থাকে, তাহা হইলে, উষ্ণগুণের বিরোধী মধু অনুপান পরিত্যাগ করিয়া আর্দ্রকরসের অনুপান দ্বারা এই অবলেহ কার্য্য সম্পন্ন করিবে। ইহার কারণ এই যে, স্বেদাদি ক্রিয়াদ্বারা দৈহিক তেজের উদ্ভূতাবস্থায় অনভিজ্ঞতাবশতঃ মধু ব্যবহার করিলে ঐ মধুই বিষবৎ অনিষ্ট উৎপাদন করে (ম) ॥ ১২৯ ॥

(ভ) সন্নিপাতজ্বরে স্বেদভেদকার্য্য সর্ব্বদাই হিতকারী। এই স্বেদভেদকার্য্যে অগ্নির সম্বন্ধ আছে বলিয়া, তদ্দ্বারা শরীরের উষ্ণতা সম্পাদিত হয়। মধু, উষ্ণগুণের বিরোধী, অতএব অগ্রে রোগীর স্বেদভেদকার্য্য করা হইলে, তাহার পর যদি এই অবলেহ প্রদান করা হয়, তবে মধু অনুপানে কদাচ প্রদান না করিয়া তৎ পরিবর্ত্তে আদার রস ব্যবহার করাই কর্ত্তব্য, ইহা বলিবার জন্য এই শ্লোকের অবতারণা করিতেছেন।

(ম) উষ্ণৈ বিরুধ্যতে সর্ব্বং বিষান্বয়তয়া মধু। উষ্ণার্ত্তমুষ্ণৈরুষ্ণে বা তন্নিহন্তি যথা বিষম্।

সুশ্রুতঃ।

সুশ্রুত প্রভৃতি আয়ুর্ব্বেদকারেরা বলেন, উভয়বিধ ক্রিয়ার একত্র ব্যবহার নিষিদ্ধ। কারণ, তাহা হইলে, ঔষধের ভূরিপ্রয়োগে রোগীর অগ্নিমান্দ্য হয় এবং পরিপাকবিরুদ্ধ গুণসম্পন্ন ঔষধের একত্র প্রয়োগে উভয় ঔষধই নিষ্ফল হয়। অতএব স্বেদভেদ, অবলেহ, নস্য, নিষ্ঠীবন প্রভৃতি ক্রিয়া সকল এককালে সন্নিপাতজ্বরে কিরূপে বিধেয় হইতে পারে? ইহার মীমাংসার্থ শাস্ত্রকারেরা বলেন, ক্রিয়াসঙ্করের এই যে দুই দোষ দৃষ্ট হয়, তাহা বহিঃপ্রয়োগার্থ ব্যবহৃত ঔষধের পক্ষে নহে। যে ঔষধ আভ্যন্তরিক প্রয়োগ করিতে হয় অর্থাৎ যাহার পানাদি দ্বারা অন্তঃপরিমার্জ্জন সাধিত হয়, সেস্থলে ক্রিয়াসঙ্করে ঐ দুই দোষ উদ্ভূত হয়। অতএব স্বেদভেদ, অবলেহ, নস্য, নিষ্ঠীবন বহিঃপরিমার্জ্জনার্থ প্রযুক্ত ঔষধের ক্রিয়াসঙ্কর দূষণীয় নহে। যথা—

"ক্রিয়াভিস্তুল্যরূপাভিঃ ক্রিয়াসাঙ্কর্য্যমিষ্যতে।
ভিন্নরূপতয়া যাস্তু তাঃ কুর্ব্বন্তি ন দূষণম্।"

তুল্যরূপতা চ অত্র অন্তঃপরিমার্জ্জনত্বেনৈব

পঞ্চমুষ্টিঃ—

যবকোলকুলত্থানাং মুদ্গামলকশুণ্ঠ্যোঃ। একৈকমুষ্টিমাহৃত্য পচেদষ্টগুণে জলে। পঞ্চমুষ্টিক ইত্যেষ বাতপিত্তকফাপহঃ। শস্যতে গুল্মশূলে চ শ্বাসে কাসে ক্ষয়ে জ্বরে ॥ ১৩০ ॥

যবেত্যাদি।—প্রত্যেকং যবাদীনাং মুষ্টিমত্র ন শ্রম্‌, কিন্তু পলং দ্রব্যবাহুল্যাৎ। অয়মেব পক্ষঃ প্রচারী। একৈকং দ্রব্যমাহৃত্য সমুদিতানামেষাং মিলিত্বা পলমাত্রং পচেদিত্যন্যে। চক্রঃ পুনর্যবাদীনামাহারদ্রব্যত্বাৎ প্রত্যেকং পল মানত্বেঽপি ন দোষ ইত্যাহ। অস্যৈব যোগস্য ধান্যশুণ্ঠী যোগাৎ সপ্তমুষ্টিক ইত্যপি নাম। যদুক্তং “যবকোলকুলত্থৈশ্চ মুদ্গমূলকশুণ্ঠকৈঃ। ধন্যাক-বিশ্বসংযুক্তৈর্যূষঃ স্যাৎ সপ্তমুষ্টিকঃ”।১৩০।

যব, কুল (বদরীফল), কুলথকলাই, মুগ ও আমলা (আমলকী); এই সকল দ্রব্যের এক এক মুষ্টি (য) লইয়া আটগুণ জল দিয়া তাহা পাক করিবে। ইহার নাম পঞ্চমুষ্টি, ইহা সেবন করিলে, বাত পিত্ত ও কফ বিনষ্ট হয়, এবং গুল্মশূল, শ্বাস, কাস, ক্ষয় ও জ্বর রোগে বিশেষ উপকার দর্শে ॥ ১৩০ ॥

জ্ঞেয়া। তেনায়মর্থঃ—একস্মিন্ অন্তঃপরিমার্জ্জনে উপযুক্তে যদ্যপি অপরম্ অন্তঃপরিমার্জ্জনং উপযুজ্যতে, তেনৈব ক্রিয়াসাঙ্কর্য্যাদ্যু উক্তরীত্যা দূষকত্বং, ন পুনর্বহিঃ পরিমার্জ্জনে ইতি। চক্রদত্ত টীকাকারঃ।

(য) এস্থলে মুষ্টি শব্দের অর্থ অপর যে কএকটী দ্রব্যের দ্বারা যূষ প্রস্তুত করিতে হইবে, সেই দ্রব্যগুলি প্রত্যেকে এক মুষ্টি না সমুদায়ে এক মুষ্টি দেওয় উচিত; এই উভয় বিষয়ের মত ভেদ আছে। শিবদাসের (চক্রদত্তের টীকাকার) মতে মুষ্টি শব্দের অর্থ মুঠী এবং প্রত্যেক বস্তু (যব, কুল, কুলথকলাই, মুগ, আমলকী বা আমলা) এক এক মুঠী করিয়া দেওয়া উচিত। কোন কোন চিকিৎসকের মতে মুষ্টিশব্দের অর্থ পল (৮ আট-তোলা) এবং সমুদয় দ্রব্য মিলিত এক পল দেওয়া কর্ত্তব্য। চক্রপাণির মতে প্রত্যেক দ্রব্য এক এক পল পরিমাণে দেওয়া দোষ নাই। কারণ আহার দ্রব্যের মাত্রা ঔষধের মাত্রা অপেক্ষা অধিক হওয়া আবশ্যক। এই সমস্ত মতের মধ্যে শিবদাসের মতই অধিক প্রচলিত।

বৈদ্যেরা এই পঞ্চমুষ্টিযোগে, ধনে ও শুঁঠ যোগ করিয়া সপ্তমুষ্টিযোগ বলিয়া থাকেন। যথা—

“যবকোলকুলত্থৈশ্চ মুদ্গমূলক শুণ্ঠকৈঃ।
ধন্যাক বিশ্বসংযুক্তৈ র্যূষঃ স্যাৎ সপ্তমুষ্টিকঃ।”

চাতুর্ভদ্রকপঞ্চমূলকম্—

পঞ্চমূলীকিরাতাদির্গণো যোজ্যস্ত্রিদোষজে। পিত্তোৎকটে চ মধুনা কণয়া চ কফোৎকটে ॥ ১৩১ ॥

পঞ্চমূলীত্যাদি।—বাতপিত্তোক্তনবাঙ্গযোগ এবায়ম্। অত্র পুনর্মধুযোগাৎ পিত্তোল্বণত্রিদোষহন্তৃত্বং, পিপ্পলীযোগাচ্চ কফোল্বণত্রিদোষহন্তৃত্বমস্য জ্ঞেয়ম্। অত্র কনীয়স্যাএব পঞ্চমূল্যা ব্যবহারঃ। অন্যে পুনঃ শ্লেষ্মোল্বণে মহতীং পঞ্চমূলীমাহুঃ।। ১৩১ ।।

পঞ্চমূলী অর্থাৎ লঘুপঞ্চমূলী (র) যথা—শালপানি, চাকুলে, বৃহতী (অর্থাৎ ব্যাকুড়), কণ্টকারী ও গোক্ষুর এবং চিরতা, শুঁঠ, মুথা ও গুলঞ্চ; ইহার নাম নবাঙ্গযোগ ইহাদের যথাবিহিত নিয়মানুসারে কাথ প্রস্তুত করিয়া পিত্তপ্রধান সান্নিপাতিকজ্বরে মধু প্রক্ষেপ দিয়া এবং কফপ্রধান সান্নিপাতিকজ্বরে পিপ্পুলচূর্ণ প্রক্ষেপ দিয়া সেবন করাইবে ॥ ১৩১ ॥

দশমূলম্—

বিল্বশ্যোনাকগাম্ভারীপাটলাগণিকারিকাঃ। দীপনং কফবাতঘ্নং পঞ্চমূলমিদং মহৎ ॥ শালপর্ণীপৃশ্নিপর্ণীবৃহতীদ্বয়গোক্ষুরম্। বাতপিত্তহরং বৃষ্যং কনীয়ঃ পঞ্চমূলকম্ ॥ উভয়ং দশমূলন্তু সন্নিপাতজ্বরাপহম্। কাসে শ্বাসে চ তন্দ্রায়াং পার্শ্বশূলে চ শস্যতে। পিপ্পলীচূর্ণসংযুক্তং কণ্ঠহৃদ্গ্রহনাশনং ॥ ১৩২ ॥

(র) এস্থলে পঞ্চমূলী শব্দে লঘুপঞ্চমূলই বুঝিতে হইবে। কিন্তু কেহ কেহ কফপ্রধান সান্নিপাতিকে বৃহৎ পঞ্চমূলও ব্যবহার করিয়া থাকেন।

দশমূলস্য উক্তত্বাদুক্তব্যাখ্যাব্যবস্থয়োরাহ পঞ্চমূলদ্বয়মাহ বিল্বেত্যাদি।—মহাতরুসম্ভবত্বাৎ বিল্বাদি-পঞ্চমূলস্য মহত্ত্বং অল্পতরুসম্ভবত্বাত শালপর্ণ্যাদীনামল্পত্বং জ্ঞেয়ম্। সুশ্রুতে তু গোক্ষুরস্থানে এরণ্ডমূলং পঠ্যতে, চরকে তু গোক্ষুর কাত। তেন সুশ্রুতপ্রয়োগেষু এরণ্ডমূলেন, চরকাদিপ্রয়োগেষ গোক্ষুরেণৈব ব্যবহার ইতি। শালিহোত্রাদাবপেরণ্ডমূলেনৈবেতি॥ ১৩২॥

বৃহৎপঞ্চমূল ও লঘুপঞ্চমূল, ইহাদিগকে দশমূল কহে। বৃহৎপঞ্চমূল যথা—বেল, শ্যোণা, গামাইর, পারুল ও গণিয়ারী: ইহারা কফ ও বাত নাশক এবং অগ্নির উদ্দীপক (ল)। শালপাণি, চাকুলে, বৃহতী (ব্যাকুড়), গোক্ষুর ও কণ্টকারী; ইহাদিগকে লঘুপঞ্চমূল কহে। ইহারা বাত ও পিত্ত নাশক এবং শুক্র বর্দ্ধক। এই উভয় পঞ্চমূল মিলিত হইলেই দশমূল হয়। এই দশমূল সান্নিপাতিক জ্বরনাশক এবং শ্বাস, কাস, তন্দ্রা ও পার্শ্বশূল রোগে বিশেষ উপকারী। এই দশমূলের কাথে যথাপযুক্ত মাত্রায় পিপুলচূর্ণ প্রক্ষেপ দিয়া সেবন করিলে কণ্ঠ ও হৃদয়-বেদনা নিবারিত হইয়া থাকে॥ ১৩২॥

চতুর্দ্দশাঙ্গঃ—

চিরজ্বরে বাতকফোল্বণে বা ত্রিদোষজে বা দশমূলমিশ্রঃ। কিরাততিক্তাদিগণঃ প্রযোজ্যঃ শুদ্ধ্যর্থিনে বা ত্রিবৃতাবিমিশ্রঃ॥ ১৩৩॥

চিরজ্বর ইত্যাদি।—বাতকফোল্বণ ইত্যুভয়ত্রাপি সংবধ্যতে। শুদ্ধ্যর্থিনে বা ত্রিবৃতাবিমিশ্র ইতি

(ল) বিল্বপ্রভৃতি পঞ্চমূলকে বৃহৎ বা মহৎ পঞ্চমূল বলিবার কারণ এই, ইহারা মহাতরু হইতে সম্ভূত এবং শালপাণি প্রভৃতি পঞ্চমূলকে লঘু বা অল্পপঞ্চমূল বলিবার কারণ এই, ইহারা ক্ষুদ্র তরু হইতে সম্ভূত। এই লঘুপঞ্চমূলে যে গোক্ষুরের উল্লেখ আছে, সুশ্রুত তাহার পরিবর্ত্তে এরণ্ডমূলের ব্যবস্থা করেন, কিন্তু চরকের মতে গোক্ষুরই।

মলবিবন্ধে সতি শোধনার্থং ত্রিবৃচ্চূর্ণমিশ্রিতং চূর্ণমাষক-চতুষ্টয়ং প্রক্ষেপ ইত্যাহুঃ। ১৩৩।

পূর্ব্বোক্ত দশমূল এবং কিরাততিক্তাদিগণ অর্থাৎ চিরতা, শুঠ, মুথা ও গুলঞ্চ; ইহাদিগের কাথ যথানিয়মে অর্থাৎ কাথ্যদ্রব্য কুট্টিত মোট দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া কাথ গ্রহণ করিবে, এই চতুর্দ্দশ দ্রব্যের কাথ, বাতও কফপ্রধান বহুকালব্যাপী জ্বরে এবং বাত ও কফ প্রধান সান্নিপাতিক জ্বরে ব্যবহার্য্য। রোগীর উদরে মলবদ্ধ থাকিলে কোষ্ঠ-শুদ্ধির জন্য এই কাথে উপযুক্ত পরিমাণে অর্থাৎ তিন বা চারি মাষক মাত্রায় তেউড়ীচূর্ণ প্রক্ষেপ দিয়া সেবন করিবে (শ)॥ ১৩৩॥

বাতশ্লেষ্মহরোঽষ্টাদশাঙ্গঃ—

দশমূলী শটী শৃঙ্গী পৌষ্করং সদুরালভম্। ভার্গী কুটজবীজঞ্চ পটোলং কটুরোহিণী॥ অষ্টাদশাঙ্গ ইত্যেষ সন্নিপাতজ্বরাপহঃ। কাসহৃদ্‌গ্রহপার্শ্বার্ত্তিশ্বাসহিক্কাবমীহরঃ॥ ১৩৪॥

দশমূলীত্যাদি স্পষ্টম্॥ ১৩৪॥

পূর্ব্বোক্ত দশমূল, বনআদা (শটী), কাঁকড়াশৃঙ্গী, পুষ্করমূল (অভাবে কুড়), দুরালভা, বামনহাটী, ইন্দ্রযব, পলতা এবং কটকী; যথাবিহিত নিয়মানুসারে ইহাদিগের কাথ প্রস্তুত করতঃ অর্থাৎ সমুদয় দ্রব্য দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া লইবে। এই কাথ সেবনে

(শ) তেউড়ীচূর্ণের বিশেষ কোন মাত্রা এস্থলে বলেন নাই, সুতরাং প্রক্ষেপের পূর্ব্ব নিয়মিত মাত্রাই এস্থলে ব্যবহার হইতে পারে। কিন্তু টীকাকার ও অন্যান্য আয়ুর্ব্বেদকারেরা কহেন, তিন বা চারি মাষা তেউড়ীচূর্ণের প্রক্ষেপ দিতে হইবে।

সান্নিপাতজ্বর, কাস, হৃদয় ও পার্শ্ববেদনা, শ্বাস, হিক্কা ও বমি প্রশমিত হয় ॥ ১৩৪॥

পিত্তশ্লেষ্মহরোঽষ্টাদশাঙ্গঃ—

ভূনিম্বদারুদশমূলমহৌষধাব্দতিক্তেন্দ্রবীজধনিকেভকণাকষায়ঃ। তন্দ্রীপ্রলাপকসনারুচিদাহমোহশ্বাসাদিযুক্তমখিলং জ্বরমাশুহন্তি ॥ ১৩৫ ॥

ভূনিম্বেত্যাদৌ ইন্দ্রবীজং ইন্দ্রযবঃ ॥ ১৩৫ ॥

চিরতা, দেবদারু, পূর্ব্বোক্ত দশমূল, শুঁঠ, কট্‌কী, মুথা, ইন্দ্রযব, ধনে ও গজপিপ্পলী। ইহাদের ক্বাথ ও পূর্ব্বোক্তরূপে প্রস্তুত করিয়া লইবে। এই পিত্তশ্লেষ্মহর-অষ্টাদশাঙ্গের ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে, তন্দ্রা, প্রলাপ, কাস, অরুচি, দাহ, মোহও শ্বাসাদিযুক্ত সর্ব্বপ্রকার সান্নিপাতিকজ্বর শীঘ্র বিনষ্ট হয় ॥ ১৩৫ ॥

মুস্তাদ্যগণঃ—

মুস্তপর্পটকোশীরদেবদারুমহৌষধম্। ত্রিফলাধন্বযাসঞ্চ নীলী কম্পিল্লকং ত্রিবৃৎ। কিরাততিক্তকং পাঠা বলা কটুকরোহিণী। মধুকং পিপ্পলীমূলং মুস্তাদ্যো গণ উচ্যতে॥ অষ্টাদশাঙ্গমুদিতমেতদ্বা সন্নিপাতনুৎ। পিত্তোত্তরে সন্নিপাতে হিতঞ্চোক্তং মনীষিভিঃ। মন্যাস্তম্ভে উরোঘাতে উরঃপার্শ্বে শিরোগ্রহে ॥ ১৩৬ ॥

মুস্তেত্যাদৌ—নীলী—নীলবুহ্নী; কম্পিল্লকঃ গুণ্ডারোচনী। বলাস্থানে বচেতি ন পাঠঃ, আয়ুর্ব্বেদমারাভাবাৎ ... পাঠাৎ ॥ ১৩৬ ॥

মুথা, ক্ষেৎপাপড়া, বেণারমূল (বীরণমূল), দেবদারু, শুঁঠ, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), দুরালভা, নীলবুহ্না, কম্পিল্লক (গুণ্ডারোচনী বা কমলাগুড়ী), তেউড়ী, চিরতা, আকনাদি (আকান্দি বা আকনদ), বেড়েলা, কট্‌কী, যষ্টিমধু ও পিপুলমূল; ইহাদিগকে মুস্তাদিগণ বলা যায়।

ইহার নামান্তর অষ্টাদশাঙ্গ। মুস্তাদ্যগণ, সান্নিপাতিকজ্বর নাশক ও পিত্তপ্রধান সান্নিপাতিক জ্বরে বিশেষ হিতকর। মন্যাস্তম্ভ, উরোঘাত এবং বক্ষঃস্থল পার্শ্ব ও শিরোবেদনা, এই সকল নিবারক ॥ ১৩৬ ॥

শট্যাদিগণঃ—

শটী পুষ্করমূলঞ্চ ব্যাঘ্রী শৃঙ্গী দুরালভা। গুড়ূচী নাগরং পাঠা কিরাতং কটুরোহিণী ॥ এষ শট্যাদিকো বর্গঃ সন্নিপাতজ্বরাপহঃ। কাসহৃদ্‌গ্রহপার্শ্বার্ত্তিশ্বাসে তন্দ্র্যাঞ্চ শস্যতে ॥ ১৩৭ ॥

শট্যাদৌ—কিরাতস্থানে কেচিৎ পটোলং পঠন্তি, তন্নহি ... ... পাঠাদিতি ॥ ১৩৭ ॥

বনআদা (শটী), পুষ্করমূল (অভাবে কুড় ব্যবহার হয়), ব্যাকুড়, কাঁকড়াশৃঙ্গী, দুরালভা, গুলঞ্চ, শুঁঠ, আকনাদি, চিরতা, কট্‌কী; এই সকল দ্রব্যকে শট্যাদিগণ কহে। এই সকল দ্রব্যের যথানিয়মে প্রস্তুত ক্বাথ সেবনে সন্নিপাতজ্বর বিনষ্ট হয়, এবং ইহা কাস, হৃদয় ও পার্শ্ববেদনা, শ্বাস ও তন্দ্রা (নিদ্রাবৎক্লান্তি), রোগে বিশেষ হিতকারী ॥ ১৩৭ ॥

বৃহত্যাদিগণঃ—

বৃহত্যৌ পুষ্করং ভার্গী শটী শৃঙ্গী দুরালভা। বৎসকস্য চ বীজানি পটোলং কটুরোহিণী ॥ বৃহত্যাদিগণঃ প্রোক্তঃ সন্নিপাতজ্বরাপহঃ। কাসাদিষু চ সর্ব্বেষু দেয়ঃ সোপদ্রবেষু চ ॥ ১৩৮ ॥

বৃহত্যাদিমিত্যাদৌ কাসাদিমিত্যত্র আদিশব্দ গ্রহণাৎ শট্যাদ্যুক্তকফগ্রহাদীনাং গ্রহণম্। চরকে২পি শট্যাদ্যনন্তরমদা যোগস্য পাঠাৎ ॥ ১৩৮॥

ব্যাকুড় ও কন্টকারী, পুষ্করমূল (অভাবে কুড়), বামনহাটী, বনআদা (শটী), কাকড়াশৃঙ্গী, দুরালভা, ইন্দ্রযব, পলতা ও কট্কী ; এই সকল দ্রব্যের যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিয়া লইবে। ইহাদিগকে বৃহত্যাদিগণ বলে, ইহার ক্বাথ সেবনে সন্নিপাতজ্বর বিনষ্ট হয় এবং কাসাদি অর্থাৎ কাস, হৃদয় ও পার্শ্ববেদনা, শ্বাস ও তন্দ্রা ; এই সকল উপদ্রবেরও শান্তি হয় ॥১৩৮॥

ভার্গীং পুষ্করমূলঞ্চ রাস্নাং বিল্বং যমানিকাম্। নাগরং দশমূলঞ্চ পিপ্পলীং চাপ্সু সাধয়েৎ ॥ সন্নিপাতজ্বরে দেয়ং হৃৎপার্শ্বানাহশূলিনাম্। কাসশ্বাসাগ্নিমন্দত্বং তন্দ্রীঞ্চ বিনিবর্ত্তয়েৎ ॥ ১৩৯ ॥

ভার্গীমিত্যাদি।—ভেলস্য। বিল্বং বিল্বমূলং, যৌগিকমহত্ত্বকত্বাৎ। দশমূলঞ্চেতি পাঠপক্ষে২পি ভাগদ্বয়ং তস্য গ্রাহ্যং, কিন্তু ভেলে "নাগরঞ্চ মৃণালঞ্চ পিপ্পলী চ" ইতি পাঠো দৃশ্যতে। এবং চক্রটে২পি, অতএকভাগস্তস্যেতি যুক্তম্ ॥ ১৩৯ ॥

বামনহাটী (ব্রহ্মযষ্টি), পুষ্করমূল (অভাবে কুড়), রাস্না, বিল্বমূল, যোয়ান, শুঁঠ, পূর্ব্বোক্ত দশমূল ও পিপুল ; এই সকল দ্রব্যের যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিবে। সন্নিপাতজ্বরে যাঁহাদের হৃদয় ও পার্শ্বদেশে আনাহশূল অর্থাৎ বন্ধনবৎ পীড়া উপস্থিত হয়, তাহাদিগের পক্ষে এই ক্বাথ সেবনীয়। ইহার দ্বারা কাস, শ্বাস, অগ্নিমান্দ্য ও তন্দ্রা (নিদ্রাতুল্য ক্লান্তি), নিবারিত হয় ॥১৩৯॥

দ্বিপঞ্চমূলীবত্ত্ব শুণ্ঠী-বিশ্বগুণ্ঠন্যুবীঘযম্। কফবাতজ্বরে ক্বাথঃ সন্নিপাতজ্বরে পরঃ ॥

দ্বিপঞ্চমূলীত্যাদৌ—দ্বিপঞ্চমূলীদশমূলী, বচ উগ্রা বচা ; শুণ্ঠীমুস্তঃ কালাদ্যনুসারেণ ভেদাৎ রক্তশ্বেতপুষ্পভেদাঃ ॥ ১৪০ ॥

দশমূল, বচ, শুঁঠ এবং কালাগড় এ কুড়করাতি। ইহাদের যথানিয়মে প্রস্তুত ক্বাথ সেবনে সন্নিপাত বিনষ্ট হয় এবং উক্ত ক্বাথ কফ ও বাতজ্বরেও প্রশস্ত ॥ ১৪০ ॥

অভিন্যাসজ্বর চিকিৎসামাহ।

কারবীপুষ্করৈরণ্ডত্রায়ন্তীনাগরামৃতাঃ। দশমূলীশটীশৃঙ্গীযাসভার্গীপুনর্নবাঃ। তুল্যা মূত্রেণ নিঃক্বাথ্য পীতাঃ স্রোতোবিশোধনাঃ। অভিন্যাসজ্বরং ঘোরমাশু ঘ্নন্তি সমুদ্ধতম্ ॥ ১৪১ ॥

সন্নিপাতজ্বরভেদস্যাভিন্যাসস্য চিকিৎসামাহ কারবীত্যাদি।—কারবী কৃষ্ণজীরকঃ ; ত্রায়ন্তী ত্রায়মাণা ; মূত্রেণ গোমূত্রেণ ॥ ১৪১ ॥

কৃষ্ণজীরা, পুষ্করমূল (অভাবে কুড়), এরণ্ডমূল, বালা, শুঁঠ, গুলঞ্চ, পূর্ব্বোক্ত দশমূল, বনআদা (শটী), কাকড়াশৃঙ্গী, দুরালভা, বামনহাটী (ব্রহ্মযষ্টি) এবং পুনর্নবা। এই সকল দ্রব্য সমভাগে লইয়া গোমূত্রদ্বারা যথাবিহিত ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিবে। ইহারদ্বারা স্রোতবিশোধিত হয় এবং অতিঘোর উৎকট অভিন্যাসজ্বর শীঘ্র বিনষ্ট হয় (ঘ) ॥ ১৪১ ॥

মাতুলুঙ্গাশ্মভিদ্বিল্বব্যাঘ্রীপাঠোরুবূকজঃ। ক্বাথো লবণমূত্রাঢ্যোঽভিন্যাসানাহশূলনুৎ ॥ ১৪২ ॥

মাতুলুঙ্গেত্যাদৌ।—অশ্মভিৎ পাষাণভেদী ; বিল্বস্য মূলং ; লবণং সৈন্ধবং ; মূত্রং গোমূত্রম্। গোমূত্রসৈন্ধবে প্রক্ষিপ্য ক্বাথঃ পেয়ঃ ; যুক্তত্বাদ্যো-

(ঘ) অভিন্যাসজ্বরের লক্ষণ পূর্ব্বেই বলিয়াছেন। 'জতোকা' নামক ইহারও ক্বাথা... আদ্য

শঙ্খনাৎ গোমূত্রেণ ক্বাথঃ প্রক্ষেপঞ্চ লবণমিত্যেকে ॥ ১৪২ ॥

টাবালেবু (ছোলঙ্গলেবু এবং কেহ কেহ ইহাকে গোড়ালেবুও বলিয়া থাকেন), পাষাণভেদী (বৃক্ষ বিশেষ), বিল্বমূল, কণ্টকারী আকনাদি এবং এরণ্ডমূল; এই সকল দ্রব্যের যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া ইহাতে সৈন্ধবলবণ ও গোমূত্র প্রক্ষেপ করতঃ সেবন করিবে। ইহদ্বারা ঘোরতর অভিন্যাসজ্বর, অনাহ অর্থাৎ মলমূত্র রোধক পীড়াবিশেষ ও শূলরোগ বিনষ্ট হয় ॥ ১৪২ ॥

নিদ্রোপেতমভিন্যাসং ক্ষীণং বিদ্যাদ্ধতৌজসম্ ॥ ১৪৩ ॥

ক্রমিনিশ্চয়ে অভিন্যাসলক্ষণস্য অনুক্তত্বাৎ তল্লক্ষণমিহৈবাহ নিদ্রোপেতমিত্যাদি।—সন্নিপাতজ্বরমেব নিদ্রোপেতমভিন্যাসং বিদ্যাৎ। ক্ষীণং বিদ্যাদ্ধতৌজসমিতি ক্ষীণমিতি ক্ষীণধাতুগতম্। অভিন্যাসজ্বরমেবং সন্নিপাতজ্বরমেব ক্ষীণধাতুগতং হতৌজসং বিদ্যাৎ। উক্তং সুশ্রুতে "অভিন্যাসন্তু তং প্রাহু হঁতৌজসমথাপরে। সন্নিপাতজ্বরং কৃচ্ছ্রমসাধ্যমপরে জগুঃ" ইতি ॥ ১৪৩ ॥

অভিন্যাস জ্বর সান্নিপাতিক জ্বরেরই প্রভেদ মাত্র। সুতরাং ইহাও ত্রিদোষ (বাত, পিত্ত ও কফ) হইতেই জন্মে এবং লক্ষণাদিপ্রায় একই হইয়া থাকে। তবে প্রভেদ এই যে, এই জ্বরে রোগী সর্ব্বদাই নিদ্রিত থাকে। অপর যদি এই অভিন্যাস এবং সন্নিপাত জ্বর ক্ষীণ ধাতুকে অবলম্বন করে, তাহা হইলে এই দ্বিবিধ জ্বরকেই "হতৌজা" জ্বর (স) বলা যায় ॥ ১৪৩ ॥

কণ্ঠরোধককফশ্বাসহিক্কাসংন্যাসপীড়িতঃ। মাতুলুঙ্গার্দ্রকরসং দশমূলাম্বুনা পিবেৎ ॥ ১৪৪ ॥

কণ্ঠরোধেত্যাদৌ দশমূলক্বাথমেব মাতুলুঙ্গার্দ্রকরসে প্রক্ষিপ্য পিবেদিত্যর্থঃ ॥ ১৪৪ ॥

যে রোগী কণ্ঠরোধ, কফ, শ্বাস, হিক্কা বা সংন্যাস রোগে পীড়িত হয়, তাহার পক্ষে দশমূলের ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে টাবালেবু ও আদার রস প্রক্ষেপ দিয়া পান করা কর্ত্তব্য (হ) ॥ ১৪৪ ॥

ব্যোষাব্দত্রিফলাতিক্ত-পটোলারিষ্টবাসকৈঃ। সভূনিম্বামৃতাযাসৈ-স্ত্রিদোষজ্বরনুজ্জলম্ ॥ ১৪৫ ॥

ব্যোষেত্যাদৌ অরিষ্টো নিম্বঃ, তস্য ত্বক; জলং ক্বাথঃ ॥ ১৪৫ ॥

শুঁঠ, পিঁপুল ও মরিচ, মুথা, ত্রিফলা (অর্থাৎ হরীতকী, আমলকী ও বহেড়া), কট্‌কী, পল্‌তা, নিমছাল, বাসক (বাকস), চিরতা, গুলঞ্চ এবং দুরালভা; এই সকল দ্রব্যের ক্বাথ যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত করিয়া পান করিলে ত্রিদোষ (বাতজনিত, পিত্তজনিত ও শ্লেষ্মজনিত) জ্বর বিনষ্ট হয় ॥ ১৪৫ ॥

ত্রিবৃদ্বিশালাত্রিফলাকটুকারগ্বধৈঃ কৃতঃ। সক্ষারো ভেদনঃ ক্বাথঃ পেয়ঃ সর্ব্বজ্বরাপহঃ ॥ ১৪৬ ॥

ত্রিবৃদিত্যাদৌ বিশালা গোরক্ষকর্কটী; যবক্ষারঃ প্রক্ষিপ্যঃ ॥ ১৪৬ ॥

তেউড়ী, গোরক্ষকর্কটী (গোরক্ চাকুলে), ত্রিফলা (অর্থাৎ হরীতকী, আমলকী ও বহেড়া), কট্‌কী ও শোঁদাল (সোণালু)। এই সকল দ্রব্যের যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে

(স) সুশ্রুতে কথিত আছে :—

"অভিন্যাসন্তু তং প্রাহু হঁতৌজসমথাপরে।
সন্নিপাতজ্বরং কৃচ্ছ্রং অসাধ্যমপরে জগুঃ ॥"

সন্নিপাতজ্বরের প্রকারভেদকে কেহ কেহ অভিন্যাসজ্বর, কেহ কেহ হতৌজা জ্বর কহে। ইহা কষ্টসাধ্য; কেহ কেহ ইহাকে অসাধ্য রোগও বলিয়া থাকেন।

(হ) বিল্বশোনাক গাম্ভারী পাটলা গণিকারিকা। শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতীদ্বয় গোক্ষুরম্। ইহাদিগকে দশমূল বলা যায়।

যবক্ষার (ক) প্রক্ষেপ পূর্ব্বক পান করিলে ভেদ হয়, এবং সর্ব্বপ্রকার জ্বর (অর্থাৎ বাতজ, পিত্তজ, কফজ, দ্বন্দ্বজ, আগন্তুজ, সান্নিপাতজ প্রভৃতি জ্বর) বিনষ্ট হয়॥ ১৪৬॥

স্বেদোদ্গমে জ্বরে দেয়শ্চূর্ণো ভৃষ্ট-কুলত্থজঃ। ঘর্ষেজ্জিহ্বাং জড়াং সিন্ধুত্র্যূষণৈঃ সাম্লবেতসৈঃ। উচ্ছূনাং স্ফুটিতাং জিহ্বাং দ্রাক্ষয়া মধুপিষ্টয়া। লেপয়েৎ সঘৃতশ্লাঘ্যং সন্নিপাতাত্মকে জ্বরে॥ ১৪৭॥

স্বেদোদ্গমইত্যাদি সন্নিপাতাত্মকেজ্বরইত্যন্তং স্পষ্টম্॥ ১৪৭॥

জ্বররোগে রোগীর ঘর্ম্ম হইলে, সেই ঘর্ম্ম অবরোধের জন্য কুলথকলাই ভাজিয়া তাহার চূর্ণ অঙ্গে মালিস করা কর্ত্তব্য (ক)। জিহ্বার জড়তা থাকিলে তাহার নিবারণার্থ অম্লবেতস অর্থাৎ থইকুলের সহিত সৈন্ধবলবণ শুঁঠ, পিপুল ও মরিচ, একত্র বাটিয়া উপযুক্ত পরিমাণে জিহ্বায় ঘর্ষণ করিবে।

সান্নিপাতিক জ্বরে রোগীর জিহ্বা রসহীন হইলে ও স্ফুটিত (ফাটিয়া যাওয়া) হইলে, দ্রাক্ষা (কিস্মিস্) মধুদ্বারা পেষণ করিয়া, ঘৃত সংযোগে মুখে ও জিহ্বায় লেপন করিবে॥ ১৪৭॥

কাকজঙ্ঘাজটা নিদ্রাং জনয়েচ্ছিরসি স্থিতা॥ ১৪৮॥

কাকজঙ্ঘা ইত্যাদৌ—জটা মূলম্॥ ১৪৮॥

যদি রোগী অনিদ্রাবস্থায় থাকে, অর্থাৎ নিদ্রা না হইলে নিদ্রাকর্ষণার্থ কাকজঙ্ঘার (কেউয়া ঠেঙ্গার) মূল মস্তকোপরি ধারণ করিবে। ইহাদ্বারা রোগী অবশ্যই নিদ্রিত হইয়া থাকে॥ ১৪৮॥

সন্নিপাতে প্রকম্পন্তং প্রলপন্তং ন বৃংহয়েৎ। তৃষ্ণাদাহাভিভূতেঽপি ন দদ্যাচ্ছীতলং জলম্॥ ১৪৯॥

সন্নিপাতইত্যাদি স্পষ্টম্॥ ১৪৯॥

এস্থলে একটী ব্যবস্থা জ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক এই যে, সান্নিপাতিকজ্বরে যে রোগী সর্ব্বদা প্রলাপ বাক্য প্রয়োগ করে ও কম্পিত হয়, তাহার পক্ষে বৃংহণ ক্রিয়া (অর্থাৎ সন্তর্পণ ক্রিয়া) নিষিদ্ধ। অপিচ অত্যন্ত পিপাসা ও গাত্রদাহ থাকিলেও শীতল জল নিষিদ্ধ॥ ১৪৯॥

সন্নিপাতজ্বরস্যান্তে কর্ণমূলে সুদারুণঃ। শোথঃ সংজায়তে তেন কশ্চিদেব প্রমুচ্যতে। রক্তাবসেচনৈঃ পূর্ব্বং সর্পিঃ পানৈশ্চ তং জয়েৎ। প্রদেহৈঃ কফপিত্তঘ্নৈর্বমনৈঃ কবলগ্রহৈঃ। গৈরিকং পাংশুজং শুণ্ঠীবচাকটুককাঞ্জিকৈঃ। কর্ণশোথহরো লেপঃ সন্নিপাতজ্বরে ভৃশম্॥ ১৫০॥

সন্নিপাতজ্বরস্যান্তে শেষে, সন্নিপাতজ্বরে না গতে ইত্যর্থঃ। রক্তাবসেচনৈরিতি বহুবচনাৎ রক্তাবসেচনং নৈরন্তর্য্যেণ বোধ্যম্। জতূকর্ণে "শঙ্খস্রুক্কস্য মোক্ষণম্" ইত্যুক্তত্বাৎ। সর্পিরত্র পঞ্চতিক্ত-ত্রিফলাঘৃতাদি। চকারাৎ বাতকফঘ্নলেহোঽপি বোধ্যঃ॥ যদুক্তং তত্রৈব "লেহাশ্চ কফবাতঘ্নাঃ কার্য্যাঃ সকবড়গ্রহাঃ। ত্রিফলাঘৃতপানং বা বলং জ্ঞাত্বা সমাচরেৎ" ইতি॥ ১৫০॥

যদি সান্নিপাতিকজ্বরের অবসানে রোগীর কর্ণমূলে অতিভয়ানক শোথ জন্মে, তাহা হইলে, তাহার মুক্তিলাভ নিতান্ত

(ক) এস্থলে ক্ষার শব্দে যবক্ষার বুঝাইবে। এবং যবতৃণ-ভস্মজাত ক্ষারকে যবক্ষার কহে।

(ক) এস্থলে সেবন অর্থে গাত্রে মালিস করা বুঝিতে হইবে। আমাদিগের দেশে শুঁঠের গুঁড়া দ্বারা মালিস করিবার যে প্রথা আছে, তাহা কি ইংরাজী চিকিৎসার অনুকরণে অথবা বাঙ্গালী চিকিৎসার অনুকরণে এই বিষয় লইয়া অনেক মতভেদ আছে, তবে আমরা এই কথা বলিতে পারি যে, কাপ অথবা শুঁঠ ইংরাজী চিকিৎসার বিষয়ীভূত নহে।

করিবে (খ)। এরূপ স্থলে ঐ শোথ স্থান হইতে পুনঃ পুনঃ রক্তমোক্ষণ আবশ্যক। অপিচ রোগীকে গব্যঘৃত ও ত্রিফলা প্রভৃতি যুক্ত পান করাইবে, এবং কফ পিত্তনাশক প্রলেপদ্বারা শোথের শমন করিবে এবং কফপিত্ত নাশক ঔষধদ্বারা বমন ও কবল করাইবে।

পূর্ব্ব শ্লোকে কফপিত্তনাশক যে প্রলেপের উল্লেখ করা হইয়াছে, এস্থলে তাহারই বিবরণ কহিতেছেন;—

গৈরিক (গেরিমৃত্তিকা অথবা গেরিমাটী), পাংশুলবণ (পাঙ্গালোন), শুঁঠ, বচ, রাইশর্ষপ ও কাঁজী; এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া কর্ণমূলে প্রলেপ দিল সান্নিপাতজ্বরে কর্ণের ফুলা বিনষ্ট হয় ॥১৫০॥

কুলত্থকট্ফলে শুণ্ঠী কারবী চ সমাংশিকৈঃ। সুখোষ্ণৈর্লেপনং কার্য্যং কর্ণমূলে মুহুর্মুহুঃ ॥ ১৫১ ॥

কুলত্থেতি স্পষ্টং, দশমূলেনাপি সুখোষ্ণেনাত্র লেপমুপদিশন্তি ॥ ১৫১ ॥

কুলত্থকলায়, কট্ফল (কায়ফল), শুঁঠ ও কৃষ্ণজিরা, সমভাগে একত্র পেষণ করতঃ ঈষৎ উষ্ণ করিয়া কর্ণমূলে বারম্বার প্রলেপ দিলে সান্নিপাতিকজ্বরে কর্ণমূলের শোথ বিনষ্ট হয় ॥ ১৫১ ॥

জীর্ণজ্বর চিকিৎসামাহ।

নিদিগ্ধিকাদিঃ—

নিদিগ্ধিকানাগরকামৃতানাং ক্বাথং পিবেন্মিশ্রিতপিপ্পলীকম্। জীর্ণজ্বরারোচক-কাসশূল-শ্বাসাগ্নিমান্দ্যার্দ্দিত-পীনসেষু। হন্তুং নিদানং প্রায়ঃ সায়ন্তেনোপযুজ্যতে ॥ ১৫২ ॥

জীর্ণজ্বরচিকিৎসামাহ নিদিগ্ধিকেত্যাদি।—নিদিগ্ধিকা কণ্টকারী, বাতকফে ক্রিয়তে; পিত্তানুবন্ধে পিপ্পলীং ত্যক্ত্বা মধু প্রক্ষিপন্তি বৃদ্ধাঃ। পিপ্পলীচূর্ণস্য মাষকদ্বয়ং প্রক্ষেপাং প্রচারাদিতি কশ্চিৎ। পুরাণপ্রতিশ্যায়েঽপ্যয়ং যোগো দৃষ্টফলঃ। অস্যৈব যোগস্য যোগপত্তিকং বৈদ্যব্যবহারসিদ্ধমুপযোগকালমাহ হন্তুমিত্যাদি।—কিন্তু বিষ্ণুসারে প্রাতঃসময়োঽপ্যুক্তঃ। যথা "শ্বাসকাসবিনাশায় মন্দাগ্নের্দীপনায় চ। অরুচেশ্চ নিবৃত্ত্যর্থং প্রাতরুত্থায় তং পিবেৎ" ইতি। তথা বৃন্দোঽপ্যাহ "তচ্চ রাত্রিজ্বরে সায়-মন্যত্র প্রাতরিষ্যতে" ইতি ॥ ১৫২ ॥

নিদিগ্ধিকা (কন্টকারী), শুঁঠ ও গুলঞ্চ; এই সমস্ত দ্রব্যের যথানিয়মে অর্থাৎ কুট্টিত ক্বাথ্য দ্রব্য দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট অর্দ্ধ পোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া ক্বাথ গ্রহণ করিবে। ইহাতে পিপুলের গুঁড়া প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা পুরাতন জ্বর, অরুচি কাস, শূল, শ্বাস, অগ্নিমান্দ্য, অর্দ্দিত (বায়ুরোগবিশেষ) ও পীনসরোগ বিনষ্ট হয়। ইহা সন্ধ্যাকালে সেবন করাই বিধেয় (গ) ॥ ১৫২ ॥

(খ) অতুর্ব্বাত্র শোথশ্চ শ্বাসকাস প্রলাপনং। স্বেদ কণ্ঠ গ্রহস্তাপ মোহশ্চ ভ্রম এবচ। কর্ণকে সান্নিপাতে তু লক্ষণানি ভবন্তি হি। কর্ণিক সান্নিপাতে কণ্ঠে শোথ এবং শ্বাস, কাস, প্রলাপ, ঘর্ম্ম, কণ্ঠগ্রহ, জ্বালা, মোহ ও ভ্রম ইত্যাদি লক্ষণ উপস্থিত হইয়া থাকে।

(গ) এস্থলে কেহ কেহ, পিত্তপ্রধান রোগে পিপুলের পরিবর্ত্তে মধুর প্রক্ষেপ দিবার বিধি দিয়া গিয়াছেন। কেহ কেহ বলেন, পিপুলচূর্ণ দুইমাষা প্রক্ষেপ দিবে। চক্রদত্ত এই ঔষধ সায়ংকালে সেবন করিবার বিধি দিয়াছেন, কিন্তু বিষ্ণুসার গ্রন্থে প্রাতঃকালেও সেবনের বিধি দেখা যায়। যথা—

"শ্বাসকাস বিনাশায় মন্দাগ্নের্দীপনায় চ।
অরুচেশ্চ নিবৃত্ত্যর্থং প্রাতরুত্থায় তং পিবেৎ ॥"

শ্বাস, কাস বিনাশের জন্য ও মন্দাগ্নির উদ্দীপনের জন্য এবং অরুচিনাশার্থ প্রাতঃকালে উঠিয়া তাহা পান করিবে। বৃন্দও কহিয়াছেন;—

"তচ্চ রাত্রি জ্বরে সায়মন্যত্র প্রাতরিষ্যতে ॥"

রাত্রিজ্বরে সন্ধ্যাকালে সেবন করিবে, অন্যত্র প্রাতঃকালে সেবন করিবে।

পিপ্পলীচূর্ণসংযুক্তঃ ক্বাথশ্ছিন্নরুহোদ্ভবঃ। জীর্ণজ্বরকফধ্বংসী পঞ্চমূলীকৃতোঽথবা। কাসাজীর্ণারুচিশ্বাসহৃৎপাণ্ডুক্রিমিরোগনুৎ। জীর্ণজ্বরেঽগ্নিমান্দ্যে চ শস্যতে গুড়পিপ্পলী॥১৫৩॥

পিপ্পলীত্যাদৌ ছিন্নরুহা গুড়ূচী ; পঞ্চমূলী চ মহতী। যোগদ্বয়েঽপি পিপ্পলীচূর্ণ প্রক্ষেপঃ। পিত্তানুবন্ধে মধু উপদিশন্তি বৃদ্ধাঃ। ইদঞ্চ যোগদ্বয়ং প্রায়ঃ দিবসমুপযুজ্যতে। কাসেত্যাদৌ গুড়পিপ্পল্যোঃ প্রত্যেকং মাষকত্রয়েণ ব্যবহরন্তি বৃদ্ধাঃ॥ ১৫৩॥

গুলঞ্চের ক্বাথ, অথবা বৃহৎপঞ্চমূলের ক্বাথে পিপ্পলীচূর্ণ প্রক্ষেপ দিয়া সেবন করিলে পুরাতনজ্বর ও কফ নিবৃত্তি হইয়া থাকে। এবং কাস, অজীর্ণ, অরুচি, হৃদ্রোগ, পাণ্ডু ও ক্রিমিরোগ এবং জীর্ণজ্বর ও অগ্নিমান্দ্য নিবারণের জন্য (ঘ) পিপুলচূর্ণের সহিত পুরাতন গুড় অতীব প্রশস্ত। বিল্বছাল, শ্যোণাছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল এবং পারুলছাল ; ইহাদিগকে বৃহৎ পঞ্চমূল বলা যায়॥ ১৫৩॥

বিষমজ্বর চিকিৎসামাহ। (ঙ)

কলিঙ্গকাঃ পটোলস্য পত্রং কটুরোহিণী। পটোলং সারিবা মুস্তং পাঠা কটুরোহিণী। নিম্বং পটোলং ত্রিফলা মৃদ্বীকা মুস্ত-বৎসকৌ। কিরাততিক্তমমৃতা চন্দনং বিশ্বভেষজম্। গুড়ূচ্যামলকং মুস্তমর্দ্ধশ্লোকসমাপনাঃ। কষায়াঃ শময়ন্ত্যাশু পঞ্চ পঞ্চবিধান্ জ্বরান্। সন্ততং সততান্যেদ্যুস্তৃতীয়ক চতুর্থকান্॥ ১৫৪॥

বিষমজ্বরচিকিৎসামাহ কলিঙ্গকা ইত্যাদি।—বাক্তৈল্য। এতে পঞ্চযোগাঃ পঞ্চসু সন্ততসততান্যেদ্যুষ্ক-তৃতীয়ক-চতুর্থকেষু যথাসংখ্যং জ্ঞেয়াঃ অন্যে তু সর্ব্বএব যোগাঃ সর্ব্বত্র ইত্যাহুঃ। তত্র যথাসংখ্যমেব যুক্তং, সততোল্লেখেন পটোলাদিযোগস্য, তথা নিম্বাদেশ্চান্যেদ্যুষ্কোল্লেখেন গুড়ূচ্যাদেশ্চ চতুর্থকোল্লেখেন ক্বাথপাঠো দৃষ্টত্বাৎ। সন্ততং সততান্যেদ্যুস্তৃতীয়কচতুর্থকানিতি পাঠস্তু বাভটে চরকে নাস্তি বৃন্দেঽপি নাস্তি তেনায়মর্দ্ধশ্লোকঃসংগ্রহে কেনাপি প্রমাদাৎ লিখিতঃ॥ ১৫৪॥

ইন্দ্রযব, পল্‌তা ও কট্‌কী ; এই সকল দ্রব্যের যথাবিহিত নিয়মে প্রস্তুত ক্বাথ সেবন করিলে সন্ততজ্বর বিনষ্ট হয়।

পল্‌তা, অনন্তমূল, মুথা, আকনাদি (আকনদ্ বা আকান্দি) ও কট্‌কী ; এই সকলের ক্বাথ সততজ্বর নাশক।

নিমছাল, পল্‌তা, হরীতকী আমলকী ও বহেড়া, দ্রাক্ষা, মুথা ও ইন্দ্রযব ; এই সকলের ক্বাথ অন্যেদ্যুষ্কজ্বর নাশক।

চিরতা, গুলঞ্চ, রক্তচন্দন ও শুঁঠ ; এই সকলের যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত ক্বাথ তৃতীয়ক জ্বরনাশক।

গুলঞ্চ, আমলকী ও মুথ ; এই সকলের যথা-নিয়মানুসারে প্রস্তুত ক্বাথ চাতুর্থক জ্বরনাশক।

এই পঞ্চবিধ ঔষধের ক্বাথ, যথাক্রমে সন্তত, সতত, অন্যেদ্যুষ্ক, তৃতীয়ক ও চাতুর্থক ; এই পঞ্চপ্রকার জ্বরকে শীঘ্র শান্তি করে॥ ১৫৪॥

গুড়ুচ্যাদ্যাং ত্রিফলাং পিষেদ্বা বিষমার্দ্দিতঃ। দীর্ঘপত্রককল্কাখ্যানেতং খদির সংযুতম্। তাম্বুলৈস্তদ্দিনে ভুক্তং

(ঘ) পিত্ত-প্রাধান্যে মধুর প্রক্ষেপ। ইহা প্রাচীনেরা উপদেশ দিয়া গিয়াছেন। ইহাও সন্ধ্যাকালে সেবন করা কর্ত্তব্য। প্রাচীনেরা গুড় ও পিপুলের মাত্রা তিন মাষা পরিমাণে ব্যবহার করিয়া গিয়াছেন।

(ঙ) এস্থলে যে পাঁচটি যোগের উল্লেখ করিতেছেন, তাহারা যথাক্রমে সন্ততজ্বরনাশক, সতত জ্বরনাশক, অন্যেদ্যুষ্কজ্বরনাশক, তৃতীয়কজ্বরনাশক ও চাতুর্থকজ্বরনাশক। কিন্তু এই কথাটি বাগ্‌ভট ও চরকে উল্লিখিত হয় নাই, এজন্য টীকাকার বলেন, এই অর্থ প্রতিপাদক বচনটি প্রমাদবশতঃ সন্নিবেশিত হইয়াছে।

প্রাতর্বিষমনাশনম্। গুড়ূচীমুস্তধা-
ত্রীণাং কষায়ং বা সমাক্ষিকম্ ॥১৫৫॥

গুড়প্রপাণ্ডাদ্রিত্যাদি।—সুশ্রুতস্য। ত্রিফলা-মিত্যত্র কথিতামিতি শেষইতি উহ্যণঃ। গুড়োঽত্র প্রক্ষেপ্যঃ। দীর্ঘপত্রকেত্যাদি।—কর্ণাগ্যঃ কাণা-খোড় ইতি খ্যাতঃ। তস্য বিশেষণং দীর্ঘপত্রেতি। মেত্রং মূলং, তদপি শুষ্কদেশজাতং প্রাক্রূপদি-শন্তি বৃদ্ধাঃ। গুড়ূচীত্যাদি। সুশ্রুতস্য। অয়ং যোগো যদ্যপি পূর্ব্বং চতুর্থকে পঠিতঃ, তথাপি মধুযোগাৎ বিষমজ্বরমাত্রহন্তৃত্বমপ্যস্যাবোধ্যম্। উক্তদত্ত যদ্যপি যোগোঽয়ং বিষমজ্বরে পঠিতঃ, তথাপি সমানতন্ত্রোক্তত্বাৎ বিষমজ্বরবিশেষে চতুর্থকএবায়ং বোধ্য ইত্যাহ ॥ ১৫৫ ॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া); এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণপূর্ব্বক যথানিয়মে ক্বাথ প্রস্তুত করতঃ ইহাতে গুড় প্রক্ষেপ দিয়া সেবন করিলে বিষমজ্বর বিনষ্ট হয়। পালাজ্বরের নিয়মিত দিবসে (যে দিবসে জ্বর হয়) প্রাতঃকালে খদিরের সহিত তাম্বুল দিয়া শুষ্ক ভূমিজাত ও দীর্ঘপত্রবিশিষ্ট কর্ণবৃক্ষের অর্থাৎ কানাখোড়া গাছের মূল (চ) সেবন করিলে বিষমজ্বর বিনষ্ট হয়। গুলঞ্চ, মুথা ও আমলকী; এই সকলেরও যথানিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করতঃ তাহাতে মধু প্রক্ষেপ করিয়া প্রাতঃকালে পান করিলেও বিষমজ্বর বিনষ্ট হয় (ছ) ॥১৫৫॥

মুস্তকাদিঃ—

মুস্তামলকগুড়ূচীবিশ্বৌষধকণ্টকারিক-
ক্বাথঃ। পীতঃ সকণাচূর্ণঃ সমধুর্বিষম-
জ্বরং হন্তি ॥ মহৌষধামৃতামুস্তচন্দনো-
শীরধান্যকৈঃ। ক্বাথস্তৃতীয়কং হন্তি
শর্করামধুযোজিতঃ ॥ বাসাধাত্রীস্থিরা-
দারুপথ্যানাগরসাধিতঃ। সিতামধু-
যুতঃ ক্বাথশ্চাতুর্থকনিবারণঃ। মধুনা
সর্ব্বজ্বরনুচ্ছেফালীদলজোরসঃ ॥১৫৬॥

মুস্তাদি-মহৌষধাদী স্পষ্টৌ। বাসাদৌ বাসা-স্থানে চক্রটে পাঠঃ পঠ্যতে: ব্যবহ্রিয়ন্তু বাকষৈদ। স্থিরা শালপর্ণী। পথ্যা হরীতকী, মধুনেত্যাদৌ সর্ব্বজ্বরনুৎ বিষমাবিষমজ্বরনুৎ ॥ ১৫৬ ॥

মুথা, আমলকী, গুলঞ্চ, শুঁঠ ও কণ্টকারী; এই সকল দ্রব্যের যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া ইহাতে পিপুলচূর্ণ ও মধু প্রক্ষেপ করিয়া সেবন করিলে বিষমজ্বর বিনষ্ট হয়। শুঁঠ, গুলঞ্চ, মুথা, রক্তচন্দন, বেণার মূল ও ধনে; ইহাদের ক্বাথ যথাবিধি প্রস্তুত করিয়া তাহাতে চিনি ও মধু প্রক্ষেপ দিয়া পান করিলে তৃতীয়ক জ্বর বিনষ্ট হয়। বাকস, আমলা, শালপানি, দেবদারু, হরীতকী ও শুঁঠ; ইহাদের পূর্ব্বোক্তরূপে ক্বাথ প্রস্তুত করিয়া চিনি ও মধু সংযোগে সেবন করিলে চাতুর্থক জ্বর বিনষ্ট হয়। সেফালী (সিউলী) পুষ্পের রসে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে বিষম ও অবিষম সর্ব্ব-প্রকার জ্বর নিবৃত্তি পায় ॥১৫৬॥

অজাজী গুড়সংযুক্তা বিষমজ্বরনা-
শিনী। অগ্নিসাদং জয়েৎ সম্যগ্বাত-
রোগাংশ্চ নাশয়েৎ ॥ ১৫৭ ॥

অজাজীত্যাদৌ—মনাগ্ ভৃষ্টং কৃষ্ণজীরকমিতি চক্রঃ। শিতজীরকমিত্যন্যে ॥ ১৫৭ ॥

কৃষ্ণজীরার (জ) সহিত গুড় মিশ্রিত করিয়া সেবন করিলে বিষমজ্বর ও অগ্নি-

(চ) প্রাচীনেরা কহেন, এই কাণাখোড়াবৃক্ষ শুষ্ক স্থানে জাত হওয়া আবশ্যক, অর্থাৎ শুষ্ক-ভূমি জাত কানাখোড়া গাছের মূল গ্রহণ করাই বিধেয়।

(ছ) এই মুষ্টিযোগের উল্লেখ পূর্ব্বে থাকিলেও এস্থলে, মধু প্রক্ষেপের জন্য গুণান্তরোৎপত্তির হেতুভূত বলিয়া উল্লিখিত হইল। অর্থাৎ মধু প্রক্ষেপের সহিত ইহা পান করিলে বিষমজ্বর বিনষ্ট হয়।

(জ) কৃষ্ণজীরা অল্প ভাজিয়া চূর্ণ করিতে হইবে। কেহ কেহ, অজাজী শব্দে কৃষ্ণজীরার স্থানে শ্বেতজীরা বলেন।

মান্দ্য বিনষ্ট হয়, এবং বাত রোগকেও সম্যক্‌রূপে দমন করে ॥ ১৫৭ ॥

রসোনকল্কং তিলতৈলমিশ্রং যোঽশ্নাতি নিত্যং বিষমজ্বরার্ত্তঃ। বিমুচ্যতে সোঽপ্যচিরাজ্জ্বরেণ বাতামযৈশ্চাপি সুঘোররূপৈঃ ॥ ১৫৮ ॥

রসোনকল্ক,মত্তাদি-ভক্তাৎ পূর্ব্বং কর্ত্তব্যং; যদাহ চরকঃ "রসোনস্য সতৈলস্য প্রাগ্‌ভক্তমুপসেবনম্" ইতি ॥ ১৫৮ ॥

রসোনের কল্ক, তিলতৈলের সহিত মিশ্রিত করিয়া উপযুক্ত পরিমাণে প্রতি দিবস আহারের পূর্ব্বে সেবন করিলে (ঋ) বিষমজ্বর পীড়িত রোগী শীঘ্রই জ্বর হইতে এবং বাত রোগী অতি ভয়ানক বাতরোগ হইতে মুক্তি লাভ করিতে পারে ॥ ১৫৮ ॥

প্রাতঃ প্রাতঃ সসর্পি র্বা রসোনমুপযোজয়েৎ। পিপ্পলীবর্দ্ধমানং বা পিবেৎ ক্ষীররসাশনঃ। ষট্‌পলং বা পিবেৎ সর্পিঃ পথ্যাং বা মধুনা লিহেৎ ॥ ১৫৯ ॥

প্রাতরিত্যাদি—পিপ্পলীত্যাদিযোগৌ সৌশ্রুতৌ। ষট্‌পলং সর্পিঃত্রৈব বক্ষ্যমাণম্ ॥ ১৫৯ ॥

রসোনের কল্ক ঘৃত সংযোগে প্রতি দিন প্রাতে উপযুক্ত মাত্রায় ভোজন করিলেও পূর্ব্বোক্ত পীড়া সকল বিনষ্ট হয় অথবা দুগ্ধ ও মাংস-রসাহারী হইয়া পিপ্পলী বর্দ্ধমান (ঞ) সেবন করিবে, ইহাদ্বারা বিষমজ্বর বিনষ্ট হয়। কিম্বা ষট্‌পল ঘৃত (ট) পান করিবে, বা মধু অনুপানে হরীতকী চূর্ণ লেহন করিবে। ইহাতেও পূর্ব্বোক্ত রোগ সমূহ নিবারিত হয়। ষট্‌পলঘৃত কিঞ্চিৎ অগ্রে বলা যাইবে ॥ ১৫৯ ॥

পয়স্তৈলং ঘৃতঞ্চৈব বিদারীক্ষুরসং মধু। সংমূর্চ্ছ্য পায়য়েদেতৎ বিষমজ্বরনাশনম্ ॥ ১৬০ ॥

(ঋ) ইহা আহারের পূর্ব্বে ভক্ষণ করাই কর্ত্তব্য। যথা চরকে;—

"রসোনস্য সতৈলস্য প্রাগ্‌ভক্তমুপসেবনম্।" সতৈল রসোন আহারের পূর্ব্বে ভোজন করাই কর্ত্তব্য।

(ঞ) "পিপ্পলী বর্দ্ধমান" অর্থাৎ প্রতিদিন পাঁচটী বা দশটী করিয়া বাড়াইয়া দুগ্ধ বা জল দিয়া নাড়িয়া পিপুল সেবন। প্রথম দশদিন পিপুলের মাত্রা বাড়াইবে, তাহার পর দশদিন বৃদ্ধির সংখ্যানুসারে কমাইবে। শার্ঙ্গধর ও ভাবমিশ্র পিপ্পলীর সংখ্যা কমাইয়া তিন, পাঁচ বা সাতটী পিপ্পলীর ব্যবস্থা করিয়াছেন। কিন্তু সুশ্রুতে পাঁচ কিম্বা দশটী করিয়া পিপ্পলীর সংখ্যা বৃদ্ধির আদেশ দেখা যায়। যথা—

"পিপ্পলীর্ব্বা ক্ষীরপিষ্টা বারি পিষ্টা বা
ক্ষীরৌদনাহারো দশাভিবৃদ্ধ্যা বা পিবেৎ।
ক্ষীরৌদনাহারো দশরাত্রং,
ভূয়শ্চাপকর্ষয়েদেবং যাবৎ পঞ্চদশ চেতি।"
সুশ্রুতঃ।

ক্ষীরান্নভোজী হইয়া দশদিন, পাঁচটী কি দশটী করিয়া বাড়াইয়া দুগ্ধ কিম্বা জলে পেষণ করতঃ পিপ্পলী সেবন করিবে, তাহার পর বৃদ্ধির নিয়মানুসারে পিপ্পলীর সংখ্যা কমাইবে, এইরূপে বিংশতি দিন পিপুল সেবন করিতে হইবে।

"ত্রিবৃদ্ধ্যা পঞ্চবৃদ্ধ্যা বা সপ্তবৃদ্ধ্যাথবা কণাঃ।
পিবেৎ পিষ্টাঃ দশদিনং তথাচৈবাপকর্ষয়েৎ।
এবং বিংশদ্দিনং সিদ্ধং পিপ্পলী বর্দ্ধমানকম্।"
শার্ঙ্গধরঃ।

তিনটী, পাঁচটী বা সাতটী করিয়া বাড়াইয়া, দশদিন পিপ্পলী সেবন করিবে, তাহার পর দশদিন বৃদ্ধি সংখ্যানুসারে কমাইবে, এইরূপে পিপ্পলী বর্দ্ধমান বিংশতি দিন সেবনীয়।

"ত্রিবৃদ্ধ্যা পঞ্চবৃদ্ধ্যা বা সপ্তবৃদ্ধ্যাথবা কণাঃ।
গব্যক্ষীরেণ সংপিষ্টা পিবেদ্দশদিনানি হি।
তথৈবাপনয়েদেতা এবং বিংশতিবাসরান্।"
ভাবমিশ্রঃ।

তিন, পাঁচ বা সাতটী করিয়া বাড়াইয়া প্রতিদিন গব্যক্ষীর দিয়া পেষণ করতঃ দশদিন পর্য্যন্ত পিপ্পলী সেবন করিবে, তাহার পর দশদিন পর্য্যন্ত বৃদ্ধি সংখ্যানুসারে কমাইবে, এইরূপে বিংশতিদিন পিপ্পলী বর্দ্ধমান সেবন করিবে। সুশ্রুতের সময়ে লোকের শারীরিক অবস্থা যেরূপ ছিল, তাহাতে পাঁচটী বা দশটী পিপুল সহ্য হইত, শার্ঙ্গধরের সময়ে, তিনি অবস্থা বুঝিয়া কমাইয়াছেন, এক্ষণে আরও অল্প হইলে ভাল হয়।

(ট) ষট্‌পল ঘৃত পরে বলিবেন।

পয়ইত্যাদৌ দুগ্ধং শৃতং বোধ্যং। বিদারীক্ষুরসমিতি ইক্ষুরসস্থানে স্বরস ইতি ন পাঠঃ, উক্তং হি হারীতে "বিদারীক্ষুরসঃ সর্পির্মধুতৈলশৃতং পয়ঃ। পিবেচ্চাতুর্থকশ্বাসকাসবাতজ্বরাপহম্" ইতি। অন্যে তু বিদারীস্বরসৌ বিষমজ্বরমাত্রে, চাতুর্থে ইক্ষুরসাৎ যোগান্তরমাহুঃ ॥ ১৬০ ॥

জ্বাল দেওয়া দুগ্ধ, তিলতৈল, গব্য ঘৃত, ভূমিকুষ্মাণ্ড, ইক্ষুরস এবং মধু ; এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণপূর্ব্বক একত্র মন্থন করিয়া পান করিলে বিষমজ্বর বিনষ্ট হয় ॥ ১৬০ ॥

পিপ্পলীশর্করাক্ষৌদ্রং ঘৃতং ক্ষীরং যথাবলম্। খজেন মথিতং পেয়ং বিষমজ্বরনাশনম্ ॥ ১৬১ ॥

পিপ্পলীত্যাদৌ দুগ্ধং শৃতং বোধ্যম্ ॥ ১৬১ ॥

পিপ্পলী, শর্করা, মধু, ঘৃত ও আবর্ত্তিত দুগ্ধ, হাতাদ্বারা যথাশক্তি মন্থন করিয়া পান করিলে বিষমজ্বর বিনষ্ট হয় ॥ ১৬১ ॥

পয়সা বৃষদংশস্য শকৃদ্বেগাগমে পিবেৎ। বৃষস্য দধিমণ্ডেন সুরয়া বা সসৈন্ধবম্ ॥ ১৬২ ॥

পয়সেত্যাদৌ বৃষদংশো বিড়ালঃ। বৃষস্যাপি শকৃদিত্যর্থঃ ॥ ১৬২ ॥

জ্বরের বেগ আসিবার সময়ে দুগ্ধের সহিত বিড়ালের বিষ্ঠা পান করা কর্ত্তব্য। এবং বৃষের বিষ্ঠা অর্থাৎ গোময় সৈন্ধব সংযোগে দধিরমণ্ড (দধির উপরিস্থ তরল ভাগ) অথবা মদ্যের সহিত পান করিবে ; ইহাদ্বারা জ্বরের পক্ষে বিশেষ উপকার হয় ॥ ১৬২ ॥

নিলিনীমজগন্ধাঞ্চ ত্রিবৃতাং কটুরোহিণীম্। পিবেজ্জ্বরস্যাগমনে স্নেহস্বেদে প্রপাদিতঃ ॥ ১৬৩ ॥

বিষমজ্বরে বিরেকার্থমাহ নিলিনীত্যাদি।—নিলিনী নীলবৃক্ষ। আগমনে আগমনদিবসে ॥ ১৬৩ ॥

জ্বরের আগমন দিবসে অর্থাৎ জ্বর আসার নিয়মিত দিবসে নীলবৃক্ষ, বনযোয়ান, তেউড়ী ও কটুকী, বিরেচনার্থ ব্যবহার করিবে। এই ঔষধ ব্যবহারের পূর্ব্বে স্নেহ প্রয়োগ ও স্বেদ দিয়া লওয়া উচিত। ইহা বিষমজ্বরের পক্ষে বিশেষ হিতকারী ॥ ১৬৩ ॥

সুরাং সমণ্ডাং পানার্থে ভক্ষার্থে চরণায়ুধান্। তিত্তিরীংশ্চ ময়ূরাংশ্চ প্রযুঞ্জ্যাদ্বিষমজ্বরে ॥ ১৬৪ ॥

সুরামিত্যাদি—চরকস্য স্পষ্টম্ ॥ ১৬৪ ॥

বিষমজ্বরাক্রান্ত রোগীকে পানার্থ মণ্ডসংযুক্ত সুরা প্রদান করিবে এবং কুক্কুট, তিত্তিরি (তিতৈনামক পাখী) ও ময়ূর মাংসের কাথ অথবা যূষ আহারার্থ প্রয়োগ করিবে ॥ ১৬৪ ॥

আস্ফোটজসহস্রেণ দলেন সুকৃতাং পিবেৎ। পেয়াং ঘৃতপ্লুতাং জন্তুশ্চাতুর্থকহরাং ত্র্যহম্ ॥ ১৬৫ ॥

আস্ফোটজশ্চাঙ্গেরী ॥ ১৬৫ ॥

সহস্র সংখ্যক আমরুল পাতার রস বা কল্ক দ্বারা পেয়া প্রস্তুত করিয়া ঘৃত সংযোগে তিন দিবস পান করিলে চাতুর্থক জ্বর বিনষ্ট হয় ॥ ১৬৫ ॥

সৈন্ধবং পিপ্পলীনাঞ্চ তণ্ডুলাঃ সমনঃশিলাঃ। নেত্রাঞ্জনং তৈলপিষ্টং বিষমজ্বরনাশনম্। ব্যাঘ্রীবসা হিঙ্গুসমা নস্যং তদ্বৎ সসৈন্ধবা ॥ ১৬৬ ॥

সৈন্ধবমিত্যাদি।—চরকস্য। অঞ্জনশব্দঃ অভ্যঞ্জনেঽপি বর্ত্ততে ; তদ্বিরাসায় নেত্রপদম্। ব্যাঘ্রীত্যাদৌ স্ত্রীলিঙ্গনির্দ্দেশাৎ লিঙ্গমেব প্রযোজকং নতু জাতিঃ ॥ ১৬৬ ॥

সৈন্ধবলবণ, পিপ্পলীর চাউল ও মনঃশিলা, তৈলদ্বারা পেষণ করিয়া নেত্রে অঞ্জন প্রদান করিলে বিষমজ্বর বিনষ্ট হয়। ব্যাঘ্রীর বসা (চর্বি), হিঙ্গু অ-

থবা সৈন্ধবের সহিত পেষণ করিয়া নস্য গ্রহণ করিলে বিষমজ্বর বিনাশ প্রাপ্ত হয় ॥ ১৬৬ ॥

কৃষ্ণাম্বরদৃঢ়াবদ্ধগুগ্গুলূলকপুচ্ছজঃ।
ধূপশ্চাতুর্থকং হন্তি তমঃ সূর্য্যইবোদিতঃ ॥ ১৬৭ ॥

কৃষ্ণাম্বরেত্যাদৌ অম্বরস্য কৃষ্ণত্বং ভৃঙ্গরাজস্বরসাদিভিঃ। উলূকঃ পেচকঃ ॥ ১৬৭ ॥

ভৃঙ্গরাজ প্রভৃতির স্বরসদ্বারা বস্ত্র কৃষ্ণবর্ণ করিয়া গুগ্গুল ও পেচকের পুচ্ছ দগ্ধ করতঃ তাহার ধূম, সেই কৃষ্ণ বস্ত্রে দৃঢ়রূপে আবদ্ধ করিয়া রোগীর শরীরে (সেই ধূম) প্রদান করিলে সূর্য্যোদয়ে যেরূপ অন্ধকার নষ্ট হয় সেইরূপ চাতুর্থক জ্বর বিনষ্ট হয় ॥ ১৬৭॥

শিরীষপুষ্পস্বরসে রজনীদ্বয়সংযুতঃ।
নস্যং সর্পিঃ সমাযোগাচ্চাতুর্থকজ্বরং জয়েৎ। নস্যং চাতুর্থকং হন্তি রসো বাগস্ত্যপত্রজঃ ॥ ১৬৮ ॥

নস্যমাহ শিরীষেত্যাদৌ রজনীদ্বয়চূর্ণং সর্পিশ্চ প্রক্ষেপ্যম্। নস্যমিত্যাদৌ অগস্ত্যপত্রং বকসেনপত্রম্ ॥ ১৬৮ ॥

শিরীষপুষ্পের স্বরসে রজনী দ্বয় অর্থাৎ হরিদ্রা ও দারুহরিদ্রার চূর্ণ মিশ্রিত করিয়া ঘৃত সংযোগে তাহার নস্য গ্রহণ করিলে চাতুর্থক জ্বর বিনষ্ট হয়।

বকপত্রের রসের নস্য গ্রহণ করিলেও চাতুর্থকজ্বর বিনষ্ট হয় ॥ ১৬৮ ॥

অষ্টাঙ্গধূপঃ—

পলঙ্কষা নিম্বপত্রং বচা কুষ্ঠং হরীতকী। সর্ষপাঃ সযবাঃ সর্পির্ধূপনং জ্বরনাশনম্ ॥ ১৬৯ ॥

পলঙ্কষেত্যাদৌ পলঙ্কষা গুগ্গুলুঃ ॥ ১৬৯ ॥

গুগ্গুলু, নিম্বপত্র, বচ, কুড়, হরীতকী, যব, শ্বেতসর্ষপ ও ঘৃত; এই সকল দ্রব্য একত্র করিয়া পূর্ব্ববৎ রোগীর শরীরে ধূপ প্রয়োগ করিলে বিষমজ্বর বিনষ্ট হয় ॥ ১৬৯ ॥

অপরাজিতাধূপঃ।

পুরধ্যামবচাসর্জ্জনিম্বার্কাগুরুদারুভিঃ।
সর্ব্বজ্বরহরোধূপঃ কার্য্যোঽয়মপরাজিতঃ। বৈড়ালং বা শকৃদ্দেয়াজ্যং বেপমানস্য ধূপনে ॥ ১৭০ ॥

পুরেত্যাদৌ পুরোগুগ্গুলুঃ; ধ্যাম গন্ধতৃণম্ ॥ ১৭০ ॥

গুগ্গুলু, গন্ধতৃণ, (এতৎ অভাবে বেণার মূল প্রয়োগ করিতে হইবে) বচ, ধুনা, নিমপাতা, আকন্দমূল, অগুরু চন্দন ও দেবদারু; এই সকল দ্রব্য একত্র করিয়া পূর্ব্ববৎ রোগীর শরীরে ধূপ প্রয়োগ করিলেও সর্ব্বপ্রকার অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত, কফজনিত, দ্বন্দ্বজ, আগন্তুক, চাতুর্থক, সন্নিপাতজ প্রভৃতি জ্বর বিনষ্ট হয়। ইহার নাম অপরাজিতা ধূপ।

এবং কম্পজ্বরাক্রান্ত রোগীর শরীরে বিড়ালের বিষ্ঠার ধূপ প্রয়োগ করিলেও কম্পজ্বর নিবারিত হয় ॥ ১৭০ ॥

অপমার্গজটা কট্যাং লোহিতৈঃ সপ্ত তন্তুভিঃ। বদ্ধা বারে রবেস্তূর্ণং জ্বরং হন্তি তৃতীয়কম্ ॥ ১৭১ ॥

বৈড়ালমিত্যাদি স্পষ্টম্। অপামার্গস্য জটা মূলং; পুষ্যে পাদং দত্ত্বা বদ্ধঃ কার্য্য ইত্যাভঃ বঙ্গনির্ধিরায়ুর্ব্বেদসারে যথা "অপামার্গস্য মূলঞ্চ সম্যগঙ্কালিতামনঃ। রথীয়াদ্বামহস্তেন সর্ব্বজ্বরবিমোক্ষণম্।" কাকজঙ্ঘেত্যাদৌ কাকজঙ্ঘা স্বনামখ্যাতা; শ্যামা বৃদ্ধদারকঃ; ব্রহ্মদণ্ডী ব্রহ্মযষ্টিকা; কৃতাঞ্জলিঃ লাজ্জালিয়া। মূলমিত্যাদৌ জয়ন্ত্যাঃ শ্বেতায়া ইত্যাহুঃ; ভুজয়ন্ত্যা ইত্যন্যে ॥ ১৭১ ॥

আপাঙ্গগাছের মূল, সাতগাছি রক্তবর্ণ সূত্রদ্বারা রবিবারে কটিদেশে বন্ধন

করিলে শীঘ্রই তৃতীয়ক জ্বর বিনষ্ট হয় (ঠ) ॥ ১৭১ ॥

কাকজঙ্ঘা বলা শ্যামা ব্রহ্মদণ্ডী কৃতাঞ্জলিঃ। পৃশ্নিপর্ণী ত্বপামার্গস্তথা ভৃঙ্গরাজোঽষ্টমঃ। এষামন্যতমং মূলং পুষ্যেণোদ্ধৃত্য যত্নতঃ। রক্তসূত্রেণ সংবেষ্ট্য বদ্ধমৈকাহিকং জয়েৎ ॥১৭২॥

কাকজঙ্ঘা (কেউয়াঠেঙ্গ), বেড়েলা, বৃদ্ধদারক (বিস্তারক), বামনহাটী, লজ্জাবতীলতা, চাকুলে, অপামার্গ এবং ভীমরাজ (ভৃঙ্গরাজ); এই আট প্রকার বৃক্ষের যে কোনও বৃক্ষেরমূল পুষ্যানক্ষত্রে যত্নপূর্ব্বক তুলিয়া রক্তসূত্রদ্বারা বেষ্টন করতঃ শিরাদেশ বন্ধন করিলে ঐকাহিকজ্বর বিনষ্ট হয় ॥ ১৭২ ॥

মূলং জয়ন্ত্যাঃ শিরসা ধৃতং সর্ব্বজ্বরাপহম্ ॥ ১৭৩ ॥

শ্বেতজয়ন্তীর মূল মস্তকে ধারণ করিলেও সর্ব্বপ্রকার জ্বর বিনাশ হয় ॥১৭৩॥

ভূতানুবন্ধিনোস্তৃতীয়ক চতুর্থকয়োশ্চিকিৎসামাহ।

কর্ম্ম সাধারণং জহ্যাৎ তৃতীয়কচতুর্থকৌ। আগন্তুরনুবন্ধোহি প্রায়শো বিষমজ্বরে ॥ ১৭৪ ॥

ভূতানুবন্ধিনো তৃতীয়কচতুর্থকয়োশ্চিকিৎসামাহ কর্ম্মেত্যাদি।—দৈবব্যপাশ্রয়ং বলিমঙ্গলাদি: যুক্তিব্যপাশ্রয়ং কষায়াদি; এতদুভয়মপি চিকিৎসিতং সাধারণশব্দেনাত্রোচ্যতে। জহ্যাদিতি অন্তর্ভূতণ্যর্থমিদম্, তেনসাধারণং চিকিৎসিতং তৃতীয়কচতুর্থকৌ কর্ম্মরূপৌ জহ্যাৎ ত্যাজয়েৎ নিরাকুর্য্যাদিত্যর্থঃ। ননু জ্বরান্তরে সর্ব্বত্র যুক্তিব্যপাশ্রয়ম্, কষায়াদিকমেবোপদিষ্টং, ন দৈবব্যপাশ্রয়ম্, অত্র পুনঃ কিমর্থং দৈবব্যপাশ্রয়মপি কর্ত্তব্যত্বেন উপদিশ্যতে ইত্যাহ আগন্তুরিত্যাদি।—আগন্তুর্ভূতাদিঃ। বিষমজ্বরশব্দেন তৃতীয়ক-চতুর্থকাবেবাভিমতৌ। তৃতীয়কচতুর্থকশব্দেনাত্র তদ্বিপর্য্যয়স্যাপি গ্রহণম্। অন্যে তু যদ্যপ্যাগন্তুরনুবন্ধো হি ইত্যাদিবচনবলাদ্বিষমজ্বরমাত্র এব দৈবব্যপাশ্রয়ং কর্ম্ম কর্ত্তব্যমিত্যায়াতি, তথাপি তৃতীয়কচতুর্থকাবিতি যদুক্তং তদ্বিশেষার্থম্। তেন তৃতীয়ক-চতুর্থকয়োঃ প্রায়েণ ভূতানুবন্ধজন্যত্বাত্তয়োরেব বিশেষেণ দৈবব্যপাশ্রয়ং কর্ম্ম কর্ত্তব্যমিত্যাহুঃ। অন্যে তু সাধারণশব্দেন দোষমাত্রসাধারণং যুক্তিব্যপাশ্রয়মাত্রং কর্ম্মোচ্যতে। জহ্যাদিত্যস্য ত্যজতীত্যর্থঃ, তেন তৃতীয়ক-চতুর্থকে যুক্তিব্যপাশ্রয়মাত্রং ন কার্য্যং, কিন্তূভয়মপি কার্য্যম্। এবঞ্চাগন্তুরনুবন্ধো হীত্যাদি দ্বিতীয়ার্দ্ধমপি সঙ্গচ্ছত ইত্যাহুঃ ॥ ১৭৪ ॥

(ঠ) আয়ুর্ব্বেদশাস্ত্রকারেরা বলেন, এই অপামার্গের মূল বন্ধনের সময় পৃষ্ঠে পা দিয়া বাঁধিতে হইবে। যথা "পৃষ্ঠেনাক্রম্য জঙ্ঘা বন্ধঃ কার্য্যঃ ইত্যাহুঃ" ইতি টীকাকারঃ। বন্ধন বিধিবিষয়ে আয়ুর্ব্বেদসার বলেন।

"অপামার্গস্য মূলঞ্চ প্রত্যগ্রক্ষালিতাননম্।
বধ্নীয়াদবামহস্তেন সর্ব্বজ্বর বিমোক্ষণম্ ॥"

মুখ প্রক্ষালন না করিয়া অর্থাৎ বাসিমুখে, বাম হস্তদ্বারা অপামার্গের মূল বন্ধন করিলে সর্ব্বপ্রকার জ্বরের শান্তি হয়।

তৃতীয়ক ও চাতুর্থক জ্বরের প্রতীকারার্থ পূজা ও মঙ্গলাচরণ প্রভৃতি দৈবমূলক চিকিৎসা এবং কষায়াদি প্রয়োগ প্রভৃতি যুক্তিমূলক চিকিৎসা; এই উভয়বিধ চিকিৎসা করাই কর্ত্তব্য, কারণ বিষমজ্বরে, আগন্তু অর্থাৎ ভূতাদির সংশ্রব প্রায়ই দেখিতে পাওয়া যায়। (ড) ॥ ১৭৪ ॥

গঙ্গায়া উত্তরে কূলে অপুত্রস্তাপসো মৃতঃ। তস্মৈ তিলোদকং দদ্যান্

(ড) পূর্ব্বে সর্ব্বপ্রকার জ্বর চিকিৎসাতেই যুক্তিমূলক চিকিৎসার অর্থাৎ কষায়াদি ঔষধ প্রয়োগ পূর্ব্বক চিকিৎসারই বিধি দিয়াছেন; দৈবমূলক চিকিৎসার অর্থাৎ স্বস্ত্যয়নাদির কথা কোথাও বলেন নাই কিন্তু এস্থলে তাহা কহিতেছেন, বিষমজ্বরে যুক্তিমূলক ও দৈবমূলক, উভয়বিধ সাধারণ কর্ম্মই করিতে হইবে, তাহা হইলে জ্বরনাশ হইবে, ইহার কারণ এই, বিষমজ্বরে ভূত প্রেতাদির সংশ্রব আছে, এজন্য তাহাদিগের শমনার্থ স্বস্ত্যয়নাদি মঙ্গলাচরণ এবং বাতপিত্তাদির শমনার্থ কষায়াদি সেবন, এই উভয়বিধ চিকিৎসাই কর্ত্তব্য। অতএব সেই ভূতাদির নিবারণার্থ যে প্রকার দৈবমূলক কার্য্যের অনুষ্ঠান করিতে হইবে, তাহা ইহার পরেই কহিতেছেন।

পুষ্কর্ত্তোকাহিকো জ্বরঃ। এতন্মন্ত্রেণ চাশ্বত্থপত্রহস্তঃ প্রতর্পয়েৎ। সোমং সানুচরং দেবং সমাতৃগণসীশ্বরং। পূজয়ন প্রয়তঃ শীঘ্রং মুচ্যতে বিষমজ্বরাৎ॥ ১৭৫॥

গঙ্গায়া ইত্যাদি।—উত্তরকূলায়াঃ পুষ্করিণ্যা অকাকরুদিতে পানীয়ং মৃতমম্বট্যা-নেতব্যম্; উদিতে চ রবৌ পালিদিনে তর্পণং কার্য্যম্। অত্র কুশা যবাঃ কুসুমানি চ উৎখিন্নমাষভক্তাদিনা বলিশ্চেত্যুপদিশন্তি বৃদ্ধাঃ। অস্য মন্ত্রস্য কেচিদাদ্যশ্লোকং পঠন্তি যথা "অঙ্গ-বঙ্গ-কলিঙ্গেষু সৌরাষ্ট্রমগধেষু চ। বারাণস্যাঞ্চ যদ্বৃত্তং তত্ স্মরসি হে জ্বর" ইতি। সোমমিত্যুময়া সহিতম্; অনুচরৈর্নন্দ্যাদিভিশ্চ সহিতম্। ১৭৫।

এই মন্ত্র পাঠ করতঃ অশ্বত্থপত্র হস্তে লইয়া তর্পণ করিবে। ইহার অর্থ যথা—

গঙ্গার উত্তরকূলে পুত্রহীন এক তাপস প্রাণত্যাগ করেন, তাহার উদ্দেশে তর্পণ করিলে এক দিনান্তরাগত অর্থাৎ বিষমজ্বর বিনষ্ট হয় (চ)।

আরও নন্দীপ্রভৃতি অনুচর এবং মাতৃগণের সহিত পার্ব্বতী পরমেশ্বরকে অতি পবিত্রভাবে পূজা করিলে শীঘ্র বিষমজ্বর হইতে রোগী পরিত্রাণ পাইতে পারে॥ ১৭৫॥

বিষ্ণুং সহস্রমূর্দ্ধানং চরাচরপতিং বিভুম্। স্তবন্নামসহস্রেণ জ্বরান্ সর্ব্বান্ ব্যপোহতি॥ ১৭৬॥

(চ) উপরে যে মন্ত্রটি লিখিত হইল, কেহ কেহ তাহার আদিতে নিম্নলিখিত শ্লোকটিও পাঠ করেন। যথাঃ—

"অঙ্গবঙ্গকলিঙ্গেষু সৌরাষ্ট্রমগধেষু চ।
বারাণস্যাঞ্চ যদ্বৃত্তং তত্ স্মরসি হে জ্বর।"

অর্থাৎ অরে জ্বর! অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, সৌরাষ্ট্র ও মগধদেশে এবং বারাণসীতে যাহা ঘটিয়াছিল তাহা কি তোমার স্মরণ হয় না? এই উভয় মন্ত্র পাঠ করতঃ অশ্বত্থপত্র হস্তে লইয়া তর্পণ করিলে বিষমজ্বর বিনষ্ট হইয়া থাকে।

বিষ্ণুমিত্যাদি।—নামসহস্রেণ মহাভারতোক্তেন। ১৭৬।

অথবা চরাচর গুরু, ভগবান্ সহস্রশিরা মহাপুরুষ নারায়ণদেবের মহাভারতাদি গ্রন্থধৃত সহস্র নাম উচ্চারণ পূর্ব্বক স্তব করিলে সর্ব্বপ্রকার বিষমজ্বর বিনষ্ট হইয়া থাকে॥ ১৭৬॥

জ্বরে ঘৃতপ্রয়োগ।

জ্বরাঃ কষায়ৈর্ব্বমনৈর্লঙ্ঘনৈর্লঘুভোজনৈঃ। রূক্ষস্য যে ন শাম্যন্তি সর্পিস্তেষাং ভিষগ্জিতম্। নির্দ্দশাহমপি জ্ঞাত্বা কফোত্তরমলঙ্ঘিতম্। ন সর্পিঃ পায়য়েৎ প্রাজ্ঞঃ শমনৈস্তমুপাচরেৎ। যাবল্লঘুত্বাদশনং দদ্যান্মাংসরসেন তু॥ ১৭৭॥

ইদানীং ঘৃতপ্রয়োগান্ বিবক্ষুঃ ঘৃতস্য কালবিষয়ঞ্চাহ জ্বরাঃ কষায়ৈরিত্যাদি।—অত্র কষায়ৈরিত্যসমাসনির্দ্দেশেন ব্যস্তৈরপি কষায়াদিপ্রয়োগৈঃ রূক্ষস্য সর্পিঃপানং কর্ত্তব্যমিতি দর্শয়তি। বমনৈরিত্যনেন অবস্থাবিশেষবমনপ্রয়োগান্ সর্পিঃপ্রয়োগপূর্ব্বভাবিনো দর্শয়তি, লঙ্ঘনৈরিত্যনেন চ লঙ্ঘনং স্বেদনং কাল ইত্যাদ্যুক্তা লঙ্ঘনসমানফলাঃ স্বেদাদয়োঽপি গৃহ্যন্তে। রূক্ষস্যেতি বচনেন কষায়াদি প্রয়োগে সত্যপি যদ্যপি সামান্নুবন্ধাৎ কফোত্তরতয়া বা যত্র রূক্ষত্বং ন ভবতি, তত্র সর্পির্নদাতব্যমিতি দর্শয়তি। ভিষগ্জিতং চিকিৎসিতম্। দশাহাদূর্দ্ধং হি ঘৃতপানাবস্থা চরকেণোক্তা। ইদানীং তদপবাদমাহ নির্দ্দশাহমপীত্যাদি।—নির্গতো দশাহাদ্নির্দ্দশাহঃ। অলঙ্ঘিতমিতি অসম্যগলঙ্ঘিতকলম্; ইয়ঞ্চাবস্থা প্রবলশ্লেষ্মোপরক্তত্বাৎ জ্বরস্য, তথা অসম্যগুপচারাচ্চ ভবতীতি জ্ঞেয়ম্। যাবল্লঘুত্বাদিতি ছেদঃ। লঘুত্বে তু জাতে কফোত্তরতা অলঙ্ঘিততা চাপযাতি, তেন তদা সর্পিঃপানমনুবৃত্তং কর্ত্তব্যমিত্যর্থঃ। যাবদিতি যাবল্লঘুত্বাৎ লঘুত্বপর্য্যন্তং শমনৈরুপাচরেৎ লঘুত্বেতি সর্পিরপান্থ অথবা যাবৎ তাবৎ নিত্যসম্বন্ধাৎ লঘুত্বাৎ যাবৎ পর্য্যন্তং শমনৈরুপাচরেৎ তাবৎ মাংসরসেন। অশনন্তু নির্দ্দশাহজ্বরে কফোত্তরেঽপ্যলঙ্ঘিতেঽপি মাংসরসেন দেয়মিত্যাহ অশনং দদ্যান্মাংসরসেনেতি।—লঘুকিমর্থমেতদুপশমনং কফবিরুদ্ধমপি রূক্ষত্ব-

বলাবস্থায়াং দীয়তে ? সত্যং মাংসরসস্য বল-জনকত্বাৎ, বলস্য চ দোষনিগ্রহসমর্থকত্বাৎ, অতএবোক্তং তত্রৈব "বলং হ্যলং নিগ্রহায় দোষাণাং বলকৃচ্চ তৎ" ইতি। ১৭৭ ॥

যুক্তিমূলক ও দৈবমূলক দ্বিবিধ চিকিৎসার বিষয় বিবৃত করিয়া জ্বররোগে কিরূপ স্থলে ঘৃত প্রয়োগ ব্যবস্থেয়, তাহা বলিবার জন্য গ্রন্থকর্ত্তা এস্থলে ঘৃত সেবনের কাল ও পাত্রের বিষয় নির্ণয় করিতেছেন। পূর্ব্বোক্ত কষায়াদি প্রয়োগ, বমন, লঙ্ঘন (ণ) ও লঘু ভোজনাদি দ্বারা যাহাদিগের রুক্ষতা (ত) জন্মিয়াছে অথচ জ্বর নিবৃত্তি হইতেছে না, তাহাদিগের পক্ষেই ঘৃত ভোজন বিধেয়। কিন্তু কষায়াদি ব্যবহার করিয়াও যাহার শরীরের রুক্ষতা জন্মে নাই, তাদৃশ ব্যক্তির পক্ষে ঘৃত ব্যবস্থেয় নহে (থ)।

চরক বলিয়াছেন, জ্বররোগীর দশ দিন অতিবাহিত হইলেই তাহাকে ঘৃত সেবন করাইবে। এই ব্যবস্থা সামান্য বিধিসূচক। তন্মধ্যে বিশেষ অবগত হওয়া আবশ্যক যে, যদি দশ দিন অতিক্রান্ত হইলেও জানা যায় যে, রোগীর কফের প্রাধান্য আছে এবং দোষের প্রবল সামতা বশতঃ লঙ্ঘনের ফল সম্যক্‌রূপে জন্মে নাই, (দ) তাহা হইলে, বুদ্ধিমান্ বৈদ্য যত দিনে না দোষের পরিপাক হয় তত দিন তাহাকে ঘৃত ভোজন করাইবেন না। এরূপস্থলে সংশমন ঔষধ সকল দ্বারাই তাহার চিকিৎসা করিবেন। যখন দেখা যাইবে রোগীর লঘুতা জন্মিয়া কফাধিক্য নষ্ট হইয়াছে, তখনই তাহার পক্ষে ঘৃত পান প্রশস্ত। কিন্তু জ্বররোগীর কফের আধিক্য থাকিলেও এবং লঙ্ঘনের ফল লাভ না হইলেও দশ দিন অতিবাহিত হইলেই মাংসরসেরসহিত ঘৃত প্রয়োগ করা যাইতে পারে। কারণ মাংসরস অতি বলকারক। মাংসরসের সহিত ঘৃত সেবন করিয়া রোগীর শরীরে বলাধান হইলে সেই বলেই দোষের খর্ব্বতা করিতে পারে॥ ১৭৭ ॥

মাংসার্থমেণলাবাদীন্ যুক্ত্যা দদ্যাদ্বিচক্ষণঃ। কুক্কুটাংশ্চ ময়ূরাংশ্চ তিত্তিরিং ক্রৌঞ্চমেব চ। গুরূষ্ণত্বান্ন শংসন্তি জ্বরে কেচিচ্চিকিৎসকাঃ। লঙ্ঘনেনানিলবলং জ্বরে যদ্যধিকং ভবেৎ। ভিষঙ্মাত্রা বিকল্পজ্ঞো দদ্যাত্তানপিকালবিৎ ॥ ১৭৮ ॥

এণলাবাদীনিত্যাদি—শব্দাৎ কপিঞ্জলাদীনাং গ্রহণম্। মাত্রাবিকল্পজ্ঞ ইতি, বিকল্পোবিশিষ্টকল্পনা সংস্কার ইত্যর্থঃ। মাত্রাজ্ঞো বিকল্পজ্ঞশ্চেত্যর্থঃ। তেন তাবতী মাত্রা কর্ত্তব্যা, তাদৃশঃ সংস্কারঃ কার্য্যঃ, যথা লঘুত্বানুবন্ধে ভবতীত্যর্থঃ ॥ ১৭৮ ॥

(ণ) এস্থলে লঙ্ঘন শব্দে কেবলমাত্র লঙ্ঘন না বুঝাইয়া লঙ্ঘনের সমান ফলদায়ক স্বেদাদি প্রয়োগও বুঝিতে হইবে।

(ত) "রুক্ষতা জন্মিয়াছে" অর্থাৎ পূর্ব্বোক্ত কষায়াদি প্রয়োগ দ্বারা যাহাদিগের সামদোষের পরিপাক হইয়াছে। এবং যেস্থলে দোষের পরিপাক হইয়াছে অথচ জ্বরনিবৃত্তি হইতেছে না, সেই স্থলেই ঘৃত প্রয়োগ করিবে। আর যদি কষায়াদি সেবনেও রোগীর সামতা ও শ্লেষ্মাধিক্যপ্রযুক্ত দোষের পরিপাক না হয়, তাহা হইলে ঘৃত প্রয়োগ করিবেনা।

(থ) ঘৃত কি প্রকারে প্রস্তুত করিতে হয়, কিরূপ ঘৃত কিরূপ রোগে সেবনীয়, এই সকল পরে বলিবেন।

(দ) সামদোষের প্রবলতানিবন্ধনই জ্বরের এই অবস্থা ঘটিয়া থাকে। যতদিন সেই প্রবলতর সামদোষের পরিপাক না হয়, ততদিন লঙ্ঘনেরও ফল লাভ হয় না। সামদোষের পরিপাক হইলেই লঙ্ঘনেরও ফল পাওয়া যায়।

বিচক্ষণ বৈদ্য জ্বররোগীকে এণ (খ), লাব (ন), কুক্কুট (প), ময়ূর (ফ), তিত্তিরি

(খ) এণ—কৃষ্ণবর্ণ মৃগবিশেষ। ইহার মাংস কষায় ও মধুর রসযুক্ত, হৃদ্য এবং রক্তপিত্ত, কফ ও বাতনাশক, ধারক, রুচিকর, বলকারক ও জ্বরনাশক। যথা সুশ্রুতে—

"কষায়ো মধুরোহৃদ্যঃ পিত্তাসৃক্কফবাতহা।
সংগ্রাহী রোচনো বল্য স্তেষামেণো জ্বরাপহঃ।"

(ন) লাব—লাওয়া পক্ষী। ইহার মাংস ধারক, অগ্নিবৃদ্ধিকর, কষায় ও মধুররসযুক্ত, লঘুপাকী, পরিপাকে কটু এবং বাতপিত্তকফনাশক। যথা, সুশ্রুতে—

"সংগ্রাহী দীপনশ্চৈব কষায়মধুরোলঘুঃ।
লাবঃ কটুবিপাকশ্চ সন্নিপাতে চ পুজিতঃ।"

(প) কুক্কুট—কুঁকুড়া। ইহার মাংস ধাতুবর্দ্ধক, স্নিগ্ধ, উষ্ণবীর্য্য, বায়ুবৃদ্ধিকর, গুরুপাকী, চক্ষুরোগনাশক, শুক্রবৃদ্ধিকর, কফকারী, বলকর, রুক্ষ ও কষায়। যথা, ভাবপ্রকাশে—

"কুক্কুটো বৃংহণঃ স্নিগ্ধোবীর্য্যোষ্ণোঽনিলহৃদ্‌গুরুঃ।
চক্ষুষ্যঃ শুক্রকফকৃৎ বল্যোরুক্ষঃ কষায়কঃ।"

বন্যকুক্কুটমাংস—স্নিগ্ধ, ধাতুবর্দ্ধক, শ্লেষ্মবৃদ্ধিকর, গুরুপাকী এবং বাতপিত্ত ক্ষয়কর,বমী ও বিষমজ্বর নাশক। যথা, ভাবপ্রকাশে—

"আরণ্যকুক্কুটঃ স্নিগ্ধো বৃংহণঃ শ্লেষ্মলোগুরুঃ-
বাতপিত্তক্ষয়বমিবিষমজ্বরনাশনঃ।"

(ফ) ময়ূরমাংস—কর্ণ, নেত্র, বর্ণ, স্বর ও আয়ুঃ বৃদ্ধিকর, অগ্নি ও মেধাকর, বলকারী, গুরুপাকী, উষ্ণবীর্য্য, বাতনাশক, শুক্রবৃদ্ধিকারক ও মাংসকর।—যথা, রাজনির্ঘণ্টে—

"ময়ূরঃ শ্রোত্রনেত্রাগ্নিমেধাবর্ণস্বরায়ুষাম্।
হিতো বল্যো গুরুশ্চোষ্ণো বাতঘ্নঃ শুক্রমাংসদঃ।
হেমন্তকালে শিশিরে বসন্তে
সেব্যং হি ময়ূরমশক্তি মাংসং।
উক্তো হি বর্ষী বিষভোজকৈশ্চ
বর্ষাশরদ্‌গ্রীষ্মসুখেষপথ্যঃ।"

ময়ূর বিষধর প্রাণী সকল ভক্ষণ করে, এজন্য তাহার মাংস অত্যুষ্ণ অতএব হেমন্ত, শীত ও বসন্তকালে ইহা পথ্য, বর্ষা, শরৎ ও গ্রীষ্ম ঋতুতে অপথ্য।

(ব) তিত্তিরি, তিত্তিরি পাখী বা তিতৈপাখী। এই পক্ষী কৃষ্ণ ও গৌর এই দুই প্রকার। কৃষ্ণবর্ণ হইলে তাহাকে তিত্তিরি বলে এবং গৌরবর্ণ হইলে তাহাকে কপিঞ্জল বলে। ইহার মাংস, শ্বাস, কাস ও জ্বরনাশক, স্নিগ্ধ ও ত্রিদোষনাশক, মলবদ্ধকারক ও বর্ণকর অতএব গৌরবর্ণ তিত্তিরিই প্রশস্ত। যথা, ভাবপ্রকাশে—

(ব), ক্রৌঞ্চ (ভ), ইত্যাদির মাংসের

"তিত্তিরিঃ কৃষ্ণবর্ণঃ স্যাৎ স তু গৌরঃ কপিঞ্জলঃ
তিত্তিরির্বর্ণদোগ্রাহী হিক্কাদোষত্রয়াপহঃ।
শ্বাসকাসজ্বরহরস্তস্মাদ্গৌরোঽধিকোগুণঃ।"

(ভ) ক্রৌঞ্চ—বকপক্ষী। রাজনির্ঘণ্ট মতে কুররপক্ষী। "ইত্যাদির মাংসরস" এস্থলে ইত্যাদিশব্দে কপিঞ্জল, পৃষত, শরভ, শশ, কালপুচ্ছ, কুরঙ্গ ও মৃগমাতৃকা প্রভৃতি বুঝাইবে।

গ্রন্থকর্ত্তার মতে জ্বররোগীর পক্ষে, কুক্কুট, ময়ূর, তিত্তিরি, ক্রৌঞ্চ, এণ, লাব, কপিঞ্জল, পৃষত, শরভ, শশ, কালপুচ্ছ, কুরঙ্গ ও মৃগমাতৃকা, এই সকলের মাংসরস বিধেয়। কিন্তু সুশ্রুতের মতে লাব হইতে মৃগমাতৃকা পর্য্যন্ত সমস্তের মাংসই জ্বররোগে প্রশস্ত।

"লাবান্ কপিঞ্জলানেণান্ পৃষতান্ শরভান্ শশান্।
কালপুচ্ছান্ কুরঙ্গাংশ্চ তথৈব মৃগমাতৃকান্।
মাংসার্থে মাংসসাত্ম্যানাং জ্বরিতানাং প্রদাপয়েৎ।"

ক্রমে ইহাদিগের মাংসের গুণ বলা যাইতেছে ;—

১। কপিঞ্জল অর্থাৎ গৌরবর্ণ তিত্তিরি। ইহার মাংস শীতল, মধুর ও লঘু, এজন্য রক্তপিত্ত ও রক্তশ্লেষ্ম বিকারে ও মন্দ বাতরোগে প্রশস্ত। যথা, চক্রপাণি—

"পিত্তশ্লেষ্মবিকারেষু সরক্তেষু কপিঞ্জলাঃ।
মন্দবাতেষু শস্যন্তে শৈত্যমাধুর্য্য লাঘবাৎ।"

২। পৃষত—জঙ্গল জাতীয় শ্বেতবিন্দুযুক্ত হরিণ বিশেষ। ইহার মাংস সুস্বাদু, ধারক, শীতল, লঘু, অগ্নিদীপ্তিকর, রুচিকর এবং শ্বাস, জ্বর ও ত্রিদোষনাশক। যথা ভাবপ্রকাশে—

"পৃষতস্তু ভবেৎ স্বাদুর্গ্রাহকঃ শীতলো লঘুঃ।
দীপনো রোচনঃ শ্বাসজ্বরদোষত্রয়াপহঃ।"

৩। শরভ—উষ্ট্রসদৃশ জঙ্গল জাতীয় এক প্রকার অত্যুচ্চ ও বিশাল শৃঙ্গযুক্ত কাশ্মীরীয় হরিণবিশেষ। ইহার মাংস কষায় মধুরপ্রভৃতি সাধারণ গুণযুক্ত।

৪। শশ—বিলেশয় জাতীয় পশুবিশেষ। ইহার মাংস ত্রিদোষনাশক, অগ্নিউদ্দীপক ও শ্বাস, কাস, নিবারক। এবং কষায়, মধুর, নাতিশীতলবীর্য্য, পিত্ত কফ নাশক এবং বাতের পক্ষে হ্রাস বা বৃদ্ধি কিছুই করে না। যথা, রাজনির্ঘণ্টে—

"শশমাংসং ত্রিদোষঘ্নং দীপনং শ্বাসকাসনুৎ।"

ভাবপ্রকাশ বলেন, শশক বিলেশয়জাতীয় পশু, ইহার মাংস শীতল, লঘুপাকী, ধারক, রুক্ষ, সুস্বাদু, সর্ব্বদা হিতকারী, অগ্নিবৃদ্ধিকর, কফপিত্তনাশক, বাতের পক্ষে সাধারণ অর্থাৎ হ্রাস বা বৃদ্ধিকর নহে এবং জ্বরাতীসার, শোষ ও শ্বাসরোগনাশক। যথা—

যুক্তিপূর্ব্বক (য), প্রদানকরিবেন (ব)।

কোন কোন চিকিৎসক, কুক্কুট, ময়ূর, তিত্তিরি ও ক্রৌঞ্চ ; ইহাদিগের মাংস গুরুপাকী ও উষ্ণ বলিয়া জ্বররোগীর পক্ষে অপ্রশস্ত বলিয়া গিয়াছেন। কিন্তু যদি উপবাস দ্বারা জ্বররোগীর বায়ুবল অধিক হয়, তাহাহইলে কালজ্ঞ বৈদ্য, পূর্ব্বোক্ত কুক্কুট, ময়ূর, তিত্তিরি ও ক্রৌঞ্চ; ইহাদিগের মাংস জ্বররোগে আহারার্থ প্রদান করিবেন। কিন্তু এই সকলের মাংস গুরুপাকী ও উষ্ণ বলিয়া বিচক্ষণ বৈদ্য, এই সকলের বিকল্প অর্থাৎ সংস্কার করিয়া মাত্রা বুঝিয়া প্রদান করিবেন (র) ॥ ১৭৮ ॥

"শশঃ শূলী লোমকর্ণ বিলেশয়ঃ প্রকীর্ত্তিতঃ।
শশঃ শীতো লঘুগ্রাহী রুক্ষঃ স্বাদুঃ সদাহিতঃ ॥
বহ্নিকৃৎ কফপিত্তঘ্নো বাতসাধারণঃ স্মৃতঃ।
জ্বরাতীসার শোষাস্রশ্বাসাময় হরশ্চ সঃ ॥"

সুশ্রুত বলেন—শশমাংস কষায়, মধুর, পিত্ত ও কফনাশক, নাতিশীতল ও নাত্যুষ্ণবীর্য্যসম্পন্ন বলিয়া বাতের পক্ষে সাধারণ। যথা—

"কষায়মধুরস্তেষাং শশঃ পিত্তকফাপহঃ।
নাতিশীতলবীর্য্যত্বাৎ বাত সাধারণোমতঃ ॥"

৫। কালপুচ্ছ—জঙ্গালজাতীয় কৃষ্ণবর্ণ পুচ্ছযুক্ত হরিণবিশেষ। ইহার মাংসও শশকের মাংসের ন্যায় সাধারণগুণযুক্ত।

৬। কুরঙ্গ—জঙ্গালজাতীয় ঈষৎ তাম্রবর্ণ বৃহদাকারবিশিষ্ট হরিণ। ইহার মাংস ধাতুবর্দ্ধক, বলকর, শীতল, পিত্তনাশক, গুরুপাকী, মধুর, বাতনাশক, ধারক এবং কিঞ্চিৎ কফকর। যথা ভাবপ্রকাশে—

"কুরঙ্গো বৃংহণো বল্যঃ শীতলঃ পিত্তহৃদ্গুরুঃ।
মধুরো বাতহৃদ্গ্রাহী কিঞ্চিৎ কফকরঃ স্মৃতঃ ॥"

৭। মৃগমাতৃকা—জঙ্গালজাতীয় স্থূল উদরসম্পন্না হরিণী বিশেষ। সুশ্রুত বলেন, ইহার মাংস শীতল, রক্তপিত্তনাশক এবং সন্নিপাত, ক্ষয়, শ্বাস, কাস, হিক্কা ও অরুচিনাশক। যথা—

"শীতাসৃক্‌পিত্তশমনী বিজ্ঞেয়া মৃগমাতৃকা।
সন্নিপাতক্ষয়শ্বাসকাসহিক্কারুচি প্রণুৎ ॥"

(য) যুক্তিপূর্ব্বক এণ, লাব, কুক্কুট প্রভৃতির মাংস প্রদান করিবেন। ইহার তাৎপর্য্য এই, বিচক্ষণ বৈদ্য, এণ, লাব প্রভৃতির গুণাগুণ পরীক্ষা করিয়া, জ্বররোগগ্রস্ত ব্যক্তিরও অবস্থা বিবেচনা করিয়া, যাহার পক্ষে যে মাংসরস উপযোগী হইবে, তাহাকে তাহাই পান করিতে দিবেন।

(ব) ইহার পূর্ব্বশ্লোকে গ্রন্থকর্ত্তা কহিয়াছেন "জ্বররোগীর কফের আধিক্য থাকিলেও দশ দিন অতিবাহিত হইলেই মাংসরসের সহিত ঘৃত প্রয়োগ করা যাইতে পারে ॥" এবং এই শ্লোকেও সেই বিধির পরিপোষণার্থ এণ, লাব প্রভৃতির মাংসের উল্লেখ করিলেন। কিন্তু এস্থলে কথা এই—ঘৃত, কফের বিরোধী সুতরাং কফের আধিক্য থাকিলেও জ্বররোগীকে কি প্রকারে মাংস রসের সহিত ঘৃত প্রদান করা যাইতে পারে? ইহার প্রত্যুত্তরে আয়ুর্ব্বেদ শাস্ত্রকারেরা বলেন, ঘৃত কফের বিরোধী, বলের আকর এবং ত্রিদোষদমনকত্ব শক্তি আছে। অর্থাৎ মাংস আহারে বল বৃদ্ধি হয়, বল বৃদ্ধি হইলেই বায়ু পিত্ত ও কফের দমন হয়। এই হেতু কফের বিরোধী হইলেও, কফাধিক্য অবস্থায় রোগীকে মাংস রসের সহিত ঘৃত সেবন করান যাইতে পারে। যথাঃ—

"বলং স্থূলং নিগ্রহায় দোষাণাং বলকৃচ্ছতং।"

বলের দ্বারা দোষের দমন হয় এবং মাংসরস দ্বারা বল হয়। ভাবপ্রকাশকারও লিখিয়াছেন।

"মাংসংবাতহরং সর্ব্বং বৃংহণং বলপুষ্টিকৃৎ।
প্রীণনং গুরুহৃদ্যঞ্চ মধুরং রস পাকয়োঃ ॥"

সর্ব্বপ্রকার মাংসই বাতনাশক, ধাতুবর্দ্ধক, বল ও পুষ্টিকারক তৃপ্তিকারক, গুরুপাকী, হৃদয়গ্রাহী এবং রসে ও পরিপাকে মধুর।

(র) "সংস্কার করিয়া" অর্থাৎ দ্রব্যান্তরের সংযোগে পাক করতঃ মাংসের উষ্ণতা নিবারণ করিয়া। যেমন আমলকীশীত বীর্য্য, ইত্যাদি শীতবীর্য্য দ্রব্যের সহিত মাংস পাক করিলে, মাংসের উষ্ণতা অপনীত হয়। বিচক্ষণ বৈদ্য, এই রূপে উষ্ণবীর্য্য মাংসের সংস্কার করতঃ মাত্রা স্থির করিয়া অর্থাৎ অল্পমাত্রায় জ্বর রোগীকে আহার করিতে দিবেন। কারণ, অল্প মাত্রায় আহার করিলে গুরুপাকী দ্রব্যও লঘু হয়।

আরো সূক্ষ্মদর্শী আয়ুর্ব্বেদাচার্য্যগণ মাংসকে সুস্বাদু লঘুপাকী ও বিবিধ পীড়ার উপযোগী করিবার নিমিত্ত অশেষবিধ কল্পনায় প্রস্তুত করার উপদেশ দিয়াছেন। স্থানে স্থানে আবশ্যক মতে তাহাদের উল্লেখ করা যাইবে। এস্থলে লঘুপাকী অর্থাৎ যাহা অক্লেশে জীর্ণ হইতে পারে, এরূপ কল্পনাই আবশ্যক। মাংসার্ক, মাংসরস এবং মাংসযূষ এই কএকটি কল্পনাই সর্ব্বাপেক্ষা লঘু অর্থাৎ লঘুপাকী। সাধারণতঃ মাংসার্ক প্রস্তুত করিতে বকযন্ত্রে মাংস চোয়াইয়া লইতে হয়, মাংস রস প্রস্তুত করিতে মাংসের কাথ করিয়া

পিপ্পল্যাদ্য ঘৃত।

পিপ্পল্যাশ্চন্দনং মুস্ত-মুশীরং কটুরোহিণী। কলিঙ্গকাস্তামলকী সারিবাতিবিষে স্থিরা। দ্রাক্ষামলকবিল্বানি ত্রায়মাণা নিদিদ্ধিকা। সিদ্ধমেতৈ-র্ঘৃতং হন্ত্যো জ্বরং জীর্ণমরোচকং। কৃচ্ছ্রং কাসং শিরঃশূলং পার্শ্বশূলং হলীমকং। অংসাভিতাপমগ্নিঞ্চ বিষমং সন্নিযচ্ছতি। পিপ্পল্যাদ্যমিদং কাপি ক্ষুদ্র কীরেণ পচ্যতে॥ ১৭৯॥

সর্পিঃপানাবস্থাং প্রতিপাদ্য সর্পিঃব্যাহ—পিপ্পল্য ইত্যাদি।—কলিঙ্গক ইন্দ্রযবঃ; তামলকী ভূম্যামলকী; সারিবা অনন্তমূলম্, কিংবা বিল্বশলাটুঃ দ্রাক্ষাদিফলসাহচর্য্যাৎ। অত্র যদ্যপি ঘৃতস্য মানং নোক্তং, তথাপি বৃদ্ধবৈদ্যব্যবহারাৎ প্রস্থমাত্রং গৃহ্যতে, অতএবোক্তম্ “অমানবিহিত-মাণানাং স্নেহানাং প্রস্থ ইষ্যতে। অনুক্তে কাথ্যমানে তু পাত্রমেকং প্রশস্যতে”। অন্যে পক্তব্যঘৃতস্য মানানির্দ্দেশে অব্যবস্থিতমানমেবেচ্ছাতঃ পক্তব্যমিতি। যত্র তু প্রস্থাদিমাননির্দ্দেশং করোতি, তত্র তাবন্মানেনৈব স্নেহেন প্রায়ো রোগোপশমো ভবতীতি জ্ঞেয়ম্। তথাহি বাতব্যাধ্যাদৌ ভূরিস্নেহে সাধ্যে ভূয়সীমেব স্নেহমাত্রাং বক্ষ্যতি। তথা অপৌণ্ডরীকাদ্যন্যো যোগিতস্য স্নেহস্য কুড়বমানমেবোক্তম্। কুটোক্তিতিক্তষট্পলাদৌ তু অত্যল্পঘৃতসংবিধানেনৈব তুষ্টেব পক্বস্য ঘৃতস্য কার্য্যকর্তৃত্বং ভবতীতি ভেষজপ্রকারদর্শী মহর্ষির্বোধয়তি।” তত্রৈবাদি কুষ্ঠস্য দীর্ঘরোগতয়া ভূয়সা তিক্তষট্পলেন প্রয়োজনং, তদা পুনঃ পুনঃ ষট্পলমাত্রং ঘৃতং পক্তব্যং “যথা কুর্ব্বন্তি স উপায়ঃ” ইতি বচনাৎ। এবং পানীয়কল্যাণ-গন্ধ্যহরীতক্যাদাবপি প্রতিনিয়তমানকথনপ্রয়োজনং বাচ্যম্। তস্মাৎ যাদৃচ্ছিকমাচার্য্যস্য ক্বচিন্মানাভিধানমনভিধানঞ্চ ক্বচিদিতি। অত্র ক্বচিৎ পুস্তকে হলীমকমিতি পাঠঃ ক্বচিচ্চারোচকমিতি পাঠদ্বয়মপি ন প্রক্ষেপণীয়ম্। যতঃ সুশ্রুতে “জীর্ণজ্বর-শিরঃশূল-গুল্ম-দর-হলীমকান্” ইতি দৃশ্যতে। বাগ্ভটে চ “পিপ্পলীত্রয়বধারনিতিক্তাশারিবামলকতামলকীভিঃ। সিদ্ধমুস্তহিমপানিনিসৈব্যৈঃ দ্রাক্ষয়াতিবিষয়াস্থিরয়া চ। ঘৃতমাশু নিহন্তি সাধিতং জ্বরমগ্নিং বিষমং হলীমকম্। অরু-

লইতে হয়। অপর মাংস যষ প্রস্তুত করিতে বিদল (দাইল) ইত্যাদি বস্তুর সহিত মাংসের কাথ করিয়া লইতে হয়।

মাংসার্ক (অর্থাৎ মাংসের আরক)।

অর্কপ্রকাশকার কার্য্যের সৌকার্য্যার্থে মাংসকে তিনভাগে বিভক্ত করিয়াছেন, যথা,—মৃদুল মাংস (যেমন শশকের মাংস), কঠিন মাংস (যেমন হরিণের মাংস), ঘন মাংস (যেমন অশ্বমাংস)। মৃদুল মাংস স্থূলখণ্ডে ছেদন করিয়া, তাহাতে চত্বারিংশ অংশ (মাংসের চল্লিশভাগের একভাগ) সৈন্ধব লবণ মিশ্রিত করিয়া আস্তে আস্তে জলে ধৌত করিবেক। ধৌত করিয়া পরিষ্কৃত হইলে ষষ্টিতম অংশ (মাংসের ষাটিভাগের একভাগ) অষ্টগন্ধ (তেজপত্র, লবঙ্গ, দারুচিনি, এলাচ, নাগকেশর রেণু, মরিচ ও মৃগনাভি) এবং অষ্টমাংশ ইক্ষুরস (অভাবে দুগ্ধ) দিবেক। তৎপরে যন্ত্র মধ্যে স্থাপন করিয়া চারিগুণ জল এবং তদুপরি জাতী প্রভৃতি সুরভি পুষ্পাচ্ছাদন করিয়া মন্দ মন্দ অগ্নিসন্তাপে চোয়াইয়া লইবেক। কঠিন মাংসের ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড করিয়া, তাহাতে চত্বারিংশ অংশ সৌরাষ্ট্রমৃত্তিকা এবং সৈন্ধবলবণ দিয়া কাঞ্জিক দ্বারা তিনবার এবং ঈষদুষ্ণ জলদ্বারা সাতবার ধৌত করিবেক। তৎপরে পূর্ব্ববৎ অষ্টগন্ধ প্রভৃতি দিয়া চোয়াইয়া লইবে। ঘনমাংস অতিক্ষুদ্র অংশে ছেদন করিয়া পূর্ব্বমাত্রায় সৈন্ধব লবণ দিবেক, তৎপরে শঙ্খদ্রাবক দ্বারা আলোড়ন করিয়া দুগ্ধদ্বারা সাতবার ধৌত করিবেক, অনন্তর পূর্ব্ববৎ অষ্টগন্ধ প্রভৃতি উহাতে দিয়া বক যন্ত্রদ্বারা চোয়াইয়া লইবে।

মাংসরস।

মাংসরস তিনপ্রকার, যথা—ঘন মাংসরস, অচ্ছমাংসরস এবং অচ্ছতর মাংসরস। ঘনমাংসে রস কর্ত্তব্য হইলে চারিসের জলে সেরসের মাংস, অচ্ছমাংসরস কর্ত্তব্য হইলে চারিসের জলে তিন পোয়া মাংস এবং অচ্ছতর মাংস রস কর্ত্তব্য হইলে চারিসের জলে অর্দ্ধপোয়া মাংস দিয়া সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইতে হয়। সর্ব্বত্র অগ্রে মাংস পেষণ করিয়া বটিকাকার (বড়ী) করত ঘৃতে ভাজিয়া লওয়া আবশ্যক।

মাংসযূষ।

দাইল প্রভৃতি বস্তুর মাত্রা অপেক্ষা দ্বিগুণ মাত্রায় মাংস লইয়া কাথাপেক্ষা আট গুণ জল দিয়া একত্র সিদ্ধ করিয়া, চতুর্থাংশ অর্থাৎ চারিভাগের একভাগ অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে।

(মাংসার্কের প্রণালী রাজা কৃষ্ণ অর্ক প্রকাশের দ্বিতীয় অধ্যায় হইতে অনুবাদিত। বিস্তৃত বলিয়া সংস্কৃত বচনগুলি উদ্ধৃত করা হইল না)

চিঃ ভূশতাপমাংসলো সর্ব্বমুৎ পার্শ্বশূলং জ্বরম্” ইতি দৃশ্যতে। তস্মাৎ পাঠদ্বয়মেব যুক্তম্ ॥১৭৯॥

পিপ্পলী, রক্তচন্দন, মুথা, বেণারমূল, কট্‌কী, ইন্দ্রযব, ভূঁইআমলা, অনন্তমূল, আতইচ, শালপাণি, দ্রাক্ষা, আমলকী, ক্ষেতপাপড়া, বহলা ও কণ্টকারী। এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক সহিত চারি সের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। এই ঘৃত সদ্যই জীর্ণজ্বর বিনাশ করে (ল)।

কোন কোন তন্ত্রে এই পিপ্পল্যাদি ঘৃত পাক করিবার সময় জলের পরিবর্ত্তে দুগ্ধের বিধি দিয়া থাকেন। এই ঘৃত দ্বারা, ক্ষয়, কাস, শিরঃপীড়া, পার্শ্ব বেদনা, হলীমক, অঙ্গসন্তাপ ও অগ্নি বৈষম্য নিবারিত হয় ॥ ১৭৯ ॥

যত্রাধিকরণেনোক্তি-র্গণে স্যাৎ স্নেহসংবিধৌ। তত্রৈব কল্কনির্য্যূহাবিষ্যেতি স্নেহবেদিনা। এতদ্বাক্যবলেনৈব কল্কসাধ্যপরং ঘৃতম্ ॥ ১৮০ ॥

অত্র কেচিৎ “কল্ককাথাবনির্দ্দেশে গণাত্তস্মাৎ সমাবপেৎ” ইতি সুশ্রুতবচনাৎ পিপ্পল্যাদীনাং কল্কত্বং কষায়ত্বঞ্চেচ্ছন্তি। অন্যে তু কল্কত্বমেব ব্রুবতে।

অত এতৎসংশয়নিরাসার্থং পরিভাষামাহ যত্রেত্যাদি—অধিকরণেনেত্যধিকারিতয়া; তেন যত্রৈবাচার্য্যেণ গণত্বমধিকৃতং, তত্রৈব বিদারিগন্ধাদিগণাদৌ কল্ক-কষায়কল্পনা। যত্র ত্বধিকৃতগণত্বং নাস্তি, তত্র কল্ককল্পনৈব। এতেন সুশ্রুতোক্তা “কল্ককাথাবনির্দ্দেশে” ইত্যাদিকা পরিভাষা অধিকৃতগণবিষয়ৈব, ন তু তেষজসমূহমাত্রবিষয়া ইতি। ননু সা ভূদুভয়কল্পনা অনিয়মেন কদাচিৎ কল্ককল্পনা কদাচিৎকাথকল্পনা কুতো ন স্যাৎ? ইতি চেন্নৈবম্, কষায়কল্পনায়াং দ্রব্যং ন সাক্ষাৎ প্রধানভূতং স্নেহসাধনে ব্যবহ্রীয়তে। কল্কস্তু সাক্ষাদেব স্নেহসম্বন্ধঃ পঠ্যতে ইতি কল্কস্য প্রাধান্যাৎ তথা বৃদ্ধবৈদ্যব্যবহারাচ্চেত্যাহ এতদ্বাক্যবলেনৈবেত্যাদি। ১৮০।

পূর্ব্বোক্ত পিপ্পল্যাদি ঘৃতে পিপ্পলী প্রভৃতি ঔষধের কল্ক প্রদান করিবে কি কাথ প্রদান করিবে, ইহা আচার্য্যগণ নির্দ্দেশ করেন নাই। সুতরাং গোলোযোগ হইবার সম্ভাবনা। সেই গোলোযোগ নিবারণার্থ পরিভাষা কহিতেছেন। ঘৃতাদি স্নেহপাক কার্য্যে যে স্থানে গণত্ব অধিকার করা হইবে (অর্থাৎ “বিদারিগন্ধাদিগণ” ইত্যাদি গণের উল্লেখ করা যাইবে) তথায় সেই সকল স্নেহকল্ক ও কাথ উভয়ই প্রদান ক

(ল) পূর্ব্বে ঘৃত সেবনের ব্যবস্থা করিয়াছেন, এক্ষণে সেই সকল ঘৃতের পাক প্রণালী ও গুণ কথনার্থ অগ্রেই পিপ্পল্যাদি ঘৃতের ব্যবস্থা করিতেছেন। গ্রন্থকার স্থলে গব্যঘৃত ও পিপ্পলী প্রভৃতি ঔষধ দ্রব্যের কোনও পরিমাণের উল্লেখ করিলেন না, উক্ত ঔষধ সকলের কল্ক কি কাথ লইতে হইবে, তাহারও উল্লেখ করিলেন না এবং কত জল দিয়া ঘৃত পাক করিতে হইবে তাহার কথাও কিছু বলিলেন না। সুতরাং বৃদ্ধ বৈদ্যদিগের ব্যবহারানুসারে বুঝিতে হইবে, গব্য ঘৃত /৪ চারি সের যথা—

“অনির্দ্দিষ্ট প্রমাণানাং স্নেহানাং প্রস্থ ইষ্যতে।”

ঘৃতাদি স্নেহ পদার্থের পরিমাণ নির্দ্দেশ না থাকিলে এক প্রস্থ পরিমাণ বুঝিতে হইবে। এক প্রস্থ অর্থাৎ /২ দুই সের, কিন্তু দ্রবের পর পরিমাণের দ্বৈগুণ্য বুঝিতে হইবে বলিয়া /৪ চারি সের।

ঔষধ দ্রব্যের কল্কের পরিমাণ না থাকিলেও ঘৃতের চারিভাগের এক ভাগ অর্থাৎ সর্ব্বশুদ্ধ /১ এক সের বুঝিতে হইবে এবং জলের উল্লেখ না থাকিলেও স্নেহপাক কার্য্যে সর্ব্বত্রই জল প্রয়োগ করিতে হইবে। পরে এই বিষয় বলিবেন এবং ঘৃত পাকে পিপ্পলী প্রভৃতি ঔষধ দ্রব্যের কাথ না দিয়া কল্কই দিতে হইবে। একথাও পরে বলিবেন। স্নেহপাকের প্রণালী এই যথা:—

পিপুল প্রভৃতির কল্ক /১ এক সের লইয়া তাহা /৪ চারি সের গব্য ঘৃতে নিক্ষেপ করতঃ তাহাতে /১৬ ষোল সের জল দিয়া (মতান্তরে দুগ্ধ দিয়া) মন্দ মন্দ অগ্নির উত্তাপে পাক করিবে। যথা বিহিত নিয়মানুসারে পাক করিয়া পরে ঐ ঘৃত ছাঁকিয়া লইবে। মাত্রা রোগীর বয়স বিবেচনা করিয়া ।০ অর্দ্ধ তোলা হইতে ২ তোলা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে।

রিতে হইবে। আর যেখানে গণন অধিকার করা যাইবে না, তথায় সেই সকল ঔষধের কল্কই গ্রহণ করিতে হইবে। স্নেহপাকপটু ব্যক্তিগণ ইহাই সিদ্ধান্ত করিয়া গিয়াছেন। অতএব উক্ত ঘৃতপাক কার্য্যে পিপ্পলী প্রভৃতি ঔষধ দ্রব্যের কল্কই প্রদান করিবে, বাক্যবলে ইহাই মীমাংসিত হইল ॥ ১৮০ ॥

জলস্নেহৌষধানাস্তু প্রমাণং যত্র নেরিতম্। তত্র স্যাদৌষধাৎ স্নেহঃস্নেহাত্তোয়ং চতুর্গুণম্। অনুক্তে দ্রবকার্য্যে তু সর্ব্বত্র সলিলং মতম্ ॥ ১৮১ ॥

জলস্নেহেত্যাদৌ জলশব্দো দ্রবমাত্রোপলক্ষকঃ। ১৮১।

যেস্থলে জল অর্থাৎ দ্রব পদার্থ মাত্র, স্নেহ অর্থাৎ ঘৃতাদি এবং ঔষধ অর্থাৎ পিপ্পলী প্রভৃতি; ইহাদের পরিমাণ বলা না যাইবে, সেস্থলে ঔষধ অপেক্ষা চারিগুণ স্নেহ পদার্থ এবং স্নেহ পদার্থ অপেক্ষা চারিগুণ দ্রব পদার্থ প্রদান করিতে হইবে। অর্থাৎ যেখানে স্নেহ (ঘৃত) ৪ চারি সের পাক করিতে হইবে তথায় স্নেহের চতুর্থাংশ (/১ এক সের) কল্ক এবং স্নেহের চতুর্গুণ (।৬ ষোল সের) দ্রব অর্থাৎ কাথাদি গ্রহণ করিতে হইবে। অপর ঘৃতাদি স্নেহপাক কার্য্যে দ্রব দ্রব্যের উল্লেখ না থাকিলেও সর্ব্বত্রই জল দিতে হইবে (ব) ॥ ১৮১ ॥

ঘৃততৈলগুড়াদীংশ্চ নৈকাহাদবতারয়েৎ। ব্যুষিতাস্তু প্রকুর্ব্বন্তি বিশেষেণ গুণান্ যতঃ ॥ স্নেহকল্কো যদাঙ্গুল্যাবর্ত্তিতো বর্ত্তিবদ্ভবেৎ। বহ্নৌ ক্ষিপ্তে চ নো শব্দস্তদা সিদ্ধিং বিনির্দ্দিশেৎ ॥ শব্দস্যোপরমে প্রাপ্তে ফেণস্যোপরমে তথা। গন্ধবর্ণরসাদীনাং সম্পত্তৌ সিদ্ধিমাদিশেৎ ॥ ১৮২

ঘৃত, তৈল ও গুড় প্রভৃতির পাক সদ্য সম্পন্ন করা কর্ত্তব্য নয়, অর্থাৎ যে দিবস পাক করিবে সেই দিনে পাক শেষ না করিয়া ক্রমে ক্রমে পাক করিবে। কারণ বাসি করিয়া পাক করিলে উহা বিশেষ ফলদায়ক হয়। স্নেহের পক্কাবস্থায় অর্থাৎ পাক শেষ হইলে স্নেহ (ঘৃত ও তৈল) মধ্যস্থ কল্ক তুলিয়া অঙ্গুলি দ্বারা আবর্ত্তন করিলে যখন বাতির ন্যায় হইবে এবং উহা অঙ্গুলিতে লাগিবে না এবং ইহা অগ্নিতে নিক্ষেপ করিলেও চট্‌চটে শব্দ হইবে না তখন স্নেহ প্রকৃত রূপে পাক হইয়াছে বলিয়া জানিবে। আর নিম্নলিখিত লক্ষণগুলিও স্নেহ পাকের শেষ অবস্থায় হইয়া থাকে। যথা,—স্নেহপাকের সময়ে যে শব্দ হইতে থাকে, তখন দেখা যাইবে, সেই শব্দের নিবৃত্তি হইয়াছে, স্নেহের ফেণোদ্গমেরও নিবৃত্তি হইয়াছে

(ব) ঘৃতাদি স্নেহ পাক কার্য্যে কল্ক দ্রব্য ও দ্রবদ্রব্য এই উভয় দ্রব্যেরই আবশ্যক। কল্কদ্রব্য যেমন, পিপ্পল্যাদি ঘৃতে পিপ্পলী প্রভৃতি। দ্রব দ্রব্য যথা—দুগ্ধ, জল, কাথ, কাঁজি প্রভৃতি। যদি স্নেহপাক কার্য্যে কোন স্থানে কোনরূপ দ্রব পদার্থের উল্লেখ না থাকে, তাহা হইলে জল দিতে হইবে। এই জলের মাত্রা স্নেহের চারি গুণ [illegible] আবশ্যক, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। এস্থলে [illegible] বুঝিতে হইবে, যদি কোন স্থানে অন্য কোনও দ্রব পদার্থের উল্লেখ না থাকে, কেবল দুগ্ধের উল্লেখ থাকে এবং তাহার মাত্রা লেখা না থাকে, তাহা হইলে স্নেহের চারি গুণ দুগ্ধ দিতে হইবে। কিন্তু এস্থলে জানা আবশ্যক যে, তরল বস্তু সর্ব্বত্রই দ্বিগুণ গ্রহণ করিতে হইবে, সুতরাং উক্ত উভয় স্থানে চতুর্গুণের স্থলে অষ্ট গুণ বুঝিতে হইবে। আর যদি কোন স্থানে অন্যবিধ দ্রব পদার্থের উল্লেখ থাকে এবং দুগ্ধেরও উল্লেখ থাকে, অথচ দুগ্ধের পরিমাণাদির কিছুই উল্লেখ না থাকে, তবে সেই স্থলে দুগ্ধ স্নেহ পদার্থের সমভাগ প্রদান করাই কর্ত্তব্য।

ক্বাথঃ" ইত্যাদিনা গ্রন্থেন পঠিতং। তেন জতূকর্ণে মসূরকমার্কণ্ডেয়াস্থোয়েথপাঠাৎ কুডবৈকগুণমেব জলস্য ভবতি। তৎক্বাথ্যাদ্রব্যেষ্বপি মধুকাষ্ট-পলোত্তেষ্বভিহিতেষ্বপি ক্বাথ্যে কুডবদ্বয়নিরপেক্ষ্য কুডবৈকগুণ্যমেব জলং দেয়ম্। এবমন্যদনুসরণীয়ম্। অত্র কেচিৎ কুডবদ্বয়াপি দ্বৈগুণ্যং নেচ্ছন্তি, যদি হি দ্বিগুণঃ কুডবঃ স্যাৎ, তদা ক্বাথ্যাচতুর্গুণমিত্যাদি কল্কশ্চ স্নেহপাদিক ইতি পরিভাষা সর্ব্বতন্ত্রসিদ্ধা বাধিতা স্যাদিতি; যতঃ সুশ্রুতে "স্নেহতুল্যং স্যাদ্যোগে কল্কপলং কল্ক-মিষ্টং" ইত্যুক্তম্, তথা চ কৃষ্ণাত্রেয়েণাপ্যুক্তং "স্নেহপাকবিধৌ যত্র প্রমাণং নোদিতং ক্বচিৎ স্নেহস্য কুডবং তত্র পচেৎ কল্কপলেন তু" ইতি। অত্র হি যদি কুডবশ্চতুষ্পলরূপঃ স্যাৎ, তদৈব কল্কপলস্য স্নেহপাদিকত্বং ঘটতে। অষ্টপলরূপত্বে কল্কপলস্য স্নেহাপেক্ষয়া অষ্টভাগত্বমেব স্যাদিতি। এতচ্চ নাতিসাধু, যতঃ সুশ্রুত এব "স্নেহকুডবে সাধ্যে ক্বাথ্যদ্রব্যপ্রক্ষেপো বিধেয়ঃ" ইত্যুক্তম্। তত্র কুডবেনৈব যদি স্নেহপলচতুষ্টয়ং গৃহ্যতে, তদা চতুঃপলস্নেহে ষোড়শপলক্বাথ্যগ্রহণং স্যাৎ। ন চ তথা ব্যবহরন্তি, ক্বাথ্যষোড়শপলং হি অষ্টপল এব স্নেহে গৃহ্যতে, তস্মাদস্মাকমেতৎ কুডবদ্বৈগুণ্যং নেতি দ্বৈগুণ্যং কুডবে যুক্তম্। অপাত্তমার্দ্রীকত্বাৎ মধুকং কুডবং মন্দ্রকেণোক্তং তন্ত্রান্তরে "মধুকস্য পলাষ্টকম্" ইতি পঠ্যতে, তথা তন্ত্রান্তরে "ত্রায়মাণা চতুঃপলং পক্বং দশকেঽম্ভসি স্থেষিতং। কুডবে কুডবাম্ভ সর্পিঃক্ষীরধাত্রীরসান্ পচেৎ" ইত্যুক্তম্; তত্র যদি চতুষ্পলং কুডবঃ স্যাৎ তদা চরকোক্ত ত্রায়মাণাঘৃতেন সহ বিরোধঃ স্যাৎ। তথাহি "জলে দশগুণে সাধ্যং ত্রায়মাণা চতুষ্পলম্", ইত্যাদি যাবৎ "রসস্যামলকানাঞ্চ ক্ষীরস্য চতুরঃ চ। পলানি পৃথগষ্টৌ দত্ত্বা সম্যগ্বিপাচয়েৎ।" তথান্যত্রাপ্যুক্তম্। "আর্দ্রদ্রব্যদ্রবদ্রব্যপলে দ্বৈগুণ্যমেব চ। শুষ্ক দ্রব্যচতুষ্কেণ কুডবঃ সমুদাহৃতঃ" ইতি। তস্মাৎ কুডবে দ্বৈগুণ্যং সাধু, যত্তু অষ্টপলেঽপি স্নেহে কল্কস্য পলমানত্বং, তৎস্বল্পসাধ্যস্নেহাভিপ্রায়েণ পুষ্পকল্কাভিপ্রায়েণ বা জ্ঞেয়ম্। যদুক্তং "স্নেহে সিধ্যতি শুদ্ধাম্বুনিঃক্বাথস্বরসৈঃ ক্রমাৎ। কল্কস্য ষোড়শাংশং চতুর্থং ষষ্ঠমষ্টমম্" তথা "কল্কস্য কোমলদ্রব্য কর্কশানুদ্যানাদ্যয়োঃ। কল্কাদ্যত্বাৎ পুষ্পকল্কং প্রদদ্যাত্ চতুঃপলম্" ইতি। অত্র স্নেহপ্রস্থাপেক্ষয়া চতুঃপলং কল্কং স্নেহাদষ্টমভাগমত্র জ্ঞাতব্যম্। বিশেষবচনেন কল্কস্য স্নেহপাদিক ইতি সামান্য বচনস্য বাধা ক্বচিদ্বিষয়বিশেষেন ভবতীতি ন বিরোধমাবহতীতি। জলাবতিরিক্তপাকেন সর্ব্বথা যুক্তমবধারণীয়মেতদেব যথা কুশলবৈদ্যাঃ সম্প্রতিপদ্যন্তে। কিঞ্চ

পুনরস্মদীয়চরকভাষ্যপ্রদীপিকায়ামেব গবেষণীয় ইতি ॥ ৮৫ ॥

যে সকল দ্রব্যের ক্বাথ প্রস্তুত করিতে হয় তাহাদিগকে ক্বাথদ্রব্য বলে। ক্বাথ্য দ্রব্যের পরিমাণ যত, তাহার চতুর্গুণ জলে উক্ত ক্বাথ্য দ্রব্য সকল পাক করিয়া চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইতে হইবে। কিন্তু তরল দ্রব্য দ্বিগুণ রূপে গ্রহণ হয় বলিয়া চতুর্গুণ জলের স্থলে আটগুণ বুঝিয়া লইতে হইবে। অর্থাৎ ক্বাথ্যদ্রব্য ৮ আট সের হইলে ৬৪ সের জলদ্বারা সিদ্ধ করিয়া ষোল সের অবশিষ্ট থাকিতে নাবাইয়া ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথের যত পরিমাণ, ঘৃত তৈলাদি স্নেহপদার্থের পরিমাণ তাহার চারি ভাগের এক ভাগ হওয়া আবশ্যক। স্নেহপদার্থের পরিমাণ যত, দুগ্ধের পরিমাণও তত। স্নেহপদার্থ যে পরিমাণ, কল্কদ্রব্য তাহার চারিভাগের একভাগ। ক্বাথ্য দ্রব্যের পরিমাণ অপেক্ষা জলের পরিমাণ সর্ব্বত্রই যে চারিগুণ হইবে, তাহা নহে, ক্বাথ্য দ্রব্যের কোমলতা ও কাঠিন্য অনুসারে জলেরও পরিমাণ, চারিগুণ, আটগুণ ও ষোলগুণ পর্য্যন্ত হইবে। অর্থাৎ কোমল ক্বাথ্য দ্রব্য পাক করিতে হইলে চারিগুণ জল, কঠিন ক্বাথ্য দ্রব্য পাক করিতে হইলে আটগুণ জল এবং অতি কঠিন ক্বাথ্যদ্রব্য পাক করিতে হইলে ষোলগুণ জল দিতে হইবে।

যেস্থলে, এক, দুই, তিন বা চারিটি দ্রব-পদার্থের সহিত ঘৃত তৈলাদি স্নেহ পদার্থের পাকক্রিয়া সম্পন্ন করিতে হইবে, তথায় প্রত্যেক দ্রব-পদার্থই স্নেহপদার্থের (ঘৃত তৈলাদির) চতুর্গুণ গ্রহণ করিবে। আর যেখানে পাঁচ,

হয়, কিম্বা ততোধিক দ্রব-পদার্থের সহিত ঘৃততৈলাদি স্নেহ-পদার্থের পাক-কার্য্য নির্ব্বাহ করিতে হয়, তথায় সমস্ত দ্রব-পদার্থের পরিমাণই ঘৃত তৈলাদি স্নেহ-পদার্থের সমান গ্রহণ করা আবশ্যক ॥ ১৮৫ ॥

বাসাদ্যঘৃতং—

বাসাং গুড়ূচীং ত্রিফলাং ত্রায়মাণাং যবাসকম্। পক্ত্বা তেন কষায়েণ পয়সা দ্বিগুণেন চ ॥ পিপ্পলীমূলমৃদ্বীকা-চন্দনোৎপলনাগরৈঃ। কল্কীকৃতৈশ্চ বিপচেৎ ঘৃতং জীর্ণজ্বরাপহম্ ॥ ১৮৬ ॥

পঞ্চপ্রভৃতীত্যাদিপরিভাষার্থং পূর্ব্বাসাদ্যঘৃতব্যাখ্যাবসর এব ব্যক্তীকরিষ্যামঃ।

বাসামিত্যাদি।—যবাসকং দুরালভা। অত্র চকারাৎ বাসাদিক্বাথোঽপি ঘৃতাদ্দ্বিগুণ ইত্যাহুঃ। যুক্তঞ্চৈতৎ, যতঃ স্নেহপাকে চতুর্গুণমেব দ্রবম্বুৎসর্গসিদ্ধম্; "স্নেহাত্তোয়ং চতুর্গুণং" ইতি বচনাৎ। তোয়শব্দোঽপি তত্র দ্রবমাত্রোপলক্ষক ইতি। অত্র দ্বাভ্যামপি চাতুর্গুণ্যমিত্যাদি পরিভাষয়ৈব ক্ষীরকষায়য়োঃ প্রত্যেকং দ্বৈগুণ্যে সিদ্ধে চকারোঽয়ং ক্বাথচাতুর্গুণ্যার্থ ইতি কেচিৎ। অন্যে তু পরিভাষাবলাৎ যদ্যপি ক্ষীরং কষায়শ্চ দ্বিগুণ এব লভ্যতে, তথাপি স্পষ্টার্থং ক্ষীরদ্বৈগুণ্যাভিধানমিত্যাহুঃ। তন্ন, ক্ষীরস্য হি নামামুক্তৌ "ক্বাথ্যাচ্চতুর্গুণং বারি পাদস্থং স্যাচ্চতুর্গুণম্। স্নেহাৎ স্নেহসমং ক্ষীরং কল্কশ্চ স্নেহপাদিকঃ" ইতি বচনাৎ ক্ষীরস্য দ্রবান্তরসান্নিধ্যেঽপি স্নেহসমত্বমেব স্যাৎ। ততঃ কষায়ভাগত্রয়ং ক্ষীরভাগশ্চৈক ইতি কৃত্বা দ্বাভ্যামপি চাতুর্গুণ্যমিতি পরিভাষাবোঽপ্যনুগৃহীতো ভবতি। তস্মাৎ কর্ত্তব্যং ক্ষীরদ্বৈগুণ্যাভিধানম্। অন্যে তু দ্বাভ্যামপি চাতুর্গুণ্যমিতি পরিভাষায়াঃ প্রত্যেকমেব দ্রবেণ চাতুর্গুণ্যমিত্যাহুঃ। তন্মতে চ কষায়স্য চাতুর্গুণ্যং, ক্ষীরস্য দ্বৈগুণ্যমেব "পয়সা দ্বিগুণেন চ" ইতি বচনাৎ। তন্ন একেনাপি চাতুর্গুণ্যং, দ্বাভ্যামপি চাতুর্গুণ্যং, ত্রিভিরপি চাতুর্গুণ্যম্, চতুর্ভিঃ সমমিতি বচনেন চতুর্ভিঃ স্নেহসমতাভিধানেন স্নেহচাতুর্গুণ্যমেব দ্রবস্যোক্তম্। অতো দ্বাভ্যাং ত্রিভিরপি তথা চাতুর্গুণ্যং কার্য্যম্। যথা স্নেহচাতুর্গুণ্যং স্যাৎ তথা ত্রিভিরেব চাতুর্গুণ্যং সিধ্যতি, ন প্রত্যেকমিত্যর্থঃ। কিন্তু যদি প্রত্যেকং চাতুর্গুণ্যং বিবক্ষিতং স্যাত্তদা যথোক্তবলাৎ ক্বাথচতুর্গুণমিতি কুর্য্যাৎ। তৃতীয়ানির্দ্দেশেন কেনাপিত্যাৎ চতুর্ণাং মিলিতানামেব চাতুর্গুণ্যং প্রতীয়ত ইতি। অত এবৈতৎপরিভাষাবলাৎ "পঞ্চপ্রভৃতি যত্র স্যুর্দ্রবাণি স্নেহসন্নিধৌ। তত্র স্নেহসমান্যাহুরর্বাক্ তু স্যাচ্চতুর্গুণম্" ইতি মিলিতৈরেব চাতুর্গুণ্যম্। অন্যথা এতদ্বচনয়োর্বিরোধো দুষ্পরিহরঃ স্যাৎ। অন্যে তু "অর্ব্বাক্ স্যাচ্চ চতুর্গুণম্" ইতি প্রত্যেকমেব চাতুর্গুণ্যম্। অন্যথা যত্র যত্র স্নেহপাকে চত্বারি দ্রবাণি সন্তি তত্র যদি দ্রবচতুষ্টয়স্য মিলিত্বা চাতুর্গুণ্যং স্যাৎ তদা স্নেহসমান্যাহুরেতাবতাপি দ্রবচতুষ্টয়স্য মিলিত্বা চাতুর্গুণ্যে সিদ্ধে, অর্ব্বাক্ স্যাত্তু চতুর্গুণমিতি বচনং তাবদেকদ্বিত্রিদ্রবাণিবিষয়ে চরিতার্থমেব। যত্র বা দ্রবচতুষ্টয়বিষয়ে অচরিতার্থমিত্যাহ তত্রাপি ন বক্তব্যতিঃ। যস্মাদেকেনাপি চাতুর্গুণ্যমিত্যাদি চতুর্ভিঃ সমমিত্যন্তয়া পরিভাষয়া দ্রবচতুষ্টয়বিষয়ে তাবন্মিলিত্বা চাতুর্গুণ্যং নিষ্কমেব। তদিদমানীং প্রত্যেকং স্নেহসমত্বেন সাধ্যতাম্; অর্ব্বাক্ স্যাত্তু চতুর্গুণমিতি বচনেন সাধ্যতামিতি। অন্যে পুনরনয়োর্বিরোধাদনুপপত্ত্যা চতুঃপ্রভৃতীনি পঠন্তি। শ্রীকণ্ঠোঽপি গুণাধিকারে পরিভাষাগ্রামস্যাং চতুঃপ্রভৃতীতি পাঠমেব স্বীকৃতবান্ ॥ ১৮৬ ॥

বাসক, গুলঞ্চ, ত্রিফলা (অর্থাৎ হরীতকী, আমলকী ও বহেড়া), বহলা (বলালতা বা বলা ডুমুর), দুরালভা; এই সকলের ক্বাথ, এই ক্বাথের পরিমাণ সর্ব্বসমষ্টিতে /৮ আটসের। (ঘ) এবং পিপুলমূল, দ্রাক্ষা, রক্তচন্দন, নীলোৎপল, ও শুঁঠ; এই সকলের উত্তম রূপ কুট্টিত কল্ক গ্রহণ করিবে। এই কল্কের পরিমাণ ও সর্ব্বশুদ্ধ /১ এক সের। দুগ্ধ /৮ আট সের ও ঘৃত /৪ চারি সের। প্রথমতঃ কল্কদ্রব্য ও উপযুক্ত পরিমাণ জল সহিত ঘৃত পাক করিয়া ক্রমে ক্বাথ

(ঘ) "পয়সা দ্বিগুণেন চ", এস্থলে দুগ্ধ ক্ষীর যোগবশতঃ দুগ্ধও ঘৃতের দ্বিগুণ এবং ক্বাথও ঘৃতের দ্বিগুণ বুঝিতে হইবে। এবং ঘৃত চারিসেরের উল্লেখ না থাকিলেও ঘৃত বুঝিতে হইবে এবং পরিমাণের উল্লেখ না থাকিলেও পূর্ব্ববৎ চারি সের ধরিতে হইবে। সুতরাং দুগ্ধও আটসের ক্বাথও আটসের বুঝিতে হইবে।

ক্ষীরসাধন পরিভাষায়াহ দ্রব্যাদিত্যাদি। ত্রিকণ্টকেত্যাদৌ গুড়ঃ প্রক্ষেপ্যঃ; গুড়পাকস্য নিপু যোজনত্বাদিত্যাহুঃ॥ ১৯১॥

দুগ্ধ পাকের প্রণালী যথা,—যে সকল ঔষধ দ্রব্যদ্বারা দুগ্ধ পাক করিতে হয় সেই সকল ঔষধ দ্রব্যের যত পরিমাণ, তাহার আট গুণ দুগ্ধ এবং দুগ্ধ অপেক্ষা চারিগুণ জল দিয়া সিদ্ধ করিতে হইবে। সিদ্ধ করিতে করিতে যখন সমুদায় জল মরিয়া দুগ্ধমাত্র অবশিষ্ট থাকিবে, তখন দুগ্ধ পাক সম্পন্ন হইয়াছে জানিবে। পরে (ক) নামাইয়া ছাঁকিয়া লইবে।

গোক্ষুর, বেড়েলা, বেল-ছাল, শুঁঠ; এই সকল দ্রব্যের সহিত পূর্ব্বোক্ত নিয়মানুসারে দুগ্ধ পাক করিয়া সেই পক্ক দুগ্ধে উপযুক্ত পরিমাণ গুড় প্রক্ষেপ করতঃ সেবন করিলে, কোষ্ঠশুদ্ধি ও প্রস্রাব হয় এবং শোথ সংযুক্ত জ্বররোগ শীঘ্র নিবারিত হইয়া থাকে (খ)॥১৯১॥

বৃশ্চীরবিল্ববর্ষাভূপয়শ্চোদকমেব চ।
পচেৎ ক্ষীরাবশিষ্টন্তু তদ্ধি সর্ব্বজ্বরাপহম্॥ ১৯২॥

বৃশ্চীরেত্যাদৌ বৃশ্চীরঃ শ্বেতপুনর্নবা, বর্ষাভূঃ রক্তপুনর্নবেতি। অত্রোদকক্ষীরয়োঃ কথনাৎ পূর্ব্ববদেব মানম্॥ ১৯২॥

(ক) আয়ুর্ব্বেদকারেরা, চারিগুণ জল দিয়া পাক করিয়া সেই ক্ষীরাবশেষ, অথবা ধারোষ্ণ দুগ্ধ (দোহনাবসানে সেই ফেণময় উষ্ণ দুগ্ধ) কিম্বা শীতল দুগ্ধ, এই ত্রিবিধ দুগ্ধকেই জ্বরনাশক বলিয়া উল্লেখ করিয়াছেন। যথা,—

"চতুর্গুণেনাম্ভসাচ শৃতং জ্বরহরং পয়ঃ।
ধারোষ্ণং বা [illegible] শীতলমথবা [illegible]।"

ইহার অর্থ এই, চারিগুণ জল দিয়া পাক করিয়া শীতল হইলে সেই দুগ্ধ, ধারোষ্ণ দুগ্ধ ও শীতল দুগ্ধ, ইহারা সকল জ্বরনাশক।

(খ) গোক্ষুরাদি [illegible] তোলা, দুগ্ধ (ঔষধের আটগুণ) ১৬ তোলা, এবং জল (দুগ্ধের চারিগুণ) ৬৪ তোলা, একত্র পাক করিয়া দুগ্ধাবশেষ অবস্থায় নামাইয়া অর্দ্ধ তোলা গুড় [illegible] পূর্ব্বক সেবন করিবে।

শ্বেতপুনর্নবা, বেল-ছাল, রক্তপুনর্নবা; এই সকল দ্রব্যের সহিত পক্ক দুগ্ধ পান করিলে সর্ব্বপ্রকার জ্বরপ্রশমিত হয়। ইহার পাক প্রণালীও পূর্ব্বের ন্যায়, অর্থাৎ শ্বেতপুনর্নবাদি ঔষধ দ্রব্য দুই তোলা, দুগ্ধ ষোল তোলা ও জল চৌষট্টি তোলা। একত্র পাক করিয়া জল মরিয়া দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে॥ ১৯২॥

শীতং বোষ্ণং জ্বরে ক্ষীরং যথাস্বৈরৌষধৈর্যুতম্। এরণ্ডমূলসিদ্ধং বা জ্বরে সপরিকর্ত্তিকে॥ ১৯৩॥

শীতং বেত্যাদৌ বিকল্প ইচ্ছাবিশেষকৃতঃ, কিম্বা বাতে উষ্ণং, পিত্তে শীতমিতি। এরণ্ডেত্যাদি।—অত্র বিল্বফলসিদ্ধং দুগ্ধমপি বোধ্যং চরকোক্তত্বাৎ। জ্বরে কর্ত্তনবৎপীড়া পরিকর্ত্তিকা॥ ১৯৩॥

দুগ্ধ পাক করিবার কালে, যেরূপ স্থলে যেরূপ ঔষধদ্বারা পাক করা যুক্তিযুক্ত হইবে অর্থাৎ যথাযোগ্য ঔষধ সহিত দুগ্ধ পাক করিয়া, উষ্ণ বা শীতল (গ) অবস্থাতে রোগীকে পানার্থ প্রদান করিবে। আর যদি জ্বর রোগীর গুহ্যদ্বারে কর্ত্তনবৎ বেদনা থাকে, তাহা হইলে এরণ্ডমূলের সহিত দুগ্ধ পাক করিয়া সেবন করাইবে॥ ১৯৩॥

জ্বরিতেভ্যো বহুদোষেভ্য ঊর্দ্ধঞ্চাধশ্চ বুদ্ধিমান্। দদ্যাৎ সংশোধনং কালে কল্পে যদুপদেক্ষ্যতে॥ ১৯৪॥

সংশোধনাবস্থামাহ জ্বরিতেভ্য ইত্যাদি।—বহুদোষেভ্য ইতি [illegible] সংশোধনমিতি [illegible]

(গ) "উষ্ণ বা শীতল দুগ্ধ" [illegible] ইচ্ছানুসারে সেবন করিতে দিবে। [illegible] শীতল বা উষ্ণ যাহা ইচ্ছা হয় তাহাই প্রদান করিবে। অথবা—বাতিকজ্বরে উষ্ণ দুগ্ধ, পৈত্তিকজ্বরে শীতল দুগ্ধ, [illegible] উষ্ণ দুগ্ধ এবং বাতপৈত্তিকজ্বরে শীতল দুগ্ধ প্রদান করিবে।

যুক্তম্। কাল ইতি যথোক্তবমন-বিরেচন-যোগ্য-জ্বরাবস্থায়াম্। কল্প ইতি কল্পস্থানে বক্ষ্যে বমূ-পক্রেক্যতে অক্রেয়ম্ ॥ ১৯৪ ॥

জ্বররোগীর শরীরে বহু দোষের সঞ্চয় থাকিলে অর্থাৎ যদি বায়ু পিত্ত ও কফের প্রবলতা দৃষ্ট হয়, তাহা হইলে বুদ্ধিমান্ বৈদ্য যথোক্ত বমন ও বিরেচনের দ্বারা তাহাকে ঊর্দ্ধ সংশোধন অর্থাৎ বমন এবং অধঃ-সংশোধন অর্থাৎ বিরেচন প্রদান করতঃ শুদ্ধ করিবেন। কিন্তু অল্প দোষে বমন বা বিরেচন বিধেয় নয়। চরক গ্রন্থের কল্প স্থানে যে বমন ও বিরেচন কারক ঔষধের ব্যবহার আছে তাহাই যথা বিহিত সময়ে বমন ও বিরেচনের উপযুক্ত রোগীকে সেবন করিতে দিবেন ॥ ১৯৪ ॥

মদনং পিপ্পলীভির্বা কলিঙ্গৈর্মধুকেন-বা। যুক্তমুষ্ণাম্বুনাপীতং বমনং জ্বর শান্তয়ে ॥ ১৯৫ ॥

বমন-যোগত্রয়মাহ মদনমিত্যাদি।—মদনং পিপ্পলীযুক্তং কফে। কলিঙ্গম্ ইন্দ্রযবঃ, তদ্-যুক্তং পিত্তকফে, যষ্টিমধুযুক্তন্তু দাহপ্রায় ইত্যাহুঃ ॥ ১৯৫ ॥

বমন যোগ ত্রিবিধ। উষ্ণজলে মদন ফল নিক্ষেপ করিয়া যথাক্রমে পিপ্পলী অথবা কলিঙ্গ (অর্থাৎ ইন্দ্রযব) কিম্বা মধুক (অর্থাৎ যষ্টিমধুর) সহিত পান করিবে। অর্থাৎ কফের আধিক্য থাকিলে পিপুলের সহিত, পিত্ত ও কফের আধিক্য থাকিলে ইন্দ্রযবের সহিত এবং দাহ থাকিলে যষ্টিমধুর সহিত মদনফল সেবন করিবে। উহাদ্বারা বমন হইয়া জ্বর নিবৃত্তি পায় ॥ ১৯৫ ॥

আরগ্বধং বা পয়সা মৃদ্বীকানাং রসেন বা। ত্রিবৃতাং ত্রায়মাণাং বা পয়সা জ্বরিতঃ পিবেৎ ॥ ১৯৬ ॥

চতুরো বিরেচনযোগানাহ আরগ্বধমিত্যাদি।—অত্র চরকে বাভটে চ ত্রিবৃতাস্থলে ত্রিফলা পাঠো দৃশ্যতে, টীকাকৃদ্ভিশ্চ ত্রিফলৈব ব্যাখ্যায়তে। ১৯৬।

বিরেচন যোগ চতুর্ব্বিধ। জ্বরাতুর ব্যক্তিকে নিম্নলিখিত চতুর্ব্বিধ বিরেচন প্রয়োগ করিবে;—

১। সোঁদালের আটা দুগ্ধের সহিত প্রয়োগ করিবে।

২। সোঁদালের আটা দ্রাক্ষারসের সহিত প্রয়োগ করিবে।

৩। তেউড়ীচূর্ণ দুগ্ধের সহিত প্রয়োগ করিবে (ঘ)

৪। বলালতা দুগ্ধের সহিত প্রয়োগ করিবে।

এই চারি প্রকার বিরেচনের মধ্যে অন্যতম বিরেচন সেবন করিবে। ইহাদিগের মাত্রা এইরূপ ব্যবহার হইতে দেখা যায়, যথা—সোঁদালের আটা ছয় আনা হইতে অর্দ্ধতোলা, তেউড়ীর চূর্ণ চারি আনা হইতে ছয় আনা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে ॥ ১৯৬ ॥

জ্বরক্ষীণস্য ন হিতং বমনং ন বিরেচনম্। কামন্তু পয়সা তস্য নিরূহৈর্বা হরেন্মলান্ ॥ প্রয়োজয়েৎক্ষীরবস্তীন্ নিরূহান্ সানুবাসনান্। পক্বাশয়গতে দোষে বক্ষ্যন্তে যে চ সিদ্ধিষু ॥ ১৯৭ ॥

জ্বরক্ষীণস্যেত্যাদি শ্লোকৈঃ। সিদ্ধিষু সিদ্ধিস্থানেষু ॥ ১৯৭ ॥

জীর্ণজ্বর ভোগ করিয়া যাহার শরীর নিতান্ত ক্ষীণ হইয়াছে, তাহার পক্ষে বমন বা বিরেচন কিছুই হিতকারী নহে। কথাবার্ত্তা কিম্বা যেহ দ্রব্যদ্বারা

(ঘ) চক্রদত্তের বচনে, দুধের সহিত "ত্রিবৃতা" পান করিবে, কিন্তু চরক ও বাগভট্ট বলেন, "যথা নিবদ্ধ ত্রিফলা" অর্থাৎ জলের সহিত ত্রিফলা পান করিবে। এজন্য টীকাকারেরা "ত্রিবৃতা" স্থলে, "ত্রিফলা" ব্যাখ্যা করিয়াছেন।

পিচ্কারি প্রয়োগ করতঃ আহার মল নিঃসারণ করাই কর্ত্তব্য। অথবা উষ্ণ দুগ্ধ পান করাইয়া মল নিঃসৃত করান যাইতে পারে। (ঙ)

যে জীর্ণ জ্বরাক্রান্ত রোগীর দোষ (অর্থাৎ বায়ু, পিত্ত, কফ) পক্বাশয়গত হয়, তাহাকে চরকের সিদ্ধিস্থানোক্ত অধ্যায়ে যে সকল জ্বরনাশক নিরূহন ও অনুবাসন (চ) ক্রিয়া উক্ত আছে তাহাই প্রয়োগ করা কর্ত্তব্য। তদ্দ্বারা পক্বাশয়স্থ দোষের পরিপাক হইয়া জ্বরের নিবৃত্তি হইয়া থাকে ॥ ১৯৭ ॥

গৌরবে শিরসঃ শূলে বিবদ্ধেষিন্দ্রিয়েষু চ। জীর্ণজ্বরে রুচিকরং দদ্যাচ্ছীর্ষবিরেচনম্ ॥ ১৯৮ ॥

মস্যাবস্থামাহ গৌরব ইত্যাদি।—বিবদ্ধেষিতি স্ববিষয়গ্রহণাসমর্থেষু। ১৯৮।

শিরোবিরেচন অর্থাৎ নস্য প্রয়োগ। জীর্ণজ্বরে যে সকল রোগীর শিরঃপীড়, মাথা-ভার ও ইন্দ্রিয়গণের জড়তা উপলব্ধি হয়, তাহাদিগকে শিরোবিরেচন অর্থাৎ নস্য প্রয়োগ করিবে। ইহাদ্বারা অরুচিও দূরীভূত হয় ॥ ১৯৮ ॥

অভ্যঙ্গাংশ্চ প্রদেহাংশ্চ সস্নেহান্ সানুবাসনান্। বিভজ্য শীতোষ্ণকৃতান্ দদ্যাজ্জীর্ণজ্বরে ভিষক্ ॥

তৈরাশু প্রশমং যাতি বহির্ম্মার্গগতো জ্বরঃ। লভন্তে সুখমঙ্গানি বলং বর্ণশ্চ বর্দ্ধতে ॥ ১৯৯ ॥

জীর্ণজ্বরেঽভ্যঙ্গাদীনাহ অভ্যঙ্গানিত্যাদি।—বিভজ্যেতি শীতোষ্ণসমুত্থজ্বর বিভাগেনেত্যর্থঃ। কেন উষ্ণোত্থে জীর্ণজ্বরে শীতস্পর্শকৃতাঃ প্রদেয়াঃ; শীতোত্থে তু উষ্ণস্পর্শকৃতা দেয়া ইত্যর্থঃ। বহির্ম্মার্গ ত্বগাদিঃ। উক্তঞ্চ হি শাখা রক্তাদয়ো ধাতবস্ত্বক্ চ সব্রোতোমার্গসংজ্ঞ[illegible] ইতি। ১৯৯ ॥

জীর্ণজ্বরে অভ্যঙ্গাদি প্রয়োগ। জীর্ণজ্বরে অভ্যঙ্গ (তৈলাদি মর্দ্দন), প্রদেহ (অর্থাৎ প্রলেপ), স্নেহ (অর্থাৎ ঘৃত তৈলাদি সেবন) এবং অবগাহন (অর্থাৎ স্নানাদি) প্রভৃতি ব্যবহার করা কর্ত্তব্য। কিন্তু উক্ত অভ্যঙ্গাদি স্থলবিশেষে শীতল বা উষ্ণ ব্যবহার্য্য, অর্থাৎ উষ্ণতাবশতঃ জ্বর হইলে শীতল (শীতল গুণযুক্ত) অভ্যঙ্গাদি এবং শৈত্যবশতঃ জ্বর হইলে উষ্ণ (উষ্ণ গুণযুক্ত) অভ্যঙ্গাদি আচরণ করা কর্ত্তব্য।

এই সকল অভ্যঙ্গাদি ক্রিয়া দ্বারা বহির্ম্মার্গগত অর্থাৎ ত্বক্প্রভৃতিস্থিত জ্বর শীঘ্রই নিবারিত ও শরীরে সুখ সঞ্চার হয়, এবং বল ও বর্ণের বৃদ্ধি হইয়া থাকে ॥ ১৯৯ ॥

ষট্‌কট্বরতৈলং—(ছ)

সুবর্চ্চিকানাগরকুষ্ঠমূর্ব্বালাক্ষানিশালোহিতযষ্টিকাভিঃ। তৈলং জ্বরে ষড্‌গুণতক্রসিদ্ধমভ্যঞ্জনাচ্ছীতবিদাহনুৎ স্যাৎ। দধ্নঃ সসারকস্যাত্র তক্রং কট্বরমিষ্যতে। ঘৃতবত্তৈলপাকোঽপি তৈলে ফেণোঽধিকঃ পরঃ ॥ ২০০ ॥

সুবর্চ্চিকেত্যাদি।—সুবর্চ্চিকা সর্জ্জিকাক্ষারঃ, লোহিতযষ্টিকা মঞ্জিষ্ঠা, সুশ্রুতবৃন্দবাগ্‌ভটাদিবহুতন্ত্রসংবাদাৎ। অন্যে তু লোহিতং চন্দনম্, যষ্টিকা মঞ্জিষ্ঠা বিদেহসম্বাদাদিত্যাহুঃ। ব্যবহারস্তু পূর্ব্বব্যাখ্যয়ৈব। শীতবিদাহহৃত্তু যোগস্য অচিন্ত্যশক্তিত্বাৎ। তৈলপাকে বিশেষং স্মারয়তি ঘৃতবদিত্যাদি। ২০০।

(ঙ) বস্ত্যাদি দ্বারা পিচ্কারি দেওয়াকে নিরূহ ক্রিয়া বলে এবং স্নেহ দ্রব্য দ্বারা পিচ্কারি দেওয়াকে অনুবাসন ক্রিয়া বলে।

(চ) ক্ষিপ্ত, ক্ষত ও উদররোগগ্রস্ত ব্যক্তি এবং কৃশ, অতিবৃদ্ধ, গর্ভিণী, কফরোগী ও বলী, এই কএকটীকে বমন করান নিষেধ আছে।

(ছ) সারবিশিষ্ট দধির তক্রকে 'কট্বর' কহে। তৈল অপেক্ষা ষড়্‌গুণ কট্বর দিয়া এই তৈল পাক করিতে হয় বলিয়া ইহার নাম ষট্‌কট্বরতৈল।

[illegible] শাল্মলি কাঁঠ, [illegible] সূর্য্যাবর্ত্ত (হুটী-মুখী বা গোত্বাক্ক [illegible]), লাক্ষা, হরিদ্রা এবং মঞ্জিষ্ঠা (ক); এই সকলের উত্তমরূপ কুট্টিত কল্ক [illegible] সহিত এবং [illegible] কট্টুর [illegible] তৈল যথা-রীতি পাক করিবে। অর্থাৎ তিলতৈল /৪ চারিসের, সূর্য্যাবর্ত্তিকা প্রভৃতির কল্ক /১ এক সের এবং কট্টুর ।৪ চব্বিশ সের। এই তৈল [illegible] মর্দ্দন করি [illegible] শীত ও দাহ বিনষ্ট হয়।

সারবিশিষ্ট দধির তক্রকে কট্টুর কহা যায়।

তৈল শেষ পাকের ব্যবস্থা ঠিক ঘৃত পাকের ন্যায়। কেবল তৈলে অধিক পরিমাণে ফেণা জন্মে কিন্তু ঘৃতের শেষ পাকে তাহা হয় না। ঘৃত পাক সম্বন্ধে কেবল কল্ক পাক ও আর্দ্র পাকই নির্দ্দিষ্ট আছে। কিন্তু তৈল পাকের পক্ষে অতিরিক্ত আরো তিনটী পাক অধিক দেখিতে পাওয়া যায়। যথা—কটাপাক, মূর্চ্ছা পাক এবং গন্ধ পাক। কোন দ্রব্য না দিয়া কেবল মাত্র তৈলকটাহে করিয়া মৃদু সন্তাপে পাক করাকে কটা পাক, আর ঐ তৈল চুল্লি হইতে নাবাইয়া শীতল হইলে তাহাতে মঞ্জিষ্ঠা, লোধ, বালুকা প্রভৃতি দিয়া যে পাক করা যায় তাহাকে মূর্চ্ছা পাক বলা যায়। এবং তৈলের শেষ অবস্থায় সুগন্ধের নিমিত্ত নখী, গন্ধশটী প্রভৃতি দ্বারা যে পাক করা যায় তাহাকে গন্ধ পাক বলা যায়॥ ২০০॥

[illegible]

[illegible] সূর্য্যাবর্ত্ত [illegible] ইন্দ্র-বারুণী। বৃহতী [illegible] মাংসী শতমূলী। [illegible] তৈলপ্রস্থং বিপাচয়েৎ। [illegible] সর্ব্বজ্বর বিনাশনম্ [illegible]॥

সূর্য্যেত্যাদি।—ইন্দ্রবারুণী [illegible] [illegible] তৎকৃতমারকসংজ্ঞ [illegible]॥

সূর্য্যাবর্ত্ত (হুটীমুখী বা গোত্বাক্ক), লাক্ষা, হরিদ্রা, দারুহরিদ্রা, মঞ্জিষ্ঠা, ইন্দ্রবারুণী (অর্থাৎ গোরক্ষকর্কটী বা রাখাল-শশার মূল), বৃহতী (ব্যাকুড়), সৈন্ধবলবণ, কুড়, রাস্না, জটামাংসী ও শতমূলী; এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক সর্ব্ব শুদ্ধ /১ এক সের, তিলতৈল একপ্রস্থ অর্থাৎ /৪ চারি সের ও কাঞ্জী ।৬ ষোল সের দ্বারা যথাবিহিত নিয়মানুসারে পাক করিয়া তৈল ছাঁকিয়া লইবে। এই তৈলের নাম অঙ্গারক তৈল। ইহা মর্দ্দন করিলে সর্ব্বপ্রকার জ্বর বিনষ্ট হইয়া থাকে॥ ২০১॥

লাক্ষাদিতৈলম্—

লাক্ষাহরিদ্রামঞ্জিষ্ঠা-কল্কৈস্তৈলং বিপাচয়েৎ। ষড়্‌গুণেনারনালেন দাহ-শীতজ্বরাপহম্॥ ২০২॥

লাক্ষা [illegible] তৈলং পাচয়েৎ। অত্রাপি দাহশীতহরত্বং প্রভাবাৎ॥ ২০২॥

লাক্ষা, হরিদ্রা ও মঞ্জিষ্ঠা, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক পরিমাণ সর্ব্বশুদ্ধ /১ এক সের, তিলতৈল /৪ চারি সের, কাঞ্জী তৈল অপেক্ষা ছয় গুণ অর্থাৎ ।৪ চব্বিশ সের দ্বারা যথা

(ক) [illegible] বাগ্‌ভট প্রভৃতি গ্রন্থে লোহিত-[illegible] অর্থাৎ [illegible] দেখা যায়, কিন্তু কেহ কেহ বলেন, [illegible] অর্থাৎ মঞ্জিষ্ঠা। [illegible]।

(খ) অঙ্গারক শব্দের অর্থ মঙ্গল। এই তৈল দ্বারা সর্ব্বপ্রকার মঙ্গল সাধিত হয় বলিয়া ইহার অঙ্গারক নাম হইয়াছে।

বিহিত নিয়মানুসারে তৈল পাক শেষ করিবে। ইহার নাম লাক্ষাদি তৈল। ইহা মর্দ্দন করিলে জ্বর ও তদানুষঙ্গিক দাহ ও শীত নিবারিত হয়॥ ২০২॥

যবচূর্ণার্দ্ধকুড়বং মঞ্জিষ্ঠার্দ্ধপলেন তু। তৈলপ্রস্থঃ শতগুণে কাঞ্জিকে সাধিতো জয়েৎ। জ্বরং দাহং মহাবেগমঙ্গানাঞ্চ প্রহর্ষমুৎ॥ ২০৩॥

যবেত্যাদৌ মঞ্জিষ্ঠা অর্দ্ধপলেনেত্যত্র দ্বিপলেনেতি ন পাঠঃ সুশ্রুতচন্দ্রাটাদৌ অর্দ্ধপলেনেতি পাঠাৎ॥ ২০৩॥

তিলতৈল এক প্রস্থ অর্থাৎ /৪ চারি সের, যবচূর্ণ অর্দ্ধ কুড়ব (ঞ) ও মঞ্জিষ্ঠা অর্দ্ধ পল। তৈলের শত গুণ কাঞ্জীদ্বারা যথা বিহিত নিয়মানুসারে পাক করিতে হইবে। এই তৈল সেবনে, জ্বর ও তদানুষঙ্গিক মহাবেগ দাহ বিনষ্ট হয় এবং ইহার দ্বারা অঙ্গের প্রহর্ষও প্রশমিত হইয়া থাকে॥ ২০৩॥

সর্জ্জকাঞ্জিকসংসিদ্ধং তৈলং শীতাম্বুমর্দ্দিতম্। জ্বরদাহাপহং লেপাৎ সদ্যোবাতাস্রদাহনুৎ॥ ২০৪॥

অদেহমাহ, সর্জ্জইত্যাদি।—সর্জ্জো ধুনকঃ কল্কঃ, কাঞ্জিকং চতুর্গুণম্, সিদ্ধং পক্বম্। ততঃ শীতাম্বুমর্দ্দিতম্ শীতল জলেন তৈলং সংমর্দ্দ্য গাঢ়াভ্যঙ্গঃ কার্য্যঃ॥ ২০৪॥

উপযুক্ত পরিমাণ ধুনার কল্ক ও চতুর্গুণ কাঞ্জিক সহ উপযুক্ত পরিমাণ তৈল পাক করিবে। অনন্তর শীতল জলদ্বারা ঐ তৈল উত্তম রূপে মন্থন করতঃ গাঢ়রূপে অভ্যঙ্গ করিবে। ইহাদ্বারা জ্বর ও দাহ বিনষ্ট হয়, বিশেষতঃ লেপন মাত্রেই বাতরক্তজনিত দাহ নিবারিত হইয়া থাকে॥ ২০৪॥

চন্দনাদ্যমগুর্ব্বাদ্যং তৈলং চরককীর্ত্তিতম্। তথা নারায়ণং তৈলং জীর্ণজ্বরহরং পরম্॥ ২০৫॥

নারায়ণতৈলং বাতব্যাধৌ বক্ষ্যমাণম্॥ ২০৫॥

চরকোক্ত চন্দনাদি তৈল বা অগুর্ব্বাদি তৈল অথব চক্রদত্তের বাতব্যাধিতে উক্ত নারায়ণ তৈল (ট) সেবন করিলে পুরাতন জ্বর সম্পূর্ণরূপে উপশমিত হয়॥ ২০৫॥

অভিঘাতজ্বরো ন স্যাৎ পানাভ্যঙ্গেন সর্পিষঃ। ক্ষতানাং ব্রণিতানাঞ্চ ক্ষতব্রণচিকিৎসয়া॥ ২০৬॥

অভিঘাতেত্যাদি—ন স্যাৎ ন ভবেৎ শাম্যতীত্যর্থঃ। ক্ষতানামিত্যুরঃক্ষতানাম্। অত্রাপি জ্বরো ন স্যাদিতি যোজ্যম্॥ ২০৬॥

আগন্তু (অভিঘাতাদি হইতে উৎপন্ন) জ্বর চিকিৎসা। ঘৃত ভোজন ও ঘৃতের অভ্যঙ্গদ্বারা অভিঘাতাদি হইতে উৎপন্ন জ্বর নিবারিত হয়। অপর উরঃক্ষত ও ব্রণজনিত জ্বর, ক্ষত এবং ব্রণের চিকিৎসাদ্বারাই নিবারিত হইয়া থাকে॥ ২০৬॥

আগন্তুজ্বর চিকিৎসামাহ।

ওষধিগন্ধবিষজৌ বিষপীতপ্রবাধনম্। জয়েৎ কষায়ৈর্ম্মতিমান্ সর্ব্বগন্ধকৃতৈস্তথা॥ ২০৭॥

ওষধীত্যাদি।—সুশ্রুতসা। প্রবাধনম্ চিকিৎসিতম্। বিষপীতপ্রবাধনৈরিতি পাঠে, বিষপীতস্য যানি চিকিৎসিতানি তৈরিত্যর্থঃ। সর্ব্বগন্ধকৃতৈরিতি সর্ব্বগন্ধঃ সৌশ্রুত এলাদিগণঃ, সঞ্চবাত্র বিষহরত্বাদুচিতঃ; ন তু "চাতুর্জ্জাতককর্পূরকক্কোলাগুরুশিহ্লকং। লবঙ্গসহিতঞ্চৈব সর্ব্বগন্ধং

(ঞ) কুড়ব—৩২ তোলা (অর্দ্ধসের), কিন্তু "দ্বৈগুণ্যং কুড়বাদূর্দ্ধং" এই বচনানুসারে, এক কুড়বের অধিক হইলে, দ্বৈগুণ্য ধরিতে হইত, কিন্তু এস্থলে অর্দ্ধকুড়বের ব্যবস্থা থাকায় ১৬ ষোল তোলা মাত্র বুঝিতে হইবে।

(ট) নারায়ণ তৈলের প্রক্রিয়া বাত ব্যাধি অধিকারে বর্ণন করিবেন।

বিনির্দ্দিশেৎ” ইতি নির্ঘণ্টকারোক্তো ন্যায়ঃ। তস্যোৎকর্ষনাদিমাত্রবিষয়ত্বাৎ॥ ২০৭॥

বুদ্ধিমান্ বৈদ্য, ঔষধিগন্ধজাত ও বিষজাত জ্বরে বিষপীত ব্যক্তির চিকিৎসার অনুযায়ী চিকিৎসা করিয়া বিষ নাশ করিবেন। অর্থাৎ বিষপীত ব্যক্তিকে যে যে উপায়দ্বারা চিকিৎসা করা যায় এস্থলেও সেই ক্রম অবলম্বন অথবা সুশ্রুতোক্ত সর্ব্বগন্ধগণের (১) কষায় সেবন করাইয়া জ্বর বিনষ্ট করিতে চেষ্টা করিবেন॥ ২০৭॥

অভিচারাভিশাপোত্থৌ জ্বরৌ হোমাদিনা জয়েৎ। দানস্বস্ত্যয়নাতিথ্যৈ-রুৎপাতগ্রহপীড়জৌ॥ ২০৮॥

অভিচারেত্যাদি।—সুশ্রুতস্য। অভিচারোঽথর্ব্ববেদোক্তঃ শ্যেনাদিযাগঃ। অভিশাপো গুর্ব্বাদীনামনিষ্টাভিশংসনম্। হোমাদিনেত্যাদি-শব্দাৎ প্রায়শ্চিত্তবলিমঙ্গলাদয়ো গৃহ্যন্তে। উৎপাতো নির্ঘাতাদিঃ। গ্রহপীড়জমিতি গ্রহপীড়াজন্যম্ “ঙ্যাপোঃ সংজ্ঞাচ্ছন্দসোর্ব্বহুলম্” ইতি পীড়াশব্দস্যাকারস্য হ্রস্বত্বম্। সুশ্রুতে তু “উৎপাতগ্রহপীড়িতম্” ইতি পাঠো দৃশ্যতে॥ ২০৮॥

অথর্ব্ব বেদ-বিহিত শ্যেনপাতাদি যাগকে অভিচার কহে এবং গুরু প্রভৃতির অভিসম্পাত হইতে যে জ্বর উৎপন্ন হয় সেই জ্বরকে অভিশাপ জ্বর বলে। অভিচার ও অভিশাপ হইতে জ্বর জন্মাইলে হোমাদিদ্বারা অর্থাৎ হোম, প্রায়শ্চিত্ত, বলি ও মঙ্গলানুষ্ঠানাদি দ্বারা তাহার প্রতীকার করা কর্ত্তব্য। উৎপাত প্রভৃতি (ড) হইতে জ্বর জন্মিলে অথবা গ্রহপীড়াজনিত জ্বর হইলে দান, স্বস্ত্যয়ন ও অতিথিসৎকার প্রভৃতি অনুষ্ঠান দ্বারা তাহার প্রতীকার করা কর্ত্তব্য॥ ২০৮॥

ক্রোধকামাদিজ্বর চিকিৎসামাহ।

ক্রোধজে পিত্তজিৎ কাম্যা অর্থাঃ সদ্বাক্যমেব চ। আশ্বাসেনেষ্টলাভেন বায়োঃ প্রশমনেন চ। হর্ষণৈশ্চ শমং যান্তি কামক্রোধভয়জ্বরাঃ। কামাৎ ক্রোধজ্বরো নাশং ক্রোধাৎ কামসমুদ্ভবঃ। যাতি তাভ্যামুভাভ্যাঞ্চ ভয়শোকসমুদ্ভবঃ॥ ২০৯॥

ক্রোধজ ইত্যাদি।—অত্র চরকঃ “কামৈরর্থৈর্মনোজ্ঞৈশ্চ পিত্তঘ্নৈশ্চাপ্যুপক্রমৈঃ। সদ্বাক্যৈশ্চ শমং যাতি জ্বরঃ কামসমুদ্ভবঃ” ইতি। আশ্বাসেনেত্যাদি।—চরকস্য স্পষ্টম্। কামাদিজনান্ জ্বরান্ কামাদয়ঃ পরস্পরং নাশয়ন্তীত্যাহ কামাদিত্যাদি।—চরকস্য॥ ২০৯॥

ক্রোধ জন্য জ্বর উপস্থিত হইলে যে ক্রিয়ারদ্বারা রোগীর পিত্তনাশ হয় এরূপ ক্রিয়া আচরণ করিবে এবং রোগীর অভীষ্ট বিষয় রোগীকে প্রদান, সৎকথার দ্বারা রোগীর মনস্তুষ্টি সম্পাদন আর রোগীকে আশ্বাস ও ইষ্ট বস্তু প্রদান এবং যাহাতে বায়ুপ্রকোপের শান্তি হয়, উক্ত স্থানে এরূপ প্রক্রিয়া সকল ব্যবহার করাই চিকিৎসকের কর্ত্তব্য। আর কাম, শোক ও ভয় হেতুক জ্বর উপস্থিত হইলে, যে ক্রিয়ার দ্বারা রো-

(১) সর্ব্বগন্ধগণ—অর্থাৎ সুশ্রুতোক্ত এলাদিগণ। সুশ্রুত যে এলাদিগণের কথা কহিয়াছেন, এস্থলে ‘সর্ব্বগন্ধগণ’ বলিতে তাহাই বুঝাইবে। কারণ এলাদিগণের বিষ-নাশকত্বশক্তি আছে। নির্ঘণ্টকার যে সর্ব্বগন্ধের নির্দ্দেশ করিয়াছেন, এস্থলে তাহা নহে। যথা—নির্ঘণ্টকারঃ—

“চাতুর্জ্জাতক কর্পূর কঙ্কোলাগুরুশিহ্লকম্।
লবঙ্গ সহিতৈকৈব সর্ব্বগন্ধং বিনির্দ্দিশেৎ॥”

(ড) নভোমণ্ডলস্থ বায়ু, বায়ু দ্বারা আহত হইয়া, গগনমণ্ডল হইতে ঘোরতর শব্দে যখন অবনীতলে পতিত হয়, তখন তাহাকে নির্ঘাত কহে। যথা :—

“পবনঃ পবনাভিহতো গগনাদবনৌ।
যদা সমাপততি, ভবতি তদা নির্ঘাতঃ॥”

অপিচ—

“বায়ুনাভিহতো বায়ো গগনাচ্চ পতত্যধঃ।
প্রচণ্ড ঘোর নির্ঘোষো নির্ঘাত ইতি কথ্যতে॥”

গীত মনে হর্ষ সঞ্চার হয়, এরূপ ক্রিয়ার দ্বারা রোগের শান্তি করিবে (চ)।

কামোদয়ে ক্রোধজ্বর, ক্রোধোদয়ে কামজ্বর নিবারিত হইয়া থাকে এবং কাম ও ক্রোধের উদয় হইলে, ভয় ও শোক হইতে জাত জ্বরের শান্তি হইয়া থাকে(ণ) ॥ ২০৯ ॥

ভূতজ্বর চিকিৎসামাহ।

ভূতবিদ্যাসমুদ্দিষ্টৈর্বন্ধাবেশনতাড়নৈঃ। জয়েদ্‌ ভূতাভিষঙ্গোত্থং মনঃশান্ত্যৈশ্চ মানসম্‌ ॥ ২১০ ॥

ভূতবিদ্যেত্যাদি।—সুশ্রুতস্য। ভূতানাং যক্ষ-রাক্ষসাদীনাং জ্ঞানার্থা প্রশমনার্থা চ বিদ্যা, সা চ সুশ্রুতোক্তত্বাত্তস্মাদানুসরণীয়া। বন্ধাবে-শনতাড়নৈরিতি অনুপ্রবিষ্টস্য ভূতস্য পুনরপস-রতো মন্ত্রেণ সংযমনং বন্ধঃ। মন্ত্রেণাকৃষ্য মস্তকে, নিবেশনমাবেশনম্‌। তাড়নং মন্ত্রৈঃ সর্ষপাদিভি-রভিহননম্‌। তাড়নৈরিত্যত্র পূজনৈরিত্যেব পাঠঃ সুশ্রুতে দৃশ্যতে। টীকাকৃতোঽপি পূজনৈঃ বল্যুপহারস্তুত্যাদিভিরিতি ব্যাখ্যায়ন্তি। ভূতা-ভিসঙ্গোত্থমিতি, ভূতাভিষঙ্গোত্থম্‌। মানসং কামক্রোধাদিজম্‌। মনঃশান্তৈরিতি মনঃপ্রসা-দনৈঃ। মনঃশান্ত্যৈরিত্যত্র বিজ্ঞানাদ্যৈরিত্যপি পাঠঃ সুশ্রুতে দৃশ্যতে। টীকাকৃতোঽপ্যাদিশব্দাৎ সমাধিধৈর্য্যাদীনাং গ্রহণমিতি ব্যাচক্ষতে ॥ ২১০।

ভূতাবেশ জন্য জ্বর উপস্থিত হইলে সুশ্রুতোক্ত ভূত-বিদ্যার বিধি অনুসারে বন্ধন, আবেশন ও তাড়ন দ্বারা তাহার প্রতীকার করিবার চেষ্টা করিবে (ত)। আর মানসিক জ্বর উপস্থিত হইলে, মনের শান্তিজনক ক্রিয়াদ্বারা তাহার নিবারণ করিবার চেষ্টা করা কর্ত্তব্য (থ) ॥ ২১০ ॥

বর্জ্জনীয় বিধিমাহ।

ব্যায়ামঞ্চ ব্যবায়ঞ্চ স্নানং চংক্রমণানি চ। জ্বরমুক্তো ন সেবেত যাবন্নো বলবান্‌ ভবেৎ ॥ ২১১ ॥

জ্বরমুক্তেন যস্য সেব্যস্তদাহ ব্যায়ামমিত্যাদি। স্নানমুর্দ্ধক্ষরমপি জ্বরং প্রত্যানয়তি, তথা "স্নানমাশু জ্বরং কুর্য্যাৎ জ্বরমুক্তস্য দেহিনঃ তস্মান্মুক্তজ্বরঃ স্নানং বিষবৎ পরিবর্জ্জয়েৎ" ইতি ॥ ২১১ ॥

জ্বরমুক্ত ব্যক্তি, যত দিন না বিশেষ রূপে বললাভ করিতে সমর্থ হয়েন, ততদিন ব্যায়াম অর্থাৎ শ্রমজনক কর্ম্ম, ব্যবায় অর্থাৎ স্ত্রী-সংসর্গ, শীতল জলে স্নান (দ) ও চংক্রমণ অর্থাৎ পুনঃ পুনঃ ভ্রমণ; এই সকল কার্য্য পরিত্যাগ করিবেন ॥ ২১১ ॥

(চ) এস্থলে চরক বলিয়া গিয়াছেন :—
"কাম্যৈরর্থৈর্মনোজ্ঞৈশ্চ পিত্তঘ্নৈশ্চাপ্যুপক্রমৈঃ। সদ্বাক্যৈশ্চ শমং যাতি জ্বরঃ কামসমুদ্ভবঃ ॥"

অভিলষিত মনোজ্ঞ বস্তুর প্রদান, পিত্তনাশক অনুষ্ঠানাদি এবং সদ্বাক্যপ্রয়োগ, এই সকল দ্বারা কামজাত জ্বরের নিবৃত্তি হইয়া থাকে।

(ণ) কামক্রোধাদি হইতে উৎপন্ন জ্বর, কাম ক্রোধাদি হইতেই নিবারিত হইয়া থাকে। এই কথা বলিবার জন্য এই বিধি প্রদর্শন করিলেন।

(ত) "ভূতাবেশ জন্য জ্বর উপস্থিত হইলে" এস্থলে ভূত অর্থাৎ যক্ষ রাক্ষসাদি। ইহাদিগের আশ্রয়ে জ্বর উপস্থিত হইলে, "ভূতবিদ্যার বিধি অনুসারে" ভূতবিদ্যা অর্থাৎ যক্ষ রাক্ষসাদির পরিজ্ঞানার্থ ও প্রশমনার্থ যে বিদ্যা। এই বিদ্যা, সুশ্রুত প্রভৃতি গ্রন্থে বিশেষরূপে বিবৃত আছে।

"বন্ধন, আবেশন ও তাড়ন দ্বারা" এস্থলে বন্ধন শব্দে অনুপ্রবিষ্ট ভূতকে অপসৃত হইতে না দিয়া মন্ত্র দ্বারা তাহাকে বন্ধন অর্থাৎ সংযমন করিয়া রাখা। আবেশন শব্দে, মন্ত্র দ্বারা ভূতকে আকর্ষণ করিয়া মস্তকে নিবেশিত করা এবং তাড়ন শব্দে, মন্ত্রপাঠ পূর্ব্বক শ্বেত সর্ষপাদিদ্বারা আঘাত করা। সুশ্রুত গ্রন্থে "তাড়নৈঃ" এই পদের পরিবর্ত্তে "পূজনৈঃ" এই পাঠ দেখা যায়। এস্থলে পূজন অর্থে বলি, উপহার ও স্তুতি প্রভৃতি দ্বারা আরাধনা।

(থ) "মনের শান্তিজনক ক্রিয়া সকল" অর্থাৎ বিজ্ঞান, সমাধি ধৈর্য্য প্রভৃতি। এই সকল অবলম্বন করিয়া মনঃক্ষোভ নিবারণ করিবে। "মনঃ শান্ত্যৈঃ" এস্থলে, "বিজ্ঞানাদ্যৈঃ" এই পাঠ সুশ্রুতে দেখা যায়। টীকাকারেরা বলেন বিজ্ঞান প্রভৃতি অর্থাৎ বিজ্ঞান, সমাধি, ধৈর্য্য দ্বারা মানসিক জ্বরের শান্তি করিবে।

(দ) জ্বরমুক্ত ব্যক্তি যতদিন না বিশেষরূপ বললাভ করিবেন, ততদিন স্নান করিবে না। জ্বরু-

জ্বরমুক্তিলক্ষণং।

দেহো লঘুর্ব্যপগতক্লমমোহতাপঃ পাকো মুখে করণ-সৌষ্ঠবমব্যথত্বম্।
স্বেদঃ ক্ষবঃ প্রকৃতিগামিমনোঽন্নলিপ্সা কণ্ডূশ্চ মূর্দ্ধ্নি বিগতজ্বরলক্ষণানি ॥২১২॥

জ্বরমুক্তলক্ষণমাহ দেহ ইত্যাদি।—নাস্তীস্য। ক্ষণএব পাকো ব্যাধিপ্রভাবাৎ। এবং কণ্ডূশ্চ মূর্দ্ধ্নীত্যপি ॥ ২১২ ॥

গ্রন্থকর্ত্তা, জ্বরের চিকিৎসা সমাপন করিয়া, জ্বর-মুক্তির কি কি লক্ষণ, তাহাই নিম্নে নির্দ্দেশ করিতেছেন, ঃ—

জ্বর সম্যক্‌রূপে শান্তি পাইলে শরীরের লঘুতা, ইন্দ্রিয়গণের সুষ্ঠতা জন্মে, এবং দেহের অবসন্নতা, মোহ ও সন্তাপ বিদূরিত হয়, আর মুখের পাক, ঘর্ম্মের নির্গম, হাঁচি, মলের স্বাভাবিক-ভাবে নিঃসরণ (কোষ্ঠশুদ্ধি) ও আহারে রুচিঃ ইত্যাদি লক্ষণ উপস্থিত হইয়া থাকে (খ) ॥ ২১২ ॥

ইতি জ্বর-চিকিৎসা।

অথ জ্বরাতীসার-চিকিৎসা।

জ্বরাতিসারে পেয়াদিক্রমঃ স্যাল্লঙ্ঘিতে হিতঃ।

উৎপলষট্‌কম্—

জ্বরাতিসারী পেয়াং বা পিবেৎ সাম্লাং শৃতাং নরঃ। পৃশ্নিপর্ণীবলাবিল্ব-নাগরোৎপলধান্যকৈঃ॥ ১ ॥

জ্বরে সন্তাপজ্বরাজ্জ্বরাতীসারস্য চ জ্বরাৎ জ্বরানন্তরং জ্বরাতীসার উচ্যতে। জ্বরাতীসারমেলকশ্চ জ্বরাতীসারাভ্যামন্যোন্যস্য ইতিকৃত্বা নিদানসংগ্রহে মাধবেন ন পঠিতঃ। অতএবোক্তং সিদ্ধসারে "জ্বরাতিসারয়োরুক্তং নিদানং প্রাক্ পৃথক্ পৃথক্। তৎস্যাজ্জ্বরাতিসারস্য তেন নাত্রোদিতং পুনঃ" ইতি। ননু এবং চিকিৎসাপি ভবিষ্যতী'ত চেৎ ? নৈবম্ মিথোবর্দ্ধনাৎ, উক্তং হি, "জ্বরাতিসারয়োরুক্তং ভেষজং যৎ পৃথক্ পৃথক্। ন তন্মিলিতয়োঃ কার্য্যমন্যোন্যং বর্দ্ধয়েদযতঃ"। প্রায়েণ হি জ্বরহরমৌষধমনুলোমনম্, অতিসারহরঞ্চ স্তম্ভনমিতি পরস্পরবিরুদ্ধত্বাৎ মিলিতয়োর্ন কার্য্যকারিতার্থঃ। পেয়াং পেতি বাগ্‌ভটচরক যবাগ্বপেক্ষয়া। কিংবা সাম্লামিত্যস্যানিত্যত্বং বাগ্‌ভটোক্তাঃ। তেনাম্লামপীত্যর্থঃ ফলতি। সাম্লামিতি জীবন্নাম। অম্লঞ্চ দাড়িম্বরসাদিনা। এতাভ্যাম্লসাম্যাং প্রতি জ্ঞেয়ম্। পৃশ্নিপর্ণীত্যাদি।—সুশ্রুতে ত্বস্মিন্ যোগে বালকমপি দৃশ্যতে, যথা "পৃশ্নিপর্ণী-বলা-বিল্ব-ধান্য-কোৎপল-বালকৈঃ। সনাগরৈঃ পিবেৎ পেয়াং সাধিতং জ্বরনাশিনী" ॥ ১ ॥

জ্বরাতীসার রোগে, প্রথমে লঙ্ঘন দেওয়াই কর্ত্তব্য (১)। অনন্তর, পেয়া ও

যুক্ত ব্যক্তি স্নান করিলেই, পুনর্ব্বার জ্বর হইবে। যথা—

"স্নানমাত্রজ্বরং কুর্য্যাৎ জ্বরমুক্তস্য দেহিনঃ।
তস্মাজ্জ্বরবিমুক্তঃ স্নানং বিষবৎ পরিবর্জ্জয়েৎ॥"

জ্বরমুক্ত ব্যক্তি, স্নান করিলেই; শীঘ্র পুনর্ব্বার আক্রান্ত হইয়া থাকে। এজন্য বিষের ন্যায় স্নানকে পরিত্যাগ করিবে।

(খ) ঘর্ম্ম, ভ্রম, পিপাসা, কম্প, মলভেদ, অংজ্ঞানাশ, কুন্থনবৎ শব্দ এবং মুখে দুর্গন্ধ প্রভৃতি জ্বরমুক্তির কিছু পূর্ব্বেও উক্ত লক্ষণ সমূহ প্রকাশ পায়।

(১) জ্বর, সকল রোগের প্রধান বলিয়া অগ্রে তাহারই চিকিৎসার বিষয় বলা হইয়াছে; এক্ষণে জ্বরের আনুষঙ্গিক অতীসারে উপদ্রবের সম্ভব বলিয়া, জ্বরের পরেই জ্বরাতীসারচিকিৎসার বিষয় বর্ণিত হইতেছে।

জ্বরাতীসার একটি স্বতন্ত্র রোগ নহে; জ্বর ও অতিসার, এই উভয় রোগের সম্মিলনকে জ্বরাতীসার রোগ কহা যায়। যথা;—

"পিত্তজ্বরে পিত্তভবোঽতিসার
স্তথাতীসারো যদি বা জ্বরঃ স্যাৎ।
দোষস্য দূষ্যস্য সমান ভাবাৎ
জ্বরাতিসারঃ কথিতো ভিষগ ভিঃ॥"

যদি পিত্তজ্বরে, পিত্ত জন্য অতীসার জন্মে অথবা অতীসার রোগে জ্বর জন্মে, তাহা হইলে, দোষ ও দূষ্য এই উভয় পদার্থেরই সাম্যভাব হয়; তখন ঐ মিলিত রোগদ্বয়কে, বৈদ্যগণ জ্বরাতীসার কহিয়া থাকেন।

কোন আয়ুর্ব্বেদকারই জ্বরাতিসারে পৃথক্ চিকিৎসা প্রণালীর উল্লেখ করেন নাই; তাঁহারা জ্বরাধিকারে জ্বরের ও অতীসারাধিকারে অতীসারের চিকিৎসাক্রম বলিয়া দিয়া, জ্বরাতীসারের চিকিৎসা সময়ে, উক্ত জ্বর ও অতীসার স্থলে লিখিত মিশ্র (মিলিত) ঔষধসমূহ ব্যবহারের বিধি দিয়াছেন। যথা;—সিদ্ধসারে—

বাতশ্লেষ্মাধিকে তথা” ইতি বৃন্দোক্তম্, তথাপি স্বল্পপঞ্চমূল্যের ব্যবহৃতত্ত্বি বুঝ্যঃ।। ৭ ।।

পঞ্চমূল্যাদি। পঞ্চমূলী (৪) অর্থাৎ স্বল্পপঞ্চমূলী (শালপাণি, চাকুলে, ব্যাকুড়, কণ্টকারী ও গোক্ষুর); ইহাদের মূলের ছাল এবং বেড়েলা, বেলশুঠ, গুলঞ্চ, মুথা, শুঁঠ, আকনাদি, চিরতা, বালা, কুড়চিছাল, ইন্দ্রযব; এই সকল ঔষধ সম পরিমাণে সমুদয় একত্রিতে দুই তোলা লইয়া অর্দ্ধ সের জলে পাক করিবে; অর্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই কাথবারি পান করিলে সকল প্রকার অতীসার, জ্বর দোষ এবং সশূল বিবিধ প্রকার উপদ্রব সহিত সুদারুণ শ্বাস এবং কাস রোগ বিনষ্ট হয় ।। ৭ ।।

কলিঙ্গাতিবিষাশুণ্ঠীকিরাতাম্বুযবাসকম্। জ্বরাতীসারসন্তাপং নাশয়েদবিকল্পতঃ। বৎসকস্য ফলং (৫) দারুরোহিণী গজপিপ্পলী। শ্বদংষ্ট্রা পিপ্পলী ধান্যং বিল্বং পাঠা যমানিকা। দ্বাব পাতো সিদ্ধযোগৌ শ্লোকার্দ্ধেনাভিভাষিতৌ। জ্বরাতিসারশমনৌ বিশেষাদ্দাহনাশনৌ। নাগরামৃতভূনিম্ববিল্ববালকবৎসকৈঃ। সমুস্তাতিবিষাশীরৈর্জ্বরাতিসারহৃজ্জলম্ ॥ ৮ ॥

কলিঙ্গ। [illegible] যোগত্রয়ং পিত্তোল্বণে ইত্যাহুঃ। নাগরামৃতভূনিম্বেত্যাদি জয়তীভাজুস্পাঠম্ ।। ৮।।

ইন্দ্রযব (কুটজপুষ্প), আতিস, শুঁঠ, চিরতা, বালা, গুরলতা; ইহারা সমুদয়ে ২ দুই তোলা, উত্তমরূপ কুটিত করতঃ অর্দ্ধ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া কাথ গ্রহণ করিবে। উক্ত কাথ সেবন করিলে নিশ্চয়ই অতিসার ও শরীরের দাহ নিবারিত হইয়া থাকে।

ইন্দ্রযব, দেবদারু, কট্‌কী ও গজপিপ্পলি ও গোক্ষুর, পিপুল, ধনে, বেলশুঠ, আকনাদি ও যোয়ান; প্রত্যেক শ্লোকার্দ্ধে কথিত এই উভয়যোগই সিদ্ধ যোগ; এই দ্বিবিধ কাথদ্বারা জ্বরাতীসার, বিশেষতঃ গাত্রদাহও নিবৃত্ত হয়।

শুঁঠ, গুলঞ্চ, চিরতা, বেলশুঠ, বালা, কুটজ, মুথা, আতইচ, বেণারমূল (বীরণমূল); ইহারা সমুদয়ে ২ দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া। এই কাথ পান করিলে জ্বরাতীসার বিনষ্ট হয় ॥ ৮ ॥

মুস্তকবিল্বাতিবিষাপাঠাভূনিম্ববৎসকৈঃ কাথঃ। মকরন্দগর্ভযুক্তো জ্বরাতীসারৌ জয়েদ্‌ ঘোরৌ ॥ ৯ ॥

মুথা, বেলশুঠ, আতইচ, আকনাদি, চিরতা, কুটজ; এই দ্রব্যগুলি সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধসের, অবশিষ্ট অর্দ্ধ পোয়া; এই কাথে উপযুক্ত পরিমাণ মধু প্রক্ষেপ দিয়া পান করিলে অতি ঘোরতর জ্বরাতীসার বিনষ্ট হয় ॥ ৯ ॥

ঘনজলপাঠাতিবিষাপথ্যোৎপলধান্যরোহিণীবিশ্বৈঃ। সেন্দ্রযবৈঃ কৃতমম্ভঃ সাতীসারং জ্বরং জয়তি ॥ ১০ ॥

মুথা, বালা, আকনাদি, আতইচ, হরীতকী, নীলোৎপল, ধনে, কট্‌কী, শুঁঠ ও ইন্দ্রযব; ইহারা সমুদয়ে দুই তোলা গ্রহণ করতঃ পূর্ব্বোক্ত নিয়মে কাথ প্রস্তুত করিয়া পান করিলে জ্বরাতীসার প্রশমিত হয় ॥ ১০ ॥

(৪) সামান্যতঃ “পঞ্চমূল” এই শব্দের উল্লেখ থাকিলে পিত্তাধিক্যরোগে লঘুপঞ্চমূলী, বাতশ্লেষ্মাধিক্যরোগে বৃহৎ পঞ্চমূলী ব্যবহার করা বিহিত, কিন্তু এইস্থলে বৃদ্ধগণ লঘুপঞ্চমূলীর ব্যবহার করিয়া গিয়াছেন; অতএব লঘুপঞ্চমূলীই ব্যবহার করা বিধেয়।

(৫) কেহ কেহ বৎসক শব্দে কটকরঙ্গ ব্যবহার করিয়া থাকেন।

কলিঙ্গাদ্যগুড়িকা—

কলিঙ্গবিল্বজম্ব্রকপিত্থং সরসাঞ্জনম্। লাক্ষাহরিদ্রে হ্রীবেরং কট্‌ফলং শুকনাশিকাম্। লোধ্রং মোচরসং শঙ্খং ধাতকীবটশুঙ্গকম্। পিষ্ট্বা তণ্ডুলতোয়েন বটকানক্ষসম্মিতান্। ছায়াশুষ্কান্ পিবেচ্ছীঘ্রং জ্বরাতীসারশান্তয়ে। রক্তপ্রসাদনাশ্চৈতে শূলাতীসারনাশনাঃ ॥ ১১ ॥

কলিঙ্গেত্যাদৌ হারীতচক্রাটিসংবাদাৎ কলিঙ্গস্থানে কটুঙ্গং পঠন্তি; কটুঙ্গশ্চ শ্যোনাকঃ। জম্ব্রাম্রকলয়োরস্থি গ্রাহ্যম্। হরিদ্রে ইতি হরিদ্রাদ্বয়ম্। তণ্ডুলোদকঞ্চ "জলমষ্টগুণং দত্ত্বা পলং কণ্ডিততণ্ডুলাৎ। ভাবয়িত্বা ততোগ্রাহ্যম্ তণ্ডুলোদক কর্ম্মণি" ইত্যনেন গ্রাহ্যং। শুকনাসিকা চর্ম্মকারবটকঃ ॥ ১১ ॥

ইন্দ্রযব, বেলশুঠ, জামের আঠিরশাস, আমের আঠীর শাস, কৎবেল, রসাঞ্জন, লাক্ষা, হরিদ্রা, দারুহরিদ্রা, বালা, কটফল, শুকনাশিকা (কেউয়াঠুটী), লোধ, মোচরস, শঙ্খপুষ্পী, ধাইফুল, বটের কুড়ি; এই সকল দ্রব্য সম পরিমাণে একত্রিত করত তণ্ডুলোদক দ্বারা (৬) পেষণ করিবে, অবস্তর দুই তোলা পরিমাণ বটক প্রস্তুত করত ছায়াতে শুষ্ক করিবে। এই ঔষধ সেবন করিলে জ্বরাতীসার শূলাতিসার রোগ বিনষ্ট হয়, এবং রক্তের বিশুদ্ধতা জন্মে। উক্ত ঔষধ তণ্ডুলোদক অনুপানে সেবন করা কর্ত্তব্য ॥ ১১ ॥

উৎপলং দাড়িমত্বক্ চ পদ্মকেশরমেব চ। পিবেত্তণ্ডুলতোয়েন জ্বরাতীসারনাশনম্ ॥ ১২ ॥

উৎপলেত্যাদৌ—দাড়িমফলস্য ত্বক, "ত্বক্ স্যাদ্দাড়িমাদীনাম্" ইতি বচনাৎ। এবমন্যত্রাপি বোধ্যম্। অন্যে বৃক্ষত্বচমাহুঃ। পদ্মস্য কেশরঃ কিঞ্জল্কম্। সরক্তে পিত্তোত্তরে যোগোঽয়মিত্যাহুঃ ॥ ১২ ॥

উৎপল, দাড়িমের ছাল (৭) ও পদ্মকেশর; এই তিনটী দ্রব্য সম পরিমাণে (সমুদয়ে অর্দ্ধ বা এক তোলা) একত্র পেষণ করিয়া তণ্ডুলোদকের সহিত সেবন করিলে জ্বরাতীসার বিনষ্ট হয় ॥ ১২ ॥

ব্যোষাদ্য চূর্ণম্—

ব্যোষং বৎসকবীজঞ্চ নিম্বভূনিম্বমার্কবম্। চিত্রকং রোহিণীং পাঠাং দার্ব্বীমতিবিষাং সমাম্। শ্লক্ষ্ণচূর্ণীকৃতান্ সর্ব্বাং স্তত্তুল্যাং বৎসকত্বচম্। সর্ব্বমেকত্র সংযুজ্য প্রপিবেত্তণ্ডুলাম্বুনা। সক্ষৌদ্রং বা লিহেদেতৎপাচনং গ্রাহি ভেষজম্। তৃষ্ণারুচিপ্রশমনং জ্বরাতীসারনাশনম্। কামলাং গ্রহণীদোষান্ গুল্মং প্লীহানমেব চ। প্রমেহং পাণ্ডুরোগঞ্চ শ্বয়থুঞ্চ বিনাশয়েৎ ॥ ১৩ ॥

ব্যোষাদ্যৌ তত্তুল্যাং বৎসকত্বচমিতি মিলিতব্যোষাদিচূর্ণতুল্যাম্ ॥ ১৩ ॥

ত্রিকটু (অর্থাৎ মরিচ, পিপুল, শুঁঠ), ইন্দ্রযব, নিমছাল, চিরতা, ভীমরাজ, চিতা, কটুকী, আকনাদি, দারুহরিদ্রা, আতইচ; এই সকল দ্রব্য সম পরিমাণে লইয়া অতি সূক্ষ্ম চূর্ণ করিবে, এবং এই সমস্ত চূর্ণের সমান কুড়চির

(৬) একপল পরিমিত তণ্ডুলে তাহার আটগুণ জল দ্বারা ভাবনা দিয়া তণ্ডুলোদক প্রস্তুত করিতে হয়, যেখানে তণ্ডুলোদক শব্দের উল্লেখ আছে সেই স্থলেই এইরূপ তণ্ডুলোদকদ্বারা কার্য্য করিতে হইবে, তাহার প্রমাণ যথা:—
জলমষ্টগুণং দত্ত্বা পলং কণ্ডিততণ্ডুলাৎ। ভাবয়িত্বা ততো গ্রাহ্যং তণ্ডুলোদক কর্ম্মণি ॥

(৭) এই স্থলে দাড়িম ফলের খোসাই ব্যবহার করিতে হইবে, কোন কোন গ্রন্থকার দাড়িম বৃক্ষের ছালের বিধি দিয়া থাকেন। এই ঔষধ পিত্তাধিক্য রক্তাতীসারে বিশেষ উপকারী।

শুণ্ঠীচূর্ণ, একত্র করিয়া উত্তম রূপ মিশ্রিত করিবে। এই চূর্ণ উপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ তণ্ডুলোদকের সহিত সেবন কিম্বা মধুমিশ্রিত করিয়া লেহন করিবে। এই ঔষধ সেবন করিলে, তৃষ্ণা, অরুচি, জ্বরাতীসার, কামলা, গ্রহণী, গুল্ম, প্লীহা, প্রমেহ, পাণ্ডু ও শোথ প্রভৃতি রোগ বিনষ্ট হয়। এবং ইহাকে পাচক ও সংকোচক বলিয়া জানিবে॥ ১৩॥

দশমূলীকষায়েণ বিশ্বকল্কসমং পিবেৎ। জ্বরে চৈবাতিসারে চ সশোথে গ্রহণীগদে। বিড়ঙ্গাতিবিষামুস্তং দারুপাঠা কলিঙ্গকম্। মরিচেন সমাযুক্তং শোথাতিসারনাশনম্॥ ১৪॥

দশমূলীত্যাদি।—অত্র প্রক্ষেপস্য শুণ্ঠীচূর্ণস্য যৎ কর্ষমানমুক্তং, তৎ ক্বাথ্যস্য দশমূলস্য পলরূপাদুত্তমমাত্রামপেক্ষ্য; তেন মধ্যমাধমমাত্রানুসারেণ শুণ্ঠীচূর্ণস্য হ্রাসোঽপি বোধ্যঃ। তেনাত্র প্রক্ষেপঃ পাদিকঃ ক্বাথাদিত্যেতৎ পরিভাষা প্রবর্ত্ততে। ন তু পাতব্যশ্চ চতুর্দ্রব ইতি বচনাৎ বিশ্বচূর্ণাপেক্ষয়া দশমূলী ক্বাথশ্চতুর্গুণঃ কার্য্যঃ। যতঃ বিশ্বচূর্ণাপেক্ষয়া দশমূলস্য পাচনদীপনত্বেন যৌগিকত্বাৎ প্রাধান্যম্। অপিচ ক্বাথকরণং হি ক্বাথ্যমানাপেক্ষং। ক্বাথ্যমানঞ্চ উত্তমপুরুষাদ্যপেক্ষম্। অতস্তত্র পলত্রিকর্ষার্দ্ধপলমানমুৎসর্গতো ব্যবস্থিতমস্ত্যেব, তদপেক্ষস্য চ ক্বাথ্যস্য উত্তমপুরুষাদ্যপেক্ষয়া ব্যাধিনিবৃত্ত্যৈ প্রযুজ্যমানস্য ন্যূনত্বকরণে স্তোকজলাল্পমাত্রত্বদোষাৎ ব্যাধিনিবৃত্তিরেব ন স্যাদিতি বিপক্ষে দোষদর্শনাৎ যথাবস্থিতচতুর্ভাগাবশিষ্ট ক্বাথপ্রয়োগাচ্চ ক্বাথস্যৈব প্রধানতা। ততশ্চ যদি পাতব্যশ্চ চতুর্দ্রব ইত্যনুসারাৎ বিশ্বচূর্ণাপেক্ষয়া দশমূলীক্বাথশ্চতুর্গুণো গৃহ্যতে তদা প্রধানস্য ক্বাথস্য ন্যূনতা স্যাৎ, চতুর্ভাগাবশিষ্টক্বাথানুসারেণ বা যদি চতুর্ভাগং চূর্ণং গৃহ্যতে, তদা চূর্ণবাহুল্যং স্যাদিতি। তেন যত্র ক্বাথেন চূর্ণপানং তত্র প্রক্ষেপঃ পাদিকঃ ক্বাথাদিত্যস্যৈব বিষয়ঃ, ন তু পাতব্যশ্চ চতুর্দ্রব ইত্যস্যেতি সিদ্ধং। এবমন্যত্রাপি ক্বাথেন চূর্ণস্য কল্কস্য বা পানে ক্বাথস্য প্রাধান্যমনুমন্তব্যম্। অতএব রুচকাদিচূর্ণে বৃন্দোঽপ্যাহ "ক্বাথেন চূর্ণপানং যৎ তত্র ক্বাথপ্রধানতা। প্রবর্ত্ততে ন তেনাত্র চূর্ণাপেক্ষী চতুর্দ্রবঃ" ইতি। চূর্ণাপেক্ষী চূর্ণমানাপেক্ষী ইত্যর্থঃ॥ ১৪॥

দশমূলী অর্থাৎ বেল, শোণা, গামাইর, পারুল, গণিয়ারী, শালপানি, চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর; এই সকল বৃক্ষমূলের ছালের ক্বাথের সহিত দুই তোলা (৮) পরিমিত শুণ্ঠীচূর্ণ সেবন করিলে, জ্বরাতীসার, শোথ ও গ্রহণী রোগ বিনষ্ট হয়। উক্ত ক্বাথ প্রস্তুত করিবার নিয়ম এই, উক্ত দ্রব্যগুলি সমুদায়ে দুই তোলা, উত্তম রূপ কুট্টিত ও অর্দ্ধ সের জলে সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে। পরে শুঁঠের চূর্ণ মিশ্রিত করিয়া লইবে॥

বিড়ঙ্গ, আতইচ, মুথা, দেবদারু, বা দারুহরিদ্রা, আকনাদি, ইন্দ্রযব ও মরিচ; এই সকল দ্রব্যের পূর্ব্বোক্ত রূপে ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে, শোথ ও অতীসার রোগ বিনষ্ট হয়। বিড়ঙ্গ প্রভৃতি দ্রব্যগুলি সমস্তে ২ দুই তোলা গ্রহণ করিতে হইবে॥ ১৪॥

কিরাতাব্দামৃতাবিশ্বচন্দনোদীচ্যবৎসকৈঃ। শোথাতিসারশমনং বিশেষাজ্জ্বরনাশনম্। কিরাতাব্দামৃতোদীচ্যমুস্তচন্দনধান্যকৈঃ। শোথাতিসারতৃড়্দাহশমনো জ্বরনাশনঃ॥ ১৫॥

কিরাতেত্যাদি স্পষ্টম্॥ ১৫॥

চিরতা, মুথা, গুলঞ্চ, শুঁঠ, রক্তচন্দন, বালা, ও ইন্দ্রযব; এই সকল দ্রব্য সম

(৮) এই স্থলে যে, ২ তোলা পরিমিত শুণ্ঠীচূর্ণ বলা হইল তাহা পূর্ণমাত্রায় অর্থাৎ এক পল পরিমাণ দশমূলী ক্বাথ স্থলে ব্যবহার্য্য: কিন্তু মধ্যম ও অধম মাত্রা স্থলে ক্বাথের চতুর্থাংশ "প্রক্ষেপ দ্রব্য ব্যবহার করিবে। অতএব "প্রক্ষেপঃ পাদিকঃ ক্বাথাৎ এই পরিভাষা ও সঙ্গত হইল। সুতরাং ক্বাথ্য দ্রবের পরিমাণানুসারে প্রক্ষেপ দ্রব্যের পরিমাণ স্থির করিবে। "পাতব্যশ্চ চতুর্দ্রব" এই বচন প্রমাণ করিয়া শুণ্ঠী চূর্ণের চতুর্গুণ দশমূলী ক্বাথ ব্যবস্থা করিবে না।

পরিমাণে লইয়া (অর্থাৎ সমস্তে দুই তোলা লইয়া) উত্তম রূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। ইহা পান করিলে শোথযুক্ত অতীসার ও জ্বর বিনষ্ট হয়।

চিরতা, মুথা, গুলঞ্চ, বালা, মুথা, রক্তচন্দন ও ধনে; এই সকল দ্রব্যের পূর্ব্বোক্ত রূপে কাথ প্রস্তুত করিয়া পান করিলে শোথ, অতীসার তৃষ্ণা, দাহ ও জ্বর বিনাশ প্রাপ্ত হয় (৯)॥ ১৫॥

ইতি জ্বরাতীসার-চিকিৎসা।

অথাতীসার চিকিৎসা।

আমপক্কক্রমং হিত্বা নাতিসারে ক্রিয়া যতঃ। অতঃ সর্ব্বাতিসারেষু জ্ঞেয়ং পক্কামলক্ষণম্॥ ১॥

জ্বরোপদ্রবস্যাতীসারস্য চিকিৎসামভিধায় সম্প্রতি স্বতন্ত্রস্যাতীসারস্য চিকিৎসামাহ আমেত্যাদি।—সুশ্রুতস্য। ক্রিয়া চিকিৎসা॥ ১॥

অহিতাচরণ ও অবৈধ ইন্দ্রিয় সেবনাদি দ্বারা জঠরাগ্নি মন্দীভূত হইলে, তাহার তাদৃশ পরিপাক শক্তি থাকে না, সুতরাং ভুক্ত দ্রব্যসকলের সম্যক্‌রূপ পরিপাক না হওয়াতেই অতীসার রোগ জন্মে। (১) যাহাতে জঠরাগ্নির উত্তম রূপ পরিপাক শক্তি জন্মে এইরূপ কার্য্য না করিয়া অতীসার রোগে অগ্রে কোন প্রক্রিয়া করিবে না, অতএব সর্ব্বপ্রকার অতীসারে যাহাতে ভালরূপ পরিপাক শক্তি হয়, প্রথমতঃ এই রূপ চিকিৎসা করাই চিকিৎসকের কর্ত্তব্য।

সর্ব্বপ্রকার অতীসার রোগেই অগ্রে অপক্ক এবং পক্কের লক্ষণ বিশেষ রূপে পরিজ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক। কারণ, অতিসার রোগের আমাবস্থার ও পক্কাবস্থার ক্রম অবলম্বন ব্যতীত চিকিৎসা চলিতে পারে না॥ ১॥

মজ্জত্যামা গুরুত্বাদ্বিট্ পক্কা তূৎপ্লবতে জলে। বিনাতিদ্রবসংঘাতশৈত্যশ্লেষ্মপ্রদূষণাৎ॥ ২॥

আমপক্কলক্ষণমাহ মজ্জতীত্যাদি।—চরকস্য। আমেতি আমান্বিতা বিট্ জলে মজ্জতি। গুরুত্বাদিতি আমাহিতগুরুত্বাৎ। পক্কেতি নিরামা; প্লবতে নিরামত্বেন লঘুত্বাদিত্যর্থঃ। দ্বয়োরপ্যামপক্কলক্ষণয়োরপবাদমাহ বিনাতিদ্রবেত্যাদি।—অতিদ্রবত্বাৎ আমাপি প্লবতে; তথা অতিসঙ্ঘাতাৎ অতিকাঠিন্যাৎ পক্কাপি মজ্জতি; তথা শৈত্যসংহতিশ্লেষ্মপ্রদূষণাৎ কফসম্বন্ধকৃতগৌরবেণ পক্কাপিমজ্জতি। শৈত্যস্থানে শৈত্যপাঠে শৈত্যবর্ণতা। এতেনাতিদ্রবত্বাদিকং বিনা মজ্জনপ্লবনে সামনিরামলক্ষণতয়া জ্ঞেয়ে ইত্যর্থঃ॥ ২॥

মলের অপক্কতা ও পক্কতার লক্ষণ।

অপক্ক মলের অতিশয় গুরুত্ব হেতু তাহা জলে নিমগ্ন হয় এবং লঘুত্ব হেতু পরিপক্ক মল জলের উপরে ভাসিয়া থাকে। চিকিৎসক এই দুই লক্ষণদ্বারা পরীক্ষা করত মলের পক্ক ও অপক্কতা স্থির করিয়া লইবেন। এস্থলে দেখিতে হইবে যে মল অতি তরল কিম্বা অতি কঠিন বা অতি শৈত্য কিম্বা শ্লেষ্মাযুক্ত কি না। যেহেতু অতি তরল ও অতি কঠিন মল অপক্কাবস্থাতেও জলের উপর ভাসিয়া থাকে এবং অতি শৈত্য ও অতি

(৯) এই শ্লোকে অব্দ ও মুস্ত এক পর্য্যায়ক শব্দ দুই বার উল্লেখ থাকাতে দুই ভাগ মুথা দিতে হইবে।

(১) গুরু, অতি স্নিগ্ধ, অতিরুক্ষ, অত্যুষ্ণ ও অতি শীতল-দ্রব্য ভোজন এবং সংযোগ অর্থাৎ দেশ কালমাত্রাদি বিরুদ্ধভোজন, অধ্যশন, অজীর্ণাবস্থায় পুনর্ব্বার ভোজন এবং বিষমাহার এই সকল কারণে এবং স্নেহ, বমন, বিরেচনাদির অতিযোগ ও মিথ্যাযোগ, বিষভক্ষণ, ভয়, শোক, দূষিত জল পান, অতিশয় মদ্য পান, স্বভাব ও ঋতু বিপরীত দ্রব্য ভোজন, জলক্রীড়া ও মলমূত্রাদির বেগধারণ প্রভৃতি কারণে অতীসার রোগোৎপন্ন হইয়া থাকে।

কঠিন শ্লেষ্মাযুক্ত মল পরিপক্ক হইলেও জলে নিমগ্ন হয়, অতএব চিকিৎসকগণ ভালরূপ বিবেচনা করিয়া মলের অপক্কতা ও পক্কতা নিশ্চয় করিয়া চিকিৎসা করিবেন ॥ ২ ॥

শকৃদ্দুর্গন্ধি সাটোপবিষ্টম্ভার্ত্তিপ্রসেকিনঃ। বিপরীতং নিরামন্তু কফাৎ পক্কঞ্চ মজ্জতি ॥ ৩ ॥

সামত্বনিরামত্বয়োঃ সম্যগ্জ্ঞানার্থমপরমপি লক্ষণমাহ শকৃদিত্যাদি।—আটোপবিষ্টম্ভাবেবার্ত্তী তৎসহিতম্। কিংবা অর্ত্তিঃ শূলম্; আটোপোরুজাপূর্ব্বক উদরক্ষোভঃ; বিষ্টম্ভঃ সতোদশূলমলাপ্রবৃত্তিঃ; প্রসেকিনঃ কফপ্রসেকিনঃ কিম্বা প্রসেকঃ স্তোকস্তোকমলসরণম্। কফাৎ পক্বক মজ্জতীত্যস্য তন্ত্রান্তরীয় বচনত্বান্ন পৌনরুক্ত্যমাশঙ্কনীয়ম্। ইহ তু সম্পূর্ণশ্লোকানুরোধাৎ পঠিতম্ ॥ ৩ ॥

মলের পক্কতা ও অপক্কতা পরিজ্ঞানার্থ লক্ষণান্তর যথা,—যদি মলে অতিশয় দুর্গন্ধ থাকে এবং রোগীর উদরে গুড়গুড় শব্দ ও উদরে বেদনা কিম্বা শূলবিদ্ধবৎ বেদনা হয়, অথচ উত্তম রূপে মল নিঃসরণ না হয় এবং অল্প অল্প কফ বা মল নির্গত হয়, তবে সেই মলকে অপক্ক এবং ইহার বিপরীত লক্ষণযুক্ত মলকে পক্ক বলিয়া নিশ্চয় করিবেন। আর কফ দোষেদূষিত মল পরিপক্ক হইলেও গুরুত্ব নিবন্ধন জলে নিমগ্ন হয়, (২) অতএব বিশেষরূপ পরীক্ষা দ্বারা মলের পক্কতা ও অপক্কতা স্থির করা কর্ত্তব্য ॥ ৩ ॥

আমে বিলঙ্ঘনং শস্ত-মাদৌ পাচনমেব চ। কার্য্যঞ্চানশনস্যান্তে প্রদ্রবংলঘুভোজনং (৩) ॥ ৪ ॥

(২) কফদোষে দূষিত মল জলে নিমগ্ন হয়, এইটী গ্রন্থান্তরের বচন হইলেও শ্লোক পুরণার্থ এই স্থলে লিখিত হইয়াছে, অতএব পৌনরুক্তি দোষ ঘটে নাই।

(৩) "প্রদ্রবং লঘু ভোজনং" এই স্থলে প্রশব্দ দ্বারা প্রকৃষ্টরূপ দ্রবীভূত মণ্ডাদি বুঝায়। অত-

আমইত্যাদি।—প্রদ্রবমিতি প্রকৃষ্টদ্রবং; প্রকর্ষশ্চাত্র শাস্ত্রবিহিতত্বেন জ্ঞেয়ঃ। তেনাশাস্ত্রবিহিতদ্রবান্ননিষেধার্থং, বিহিতলাজমণ্ডাদিবিধানার্থঞ্চ প্রশব্দোপাদানং জ্ঞেয়ম্। অতঃ "বর্জ্জয়েদ্বৈদলং শূলী কুষ্ঠী মাংসঞ্চক্ষয়ী স্ত্রিয়ম্। দ্রবমন্নমতীসারী সর্ব্বঞ্চ তরুণজ্বরী।" ইত্যাদি বচনেন সহাত্র ন বিরোধঃ। অন্যে তু প্রগত দ্রবমিতি ব্যাখ্যায় বিরোধং পরিহরন্তি। অপরে তু নিপাতস্যানেকার্থত্বাৎ প্রশব্দস্য ঈষদর্থতাং ব্যাখ্যানয়ন্তি। অন্যে তু কেবলদ্রবস্যৈব নিষেধো ন তু লাজমণ্ডাদেরিত্যাহুঃ ॥ ৪ ॥

আমাতীসারে প্রথমতঃ রোগীকে অনশনে রাখিয়া তৎপরে আম পরিপাকজনক ঔষধ সেবন করাইবে। অনশনের পরে অতি লঘু (যাহা অতি সহজেই পরিপাক হয়) লাজমণ্ডাদি অল্প পরিমাণে ভোজন করিতে দেওয়া বিধেয়। কোন অবৈধ অন্ন পানাদি সেবন করিতে দিবে না, কারণ, অবৈধ অন্ন পানাদি দ্বারা পীড়া অতিশয় বৃদ্ধি পাইবার সম্ভব ॥ ৪ ॥

লঙ্ঘনমেকং মুক্ত্বা ন চান্যদস্তীহ ভেষজং বলিনঃ। সমুদীর্ণং দোষচয়ং শময়তি তৎ পাচয়ত্যপি চ ॥ ৫ ॥

লঙ্ঘনপাচনয়োর্মধ্যে লংঘনস্য প্রাধান্যমাহ লঙ্ঘনমিত্যাদি স্পষ্টম্ ॥ ৫ ॥

অতীসার রোগে লঙ্ঘন না দিয়া অগ্রে অন্য কোন ঔষধই প্রয়োগ করিবে না। বলবান্ অতীসারী রোগীর পক্ষে লঙ্ঘনই এক মাত্র ঔষধ, কারণ, লঙ্ঘনদ্বারা অতি প্রবৃদ্ধ দোষ সমূহও প্রশমিত ও পরিপাক পাইয়া থাকে ॥ ৫ ॥

এব এই জানা গেল যে, বৈধ লাজ মণ্ড ভোজন করাইবে, অবৈধ অন্নাদি আহার করিতে দিবে না। অতএব 'বর্জ্জয়েদ্বৈদলং শূলী কুষ্ঠীমাংসং ক্ষয়ী স্ত্রিয়ং। দ্রবমন্নমতীসারী সর্ব্বঞ্চ নূতনজ্বরী।" শূলী ব্যক্তি, দাইল, কুষ্ঠী ব্যক্তি মাংস, ক্ষয় রোগী স্ত্রী সঙ্গম, অতিসারী ব্যক্তি দ্রব অন্ন ও নূতনজ্বরী ব্যক্তি সকল প্রকার আহারই পরিত্যাগ করিবে, এই বচনের সঙ্গে কোন বিরোধই থাকিল না।

হ্রীবেরশৃঙ্গবেরাভ্যাং মুস্তপর্পটকেন বা। মুস্তোদীচ্যশৃতং তোয়ং দেয়ং বাপি পিপাসবে। যুক্তেঽন্নকালে ক্ষুৎক্ষামং লঘূন্যন্নানি ভোজয়েৎ ॥ ৬॥

হ্রীবেরেত্যাদিযোগত্রয়ং ষড়ঙ্গবিধিনা অর্দ্ধশৃতং বোধ্যম্। উদীচ্যং বালকম্ ॥ ৬ ॥

অতীসারী রোগীর পিপাসা হইলে, বালা ও শুঁঠ কিম্বা মুথা ও ক্ষেৎপাপড়া অথবা মুথা ও বালা দ্বারা জল সিদ্ধ করিয়া (৪) পিপাসিত ব্যক্তিকে পান করিতে দিবে। এবং রোগীকে ক্ষুধাতে অতি কাতর দেখিলে যথা সময়ে অতি লঘু (যাহা অল্প সময়ের মধ্যে পরিপাক প্রাপ্ত হয়) পথ্য ভোজন করিতে দিবে ॥ ৬ ॥

ঔষধসিদ্ধাঃ পেয়া লাজানাং শক্তবোঽতিসারহিতাঃ। বস্ত্রপ্রসূতমণ্ডঃ পেয়া চ মসূরযূষশ্চ ॥ ৭ ॥

এবং লঘুভোজনমিতি যদুক্তং তদেব দর্শয়তি ঔষধসিদ্ধেত্যাদি।—ঔষধং বক্ষ্যমাণশালপর্ণ্যাদিধান্যপঞ্চকাদিকম্। পেয়া চেতি পেয়া চ বস্ত্রপ্রস্রুতেত্যর্থঃ। অতএবোক্তম্ "বস্ত্রস্রুতা যবাগূর্মাঽপ্রস্রুতকৃন্ন ভক্তকম্" ইতি ॥ ৭ ॥

অতীসারীকে প্রকৃষ্ট দ্রবীভূত লঘু মণ্ডাদি আহার করিতে দিবে, দ্রবরূপে যাহা পূর্ব্বে বলা হইয়াছে, তাহারই বিশেষ বলিতেছেন।

নিম্নলিখিত শালপাণি প্রভৃতি ঔষধ সিদ্ধ পেয়া ও খৈর ছাতু অতীসার রোগে উপকারক এবং কাপড় ছাঁকা মণ্ড অথবা পেয়া বা মসূরের যূষ ইহাও বিধেয়, অতএব অতীসারীকে এই সকল দ্রব্যের মধ্যে বিবেচনা করিয়া কোন একটী আহার করিতে দেওয়া যাইতে পারে ॥ ৭ ॥

গুর্ব্বী পিণ্ডী খরাত্যর্থং লঘ্বী সৈব বিপর্য্যয়াৎ। শক্তূনামাশু জীর্য্যেত মৃদুত্বাদবলেহিকা ॥ ৮ ॥

গুর্ব্বীত্যাদি।—অত্যর্থং খরা কঠিনা শক্তুপিণ্ডিকা গুর্ব্বী স্যাৎ, সৈব বিপর্য্যয়াদিতি মৃদ্বী সা লঘ্বী ভবতি। অবলেহিকা অবলেহযোগ্যা পিণ্ডী ॥ ৮ ॥

কি রূপে খৈর ছাতু আহার করিতে দিবে তাহার ক্রম বলিতেছেন। খৈ জলদ্বারা দ্রবণ করিয়া পিণ্ডাকার করতঃ আহার করিতে দিবে। ঐ ছাতুর পিণ্ড যদি অতি কঠিন হয় তবে উহা অতি গুরুপাক হইয়া উঠে এবং ছাতুর পিণ্ড লঘু হইলে শীঘ্র জীর্ণ হয়, এই জন্য ছাতুর পিণ্ড যাহাতে অবলেহন করিয়া খাইতে পারে এইরূপ ভাবে প্রস্তুত করাই কর্ত্তব্য, ইহাদ্বারা পরে কোন অপকারহইবার সম্ভব নাই, পরন্তু অতি সহজেই জীর্ণ হইবে ॥ ৮ ॥

বৃহচ্ছালপর্ণ্যাদিঃ—

শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতী কণ্টকারিকা। বলাশ্বদংষ্ট্রাবিল্বানি পাঠানাগরধান্যকম্। এতদাহারসংযোগে হিতং সর্ব্বাতিসারিণাম্ ॥ ৯ ॥

বৃহচ্ছালপর্ণ্যাদৌ—বিল্বানি বিল্বশলাটবঃ সংগ্রাহিত্বাৎ। যদুক্তং "কফানিলহরং তীক্ষ্ণং স্নিগ্ধং সংগ্রাহিদীপনম্। কটুতিক্তকষায়োষ্ণং বিল্বমামমুদাহৃতম্" ইতি। এবং সর্ব্বত্র তত্তন্নযোগে বোধ্যম্। ছর্দ্দ্যান্তু বিল্বস্য মূলং জ্ঞেয়ম্, "বিল্বমূলং মরুৎশ্লেষ্মচ্ছর্দ্দিঘ্নং ন তু পিত্তকৃৎ" ইতি গুণপাঠাৎ। আহার সংযোগ ইতি আহারস্য সংযোজনে সংস্কার ইতি যাবৎ। সর্ব্বাতিসারিণামিতি আমপচ্যমানপক্বাতিসারিণাং, প্রত্যেক দ্বন্দ্বসন্নিপাতাতিসারিণাং বা ॥ ৯ ॥

শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী,

* (৪) জল সিদ্ধ হইতে হইতে যখন অর্দ্ধ অবশিষ্ট থাকিবে তখন নামাইয়া বস্ত্রপূত করতঃ রোগীকে পানার্থ প্রদান করিবে।

বেড়েলা, গোক্ষুর, বেলশুঁঠ, (৩) আক-নাদি, শুঁঠ ও ধনে ; এই সকল ঔষধের সহিত যথাবিহিত নিয়মে পেয়া প্রস্তুত করতঃ অতিসারীকে আহার করিতে দিবে। এই রূপ পেয়া, সকল প্রকার অতিসার রোগেই হিতকর ॥ ৯ ॥

স্বল্পশালপর্ণ্যাদিঃ—

শালপর্ণীবলাবিল্বৈঃ পৃশ্নিপর্ণ্যা চ সাধিতা। দাড়িমাম্লা হিতা পেয়া পিত্তশ্লেষ্মাতিসারিণাম্ ॥ ১০ ॥

স্বল্পশালপর্ণ্যাদি।—বাতাতিসারে ॥ ১০ ॥

শালপানি, বেড়েলা, বেলশুঁঠ ও চাকুলে ; এই সকল দ্রব্যদ্বারা পেয়া প্রস্তুত করতঃ উহা দাড়িম রসদ্বারা অম্লরস যুক্ত করিয়া পান করিলে, পিত্তশ্লেষ্ম জন্য অতীসার রোগের শান্তি হয়, এবং অম্ল-দোষের নিবৃত্তি হয় ॥ ১০ ॥

যবাগূমুপভুঞ্জানো ন তু ব্যঞ্জনমাচরেৎ। শাকমাংসফলৈর্যুক্তা যবাগ্বো-ঽম্লাশ্চ দুর্জ্জরাঃ ॥ ১১ ॥

যবাগ্বোঽম্লা ইতি অম্লা অম্লবিপাকাঃ ॥ ১১ ॥

অতীসার রোগে, এক মাত্র যবাগূই শ্রেষ্ঠ আহার। কিন্তু যবাগূর সহিত কোন প্রকার ব্যঞ্জন ভোজন করিবে না। যবাগূর সহিত শাক, মাংস কিম্বা ফলাদি আহার করিলে উহা অম্লপাক হয় এবং সহজে জীর্ণ হয় না ॥ ১১ ॥

ধান্যপঞ্চকসংসিদ্ধো ধান্যবিশ্বকৃতোঽথবা। আহারো ভিষজা যোজ্যো বাতশ্লেষ্মাতিসারিণাম্। বাতপিত্তে পঞ্চমূল্যা কফে বা পঞ্চকোলকৈঃ ॥ ১২

ধান্যপঞ্চকেত্যাদি পাঠঃ। 'বাতপিত্তে পঞ্চমূল্যা' ইতি স্বল্পপঞ্চমূল্যা ॥ ১২ ॥

বাতশ্লেষ্মাতীসার পীড়িত ব্যক্তিকে, ধান্যপঞ্চক অর্থাৎ ধনে, শুঁঠ, মুথা, বালা (পাথরকুচি) ও বেলশুঁঠ অথবা ধনে ও শুঁঠ এই দ্বিবিধ ঔষধের যে কোনটীর ক্বাথে পেয়া প্রস্তুত করতঃ আহার করিতে দিবে। এইরূপ আহারদ্বারা বাতশ্লেষ্মজনিত অতীসার প্রশমিত হয়। বাতপিত্তাতীসারে পঞ্চমূলীর অর্থাৎ বেল, শ্যোণা, গামাইর, পারুল ও গণিয়ারী ; ইহাদের মূলের ক্বাথে পেয়া প্রস্তুত করতঃ রোগীকে আহার করিতে দিবে। ইহাদ্বারা বাতপিত্ত ঘটিত অতীসার প্রশমিত হয়। এবং পঞ্চকোলক অর্থাৎ পিপুল, পিপুলমূল, চৈ, চিতা ও শুঁঠ ; ইহাদের ক্বাথে পেয়া প্রস্তুত করতঃ কফাতীসারী রোগীকে আহার করিতে দিবে। ইহাদ্বারা কফাতীসার নিবারিত হয় ॥ ১২ ॥

ধান্যোদীচ্যশৃতং তোয়ং তৃষ্ণাদাহাতিসারনুৎ। আভ্যামেব সপাঠাভ্যাং সিদ্ধমাহারমাচরেৎ ॥ ১৩ ॥

আভ্যামিতি ধান্যোদীচ্যাভ্যাম্ ॥ ১৩ ॥

ধনে ও বালা দ্বারা জলসিদ্ধ করিয়া অতীসারী রোগীকে পান করিতে দিবে। ইহাদ্বারা তৃষ্ণা, দাহ ও অতীসার বিনষ্ট হয়। অপর ধনে, বালা ও আকনাদি ; ইহাদিগের ক্বাথে আহারীয় বস্তু (পেয়া) সিদ্ধ করিয়া অতীসারী রোগীকে আহার করিতে দিবে। এইরূপ আহার দ্বারা ও অতীসার রোগের শান্তি হইয়া থাকে ॥ ১৩ ॥

(৩) কাঁচাবেলের গ্রাহকতা গুণ থাকা প্রযুক্ত এই স্থলে কাঁচাবেল ব্যবহার করাও বিধেয় যথা; গুণ পাঠে:—

কফানিলহরং তীক্ষ্ণ স্নিগ্ধং সংগ্রাহি দীপনং। কটুতিক্তকষায়োষ্ণং বিষমান মূলোহ্নতং।

কাঁচাবেলের এই সকল গুণ আছে।

দোষাঃ সঞ্চিতা যস্য বিদগ্ধাহার-মূর্চ্ছিতাঃ। অতিসারায় কল্পন্তে ভূয়-স্তান্ সংপ্রবর্ত্তয়েৎ ॥ ১৪ ॥

দোষা ইত্যাদি।—সঞ্চিতা ইতি পাকং প্রাপ্তাঃ। বিদগ্ধশব্দেনাত্রাগ্নিপক্কাহার রাচিন্ত্য চতুর্ব্বিধমপ্যাম-বিদগ্ধ-বিষ্টব্ধ-রসশেষরূপমজীর্ণ-মুচ্যতে। মূর্চ্ছিতা ইতি বর্দ্ধিতাঃ। সম্প্রবর্ত্তয়ে-দিতি স্বয়ং প্রবর্ত্তমানদোষস্য উপেক্ষয়া প্রবর্ত্তনং কারয়েৎ। উক্তং হি "তেষূপেক্ষৈব ভেষজম্" ইতি, তথা স্তোকং স্তোকং বিবদ্ধং বা বিরেচন-যোগেন প্রবর্ত্তয়েৎ। অতএব বক্ষ্যতি স্তোকং স্তোকং বিবদ্ধং বেত্যাদি ॥ ১৪ ॥

যে ব্যক্তির পূর্ব্বসঞ্চিত ত্রিদোষ (বায়ু, পিত্ত ও কফ), আহারীয় বস্তুর বিদগ্ধতা বশতঃ বর্দ্ধিত হইয়া (৬) অতিসার রোগ উৎপন্ন করে, তাহার দোষসমূহ স্বয়ং নির্গত হইলেও যাহাতে নিঃশেষিতরূপে নির্গত হয় তাহা করিবে ॥ ১৪ ॥

ন তু সংগ্রহণং দদ্যাৎ পূর্ব্বমামাতি-সারিণে। দোষা হ্যাদৌ রুধ্যমানা জনয়ন্ত্যাময়ান্ বহূন্। শোথপাণ্ড্বাময়-প্লীহকুষ্ঠগুল্মোদরজ্বরান্। দণ্ডকালস-কাধ্মান গ্রহণ্যর্শোগদাং স্তথা ॥ ১৫ ॥

ন তু সংগ্রহণমিত্যাদৌ পূর্ব্বমিতি বিশেষণে-নোত্তরকালমামাতিসারিণেঽপি অতিনিস্রুতবহু-দোষতয়া ক্ষীণধাতবে সংগ্রহণং দেয়মিতি দর্শ-য়তি। অতএব বক্ষ্যতি ক্ষীণধাতুবলার্ত্তস্যেতি। অন্যে তু পূর্ব্বং সংগ্রহণং ন দেয়মিতি বচনেন প্রধানমস্বস্থ—শাল্মল-কুটজত্বগাদিসংগ্রহণং ন দেয়মিতি বোধয়তি। মুস্তোদীচ্যাদি তু পাচনং গ্রহণঞ্চ যৎ, পূর্ব্বমপি দেয়মেবেত্যাহুঃ ॥ ১৫ ॥

অতীসার উপস্থিত হইলে, রোগীকে প্রথমতঃ কোন ধারক (যাহাতে কোষ্ঠ বদ্ধ হয়) ঔষধ দিবে না, (৭) কারণ অপক্ক দোষ উদরে রুদ্ধ থাকিলে অ-ন্যান্য আরো অনেক দোষ জন্মিতে পারে।

আমাতীসারীর অতীসার উপস্থিত হওয়া মাত্র ঔষধদ্বারা মল নিঃসরণ বন্ধ করিলে, শোথ, পাণ্ডু, অজীর্ণ, জ্বর, কুষ্ঠ, গুল্ম, জ্বর, দণ্ডক, অলসক, আধ্মান (উদর স্ফীততা), গ্রহণী ও অর্শঃ প্রভৃতি রোগ জন্মিবার খুব সম্ভাবনা ॥ ১৫ ॥

ক্ষীণধাতুবলার্ত্তস্য বহুদোষোঽতিনি-স্রুতঃ। আমোঽপি স্তম্ভনীয়ঃ স্যাৎ পাচনান্মরণং ভবেৎ ॥ ১৬ ॥

অবস্থায়ামামেঽপি সংগ্রহণং দেয়মিত্যাহ ক্ষীণেত্যাদি।—পাচনাদিতি কেবলপাচনাৎ, পাচন স্তম্ভনস্তু হিতমেব ॥ ১৬ ॥

বহুদোষের অত্যন্ত নিঃসরণ হেতু অতীসার রোগী ক্ষীণধাতু হইলে, স্তম্ভ-নার্থ তাহাকে ঔষধ প্রদান করিবে। যাহাতে অধিক মল নিঃসরণ না হয় তাহা করাই কর্ত্তব্য। কারণ সেই অ-পক্ক দোষ পরিপাক পাইতে পাইতে অতীসারী রোগী ক্ষীণধাতু হইয়া কাল-গ্রাসে পতিত হইতে পারে, অতএব দুর্ব্বল রোগীকে স্তম্ভন ঔষধ প্রদান করাই একান্ত কর্ত্তব্য ॥ ১৬ ॥

স্তোকং স্তোকং বিবদ্ধং বা সশূলং যোঽতিসার্য্যতে। অভয়াপিপ্পলী-কল্কৈঃ সুখোষ্ণৈস্তং বিরেচয়েৎ ॥ ১৭ ॥

(৬) গুর্ব্বতিস্নিগ্ধরূক্ষোষ্ণদ্রবস্থূলাতিশীতলৈঃ। বিরুদ্ধাধ্যশনাজীর্ণৈর্বিষমৈশ্চাপি ভোজনৈঃ। স্নেহাদ্যৈরতিযুক্তৈশ্চ মিথ্যাযুক্তৈর্বিষৈর্ভয়ৈঃ। শোকাদ্দুষ্টাম্বুমদ্যাতিপানৈঃ সাত্ম্যর্তুপর্য্যয়ৈঃ। জলাভিরমণৈর্বেগবিঘাতৈঃ কৃমিদোষতঃ। এই সকল কারণে অতিসার জন্মে।

(৭) প্রথমতঃ কোন ধারক ঔষধ দিবে না, ইহা দ্বারা এই বোধ হইল যে অধিক মল নিঃসরণ হইলে রোগী অতিশয় দুর্ব্বল হইয়া পড়ে, অতএব উত্তর কালে ধারক ঔষধ প্রয়োগ করিবে। কেহ কেহ বলেন শাল্মলি ও কুড়চিছাল প্রভৃতি প্রয়োগ করিবে না কিন্তু বালা ও মুথা প্রভৃতি ধারক পাচন, অতীসারে প্রদান করিতে হইবে।

বিরেচনাৰ্হত্বমাহ স্তোকমিত্যাদি।—সুশ্রুতস্য। অভয়াপিপ্পলীকল্কস্য সুখোষ্ণতা কদুষ্ণযোগেন জ্ঞেয়া ॥ ১৭ ॥

অতীসারে যাহার অল্প অল্প ভেদ হয় অথচ উদরে বেদনা থাকে, তাহাকে, হরীতকী ও পিপুল সমভাগে লইয়া উত্তম রূপ পেষণ করতঃ ঈষদুষ্ণ করিয়া সেবন করিতে দিবে। ইহাদ্বারা উদরের কুপিত মল নিঃসৃত হইয়া যায় এবং তাহাতেই রোগী আরোগ্য লাভ করে ॥ ১৭ ॥

ধান্যপঞ্চকং—

ধান্যকং নাগরং মুস্তং বালকং বিল্বমেব চ। আমশূলবিবন্ধঘ্নং পাচনং বহ্নিদীপনম্। ইদং ধান্যচতুষ্কং স্যাৎ পিত্তে শুণ্ঠীং বিনা পুনঃ ॥ ১৮ ॥

ধান্যকমিত্যাদি।—অয়ং যোগঃ সামপিত্তে বোধ্যঃ। যদুক্তমায়ুর্ব্বেদসারে "বিল্ববিশ্ব-ঘনোদীচ্য-ধান্যকৈঃ ক্বথিতং জলম্। সামপিত্তাতিসারঘ্নং দীপনং ধান্যপঞ্চকম্"। ধান্যপঞ্চকং যদুক্তং তৎ শুণ্ঠীব্যতিরেকেণ কর্ত্তব্যমিত্যেতদর্থমাহ ইদং ধান্যচতুষ্কং স্যাদিত্যাদি। ভোজেঽপ্যুক্তম্ "ধান্যকং বালকং মুস্তং বিল্বং পিত্তে প্রযোজিতম্। আমশূলবিবন্ধঘ্নং পাচনং বহ্নিদীপনম্" ইতি। তথান্যত্রাপ্যুক্তম্ "ধান্যকং বালকং মুস্তং বিল্বং পিত্তে তু দীপনম্। আমশূলবিবন্ধঘ্নং পাচনং নাগরান্বিতম্" ইতি ॥ ১৮ ॥

ধনিয়া, শুঁঠ, মুথা, বালা ও বেলশুঁঠ; এই পঞ্চ দ্রব্যের নাম ধান্যপঞ্চক। এই সমস্ত দ্রব্য মোটে দুই তোলা গ্রহণ করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ ক্বাথ গ্রহণ করিবে। এই ধান্যপঞ্চকের ক্বাথবারি পান করিলে অজীর্ণ দোষ জনিত মলবদ্ধতা ও বেদনার শান্তি হয় এবং ইহা পাচক ও উদরাগ্নির দীপ্তিকারক (৮)। শুঁঠ ভিন্ন উক্ত ধান্যপঞ্চক অর্থাৎ ধনিয়া, মুথা, বালা ও বেলশুঁঠ; এই ঔষধ চতুষ্টয়কে ধান্যচতুষ্ক বলে (৯)। এই ধান্য চতুষ্কের ক্বাথ ও পূর্ব্বোক্ত নিয়মে প্রস্তুত করিয়া লইতে হইবে। এই ক্বাথ পান করিলে পিত্তজনিত রোগ সকল নিবৃত্তি হয় ॥ ১৮ ॥

পিপ্পলীং নাগরং ধান্যং ভূতিকঞ্চাভয়াং বচাম্। হ্রীবেরভদ্রমুস্তানি বিল্বং নাগরধান্যকম্। পৃশ্নিপর্ণী শ্বদংষ্ট্রা চ সমঙ্গা কণ্টকারিকা। তিস্রঃ প্রথম্যা বিহিতাঃ শ্লোকার্দ্ধৈরতিসারিণাম্। কফে পিত্তে চ বাতে চ ক্রমাদেতাঃ প্রকীর্ত্তিতাঃ। সংজ্ঞা প্রমথ্যা জ্ঞাতব্যা যোগে পাচনদীপনে ॥ ১৯ ॥

পিপ্পল্যাদ্যাদি প্রমথ্যাত্রয়ং চরকস্য। অত্র ভূতিকং যমানী; ভদ্রমুস্তং মুস্তকমেব, সমঙ্গা বরাহক্রান্তা। এতাস্তিস্রঃ প্রমথ্যা যথাক্রমং কফপিত্তবাতেম্বিতি চরকটীকাকৃতো ব্যাচক্ষতে। অতস্তমেবার্থং চক্রোঽপ্যাহ কফেপিত্তেত্যাদি। যদ্যপি হ্রীবেরমিত্যাদি দ্বিতীয়ো যোগো ধান্যপঞ্চকমেব, তথাপি তস্যৈব প্রমথ্যাসংজ্ঞাবিধানার্থং পুনশ্চরকবাক্যং লিখিতম্। ন চ বাচ্যং প্রমথ্যামধ্যপঠিতং হ্রীবেরমিত্যাদিকমেবাস্তু; কিং ধান্যপঞ্চক যোগস্য পৃথক্ কথনেন? সত্যম্; ধান্যপঞ্চকসংজ্ঞয়া হি শাস্ত্রব্যবহারঃ কর্ত্তব্যো যথা ধান্যপঞ্চকসংসিদ্ধ ইত্যাদি। তথা শুণ্ঠীরহিতস্য তস্যৈব ধান্যচতুষ্কসংজ্ঞয়াপি, অত এতদ্বিশেষকথনার্থমেব তস্য পৃথক্কথনমিতি জ্ঞেয়ম্। সংজ্ঞা

(৮) এই ধান্যপঞ্চকের ক্বাথ আমপিত্তাতিসারে প্রশস্ত, যথা—আয়ুর্ব্বেদসারে।

"বিল্ববিশ্বঘনোদীচ্য ধান্যকৈঃ ক্বথিতং জলম্।
সামপিত্তাতিসারঘ্নং দীপনং ধান্যপঞ্চকং ॥"

বেলশুঁঠ, শুঁঠ, মুথা, বালা ও ধনিয়া; এই সকল ঔষধের ক্বাথজল পান করিলে আমপিত্তাতিসার নিবৃত্তি ও অগ্নির উদ্দীপন হয়।

(৯) ধান্যচতুষ্ক, আমশূলরোগে হিতকর। যথা—ভোজগ্রন্থে।

"ধান্যকং বালকং মুস্তং বিল্বং পিত্তে প্রয়োজিতং।
আমশূলবিবন্ধঘ্নং পাচনং বহ্নিদীপনং" ॥

ধনিয়া, বালা, মুথা ও বেলশুঁঠ এই চারি পদ ঔষধের নাম ধান্যচতুষ্ক; এই সকল ঔষধের ক্বাথ পান করিলে আমশূল, উদরভঙ্গের শান্তি ও বিরেচন হইয়া অগ্নি প্রদীপ্ত হয়।

প্রমথ্যা ইত্যাদি।—প্রমথ্যাশব্দো হি বৃদ্ধৈ রুল্পঃ স্থয়া পাচন-দীপন-কষায়ে বৈদ্যশাস্ত্রে পরিভাষিতঃ শ্রূয়তে। যথা বিড়ঙ্গকষায়ঃ শৈখরিককষায়শ্চেন বৈদ্যৈরুচ্যতে ইতি॥ ১৯॥

পিপুল, শুঁঠ, ধনিয়া, যোয়ান, হরীতকী ও বচ; এই সকল দ্রব্য সমপরিমাণে অর্থাৎ ২ দুই তোলা মাত্রায় লইয়া উত্তম রূপ কুট্টিত করতঃ পূর্ব্বোক্ত নিয়মে ক্বাথ প্রস্তুত করিবে। এই ক্বাথবারি পান করিলে কফাতীসারের নিবৃত্তি হয়। বালা, মুথা, বেলশুঁঠ, শুঁঠ ও ধনিয়া; এই সকলের ক্বাথও পূর্ব্বোক্ত নিয়মে প্রস্তুত করিবে। অর্থাৎ দ্রব্য সমুহ দুই তোলা,জল অর্দ্ধ সের শেষ অর্দ্ধ পোয়া। এই কষায় সেবন করিলে পিত্তাধিক্য অতীসার রোগ বিনষ্ট হয় (১০)।

চাকুলে, গোক্ষুর, বরাহক্রান্তা ও কন্টিকারী; এই সকলের ক্বাথ যথারীতি প্রস্তুত করিয়া সেবন করিলে বাতপ্রধান অতীসার রোগ প্রশমিত হয়।

শাস্ত্রকারেরা পূর্ব্বোক্ত তিনটী যোগের প্রমথ্যা সংজ্ঞা করিয়াছেন,প্রমথ্যা শব্দটী বৈদ্য শাস্ত্রের একটী পারিভাষিক সংজ্ঞা, সুতরাং যে রোগের অগ্নিদীপক এবং আম পাচক গুণ আছে, তাহাকেই প্রমথ্যা বলিয়া অভিহিত হইবে। উক্ত যোগত্রয় ক্রমে কফপ্রধান,পিত্তপ্রধান ও বাতপ্রধান অতীসররোগে ব্যবহার করিবে। অর্থাৎ পিপুল. শুঁঠ প্রভৃতির ক্বাথ কফপ্রধান অতিসারে, বালা, মুথা প্রভৃতির ক্বাথ পিত্তপ্রধান অতিসারে এবং চাকুলে গোক্ষুর প্রভৃতির ক্বাথ বাতপ্রধান অতীসারে সেবনীয়॥ ১৯॥

(১০) এই যোগের সহিত পূর্ব্বোক্ত ধান্যপঞ্চকের ঐক্য দেখা যায়, সুতরাং এই স্থলে পুনরুক্তি বলিয়া বোধ হয়। ভৈষজ্যবিৎ পণ্ডিতগণ হ্রীবেরাদির প্রমথ্যা সংজ্ঞা ও ধান্যাদির ধান্যপঞ্চক সংজ্ঞা করণার্থ একবিধ ঔষধকেই পৃথক্ পৃথক্ উল্লেখ করিয়াছেন; চক্রপাণি দত্ত প্রাচীন মতের অনুবর্ত্তী হইয়া স্বীয়গ্রন্থে সেইরূপ ধান্যপঞ্চক ও প্রমথ্যা সংজ্ঞার্থ একবিধ ঔষধকে স্থানদ্বয়ে উল্লেখ করিলেন, অতএব ইহা আর পুনরুক্তি দোষ বলিয়া স্বীকৃত হইতে পারে না।

ত্র্যূষণাতিবিষাহিঙ্গু-বলাসৌবর্চ্চলাভয়াঃ। পীত্বোষ্ণেনাম্ভসা হন্যাদামাতীসারমুদ্ধতম্। অথবা পিপ্পলীমূলপিপ্পলীদ্বয়চিত্রকান্। সৌবর্চ্চলবচাব্যোষ-হিঙ্গুপ্রতিবিষাভয়াঃ। পিবেৎ শ্লেষ্মাতিসারার্ত্তশ্চূর্ণিতাংশ্চোষ্ণবারিণা। হরিদ্রাদিং বচাদিং বা পিবেদামেষু বুদ্ধিমান্। খড়যূষযবাগূষু পিপ্পল্যাদিং প্রযোজয়েৎ॥ ২০॥

ত্র্যূষণেত্যাদৌ ত্র্যূষণাদীনাং চূর্ণম্। অথবেত্যাদি-চিত্রকান্ত একো যোগঃ। সৌবর্চ্চলেত্যাদৌ প্রতিবিষা অতিবিষা। হরিদ্রাদিবচাদিগণৌ সৌশ্রুতৌ। যদাহ "হরিদ্রা দারুহরিদ্রা কলসী কুটজবীজানি মধুকঞ্চেতি"। "বচা—মুস্তা-তিবিষা-ভয়া-ভদ্রদারু-নাগরঞ্চেতি"। খড়যূষইত্যাদি। পিপ্পল্যাদিশ্চ সৌশ্রুতো গণো জ্বরাধিকারে চক্রেণৈবোক্তঃ॥ ২০॥

মরিচ, পিপুল, শুঁঠ, আতইচ, হিঙ্গু, বেড়েলা, সচললবণ ও হরীতকী; এই সকলের চূর্ণ সমভাগে লইয়া একত্র মিশ্রিত করতঃ উপযুক্ত মাত্রায় উষ্ণজলের সহিত সেবন করিবে। ইহাদ্বারা অতি প্রবল অতীসার রোগও নিবারিত হয়।

অথবা পিপুলমূল, পিপুল,গজপিপ্পলি, চিতা, কিম্বা সৌবর্চ্চললবণ, বচ, মরিচ, পিপুল, শুঁঠ,হিঙ্গু,আতইচ ও হরীতকী; এই সকল ঔষধের চূর্ণ সমভাগে একত্র মিশ্রিত করতঃ উপযুক্ত মাত্রায় উষ্ণ জলের সহিত সেবন করিবে। এই দ্বিবিধ ঔষধ সেবনেই শ্লেষ্মপ্রধান অতীসার রোগের নিবৃত্তি হয় (১১)।

(১১) টীকাকার এই বচনে যোগদ্বয় ব্যাখ্যা করিয়াছেন, যথা—পিপ্পল্যাদি চিত্রকান্ত এক যোগ ও সৌবর্চ্চলাদি অভয়ান্ত অপর যোগ।

বুদ্ধিমান বৈদ্য আমাতীসারে সুশ্রুতোক্ত হরিদ্রাদি অর্থাৎ হরিদ্রা, দারুহরিদ্রা, চাকুলে, ইন্দ্রযব ও যষ্টিমধু; এই সকল ঔষধের ক্বাথ প্রয়োগ করিবেন। অথবা সুশ্রুতোক্ত বচাদি অর্থাৎ বচ, মুথা, আতইচ, হরীতকী, দেবদারু ও শুঁঠ; ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধসের অবশিষ্ট অর্দ্ধ পোয়া। এই ক্বাথবারি পান করাইবেন। এবং উক্ত রোগে পিপ্পল্যাদিগণের সহিত সাধিত খড়যূষ ও যবাগূ প্রয়োগ করিবেন। (১২) পরশ্লোকে খড়যূষের বিষয় বর্ণিত হইবে॥ ২০॥

তক্রং কপিত্থচাঙ্গেরীমরিচাজাজিচিত্রকৈঃ। সুপক্বঃ খড়যূষোঽয়মযং কাম্বলিকোঽপরঃ। দধ্যম্লোলবণস্নেহতিলমাষসমন্বিতঃ॥ ২১॥

খড়যূষমাহ তক্রমিত্যাদি।—অযঞ্চ যূষঃ "কর্ষার্দ্ধং বা কণাশুণ্ঠ্যোঃ কল্কদ্রব্যস্য বা পলম্" ইত্যাদিনা বোধ্যঃ। তেন তীক্ষ্ণবীর্য্যানাং মরীচাজাজীচিত্রকাণামল্পমানত্বং; কপিত্থচাঙ্গের্য্যোস্তু মধ্যবীর্য্যত্বাৎ বহুমানত্বম্; তক্রস্য তু প্রস্থমানত্বং কল্পনীয়ম্। এষ খড়যূষঃ মুদ্গোঽপি দেয়ঃ। তদৈবায় দধ্যাদিযোগাৎ কাম্বলিকসংজ্ঞা নাত মধ্যস্ম ইত্যাদি।—দধ্যম্লেতি দধ্না অম্লীকৃতঃ॥ ২১॥

খড়যূষ পাকের বিধান বলিতেছেন। ঘোল (তক্র) এক প্রস্থ, অর্থাৎ /৪ চারি সের, কদ্‌বেল ও চাঙ্গেরীশাক প্রত্যেকে চারি বা ছয় তোলা এবং মরিচ, কৃষ্ণজীরা ও চিতা ইহারা সমুদয়ে ২ তোলা; এই সকল দ্রব্য ও উপযুক্ত পরিমাণ কাঁচা মুগের দাইল সহ একত্র যথানিয়মে পাক করিলেই খরযূষ প্রস্তুত হয়। এইরূপ পক্ব যূষকেই খড়যূষ কহে। উক্ত খড়যূষকে দধিদ্বারা অম্লরসযুক্ত করিয়া তাহাতে সৈন্ধবলবণ, তিলচূর্ণ ও মাষচূর্ণ এবং স্নেহ মিশ্রিত করতঃ পাক করিলে তাহাকে কাম্বলিক যূষ কহে। এই যূষ অতীসার রোগে হিতকর॥ ২১॥

নাগরাতিবিষামুস্তৈরথবা ধান্যনাগরৈঃ। তৃষ্ণাতীসারশূলঘ্নং পাচনং দীপনং লঘু॥ ২২॥

নাগরাদৌ শৃতমিতি শেষঃ। উক্তং হি চরকে "নাগরাতিবিষামুস্তমাথঃ স্যাদামপাচনঃ" ইতি॥ ২২॥

শুঁঠ, আতইচ ও মুথা অথবা ধনে ও শুঁঠ; এই দ্বিবিধ ঔষধের ক্বাথ পান করিলে রোগীর তৃষ্ণা, অতীসার ও বেদনা নিবারিত হয়, এবং ইহা আম পাঁচক, লঘু ও অগ্নির দীপ্তিকারক। উক্ত ক্বাথদ্বয় প্রস্তুত করিবার নিয়ম এই, ক্বাথ্য দ্রব্য সমুদয়ে দুই তোলা লইয়া উত্তম রূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলে সিদ্ধ করিবে, অনন্তর অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে॥ ২২॥

পাঠাবৎসকবীজানি হরীতক্যো মহৌষধম্। এতদামসমুত্থানমতীসারং সবেদনম্। কফাত্মকং সপিত্তঞ্চ বর্চ্চো বধ্নাতি চ ধ্রুবম্। ২৩॥

পাঠেত্যাদি।—সুশ্রুতস্য। অয়ং যোগঃ ক্বাথেন চূর্ণেন বা জ্ঞেয়ঃ। যতোঽয়ং যোগঃ সুশ্রুতে বিংশতিযোগমধ্যে পঠিতঃ। তদনন্তরং সুশ্রুতেনৈবোক্তং যথা "প্রযোজ্যা বিংশতির্যোগাঃ শ্লোকার্দ্ধবিহিতাস্ত্বমী। ধান্যাম্লোষ্ণাম্বুমদ্যানাং পিবেদন্যতমেন বা। নিকাথান্ বা পিবেদেষাং সুখোষ্ণান্ মাংসাধিতান্" ইতি॥ ২৩॥

---

(১২) হরিদ্রাদি ও বচাদিগণ সুশ্রুতে উক্ত আছে যথা—

"হরিদ্রা দারুহরিদ্রা কলসীকুটজ
বীজানি মধুকঞ্চেতি।"
"বচামুস্তাতিবিষাভয়া
ভদ্রদারুনাগরঞ্চেতি॥"

সুশ্রুতোক্ত পিপ্পল্যাদিগণ স্বয়ং চক্রপাণিদত্তই সংগ্রহকারে বলিয়াছেন।

আকনাদি, ইন্দ্রযব, হরীতকী ও শুঁঠ; এই সকল ঔষধের যথা নিয়মে প্রস্তুত ক্বাথ (১৩) সেবন করিলে, আমাতীসার তন্নিবন্ধন বেদনা এবং কফপ্রধান ও পিত্ত প্রধান অতীসাররোগও প্রশমিত হয়। এবং ইহা সঙ্কোচক ॥ ২৩ ॥

পয়স্যুৎক্বাথ্য মুস্তা বা বিংশতিং ভদ্র-কাহ্বয়াঃ। ক্ষীরাবশিষ্টং তৎ পীতং হন্যাদামং সবেদনম্ ॥ ২৪ ॥

পয়স্যুৎক্বাথ্যেত্যাদৌ ত্রিগুণোদকং বোধ্যং, যদাহ বাভটঃ "পয়স্যুৎক্বাথ্য মুস্তা বা বিংশতিং ত্রিগুণেঽম্ভসি" ইত্যাদি। অত্র ছাগ দুগ্ধমিত্যাহুর্বৃদ্ধাঃ ॥ ২৪ ॥

মুথা ২০টী লইয়া পরিমাণে যত হইবে, তাহার ৮ আটগুণ ছাগদুগ্ধ ও ছাগদুগ্ধের চতুর্গুণ জলদ্বারা সিদ্ধ করিবে, অর্থাৎ উক্ত ২০টী মুথা যদি ২ দুই তোলা হয় তবে ছাগদুগ্ধ এক পোয়া (১৬ ষোলা তোলা) এবং জল এক সের (৬৪ তোলা) দ্বারা সিদ্ধ করিতে থাকিবে এবং যখন দেখিবে, জল শুষ্ক হইয়া দুগ্ধ মাত্র অবশিষ্ট আছে, তখন মুথা ছাঁকিয়া ফেলিয়া ঐ দুগ্ধ পান করিবে। এই ঔষধদ্বারা আম ও তজ্জনিত বেদনা নষ্ট হইয়া থাকে (১৪) ॥ ২৪ ॥

পক্বোঽসকৃদতীসারো গ্রহণীমার্দ্দবাদ্‌যদা। প্রবর্ত্ততে তদা কার্য্যঃ ক্ষিপ্রং সাংগ্রাহিকো বিধিঃ ॥ ২৫ ॥

পক্বেত্যাদি স্পষ্টং ॥ ২৫ ॥

অতীসাররোগে, যৎকালে আমের পরিপাক হইয়া ও বারম্বার অল্প অল্প মল নিঃসরণ হইতে থাকে, তখন সংগ্রাহক বিধির অনুষ্ঠান করিবে। অর্থাৎ এই অবস্থায় ধারক ঔষধদ্বারা দাস্ত বন্ধ করা নিতান্ত কর্ত্তব্য ॥ ২৫ ॥

পঞ্চমূলীবলাবিশ্বধান্যকোৎপলবিল্ব-জাঃ। বাতাতিসারিণে দেয়াস্তক্রেণাম্লতমেন বা ॥ ২৬ ॥

পঞ্চমূলীত্যাদৌ পঞ্চমূলী স্বল্পা মহতী বা। ধান্যকোৎপলবিল্বজাঃ ইতি বিল্বজা বিল্বশলাটবং। অন্যে তু বিল্বজা ইত্যনন্তরং কল্পনা ইতি শেষঃ। তেনাবিশেষাৎ সর্ব্বকল্পৈনৈব কার্য্যেত্যাহুঃ। তন্ন, স্বরসস্য সম্ভবাৎ তৎকল্পনায়া গুরুত্বাচ্চ। অতএব কল্কোঽপি ন পারিশেষ্যাৎ, কষায়শ্চূর্ণো বা যোগ্যত্বাদিত্যাহুঃ। অম্লতমেনেতি কাঞ্জীকজলাদীনামন্যতমেন। ক্বাথপাকে তক্রাদৌ অর্দ্ধজলং দেয়ম্ ॥ ২৬ ॥

পঞ্চমূল (১৫), বেড়েলা, শুঁঠ, ধনে, উৎপল ও বেলশুঁঠ; এই সকলের ক্বাথ বাতপ্রধান অতীসার রোগে সেবন করিতে দিবে। ইহার ক্বাথ প্রস্তুত করিবার নিয়ম এই, ক্বাথ্যবস্তু ২ দুই তোলা, জল এক সের, কাঁজি বা তক্র এক পোয়া অবশিষ্ট এক পোয়া ॥ ২৬ ॥

কঞ্চটাদিঃ—

কঞ্চটজম্বূদাড়িমশৃঙ্গাটকপত্রবিল্বহ্রী-

---

(১৩) এই সকল ঔষধের ক্বাথ বা চূর্ণ যাহা ইচ্ছা সেবন করিবে। এই যোগ সুশ্রুতে বিংশতিযোগ মধ্যে পঠিত হইয়াছে, যথা—
"প্রয়োজ্যা[illegible]
ধান্যাম্লোষ্ণাম্বুমদ্যানাং পিবেদন্যতমেনবা।
নিঃক্বাথান্‌বা পিবেদেষাং সুখোষ্ণান্‌সাধুসাধিতান্‌"
চূর্ণ সেবন করিতে হইলে কাঁজি বা উষ্ণজল কিম্বা মদ্য অনুপানে সেবন করিবে, এবং ক্বাথ স্থলে ঈষদুষ্ণ সুসিদ্ধ ক্বাথ পান করাই বিধেয়।

(১৪) আজ কাল চিকিৎসকগণ প্রায় উক্ত রূপ ব্যবহার করেন না। তাঁহারা এইরূপ ব্যবহার করেন। যথা—২০ বিংশতি মুথা যে পরিমাণে হইবে তাহার চারিভাগ ছাগদুগ্ধ ও ছাগদুগ্ধের দুই ভাগ জল দ্বারা সিদ্ধ করিয়া দুগ্ধমাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইয়া ব্যবহার করেন।
"পয়স্যুৎক্বাথ্য মুস্তানাবিংশতিং ত্রিগুণেঽম্ভসি।
বৃদ্ধবৈদ্যগণ ছাগদুগ্ধের বিধি দিয়া থাকেন, সেই মতানুসারেই এস্থলে ছাগ দুগ্ধ বলা হইল।

(১৫) রোগীর অবস্থা বিবেচনা করিয়া বৈদ্যগণ স্বল্প পঞ্চমূল বা বৃহৎ পঞ্চমূলের ব্যবস্থা করিবেন।

বেরম্। জলধরনাগরসহিতং প্রজ্বালপি বেগিনীং রুন্ধ্যাৎ ॥ ২৭ ॥

কঙ্কটেত্যাদৌ।—কঙ্কটাদীনাং চতুর্ণাং পত্রম্। নাগরান্তৈরষ্টভিঃ কষায়ঃ ॥ ২৭ ॥

কাঁচড়া, জাম, দাড়িম্ব ও পানিয়ল; ইহাদিগের পত্র এবং বেলশুঠ, বালা (পাথরকুচি), মুথা ও শুঁঠ; এই ঔষধ দ্রব্যসমূহ মোট ২ তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া। এই ক্বাথ দ্বারা সামান্য বেগ অতীসারেরত কথাই নাই, অতি প্রবলতর অতিসারের বেগও নিবারিত হয় ॥ ২৭ ॥

কুর্য্যালবালং সুদৃঢ়ং পিষ্টৈরামলকৈর্ভিষক্। আর্দ্রকস্বরসেনাশু পূরয়েন্নাভিমণ্ডলম্। নদীবেগোপমং ঘোরমতীসারং নিরোধয়েৎ ॥ ২৮ ॥

কুর্য্যেত্যাদি স্পষ্টম্ ॥ ২৮ ॥

জলের সহিত উপযুক্ত পরিমাণ আমলকী পেষণ করিয়া তাহাদ্বারা নাভিমণ্ডলের চতুর্দ্দিগে সুদৃঢ় আলবাল (বাঁধ) নির্ম্মাণ করতঃ ঐ আলবাল মধ্যে নির্জ্জল আদার রসপরিপূর্ণ করিয়া রাখিবে। ইহাদ্বারা নদীবেগ তুল্য অতীসারের বেগেরও নিবৃত্তি হইয়া রোগী আরোগ্য লাভ করিতে পারে ॥ ২৮ ॥

কিরাততিক্তকং মুস্তং বৎসকং সরসাঞ্জনম্। পিত্তাতিসাররোগঘ্নং সক্ষৌদ্রং বেদনাপহম্ ॥ ২৯ ॥

কিরাততিক্তকমিত্যাদি।—অত্র তণ্ডুলোদকমপি বোধ্যম্। তেন এষাং চূর্ণং মধুসহিত তণ্ডুলোদকেন পিবেদিত্যর্থঃ। তদাহ বাভটঃ "কিরাততিক্তকং মুস্তং বৎসকং সরসাঞ্জনম্। কটঙ্কটেরী হ্রীবেরং বিল্বমধ্যং দুরালভা। তিলামোচরসো লোধ্রং সমঙ্গা কমলোৎপলম্। নাগরং ধাতকীপুষ্পং দাড়িমস্য ত্বগুৎপলম্। অর্দ্ধশ্লোকৈঃ স্মৃতা যোগাঃ সক্ষৌদ্রাস্তণ্ডুলাম্বুনা" ইতি। চরকেঽপ্যুক্তম্ "কিরাততিক্তকং মুস্তং বৎসকঃ সরসাঞ্জনঃ। বিল্বং দারুহরিদ্রাত্বক্ হ্রীবেরং সদুরালভম্। চন্দনঞ্চ মৃণালঞ্চ নাগরং লোধ্রমুৎপলম্। তিলামোচরসো লোধ্রঃ সমঙ্গা কমলোৎপলম্। নাগরং ধাতকী-পুষ্পমুৎপলং দাড়িমত্বচঃ। কট্‌ফলং নাগরং পাঠা জম্বাম্রাস্থি দুরালভা। যোগাঃ ষড়েতে সক্ষৌদ্রাস্তণ্ডুলোদকসংযুতাঃ। পেয়াঃ পিত্তাতিসারঘ্নাঃ শ্লোকার্দ্ধৈস্তু নিদর্শিতাঃ" ইতি। নিশ্চলস্তু বাতেত্যাদৌ ক্বাথয়িত্বেতি শেষ ইত্যাহ ॥ ২৯ ॥

চিরতা, মুথা, ইন্দ্রযব; ইহারা সমুদয়ে দুই তোলা, অর্দ্ধ সের জলে সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। ইহাতে উপযুক্ত মাত্রায় রসাঞ্জন ও মধু প্রক্ষেপ করিয়া সেবন করিবে। অথবা ইহাদিগের চূর্ণ তণ্ডুলোদক (১৬) ও মধু অনুপানে সেবন করিবে। ইহাদ্বারা পিত্তপ্রধান অতীসার ও বেদনার নিবৃত্তি হয় ॥ ২৯ ॥

পলং বৎসকবীজস্য শ্রপয়িত্বা জলং পিবেৎ। যো রসাশী জয়েচ্ছীঘ্রং স পৈত্তং জঠরাময়ম্ ॥ ৩০ ॥

পলমিত্যাদি।—বাভটস্য। রসাশী জাঙ্গলমাংসরসেন ভুঞ্জানঃ ॥ ৩০ ॥

ইন্দ্রযব ২ দুই তোলা গ্রহণ করতঃ যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিবে। অতী-

(১৬) এস্থলে বৃদ্ধমতানুসারেই তণ্ডুলোদক ব্যবস্থেয় হইল, যথা বাগ্‌ভটে—
"কিরাততিক্তকং মুস্তং বৎসকং সরসাঞ্জনং।
কটঙ্কটেরী হ্রীবেরং বিল্বমধ্যং দুরালভা।
তিলামোচরসো লোধ্রং সমঙ্গা কমলোৎপলং।
নাগরং ধাতকীপুষ্পং দাড়িমস্য ত্বগুৎপলং।
অর্দ্ধশ্লোকৈঃ স্মৃতা যোগাঃ সক্ষৌদ্রাস্তণ্ডুলাম্বুনা।"
চরকও কহিয়াছেন। যথা—
"কিরাততিক্তকং মুস্তং বৎসকঃ সরসাঞ্জনঃ।
বিল্বং দারুহরিদ্রাত্বক্ হ্রীবেরং সদুরালভং।
চন্দনঞ্চ মৃণালঞ্চ নাগরং লোধ্রমুৎপলং।
তিলামোচরসো লোধ্রং সমঙ্গা কমলোৎপলং।
নাগরং ধাতকীপুষ্পমুৎপলং দাড়িমত্বচঃ।
কট্‌ফলং নাগরং পাঠা জম্বাম্রাস্থি দুরালভা।
যোগাঃ ষড়েতে সক্ষৌদ্রাস্তণ্ডুলোদকসংযুতাঃ।
পেয়াঃ পিত্তাতিসারঘ্নাঃ শ্লোকার্দ্ধৈস্তু নিদর্শিতাঃ ॥"

সার রোগী জাঙ্গলমাংস রসাশী হইয়া (১৭) এই ক্বাথবারি পান করিলে, পিত্তপ্রধান উদরাময় শীঘ্র বিনষ্ট হইয়া থাকে ॥ ৩০ ॥

মধুকং কট্ফলং লোধ্রং দাড়িমস্য ফলত্বচম্। পিত্তাতিসারে মধ্বাক্তং পায়য়েৎ তণ্ডুলাম্বুনা ॥ ৩১ ॥

মধুকমিত্যাদি :—চূর্ণবিধয়া যোগোঽয়ম্ ॥ ৩১ ॥

মধুক (মউয়াফুল), কট্ফল, লোধ্র ও দাড়িম্বফলের খোসা ; এই সকল দ্রব্যের চূর্ণ অর্দ্ধ তোলা বা এক সিকি মাত্রায় তণ্ডুলোদক ও মধু অনুপানে সেবন করিবে। এই ঔষধ সেবন করিলে পিত্ত প্রধান অতীসার রোগ বিনষ্ট হয় ॥৩১ ॥

কুটজাতিবিষামুস্তং হরিদ্রাপর্ণিনীদ্বয়ম্। সক্ষৌদ্রশর্করং শস্তং পিত্তশ্লেষ্মাতিসারিণাম্ ॥ ৩২ ॥

কুটজেত্যাদৌ হরিদ্রাদ্বয়ং, পর্ণিনীদ্বয়ং শালপর্ণী-পৃশ্নিপর্ণ্যৌ। ক্বাথেনায়ং যোগঃ ॥ ৩২ ॥

কুড়চির ছাল, আতইচ (১৮), মুথা, হরিদ্রা, দারুহরিদ্রা, শালপাণি (১৯) ও চাকুলে ; এই সমস্ত দ্রব্য দুই তোলা, জল অর্দ্ধসের, অবশিষ্ট অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া লইবে। এই(২০) ক্বাথে মধু ও চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে পিত্তশ্লেষ্মাতীসারের নিবৃত্তি হয় ॥ ৩২ ॥

কুটজত্বক্‌ফলং মুস্তং ক্বাথয়িত্বা জলং পিবেৎ। অতীসারং জয়ত্যাশু শর্করা মধুযোজিতম্ ॥ ৩৩ ॥

কুটজত্বগিত্যাদি যোগত্রয়ং স্পষ্টম্ ॥ ৩৩ ॥

কুড়চির ছাল, ইন্দ্রযব ও মুথা ; পূর্ব্বোক্তরূপে ইহাদিগের ক্বাথ প্রস্তুত করতঃ ইহাতে মধু ও চিনি মিশ্রিত করিয়া পান করিবে। ইহা সেবনে অতীসাররোগ শীঘ্র নিবারিত হয় ॥ ৩৩ ॥

বিল্বচূতাস্থিনির্যূহঃ পীতঃ সক্ষৌদ্রশর্করঃ। নিহন্যাচ্ছর্দ্দ্যতীসারং বৈশ্বানর ইবাহুতিম্ ॥ ৩৪ ॥

বিল্বেত্যাদি খ্যাতম্ ॥ ৩৪ ॥

বেলশুঠ ও আমের আঁঠির শাস উভয়ে দুই তোলা লইয়া অর্দ্ধসের জলে সিদ্ধ করতঃ অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া লইবে। অনন্তর উহাতে উপযুক্ত পরিমাণ মধু ও চিনি প্রক্ষেপ দিয়া সেবন করিলে ছর্দ্দি ও অতীসার বিনষ্ট হয়। অগ্নিতে আহুতি প্রদান করিলে, অগ্নিদেব যেরূপ তাহা ভস্ম করেন, তদ্রূপ উক্ত যোগ ও অতীসার রোগ নষ্ট করিয়া থাকে ॥ ৩৪ ॥

পটোলযবধন্যাক ক্বাথঃ পেয়ঃ সুশীতলঃ। শর্করামধুসংযুক্তশ্ছর্দ্দ্যতীসারনাশনঃ ॥ ৩৫ ॥

পটোলেত্যাদি খ্যাতম্ ॥ ৩৫ ॥

পল্তা, যব ও ধনে ; ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধ পোয়া। শীতল হইলে উহাতে মধু ও শর্করা (চিনি) মিশ্রিত করিয়া পান করিবে। এই ক্বাথ পান করিলে ছর্দ্দি (বমি) ও অতীসার বিনষ্ট হয় ॥৩৫॥

প্রিয়ঙ্গ্বঞ্জনমুস্তাখ্যং পায়য়েৎ তু যথাবলম্। তৃষ্ণাতিসারছর্দ্দিঘ্নং সক্ষৌদ্রং তণ্ডুলাম্বুনা ॥ ৩৬ ॥

প্রিয়ঙ্গ্বিত্যাদৌ অঞ্জনং রসাঞ্জনং ; চূর্ণবিধয়া যোগোঽয়ম্ ॥ ৩৬ ॥

---

(১৭) আরণ্য পশুর মাংসরস (মাংসের যূষ) পান করিয়া এই ঔষধ সেবন করা বিধেয়।

(১৮) কোন কোনদেশে আতইষ বা আতিবও বলিয়া থাকে।

(১৯) ইহাকে স্থান বিশেষে ছালানি বলে।

(২০) কোন স্থানে এই ঔষধ পাঁচানী বলিয়া প্রসিদ্ধ আছে।

প্রিয়ঙ্গু, রসাঞ্জন ও মুথা; এই সকল ঔষধের চূর্ণ অর্দ্ধ তোলা বা এক সিকি মাত্রায় তণ্ডুলোদক ও মধুর সহিত পান করিতে দিবে। এই ঔষধদ্বার ভৃষ্ণা অতীসার ও ছর্দ্দি নিবারিত হয়। রোগীর বলাদি বিবেচনা করিয়াই ঔষধের মাত্রা নির্ণয় করিবে॥ ৩৬॥

কলিঙ্গকবচামুস্তং দারু সাতিবিষং সমম্। কল্কং তণ্ডুলতোয়েন পিবেৎ পিত্তানিলাময়ী॥ ৩৭॥

কলিঙ্গেত্যাদৌ সাতিবিষমিতি কলিঙ্গাদিবিশেষণম্॥ ৩৭॥

ইন্দ্রযব, বচ, মুথা, দেবদারু ও আতইচ; এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া কল্ক প্রস্তুত করিবে। এই কল্ক তণ্ডুলোদকের সহিত পান করিলে বাতপিত্তাতীসারের নিবৃত্তি হয়॥ ৩৭॥

কুটজং দাড়িমং মুস্তং ধাতকীবিল্ববালকম্। লোধ্রচন্দনপাঠাশ্চ কষায়ং মধুনা পিবেৎ। সামে সশূলে রক্তেঽপি পিচ্ছাস্রাবেষু শস্যতে। কুটজাদিরিতি খ্যাতঃ সর্ব্বাতিসারনাশনঃ॥৩৮

কুটজং দাড়িমমিত্যাদৌ দাড়িমফলবল্কলম্॥৩৮

কুড়চির ছাল, দাড়িমফলের খোসা, মুথা, ধাইফুল, বেলশুঠ, বালা, লোধ্র, রক্তচন্দন ও আকনাদি; ইহারা সমুদয়ে দুই তোলা লইয়া অর্দ্ধসের জলে সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া লইবে।

উক্ত কুটজাদির ক্বাথ শূলযুক্ত রক্তাতীসারের আমাবস্থায় এবং পিচ্ছিল মলযুক্ত অতিসারে প্রশস্ত, এবং উক্ত ক্বাথ পান করিলে, সর্ব্ব প্রকার অতীসারই বিনষ্ট হয়॥ ৩৮॥

সমঙ্গাতিবিষা মুস্তং বিশ্বং হ্রীবেরধাতকী। কুটজত্বক্‌ফলং বিল্বং ক্বাথঃ সর্ব্বাতিসারনুৎ॥ ৩৯॥

সমঙ্গেত্যাদৌ সমঙ্গা বরাহক্রান্তা। ক্বাথঃ ইত্যত্র এষামিতি শেষঃ॥ ৩৯॥

বরাহক্রান্তা, আতইচ, মুথা, শুঁঠ, বালা, ধাতকী (ধাইফুল), কুড়চির ছাল, ইন্দ্রযব, বেলশুঠ; ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট অর্দ্ধ পোয়া, এই ক্বাথ সেবন করিলে সর্ব্ব প্রকার অতীসারই বিনষ্ট হয়॥ ৩৯॥

দলোত্থঃ স্বরসঃ পেয়ো হিঙ্গুলস্য সমাক্ষিকঃ। জয়ত্যামমতীসারং ক্বাথো বা কুটজত্বচঃ॥ ৪০॥

দলোত্থ ইত্যাদিঃ স্পষ্টঃ॥ ৪০॥

উপযুক্ত পরিমাণ হিজলপাতার স্বরস মধুর সহিত পান করিলে আমাতীসার নষ্ট হয় এবং কুড়চিছালের ক্বাথ সেবন করিলেও আমাতীসার নিবারিত হইয়া থাকে॥ ৪০॥

বটারোহস্তু সংপিষ্য শ্লক্ষং তণ্ডুলবারিণা। তং পিবেৎ তক্রসংযুক্তমতীসাররুজাপহম্। তণ্ডুলজলপিষ্টাঙ্কোঠমূলকর্ষার্দ্ধপানমপহরতি। সর্ব্বাতিসারগ্রহণীরোগসমূহং মহাঘোরম্॥৪১॥

বটারোহমিত্যাদৌ আরোহঃ অস্যাগ্রোত্তাগঃ। সর্ব্বাতিসার গ্রহণীত্যত্র সংযোগাদেরপি রেফস্য লঘুত্বায় ছন্দোভঙ্গঃ। তদুক্তং "যদা তীব্রপ্রযত্নেন সংযোগাদেরগৌরবম্। ন ছন্দোভঙ্গ ইত্যাহুস্তদা দোষায় সুরয়ঃ" ইতি॥ ৪১॥

বটের ঝুড়ি তণ্ডুলোদকের সহিত উত্তমরূপ পেষণ করতঃ ঘোলের সহিত পান করিলে, অতীসাররোগ ও তজ্জনিত বেদনা বিনষ্ট হয়।

অঙ্কোঠ মুল (ওকড়ামুল) এক সিকি বা অর্দ্ধ তোলা পরিমাণে তণ্ডুলো-

দকের(২১)সহিত উত্তমরূপে পেষণ করিয়া সেবন করিলে, সর্ব্বপ্রকার অতীসার ও গ্রহণীপ্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৪১ ॥

কল্কঃ কোমলবব্বোলদলাৎ পীতো-ঽতিসারহা ॥ ৪২ ॥

কল্কইত্যাদৌ।—কোমলবব্বোলদলঃ বব্বোল-কিসলয়ঃ॥ ৪২ ॥

বব্বোলবৃক্ষের কোমল পল্লবের কল্ক প্রস্তুত করিয়া যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে ও অতীসাররোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ৪২ ॥

কুটজত্বক্কৃতঃ ক্বাথো ঘনীভূতঃ সুশীতলঃ। লেহিতোঽতিবিষাযুক্তঃ সর্ব্বাতীসারনুদ্ভবেৎ ॥ ৪৩ ॥

কুটজত্বককৃতঃ ক্বাথইত্যাদৌ ঘনীভূত ইতি চতুর্থভাগাবশিষ্টঃ ক্বাথএব পুনঃপাকাৎ তথা ঘনঃ কার্য্যঃ, যথা চূর্ণে প্রক্ষিপ্তে লেহঃ স্যাৎ; অতএব সুশোভন ইত্যুক্তম্॥ ৪৩ ॥

কুড়চিরছাল ২ দুই তোলা পরিমাণে লইয়া /॥০ অর্দ্ধসের জলে সিদ্ধ করতঃ চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। অনন্তর পুনর্ব্বার জালদিয়া ঘনীভূত হইলে, (২২) আতইচ চূর্ণ প্রক্ষেপ করিয়া নামাইয়া লইবে, এই অবলেহ সেবনে সর্ব্ব প্রকার অতীসার বিনষ্ট হয় ॥ ৪৩ ॥

বদন্ত্যত্রাষ্টমাংশেন ক্বাথাদতিবিষারজঃ। প্রক্ষেপ্যত্বাৎ পাদিকন্তু লেহাদিতি চ নোমতিঃ ॥ ৪৪ ॥

অতিবিষাচূর্ণং কিয়দ্দেয়মিত্যেতদর্থমাহ বদন্তীত্যাদি।—চতুর্থভাগাবশিষ্টক্বাথাপেক্ষয়া অষ্টমাংশেনাতিবিষাচূর্ণং দেয়মিতি বদন্তি বৃদ্ধাঃ। চক্রস্তু স্বমতমাহপ্রক্ষেপ্যত্বাদিত্যাদি।—তদতিবিষাচূর্ণং পাদিকং চতুর্ভাগাবশিষ্টক্বাথাপেক্ষয়েত্যর্থঃ। কুত-ইত্যাহ প্রক্ষেপ্যত্বাৎ ইতি। লেহাদিতি ল্যব্লোপে পঞ্চমী, লেহমুদ্দিশ্য প্রক্ষেপ্যত্বাদিত্যর্থঃ। তদুক্তং "লেহেষত্র তু নো ভাগো নির্দ্দিষ্টো দ্রবকল্কয়োঃ। তত্রাপি পাদিকঃ কল্কো দ্রবাৎ কার্য্যো বিজানতা" ইতি। "কল্কো দৃষদি পেষিতঃ" ইতি হি কল্কলক্ষণম্। অতঃ কল্কশব্দেন চূর্ণ স্যাপি গ্রহণম্। দ্রবাদিতি চতুর্ভাগাবশিষ্টাৎ। অতঃ ক্বাথ্যপলচতুষ্টয়ে দত্তস্য শরাবচতুষ্টয়জলস্য পাদশেষাদষ্টপলে ক্বাথে অতিবিষাচূর্ণ পলদ্বয়মিত্যর্থঃ। লেহাকারীকৃতক্বাথাপেক্ষয়া পাদিকমিতি তু ন ব্যাখ্যেয়ম্। দ্রবাৎ পাদিকঃ কার্য্য ইত্যুক্তেঃ। তত্রাপি লেহাকারাৎ দ্রবাদিতি ব্যাখ্যানে কষ্টকল্পনা স্যাৎ। অতি বিষাযুক্ত ইতি ঘনীভূতক্বাথস্য বিশেষণং; তেন ক্বাথে ঘনীভূতে অতিবিষাচূর্ণ প্রক্ষেপ ইত্যর্থঃ। বৃদ্ধবৈদ্যাস্তু মধুনাপি লেহং কারয়ন্তি সায়ংসময়েঽপি ॥ ৪৪ ॥

পূর্ব্বোক্ত অবলেহে কি পরিমাণ আতইচ চূর্ণ প্রক্ষেপ দিতে হইবে তদ্বিষয়ে বক্তব্য এই, বৃদ্ধ বৈদ্যগণ বলেন চতুর্ভাগাবশিষ্ট ক্বাথে তাহার অষ্টমাংশ আতইচ চূর্ণ প্রক্ষেপ দিবে। চক্রপাণির মতে প্রক্ষেপ্য দ্রব্য চতুর্ভাগের বিধান থাকা প্রযুক্ত এস্থলেও চতুর্ভাগবশিষ্ট ক্বাথের চতুর্থাংশ পরিমিত আতইচ চূর্ণই প্রক্ষেপ কর্ত্তব্য (২৩) ॥ ৪৪ ॥

অঙ্কোঠবটকঃ—

সদার্ব্ব্যঙ্কোঠপাঠানাং মূলং ত্বক্ কুটজস্য চ। শাল্মলীশালনির্য্যাসধাতকী-লোধ্রদাড়িমম্। পিষ্টাক্ষসম্মিতান্ কৃত্বা বটকাংস্তণ্ডুলাম্বুনা। তেনৈব

(২১) তণ্ডুলোদক যেরূপে প্রস্তুত করিতে হয় তাহা জ্বর চিকিৎসায় উক্ত হইয়াছে।

(২২) এই ক্বাথকে এইরূপ ঘনীভূত করিতে হইবে যে, যেন আতইচ চূর্ণ প্রক্ষেপ করা মাত্র লেহবৎ হইয়া যায়।

(২৩) প্রক্ষেপ্য দ্রব্য ক্বাথের চতুর্থাংশ এই বিষয়ে প্রমাণ যথা—

"লেহেষত্রতু নোভাগো নির্দ্দিষ্টোদ্রবকল্কয়োঃ। তত্রাপিপাদিকঃ কল্কোদ্রবাৎ কার্য্যোবিজানতা ॥"

যে অবলেহে দ্রব ও কল্কের (চূর্ণের) পরিমাণ নির্দ্দিষ্ট নাই, সেই অবলেহে দ্রবের চতুর্থাংশ কল্কদ্রব্য প্রদান করিবে। কোন কোন চিকিৎসকের মতে অতিবিষা চূর্ণ মধুদ্বারা অবলেহ প্রস্তুত করিয়া সায়ং সময়ে সেবন করিবে।

মধুসংযুক্তানেকৈকান্ প্রাতস্তক্রুথিতঃ। পিবেদত্যয়মাপন্নো বিড্‌বিসর্গেণ মানবঃ। অঙ্কোঠবটকো নাম্না সর্ব্বাতীসারনাশনঃ॥ ৪৫॥

সদার্ব্বীত্যাদৌ দার্ব্বী দারুহরিদ্রা; অঙ্কোঠঃ আঁকোড় ইতি খ্যাতস্তরুঃ। তস্য মূলমেব উক্তং হি হারীতে “পলং চাঙ্কোঠমূলস্য পাঠাং দার্ব্বীঞ্চ তৎসমাম্। পিষ্ট্বা তণ্ডুলতোয়েন বটকানক্ষসম্মিতান্” ইত্যাদি॥ ৪৫॥

দারুহরিদ্রা, অঙ্কোঠমূল (২৪) (ওকড়ার-মূল), আকনাদি, (২৫) কুড়চিরছাল, শিমুল ও শালবৃক্ষের আঁঠা, ধাইফুল, লোধ ও দাড়িমের খোসা; এই সকল ঔষধ সমপরিমাণে লইয়া তণ্ডুলোদকের সহিত পেষণ করতঃ অর্দ্ধ তোলা পরিমাণ বটক প্রস্তুত করিবে। এই ঔষধ প্রাতঃকালে তণ্ডুলোদক ও মধু অনুপানে সেবন করিবে। ইহার নাম অঙ্কোঠবটক। এই বটক সেবন করিলে উদরাময় ও সর্ব্বপ্রকার অতীসার রোগ বিনষ্ট হয়॥ ৪৫॥

পয়স্যর্দ্ধোদকেছাগে হ্রীবেরোৎপল নাগরৈঃ। পেয়া রক্তাতিসারঘ্নী পৃশ্নিপর্ণ্যাচ সাধিতা॥ ৪৬॥

পয়সীত্যাদি।—চরকস্য। নাগরমত্র মুস্তং, ন তু শুণ্ঠী, রক্তাতিসারে “অজাক্ষীরক্রোষ্টীঘনকলোৎপলৈঃ” ইতি জতুকর্ণসংবাদাৎ। ক্রোষ্টী পৃশ্নিপর্ণী। অতএব পৃশ্নিপর্ণ্যাত্ত একোযোগঃ। অন্যে তু পৃশ্নিপর্ণ্যা চ সাধিতেতি পৃথক্‌পাঠঃ। পৃশ্নিপর্ণীকাথেন সাধিত ইত্যর্থঃ। তেনার্দ্ধোদকছাগদুগ্ধং পৃশ্নিপর্ণীকাথেন মিলিত্বা পাকঃ কার্য্যঃ। উক্তং হি বাভটে “পয়স্যর্দ্ধোদকে ছাগে হ্রীবেরোৎপল নাগরৈঃ। পেয়া রক্তাতিসারঘ্নী পৃশ্নিপর্ণীরসান্বিতা” ইতি ব্রুবতে॥ ৪৬॥

বালা, উৎপল ও মুথা; (২৬) এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া অর্দ্ধ দুগ্ধ মিশ্রিত জলে সিদ্ধ করতঃ দুগ্ধাবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে, অনন্তর উহাদ্বারা যথানিয়মে পেয়া প্রস্তুত করিবে। অথবা চাকুল্যার (২৭) কাথে অর্দ্ধ মিশ্রিত ছাগদুগ্ধদ্বারা পেয়া প্রস্তুত করিবে। উক্ত উভয়বিধ পেয়া পান করিলে রক্তাতীসার বিনষ্ট হইয়া থাকে॥ ৪৬॥

রসাঞ্জনং সাতিবিষং কুটজস্য ফলং ত্বচম্। (২৮) ধাতকীশৃঙ্গবেরঞ্চ প্রপিবেত্তণ্ডুলাম্বুনা। ক্ষৌদ্রেণযুক্তং সুদতি রক্তাতিসার মুল্বণম্। মন্দং দীপয়তেচাগ্নিং শূলঞ্চাপি নিবর্ত্তয়েৎ॥ ৪৭॥

রসাঞ্জনমিত্যাদি।—অত্র কুটজস্য ফলং ত্বক্ চ। সুশ্রুতেঽপ্যুক্তং “রসাঞ্জনং সাতিবিষং ত্বগ্বীজং কৌটজং তথা। ধাতকীং নাগরঞ্চৈব পায়য়েত্তণ্ডুলাম্বুনা। সশূলং রক্তজং হন্তি যোগোমধুসমন্বিতঃ” ইতি॥ ৪৭॥

রসাঞ্জন, আতইচ, কুড়চিরছাল, ইন্দ্রযব, ধাইফুল ও শুঁঠ; এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া তণ্ডুলজল দ্বারা পেষণ করতঃ মধু সহযোগে পান করিলে,

---

(২৪) অঙ্কোঠ বৃক্ষের মূল ১ পল, এবং অন্যান্য ঔষধও যথাসম্ভব প্রদান করিবে। এই বিষয়ে হারীতের বচন যথা—

“পলঞ্চাঙ্কোঠমূলস্য পাঠাং দার্ব্বীঞ্চতৎসমাং। পিষ্ট্বাতণ্ডুলতোয়েন বটকানক্ষ সম্মিতান্॥”

(২৫) ইহাকে কোন দেশে আকান্দি বা আকুন্দিও বলে।

(২৬) এ স্থলে নাগর শব্দের অর্থ মুথা। অন্য সকল স্থানে নাগর শব্দের অর্থ শুঁঠ।

(২৭) কোন কোন গ্রন্থকার অর্দ্ধ জলমিশ্রিত ছাগ দুগ্ধে পৃশ্নিপর্ণীর কাথদ্বারা পেয়া প্রস্তুত করিবে, এই একটী পৃথক্ যোগ। হ্রীবেরাদি নাগরান্ত অপর যোগ বলিয়া থাকেন, এই জন্য এই স্থলে উক্ত উভয় মতই গ্রহণ করা হইল।

(২৮) চক্রপাণি সুশ্রুতের মত অবলম্বন করিয়া কুটজের ছাল ও ফলের উল্লেখ করিয়াছেন। যথা—সুশ্রুতে

“রসাঞ্জনং সাতিবিষং ত্বগ্বীজং কৌটজংতথা। ধাতকীংনাগরঞ্চৈব পায়য়েত্তণ্ডুলাম্বুনা। সশূলংরক্তজংহন্তি যোগো মধুসমন্বিতঃ॥”

রক্তাতিসার ও শূলরোগের নিবৃত্তি ও মন্দাগ্নির উদ্দীপন হয়॥ ৪৭॥

বিড়ঙ্গাতিবিষামুস্তং দারু পাঠাকলিঙ্গকম্। মরিচেন সমাযুক্তং শোথাতিসার নাশনম্॥ ৪৮॥

বিড়ঙ্গেত্যাদি।—অত্র মরিচস্য প্রক্ষেপ্যত্বমিত্যাহুঃ॥ ৪৮॥

বিড়ঙ্গ, আতইচ, মুথা, দেবদারু, আকনাদি ও ইন্দ্রযব; ইহারা সমুদয়ে দুই তোলা, জল অৰ্দ্ধ সের, অৰ্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে, এবং ইহাতে উপযুক্ত পরিমাণ মরিচ চূর্ণ প্রক্ষেপ করিয়া সেবন করিবে। এই ক্বাথদ্বারা শোথ ও অতীসার রোগ বিনষ্ট হয়॥ ৪৮॥

বৎসকাদিঃ—

সবৎসকঃ সাতিবিষঃ সবিল্বঃ সোদীচ্য মুস্তশ্চ কৃতঃ কষায়ঃ। সামে সশূলে সহশোণিতেচ চিরপ্রবৃত্তেঽপি হিতোঽতিসারে॥ ৪৯॥

বৎসকাদৌ বৎসকঃ কুটজঃ, তস্য ত্বগিতি চক্রকলাটীকাকারঃ বৈদ্যপ্রসারকশ্চ। অন্যে তু "বিল্বশক্রযবাম্ভোদবালকাতিবিষাকৃতঃ। কষায়োহন্ত্যতীসারং সামং পিত্তসমুদ্ভবম্", ইতি সুশ্রুতসংবাদাৎ ফলমেবেত্যাহুঃ। কিন্তু প্রায়োব্যবহারস্তুচা, ফলেনাপি জ্বরে রক্তপ্রাবল্যে চ। যদুক্তং "কুটজঃ [illegible] জিৎ। তদ্বীজং রক্তপিত্তাতীসারজ্বরহরং হিমম্" ইতি॥ ৪৯॥

কুড়চিরছাল, (২৯) আতইচ, বেলশুঠ, বালা ও মুথা; এই দ্রব্যগুলি দুই তোলা, জল অৰ্দ্ধ সের, শেষ অৰ্দ্ধ পোয়া, এই কষায় প্রস্তুত করিয়া সেবন করিলে, চিরজাত আমাতীসার ও রক্তাতীসার এবং তদানুসঙ্গিক বেদনা নিবারিত হয়॥ ৪৯॥

(২৯) বৎসক শব্দে কুড়চি, ইহার ছালই এই স্থলে ব্যবহার্য্য। কোন কোন গ্রন্থকার বলেন, যথা—
"বিল্বশক্র যবাম্ভোদ বালকাতিবিষাকৃতং।
কষায়োহন্ত্যতীসারং সামং পিত্তসমুদ্ভবং।"
সুশ্রুতোক্ত এই বচন অবলম্বন করিয়া কুটজের ফল অর্থাৎ ইন্দ্রযব ব্যবস্থা করেন। কিন্তু কুড়চির ছাল ব্যবহার বহু চিকিৎসকের মত অতএব এস্থলে কুড়চির ছালই ব্যবস্থেয়।

কষায়ো মধুনা পীতস্ত্বচো দাড়িম বৎসকাৎ। সদ্যোজয়েদতীসারং সরক্তং দুর্নিবারকম্॥ ৫০॥

কষায়ইত্যাদৌ—দাড়িমাৎ কোমলত্বক॥ ৫০॥

দাড়িমের কোমলছাল ও কুড়চিরছাল; পূর্ব্বোক্ত রূপে ইহাদের কষায় প্রস্তুত করিয়া মধু সহযোগে পান করিবে। ইহা দ্বারা সদ্য দুর্নিবার রক্তাতীসার নিবারিত হয়॥ ৫০॥

গুড়েনখাদয়েদ্বিল্বং রক্তাতিসার নাশনম্। আমশূল বিবন্ধঘ্নং কুক্ষিরোগ বিনাশনম্॥ ৫১॥

গুড়েনেত্যাদি।—অত্র গুড়বিল্বয়োঃ সমভাগঃ, বিল্বঞ্চ বিল্বশলাটুঃ, তচ্চ পাণীয়েনোৎ স্বিদ্য গ্রাহ্যম্। উৎস্বেদনশেষজলঞ্চানুপেয়ম্॥ ৫১॥

কাঁচাবেলের শস্য জলে সিদ্ধ করিয়া ঐ সিদ্ধ কৃত বেল ও ইক্ষু গুড় সমভাগে, ঐ সিদ্ধ জল অনুপানে সেবন করিবে। এই ঔষধ সেবন করিলে, আমদোষ, শূল, বিবন্ধ ও উদরাময় বিনষ্ট হয়॥ ৫১॥

বিল্বাব্দধাতকীপাঠা শুণ্ঠী মোচরসাঃ সমাঃ। পীতা রুদ্ধন্ত্যতীসারং গুড় তক্রেণ দুর্জ্জয়ং॥ ৫২॥

বিল্বাব্দেত্যাদি।—গুড়েন মধুরীকৃতং তক্রং গুড়তক্রম্। পেষণমপি তক্রেণ, আয়ুর্ব্বেদসারসংবাদাৎ॥ ৫২॥

বেলশুঠ, মুথা, ধাইফুল, আকনাদি, শুঁঠ ও মোচরস; এই সকল ঔষধ সম পরিমাণে লইয়া তক্রের সহিত পেষণ করিবে। এই ঔষধ তক্র ও গুড় অনু-

পানে সেবন করিলে, অতি দুর্জ্জয় অতী-সারও বিনষ্ট হয় ॥ ৫২ ॥

শল্লকী বদরী জম্বূ পিয়ালাম্রার্জ্জুন ত্বচঃ। পীতাঃ ক্ষীরেণ মধ্বাঢ্যাঃ পৃথক্ শোণিত নাশনাঃ ॥ ৫৩ ॥

শল্লকীত্যাদৌ।—ক্ষীরমাজং গ্রাহ্যমিত্যাহুঃ ॥৫৩

শল্লকী (বাবলাবৃক্ষ), বদরী, জাম, পিয়াল, আম্র ও অর্জ্জুন; এই সকলের মধ্যে যে কোন একটী বৃক্ষের ছাল ছাগ-দুগ্ধে পেষণ করিয়া মধু প্রক্ষেপ পূর্ব্বক পান করিলে, রক্তাতীসার নষ্ট হয় ॥৫৩॥

[illegible] পল্লবানথ কুট্ট-য়েৎ। সংগৃহ্য স্বরসং তেষামজাক্ষী-রেণ যোজয়েৎ। তং পিবেন্মধুনা-যুক্তং রক্তাতীসারনাশনং ॥ ৫৪ ॥

জম্বাম্রেত্যাদৌ স্বরস-ছাগ-ক্ষীরয়োঃ সমভাগঃ. মধুনোঽপি মাত্রা চূর্ণবদেব, মাত্রা ক্ষৌদ্রঘৃতাদীনাং স্নেহক্কাথেষু চূর্ণবদিত্যুক্তেঃ ॥ ৫৪ ॥

জাম, আম্র ও আমলকী ; এই সকল বৃক্ষের নূতন পল্লবের স্বরস লইয়া তাহার সহিত ছাগদুগ্ধ মিশ্রিত করিবে। এই মিশ্রিত ঔষধে মধু প্রক্ষেপ করিয়া সেবন করিলে, রক্তাতীসার বিনাশ প্রাপ্ত হয় ॥ ৫৪ ॥

বিল্বং ছাগপয়ঃ সিদ্ধং সিতা মোচ-রসান্বিতং। কলিঙ্গচূর্ণ সংযুক্তং রক্তা-তিসারনাশনম্ ॥ ৫৫ ॥

বিল্বং ছাগপয়ঃসিদ্ধমিত্যাদি।—বিল্বশলাটুৎ-স্বেদনযোগ্যেন ছাগদুগ্ধেন কিঞ্চিৎ পানীয়সহি-তেনোৎস্বিদ্য ততঃ সিতাদিনা সংযোজ্য লেহ্যম্। অত্র বিল্বশলাটুমাষকাষ্টকং, সিতায়া একমাষকঃ, মোচরস-কলিঙ্গয়োশ্চূর্ণং মিলিত্বা মাষকম্ ইতি বৃদ্ধব্যবহারঃ। আজদুগ্ধমুৎস্বেদনা-র্থমিষ্টমনুপেয়ম্ ॥ ৫৫ ॥

বেলশুঁঠ; ছাগদুগ্ধে কিঞ্চিৎ জল মিশ্রিত করত তাহাতে সিদ্ধ করিবে; বেলের শস্য দুগ্ধের সহিত মিলিত হইলে নামাইয়া ছাকিয়া তরল অংশ গ্রহণ পূর্ব্বক উহার সহিত চিনি দুই আনা, মোচ-রস এক আনা ও ইন্দ্রযব চূর্ণ এক আনা মিশ্রিত করিয়া সেবন করিলে, রক্তাতী-সার বিনষ্ট হয় (৩০) ॥ ৫৫ ॥

জ্যেষ্ঠাম্বুনা তণ্ডুলীয়ং পীতঞ্চ সসিতা-মধু। পীত্বা শতাবরী কল্কং পয়সা-ক্ষীর ভুগ্‌জয়েৎ। রক্তাতিসারী পীত্বা বা তয়া সিদ্ধং ঘৃতং নরঃ ।৫৬॥

জ্যেষ্ঠাম্বুমেত্যাদাবপি রক্তাতিসারনাশনমিতি যোজ্যম্। জ্যেষ্ঠাম্বু তণ্ডুলাম্বু। তণ্ডুলীয়কস্য ক্ষুদ্রমারীসস্য মূলম্। পীত্বেত্যাদি—চরকস্য, বাতপিত্তোত্তরে যোগোঽয়মিতি বদন্তি। পয়সা পীত্বেত্যন্বয়ঃ। ক্ষীরভুগিতি ক্ষীরেণ ভুঞ্জানঃ। তয়েতি শতাবর্য্যা কল্কস্বরসরূপতয়া ঘৃতং পীত্বে-ত্যন্বয়ঃ ॥ ৫৬ ॥

এক সিকি বা অর্দ্ধ তোলা চাঁপানটে-টারমূল, তণ্ডুলোদকের সহিত পেষণ করত উহাতে চিনি ও মধু মিশ্রিত ক-রিয়া পান করিলেও রক্তাতীসার বিনষ্ট হয়। শতমূলী ছাগদুগ্ধের সহিত পেষণ করিয়া পান করিবে, উক্ত ঔষধ সেবন করিয়া দুগ্ধ পান করা কর্ত্তব্য। ইহাদ্বারা রক্তাতীসার বিনষ্ট হইয়া থাকে। উপ-যুক্ত পরিমাণ। (৩১) শতমূলীর কল্ক সহিত ঘৃত পাক করিয়া ঐ ঘৃত পান ক-রিলেও রক্তাতীসারী ব্যক্তি অতীসার হইতে মুক্ত হইতে পারে ॥ ৫৬ ॥

কুটজস্য পলং গ্রাহ্যমষ্টভাগজলে শৃতম্। তথৈব বিপচেদ্ভূয়ো দাড়ি-

(৩০)। এই পরিমাণ জলমিশ্রিত ছাগ দুগ্ধ দিতে হইবে, যেন বেলশুঠ উত্তমরূপে সিদ্ধ হইতে পারে। এই ঔষধ অবলেহবৎ করিয়া লেহন করিয়া ভক্ষণ করিতে পারা যায়। ইহার পরিমাণ যথা, সিদ্ধ বেল ৮ মাষা, চিনি ১ মাষা, মোচরস ও ইন্দ্রযবের চূর্ণ উভয়ে মিলিত ১ মাষা, এইরূপই বৃদ্ধবৈদ্যগণ ব্যবহার করিয়া থাকেন।

(৩১)। চরকের মতে বাতপিত্তাধিক্যরক্তাতী-সারে এই যোগ বিধেয়।

মোদক সংযুতম্। যাবচ্চৈব লসীকাভং শৃতং তনুপকল্পয়েৎ। তস্যার্দ্ধকর্ষং তক্রেণ পিবেদ্রক্তাতিসারবান্। অবশ্যমরণীয়োঽপি মৃত্যোর্যাতি ন গোচরম্। ক্বাথতুল্যং দাড়িমাম্বু ভাগাস্তুক্তৌ সমং যতঃ॥ ৫৭॥

কুটজস্য পলমিত্যাদি।—কুটজছাল প্র১, পা পানীয় শ১, শেষ প্র১। দাড়িমফলকল্ক প্র১, পা পা শ১, শেষ প্র১। এতৎক্বাথদ্বয়ং মিশ্রীকৃত্য তাবৎ পক্তব্যং, যাবৎলসীকাভং স্যাৎ, ততোঽষ্টমাষকং গৃহীত্বা তক্রকর্ষদ্বয়েন সহ পাতব্যমিত্যর্থঃ॥ ৫৭।

কুড়চিরছাল ৮ আট তোলা, ১ এক সের জলে সিদ্ধ করিয়া ৮ তোলা অবশিষ্ট থাকিতে নামাইয়া ক্বাথ গ্রহণ করিবে। ঐ রূপ দাড়িম ফলের খোসা ৮ আট তোলা, ১ এক সের জলে সিদ্ধ করিয়া ৮ তোলা অবশিষ্ট থাকিতে নামাইয়া ক্বাথ গ্রহণ করিবে। পরে এই উভয় ক্বাথ একত্র মিশ্রিত করিয়া যাবৎ ঘনীভূত না হয় তাবৎ পর্য্যন্ত পাক করিতে হইবে। তৎপরে যখন দেখিবে ঐ ক্বাথ অত্যন্ত গাঢ় হইয়া উঠিয়াছে তখন নামাইয়া রাখিবে। এই ঔষধ এক সিকি অথবা উহা হইতে আরো অল্প পরিমাণে তক্রের সহিত দিবসে দুই বা তিন বার সেবন করিলে, যে রোগীর মৃত্যু নিশ্চয়ই হইবে, সেও যমের অগোচর হইয়া থাকে। এইস্থলে ভাগের পরিমাণ উক্ত না থাকাতে উভয় ক্বাথ সমপরিমাণেই গ্রহণের বিধি দিতে হইবে॥ ৫৭॥

কল্কস্তিলানাং কৃষ্ণানাং শর্করা ভাগসংযুতঃ। আজেন পয়সাপীতঃ সদ্যোরক্তং নিযচ্ছতি॥ ৫৮॥

কল্কস্তিলানামিত্যাদি।—শর্করাভাগসংযুত ইতি শর্করায়া ভাগশ্চতুর্থোঽংশঃ, তেন সংযুত ইত্যর্থঃ। তেন শর্করায়াশ্চত্বারো ভাগাঃ একস্তিলস্যেতি। উক্তং হি জতুকর্ণে "কৃষ্ণতিলান্ শর্করাপাদিকান্ ছাগীপয়সা" ইতি। এবং চরকে বাগ্ভটেঽপি। যথা "কল্কস্তিলানাং কৃষ্ণানাং শর্করাপঞ্চভাগিকঃ" ইতি শর্করাভাগমপেক্ষ্যপঞ্চমোভাগস্তিলকল্কস্যেত্যর্থঃ॥ ৫৮॥

কৃষ্ণতিলের কল্ক ১ এক ভাগ ও শর্করা ৪ ভাগ মিশ্রিত করিয়া ছাগদুগ্ধ সহযোগে পান করিলে সদ্য রক্তাতীসার নিবারিত হয় (৩২)॥ ৫৮॥

গুদদাহে প্রপাকে বা পটোল মধুকাম্বুনা। সেকাদিকং প্রশংসন্তি ছাগেন পয়সাপিবা। গুদভ্রংশে প্রকর্ত্তব্যা চিকিৎসা তৎ প্রকীর্ত্তিতা।৫৯॥

গুদদাহইত্যাদি।—পটোলমধুকাম্বুনেত্যর্কশ্যতেন। সেকাদিকমিত্যত্রাদিশব্দাৎ প্রলেপাদিগ্রহঃ। চিকিৎসা তৎপ্রকীর্ত্তিতেতি গুদভ্রংশচিকিৎসা, সা চ ক্ষুদ্ররোগে বাচ্যা॥ ৫৯॥

গুহ্যদেশে দাহ বা প্রপাক হইলে (পাকিলে), পল্‌তা ও যষ্টিমধু সিদ্ধ করিয়া সেই জলদ্বারা অথবা উষ্ণ ছাগদুগ্ধ দ্বারা গুহ্যদেশে সেক করিবে। এবং পল্‌তা ও যষ্টিমধু ছাগদুগ্ধে পেষণ করিয়া গুহ্যদেশে প্রলেপ দিবে। ইহাই গুদভ্রংশরোগের প্রধান চিকিৎসা॥ ৫৯॥

অবেদনং সুসম্পকং দীপ্তাগ্নেঃ সুচিরোত্থিতম্। নানাবর্ণমতিসারং পুটপাকৈ রুপাচরেৎ॥ ৬০॥

পুটপাকযোগ্যাবস্থামাহ অবেদনমিত্যাদি।—সুক্রুতস্য। অবেদনমশূলমল্পশূলং বা। উষ্ণস্তু নানাবর্ণমিত্যনেন সান্নিপাতিকোঽতিসারঃ পুটপাকস্য বিষয়ইতি দর্শিতমিত্যাহ॥ ৬০॥

যে অতীসারে বেদনা নাই, আমের পরিপাক হইয়াছে, রোগীর জঠরাগ্নির

---

(৩২)। তিল কল্ক ও শর্করার পরিমাণ বিষয়ে জতুকর্ণের বচন যথা, "কৃষ্ণতিলান্ শর্করা পাদিকান্ ছাগী পয়সা" ইতি। এবং চরকেও বলিয়াছেন "কল্কস্তিলানাং কৃষ্ণানাং শর্করা পঞ্চ ভাগিকঃ"। অতএব তিলকল্ক ১ ভাগ ও শর্করা ৪ ভাগ উল্লেখ করা গেল।

প্রবলতা জন্মিয়াছে, এবং নানাবর্ণের মল নিঃসরণ হইতেছে, এইরূপ বহু দিনের অতীসারীকেই পুটপাকৌষধ দ্বারা চিকিৎসা করিবে ॥ ৬০ ॥

ইহার পর পুটপাককৃত ঔষধের বিষয় বলিবেন। এইক্ষণ কি রূপ অতীসারে পুটপাকের ঔষধ প্রয়োগ করা যাইতে পারে তাহাই বলিতেছেন।

কুটজপুটপাকঃ—

স্নিগ্ধং ঘনং কুটজবল্কমজন্তুজগ্ধমাদায় তৎক্ষণমতীব চ পোথয়িত্বা। জম্বুপলাশপুটতণ্ডুলতোয়সিক্তং বদ্ধং কুশেন চ বহির্ঘন পঙ্কলিপ্তং। স্বিন্নমেতদব পীড্য রসং গৃহীত্বা ক্ষৌদ্রেণযুক্তমতিসারবতে প্রদদ্যাৎ। কৃষ্ণাত্রিপুত্রমতপূজিত এষযোগঃ সর্ব্বাতিসারহরণে স্বয়মেব রাজা। স্বরসস্য শুক্তস্ত্বেন পুটপাক পলং পিবেৎ। পুটপাকস্য পাকোঽয়ং বহিঁরারক্তবর্ণতা ॥ ৬১ ॥

স্নিগ্ধমিত্যাদি।—অজন্তুজগ্ধমিতি ন ক্রিমিভির্ভক্ষিতম্। পোথয়িত্বা ক্ষোদয়িত্বা। জম্বুপত্রনির্ম্মিতপুটে তণ্ডুলতোয়েন সিক্তমিত্যর্থঃ। যোগোঽয়ং রক্তপিত্তাতিসারহর ইত্যাহুঃ ॥ ৬১।

শুষ্ক, সরস অথচ কোন কীট ভক্ষিত না হয় এরূপ কুড়চিরছাল লইয়া তাহাকে উত্তমরূপে পেষণ করিবে, অনন্তর ঐ পিষ্ট কুড়চিরছালে তণ্ডুলোদক সিক্ত ও জামপাতার ঠোঙ্গা প্রস্তুত করিয়া তন্মধ্যে স্থাপন করত ঐ ঠোঙ্গার চতুঃপার্শ্ব কুশদ্বারা বেষ্টন করিয়া মৃত্তিকা দ্বারা লেপ দিবে। পরে ঐ মৃত্তিকালিপ্তপিণ্ড গোময় অগ্নিতে পাক করিবে, পিণ্ড মধ্যস্থ ঔষধ উত্তম রূপ সিদ্ধ হইলে তাহার চতুঃপার্শ্বের লেপ খুলিয়া ফেলিবে এবং ঔষধ নিষ্পীড়ন করিয়া তাহার রস গ্রহণ করতঃ মধু মিশ্রিত করিয়া অতীসার রোগীকে পান করিতে দিবে। কৃষ্ণাত্রেয় মুনি এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। এই ঔষধ সর্ব্ব প্রকার অতীসার বিনাশে স্বয়ং রাজা স্বরূপ অর্থাৎ শ্রেষ্ঠ। পুটপাকে যখন ঔষধপিণ্ড আরক্তবর্ণ হইবে, তখন পাক হইয়াছে নিশ্চয় করিয়া অগ্নি হইতে বহির্গত করিবে। এইরূপ পুটপাকের বিধি, সকল পুটপাকস্থলেই কর্ত্তব্য ॥ ৬১ ॥

শ্যোনাকপুটপাকঃ—

ত্বক্‌পিণ্ডং দীর্ঘবৃন্তস্য কাশ্মরীপত্রবেষ্টিতম্। মৃদবলিপ্তং সুকৃতমঙ্গারেষ্ববকুলয়েৎ। স্বিন্নমুদ্ধৃত্য নিষ্পীড্য রসমাদায় যত্নতঃ। শীতীকৃতং মধুযুতং পায়য়েদুদরাময়ে ॥ ৬২ ॥

ত্বক পিণ্ডমিত্যাদি।—কস্যচিৎ তন্ত্রস্য। ত্বচঃ পিণ্ডরূপকল্কম্। দীর্ঘবৃন্তঃ শ্যোণাকঃ। কাশ্মরী গাম্ভারী। সুকৃতমিতি কুশবেষ্টনেন সুষ্ঠু বদ্ধমিত্যর্থঃ। অবকূলয়েৎ। অঙ্গারৈরাচ্ছাদয়েৎ। কূল আবরণে ইত্যস্য রূপম্। দাহদিত্যন্যে। উদরাময়প্রকরণাদতিসারে সুশ্রুতে পুনরয়ং যোগোঽন্যথা পঠ্যতে, যথা “ত্বক্‌পিণ্ডং দীর্ঘবৃন্তস্য পদ্মকেশরসংযুতম্। কাশ্মরীপদ্মপত্রৈশ্চাবেষ্ট্য সূত্রেণ তং দৃঢ়ম্”। শেষং তুল্যমেবেতি। শ্যোণাকস্য ত্বচং পদ্মকেশরঞ্চ সমভাগং কৃত্বা সংপিষ্য, তং পিণ্ডং গাম্ভারীপত্রপদ্মপত্রয়োঃ পুটে নিক্ষিপ্য, সূত্রেণাবেষ্ট্য মৃত্তিকয়া চাবলিপ্য নির্ধূমখদিরাঙ্গারেষু পুটপাকবিধিনা পক্কা রসোগ্রাহ্য ইতি ব্যাখ্যানয়ন্তি টীকাকৃতঃ। অত্র শ্যোণাকপুটপাকে বাভটসংবাদাৎ মধুস্থানে শর্করাপ্রক্ষেপোঽপি বোধ্যঃ। ৬২।

শোনাবৃক্ষেরছাল পেষণ করিয়া পিণ্ডাকার করিবে। অনন্তর তাহাকে গাম্ভারী পত্রের ঠোঙ্গা মধ্যে রাখিয়া চতুঃপার্শ্বে কুশাদ্বারা বেষ্টন করতঃ মৃত্তিকালেপ দিবে। পরে ঐ মৃত্তিকালিপ্ত পিণ্ডকে জ্বলন্তঅঙ্গার মধ্যে স্থাপন করত পুট-

পাকের বিধানমতে পাক করিবে। অর্থাৎ যে পর্য্যন্ত না পিণ্ডের বহির্ভাগ রক্তবর্ণ হয় ততক্ষণ অগ্নিতে রাখিবে। পরে উহা উত্তম রূপ সিদ্ধ হইলে অঙ্গার হইতে নিষ্ক্রান্ত করিয়া শীতল হইলে মৃত্তিকার লেপ উঠাইয়া ফেলিবে। তৎপরে নিষ্পীড়ন করিয়া রস গ্রহণ করতঃ চিনি বা মধুযুক্ত করিয়া অতীসার রোগীকে পান করাইবে। ইহাদ্বারা সর্ব্বপ্রকার অতীসারই বিনষ্ট হয় (৩৩) ॥ ৬২ ॥

কুটজলেহঃ—

শতং কুটজমূলস্য ক্ষুণ্ণং তোয়ার্ম্মণে পচেৎ। ক্বাথে পাদাবশেষেঽস্মিন্ লেহং পূতে পুনঃ পচেৎ। সৌবর্চ্চল যবক্ষার বিড়সৈন্ধব পিপ্পলী। ধাতকীন্দ্রযবাজাজীচূর্ণং দত্ত্বা পলদ্বয়ং। লিহ্যাদ্বদরমাত্রং তৎ শীতং ক্ষৌদ্রেণ সংযুতম্। পক্কাপক্কমতীসারং নানাবর্ণং সবেদনম্। দুর্ব্বারং গ্রহণীরোগং জয়েচ্চৈব প্রবাহিকাম্ ॥ ৬৩ ॥

শতমিত্যাদি।—অর্ম্মণো দ্রোণঃ। লেহমিতি লেহাকারং যথা ভবতি তথা পচেৎ। পলদ্বয়মিতি মিলিত্বা। আসন্নপাকে চূর্ণপ্রক্ষেপঃ। যবক্ষারস্থানে গুড়ক্ষারপাঠো ন প্রসিদ্ধঃ। বদরমাত্রমিত্যর্দ্ধমাসকম্। মাষচতুষ্টয়েন ব্যবহারঃ।

(৩৩) এই যোগ সুশ্রুত গ্রন্থে অন্য প্রকার উক্ত হইয়াছে যথা,—

"ত্বক্‌পিণ্ডং দীর্ঘবৃন্তস্য পদ্মকেশর সংযুতম্। কাশ্মরী পদ্মপত্রৈশ্চাবেষ্ট্য সূত্রেণ তংদৃঢ়ম্।" শেষং তুল্যমেব।

শোনাবৃক্ষের ছালও পদ্মকেশর সমভাগে লইয়া পেষণ করিয়া পিণ্ডবৎ করিবে, পরে ঐ পিণ্ডকে গাম্ভারীপত্র ও পদ্মপত্রের ঠোঙ্গার মধ্যে নিক্ষেপ করিয়া সূত্রদ্বারা বেষ্টন করিয়া মৃত্তিকার লেপ দিবে। পরে নির্ধূম জ্বলন্ত খদিরকাষ্ঠের অভ্যন্তরে পুটপাকের বিধানক্রমে পাক করা রস গ্রহণ করিয়া সেবন করিবে। টীকাকার এই রূপ ব্যাখ্যা করেন। বাগ্‌ভট মতে মধু স্থানে শর্করা প্রক্ষেপ বিধি।

ক্ষৌদ্রযুক্তমিত্যুপযোগকালে অনুরূপং মধু দত্ত্বা উপযোজ্যম্ ॥ ৩৩ ॥

একশত পল (সাড়েবার সের) কুড়চির ছাল কুট্টিত করতঃ তাহা ৬৪ সের জলে (৩৪) পাক করিয়া ১৬ সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করত ক্বাথ গ্রহণ করিবে। পুনর্ব্বার এই ক্বাথ জাল দিয়া লেহবৎ করিতে হইবে। যখন পাক প্রায় শেষ হইয়া আসিবে অর্থাৎ আসন্ন পাকে, সচললবণ (সৌবর্চ্চল), যবক্ষার, (৩৫) বিটলবণ, সৈন্ধবলবণ, পিপুল, ধাইফুল, ইন্দ্রযব ও কৃষ্ণজীরা; ইহাদের চূর্ণ দুই পল অর্থাৎ প্রত্যেকের চূর্ণ ২ তোলা পরিমাণ প্রক্ষেপ করিয়া নামাইয়া লইবে। এই অবলেহ শীতল হইলে মধুযুক্ত করিয়া যথোপযুক্ত পরিমাণে (৩৬) সেবন করিলে, পক্কাপক্ক, নানাবর্ণ ও বেদনাযুক্ত সকল প্রকার অতীসার ও দুর্ব্বার গ্রহণী এবং প্রবাহিকা রোগ বিনষ্ট হয় ॥ ৬৩ ॥

কুটজাষ্টকঃ—

তুলামথার্দ্রাং গিরিমল্লিকায়াঃ সংক্ষুদ্য পক্ত্বা রসমাদদীত। তস্মিন্ সুপূতে পলসম্মিতানি শ্লক্ষ্ণানি পিষ্ট্বা সহ শাল্মলেন। পাঠাং সমঙ্গাতিবিষাং সমুস্তাং বিল্বঞ্চ পুষ্পাণি চ ধাতকীনাং। প্রক্ষিপ্য ভূয়ো বিপচেত্তু তাবৎ দর্ব্বীপ্রলেপঃ স্বরসস্তু যাবৎ। পীতস্ত্বসৌ কালবিদা জলেন মণ্ডেন

(৩৪) দ্রবদ্রব্যের দ্বৈগুণ্যের বিধান হেতু এই স্থলে ৬৪ সের জল উল্লেখ করা হইল কিন্তু অর্ম্মণ শব্দে ৩২ সের বোধ হয়।

(৩৫) কেহ কেহ যবক্ষার স্থানে গুড়ক্ষার পাঠ করিয়া থাকেন কিন্তু তাহা প্রসিদ্ধ নহে।

(৩৬) বদরীপ্রমাণ এই কথা বলিলে ৮ মাষা বুঝায় কিন্তু এই ঔষধ ৪ মাষা করিয়া ব্যবহার করা বৃদ্ধদিগের মত।

বাজ্ঞাপয়সাথবাপি। নিহন্তি সর্ব্বং ত্বতিসারমুগ্রং কৃষ্ণং সিতং লোহিতপীতকঞ্চ। দোষং গ্রহণ্যাং বিবিধঞ্চ রক্তং শূলং তথার্শাংসি সশোণিতানি। অসৃগ্দরঞ্চৈবমসাধ্যরূপং নিহন্ত্যবশ্যং কুটজাষ্টকোঽয়ম্। তুলাদ্রব্যে জলদ্রোণো দ্রোণে দ্রব্যতুলা মতা ॥৬৪॥

তুলামিত্যাদি।—তুলাদ্রব্যে জলদ্রোণ ইতি বক্ষ্যতি। রসশ্চ পাদাবশিষ্টএবোৎসর্গসিদ্ধঃ। পঞ্চসম্মিতানীতি প্রত্যেকং, দ্রব্যপ্রধানত্বান্নির্দ্দেশস্য। সমঙ্গা বরাহক্রান্তা। শাল্মলেনেতি—শাল্মলীবেষ্টকেন। অত্র কেচিৎ চূর্ণং দত্ত্বৈব পাকঃ, "প্রক্ষিপ্য ভূয়ো বিপচেৎ" ইতি বচনাৎ প্রচারাচ্চেত্যাহুঃ। অন্যে তু [illegible] ভূয়ঃ পচেৎ; ততো মনাক্ দর্ব্বী প্রলেপনাবস্থায়াং শাল্মলীবেষ্টকাদিচূর্ণং প্রক্ষিপ্য, ততো রসঃ পীত ইতি যোজ্যম্। এতেন "প্রায়ো ন পাকশ্চূর্ণানাং ভূরিচূর্ণস্য যোগতঃ" ইত্যপি বচনমনুগৃহীতং ভবতীত্যাহুঃ। ব্যবহারশ্চানেনৈবেতি। জলেনেতি শীতলজলেনাগ্নিমান্দ্যে; মণ্ডেন বস্তিদুষ্টৌ; ছাগীদুগ্ধেন রক্তে ॥ ৬৪ ॥

একশত পল অর্থাৎ সাড়েবার সের পরিমিত সরস কুড়চির ছাল কুট্টিত করিয়া তাহাকে ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিবে, অনন্তর জলের চারি ভাগের এক ভাগ অর্থাৎ ১৬ ষোল সের অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে। পরে পুনর্ব্বার তাহা যতক্ষণ দার্ব্বীতে (হাতাতে) আঠাবৎ সংলগ্ন না হয় ততক্ষণ পর্য্যন্ত পাক করিয়া পাক শেষ করিবে। এবং উহাতে শিমুলের ছাল, আকনাদি, বরাহক্রান্তা, আতইচ, মুথা, বেলশুঠ ও ধাইফুল; ইহাদের প্রত্যেকের চূর্ণ এক পল অর্থাৎ ৮ আট তোলা পরিমাণে(৩৭) প্রক্ষেপ করিবে; এই ঔষধ শীতল জল বা মণ্ড কিম্বা ছাগদুগ্ধের (৩৮) সহিত পান করিবে, অর্থাৎ অগ্নিমান্দ্যে শীতল জলের সহিত, বস্তিদোষে মণ্ডের সহিত এবং রক্তাতিসারে ছাগদুগ্ধের সহিত সেবন করা কর্ত্তব্য। উক্ত ঔষধ সেবন করিলে কৃষ্ণ, সিত, লোহিত ও পীতাদি সর্ব্বপ্রকার উৎকট অতীসার, বিবিধ প্রকার গ্রহণী, শূল, অর্শঃ ও অসাধ্য অসৃগ্দর প্রভৃতি রোগ বিনষ্ট হয়। ইহার নাম কুটজাষ্টক। ঔষধ ও জলের পরিমাণ বিষয়ে পরিভাষা কহিতেছেন, যথা,—যেখানে দ্রব্য পরিমাণে তুলা অর্থাৎ একশত পল (।২॥০ সাড়েবার সের) সেই স্থলে জল ৬৪ সের এবং যেস্থলে জলের পরিমাণ ৬৪ সের উক্ত আছে সেই স্থলে দ্রব্যের পরিমাণ তুলা অর্থাৎ এক শত পল (।২॥০ সাড়েবার সের) দিতে হইবে॥ ৬৪ ॥

ষড়ঙ্গঘৃতং—

বৎসকস্য চ বীজানি দার্ব্ব্যাশ্চ ত্বচ উত্তমাঃ। পিপ্পলী শৃঙ্গবেরঞ্চ লাক্ষা কটুকরোহিণী। ষড্‌ভিরেভির্ঘৃতং সিদ্ধং পেয়ং মণ্ডাবচারিতম্। অতীসারং জয়েচ্ছীঘ্রং ত্রিদোষমপি দারুণম্ ॥ ৬৫ ॥

ষড়ঙ্গঘৃতে দার্ব্ব্যাশ্চ ত্বচ উত্তমা ইতি সর্ব্বত্র দার্ব্ব্যাস্ত্বচএব গ্রাহ্যা উত্তমগুণত্বাৎ। তস্য দুর্ল্লভত্বাৎ অত্র কাষ্ঠমেব গৃহ্যতে। ষড়্‌ভিরিতি পদং যথালাভগ্রহণনিষেধার্থম্। এভিঃ কল্কৈর্ঘৃতাচ্চতুর্গুণমেব জলম্ দেয়ম্। ইদমেব ঘৃতং কুটজত্বচা সপ্তাঙ্গং ভবতি, তদুক্তং বৈদ্যপ্রদীপে "মণ্ডেন পেয়ং তৎসর্পিঃ সপ্তাঙ্গং কুটজত্বচা" ইতি ॥ ৬৫ ॥

(৩৭) কেহ কেহ বলেন, উক্ত দ্রব্যসকলের চূর্ণ প্রক্ষেপ করিবে। অন্যান্য গ্রন্থকার বলেন, আকনাদি প্রভৃতি প্রক্ষেপ করিয়া পাক করিবে যখন দার্ব্বী সংলগ্ন হইবে তখন শিমুলের চূর্ণ প্রক্ষেপ করিয়া পাক শেষ করিবে

(৩৮) অগ্নিমান্দ্যে শীতল জল, তলপেটে বেদনা থাকিলে মণ্ড ও রক্তাতীসারে ছাগদুগ্ধের সহিত পান করিবে।

উৎকৃষ্ট গব্যঘৃত ৪ চারি সের এবং ইন্দ্রযব, দারুহরিদ্রা, পিপুল, শুঁঠ, লাক্ষা ও কটকী; এই ষড়্‌বিধ দ্রব্যের উত্তম রূপ কুট্টিত বা পেষিত কল্ক এবং ঘৃতের অর্দ্ধগুণ জলদ্বারা ঘৃতপাক করিতে থাকিবে। পরে পূর্ব্বোক্ত পাকসিদ্ধির লক্ষণাদি প্রকাশ পাইলে নামাইয়া ছাকিয়া লইবে। উহা উপযুক্ত মাত্রায় মণ্ডের সহিত সেবন করিলে অতি সত্বর অতীসার রোগ ও দারুণ ত্রিদোষ নষ্ট হয়। ইহাকে ষড়ঙ্গ ঘৃত বলা যায় ॥৬৫॥

ক্ষীরিক্রমাদ্যং ঘৃতং—

ক্ষীরিদ্রুমত্বক্‌কষায়ে বিপক্বং তজ্জৈশ্চ কল্কৈঃ পয়সাচ সর্পিঃ। সিতো পলার্দ্ধং মধুপাদযুক্তং রক্তাতীসারং শময়ত্যুদীর্ণং ॥ ৬৬ ॥

ক্ষীরিক্রমেত্যাদৌ—ক্ষীরিণো ক্রমাঃ বটোডুম্বরাদয়ঃ। এষামন্যতমস্য সমুদিতস্য বা কাথঃ। শতাবরীরসশ্চ ঘৃতাপেক্ষয়া মিলিত্বা ত্রিগুণঃ। কল্কোঽপ্যোষামেব। পয়শ্চ স্নেহসমম্। ঘৃতমপেক্ষ্য চ সিতায়া অর্দ্ধং ষোড়শপলমিত্যর্থ। মধুনোঽপি ঘৃতমপেক্ষ্যৈব পাদিকত্বং জ্ঞেয়ম্ ॥৬৬॥

ক্ষীরিবৃক্ষ অর্থাৎ বট ও যজ্ঞডুম্বুরপ্রভৃতি, ইহাদের কোন একটী বৃক্ষের ছাল ৮ আট সের, ৩২ বত্রিশ সের জলে সিদ্ধ করিয়া ৮ আট সের অবশিষ্ট থাকিতে নামাইয়া ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ ৮ আট সের, শতমূলীর রস ৪ চারি সের, উক্ত ক্ষীরিবৃক্ষের ছালের উত্তম রূপ কুট্টিত বা পেষিত কল্ক ১ এক সের, দুগ্ধ ৪ চারি সের; এই সকল দ্রব্যদ্বারা ঘৃত ৪ চারি সের পাক করিবে। পাক শেষ হইলে নামাইয়া রাখিবে। অনন্তর শীতল হইলে তাহাতে মধু ১ এক সের প্রক্ষেপ দিবে। এই ঘৃত পাক করিবার নিয়ম এই যে, প্রথমতঃ কল্ক ও উপযুক্ত পরিমাণ জল দ্বারা পাক করিয়া ঘৃত হইতে কল্কের সিটা গুলি তুলিয়া ফেলিবে, এবং ক্রমে ক্বাথ ওদুগ্ধাদি দ্বারা পাক করিবে। পরে চিনি প্রদান করতঃ পুনঃ পাক করিতে থাকিবে এবং পাক শেষ হইলে নামাইয়া উহাতে মধু মিশ্রিত করিয়া লইবে। এই ক্ষীরিক্রমাদ্য ঘৃত পান করিলে অতি উৎকট অতীসার রোগের নিবৃত্তি হয় (৩৯) ॥ ৬৬ ॥

জীর্ণেঽমৃতোপমং ক্ষীরমতীসারে বিশেষতঃ। ছাগং তদ্বৌষধৈঃ সিদ্ধং দেয়ং বা বারিসাধিতং ॥ ৬৭ ॥

ক্ষীরপানবিষয়মাহ জীর্ণ ইত্যাদি।—তদ্বদৌষধৈরিতি অতিসারহন্তৃভেষজৈঃ। দেয়ং বা বারিসাধিতমিতি কেবলেন ত্রিগুণেন জলেন সাধিতমিত্যর্থঃ। উক্তং হি সুশ্রুতে "যথামৃতং তথা ক্ষীরমতীসারেষু পূজিতম্। চিরোত্থিতেষু তৎ পেয়মপাং ভাগৈস্ত্রিভিঃ শৃতম্ ॥ ৬৭ ॥

অতীসার রোগে দুগ্ধ পানের বিধান বলিতেছেন। অতীসার রোগ পুরাতন হইলে, দুগ্ধ পান অমৃত পানের ন্যায় হিতকারী। এই স্থলে ছাগদুগ্ধ অতীসার নাশক ঔষধ সমূহদ্বারা সিদ্ধ করত পান করিবে অথবা ছাগদুগ্ধ তিন গুণ জলে সিদ্ধ করিয়া যখন জলভাগ শুষ্ক হইয়া কেবল দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিবে তখন সেই দুগ্ধ পান করা বিধেয় ॥৬৭॥

বালং বিল্বং গুড়ং তৈলং পিপ্পলী বিশ্বভেষজম্। লিহ্যাদ্বাতে প্রতিহতে সশূলে সপ্রবাহিকে ॥ ৬৮ ॥

বালবিল্বমিত্যাদি।— চরকস্য। বাতে প্রতিহতইতি বিবদ্ধবাতে ॥ ৬৮ ॥

(৩৯) দুগ্ধ এক পল (৮ তোলা), পিপুল ৫ মাষা ও মরিচ ২ মাষা; এইরূপে ব্যবহারই প্রসিদ্ধ। কিন্তু আজ কাল উহা হইতে আরো অল্প মাত্রায় প্রয়োগ করা কর্ত্তব্য।

কাঁচা পোড়াবেলের শস্য ২ তোলা, ইক্ষুগুড় ১ তোলা, পিপুল ও শুঁঠের চূর্ণ চারি আনা এবং তাহাতে অল্প তিল তৈল প্রদান করতঃ অবলেহ প্রস্তুত করিবে। এই অবলেহ, বিবদ্ধবাত, শূল ও প্রবাহিকা রোগে (৪০) সেবন করিলে বিশেষ উপকার হয়॥ ৬৮॥

পয়সা পিপ্পলী কল্কঃ পীতো বা মরিচে দ্রবঃ। ত্র্যহাৎ প্রবাহিকাং হন্তি চিরকালানুবন্ধিনীম্ ॥ ৬৯॥

পয়সেত্যাদি।—দুগ্ধ পল ১, পিপ্পলী মাষ ৪, অথবা মরিচচূর্ণ মাষ ২, এবং ব্যবহরন্তি। সবিবন্ধায়াং প্রবাহিকায়াময়ং যোগঃ॥ ৬৯॥

পিপুল অর্দ্ধ তোলা অথবা মরিচের চূর্ণ অর্দ্ধ তোলা, অর্দ্ধ পোয়া দুগ্ধের সহিত তিন দিবস পান করিলে, (৪০) চিরকালজাত প্রবাহিকা রোগের নিবৃত্তি হয়॥ ৬৯॥

কল্কঃ স্যাদ্বালবিল্বানাং তিলকল্কশ্চ তৎসমঃ। দধ্নঃ সরাম্লঃ স্নেহাঢ্যঃ খড়োহন্যাৎ প্রবাহিকাম্॥ ৭০॥

কল্কঃস্যাদিত্যাদি।—চরকস্য। অত্র স্নেহাঢ্যতা তিল-দধিসরোদ্যোগাৎ। খড়ইত্যস্যৈব যোগস্য সংজ্ঞা। চরকে খড়স্থানে সদ্য ইতি পাঠঃ। স্মরণ্। ৭০॥

কাঁচা পোড়াবেলের শস্য ওতিলকল্ক একত্র করিয়া তাহা দধির সরদ্বারা অম্লরসযুক্ত করতঃ পান করিবে। এই ঔষধ সেবন করিলে প্রবাহিকা রোগ নষ্ট হয়। এই যোগের নাম খড়যোগ॥৭০॥

বিল্বোষণং গুড়ংলোধ্রং তৈলং লিহ্যাৎ প্রবাহণে॥ ৭১॥

বিল্বোষণেত্যাদৌ বিল্বং বিল্বশলাটুঃ; উষণং মরিচম্। যদুক্তং "বিল্বপেশীং গুড়ং লোধ্রং তৈলং মরিচযোজিতম্" ইতি। তৈলেন লেহঃ॥ ৭১॥

বেলশুঠ, মরিচ, ইক্ষুগুড়, লোধ; এই সকলের সমভাগ চূর্ণ, তৈলদ্বারা লেহ প্রস্তুত করিয়া প্রবাহিকা রোগে সেবন করিবে। ইহাদ্বারা প্রবাহিকা (আমাশায়) রোগে বিশেষ উপকার হইয়া থাকে॥ ৭১॥

দধ্না সসারেণ সমাক্ষিকেণ ভুঞ্জীত নিশ্চারকপীড়িতস্তু। সুতপ্ত কুপ্য ক্কথিতেন বাপি ক্ষীরেণ শীতেন মধুপ্লুতেন॥ ৭২॥

দধ্নেত্যাদি।—সুশ্রুতস্য। সসারেণ অনুদ্ধৃতনবনীতেন। নিশ্চারকঃ প্রবাহিকা; যদাহ পরাশরঃ "নির্ব্বাহয়েৎ সফেনঞ্চ পুরীষং যো মুহুর্ম্মুহুঃ। প্রবাহিকেতি সা খ্যাতা কৈশ্চিন্নিশ্চারকশ্চ সঃ" ইতি। সুতপ্তকুপ্যক্কথিতেনেতি অত্যন্ততপ্তসুবর্ণরজতেতরলোহপ্রক্ষেপাৎ ক্কথিতেন। অন্যে তু অঘটিতং রূপ্যাদি কুপ্যমাচক্ষতে। কেচিত্তু কুপ্যস্থানে কূর্পং পঠন্তি, ব্যাচক্ষতে চ কূর্পঃ পাষাণভেদো দক্ষিণাপথে খ্যাতঃ শঙ্খনাভ্যাকৃতিরিতি॥ ৭২॥

প্রবাহিকা প্রপীড়িতব্যক্তি অনুদ্ধৃতসার দধি, মধু মিশ্রিত করিয়া অথবা দুগ্ধ মধ্যে সুতপ্ত লৌহপাত্র নিক্ষেপ করতঃ তাহা শীতল হইলে মধু ও পূর্ব্বোক্ত বিল্বোষণাদি ঔষধ মিশ্রিত করতঃ পান করিলে প্রবাহিকা রোগ প্রশমিত হইয়া থাকে॥ ৭২॥

দীপ্তাগ্নির্নিষ্পুরীষো যঃ সার্য্যতে ফেনিলং শকৃৎ। স পিবেৎ ফাণিতং শুণ্ঠী দধিতৈলপয়োঘৃতম্। শোথং শূলং জ্বরং তৃষ্ণাং কাসং শ্বাসমরোচকম্। ছর্দ্দিং মূর্চ্ছাঞ্চ হিক্কাঞ্চ দৃষ্ট্বাতীসারিণং ত্যজেৎ। বহুমেহীনরো যস্তু তিস্র বিট্‌কো ন জীবতি। নানাভাবাব-

(৪০) অহিত ভোজন এবং মলত্যাগের সময় অতিশয় কুন্থনে অতি কুপিত বায়ু সঞ্চিত কফকে অল্প মলের সহিত নিঃসরণ করে; চিকিৎসকগণ সেই রোগকেই প্রবাহিকা বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। ইহাকে লোকে সচরাচর আমাশা বলিয়া থকে।

গ্রাহ্যং চ গুরুস্নিগ্ধাতিভোজনং। ব্যা-
য়ামমগ্নিসন্তাপমতীসারী বিবর্জ্জয়েৎ॥৭৩

নীশ্রায়িশ্রিতি।—সুশ্রুতস্য। এতৎসর্ব্বমালোড্য পেয়ম্॥ ৭৩॥

প্রবাহিকা (আমাশয়) রোগে যে ব্যক্তির অগ্নি প্রদীপ্ত হইয়াছে কিন্তু মল নিঃসরণ হয় না, অথচ ফেণিল (ফেনা-যুক্ত) অল্প অল্প মল নির্গত হইতে থাকে সেই ব্যক্তিকে, ইক্ষুগুড় শুঁঠ, অমুদ্ধৃত-সারদধি, তিলতৈল, দুগ্ধ ও ঘৃত এই সকল সমপরিমাণে লইয়া একত্র আলো-ড়ন করতঃ ভক্ষণ করিতে দিবে।

অতীসার রোগে যাহার শোথ শূল,জ্বর, তৃষ্ণা, কাস, শ্বাস, অরুচি, বমি, মূর্চ্ছা ও হিক্কা এই সকল উপদ্রব দৃষ্ট হয় সেই অতীসারীকে বৈদ্যগণ পরিত্যাগ করিবেন, কোন রূপ চিকিৎসাদি করিবেন না। এবং এই রোগে প্রমেহ উপস্থিত হইয়া যদি অধিক মূত্র ও অতিরিক্ত মল নির্গত হয় তবে সেই রোগীর ও জীবনের আশা পরিত্যাগ করিবেন।

স্নান, অভ্যঙ্গ (তৈল মর্দ্দন),অবগাহন, গুরুপাক ও স্নিগ্ধ বস্তু ভোজন, অতি ভোজন, ব্যায়াম (পরিশ্রম জনক কার্য্য) ও অগ্নি সন্তাপ; অতীসাররোগীর এই সকল পরিত্যাগ করা উচিৎ॥ ৭৩॥

ইতি অতীসার-চিকিৎসা।

অথ গ্রহণী-চিকিৎসা।

গ্রহণীমাশ্রিতং দোষ-মজীর্ণবদুপাচ-রেৎ। অতীসারোক্ত বিধিনা তস্যা-মঞ্চ বিপাচয়েৎ॥ ১॥

গ্রহণ্যতীসারয়োঃ পরস্পরং কার্য্যকারণভাব-সম্বন্ধোঽস্তীতি অনন্তরং গ্রহণীচিকিৎসিত-মাহ। গ্রহণীমাশ্রিতমিত্যাদি।—বাভটস্য। হণী অগ্ন্যাধানমাড়ী, সুশ্রুতে "অগ্ন্যধিষ্ঠানমন্নস্য গ্রহণাদ্ গ্রহণী মতা" ইতি। অজীর্ণবদুপাচরেদিতি, আমাদজীর্ণেষু যথা বমনাদ্যুপচারো দীপনপাচ-নকৌষধম্, তথেত্যর্থঃ। অতীসারোক্তবিধিনেতি লঙ্ঘনলঘুপাচনাদিনা॥ ১॥

গ্রহণী ও অতীসারের পরস্পর কার্য্য কারণ রূপ সম্বন্ধ আছে, এই জন্য অতী-সার চিকিৎসার পরেই গ্রহণী চিকিৎসা বলিতেছেন। গ্রহণী শব্দের অর্থ অগ্ন্যা-ধান নাড়ী। ঐ নাড়ীকে আশ্রয় করিয়া যে দোষ ঘটনা হয় তাহাকেই গ্রহণী-রোগ বলে (১)। অজীর্ণ দোষে যেরূপ প্রথমত বমন ও বিরেচন এবং তৎ-পরে দীপন ও পাচন ঔষধ প্রযোজ্য, গ্রহণীরোগেও তদ্রূপ চিকিৎসা এবং অতীসারোক্ত বিধান (লঙ্ঘন ও লঘু ভোজন) অবলম্বন করিয়া দোষের পরি-পাক করিবে॥ ১॥

শরীরানুগতে সামে রসে লঙ্ঘন পাচনম্। বিশুদ্ধামাশয়ায়াস্মৈ পঞ্চ-কোলাদিভির্যুতম্। দদ্যাৎ পেয়াদি লঘ্বন্নং পুনর্যোগাংশ্চ দীপকান্॥ ২॥

শরীরানুগত ইত্যাদি।—চরকস্য। শরীরানুগতে শরীরব্যাপকে। সামে রস ইতি আমশব্দোঽত্র ভাবপ্রধানঃ, তেন আমতাসহিতেঽপক্ব ইত্যর্থঃ। রসইত্যাহারবসে। বিশুদ্ধামাশয়ায়েতি—বমন-বিরেচন লঙ্ঘনৈর্যথাযোগ্যতয়া নির্হৃতামদোষায়॥ ২॥

অপক্করস শরীরে ব্যাপ্ত হইলে এবং লঙ্ঘন ও পাচনাদিদ্বারা আমাশয় বিশুদ্ধ হইলে রোগীকে জ্বরচিকিৎসোক্ত পঞ্চ

---

(১) যাহার অতীসার রোগের শান্তি হইয়াছে অথচ অগ্নির বল সম্যক্ প্রকাশ পায়নাই অথবা যাহার কেবল অগ্নিমান্দ্য হইয়াছে; এই উভয় অগ্নিমান্দ্যগ্রস্ত ব্যক্তির অহিতাচারণে অধিক তর অগ্নিমান্দ্য উপস্থিত হইয়া গ্রহণী নামক নাড়ীকে দূষিত করিয়া থাকে এবং অতি বর্দ্ধিত বায়ু, পিত্ত ও কফ এবং মিলিত ত্রিদোষ গ্রহণী নাড়ীকে অত্যন্ত দূষিত করে বলিয়াই গ্রহণী রোগের উৎপত্তি হয়।

কোল (২) যুক্ত পেয়া, লঘু অন্ন পথ্য ব্যবস্থা করিয়া পুনর্ব্বার অগ্নির উদ্দীপক ঔষধ প্রদান করিবে ॥ ২ ॥

কপিত্থবিল্বচাঙ্গেরী তক্র দাড়িমসাধিতা। পাচনী গ্রাহিণী পেয়া সবাতে পাঞ্চমূলিকী ॥ ৩ ॥

কপিত্থেত্যাদি।—চরকস্য। কপিত্থবিল্বয়োঃ ফলম্; দাড়িমফলস্য তু ত্বক্, অন্যে তু ফলমেবেত্যাহুঃ। কপিত্থাদীনাং চতুর্ণাং মৃদুদ্রব্যত্বেন মিলিত্বা পলং কল্কঃ, তক্রঞ্চ দ্রবস্থানে, তচ্চ তাবৎ জ্ঞেয়ম্ যাবতা যবাগূঃ সিধ্যতি। বৃদ্ধবৈদ্যাস্তু অত্যম্লত্বশঙ্কয়া তক্রজলাভ্যাং তুল্যাভ্যাং পাকমিচ্ছন্তি। গ্রাহিণীত্যন্তা একা যবাগূঃ’ এষা চ বাতকফে। সবাতে পাঞ্চমূলিকীতি দ্বিতীয়া, বাতাতিসারে স্বল্পপঞ্চমূলসিদ্ধা যবাগূর্হিতেতি শেষঃ, “দ্রব্যৈর্বাতাতীসারে” ইতি জতুকর্ণ সংবাদাৎ ॥ ৩ ॥

কদ্‌বেল, বেলশুঠ, আমরুলশাক ও দাড়িমছাল; (৩) এই সকল মিলিত এক পল অর্থাৎ ৮ আট তোলা লইয়া তক্রের সহিত পেয়া (যবাগূ) প্রস্তুত করত সেবন করা গ্রহণী রোগে বিধেয়। এইরূপ যবাগূ বাতকফ প্রধান গ্রহণী রোগেই হিতকর। কেবল বাতপ্রধান গ্রহণী রোগে স্বল্পপঞ্চমুলী সিদ্ধ যবাগূ ব্যবস্থেয়। উক্ত উভয়বিধ যবাগূই দোষপাচক এবং সংগ্রাহক। শালপাণি (ছালানি), চাকুলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী ও গোক্ষুর; এই দ্রব্যগুলিকে স্বল্প বা লঘু পঞ্চমূল বলা যায় ॥৩॥

গ্রহণীদোষিণাং তক্রং দীপনং গ্রাহি লাঘবাৎ। পথ্যং মধুরপাকিত্বান্ন চ পিত্তপ্রকোপনং। কষায়োষ্ণবিকাশিত্বাদ্রৌক্ষ্যাচ্চৈব কফে হিতম্ ॥ বাতে স্বাদ্বম্লসান্দ্রত্বাৎ সদ্যস্কমবিদাহি তৎ ॥

তক্রস্য গ্রহণীদোষসাত্ম্যতাং দোষত্রয়হিতত্বঞ্চ সহেতুকমাহ গ্রহণীদোষিণামিত্যাদি।—দীপনং গ্রাহি লাঘবাদিতি পথ্যত্বে হেতুঃ। মধুরপাকিত্বান্ন চ পিত্তপ্রকোপনমিতি অম্লত্বাৎ পিত্তপ্রকোপনে প্রাপ্তে, মধুরপাকিতয়া পিত্তং ন প্রকোপয়তি; চকারাদপিপিত্তং শময়তীতি জ্ঞাকৃতম্; কিংবা “সর্ব্বমেবাম্লং প্রায়োহন্যস্য বিদহ্যতে” ইতি উক্তের্বিদাহজনকং যদস্তি, তদপি তক্রপ্রয়োগে বিদাহকৃন্ন ভবতি, মধুরপাকিত্বাত্তক্রস্য। ন তু জাতাম্লত্বেন পিত্তপ্রকোপনিষেধার্থময়ং গ্রন্থঃ, সদ্যস্কোপযোগেন পিত্তকারণোঽম্লরসস্যাভাবাৎ। অম্লঞ্চ ন প্রযোজ্যং বিদাহিত্বাদেব, অতএবাহ সদ্যস্কমবিদাহীতি সদ্যোমথিতমেব তক্রং পচ্যমানাবস্থায়াং বিদাহকৃন্ন ভবতি। কিঞ্চিৎকালস্থিতঃ পুনরম্লত্বাদ্‌বিদাহি ভবত্যেব। যত্তু “স্বাদ্বম্লসান্দ্রত্বাদিত্যনেন অম্লরসত্বমুক্তং তদম্লানুরসতয়া জ্ঞেয়মিত্যাহুঃ। বিকাশিত্বাদিতি দোষাবৃতস্রোতোবিশোধকত্বাদিত্যর্থঃ। রৌক্ষ্যাদিত্যত্র বৈদ্যাস্তিত্যপি পাঠান্তরম্; পৈচ্ছিল্যরহিতত্বাদিত্যর্থঃ। এতচ্চ বলিনো জীর্ণাবস্থায়াং গ্রহণ্যাং দেয়মিত্যাহুঃ ॥ ৪ ॥

গ্রহণী রোগে কারণের সহিত তক্রের উপকারিতা প্রদর্শন করিতেছেন। তক্রের অগ্নিদীপক শক্তি, ধারকতাশক্তি ও লঘু পাকিত্ব শক্তি থাকাপ্রযুক্ত গ্রহণী রোগীকে পথ্য রূপে প্রদান করিবে। ইহাদ্বারা পিত্ত, কফ ও বায়ু এই তিনেরই শান্তি হয়, তাহার কারণ, তক্রের মধুর পাকিত্ব গুণ হেতু পিত্ত প্রকোপ জন্মাইতে পারে না; কষায়ত্ব, উষ্ণত্ব, রূক্ষত্ব ও বিকাশিত্ব (দোষাবৃত স্রোতের বিশোধকত্ব) হেতু কফপ্রধান গ্রহণী রোগে হিতকর; এবং তক্র স্বাদু অম্লরসযুক্ত ও স্নিগ্ধ হেতু বাতপ্রধান গ্রহণী রোগেও প্রশস্ত। সকল স্থলেই সদ্যোজাত তক্র ব্যবহার করিবে। উক্ত

(২) পিপুল, পিপুলমূল, চৈ, চিতা ও শুঁঠ; এই পঞ্চদ্রব্যকে পঞ্চকোল বলে ইহার বিশেষ বিবরণ পূর্ব্বেই উক্ত হইয়াছে।

(৩) কেহ কেহ দাড়িমের ফল ব্যবস্থা করেন। এই পরিমাণে তক্র দিতে হইবে, যাহাতে যবাগূ সুন্দররূপে সিদ্ধ হইতে পারে। বৃদ্ধ বৈদ্যগণ বলেন, তক্রের অম্লত্ব ও অজকত্বহেতুক সমপরিমাণে তক্র ও জল একত্র মিশ্রিত করিয়া তাহা দ্বারা যবাগূ পাক করিবে।

পর্য্যুষিত হইলে অধিক অম্লরস বিশিষ্ট হয়, সুতরাং তাহা পরিত্যাগ করিবে, কারণ পর্য্যুষিত তক্র (ঘোল) অত্যন্ত অম্লজন্য পিত্তবৃদ্ধি করিয়া থাকে ॥ ৪ ॥

শুণ্ঠীং সমুস্তাতিবিষাং গুড়ূচীং পিবেজ্জলেন ক্বথিতাং সমাংশাম্। মন্দানলত্বে সততামতায়া-মামানুবন্ধে গ্রহণী গদে চ ॥ ৫ ॥

শুণ্ঠীমিত্যাদি।—সততামতায়ামিতি সর্ব্বদা আমকোষ্ঠতায়াম্। আমানুবন্ধইতি আমে প্রবর্ত্তমান ইত্যন্যে। গ্রহণীগদবিশেষণতয়া পুনরামানুবন্ধইতি ক্বচিৎ পাঠো দৃশ্যতে ॥ ৫ ॥

শুঁঠ, মুথা, আতইচ ও গুলঞ্চ; এই সকল দ্রব্য সমপরিমাণে অর্থাৎ এই সকল সমুদয়ে দুই তোলা লইয়া কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইবে। এই ক্বাথবারি মন্দাগ্নি, প্রবর্ত্তমান্ আমাবস্থা ও গ্রহণী, এই সকল রোগে প্রশস্ত ॥ ৫ ॥

ধান্যকাতিবিষোদীচ্য-যমানী মুস্তনাগরম্। বলাদ্বিপর্ণী বিল্বঞ্চ দদ্যাদ্দীপন পাচনম্ ॥ ৬ ॥

ধান্যকেত্যাদিযোগঃ ক্বাথেন ॥ ৬ ॥

ধনিয়া, আতইচ, বালা, যোয়ান, মুথা, শুঁঠ, বেড়েলা, শালপাণি, চাকুলে ও বেলশুঠ; এই সকল দ্রব্য সমুদয়ে মোট ২ দুই তোলা লইয়া উত্তম রূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথ পাচক ও অগ্নির উদ্দীপক ॥ ৬ ॥

চিত্রগুড়িকা—

চিত্রকং পিপ্পলীমূলং দ্বৌ ক্ষারৌ লবণানি চ। ব্যোষহিঙ্গ্বজমোদাঞ্চ চব্যঞ্চৈকত্র চূর্ণয়েৎ। গুড়িকা মাতুলুঙ্গস্য দাড়িমাম্লরসেন বা। কৃতাবিপাচয়ত্যামং দীপয়ত্যাশু চানলম্। সৌবর্চ্চলং সৈন্ধবঞ্চ বিড়মৌদ্ভিদমেব চ। সামুদ্রেণ সমং পঞ্চ লবণান্যত্র যোজয়েৎ ॥ ৭ ॥

চিত্রকমিত্যাদি।—চরকস্য। অত্র কপিঞ্জলাধিকরণকন্যায়াৎ কেচিল্লবণত্রয়মিচ্ছন্তি, তন্ন, "পটুনি পঞ্চ দ্বৌ ক্ষারৌ মরিচং পঞ্চকোলকম্। দীপ্যকং হিঙ্গুগুড়িকা বীজপূররসে কৃতা। কোলদাড়িমতোয়ে বা পরং পাচনদীপনী" ইতি বাগ্ভটবচনাৎ। অতএব চক্রোঽপ্যাহ সৌবর্চ্চলমিত্যাদি।—ঔদ্ভিদং শাম্বরিলবণম্, উৎকারিকেত্যন্যে। সামুদ্রকং করকচম্। গুড়িকেয়মার্দ্রকরসেনাপি বোধ্যা আয়ুর্ব্বেদদর্শনাৎ ॥ ৭ ॥

চিতা, পিপুলমূল, যবক্ষার, সাচিক্ষার পঞ্চলবণ, (সৌবর্চ্চল, সৈন্ধব, বিট্, ঔদ্ভিদ ও সামুদ্র) (৪) মরিচ, পিপুল, শুঁঠ, হিঙ্গু, অজমোদ (যোয়ান) ও চৈ; এই সকল দ্রব্য একত্র সূক্ষ্মচূর্ণ করতঃ টাবালেবুর রস কিম্বা দাড়িমের রসদ্বারা বটিকা (গুড়িকা) প্রস্তুত করিবে। এই গুড়িকা উপযুক্ত মাত্রায় সেবন করিলে অতি সত্বর উদরস্থ আমের পরিপাক হইয়া অগ্নির উদ্দীপন হয় ॥ ৭ ॥

শ্রীফলাদিঃ—

শ্রীফলশলাটু কল্কো নাগরচূর্ণেন মিশ্রিতঃ সগুড়ঃ। গ্রহণীগদমত্যুগ্রং তক্রভুজা শীলিতো জয়তি ॥ ৮ ॥

শ্রীফলেত্যাদি।—নাগরচূর্ণং কটুত্বমাত্রকৃৎ। সগুড় ইতি সমগুড়ঃ। অয়ং যোগো বাতে ইত্যাহুঃ ॥ ৮ ॥

(৪) কেহ কেহ লবণত্রয় ব্যবস্থা করেন, কিন্তু তাহা প্রাচীন শাস্ত্রকারদিগের মত নহে। এই বিষয়ে বাগ্ভটের প্রমাণ যথ :—
"পটুনি পঞ্চ দ্বৌ ক্ষারৌ মরিচং পঞ্চকোলকং।
দীপ্যকং হিঙ্গু গুড়িকা বীজপূররসে কৃতা।
কোলদাড়িম তোয়ে বা পরং পাচন দীপনী।"
এই প্রমাণ দৃষ্টে, এস্থলে পঞ্চলবণই বিধেয়, চক্রপাণি স্বয়ং সৌবর্চ্চলং সৈন্ধবঞ্চ ইত্যাদি বচন লিখিয়াছেন।

প্রথমত তক্র সেবন করিয়া এক তোলা বেলশুঠ পেষণ করতঃ তাহার সহিত কিঞ্চিৎ শুণ্ঠীচূর্ণ (৫) ও সমপরিমিত ইক্ষুগুড় মিশ্রিত করিয়া সেবন করিলে, অতি উৎকট গ্রহণীরোগ প্রশমিত হয় ॥ ৮ ॥

পঞ্চপল্লবম্—

জম্বূ দাড়িম শৃঙ্গাট পাঠাকঞ্চটপল্লবৈঃ। পক্কং পর্য্যুষিতং বাল বিল্বং সগুড়নাগরং। হন্তি সর্ব্বানতীসারান্ গ্রহণীমতিদুস্তরাম্ ॥ ৯ ॥

জম্বূদাড়িমেত্যাদি।—এষাং পল্লবৈরাস্তরণং কৃত্বা অনুরূপঞ্চ জলং দত্ত্বা বালবিল্বমুৎস্বেদ্য পর্য্যুষিতং কার্য্যম্। সগুড়নাগরমিতি বিল্বসমো গুড়ঃ, নাগরচূর্ণঞ্চ কটুত্বমাত্রকারকম্। রক্তে তু নাগরং ন দেয়ম্। উৎস্বেদনশেষজলমনুপেয়মিত্যাহুর্ব্বৃদ্ধাঃ ॥ ৯ ॥

জাম, দাড়িম, পাণিফল, আকনাদি ও কাঁচড়া; ইহাদিগের পত্রদ্বারা (৬) একটী কাঁচাবেল বেষ্টন করতঃ উপযুক্ত পরিমাণ জলে সিদ্ধ করিয়া রাখিবে। পরদিন ঐ সিদ্ধকৃত বেল দুই তোলা, কিঞ্চিৎ শুণ্ঠীচূর্ণ ও বিল্বসম ইক্ষুগুড় মিশ্রিত করিয়া ঐ সিদ্ধকৃত জল অনুপানেই তাহা ভক্ষণ করিবে। এই ঔষধ সেবন করিলে সর্ব্বপ্রকার অতিসার ও দুস্তর গ্রহণী (৭) রোগ নষ্ট হয় ॥ ৯ ॥

নাগরাতিবিষা মুস্তকাথঃ স্যাদামপাচনঃ। চূর্ণং হিঙ্গ্বষ্টকং বাত গ্রহণ্যাস্তু ঘৃতানি চ ॥ ১০ ॥

নাগরেত্যাদি স্পষ্টম্। হিঙ্গ্বষ্টকমগ্নিমান্দ্যে বক্ষ্যমাণম্ ॥ ১০ ॥

শুঁঠ, আতইচ, মুথা; ইহারা সমুদয়ে দুই তোলা, অর্দ্ধ সের জলে সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। এই কাথ পান করিলে আমের পরিপাক হইয়া থাকে। অপর অগ্নিমান্দ্যোক্ত হিঙ্গ্বষ্টক চূর্ণ ও বক্ষ্যমাণ ঘৃতসমূহ বাত গ্রহণী রোগে ব্যবস্থেয় ॥ ১০

নাগরাদ্যংচূর্ণম্ঃ—

নাগরাতিবিষামুস্তং ধাতকীং সরসাঞ্জনম্। বৎসকত্বক্ ফলং বিল্বং পাঠাং কটুকরোহিণীম্। পিবেৎ সমাংশং তচ্চূর্ণং সক্ষৌদ্রং তণ্ডুলাম্বুনা। পৈত্তিকে গ্রহণীদোষে রক্তং যশ্চোপবেশ্যতে। অর্শাংস্যথ গুদে শূলং জয়েচ্চৈব প্রবাহিকাম্। নাগরাদ্যমিদং চূর্ণং কৃষ্ণাত্রেয়েণ পূজিতম্। শীতকষায়মানেন তণ্ডুলোদককল্পনা। কেচিৎপ্যষ্টগুণ তোয়েন প্রাহুস্তণ্ডুলভাবনাম্ ॥ ১১ ॥

নাগরাদ্যচূর্ণে সক্ষৌদ্রমিতি মধুপ্রক্ষেপযুক্তম্। কৃষ্ণাত্রেয়ঃ পুনর্ব্বসুঃ। তণ্ডুলাম্বুনেত্যাদি।—তণ্ডুলাম্বুনা তণ্ডুলধাবনাম্বুনা। তচ্চ তণ্ডুলাম্বু কথং কর্ত্তব্যমিতি জিজ্ঞাসায়াং স্বমতং বৃন্দমতঞ্চোপন্যস্যতি শীতকষায় মানেনেত্যাদি।—শীতকষায়বিধানঞ্চ "ক্ষুণ্ণদ্রব্যাঞ্জলিং বুধৈঃ শীতমাহুশ্চিকিৎসকাঃ" ইতি। জলমত্র তণ্ডুলমপেক্ষ্য ষড়্গুণং গ্রাহ্যম্। উক্তং হি "ষড়্ভিঃ পলৈশ্চতুর্ভির্বা সলিলাচ্ছীতফাণ্টয়োঃ" ইতি। বৃন্দমতমাহ কেচিৎ পীত্যাদি। অন্যে তু দ্বিগুণমম্বু তণ্ডুলেন সমং চিরং স্থিতং তণ্ডুলাম্বু বদন্তি। অপরে তু অমিয়ত তণ্ডুলমনিয়তজলেন প্রক্ষাল্যজলং গৃহ্ণন্তি ॥ ১১ ॥

শুঁঠ, আতইচ, মুথা, ধাইফুল, রসাঞ্জন, কুড়চিরছাল, ইন্দ্রযব, বেলশুঠ, আকনাদি ও কটকী; এই সকল সম পরিমাণে চূর্ণ করিবে এবং সমুদয় চূর্ণগুলি একত্রে মিশ্রিত করিয়া লইবে পরন্তু চূর্ণগুলি অতি সূক্ষ্ম হওয়া নিতান্ত আব-

---

(৫) এইরূপ শুণ্ঠীচূর্ণ দিতে হইবে যাহাতে কিছুকাল মাত্র হয়, ইহার অধিক দিবে না।

(৬) কেহ বলেন একটী মৃৎপাত্রে এই সকলের পত্র পাতিয়া তাহার উপরে একটী কাঁচা বেল স্থাপন করতঃ ঐ মৃৎপাত্রে এই পরিমাণে জল দিতে হইবে যাহাতে ঐ বেলটী উত্তমরূপ সিদ্ধ হইতে পারে।

(৭) রক্তাতীসারে শুণ্ঠী পরিত্যাগ করিয়া অন্যান্য ঔষধ প্রয়োগ করিবে।

শুণ্ঠ। এই চূর্ণে মধু প্রক্ষেপ দিয়া চারি আনা অথবা দুই আনা মাত্রায় তণ্ডুলোদক (চাউলধোয়া জল) সহিত সেবন করিবে। এই ঔষধ সেবনে পিত্তাধিক্য গ্রহণী, রক্তাতীসার, অর্শঃ, গুহ্যশূল ও প্রবাহিকা (আমাশয়) রোগের শান্তি হয়। এই চূর্ণের নাম নাগরাদ্য চূর্ণ, কৃষ্ণাত্রেয় মুনি ইহার বিশেষ মাহাত্ম্য প্রকাশ করিয়াছেন। কি রূপে তণ্ডুলোদক প্রস্তুত করিবে তাহার বিধান বলিতেছেন। যেরূপে শীতকষায় প্রস্তুত করিতে হয়, তণ্ডুলোদকও সেই নিয়মে প্রস্তুত করিবে, শীতকষায় প্রস্তুত প্রণালী পূর্ব্বেই উক্ত হইয়াছে। কেহ বলেন (৮) অষ্টগুণ জলে তণ্ডুল ভিজাইয়া রাখিয়া কতক কাল পরে তাহা হস্তদ্বারা মর্দ্দন করতঃ সেই জল গ্রহণ করিবে॥ ১১॥

ভূনিম্বাদ্যং চূর্ণং—

ভূনিম্বকটুকাব্যোষ মুস্তকেন্দ্রযবান্ সমান্। দ্বৌচিত্রকাৎ বৎসকত্বগ্‌ভাগান্ ষোড়শ চূর্ণয়েৎ। গুড়শীতাম্বুনা পীতং গ্রহণীদোষগুল্মনুৎ। কামলাজ্বরপাণ্ডুত্ব মেহারুচ্যতিসারনুৎ। গুড়যোগাদ্‌গুড়াম্বু স্যাৎ গুড়বর্ণ রসান্বিতম্॥ ১২॥

ভূনিম্বেত্যাদি।—দ্বৌ চিত্রকাত্তথা বৎসত্বগ্‌ভাগান্ ষোড়শেতি প্রথমভাগাপেক্ষয়া দ্বিভাগষোড়শভাগপরিগ্রহঃ। গুড়যুক্তং শীতাম্বু গুড়শীতাম্বু গুড়স্তাত্র গুড়বর্ণতামাধুর্য্যাপত্তিজনকো দেয় ইত্যাহ গুড়যোগাদিত্যাদি। বৈদ্যপ্রসারকে তু সর্ব্বসমমোগুড়ঃ শীতলজলেন চ পানমিত্যুক্তম্। ব্যবহারস্তু পূর্ব্বৈনৈব। পৈত্তিকগ্রহণ্যামম্লপিত্তচিকিৎসিতমপি বোধ্যম্। তদুক্তং বৈদ্যপ্রদীপে " তন্ত্র-পত্তোক্তং যচ্চ পানভোজনভেষজম্। পৈত্তিকে গ্রহণীদোষে তৎসর্ব্বমুপকল্পয়েৎ " ইতি॥ ১২॥

চিরতা, কটকী, মরিচ, পিপুল, শুণ্ঠ, মুথা ও ইন্দ্রযব; এই সকল দ্রব্য প্রত্যেকে এক এক ভাগ, চিতা দুই ভাগ এবং কুড়চির ছাল ১৬ ষোলভাগ একত্র চূর্ণ করিয়া ইক্ষুগুড় ও শীতল জলের সহিত পান করিবে। এই ঔষধ সেবনে, গ্রহণী, গুল্ম, কামলা, জ্বর, পাণ্ডুরোগ, প্রমেহ অরুচি ও অতীসার বিনষ্ট হয়। উক্ত ঔষধ সেবনের মাত্রা আধুনিক চিকিৎসকগণ দুই আনা অথবা চারি আনা পর্য্যন্ত ব্যবহার করিয়া থাকেন। উহাতে কি পরিমাণে গুড় দিতে হইবে তদ্বিষয়ে বলিতেছেন। এই পরিমাণে গুড় দিতে হইবে, যাহাতে উক্ত ঔষধ মাধুর্য্য রসযুক্ত ও গুড়ের বর্ণবিশিষ্ট হয় (৯)॥ ১২॥

গ্রহণ্যাং শ্লেষ্মদুষ্টায়াং বমিতস্য যথাবিধি। কট্বম্ল লবণক্ষারৈস্তীক্ষ্ণৈশ্চাগ্নিং বিবর্দ্ধয়েৎ॥ ১৩॥

গ্রহণ্যামিত্যাদি স্পষ্টম্॥ ১৩॥

শ্লেষ্ম প্রধান গ্রহণী রোগে প্রথমত বিধিপূর্ব্বক বমন করাইয়া কটু, অম্ল, লবণ, ক্ষার ও তীক্ষ্ণ ঔষধি দ্বারা অগ্নি বৃদ্ধি সম্পাদন করিবে॥ ১৩॥

সমূলাং পিপ্পলীং ক্ষারৌ দ্বৌ পঞ্চলবণানি চ। মাতুলুঙ্গাভয়ারাস্নাশটীম-

(৮) কেহ কেহ বলেন তণ্ডুলের ছয়গুণ জল দ্বারা তণ্ডুলোদক প্রস্তুত করিবে। তদ্বিষয়ে প্রমাণ যথা—

যড়্‌ভিঃ পলৈস্তণ্ডুলানাং সলিলাজ্ঞাতকাণ্ঠয়াঃ।

কেহ বলেন তণ্ডুল অপেক্ষা দুই গুণ জলের সহিত তণ্ডুল অনেককাল ভিজাইয়া সেই জল ছাঁকিয়া লইবে। অন্য কোন বৈদ্যের মতে তণ্ডুল ও জলের কোন নির্দ্দিষ্ট পরিমাণ নাই, যথেচ্ছা তণ্ডুল ও জলদ্বারা তণ্ডুলোদক প্রস্তুত করিবে।

(৯) বৈদ্যপ্রসারকের মতে সর্ব্বচূর্ণ সমান গুড় দিয়া শীতল জলের সহিত পান করিবে, কিন্তু ইহা ব্যবহার সিদ্ধ নহে। পিত্তপ্রধান গ্রহণীরোগে অম্লপিত্ত রোগোক্ত চিকিৎসাও বিধেয়। এই বিষয়ে প্রমাণ যথা, বৈদ্যপ্রদীপে—

"অম্লপিত্তে হিতং যচ্চ পানভোজনভেষজং। পৈত্তিকে গ্রহণী দোষে তৎ সর্ব্বমুপকল্পয়েৎ॥"

বিড়নাগরম্। কৃত্বা সমাংশং তচ্চূর্ণং পিবেৎ প্রাতঃ সুখাম্বুনা। শ্লৈষ্মিকে গ্রহণীদোষে বলবর্ণাগ্নিবর্দ্ধনম্। এতৈরেবৌষধৈঃ সিদ্ধং সর্পিঃ পেয়ং সমারুতে॥ ১৪॥

সমূলামিত্যাদি। মাতুলুঙ্গস্যাত্র মূলম্ এতৈরিতি পিপ্পলীমূলাদিভিঃ কল্ককৃতৈঃ॥ ১৪॥

পিপুলের মূল, পিপুল, যবক্ষার, সাচিক্ষার, সৈন্ধবলবণ, বিটলবণ, সচললবণ (সৌবর্চ্চল), ঔদ্ভিদ ও সামুদ্রলবণ, ছোলঙ্গনেবুর মূল, হরীতকী, রাস্না, শটী (বনআদা), মরিচও শুঁঠ; এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া চূর্ণ করতঃ একত্র উত্তমরূপ মিশ্রিত করিয়া লইবে। এই চূর্ণ প্রাতঃকালে উষ্ণজলের সহিত যথোপযুক্ত মাত্রায় পান করিলে, শ্লেষ্মপ্রধান গ্রহণীরোগের শান্তি হইয়া বল, বর্ণ ও অগ্নির বৃদ্ধি হয়। উক্ত পিপ্পলীমূল প্রভৃতির উপযুক্ত পরিমাণ কল্কদ্বারা ঘৃত পাক করিয়া ঐ ঘৃত যথামাত্রায় পান করিলে বাতপ্রধান গ্রহণীরোগের নিবৃত্তি হয়॥১৪॥

ভল্লাতকক্ষারঃ—

ভল্লাতকং ত্রিকটুকং ত্রিফলা লবণত্রয়ম্। অন্তর্ধূমং দ্বিপলিকং গোপুরীষাগ্নিনা দহেৎ। স ক্ষারঃ সর্পিষা পেয়ো ভোজ্যে বাপ্যবচারিতঃ। হৃৎপাণ্ডুগ্রহণীদোষ গুল্মোদাবর্ত্তশূলনুৎ। সর্ব্বজায়াং গ্রহণ্যান্তু সামান্যো বিধিরিষ্যতে॥ ১৫॥

ভল্লাতকমিত্যাদি।—চরকস্য। গোপুরীষাগ্নিনেতি অর্চিষ্মাজ্জ্বালাবাৎ কুংযোগসংস্কারকণকীমামিতি। স ক্ষার ইতি ভল্লাতকাদীনামন্তর্দ্দাহাৎ যঃ ক্ষারঃ সঞ্জাত সর্পিষা পীত ইত্যর্থঃ, ভোজ্যে অন্নাদৌ বা স ক্ষারো দেয়ঃ॥

সর্ব্বজায়ামিত্যাদি।—অত্রোক্তো বিধিরিতি ত্রিদোষজোক্তচিকিৎসা ক্রমেণ ত্রিদোষজগ্রহণীচিকিৎসা কার্য্যেত্যর্থঃ॥১৫॥

ভেলা, মরিচ, পিপুল, শুঁঠ, হরীতকী, আমলকী (আমলা), বহেড়া, সৌবর্চ্চললবণ, সৈন্ধবলবণ, ও বিটলবণ; এই সকল দ্রব্য সমস্তে ১৬ তোলা লইয়া অন্তর্ধূমে (১০) ঘুঁইটার অগ্নিতে দগ্ধ করিবে এবং উক্ত ঔষধ উত্তমরূপ চূর্ণ করিয়া উপযুক্ত পরিমাণে ঘৃতের সহিত মিশ্রিত করিয়া পান করিবে। উক্ত ক্ষারমিশ্রিত ঘৃত অন্ন ও ব্যঞ্জনের সহিত সেবন করাও বিধেয়। এই ঔষধ ব্যবহার করিলে, হৃদ্রোগ, পাণ্ডুরোগ, গ্রহণীদোষ, গুল্ম, উদাবর্ত্ত ও শূলরোগ বিনষ্ট হয়।

ত্রিদোষজন্য গ্রহণীরোগে সামান্য বিধি আশ্রয় করিবে অর্থাৎ বাত, পিত্ত ও কফপ্রধান গ্রহণীরোগে পৃথক্ পৃথক্ যে চিকিৎসা উক্ত আছে ঐ সমুদায় মিলিত করিয়া চিকিৎসা করিবে॥ ১৫॥

চূর্ণং মরিচমহৌষধকুটজত্বগ্ভবং ক্রমাদ্দ্বিগুণম্। গুড়মিশ্রমথিতপীতং গ্রহণীদোষাপহং খ্যাতম্॥ ১৬॥

চূর্ণমিত্যাদি।—গুড়মিশ্রতক্রেণালোড্য পীতমিত্যর্থঃ॥ ১৬॥

মরিচ এক ভাগ, শুঁঠ দুই ভাগ ও কুড়চির ছাল চারিভাগ; এই সকলের চূর্ণ একত্র করিয়া গুড় মিশ্রিত করতঃ ঘোলের সহিত মন্থন করিবে। এই মথিত ঔষধ যথোপযুক্ত মাত্রায় পান করিলে, গ্রহণীরোগ বিনষ্ট হয়॥ ১৬॥

(১০) এই সকল দ্রব্য একটী মৃৎপাত্রে (হাঁড়িতে) স্থাপন করতঃ তাহার মুখে একখানা শরা চাপা দিয়া মৃত্তিকার লেপ দিবে এবং বাষ্প যেন বাহির হইতে না পারে এইরূপ ভাবেই তাহাতে লেপ দিবে। পরে ঐ হাঁড়ি উনুনের উপরে রাখিয়া নিচে ঘুঁইটারদ্বারা জ্বাল দিবে। এইরূপে অধিকক্ষণ জ্বাল দিলেই হাঁড়ির মধ্যগত ঔষধ সকল দগ্ধ হইয়া যাইবে। ইহাকেই অন্তর্ধূমে দগ্ধ করা বলে।

পাঠাদ্যং চূর্ণং।—

পাঠাবিল্বানলব্যোষ জম্বুদাড়িমধাতকী। কটুকাতিবিষামুস্তদার্ব্বীভূনিম্ববৎসকৈঃ। সর্ব্বৈরেতৈঃ সমং চূর্ণং কৌটজং তণ্ডুলাম্বুনা। সক্ষৌদ্রঞ্চ পিবেচ্ছর্দ্দি জ্বরাতিসার শূলবান্। তৃড়্ দাহগ্রহণীদোষারোচকানলসাদজিৎ॥ ১৭॥

পাঠাদিচূর্ণে জম্বুফলাস্থি; এতৎসাহচর্য্যাৎ দাড়িমফলস্যাপি বীজম্। বৎসক ইন্দ্রযবঃ॥ ১৭॥

আকনাদি, বেলশুঠ, চিতা, মরিচ, পিপুল, শুঁঠ, জামের আঁঠি, দাড়িমের বীজ, ধাইফুল, কটকী, আতইচ, মুথা, দারুহরিদ্রা, চিরতা, ইন্দ্রযব (কুটজপুষ্প); এই সকল প্রত্যেকে সমপরিমাণে লইয়া চূর্ণ করিবে। এই সমুদায় চূর্ণের সমান কুড়চির ছালের চূর্ণ মিশ্রিত করিয়া তাহাতে মধু প্রক্ষেপপূর্ব্বক তণ্ডুলোদক সহযোগে পান করিবে। রোগের ও রোগীর অবস্থাদি বিশেষরূপ বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া লওয়া কর্ত্তব্য। এই পাঠাদি চূর্ণ সেবন করিলে, ছর্দ্দি (বমন), জ্বরাতীসার, শূল, তৃষ্ণা, দাহ, গ্রহণী, অরুচি ও অগ্নিমান্দ্য প্রভৃতি রোগের শান্তি হয়॥ ১৭॥

কপিত্থাষ্টকচূর্ণং।—

যমানী পিপ্পলীমূল চাতুর্জ্জাতকনাগরৈঃ। মরিচাগ্নিজলাজাজীধান্যসৌবর্চ্চলৈঃ সমৈঃ। বৃক্ষাম্ল ধাতকী-কৃষ্ণাবিল্বদাড়িমতিন্দুকৈঃ। ত্রিগুণৈঃ ষড়্গুণসিতৈঃ কপিত্থাষ্টগুণৈঃ কৃতঃ। চূর্ণোঽতীসারগ্রহণীক্ষয় গুল্মগলাময়ান্। কাসং শ্বাসারুচিং হিক্কাং কপিত্থাষ্টমিদং জয়েৎ॥ ১৮॥

যমানীত্যাদি।—অয়ং যোগো বাগ্ভটে অতীসারচিকিৎসিতে লিখিতঃ। অগ্নিশ্চিত্রকঃ; জলং বালকম্। সমৈরিতি সমভাগৈঃ। বৃক্ষাম্লং তিন্তিড়ীকম্। ত্রিগুণৈরিতি একভাগাপেক্ষয়া বৃক্ষাম্লাদীনাং ষণ্ণাং প্রত্যেকং ত্রিগুণত্বম্। ষড়্গুণসিতৈঃ কপিত্থাষ্টগুণৈঃ কৃত ইতি সিতাকপিত্থয়োরপি ষড়্গুণাষ্টগুণত্বে একগুণাপেক্ষয়ৈব. এতৈঃ কৃতচূর্ণ ইতি যোজ্যঃ। অরুণদত্ত বাগ্ভটটীকায়াং ষড়্গুণসিতৈরিতি পদং বৃক্ষাম্লাদি-তিন্দুকান্তানাং বিশেষণং ব্যাখ্যায় মিলিতবৃক্ষাম্লাদিদ্রব্যষট্কাপেক্ষয়া সিতায়াঃ ষড়্গুণত্বমাহ। তথা সতি সিতাভাগানাং শতমষ্টাধিকং ভবতি। অন্যে তু ষড়্গুণসিতে কপিত্থাষ্টগুণে ইতি পঠন্তি, ব্যাখ্যানয়ন্তি চ—একভাগাপেক্ষয়া কপিত্থস্যাষ্টগুণত্বম্ অষ্টগুণকপিত্থাপেক্ষয়া চ সিতায়াঃ ষড়্গুণত্বমিতি; তথা সতি সিতায়া অষ্টাচত্বারিংশদ্ভাগা ভবন্তীতি। অপরে তু ষড়্গুণসিতঃ কপিত্থাষ্টগুণীকৃত ইতি চূর্ণবিশেষণং কৃত্বা সমুদিতচূর্ণাপেক্ষয়া সিতাকপিত্থয়োঃ ষড়্গুণাষ্টগুণত্বমিত্যাহুঃ। এতন্মতত্রয়মপি ন ব্যবহারসিদ্ধং, শর্করাকপিত্থয়োঃ অতিবহুত্বাদিতি। তস্মাদেকভাগাপেক্ষয়ৈব ষড়্গুণাষ্টগুণত্বমিতি। কপিত্থভাগাধিক্যাদস্য কপিত্থাষ্টক ইতি সংজ্ঞা॥ ১৮॥

যোয়ান, পিপুলমূল, চাতুর্জ্জাত (অর্থাৎ দারুচিনি, এলাইচ, তেজপত্র, নাগেশ্বর), শুঁঠ, মরিচ, চিতা, বালা, কৃষ্ণজীরা, ধনিয়া, সচললবণ, ইহাদের প্রত্যেকে এক এক ভাগ। অম্লবেতস (অর্থাৎ থৈকুল), ধাইফুল, পিপুল, বেলশুঠ, দাড়িম ও গাব; ইহাদের প্রত্যেকে ৩ তিন ভাগ, চিনি ৬ ছয় ভাগ, (১১)

(১১) বাগ্ভটের টীকাকার "ষড়্গুণ সিতৈঃ" এই পদটী—"বৃক্ষাম্লধাতকী কৃষ্ণা বিল্বদাড়িমতিন্দুকৈঃ" ইহার বিশেষণ করিয়া বৃক্ষাম্লাদি ছয় দ্রব্য মিলিত হইয়া যত হইবে তাহার তিন গুণ চিনি দিবে, এই রূপ ব্যাখ্যা করেন। ইহাতে চিনির ভাগ ১০৮ এক শত আট হয়। অন্য গ্রন্থকার "ষড়্গুণসিতে কপিত্থাষ্টগুণে" এই রূপ পাঠ করেন, তাঁহার মতে যমানী প্রভৃতি এক এক ভাগ স্থলে কদ্‌বেল ৮ আট ভাগ, কদ্‌বেলের ৬ ছয় গুণ চিনি দিতে হয়, সুতরাং যমানী একভাগ স্থলে চিনি ৪৮ ভাগ হয়। অপর কেহ বলেন সমুদায় চূর্ণের ৬ ছয়গুণ চিনি ও আটগুণ কদ্‌বেল প্রদান করিবে। এই তিন মতই অব্যবহারসিদ্ধ; যেহেতুক উক্ত মতত্রয় গ্রহণ করিলে শর্করা ও কদ্‌বেল অনেক হইয়া পড়ে, অতএব এক ভাগা-

কদ্বেল ৮ আট ভাগ; এই সকলের চূর্ণ প্রস্তুত করিয়া একত্র মিশ্রিত করতঃ যথোপযুক্ত মাত্রায় সেবন করিবে। ইহাতে অতীসার, গ্রহণী, ক্ষয়রোগ, গুল্ম, গলরোগ, কাস, শ্বাস, অরুচি ও হিক্কা; এই সকল রোগ বিনষ্ট হয়। ইহার নাম কপিত্থাষ্টক॥ ১৮॥

দাড়িমাষ্টকঃ—

কর্ষোন্মিতা তুগাক্ষীরী চাতুর্জ্জাতং দ্বিকার্ষিকম্। যমানীধান্যকাজাজী গ্রন্থিব্যোষং পলাংশকম্। পলানি দাড়িমাদষ্টৌ সিতায়াশ্চৈকতঃ কৃতঃ। গুণৈঃ কপিত্থাষ্টকবচ্চূর্ণোঽয়ং দাড়িমাষ্টকঃ॥ ১৯॥

কর্ষোন্মিতেতি।—বাভটস্য। তুগাক্ষীরী বংশলোচনা; চাতুর্জ্জাতং ত্বগেলাপত্রকেশরম্। দ্বিকার্ষিকমিতি প্রত্যেকম্ নির্দ্দেশস্য দ্রব্যপ্রধানত্বাৎ। এবং যমান্যাদিকমপি প্রত্যেকং পলাংশিকম্। গ্রন্থিকং পিপ্পলীমূলম্; দাড়িমস্যাত্র ফলম্, "ফলন্তু দাড়িমানাম্" ইত্যুক্তেঃ। এবমন্যত্রাপি। চকারাৎ সিতায়া অপি অষ্টৌ পলানি॥ ১৯॥

বংশলোচন এক কর্ষ (দুই তোলা), দারুচিনি, ছোটএলাইচ, তেজপত্র, নাগকেশর; ইহারা প্রত্যেকে দুই কর্ষ (চারি তোলা); যোয়ান, ধনিয়া, কৃষ্ণজীরা, পিপুলমূল, মরিচ, পিপুল, শুঁঠ; ইহারা প্রত্যেকে এক পল (আট তোলা), দাড়িম ৬৪ চৌষট্টি তোলা ও চিনি ৬৪ চৌষট্টি তোলা; এই সমুদায় চূর্ণ করিয়া একত্র মিশ্রিত করিবে। ইহার নাম দাড়িমাষ্টক চূর্ণ। ইহা উপযুক্ত মাত্রায় সেবন করিলে পূর্ব্বোক্ত কপিত্থাষ্টক চূর্ণ সেবনে যেরূপ ফল লাভ হয়, এই দাড়িমাষ্টক সেবনেও তদ্রূপ ফল জানিবে, অর্থাৎ ইহা সেবনে অতীসার, গ্রহণী, ক্ষয়, গুল্ম, গলরোগ, কাস, শ্বাস, অরুচি ও হিক্কা নিবারিত হয়। সেবনের মাত্রা দুই আনা হইতে চারি আনা; বালকের পক্ষে তিন রতি হইতে এক আনা পর্য্যন্ত ব্যবহার হইতে দেখা যায়॥ ১৯॥

বার্ত্তাকুগুড়িকা।—

চতুঃপলং সুধাকাণ্ডাৎ ত্রিপলং লবণত্রয়াৎ। বার্ত্তাকু কুড়বঞ্চার্কাদষ্টৌ দ্বে চিত্রকাৎ পলে। দগ্ধ্বা রসেন বার্ত্তাকোর্গুড়িকা ভোজনোত্তরাঃ। ভুক্তা-ভুক্তং পচন্ত্যাশু কাসশ্বাসার্শসাং হিতাঃ। বিসূচিকাপ্রতিশ্যায় হৃদ্রোগশমনাস্তথা হিতাঃ॥ ২০॥

চতুঃপলমিত্যাদি।—বাভটস্য। ত্রিপলং লবণত্রয়াদিতি মিলিত্বা; নির্দ্দেশস্য মানপ্রধানত্বাৎ। ত্রিফলা লবণানি চেতি যে পঠন্তি, তে ত্রিফলালবণৈর্ম্মিলিত্বা চতুঃপলং বদন্তি; পূর্ব্বোক্তচতুঃপলমিত্যস্যাপি সম্বন্ধাৎ। লবণান্যবিশেষাৎ পঞ্চৈবেত্যাহুঃ। বার্ত্তাকুকুড়ব ইতি শুষ্কবার্ত্তাকুপলচতুষ্টয়ং ব্যবহারাৎ। অর্কাদিতি অর্কমূলাৎ। দগ্ধ্বারসেন বার্ত্তাকোরিতি অন্তর্ধূমং দগ্ধ্বা ক্ষারীকৃত্য বার্ত্তাকুরসেন গুড়িকাঃ কার্য্যা ইত্যর্থঃ। দগ্ধানি বার্ত্তাকুরস ইতি চ পাঠঃ। ভোজনোত্তরা ইতি ভোজনমুত্তরং পশ্চাৎকালীনং যাসাং তথা। কিংবা ভোজনাদুত্তরাঃ। ভুক্তা ভুক্তং পচন্তীত্যত্র ভুক্তং ভুক্তমিত্যপি পাঠঃ॥ ২০॥

শিজের ডাল ৪ পল, ত্রিলবণ (বিটলবণ, সৈন্ধবলবণ ও সৌবর্চ্চল লবণ) মিলিত ৩ পল, শুষ্কবার্ত্তাকু ৪ পল, আকন্দেরমূল ৮ পল, চিতা ২ পল; এই সকল দ্রব্য পৃথক্ পৃথক্ রূপে অন্তর্ধূমে দগ্ধ করিবে। পরে ঐ দগ্ধীকৃত ক্ষার বার্ত্তাকুর রস দিয়া মর্দ্দন করতঃ গুড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা ভোজনের অব্যবহিত পরেই উপযুক্ত পরিমাণে সেবন করা কর্ত্তব্য। এই গুড়িকা সেবন করিলে কাস, শ্বাস, অর্শঃ, বিসূচিকা, প্রতিশ্যায় ও হৃদ্রোগ বিনষ্ট হয়॥ ২০॥

পেস্তায় দ্বয়, গুণ ও আট গুণ, এই মতই গ্রাহ্য। ইহাতে কদ্বেলের ভাগ সর্ব্বাপেক্ষা অধিক এ-কারণ ইহার নাম কপিত্থাষ্টক হইয়াছে।

অষ্টপলং ঘৃতম্—

ত্র্যূষণত্রিফলাকল্কে বিল্বমাত্রে গুড়াৎ পলে। সর্পিষোঽষ্টপলং পক্ত্বা মাত্রাং মন্দানলঃ পিবেৎ ॥ ২১ ॥

ত্র্যূষণেত্যাদৌ।—বিল্বমাত্র ইতি ষড়্ভির্ম্মিলিত্বা পলমাত্রে. কল্কস্য পাদিকত্বাৎ। চতুর্গুণজলেনাষ্টপলঘৃতস্যাত্র পাকঃ। ইথমেব ফলদানক্ষমত্বমস্য ভবতীতি মহর্ষিবচনাদুন্নীয়তে। মাত্রামিতি অগ্নিবলানুরূপপরিমাণম্ ॥ ২১ ॥

মরিচ, পিপুল, শুঁঠ, হরীতকী, আমলকী, বহেড়া; ইহারা মিলিত এক পল, গুড় এক পল; এই সকল কল্ক সহিত ঘৃত ৮ পল অর্থাৎ ৬৪ তোলা, ৩২ পল জলে যথারীতি পাক করিবে। এই ঘৃত সেবন করিলে, মন্দাগ্নি দোষের নিবৃত্তি হয়। রোগীর বল ও অগ্নি বিবেচনা করিয়া ঔষধের মাত্রা নির্ণয় করিবে। ইহার নাম অষ্টপল ঘৃত ॥ ২১ ॥

বিল্বগর্ভঘৃতম্—

মসুরস্য কষায়েণ বিল্বগর্ভং পচেদ্‌ঘৃতম্। হন্তিকুক্ষ্যাময়ান্ সর্ব্বান্ গ্রহণী পাণ্ডুকামলাঃ। কেবলং ব্রীহিপ্রাণ্যঙ্গ ক্বাথো ব্যুষ্টস্তু দোষলঃ ॥ ২২ ॥

মসুরস্যেত্যাদি।—মসুরস্য ক্বাথেঽত্রাস্তশিথিলপোট্টলকং বদ্ধা কার্য্যঃ। এবং মাষকুলত্থাদীনামপি। বিল্বগর্ভমিতি বিল্বশলাটুকল্কম্। ঘৃতমত্র প্রস্থমানমেব। ব্রীহিমাংসক্বাথস্য তদহঃকার্য্যতামাহ কেবলেত্যাদি।—অঙ্গকং ছাগাদিমাংসম্। কেবলমিতি পাঠে কেবলং সমগ্রং যথা স্যাত্তথা ব্যুষ্টো রাত্রিব্যুষিতো দোষলঃ; যাবতা কালেন ব্যুষ্টীভবতি স এব দোষল ইত্যর্থঃ। কেবলব্রীহিজঙ্গলপাঠে তু দ্রব্যান্তরসংযুক্তব্রীহ্যাদিক্বাথস্য ন দোষলত্বমিত্যাহুঃ। তত্তু ন ব্যবহারসিদ্ধম্, অতএব বৃন্দে "ব্রীহিপ্রাণ্যঙ্গয়োঃ ক্বাথং ব্যুষিতং দোষলং মতম্" ইত্যেবোক্তম্। ব্যুষ্টেতি পাঠসিদ্ধিস্তু ব্যুষ্টাদিভ্যোঽণিতি সূত্রনির্দ্দেশাৎ ॥২২॥

মসুরের ক্বাথ (১২) ও বেলশুঁঠের কল্ক দ্বারা যথারীতি ঘৃত পাক করিয়া সেবন করিলে, কুক্ষিস্থ সর্ব্ব প্রকার রোগ বিশেষতঃ উদরাময়, গ্রহণী পাণ্ডু ও কামলারোগও বিনষ্ট হয়। ব্রীহি (ধান্য, যব, কলাই ইত্যাদি) ও প্রাণ্যঙ্গ (ছাগাদি পশুর মাংস); ইহাদের ক্বাথ সদ্য প্রস্তুত করিয়া ঔষধার্থ ব্যবহার করিবে, বাসি করিবে না। উক্ত ক্বাথসমূহ বাসি হইলেই দূষিত হয়। অতএব মসুরের ক্বাথ সদ্য করিয়া লইবে। ঘৃত ৪ চারি সের, কল্কার্থ বেলশুঁঠ ১ এক সের ও ক্বাথার্থ মসুরদাইল ৮ আট সের, জল ৬৪ সের, অবশিষ্ট ১৬ ষোল সের ॥ ২২ ॥

শুণ্ঠীঘৃতম্—

বিশ্বৌষধস্য গর্ভেণ দশমূলজলে শৃতম্। ঘৃতং নিহন্ত্যাচ্ছ্বয়থুং গ্রহণীসামতাময়ং ॥ ২৩ ॥

বিশ্বৌষধস্যেত্যাদি।—গ্রহণীসামতাময়মিতি গ্রহণীনাড্যাশ্রিতো যঃ সামতারূপ আময়ো রোগস্তমিত্যর্থঃ ॥ ২৩ ॥

শুণ্ঠীর কল্ক ও দশমূলের ক্বাথ সহিত পূর্ব্বোক্ত রূপে ঘৃত পাক করিয়া পান করিলে, শোথ এবং গ্রহণী আশ্রিত আমদোষের নিবৃত্তি হয় (১৩) ॥ ২৩ ॥

নাগরঘৃতং—

ঘৃতং নাগরকল্কেন সিদ্ধং বাতানুলোমনং। গ্রহণীপাণ্ডুরোগঘ্নং প্লীহকাসজ্বরাপহম্ ॥ ২৪ ॥

(১২) একখণ্ড বস্ত্র দ্বারা মসুর দাইলের পুটলী করিয়া ঐ পুটলী জলে সিদ্ধ করিয়া ক্বাথ প্রস্তুত করিবে।

(১৩) বিল্বশ্যোণাকগাম্ভারী পাটলা গণিকারিকাঃ। শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতীদ্বয়গোক্ষুরং।

বেল, শ্যোণা, গাম্ভারী, পারুল, গণিয়ারী; ইহাদিগের ত্বক এবং শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর।

ঘৃতমিত্যাদৌ জলং চতুর্গুণম্ ॥ ২৪ ॥

উপযুক্ত পরিমাণ শুণ্ঠীর কল্ক সহিত ঘৃত পাক করিবে। এই ঘৃত পান করিলে, বায়ু স্বভাবস্থ হয় এবং গ্রহণী, পাণ্ডু, প্লীহা, কাস ও জ্বর বিনষ্ট হয়। পাকের নিয়ম এই, ঘৃত চারি সের, কল্কার্থ উত্তম রূপ কুট্টিত বা পেষিত শুঁঠ ১ এক সের, জল ৬৪ সের ॥ ২৪ ॥

চিত্রকঘৃতম্—

চিত্রকক্কাথকল্কাভ্যাং গ্রহণীঘ্নং শৃতং হবিঃ। গুল্মশোথোদরপ্লীহশূলার্শোঘ্নং প্রদীপনং ॥ ২৫ ॥

চিত্রকঘৃতং স্পষ্টং ॥ ২৫ ॥

চিতার ক্বাথ ও কল্কদ্বারা যথারীতি ঘৃত পাক করিয়া সেবন করিলে, গ্রহণী, গুল্ম, শোথ, উদর, প্লীহা, শূল, অর্শঃ বিনষ্ট এবং অগ্নি বৃদ্ধি হয়। ঘৃত চারি সের, কল্কার্থ উত্তমরূপ পেষিত বা কুট্টিত চিতার মূল এক সের ও ক্বাথার্থ আট সের, জল ৬৪ চৌষট্টি সের, ১৬ ষোল সের অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে ॥ ২৫ ॥

বিল্বাদিঘৃতম্—

বিল্বাগ্নি চব্যার্দ্রক শৃঙ্গবের
ক্বাথেন কল্কেন চ সিদ্ধমাজ্যম্।
সচ্ছাগদুগ্ধং গ্রহণীগদোত্থ
শোথাগ্নিমান্দ্যারুচিনুদ্বরিষ্টং ॥২৬॥

বিল্বাগ্নীত্যাদৌ।—আর্দ্রকেত শৃঙ্গবেরবিশেষণং, তেন শুষ্কস্য শুণ্ঠীরূপস্য নিরাসঃ। বিল্বাদীনাং ক্বাথস্ত্রিগুণঃ, চতুর্গুণ ইত্যেকে। ছাগক্ষীরং স্নেহসমম্ ॥ ২৬ ॥

বেলশুঠ, চিতা, চৈ ও আদা ; ইহাদের ক্বাথ ও কল্ক এবং ছাগদুগ্ধ ; এই সকল দ্রব্যের সহিত যথানিয়মে ঘৃত পাক করিয়া উপযুক্ত মাত্রায় সেবন করিলে, গ্রহণীজন্য শোথ, মন্দাগ্নি ও অরুচি প্রভৃতি বিনষ্ট হয়। এই ঘৃত পাকে তিন গুণ ক্বাথ এবং ঘৃতের সমান ছাগদুগ্ধ দিবে। কেহ কেহ বলেন, চারি গুণ ক্বাথ দিতে হইবে। পাকের নিয়ম যথা,—ঘৃত৪চারি সের, এবং কল্কার্থ বেলশুঁঠ প্রভৃতি /১ সের ও ক্বাথার্থ বেলশুঁঠ প্রভৃতি ৮ আটসের, জল ৪৮ সের, শেষ ১২ সের ও ছাগদুগ্ধ ৪ চারিসের ॥ ২৬ ॥

চাঙ্গেরীঘৃতম্—

নাগরং পিপ্পলীমূলং চিত্রকো হস্তিপিপ্পলী। শ্বদংষ্ট্রা পিপ্পলী ধান্যং বিল্বং পাঠা যমানিকা। চাঙ্গেরীস্বরসে সর্পিঃ কল্কৈরেতৈ র্বিপাচিতং। চতুর্গুণেন দধ্না চ তদ্ঘৃতং কফবাতনুৎ। অর্শাংসি গ্রহণীদোষং মূত্রকৃচ্ছ্রং প্রবাহিকাং। গুদভ্রংশার্ত্তিমানাহং ঘৃতমেতদ্ব্যপোহতি ॥ ২৭ ॥

নাগরমিত্যাদি।—অত্র হস্তিপিপ্পলীচবী ; জতুকর্ণ সংবাদাৎ। তদ্যথা "দধিধান্যবিল্বপাঠাযমানিকাপঞ্চকোলগোক্ষুরকৈঃ। চাঙ্গেরীস্বরসে সর্পির্গুদনিঃস্থতিমূত্রার্ত্তিনুৎ প্রাহ" ইতি। দ্রব্যাবল্যাঞ্চ হস্তিপিপ্পলী চবীপর্য্যায়ত্বেন দৃশ্যতে 'চবিকাকোল বল্লী চ হস্তিপিপ্পল্য পীয়তে" ইতি। বিল্বস্থানে বিল্বাপাঠোঽপি জতুকর্ণসংবাদাদেব ন ভবতি। চাঙ্গেরীস্বরসোঽপ্যত্র চতুর্গুণঃ। চতুর্গুণেন দধ্না চেত্যত্র চরকস্য সমুচ্চয়ার্থত্বাৎ, আয়ুর্বেদসারেঽপি "চতুর্গুণেন দধ্না চ চাঙ্গেরী স্বরসেন চ" ইত্যুক্তম্। অন্যে তু স্বরসে ক্ষীরবদর্বিধিঃ" ইতি বচনাৎ চাঙ্গেরীস্বরসশ্চ স্নেহসম ইত্যাহুঃ। ব্যবহারস্তু পূর্বব্যাখ্যয়ৈব ॥২৭॥

শুঁঠ, পিপুলমূল, চিতা, চবী (চৈ), গোক্ষুর, পিপুল, ধনিয়া, বেলশুঠ, আকনাদি, যোয়ান; এই সকল দ্রব্যের কল্ক ও আমরুল শাকের স্বরস ও দধি ; এই সকলের সহিত যথারীতি ঘৃত পাক করিবে। আমরুল শাকের রস ও দধি ঘৃতের চতুর্গুণ দিতে হইবে। এই ঘৃত উপযুক্ত পরিমাণে পান করিলে, কফ-

বাতদোষ, অর্শঃ, গ্রহণী, মূত্রকৃচ্ছ্র, প্রবাহিকা, গুদভ্রংশ ও আনাহ, এই সকল রোগ নষ্ট হয়। পূর্ব্বোক্ত রূপে ঘৃত পাক করিয়া লইতে হইবে॥ ২৭॥

মরিচাদ্যং ঘৃতম্—

মরিচং পিপ্পলীমূলং নাগরং পিপ্পলী তথা। ভল্লাতকং যমানী চ বিড়ঙ্গং হস্তিপিপ্পলী। হিঙ্গুসৌবর্চ্চলঞ্চৈব বিড়সৈন্ধব চব্যথ। সামুদ্রং সযবক্ষারং চিত্রকো বচয়া সহ। এতৈরর্দ্ধপলৈর্ভাগৈর্ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। দশমূলীরসেসিদ্ধং পয়সা দ্বিগুণেন চ। মন্দাগ্নীনাং হিতং সিদ্ধং গ্রহণীদোষনাশনম্। বিষ্টম্ভমামং দৌর্ব্বল্যং প্লীহানমপকর্ষতি। কাসং শ্বাসং ক্ষয়ঞ্চৈব দুর্নামসভগন্দরম্। কফজান্ হন্তি রোগাংশ্চ বাতজান্ ক্রিমিসম্ভবান্। তান্ সর্ব্বান্ নাশয়ত্যাশু শুষ্কং দার্ব্বনলো যথা॥ ২৮॥

মরিচাদ্যঘৃতে বিড়ঙ্গসৈন্ধবচবীতি সমাহারদ্বন্দ্বঃ। কিম্বা বিড়ঙ্গসৈন্ধবযুক্তা চবীতি মধ্যপদলোপী সমাসঃ। দ্বিগুণেন চেতি চকারাদ্দশমূলীক্বাথোঽপি দ্বিগুণঃ। অন্যে তু [illegible] ইত্যাহুঃ। ব্যবহারস্তু পূর্ব্বেণৈব॥ ২৮॥

মরিচ, পিপুলমূল, শুঁঠ, পিপুল, ভেলা, যোয়ান, বিড়ঙ্গ, গজপিপ্পলী, হিঙ্গু, সচরলবণ, (সৌবর্চ্চল লবণ), বিটলবণ, সৈন্ধব লবণ, চই, সামুদ্রলবণ, যবক্ষার, চিতা ও বচ; এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক প্রত্যেকে অর্দ্ধ পল, ঘৃত ৪ সের, দশমূলী /৪ সের, জল ৩২ সের, শেষ /৮ সের। এই ঘৃত পাক করিয়া উপযুক্ত মাত্রায় পান করিলে, মন্দাগ্নি ও গ্রহণীদোষ বিনষ্ট হয় এবং বিষ্টম্ভ, আমদোষ, দৌর্ব্বল্য, প্লীহা, কাস, শ্বাস, ক্ষয়রোগ, ভগন্দর, কফজাতরোগ, বাতোৎপন্ন রোগ, ক্রিমিসম্ভূত রোগ ও বিনষ্ট হয়। অগ্নি যেরূপ শুষ্ককাষ্ঠ সকল দগ্ধ করে উক্ত মরিচাদ্যঘৃত ও সেইরূপ এই সকল রোগকে বিনাশ করিয়া থাকে।[1] এই ঘৃত পাক করিবার নিয়ম এই, প্রথমতঃ ঘৃতপাত্রে গালাইয়া কল্ক ও উপযুক্ত পরিমাণ জল সহিত পাক করিয়া পরে ক্বাথদ্বারা পাক করিবে। শ্যোণাছাল, পারুলছাল, গনিয়ারীছাল, বেলছাল, গাম্ভারী (গামাইর), শালপাণি, চাকলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী ও গোক্ষুর; এই দ্রব্যগুলিকে দশমূল বলা যায়॥ ২৮॥

মহাষট্পলকং ঘৃতম্—

সৌবর্চ্চলং পঞ্চকোলং সৈন্ধবং হবুষাং বচাম্। অজমোদাং যবক্ষারং হিঙ্গুজীরকমোদ্ভিদম্। কৃষ্ণাজাজী সভূতীকং কল্কীকৃত্য পলার্দ্ধকম্। আর্দ্রকস্য রসং চুক্রং ক্ষীরং মস্তুসকাঞ্জিকম্। দশমূলকষায়েণ ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। ভক্ষেন সহদাতব্যং নিরুক্তকং বা বিচক্ষণৈঃ। ক্রিমিপ্লীহোদরাজীর্ণজ্বরকুষ্ঠপ্রবাহিকাম্। বাতরোগান্ কফব্যাধীন্ হন্যাচ্ছূলমরোচকম্। পাণ্ডুরোগং ক্ষয়ং কাসং দৌর্ব্বল্যং গ্রহণীগদম্। মহাষট্পলকং নাম বৃক্ষমিন্দ্রাশনির্যথা॥ ২৯॥

সৌবর্চ্চলেত্যাদৌ পঞ্চকোলং মিলিত্বার্দ্ধপলম্, কল্কস্য ষট্পলরূপত্বাৎ। হবুষা স্থানামখ্যাতা; কৃষ্ণাজাজী কৃষ্ণজীরকম্; ভূতীকং যমানী। সৌবর্চ্চলাদীনাং প্রত্যেকমর্দ্ধপলম্। অত্র বচেতি ন পাঠঃ। কিন্তু বিড়মিত্যেব চক্রাদৌ দৃষ্টত্বাৎ। আর্দ্রকস্বরসাদীনাং ষণ্ণাং দ্রবাণাং প্রত্যেকং স্নেহসমত্বং "পঞ্চপ্রভৃতি যত্র স্যুঃ" ইত্যুক্তেঃ॥ ২৯॥

সচরলবণ (সৌবর্চ্চল) ৪ চারিতোলা, পঞ্চকোল (পিপুল, পিপুলমূল, চৈ, চিতা,

শুঁঠ), এই পঞ্চপদ মিলিত ৪ চারি তোলা, সৈন্ধবলবণ ৪চারি তোলা, হবুষা ৪ চারিতোলা, বচ ৪ চারি তোলা, যোয়ান ৪ চারি তোলা, যবক্ষার ৪ চারি তোলা, হিঙ্গু ৪ চারি তোলা, জীরা ৪ চারি তোলা, উদ্ভিদলবণ ৪ চারি তোলা, পিপুল ৪ চারি তোলা, কৃষ্ণজীরা ৪ চারি তোলা ও যোয়ান ৪ তোলা ; এই সকল দ্রব্যের কল্ক এবং আদার রস, চুক্র, দধিরমাত, কাঁজী ও দশমূলের কাথ ; এই সকল দ্রব্যের সহিত ঘৃত ৪ চারিসের যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। আদার রস, দধির মাত প্রভৃতি দ্রব্যসমূহ প্রত্যেকে ৪ চারি সের করিয়া লইতে হইবে। এই ঘৃত অন্নের সহিত অথবা উষ্ণ দুগ্ধের সহিত পান করিবে। এই ঘৃত সেবন করিলে, ক্রিমি, প্লীহা, উদরাময়, জ্বর, কুষ্ঠ, প্রবাহিকা, ব[illegible], কফরোগ, শূল, অরুচি, পাণ্ডুরোগ, ক্ষয়কাস, দৌর্ব্বল্য ও গ্রহণীরোগ প্রভৃতি বিনষ্ট হয়। ইহার নাম মহাষটপলক ঘৃত। বজ্রপাতে যেমন বৃক্ষ সমূহ বিনষ্ট হয় তদ্রূপ মহাষট্পলক ঘৃত সেবনেও উক্ত রোগ সকল বিনষ্ট হইয়াথাকে॥ ২৯॥

স্বল্পচুক্রম্—

যন্মস্বাদি শুচৌ ভাণ্ডে সগুড়ক্ষৌদ্রকাঞ্জিকম্। ধান্যরাশৌ ত্রিরাত্রস্থং শুক্তং চুক্রং তদুচ্যতে। দ্বিগুণং গুড়মধ্বারণালমস্তু ক্রমাদিহ॥ ৩০॥

স্বল্পচুক্রমাহ যদিত্যাদি।—মস্ত্বাদীত্যস্য বিশেষণং সগুড়েত্যাদি। আদিশব্দাদ্দধি তক্রঞ্চ ; মস্তুস্থানে যৎ, তদপি মস্তুসমং গ্রাহ্যমিতি। অন্যে তু আদিভূতং মস্তু প্রথমোদ্দিষ্টং মস্ত্বিত্যাহুঃ। ত্রিরাত্রস্থমিতি গ্রীষ্মাভিপ্রায়েণ ; বর্ষাদিষু পুনর্বক্ষ্যমাণবৃহচ্চুক্রবদবস্থাপনকালব্যবস্থা। অম্লত্বং যাবদ্ বা ভবতীতি॥ ৩০॥

দধির মাত, ইক্ষুগুড়, মধু ও কাঞ্জিক ; এই সকল দ্রব্য একত্র করতঃ কোন বিশুদ্ধপাত্রে রাখিয়া তিন দিবস তিন রাত্রি (১৪) ধান্য রাশির মধ্যে সংস্থাপন করিবে, এবং তিন রাত্রি পরে তাহা উঠাইয়া লইবে। ইহার নাম শুক্ত বা চুক্র। এই সকল দ্রব্যের পরিমাণ বলিতেছেন। গুড়, মধু, কাঁজি ও দধিরমাত ; এই সকল ক্রমেতে দ্বিগুণ পরিমাণে অর্থাৎ গুড় একভাগ, মধু দুই ভাগ, কাঞ্জিক ৪ চারি ভাগ, দধির মাত ৮ আট ভাগ লইয়া ঔষধ প্রস্তুত করিবে॥ ৩০॥

বৃহচ্চুক্রম্—

প্রস্থং তণ্ডুলতোয়তস্তুষজলাৎ প্রস্থত্রয়ং চাম্লতঃ। প্রস্থার্দ্ধং দধিতোহম্লমূলক [illegible]। মান্যৌ শোধিতশৃঙ্গবেরশকলাৎ দ্বে সিন্ধুজাজ্যোঃ পলে। দ্বে কৃষ্ণোষণযোর্নিশাপলযুগং নিক্ষিপ্য ভাণ্ডে দৃঢ়ে। স্নিগ্ধে [illegible] ত্রীন্ বাসরান্ স্থাপয়েৎ গ্রীষ্মে তোয়ধরাত্যয়ে চ চতুরো বর্ষাস্বপুষ্পাগমে। ষট্ শীতেঽষ্টদিনান্যতঃ পরমিদং বিস্রাব্য সঞ্চূর্ণয়েৎ। চাতুর্জাতপলেন সংহিতমিদং শুক্তঞ্চ চুক্রঞ্চ তৎ। হন্যাদ্বাতকফামদোষজনিতান্নানাবিধানাময়ান্। দুর্নামানিলগুল্মশূলজঠরান্ হন্ত্যানলং দীপয়েৎ॥৩১

বৃহচ্চুক্রমাহ প্রস্থমিত্যাদি।—তুষজলাদিতি সতুষযবকৃতসন্ধানাৎ, তদভাবে কাঞ্জিকাৎ। অম্লত ইতি তুষজলস্য দধ্নশ্চ বিশেষণম্। অম্লমূলকং কাঞ্জিকাধঃস্থিতমূলকমিত্যাহুর্দ্দক্ষাঃ। মানিকে ইতি মানিকাদ্বয়ম্, মানিকা পলান্যষ্টৌ, তেন

(১৪) কেবল গ্রীষ্মঋতুতে তিন রাত্রি ধান্য রাশিতে রাখিবে, অন্যান্য ঋতুর বিধান পরবর্তী বৃহচ্চুক্রযোগে প্রকাশিত হইবে।

যোড়শপলমিত্যর্থঃ। শোধিতশৃঙ্গবেরশকলাদিতি নিস্ত্বগার্দ্রকখণ্ডাৎ। যে কৃষ্ণোষণয়োরিতি উষণং মরিচম্। তোয়ধরাত্যয়ে চেতি চকারাদত্রাপি ত্রীন্ বাসরান্ স্থাপয়েৎ। শীত ইত্যনেন হেমন্তশিশিরয়োরেব গ্রহণম্। বিস্রাব্যেতি বস্ত্রপূতং কৃত্বা। চাতুর্জ্জাতপলেন মিলিত্বা পলমাত্রেণ। সংচূর্ণয়েৎ অবচূর্ণনং কারয়েদিতি ॥ ৩১ ॥

তণ্ডুলোদক ৪ চারি সের, তুষজল (১৫) (অভাবে কাঞ্জিক) ১২ বারো সের, অম্লদধি ২ দুই সের, অম্লমূলক (১৬) ১ এক সের, গুড় ২ দুই সের, বল্কলরহিত আদার খণ্ড ২ দুই সের, সৈন্ধবলবণ ১ এক পল, জীরা ১ এক পল, পিপুল ১ এক পল, মরিচ ১ পল, হরিদ্রা ২ দুই পল, এই সকল দ্রব্য একত্র করিয়া কোন সুদৃঢ় বিশুদ্ধভাণ্ডে সংস্থাপন করিবে। পরে ঐ ভাণ্ড ধান্যরাশি বা যবরাশির মধ্যে সংস্থাপন করিবে। এবং ইহা কোন্ ঋতুতে কত দিবস রাখিতে হইবে তাহা নিম্নে লিখিত হইল। গ্রীষ্ম ও শরৎকালে ৩ তিন দিবস, বর্ষাকালে ৪ চারি দিবস, বসন্তকালে ৬ ছয় দিবস এবং শীতকালে ৮ আট দিবস রাখিতে হইবে। তৎপরে উহা ধান্যরাশি হইতে বাহির করিয়া বস্ত্রে ছাঁকিয়া লইবে। এবং দারুচিনি, এলাচি, তেজপত্র ও নাগেশ্বর; এই চাতুর্জ্জাতের চূর্ণ ১ এক পল অর্থাৎ প্রত্যেকে ২ দুই তোলা উহাতে মিশ্রিত করিয়া লইবে। এই বৃহৎ চুক্র সেবন করিলে, বাত, কফ ও আমদোষজনিত বিবিধ রোগ, অর্শঃ, অতি কঠিন বাতজগুল্ম, শূলপ্রভৃতি পীড়ার শান্তি হয় এবং জঠরাগ্নির উদ্দীপন হইয়া থাকে ॥ ৩১ ॥

(১৫) তুষের সহিত যব জলে ভিজাইয়া রাখিয়া তুষ-জল প্রস্তুত করিবে।

(১৬) কাঞ্জির নিম্নস্থ পদার্থবিশেষ।

তক্রারিষ্টম্—

যমান্যামলকং পথ্যা মরিচং ত্রিপলাংশকম্। লবণানি পলাংশানি পঞ্চ চৈকত্র চূর্ণয়েৎ। তক্রকংসাস্রুতং জাতং তক্রারিষ্টং পিবেন্নরঃ। দীপনং শোথগুল্মার্শঃ ক্রিমিমেহোদরাপহম্ ॥ ৩২ ॥

তক্রারিষ্টে ত্রিপলাংশকং তথা পলাংশানীত্যপি প্রত্যেকং জ্ঞেয়ম্। তক্রস্য কংসে আঢ়কে আস্রুতং কৃতসন্ধানম্। জাতমিতি অম্লরসতয়া জাতম্ ॥ ৩২ ॥

যোয়ান, আমলকী, হরীতকী, মরিচ; ইহারা প্রত্যেকে ৩ তিন পল অর্থাৎ ২৪ চব্বিশ তোলা, পঞ্চলবণ অর্থাৎ সৈন্ধবলবণ, সচরলবণ, বিটলবণ, সমুদ্রলবণ ও উদ্ভিদলবণ; ইহারা প্রত্যেকে এক এক পল (৮ আট তোলা) অর্থাৎ সমুদায় ৪০ তোলা লইয়া চূর্ণ করতঃ ১৬ ষোল সের তক্রের মধ্যে নিক্ষেপ করতঃ পাত্রের মুখ বন্ধ করিয়া যে পর্য্যন্ত না অম্লরস জন্মে ততদিন পাত্রে আবদ্ধ করিয়া রাখিবে। পরে ছাঁকিয়া লইয়া ব্যবহার করিবে। এই তক্রারিষ্ট উপযুক্ত মাত্রায় পান করিলে, অগ্নির উদ্দীপন হইয়া থাকে এবং ইহা শোথ, গুল্ম, অর্শঃ, কৃমি, মেহ ও উদরাময় প্রভৃতি রোগকে বিনষ্ট করিয়া থাকে ॥ ৩২ ॥

আয়াম কাঞ্জিকং—

বাট্যস্য দদ্যাদ যবশক্তুকানাং পৃথক্ পৃথক্ দ্বাড়কসম্মিতঞ্চ। মধ্যপ্রমাণানি চ মূলকানি দদ্যাচ্চতুঃষষ্টি সুকল্পিতানি। দ্রোণেঽম্ভসঃ প্লাব্য ঘটে সুধৌতে দদ্যাদিদং ভেষজজাতযুক্তম্। ক্ষারদ্বয়ং তুম্বুরুবস্তগন্ধাধনীয়কং স্যাদ্বিড়সৈন্ধবঞ্চ। সৌবর্চ্চলং হিঙ্গুশিবাটিকাঞ্চ চব্যঞ্চ দদ্যাদ্দ্বিপলপ্রমাণম্।

ইমানিচাম্লানি পলোম্মিতানি বিজ্জর্জ্জরীকৃত্য ঘটে ক্ষিপেচ্চ। কৃষ্ণাজাজ্জীমুপকুঞ্চিকাঞ্চ তথাসুরীংকারবিচিত্রকঞ্চ। পক্ষস্থিতোঽয়ংবলবর্ণ দেহ বয়ঃকরোঽতীবংল প্রদশ্চ। কান্জীবয়ামীতি যতঃ প্রবৃত্ত স্তৎ কাঞ্জিকেতি প্রবদন্তি তজ্জ্ঞাঃ। আয়াম কালাঙ্করয়েচ্চ ভক্তমাষামকেতি প্রবদন্তি চৈনম্। দকোদরং গুল্মমথপ্লীহানং হৃদ্রোগমানাহমরোচকঞ্চ। মন্দাগ্নিতাংকোষ্ঠগতঞ্চ শূলমর্শো বিকারান্ সভগন্দরাংশ্চ। বাতাময়ানাশু নিহন্তি সর্ব্বান্ সংসেব্যমানং বিবিধান্নরাণাম্ ॥ ৩৩ ॥

আয়ামকাঞ্জিকে বাট্যস্যেতি নিস্তুষদরদলিত যবমণ্ডস্য, তথা যবশক্তু, কানাঞ্চ পৃথক্ পৃথগাঢ়কসন্নিহিতং চকঙ্গানং। সম্মিতমিতি ভাবে ক্তঃ চতুঃষষ্টিত্যাকত্রিমানেন। সুকল্পিতানীতি খণ্ডখণ্ডীকৃতানি। প্রাব্যে ত্যাম্বাব্য। তুম্বুরু বনিগন্ধব্যম্; বস্তুগন্ধা কৌকান্ধী; শিবাটিকা বংশপত্রী-(হিঙ্গুপত্রী); কৃষ্ণা পিপ্পলী; উপকুঞ্চিকা স্থূলকৃষ্ণজীরকঃ; আসুরী রাজিকা; কারবি সুগন্ধিসূক্ষ্মকৃষ্ণজীরকম্। আযামকালাদিতি যামঃ প্রহররূপঃ কালঃ, তমবধীকৃত্য ॥ ৩৩ ॥

নিস্তুষ যবমণ্ড ৮ আট সের, যবের ছাতু ৮ আট সের, মূলা ৬৪ চৌষট্টি খণ্ড, (১৭) এই সকল দ্রব্য বিশুদ্ধ মৃৎপাত্রে ৬৪ চৌষট্টি সের জলে প্লাবিত করিয়া রাখিবে, তৎপরে তাহাতে নিম্ন লিখিত ঔষধ সকল দিতে হইবে। যবক্ষার, সাচিক্ষার, তুম্বুরু, বস্তুগন্ধা (কৌকান্ধী যোয়ান), ধনিয়া, বিটলবণ, সৈন্ধবলবণ, সৌবর্চ্চললবণ, হিঙ্গু, শিবাটিকা (বংশপত্রী বা হিঙ্গুপত্রী) ও চৈ; এই সকল প্রত্যেকে ২ দুই পল (১৬ তোলা) এবং পিপুল, স্থূল কৃষ্ণজীরা, সূক্ষ্মকৃষ্ণজীরা, রাইসর্ষপ, সুগন্ধিসূক্ষ্মকৃষ্ণজীরা ও চিতা; এই সকল দ্রব্যের চূর্ণ প্রত্যেকে ১ এক পল (৮ তোলা); এই সকল একত্র করিয়া পূর্ব্বোক্ত পাত্রে প্রদান করতঃ পাত্রের মুখ উত্তমরূপে রুদ্ধ করিয়া একপক্ষ (১৫ দিন) পর্য্যন্ত রাখিবে। এই ঔষধ বল, বর্ণ, দেহ ও আয়ুর্বৃদ্ধি কারক ও অতিশয় বলপ্রদ। যেহেতু কাহাকে জীবিত করিব এই বলিয়াই যেন কার্য্যে রত হয়, এই জন্য পণ্ডিতগণ ইহাকে "কাঞ্জিক" বলিয়া থাকেন। এই কাঁজিক সেবনে এক যাম মধ্যে ভুক্ত অন্নাদি পরিপাক হয় বলিয়া ইহার নাম "আয়াম কাঞ্জিক" হইয়াছে। এই ঔষধ সেবনে, গুল্ম, প্লীহা, হৃদ্রোগ, আনাহ, অরুচি, অগ্নিমান্দ্য, কোষ্ঠগত শূল, অর্শো বিকার, ভগন্দর ও বাতরোগ প্রভৃতি অতি শীঘ্র নিবারিত হয় ॥ ৩৩ ॥

কল্যাণগুড়ঃ—

প্রস্থত্রয়েণামলকীরসস্য শুদ্ধস্য দত্বার্দ্ধতুলাং গুড়স্য। চূর্ণীকৃতৈগ্রন্থিকজীরচব্য ব্যোষেভ কৃষ্ণহবুষাজমোদৈঃ। বিড়ঙ্গসিন্ধুত্রিফলাযমানী-পাঠাগ্নিধান্যৈশ্চ পলপ্রমাণৈঃ। দত্বা ত্রিবিস্তূর্ণপলানি চাষ্টা-বষ্টৌ চ তৈলস্য পচেদ্যথাবৎ। তং ভক্ষয়েদক্ষপলপ্রমাণং যথেষ্টচেষ্টং ত্রিসুগন্ধিযুক্তম্। অনেন সর্ব্বে গ্রহণীবিকারাঃ সশ্বাসকাসস্বরভেদশোথাঃ। শাম্যন্তি চায়ং চিরমন্থরাগ্নেরিতস্যপুংস্ত্বস্য চ বৃদ্ধিহেতুঃ। স্ত্রীণাঞ্চ বন্ধ্যাময়নাশনোঽয়ং কল্যাণকো নাম গুড়ঃ প্রদিষ্টঃ। তৈলে মনাক্ ভর্জ্জয়ন্তি ত্রিবৃদত্র চিকিৎসকাঃ। অত্রোক্তমানসাধর্ম্ম্যাৎ ত্রিসুগন্ধং পলং পৃথক্ ॥ ৩৪ ॥

(১৭) মূলার আকৃতি বিবেচনায় সম্ভবতঃ মূলকখণ্ড গ্রহণ করিতে হইবে।

প্রস্থত্রয়েণেত্যাদি।—অয়ং যোগঃ সুশ্রুতে কাসপ্রতিষেধে পঠিতঃ। অত্র গ্রন্থিকং পিপ্পলীমূলম্; অজমোদা যমানী অন্তঃপরিমার্জ্জনত্বাৎ অতো যমান্যা ভাগদ্বয়ম্। অগ্নিশ্চিত্রকঃ। পলপ্রমাণৈরিতি প্রত্যেকম্। ত্রিবৃচ্চূর্ণং তৈলে মনাগ ভর্জ্জনীয়ম্। ভর্জ্জনেন চ তস্য মন্দবীর্য্যত্বাদতি বিরেচকত্বং ন ভবতি। অক্ষসমপ্রমাণং কর্ষম্ ব্যবহারস্তু চতুঃপঞ্চমাষকৈরিতি। ত্রিসুগন্ধি ত্বগেলাপত্রকম্। ত্রিবৃচ্চূর্ণসহিত এব তৈলে গুড়মামলকীরসগোলিতং প্রদায় পাকঃ, সিদ্ধে চ লেহে গ্রন্থিকাদিচূর্ণ প্রক্ষেপ ইতি ব্যবহারো বৈদ্যানাম্। অত্রোক্তমানসাধর্ম্ম্যাদিতি গ্রন্থিকাদিচূর্ণস্য প্রত্যেকং পলমানমুক্তম্, তৎসাতচর্য্যাদিত্যর্থঃ। ৩৪

আমলকীর স্বরস ১২ সেরের সহিত ইক্ষুগুড় ৫০ পঞ্চাশ পল (৬।০ সোয়া ছয় সের) বিধি পূর্ব্বক পাক করিবে। পাক প্রায় সমাপ্ত হইলে অর্থাৎ আসন্ন পাকে, পিপুলমূল, জীরা, চৈ, মরিচ, পিপুল, শুঁঠ, গজপিপ্পলী, হবুষা, যোয়ান, বিড়ঙ্গ, সৈন্ধব, হরীতকী, আমলকী, বহেড়া, যোয়ান, (১৮) আকনাদি, চিতা ধনিয়া; ইহাদের প্রত্যেকের চূর্ণ ৮ আট তোলা এবং তেউড়ী চূর্ণ ১ এক সের, তিল তৈল ১ এক সের সংযুক্ত করিয়া লেহ প্রস্তুত করিবে। প্রথমতঃ তিলতৈলে তেউড়ীর চূর্ণ প্রদান পূর্ব্বক কিঞ্চিৎ ভাঁজিবে এবং আমলকীর রসের সহিত গুড় মিলিত করতঃ উহাতে প্রদান করিয়া অগ্নিতে পাক করিতে থাকিবে। যখন উহা গাঢ় হইয়া আসিবে তখন উহাতে পূর্ব্বোক্ত চূর্ণ সমূহ এবং দারুচিনি, তেজপাত ও ছোট এলাচ; ইহাদের প্রত্যেকের চূর্ণ ৮ তোলা উহাতে প্রদান করিবে। এই অবলেহ অর্দ্ধ তোলা পরিমাণ সেবন করা কর্ত্তব্য। এই ঔষধদ্বারা গ্রহণী-বিকার, শ্বাস, কাস, স্বরভঙ্গ, চিরোত্থিত শোথ ও মন্দাগ্নির শান্তি হয়। পুরুষের পুরুষত্ব হানি হইলে তাহা বৃদ্ধি হয়, এবং স্ত্রীলোকের বন্ধ্যাদোষ নিবৃত্তি হইয়া থাকে। ইহার নাম কল্যাণগুড়। ৩৪

(১৮) দুইবার যোয়ানের উল্লেখ থাকায় দুই ভাগ যোয়ান দিতে হইবে, ইহাই বৃদ্ধবৈদ্যদিগের মত।

কুষ্মাণ্ডগুড়কল্যাণকম্।—

কুষ্মাণ্ডকানাং রূঢ়ানাং সুস্বিন্নং নিষ্কুলত্বচাম্। সর্পিঃপ্রস্থে পলশতং তাম্রভাণ্ডে শনৈঃ পচেৎ। পিপ্পলীপিপ্পলীমূলং চিত্রকো হস্তিপিপ্পলী। ধান্যকানি বিড়ঙ্গানি যমানী মরিচানি চ। ত্রিফলা চাজমোদা চ কলিঙ্গাজাজি সৈন্ধবম্। একৈকস্য পলঞ্চৈব ত্রিবৃদষ্টপলং ভবেৎ। তৈলস্য চ পলন্যষ্টৌ গুড়পঞ্চাশদেব তু। প্রস্থৈস্ত্রিভিঃ সমেতস্তু রসেনামলকস্য তু। যদা দার্ব্বীপ্রলেপস্তু তদৈনমবতারয়েৎ। যথাশক্তি গুড়ান্ কুর্য্যাৎ কর্ষকর্ষার্দ্ধমানকান্। অনেন বিধিনা চৈব প্রযুক্তস্তু জয়েদিমান্। প্রসহ্য গ্রহণীরোগান্ কুষ্ঠান্যর্শোভগন্দরান্। জ্বরমানাহহৃদ্রোগ গুল্মোদরবিসূচিকাঃ। কামলাপাণ্ডুরোগাংশ্চ প্রমেহাংশ্চৈব বিংশতিম্। বাতশোণিতবীসর্পান্ দদ্রুচর্ম্মদলকান্। কর্ণপত্ৰ নিলান্ সর্ব্বান্ প্রকৃতাংশ্চব্যপোহতি। ব্যাধিক্ষীণা বয়ঃক্ষীণাঃ স্ত্রীষু ক্ষীণাশ্চ যে নরাঃ। তেষাং বৃষ্যঞ্চ বল্যঞ্চ বয়ঃস্থাপনমেব চ। গুড়কল্যাণকং নাম বন্ধ্যানাং গর্ভদং পরম্॥ ৩৫॥

কুষ্মাণ্ডকানামিত্যাদি।—রূঢ়ানামিতি সম্যক্‌পক্কানাম্; সম্যক্‌পাকশ্চ সম্বৎসরাতীতত্বেনৈব ভবতীতি। তাদৃশস্য কুষ্মাণ্ডস্য খণ্ডখণ্ডীকৃতস্য ত্যক্তবীজমজ্জাবল্কলস্য শ্লক্ষ্ণীকৃতাস্তরণস্য কিঞ্চিৎ পানীয়ং দত্ত্বা উৎস্বিন্নস্য নিষ্পীড্য গলিতরসস্য পিষ্টস্যাতপে কিঞ্চিচ্ছুষ্কস্য পলশতং গ্রাহ্যম্; তচ্চৈতস্য ঘৃতশরাবচতুষ্টয়ে তৈলস্য চাষ্টপলে

সম্যক্সুরং কার্য্যম্। তত আমলকস্বরসস্য দ্বাদশশরাবেণ পক্কাশদ্গুড়প লান্যালোড্য, ততঃ পুত্বা সন্তমি তকুষ্মাণ্ডাদিকমেকীকৃত্য পক্তব্যম্। ততো সুপাকবিধয়া অবতারিতে পিপ্পল্যাদিচূর্ণস্য প্রক্ষেপ ইত্যর্থঃ। ভক্ষণমাত্রা চ প্রায়ঃ কর্ষার্দ্ধেনেত্যাচ।৩৫

সুপক্ককুষ্মাণ্ড অর্থাৎ সম্বৎসরাতীত কুষ্মাণ্ড খণ্ড খণ্ড করিয়া বল্কল, বীজ ও মঞ্জরী (অর্থাৎ বুকা) পরিত্যাগ করতঃ কিঞ্চিৎ জল দিয়া বাটিবে পরে তাহা নিষ্পীড়ন করিয়া সমুদায় রস ত্যাগ করতঃ রৌদ্রে কিছুকাল শুষ্ক করিবে। এইরূপ কুষ্মাণ্ড ।২॥০ সাড়েবার সের, ঘৃত ৪ চারি সের ও তিলতৈল ১ এক সের দ্বারা তাম্রপাত্রে মৃদুসন্তাপে কুমড়ার শস্যগুলি ভাজিয়া লইবে এবং আমলকীর রস ও গুড় একত্র মিশ্রিত করতঃ ঐ ভাজা কুমড়ার সহিত মিলিত করিয়া পাক করিতে থাকিবে এবং পাক শেষ হইলে অর্থাৎ আসন্ন পাকে, পিপ্পলী, পিপ্পলীমূল, চিতা, গজপিপ্পলী, ধনিয়া, বিড়ঙ্গ, যমানী, মরিচ, আমলকী, হরীতকী, বহেড়া, অজমোদ (বনযোয়ান), ইন্দ্রযব, জীরা, সৈন্ধব, ইহাদিগের প্রত্যেকের সূক্ষ্মচূর্ণ ১ এক পল ও তেউড়ী চূর্ণ ১ এক সের প্রক্ষেপ করিয়া নামাইয়া লইবে। গুড় ও আমলকীর রস যাহা বলা হইয়াছে তাহার পরিমাণ এই, পুরাতন গুড় ৬।০ ছয় সের এক পোয়া, আমলকীর রস ।২॥০ সাড়েবার সের। যেকাল পর্য্যন্ত দারুতে অর্থাৎ দণ্ডেতে প্রলেপের ন্যায় না লাগে ততকাল পর্য্যন্ত পাক করিবে। রোগীর শক্তি অর্থাৎ বল বিবেচনা করিয়া এক সিকি হইতে অর্দ্ধতোলা পর্য্যন্ত সেবন করিতে দিবে। এই ঔষধ সেবনে, অসাধ্য গ্রহণীরোগ, কুষ্ঠ, অর্শঃ, ভগন্দর, জ্বর, আনাহ, হৃদ্রোগ, উদরী, গুল্ম, বিসূচিকা, কামলা, পাণ্ডুরোগ, বিংশতিপ্রকার প্রমেহ, বাতরক্ত, বীসর্প, দদ্রুচর্ম্ম, হলীমক, কফ, পিত্ত ও বাত জন্য বিবিধ প্রকার কঠিন রোগ সকল বিনষ্ট হইয়া থাকে। ব্যাধিক্ষীণ, স্বাভাবিকক্ষীণ এবং স্ত্রীব্যবহারে যাহার শরীর ক্ষীণ হইয়াছে তাহাদের সম্বন্ধে এই ঔষধ প্রশস্ত এবং ইহা শুক্রবৃদ্ধিকর, বল-কারক বয়োবৃদ্ধিকারক। ইহার নাম কুষ্মাণ্ডগুড়কল্যাণক এই ঔষধ সেবনে, বন্ধ্যা স্ত্রীলোকদিগেরও গর্ভসঞ্চার হইয়া থাকে (১৯) ॥ ৩৫ ॥

রসপর্পটিকা—

যাম্লপিত্তে বিধাতব্যা গুড়িকা চ সুধাবতী। তত্র প্রোক্তবিধানেন সমানো রসগন্ধকৌ। সংমর্দ্দ্য কজ্জলাভন্তু কুর্য্যাৎ পাত্রে দৃঢ়াশ্রয়ে। ততো বাদরবহ্নিস্থ-লোহপাত্রে দ্রবীকৃতম্। গোময়োপরি বিন্যস্তকদলীপত্রপাতনাৎ। কুর্য্যাৎ পর্পটিকাকারমস্য রক্তিদ্বয়ং ক্রমাৎ। দ্বাদশরক্তিকাং যাবৎ প্রয়োগঃ প্রহরার্দ্ধতঃ। তদূর্দ্ধং বহুপূগস্য ভক্ষণং দিবসে পুনঃ। তৃতীয় এব মাংসাজ্যাদুগ্ধাদ্যত্র বিধীয়তে। বর্জ্জ্যং বিদাহিস্ত্রীরম্ভামুলং তৈলঞ্চ সার্ষপম্। ক্ষুদ্রমৎস্যাম্বুজখগাংস্ত্যক্তে নিদ্রঃ পয়ঃ পিবেৎ। গ্রহণীক্ষয়কুষ্ঠার্শঃশোষাজীর্ণবিনাশিনী। রসপর্পটিকা খ্যাতা নিবদ্ধা চক্রপাণিনা ॥৩৬॥

(১৯) কুষ্মাণ্ড খণ্ড খণ্ড করিয়া অগ্নিতে সিদ্ধ করতঃ শীতল হইলে চটকাইয়া পরে বস্ত্রদ্বারা নিষ্পীড়ন করিয়া লইলেও চলিতে পারে। অথবা কুষ্মাণ্ড কোড়াইয়া বস্ত্রদ্বারা নীপিড়ন করতঃ জল বাহির করিয়া পরে রৌদ্রে শুষ্ক করিয়া লইলেও কার্য্যোপযোগী হইতে পারে।

কুড়চিরছাল ১২॥০ সাড়েবার সের, ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ৮ আট সের অবশিষ্ট থাকিতে নামাইয়া ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথজল ৮ আট সের পুনর্ব্বার পাক করিয়া লেহবৎ হইলে তাহাতে ভেলা, বিড়ঙ্গ, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলক, বহেড়া), রসাঞ্জন, চিতা, ইন্দ্রযব, বচ, আতইচ ও বেলশুঠ; ইহাদের প্রত্যেকের চূর্ণ ১ এক পল অর্থাৎ ৮ তোলা এবং গুড় ৩০ ত্রিশ পল, উহাতে প্রদান করতঃ যথাবিধি পাক শেষ করিবে। পরে শীতল হইলে মধু ১ একসের উহাতে মিশ্রিত করতঃ উপযুক্ত মাত্রায় সেবন করিলে,

বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক ও সান্নিপাতিক রক্তার্শ প্রশমিত হয় এবং অর্শরোগঘটিত অন্যান্য রোগ সকলও বিনষ্ট হইয়া থাকে। অম্লপিত্ত, অতীসার, পাণ্ডু, অরুচি গ্রহণী, মৃদুতা, কৃশত্ব, শোথ, কামলা প্রভৃতি রোগও বিনাশ প্রাপ্ত হয়। এই ঔষধ ঘৃত, মধু, তক্র, শীতলজল কিম্বা দুগ্ধ অনুপানে সেবন করা বিধেয়। রোগ সমূহ বিনাশের জন্যই উক্ত কুটজাবলেহ কথিত হইয়াছে। ইহার মাত্রা বলাবল বিবেচনা করিয়া চারি আনা, ছয় আনা বা অর্দ্ধ তোলা মাত্রায় ব্যবহার করা যাইতে পারে। আধুনিক চিকিৎসকগণ ঐরূপ মাত্রাই ব্যবহার করিয়া থাকেন। এস্থলে জানা আবশ্যক যে, উক্ত কুটজের ক্বাথ /১ এক সের ঘৃতে সন্তুলন করিয়া লইতে হইবে ॥ ৪৫ ॥

কুটজরসক্রিয়া—

কুটজত্বচো বিপাচ্যাং শতপলমার্দ্রং মহেন্দ্রসলিলেন। যাবৎস্যাদরসং তদ্দ্রব্যং স রসস্ততো গ্রাহ্যঃ। মোচরসঃ সমঙ্গা ফলিনী পলাংশিভিস্ত্রিভিস্তৈশ্চ। বৎসকবীজং তুল্যং চূর্ণং কৃতমত্র দাতব্যম্। পূতোৎক্বথিতঃ সান্দ্রঃ স রসো দর্ব্বীপ্রলেপনো গ্রাহ্যঃ। মাত্রাকালোপহিতারসক্রিয়ৈষাজয়ত্যসৃক্স্রাবম্। ছাগলীপয়সা যুক্তা পেয়া মণ্ডেনাথবা যথাগ্নিবলম্। জীর্ণৌষধশ্চ শালীন্ পয়সা ছাগেন ভুঞ্জীত। রক্তংশুদজাতীসারং শূলং সাসৃক্ক্রজো নিহন্ত্যাশু। বলবচ্চ রক্তপিত্তং রসক্রিয়ৈষা হ্যভয়ভাগম্ ॥ ৪৬ ॥

কুটজত্বচ ইত্যাদি।—অত্র পলশতং তুলা, তেন "তুলাদ্রবে্য জলদ্রোণঃ" ইতি বচনাৎ দ্রোণমাত্রং জলং গ্রাহ্যম্। তচ্চ যাবৎ স্যাদরসমিতি বচনাচ্চতুর্থাংশাবশিষ্টং কার্য্যম্। উক্তং হি, "চতুর্থভাগজলে প্রায়ো দ্রবাং গতরসং ভবেৎ" ইতি। অন্যে তু তন্ত্রান্তরীয়যোগান্তরে, "দ্রোণেঽম্ভসঃ পলশতং বিপাচ্যং কুটজত্বচোঽষ্টভাগস্থ" ইত্যষ্টভাগাবশিষ্টদর্শনাৎ অত্রাপ্যষ্টভাগাবশেষঃ ক্বাথো গ্রাহ্য ইত্যাহুঃ। ব্যবহারস্তু পূর্ব্বৈরেব। মহেন্দ্রসলিলমান্তরীক্ষজলম্ তদভাবে ভূমিষ্ঠজলং তদনুকারি গ্রাহ্যম্ যদুক্তং "কিঞ্চিত্তুবরানুরসং তনু লঘু শীতং সুগন্ধি সুরসঞ্চ। অনতিষ্যন্দি চ যৎ তৎক্ষিতিস্থমৈন্দ্রবৎ জ্ঞেয়ম্"। ফলিনী প্রিয়ঙ্গুঃ। দর্ব্বীপ্রলেপনো গ্রাহ্যঃ ইতি দর্ব্বীপ্রলেপাবস্থায়ামবতারণীয় ইত্যর্থঃ। তেন রসক্রিয়া লেহকল্পৈব; মাত্রাকালোপহিতা "পঞ্চাবলেহং লীঢ্বা তদযথাগ্নিবলং পিবেৎ" ইত্যাদি। উভয়ভাগমিতি যদ্যপি যুগপদূর্দ্ধাধঃপ্রবৃত্তরক্তপিত্তস্যাসাধ্যত্বম্, তথাপ্যুভয়ভাগং হন্তীত্যস্য ক্রমেণোর্দ্ধমধোগঞ্চ হন্তীত্যর্থঃ। তত্রাপ্যধোগস্য যাপ্যত্বাৎ, তং প্রতিযাপনমেব নিহন্ত্যাদিত্যস্যার্থো জ্ঞেয়ঃ। অন্যে তু যোগশক্তেরচিন্ত্যত্বাৎ অসাধ্যমপি হন্তীত্যর্থঃ ॥ ৪৬ ॥

উত্তম রূপ কুট্টিত কুড়চিরছাল ।২॥০ সাড়েবার সের, ৬৪ চৌষট্টি সের বৃষ্টির জলে সিদ্ধ করিয়া ১৬ ষোল সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। কোন কোন মতে অষ্টভাগ অবশিষ্ট অর্থাৎ ৮ আট সের অবশিষ্ট রাখিয়া ক্বাথ গ্রহণ করিতে আদেশ করেন, কিন্তু চতুর্ভাগাবশিষ্ট ক্বাথই ব্যবহার সিদ্ধ। এই ক্বাথ পুনর্ব্বার পাক করিতে করিতে অত্যন্ত গাঢ় হইলে উহাতে মোচরস, বরাহক্রান্তা, প্রিয়ঙ্গু, ইহাদের প্রত্যেকের চূর্ণ ১ এক পল ও ইন্দ্রযব ৩ তিন পল প্রক্ষেপ দিয়া পাক শেষ করিয়া নামাইবে। যখন ঘনীভূত হইয়া দর্ব্বীপ্রলেপ যোগ্য হইবে, তখন পাক শেষ হইয়াছে জানিবে। এই ঔষধ রোগীর বল ও কালানুসারে মাত্রা নির্ণয় করিয়া সেবন করিলে, রক্তস্রাব নিবৃত্তি হয়। অগ্নির বলাবল বিবেচনা করিয়া ছাগীদুগ্ধ, পেয়া অথবা মণ্ডের সহিত সেবন করাও বিধেয়।

এই ঔষধ জীর্ণ হইলে ছাগদুগ্ধের সহিত পক্ক শালিধান্যের পায়স ভক্ষণ করা কর্ত্তব্য। ইহাদ্বারা রক্তার্শঃ, রক্তাতীসার, শূল এবং ঊর্দ্ধ ও অধঃ উভয় পথগামী রক্তপিত্ত প্রশমিত হইয়া থাকে ॥ ৪৬ ॥

কুটজাদ্যং ঘৃতম্—

কুটজফলবল্ককেশরনীলোৎপললোধ্রধাতকীকল্কৈঃ। সিদ্ধং ঘৃতং বিধেয়ং শূলরক্তার্শসাং ভিষজা ॥ ৪৭ ॥

কুটজাদ্যঘৃতে কুটজস্য ফলং বল্কলঞ্চ; বল্কশব্দো বল্কলবচনঃ, ক্বচিত্তু বল্কলমিতি পাঠঃ। অত্র জলং চতুর্গুণমর্থবশাৎ ॥ ৪৭ ॥

ইন্দ্রযব, কুড়চিছাল, নাগকেশর, নীলোৎপল, লোধ ও ধাইফুল; এই দ্রব্যগুলি এক সের পরিমাণে কুট্টিত করতঃ ৪ চারি সের ঘৃতে নিক্ষেপ করিবে, পরে তাহাতে চারি সের জল দিয়া যথা বিহিত নিয়মানুসারে পাক সমাধা করতঃ শূলযুক্ত অর্শরোগে রোগীকে পান করিতে দিবে। ইহাদ্বারা অর্শের বিশেষ উপকার হইয়া থাকে ॥৪৭॥

সুনিষণ্ণকচাঙ্গেরীঘৃতম্—

অবাক্পুষ্পী বলা দর্ব্বী পৃশ্নিপর্ণী ত্রিকণ্টকম্। ন্যগ্রোধোডুম্বরাশ্বত্থশুঙ্গাশ্চ দ্বিপলোন্মিতাঃ। কষায় এষ পেষ্যাস্তু জীবন্তী কটুরোহিণী। পিপ্পলী পিপ্পলীমূলং মরিচং দেবদারু চ। কলিঙ্গং শাল্মলীপুষ্পং বীরা চন্দনমঞ্জনম্। কট্ফলং চিত্রকং মুস্তং প্রিয়ঙ্গ্বতিবিষে স্থিরা। পদ্মোৎপলানাং কিঞ্জল্কঃ সমঙ্গা সনিদিগ্ধিকা। বিল্বং মোচরসং পাঠাভাগাঃ স্যুঃ কার্ষিকাঃ পৃথক্। চতুঃপ্রস্থশৃতং প্রস্থং কষায়মবতারয়েৎ। ত্রিংশৎপলানিতুপ্রস্থো বিজ্ঞেয়ো দ্বিপলাধিকঃ। সুনিষণ্ণকচাঙ্গের্য্যোঃ প্রস্থৌ দ্বৌ স্বরসস্য চ। সর্ব্বৈরেতৈ র্যথোদ্দিষ্টৈ র্ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। এতদর্শঃস্বতীসারে ত্রিদোষে রুধিরস্রুতৌ। প্রবাহণে গুদভ্রংশে পিচ্ছাসু বিবিধাসু চ। উত্থানে চাতিবহুশঃ শোথশূলগুদাময়ে। মূত্রগ্রহে মূঢ়বাতে মন্দাগ্নাবরুচাবপি। প্রযোজ্যং বিধিবৎ সর্পির্বলবর্ণাগ্নিবর্দ্ধনম্। বিবিধেষ্বন্নপানেষু কেবলং বা নিরত্যয়ম্ ॥ ৪৮ ॥

অবাক্পুষ্পীত্যাদি।—অবাক্পুষ্পী হেঠবহলী; এষামষ্টানাং প্রত্যেকং পলদ্বয়মিতি মিলিত্বা ষোড়শপলং কাথ্যং ভবতি। তথা সুনিষণ্ণকচাঙ্গের্য্যো র্মিলিত্বা প্রস্থদ্বয়ং মানপ্রধানত্বান্নির্দ্দেশস্য। বীরা অত্র ক্ষীরকাকোলী। চতুঃপ্রস্থশৃতং প্রস্থমিত্যাদি যদ্যপি ষোড়শপলে কাথ্যে চতুঃপ্রস্থং জলমুৎসর্গসিদ্ধমেব তথা শেষোঽপি চতুর্থোভাগঃ প্রস্থএব ভবতি, তথাপি যদেতচ্চতুঃপ্রস্থশৃতমিত্যাদি বচনং তৎক্বাথ্যাচ্চতুর্গুণং বারীত্যাদি পরিভাষায়াঃ সূচকং জ্ঞেয়ম্। তথা "ত্রিংশৎ পলানি তু প্রস্থো বিজ্ঞেয়ো দ্বিপলাধিকঃ" ইত্যপি বচনং দ্রবদ্বৈগুণ্যপরিভাষাসূচকত্বেনৈব জ্ঞেয়ম্। এতদেব দৃষ্ট্বা দৃঢ়বলসংস্কারেঽপি দ্রবদ্বৈগুণ্যমুক্তম্। কিম্বা পরিভাষাসিদ্ধমপি দ্রবদ্বৈগুণ্যং যদিহ নির্দ্দিশতি, তদ্দ্রবদ্বৈগুণ্যপরিভাষা ক্বচিদ্বাধিতাপি ভবতীতি সূচয়তি। তেন কুড়বপ্রস্থাদিকং গৃহীত্বৈব দ্বৈগুণ্যং, ন কুড়বাদর্দ্ধাক্ ইত্যর্থঃ সিদ্ধোভবতি। অন্যে তু দার্ঢ্যার্থং [illegible]। ত্রিংশৎপলবিশেষণতয়া যদ্যপি দ্বিপলাধিকানীতি নির্দ্দেশো যুজ্যতে, তথাপি প্রস্থবিশেষণতয়া পুংলিঙ্গস্য একবচনস্য চ নির্দ্দেশঃ সমর্থনীয়ঃ। উত্থানে বহুশ ইতিস্তোকস্তোকাতিসরণে ॥ ৪৮ ॥

অবাকপুষ্পী (হেটবহলী), বেড়েলা, দারুহরিদ্রা, চাকুলে, গোক্ষুর, বটের-কুঁড়ি, যজ্ঞডুমুরের কুঁড়ি ও অশ্বত্থের-কুঁড়ি; ইহাদের প্রত্যেকে ২ দুই পল পরিমাণে লইয়া ষোল সের জলে সিদ্ধ করতঃ /৪ চারি সের অবশিষ্ট কাথ গ্রহণ করিবে। জীবন্তী, কটকী, পিপুল, পিপুলমূল, মরিচ, দেবদারু, ইন্দ্রযব,

শিমুলফুল, ক্ষীরকাকোলী রক্তচন্দন, রসাঞ্জন, কট্‌ফল, চিতা, মুথা, প্রিয়ঙ্গু, আতইচ, শালপাণি, পদ্মকেশর, উৎপলকেশর, বরাহক্রান্তা, কণ্টকারী, বেলশুঠ, মোচরস, আকনাদি; এই সকল দ্রব্য উত্তমরূপ পেষিত বা কুট্টিত করতঃ প্রত্যেকে দুই তোলা পরিমাণে লইয়া ৪ চারিপ্রস্থ অর্থাৎ ১৬ ষোল সের (দ্বৈগুণ্য ধরিয়া ৩২ সের) জলে পাক করতঃ ৪ চারি সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথ এবং শুষুণী ও আমরুল শাকের স্বরস প্রত্যেকে /৮ আটসের। এই সকল দ্রব্য দ্বারা ঘৃত /৪ চারিসের যথাবিধি অর্থাৎ প্রথমতঃ কল্ক পরে ক্বাথ এবং তাহার পরে রসদ্বারা ঘৃত পাক করিবে। এই ঘৃত সেবন করিলে, অর্শ, অতীসার, ত্রিদোষ (অর্থাৎ বাতজ, পিত্তজ ও কফজ) রক্তস্রাব, প্রবাহিকা, গুদভ্রংশ, পিচ্ছাযুক্ত মন্দ মন্দ উদরাময় (অর্থাৎ বিবিধ প্রকার নানাবর্ণ বিশিষ্ট বহু পরিমাণে আঠার ন্যায় পদার্থের পুনঃ পুনঃ নির্গমন), শোথ, শূল ও মলদ্বারের রোগ সকল বিনষ্ট হইয়া থাকে এবং ইহা মূত্রাঘাত, মূত্রবাত, অরুচি ও অগ্নিমান্দ্য প্রভৃতি রোগেও বিশেষ হিতকর। এবং এই ঘৃত বিবিধ প্রকার অন্ন ও পানীয় দ্রব্যের সহিত অথবা অগ্নি, বল ও বর্ণ পরিবর্দ্ধক কেবল এই ঘৃতই পান করিবে। ইহা সেবনের মাত্রা চারি আনা হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে॥ ৪৮॥

ক্ষারঃ। (৩)

প্রশস্তেঽহনি নক্ষত্রে কৃতমঙ্গলপূর্ব্বকম্। কালমুষ্ককমাহৃত্য দগ্ধা ভস্ম সমাহরেৎ। আঢ়কন্তু কমাদায় জল-দ্রোণে পচেদ্ভিষক্। চতুর্ভাগাবশিষ্টেন বস্ত্রপূতেন বারিণা। শঙ্খ-চূর্ণস্য কুড়বং প্রক্ষিপ্য বিপচেৎ পুনঃ। শনৈঃ শনৈর্ম্মৃদাবগ্নৌ তু যাবৎ সান্দ্রতনুর্ভবেৎ। সর্জ্জিকাযবশূকাভ্যাং শুণ্ঠীমরিচপিপ্পলী। বচা চাতিবিষা চৈব হিঙ্গুচিত্রকয়োস্তথা। এষাং চূর্ণানি নিক্ষিপ্য পৃথক্ কুড়বনাষ্টমাষকম্। দর্ব্যা সঙ্ঘট্টিতঞ্চাপি স্থাপয়েদায়সে ঘটে। এষ বহ্নিসমঃ ক্ষারঃ কীর্ত্তিতঃ কাশ্যপাদিভিঃ॥ ৪৯॥

ইদানীং ক্ষারপাকবিধিমাহ প্রশস্ত ইত্যাদি।—কালমুষ্ককঃ কৃষ্ণপুষ্পো ঘণ্টাপারলিঃ; স এব শ্রেষ্ঠঃ, যদাহ বিশ্বামিত্রঃ "শ্বেতপুষ্পঃ কৃষ্ণপুষ্পো রক্তপুষ্পস্তথৈব চ। পীতোঽন্যোঽপি বরস্তেষু কৃষ্ণপুষ্পঃ প্রকীর্ত্তিতঃ" ইতি। তস্য চ কাষ্ঠং তিলনালৈর্দগ্ধা ভস্ম কর্ত্তব্যম্, ইত্থমেব সুশ্রুতাভিধানাৎ। আঢ়কমিতি ভস্মনশ্চতুঃষষ্টিপলানি; জলদ্রোণ ইতি দ্বৈগুণ্যাচ্চতুঃষষ্টিশরাবে। অন্যে তু অত্র দ্বৈগুণ্যং নেচ্ছন্তি, শঙ্খচূর্ণস্য কুড়বশ্চতুঃপলঃ ষোড়শাংশেনাকৃতদ্বৈগুণ্যাৎ। পরিস্রাবিতপাদাবশিষ্ট ক্ষারোদকাঢ়কাদিতি চন্দ্রিকা। শ্বাগমপ্রামাণ্যসিদ্ধৈর্দ্বৈগুণ্যপক্ষে তু দ্বাত্রিংশাংশেনেতি বোধ্যম্। আয়স ইতি লৌহময়ে; এতচ্চ পাত্রবিশেষকথনং গুণোৎকর্ষার্থম্ "যথা কুর্ব্বন্তি স উপায়ঃ" ইত্যুক্তেঃ। ক্ষার ইতি প্রতিসারণীয়ঃ ক্ষার ইত্যর্থঃ, প্রতিসারণীয়শ্চ ভ্রক্ষণীয় ইত্যর্থঃ॥ ৪৯॥

অতঃপর অর্শরোগে ক্ষার চিকিৎসা বলিতেছেন। প্রশস্ত তিথি নক্ষত্রে কৃষ্ণপুষ্প ঘণ্টাপারলিবৃক্ষ (৪) মঙ্গলাচরণপূর্ব্বক আহরণ করিয়া তাহার কাষ্ঠ

(৩) ক্ষার দ্বিবিধ যথা,—প্রতিসারণীয় ও পানীয়। যাহা কোন পীড়াস্থানে মালিশ করা যায় তাহাকে প্রতীসারণীয় (ভ্রক্ষণীয়) ক্ষার বলা যায়, এবং যাহা পান করিয়া ব্যবহার করা যায় তাহাকে পানীয় ক্ষার বলে।

(৪) কৃষ্ণপুষ্প ঘণ্টাপারুলী বৃক্ষই প্রশস্ত, এই বিষয়ে বিশ্বামিত্র—বচন যথা,—"শ্বেতপুষ্পঃ কৃষ্ণপুষ্পো রক্তপুষ্পস্তথৈব চ। পীতোঽন্যোঽপি বরস্তেষু কৃষ্ণপুষ্পঃ প্রকীর্ত্তিতঃ।"

দগ্ধ করতঃ সেই ক্ষার /৮ আট সের ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ১৬ ষোল সের অবশিষ্ট থাকিতে নামাইয়া কাপড়ছাকা করিয়া ক্বাথ গ্রহণ করিবে। অনন্তর উক্ত ক্বাথে অর্দ্ধ সের শঙ্খচূর্ণ প্রক্ষেপ করিয়া পুনর্ব্বার মন্দ মন্দ অগ্নিতে পাক করিবে। ঘনীভূত হইলে উহাতে সাচিক্ষার, যবক্ষার বা সোরা শুঁঠ, মরিচ, পিপুল, বচ, আকইচ, হিঙ্গু রক্তচিতারমূল, ইহাদের প্রত্যেকের চূর্ণ ৮ মাষা পরিমাণে প্রক্ষেপ করতঃ হাতাদ্বারা উত্তমরূপ আলোড়ন করিয়া পাক শেষ করিবে।

পরে এই ঔষধ একটী লৌহঘটে উত্তমরূপ মুখরুদ্ধ করতঃ রাখিয়া দিবে। প্রতিসারণীয় (ম্রক্ষণীয়) এই ক্ষার অগ্নির ন্যায় তেজস্বী, সুতরাং অর্শঃ স্থানে এই ক্ষার প্রয়োগ করিলে, অর্শরোগের বলী নিশ্চয় পতিত হয়। এস্থলে জানা আবশ্যক যে, ঘন্টা পারুলির বৃক্ষ তিলনাল দ্বারা অন্তর্ধূমে দগ্ধ করিতে হইবে ॥ ৪৯ ॥

তোয়ে কালকমুষ্ককস্ত বিপচেদ্ভস্মাঢকং ষড়্গুণে। পাত্রে লৌহময়ে দৃঢ়ে বিপুলধী র্দর্ব্যা শনৈর্ঘট্টয়ন্। দগ্ধ্বাগ্নৌবহুশঙ্খনাভিশকলান্ পূতাবশেষেক্ষিপেৎ। যদ্বোরগুঞ্জনালমেষ- মহাতিক্ষারোবরোবাকৃশতাৎ। প্রায়- স্ত্রিভাগশিষ্টে স্নিগ্ধচ্ছপৈচ্ছিল্যারক্ত। সংজাত্যে তদাস্রাব্য ক্ষারাম্ভো গ্রাহ্যমিষ্যতে। তুর্য্যেণাষ্টমকেন ষোড়শভবেনাংশেন সংব্যূহিমো। মধ্যঃ শ্রেষ্ঠইতিক্রমেণবিহিতঃক্ষারোদকাচ্ছ- ... নাতিসান্দ্রো নাতিতনুঃ ক্ষার- ... উদাহৃতঃ। চূর্ণমকাদৌ নির্দ্দিষ্টঃ ক্ষা... বাহ্যঃ প্রতিসারণঃ। পানীয়ো যস্ত গুল্মাদৌ তং ধারানেকবিংশতিম্। স্রাবয়েৎ ষড়্গুণে তোয়ে কেচিদাহুশ্চতুর্গুণে ॥ ৫০ ॥

তোয়ে কালকমুষ্ককস্যেতি।—ষড়্গুণেতি ষড়াঢকে ব্যবহারাদকুতদ্বিগুণে, অতএব সুশ্রুতেনোক্তম্ 'দ্বৈগুণ্যং নাড়কেপ্যত্র ভাগমাত্রোপলক্ষণাৎ' ইতি; এতচ্চান্যে দূষয়ন্তি. আঢ়কাদিশ্রুত্যা ত্রাব যদ্দ্বৈগুণ্যং সর্ব্বাগমসিদ্ধং তৎ কথং বাধনীয়ং, নচ ক্বচিত্তন্ত্রে ভাগমাত্রমুক্তম্. যেন ভাগমাত্রোপলক্ষণমিতি বাচ্যং অতএব চক্রেণাপ্যরসাদৈব দ্বৈগুণ্যার্থং ন কিমপি লিখিতম্। দগ্ধ্বাগ্নৌ বহুশঙ্খনাভিশকলান্ পূতাবশেষে ক্ষিপেদিতি ত্রিভাগশেষেণাচ্ছপৈচ্ছিল্যাদিলক্ষণোদয়ে কল্কমপনীয় ছানয়িত্বা ক্ষারাম্বু গ্রাহ্যম্। ততঃ পুনঃ পচেৎ। পশ্চাদাসন্নপাকে বহুশঙ্খনাভিশকলানগ্নৌ দগ্ধ্বা তস্য চূর্ণং তুর্য্যেণেত্যাদি বক্ষ্যমাণানুসারেণ ক্ষিপেৎ; অন্যে তু ত্রিভাগশেষে চতুর্ভাগাবশেষে বা ক্ষারোদকে বস্ত্রপূতে শঙ্খচূর্ণং দত্ত্বা পুনঃ পক্তব্যং, যথা নাতিসান্দ্রমতিতরলঞ্চ স্যাদিত্যাহুঃ। পূতাবশেষ ইত্যত্র পূতাদ্ভিশেষে ইতি কেচিৎ পঠন্তি, তস্মাৎ চতুর্থাংশাবশেষ ক্ষারোদক ইত্যর্থঃ। সম্যক্ সিদ্ধক্ষারলক্ষণমাহ যদ্যেরগুঞ্জনালমিত্যাদি।—এষ ইতি পক্বঃ শীতঃ ক্ষারো যদি নিস্তুচমেরগুনালং লেপেন বাকশতাচ্ছোটিকাশতাদ্ দহতি, তদা বরঃ শ্রেষ্ঠ ইত্যর্থঃ। পূতাবশেষ ইত্যুক্তং, তচ্চ কিয়দবশিষ্টং স্থাপ্যম্ ইত্যাহ প্রায়স্ত্রিভাগ ইত্যাদি। আস্রাব্যেতি বস্ত্রেণ গালয়িত্বা। ইদানীং প্রক্ষেপ্য শঙ্খচূর্ণমানভেদেন প্রতিসারণীয়ক্ষারস্য মৃদ্বাদিভেদমাহ তুর্য্যেণেত্যাদি।—ক্ষারোদকাৎ ইতি ত্রিভাগাবশিষ্টক্ষারোদকমপেক্ষ্য শঙ্খকঃ শঙ্খচূর্ণং যদি তুর্য্যেণ চতুর্থাংশেন বিহিতঃ প্রযুক্তো ভবতি, তদা সম্ব্যূহিম ইতি মৃদুঃ ক্ষারো ভবতি, সংব্যূহিম ইতি মৃদুক্ষারসংজ্ঞা। অষ্টমকেনাষ্টমাংশেন যদি শঙ্খচূর্ণন্দীয়তে, তদা মধ্যঃ ক্ষারঃ; ষোড়শভবেনাংশেন যদি শঙ্খচূর্ণং দীয়তে তদা শ্রেষ্ঠঃ ক্ষার ইত্যর্থঃ। যদ্যপি সংব্যূহিমে ক্ষারোদকাচ্চতুর্থাংশেন দীয়মানং শঙ্খচূর্ণং মধ্যশ্রেষ্ঠক্ষারে দীয়মানশঙ্খচূর্ণাপেক্ষয়া প্রভূতমেব, তথাপি ক্ষারস্য মৃদুত্বমেব ভূয়সা শঙ্খচূর্ণেন ক্ষারোদকস্য তীক্ষ্ণতায়া অভিভূতত্বাৎ। পানীয়ক্ষারে তু ন শঙ্খচূর্ণযোগ ইতি তস্য নৈতে ভেদাঃ। প্রতিসারণীয়ক্ষারপাকলক্ষণং তথা তদ্বিষয়ঞ্চাহ নাতিসান্দ্রেত্যাদি।—প্রতিসারণ ইতি ম্রক্ষণপ্রযোজকঃ। পাতব্যক্ষারোদকস্য বিধানং বিষয়ঞ্চাহ পানীয় ইত্যাদি।—পানীয়ঃ ইতি পাতব্যো যঃ ক্ষারঃ তং ক্ষারং ষড় গুণে চতুর্গুণে বা জলে পাকং

এক বিংশতিবারান্ পরিস্রাব্য ক্ষারোদকমাদায় অন্যো মুক্তচূর্ণেন জলে পক্ত্বা অর্দ্ধাবশিষ্টং কৃত্বা কপড়পূতমাদায় ক্ষারোদকং একবিংশতিবারান্ পরিস্রাবয়েদেবং স প্রতিসারণীয়ক্ষারকল্প অন্য পুনঃপাক ইতি তাৎপর্য্যার্থ ইত্যাহুঃ। যথা মিত্রো- প্যাহ "পানায় তাবন্মাত্র পরিস্রাব্য চতুর্গুণে। জলে চার্দ্ধাবশিষ্টে চ ক্ষারাদেবোগ্রাহ্যমিষ্যতে" ইতি পানায় যদ্যপ্যনং ক্ষারানকবিধানং তদর্থ নিতার্থঃ। পানীয়ক্ষারমাত্র চ পল ত্রুদ্ধার্দ্ধপলরূপা ক্রমাৎ বৃদ্ধমধ্যমাধমবলানলবিষয়া জ্ঞেয়া॥ ৫০॥

কৃষ্ণঘন্টাপারুলির বৃক্ষের কাষ্ঠ তিলের ডাটার অগ্নিদ্বারা অন্তর্ধূমে ভস্ম করিয়া সেই ভস্ম /৮ আট সের এবং জল ৬ ছয় গুণ অর্থাৎ ৪৮ আটচল্লিশ সের (দ্বৈগুণ্য ধরিবে না) গ্রহণ করতঃ দৃঢ় লৌহপাত্রে মৃদু অগ্নিতে পাক করিবে, এবং হাতাদ্বারা বারম্বার আলোড়ন করিতে থাকিবে, যখন নিয়মিত জল শোষ পাইয়া অচ্ছ, পৈচ্ছিল্যাদি লক্ষণ প্রকাশ পাইবে অর্থাৎ ক্ষারোদক পাক কালে প্রায়শঃ এক তৃতীয়াংশ অবশিষ্ট থাকিতেই ক্ষার জল অচ্ছ, পিচ্ছিল ও রক্তবর্ণ হইয়া থাকে; সুতরাং উক্ত লক্ষণ সমূহ প্রকাশ পাইলেই নামাইয়া হস্তদ্বারা উত্তমরূপ চট্‌কাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্ষারজল গ্রহণ করিবে। এবং পুনর্ব্বার লৌহপাত্রে করিয়া মৃদু অগ্নিতে পাক করিতে করিতে ঘনীভূত হইলে, অর্থাৎ আসন্ন পাকে নিম্নোক্ত বিধানে দগ্ধ নাভিশঙ্খ ভস্ম চূর্ণ উহাতে প্রক্ষেপ করিবে। এস্থলে জানা আবশ্যক যে, ক্ষার তিন প্রকার যথা,—মৃদুক্ষার, মধ্যক্ষার ও তীক্ষ্ণ বা শ্রেষ্ঠ ক্ষার। পূর্ব্বোক্ত ক্ষারজলের চতুর্থাংশ (৪ চারি সের) শঙ্খ ভস্ম চূর্ণ প্রক্ষেপ করিলে তাহাকে মৃদুক্ষার, ক্ষারজলের অষ্টমাংশ (২ দুই সের) শঙ্খ ভস্ম চূর্ণ প্রক্ষেপ করিলে তাহাকে মধ্য ক্ষার এবং ক্ষারজলের ষোড়শাংশ (১ এক সের) শঙ্খ ভস্ম চূর্ণ প্রক্ষেপ করিলে তাহাকে তীক্ষ্ণ বা শ্রেষ্ঠক্ষার বলা যায়। ত্বক্ রহিত এরণ্ডনালে (পেঁপের ডাটার) লেপন করিবে যদি একশত মাত্রা (একশত শোটিকা বা তুড়ী) উচ্চারণ সময়ের মধ্যে উহা দগ্ধ হইয়া যায় তাহা হইলে ক্ষার উৎকৃষ্ট হইয়াছে জানিবে। প্রতিসারণীয় (ভ্রক্ষণীয় অর্থাৎ যাহা মালিশ করা যায়) ক্ষার ঘন বা অতি তরল (পাতলা) ভাবে পাক করা কর্ত্তব্য নয়। যাহাতে অনায়াসে রোগস্থলে মালিশ করা যাইতে পারে এরূপ ভাবেই পাক করা উচিৎ।

পানীয় ক্ষারোদক, প্রতিসারণীয় ক্ষারের ন্যায় পাক করা বিধেয় নয়। ক্ষার প্রস্তুত করিয়া ক্ষারের ছয়গুণ বা চারিগুণ জলে মিশ্রিত করতঃ ২১ একুশবার ছাকিয়া লইলেই পানীয় ক্ষার প্রস্তুত করা হইল। কাহারো কাহারো মতে চতুর্গুণ জলে পাক করতঃ অর্দ্ধাবশিষ্ট থাকিতে নামাইবে এবং উহার মধ্যস্থ সিটেগুলি পরিত্যাগ করতঃ ২১ একুশবার ছাকিয়া লইলেই পানীয় ক্ষার প্রস্তুত করা হইল॥ ৫০॥

ক্ষারসূত্রং—

ভাবিতং রজনীচূর্ণৈঃ স্নুহীক্ষীরে পুনঃ পুনঃ। বন্ধনাৎ সুদৃঢ়ং সূত্রং ভিনত্ত্য- র্শোভগন্দরম্। প্রাগ্দক্ষিণং ততো বামং পৃষ্ঠজং চাগ্রজং ক্রমাৎ। পঞ্চ- ভিস্তেন সংস্বেদ্য দহেৎ ক্ষারেণ বহ্নিনা। বাতজং শ্লৈষ্মজং চার্শঃ ক্ষারেণাস্রজপিত্তজে। মহান্তি তনুমূলানি ছিত্ত্বৈব বলিনো দহেৎ। চর্ম্মকীলং তথা ছিত্ত্বা দহেদন্যতরেণ বা। পক্ক- জম্বুপমো বর্ণঃ ক্ষারদগ্ধঃ প্রশস্যতে।

গোজীশেফালিকাপত্রৈরর্শাঃ সংলিখ্য লেপয়েৎ । ক্ষারেণ বাকৃশতং ভিন্দ্যাৎ যন্ত্রদ্বারং পিধায় চ । তৎক্ষাপনীয় বীক্ষেত পক্কজম্বুফলোপমম্ । যদিচস্যাৎ ততোভদ্রং নোচেল্লিম্পেত্তথা পুনঃ । তক্রুষাম্বুপ্লুতং শাল্যং যষ্টীকল্কেন লেপয়েৎ ॥ ন নিম্নং তালবর্ণাভং বহ্নিদগ্ধং স্থিতাসৃজম্ । নির্ব্বাপ্য মধুসর্পির্ভ্যাং বহ্নিসংজাতবেদনাম্ । সম্যগ্দগ্ধে তুগাক্ষীরীপ্লক্ষচন্দনগৈরিকৈঃ । সামৃতৈঃ সর্পিষা যুক্তৈরালেপং কারয়েৎ ভিষক্ । মুহূর্ত্তমুপবেশ্যাসৌ তোয়পূর্ণেঽথ ভাজনে । ক্ষারমুষ্ণাম্বুনা পায্যং বিবন্ধে মূত্রবর্চ্চসোঃ । দাহে বস্ত্যাদিজে লেপঃ শতধৌতেন সর্পিষা । নবান্নং মাষতক্রাদি সেব্যং পাকায় জানতা । পিবেদ্ব্রণবিশুদ্ধ্যর্থং বরাক্বাথং সগুগ্গুলুম্ । জীর্ণে শাল্যন্নমুদ্গাদি পথ্যং তিক্তাজ্যসঙ্কবম্ । রূঢ়সর্ব্বব্রণং বৈদ্যঃ ক্ষারং দত্ত্বানুবাসয়েৎ । পিপ্পল্যাদ্যেন তৈলেন সেবেদ্দীপনপাচনম্ ॥ ৫১ ॥

ক্ষারসূত্রমাহ ভাবিতমিত্যাদি ।—পুনঃ পুনরিতি সপ্তাহমিত্যর্থঃ ॥

প্রাগ্দক্ষিণমিত্যাদি ।—এতচ্চ ক্রমোপদর্শনং মঙ্গলার্থমস্মদ্বিশিষ্টপুরুষগম্যং বা এষ চ ক্রমো যস্য চতুর্ষ্বেব পার্শ্বেষ্বর্শাংসি সন্তি তং প্রত্যেব বোধ্যঃ । যস্য পুনরেকতমপার্শ্বে তস্য তদেব দহনীয়ম্, এষ চ ক্রমঃ ক্ষারে ক্ষারসূত্রেঽগ্নৌ চ । অগ্রজমিতি অণ্ডকোষ-সমীপজং । অস্য চ দাহো বৃদ্ধবৈদ্যৈর্ন ক্রিয়তে ষাণ্ড্যভয়াৎ । পঞ্চতিক্তেনেতি পঞ্চতিক্ত ঘৃতেন পানাদিনা স্নেহয়িত্বেত্যর্থঃ । ক্ষারেণ বহ্নিনা চ উভয়মেব শ্লেষ্মজং বাতজঞ্চ দহেৎ । রক্তজে পিত্তজে পুনঃ ক্ষারেণৈব দহেৎ । ক্ষারোহি সর্ব্বত্রৈবোচিতঃ । যদাহ সুশ্রুতঃ “ক্ষারস্তু সর্ব্বত্রৈবাতিপ্রসিদ্ধো নত্বগ্নিঃ” ইতি । অন্যতরেণেতি ক্ষারেণ বহ্নিনা বা । ক্ষারেণ সম্যগ্দগ্ধস্য লক্ষণমাহ পক্কেত্যাদি ।—পক্কজম্বুসমঃ স্নিগ্ধ কৃষ্ণবর্ণ ইত্যর্থঃ । প্রতিসারণীয়—ক্ষারো যথোপযুজ্যস্তদাহ গোজীত্যাদি ।—গোজী মাখোটকঃ । ক্ষারেণ লেপয়েদিত্যন্বয়ঃ । লঘু ক্ষারোচ্চারণকালো বাক্ তস্যা শতং ছোটীশতং বা । যন্ত্রদ্বারং গুদস্থিতযন্ত্রস্য দ্বারং পিধায় কর্পটাদিনা তদ্বয়িত্বা । পক্কজম্বুফলোপমং সম্যগ্দগ্ধে, হীনদগ্ধে তু লোহিতং ভবতি । যদাহবাভটঃ “পক্কজম্বুসিতং শুষ্কং সম্যগ্দগ্ধং বিপর্য্যয়াৎ । তাম্রাভং তোদকণ্ড্বাদ্যং দুর্গন্ধং তৎ পুনর্দহেৎ । অতিদগ্ধে স্রবেদ্রক্তং মূর্চ্ছাদাহজ্বরাদয়ঃ । গুদে বিশেষাদ্বিণ্মূত্রসংরোধো বাতিবর্ত্তনম । বাতপিত্তপ্রশমনী শীতা তত্র ক্রিয়া হিতা ” ইতি । তুষাম্বু কাঞ্জিকম্ । ন নিম্নমিত্যাদিনা সম্যগ্ বহ্নিদগ্ধলক্ষণম্ । বহ্নিদগ্ধমিতি বহ্নিনা সম্যগ্দগ্ধং ন নিম্নমিত্যাদিলক্ষণযুক্তং ভবতীত্যর্থঃ । তালবর্ণাভমিতি পক্কতালসমবর্ণম্, তালবৃন্তাভমিতি পাঠেঽপি পক্কতালবৃন্তসমবর্ণমিত্যর্থঃ । স্থিতাসৃজমিতি স্থিতরক্তম্, এতচ্চ যদা অর্শশ্ছিত্ত্বা দহ্যতে তদা জ্ঞেয়ম্, দাহশ্চ শিরা-সঙ্কোচত্বেন রক্তস্তম্ভক ইতি । দাহানন্তরং যদ্বিধেয়ং তদাহ নির্ব্বাপ্যেত্যাদি ।—সম্যগ্দগ্ধেঽর্শসীত্যর্থঃ, তুগাক্ষীরী বংশলোচনা, তদভাবে তালক্ষীরী ; প্লক্ষঃ পর্কটি, তস্যবল্কলম্ ; অমৃতা গুড়ূচী, যদ্যপি গুড়ূচী পাকাদুষ্ণবীর্য্যা তথাপি স্পর্শাচ্ছীতৈব, যথা কাঞ্জিকমম্লমপি ভক্ষণাৎ পিত্তকরম্ স্পর্শেন শীতমিতি কৃত্বা পিত্তহরং ভবতি, তেন গুড়ূচ্যা নির্ব্বাপণত্বং চিন্ত্যমিতি কেনচিদুক্তম তদপ্যপাস্তম্ ; কিংবা উষ্ণবীর্য্যায়া অপি গুড়ূচ্যা দ্রব্যান্তরসংযোগমহিম্নৈবাত্র দাহপ্রশমকত্বং জ্ঞেয়ম্ । তোয়পূর্ণ ইতি কোষ্ণতোয়পূর্ণ ইত্যাহুঃ । ক্ষারমুষ্ণাম্বুনেতি ক্ষারং যবক্ষারং । বরাক্বাথমিতি বরা ত্রিফলা । তিক্তাজ্যং পঞ্চতিক্তঘৃতম্ । ক্ষারং দত্ত্বেতি ক্ষারবস্তিং দত্ত্বা ক্ষারবস্তিদানানন্তরং পিপ্পল্যাদ্যেন তৈলেনানুবাসয়েদিত্যর্থঃ ॥ ৫১ ॥

হরিদ্রারচূর্ণ ও মনসাসিজের ক্ষীর মিশ্রিত করিয়া ৭ দিবস পর্য্যন্ত দৃঢ়সূত্রে ভাবনা দিবে অর্থাৎ ক্রমে ৭ দিন ঐ ক্ষীরদ্বারা সূতা পুনঃ পুনঃ ক্ষীরসংযুক্ত ও পুনঃ পুনঃ শুষ্ক করিয়া লইতে হইবে। পরে ঐ সূত্রদ্বারা অর্শঃ কি ভগন্দর দৃঢ়রূপে বন্ধন করিয়া রাখিলে এক দিবস মধ্যেই ছিন্ন হইয়া পতিত হইবে।

যাহার গুহ্যদ্বারের চতুঃপার্শ্বে অঙ্কুর (বলী) উৎপন্ন হইয়াছে তাহাকে পঞ্চতিক্ত ঘৃত পান করাইয়া স্নিগ্ধ করণান্তর প্রথমতঃ দক্ষিণ পার্শ্বের অঙ্কুর, পরে

বাম পার্শ্বের অঙ্কুর সূত্রবন্ধন দ্বারা ছেদন বা ক্ষারদ্বারা দগ্ধ করিবে। অণ্ডকোষের সমীপস্থ অঙ্কুরে সূত্র বন্ধন দ্বারা ছেদন করিবে, কিন্তু ক্ষারদ্বারা দগ্ধ করিবে না।

বাতজ ও শ্লেষ্মজ অর্শ রোগে ক্ষার ও অগ্নি, এই উভয় দ্বারা এবং রক্তজ ও পিত্তজ অর্শ রোগে কেবল ক্ষার দ্বারাই দগ্ধ করিবে। এবং বলবান্ ব্যক্তির স্থূল অর্শের মূলদেশ সংকীর্ণ হইলে উহা ছেদন করিয়া দগ্ধ করিবে। চর্ম্মকীল সমূহ ও ঐ রূপে ছেদন করিয়া ক্ষার কিম্বা অগ্নিদ্বারা দগ্ধ করিবে। অর্শবলী দাহ করিতে করিতে যখন দেখিবে, যে, পাকা জম্বুফলের ন্যায় বর্ণ হইয়াছে তখন সম্যকরূপে দগ্ধ হইয়াছে বলিয়া স্থির করিবে। উহা সম্যকরূপে দগ্ধ না হইলে উহাতে বেদনা, জড়তা প্রভৃতি উপদ্রব উপস্থিত হয়। অতিরিক্ত দগ্ধ হইলেও দগ্ধস্থান রক্তবর্ণ, জ্বালাযুক্ত ইত্যাদি উপদ্রব উপস্থিত হয়।

ক্ষার প্রয়োগের বিধান বলিতেছেন। ক্ষার প্রয়োগ করিতে হইলে প্রবল বায়ু ও আতপশূন্য বিস্তীর্ণ স্থানে রোগীকে উপবেশন করাইয়া বলিস্থান বিশেষরূপ নিরীক্ষণ করতঃ বলীতে গোজীয়া ও শেফালিকা প্রভৃতি কর্কশ পত্র ঘর্ষণ করতঃ তৎপরে ক্ষার প্রয়োগ করিবে। এবং বাক্শতকাল (অর্থাৎ একশত তুড়ী দিতে যে সময়ের আবশ্যক তাহাকে বাকশত কাল বলা যায়) পর্য্যন্ত প্রদত্ত যন্ত্রের মুখাচ্ছাদন করিয়া রাখিবে। তৎপরে ক্ষার অপনয়ন করিয়া দেখিবে পক্কজম্বু ফলের ন্যায় হইয়াছে কি না, যদি তাহা হইয়া থাকে তবে সম্যক্‌রূপে দগ্ধ হইয়াছে জানিতে হইবে নচেৎ পুনর্ব্বার ক্ষার প্রয়োগ করিবে।

অনন্তর পীড়িত স্থান সম্যক্ কাঞ্জিদ্বারা ধৌত করতঃ যষ্টিমধু ও ঘৃতদ্বারা কল্ক প্রস্তুত করিয়া লেপন করিবে। যদি অগ্নিদগ্ধ স্থান নিম্ন না হইয়া তালফলের ন্যায় বর্ণবিশিষ্ট হয় এবং রক্তপতন নিবারিত হয় তবেই সম্যক্‌রূপে দগ্ধ হইয়াছে স্থির করিবে। তৎপরে মধু ও ঘৃতদ্বারা দাহ জনিত জ্বালা নিবারিত করিয়া বংশলোচন, পর্কটী (পাঁকুড়) বৃক্ষে ছাল, রক্তচন্দন গেরিমাটী ও গুলঞ্চ; এই সকল পেষণ করতঃ তাহা ও ঘৃত মিশাইয়া প্রলেপ দিবে। দাস্ত ও মূত্র রোধ হইলে, মুহূর্ত্তকাল ঈষদুষ্ণ জলপূর্ণ পাত্রে উপবেশন করিয়া তৎপরে উষ্ণ জলের সহিত সবক্ষার পান করা বিধেয়। বস্তি প্রভৃতি স্থান দাহ হইলে শতধৌত ঘৃতদ্বারা প্রলেপ প্রদান করিবে। তৎপরে ক্ষতস্থান পাকিবার জন্য নূতন অন্ন, মাষ ও তক্র পথ্য করিবে এবং ক্ষতশোধনের জন্য ত্রিফলার ক্বাথ গুগ্‌গুলুর সহিত পান করিবে। ক্ষতস্থান পূরিয়া উঠিলে ক্ষার প্রয়োগ করিয়া পিপ্পল্যাদি তৈলদ্বারা অনুবাসন ক্রিয়া সম্পন্ন করিবে। এবং রোগীকে দীপন ও পাচন ঔষধ প্রয়োগ করিবে॥ ৫১॥

অগ্নিমুখং লৌহম্—

ত্রিবৃচ্চিত্রকনির্গুণ্ডীস্নুহীমুণ্ডিকাজটাঃ। প্রত্যেকশোঽষ্টপলিকা জলদ্রোণে বিপাচয়েৎ। পলত্রয়ং বিড়ঙ্গস্য ব্যোষাৎ কর্ষত্রয়ং পৃথক্। ত্রিফলায়াঃ পঞ্চপলং শিলাজতুপলং ন্যসেৎ। দিব্যৌষধিহতস্যাপি বৈক-

কৃতহতস্য বা। পলদ্বাদশকং দেয়ং রুক্মলোহস্য চূর্ণিতম্। পলৈশ্চতুর্বিংশতিভির্মধুশর্করয়োর্যুতম্। ঘনীভূতে সুশীতে চ দাপয়েদবতারিতে। এতদগ্নিমুখং নাম চূর্ণামান্তকরং পরম্। যমর্মগ্নিং করোত্যাশু কালাগ্নিসমতেজসম্। পর্বতা অপি জীর্য্যন্তি প্রাশনাদস্য দেহিনঃ। গুরুবৃষ্যান্নপানানি পয়োমাংসরসোহিতঃ। চূর্ণামপাণ্ডুশ্বয়থুকুষ্ঠপ্লীহোদরাপহম্। অকালপলিতশ্বিত্রদামবাতগুদাময়ম্। ন সরোগোঽস্তি যশ্চাপি ন নিহন্যাদিদং ক্ষণাৎ। করীরকাঞ্জিকাদীনি ককারাদীনি বর্জ্জয়েৎ। স্রবত্যতোঽন্যথালোহং দেহাৎকিট্টঞ্চ দুর্জ্জরম্ ॥৫২

অগ্নিমুখলৌহমাহ ত্রিবৃচ্চিত্রকে-ত্যাদি।—অত্র মণ্ডিকা মুণ্ডিরী, তজ্জটা ভূম্যামলকী, অস্যাঃ স্থানে জটেতি পাঠে ত্রিবৃদাদীনাং মূলমিত্যর্থঃ। এষাঞ্চ জলদ্রোণে কাথশ্চ চতুর্থভাগাবশিষ্টঃ ষোড়শশরাবরূপোঽর্থবশাদেব সিদ্ধঃ; পৃথগিত্যনেন ব্যোষস্য প্রত্যেকং ত্রিকর্ষমানত্বম্, ত্রিফলায়াশ্চ মিলিত্বা পঞ্চ পলানি। এষাঞ্চ বিড়ঙ্গাদিশিলাজত্বন্তচূর্ণানাং পাকাবতারসময়ে প্রক্ষেপঃ। দিব্যৌষধিঃ স্বর্ণমাক্ষিকং মনঃশিলা বা শালিকো ককনী বা অন্যত্র তু মনঃশিলাহতসোত্তিপাঠাত্তদ্দর্শনান্মনঃশিলেতি যুক্তম্। লৌহমারণন্তু সর্বাণ্যেবাবিরুদ্ধানি; বৈকঙ্কতঃশুতস্য যেতি রাত্ৰায়াং বহিষ্কীতি খ্যাতং, বাঙ্গেন্দ্ৰাদিষু বয়কঙ্কোলিরিতি খ্যাতম্। কিন্তু স্বর্ণমাক্ষিকাদিকং বিনা সম্যক্ লৌহমারণং ন সিধ্যতি; অবশ্যতৎসাধনদ্বয়সমুচ্চয়েনাপি কর্ত্তব্যম্, রুক্মলৌহং কান্তব্যতিরিক্তং বজ্রপাণ্ডাদিকৃষ্ণলৌহং, তদুক্তং নির্ঘণ্টৌ "তীক্ষ্ণমায়সমন্ত্রপেথপিণ্ডং রুক্মরুক্মকৃত্তিঃ কৃষ্ণলৌহনামানি" অত্রানুক্তস্যাপি গব্যঘৃতস্য চতুর্বিংশতিপলানি পাকারম্ভসময়এব বৃদ্ধবৈদ্যৈর্দীয়ন্তে, ঘৃতং বিনা কচিদপি লৌহস্য পাকাদর্শনাৎ, অতএব কচিৎ পলৈশ্চতুর্বিংশত্যাজ্যশর্করয়োরপীতি পাঠান্তরং কেচিৎ পঠন্তি মধুশর্করয়োশ্চতুর্বিংশতিপলানি মিলিত্বা; শর্করাযুক্তাজ্যাৎপাকে রাত্রিপর্য্যষিতে শীতে মধুনঃ প্রক্ষেপঃ, তেন শর্করায়া দ্বাদশ পলানি, মধুনোদ্বাদশপলানি ঘৃতস্য চ চতুর্বিংশতিপলানীতি। তত্তৃণবিধিরমৃতসারলৌহবৎ ॥ ৫২ ॥

তেউড়ী, চিতা, নিঃশঙ্খা, মনসাবীজ, মুণ্ডিরী, ভূম্যামলকী; ইহাদের প্রত্যেকে এক সের পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ ৬৪ সের জলে সিদ্ধ করিয়া ১৬ যোলসের অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে এবং বিড়ঙ্গ ৩ তিন পল (২৪ তোলা), মরিচ, পিপুল ও শুঁঠ; ইহারা প্রত্যেকে ৬ ছয় তোলা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) মিলিত ৫ পাঁচপল (৪০ তোলা), শিলাজতু ১ একপল (৮ আট তোলা); ইহাদিগের অর্থাৎ বিড়ঙ্গ হইতে শিলাজতু পর্য্যন্ত দ্রব্যগুলির অতি সূক্ষ্মচূর্ণ এবং মনঃশিলা বা বস্থুর (বৈঁচবৃক্ষ) দ্বারা সংশোধিত উৎকৃষ্ট রুক্ম লৌহ ১২ দ্বাদশ পল (/১॥০ দেড়সের), (৫) উৎকৃষ্ট গব্য ঘৃত ২৪ পল (/৩ তিন সের), শর্করা ১২ দ্বাদশ পল (/১॥০ সের) ও মধু ১২ দ্বাদশ পল গ্রহণ করতঃ নিম্নোক্ত বিধানে পাক করিবে। অর্থাৎ প্রথমতঃ পাত্রে ঘৃত উষ্ণ করিয়া পূর্ব্বোক্ত লৌহভস্ম নিক্ষেপ করিবে। অনন্তর পূর্ব্বোক্ত তেউড়ী প্রভৃতির কাথে উক্ত ১২ দ্বাদশ পল শর্করা মিশ্রিত করতঃ উহাতে প্রদান করিবে এবং পাক করিতে করিতে ঘনীভূত হইলে অর্থাৎ আসন্নপাকে বিড়ঙ্গ হইতে শিলাজতু পর্য্যন্ত দ্রব্যগুলির চূর্ণ প্রক্ষেপ দিয়া নামাইবে। শীতল হইলে পূর্ব্বোক্ত মধু ১২ দ্বাদশ পল মিশ্রিত করিয়া লইবে। ইহার নাম অগ্নিমুখ

(৫) অচ্যে ঘৃত উক্ত না থাকিলেও পাকারম্ভ সময়ে ঘৃত /৩ সের দিতে হইবে, যেহেতু ঘৃত ভিন্ন লোহ পাকের বিধি নাই, প্রমাণ যথা,—
কচিৎপলৈশ্চতুর্বিংশত্যাজ্য শর্করয়োরপি।

লৌহ। ইহা অর্শরোগের সাক্ষাৎ যমের স্বরূপ অর্থাৎ শ্রেষ্ঠ ঔষধ। ইহাদ্বারা অতি শীঘ্র মন্দাগ্নি, কালাগ্নি সদৃশ প্রদীপ্ত হয়। এবং ইহা সেবনে অর্শ, পাণ্ডু, শোথ প্রভৃতি রোগও প্রশমিত হয়। অধিক কি, উক্ত ঔষধ সেবন করিলে তৎক্ষণাৎ সমস্ত রোগই বিনষ্ট হইয়া থাকে। উক্ত ঔষধ যথোপযুক্ত মাত্রায় সেবন করিয়া প্রচুর পরিমাণে বলকারক ও গুরুপাকী দ্রব্য আহার করিবে। পরন্তু কচু, কলা ককারাদি কোন দ্রব্যই ভক্ষণ করিবে না ॥ ৫২ ॥

ভল্লাতকলৌহম্—

চিত্রকং ত্রিফলামুস্তং গ্রন্থিকং চবিকামৃতা। হস্তিপিপ্পল্যপামার্গদণ্ডোৎপলকুঠেরকাঃ। এষাং চতুষ্পলান্ ভাগান্ জলদ্রোণে বিপাচয়েৎ। ভল্লাতকসহস্রে দ্বে ছিত্বা তত্রৈবদাপয়েৎ। তেনপাদাবশেষেণ লৌহপাত্রে পচেদ্ভিষক্। তুলার্দ্ধং তীক্ষ্ণলৌহস্য ঘৃতস্য কুড়বদ্বয়ম্। ত্র্যূষণং ত্রিফলাবহ্নিসৈন্ধবং বিড়মৌদ্ভিদম্। সৌবর্চ্চলবিড়ঙ্গানি পলিকাংশানি কল্পয়েৎ। কুড়বং বৃদ্ধদারস্য তালমূলাস্তথৈব চ। শূরণস্য পলান্যষ্টৌ চূর্ণং কৃত্বা বিনিক্ষিপেৎ। সিদ্ধে শীতে প্রদাতব্যং মধুনঃ কুড়বদ্বয়ম্। প্রাতর্ভোজনকালে চ ততঃ খাদেদ্যথাবলম্। অর্শাংসি গ্রহণীদোষং পাণ্ডুরোগমরোচকম্। ক্রিমিগুল্মাশ্মরীমেহান্ শূলঞ্চাশু ব্যপোহতি। করোত্যগ্নিক্রোপচয়ং বলীপলিতনাশনম্। রসায়নমিদং শ্রেষ্ঠং সর্ব্বরোগহরং পরম্ ॥৫৩॥

চিতা, ত্রিফলা, মুথা, পিপ্পলীমূল, চই, গুলঞ্চ, গজপিপ্পলী, আপাঙ্গ, দণ্ডোৎপল ও পর্ণাশ (রামতুলসী); ইহাদের প্রত্যেকে ৪ চারি পল, জল ৬৪ চৌষট্টি সের, ভেলা ২০০০ হাজার থেত্‌লা করিয়া ঐ জলে প্রদান করতঃ পাক করিয়া পাদশেষ অর্থাৎ চতুর্থাংশ থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে। পরে সেই ভাণ্ডে ঘৃত /২ দুই সের, ও তীক্ষ্ণ লৌহ চূর্ণ /৬৷৹ সোয়াছয় সের দিয়া ঐ ক্বাথজলদ্বারায় পাক করিবেক, এবং ত্রিকটু (শুঁঠ, পিপুল, মরিচ), ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), চিতা, সৈন্ধবলবণ, বিট্‌লবণ, উদ্ভিদলবণ, সৌবর্চ্চলবণ ও বিড়ঙ্গ প্রত্যেকে ১ একপল, বৃদ্ধদারক (বিস্তারক) ও তালমূলী, ইহারা প্রত্যেকে /৷৹ অর্দ্ধ সের এবং ওল /১ এক সের; এই সকল দ্রব্য চূর্ণ করিয়া প্রক্ষেপার্থ গ্রহণ করিবে। প্রথমতঃ পাত্রে ঘৃত উষ্ণ করিয়া উক্ত লৌহ চূর্ণ /৬৷৹ সোয়া ছয় সের প্রদান করিবে। অনন্তর পূর্ব্বোক্ত চিতা, ত্রিফলা প্রভৃতির ক্বাথ উহাতে নিক্ষেপ করতঃ পাক করিতে থাকিবে এবং পাক করিতে করিতে ঘনীভূত হইলে অর্থাৎ আসন্ন পাকে ত্রিকটু প্রভৃতির চূর্ণগুলি প্রক্ষেপ করতঃ নামাইয়া রাখিবে। শীতল হইলে মধু ২ দুই সের মিশ্রিত করিয়া লইবে। অনন্তর বলানুসারে মাত্রাস্থির করতঃ প্রাতঃকালে এবং আহারের সময়ে সেবন করিবে। রসায়ন শ্রেষ্ঠ,

*ভল্লাতকলৌহে কুঠেরকঃ পর্ণাশঃ। ভল্লাতকসহস্রে দ্বে ইত্যাকৃতিমানাৎ। তত্রৈবেতি জলদ্রোণে। তীক্ষ্ণলৌহস্যেতি রক্তপাত্যাদিলৌহস্য। গব্যঘৃতস্য কুড়বদ্বয়মিতি দ্বৈগুণ্যাৎ প্রোক্তপলদ্বয়মিতি এবং মধুনোঽপি; সিদ্ধে চ ত্রুষ্ণাদীনাং প্রক্ষেপঃ; সর্ব্বমপরমমৃতসারবৎ; অত্রাপ্যমৃতসারোক্তবিধিনা পুটিতং বাতার্য্যাদি-অত্যানীক-দ্রব্যপুটিতঞ্চ লৌহং গ্রাহ্যং ভল্লাতকাদিবিধিরপি তথৈব ॥ ৫৩ ॥

সর্ব্বরোগ নাশক এই ঔষধ সেবন করিলে অর্শ, এবং বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ, সর্ব্বপ্রকার গ্রহণী, পাণ্ডু, অরুচি, ক্রিমি, গুল্ম, অশ্মরী (পাথরী), প্রমেহ ও শূল প্রভৃতি রোগ অতি সত্বর প্রশমিত ও শুক্র বৃদ্ধি হয় এবং ইহা বলীপলিত প্রভৃতি বার্দ্ধক্যলক্ষণ সমূহ বিনষ্ট করিয়া থাকে ॥ ৫৩ ॥

রসগুড়িকা—

রসস্বপাদিকস্তুল্যা বিড়ঙ্গমরিচাভ্রকাঃ।
গঙ্গাপালঙ্কজরসে খল্লয়িত্বা পুনঃ পুনঃ।
রক্তিমাত্রা গুড়া দার্শোঘ্নী বহ্নেরত্যর্থ-দীপনী। বেগাবরোধস্ত্রীপৃষ্ঠযানমুৎ-কটকাসনম্। যথাস্বং দোষলং চান্ন-মর্শসঃ পরিবর্জয়েৎ ॥ ৫৪ ॥

রসস্বপাদিক ইতি বিড়ঙ্গাদীনামেকতমভাগাপেক্ষয়া, তেন বিড়ঙ্গমরিচাভ্রকাণাং প্রত্যেকং ত্রয়োভাগাঃ, পারদস্যৈকোভাগ ইত্যর্থঃ। শোধিত পারদ ২ মাষা, মারিতাভ্রচূর্ণ বিড়ঙ্গ মরিচপ্র ৬ মাষা। গ্রন্থান্তরেপি রসভাগাপেক্ষয়া বিড়ঙ্গমরিচাভ্রকাণাং প্রত্যেকং ভাগত্রয়মুক্তম্। গঙ্গাপালঙ্কেতি পালঙ্কসদৃশপত্রং গঙ্গাপালঙ্কং, গাঙ্গরাই ইতি খ্যাতম্। পুনঃ পুনরিতি সপ্তাহমাত্রং কৃতং নিয়মইত্যর্থঃ। রসাভ্রকশোধনঞ্চ ক্ষুধাবত্মুক্তবিধয়ৈব বিধেয়ম্। পৃষ্ঠযানং হস্ত্যশ্বাদিপৃষ্ঠেগমনম্। ৫৪।

শোধিত পারদ ২ দুই মাষা ও শোধিত গন্ধক ২ দুই মাষা একত্র মর্দ্দন করতঃ কজ্জলী প্রস্তুত করিবে। পরে উহাতে অভ্র চূর্ণ ৬ ছয় মাষা, বিড়ঙ্গচূর্ণ ৬ ছয় মাষা ও মরিচ চূর্ণ ৬ ছয় মাষা মিশ্রিত করতঃ গঙ্গাপালঙ্গের (গাঙ্গরাই) রসদ্বারা মর্দ্দন করিবে। ইহা ১ রতি মাত্রায় অর্শরোগীকে পুনঃ পুনঃ সেবন করিতে দিবে। ইহাদ্বারা অত্যন্ত অগ্নিবৃদ্ধি হইয়া থাকে। সূত্রে গন্ধকের উল্লেক না থাকিলেও পারদের তুল্য গন্ধক দিতে হইবে।

মল মূত্রাদির বেগধারণ, স্ত্রীসেবা, পৃষ্ঠযানারোহণ (হস্তি অশ্বাদিতে আরোহণ) এবং উৎকটাসন, আর যে সকল আহারদ্বারা অর্শরোগ বৃদ্ধিপ্রাপ্ত হয় তাহাও পরিত্যাগ করিবে ॥ ৫৪ ॥

ইতি অর্শরোগ-চিকিৎসা।

অথাগ্নিমান্দ্য-চিকিৎসা।

সমস্যাগ্নেরক্ষণং কার্য্যং বিষমে বাতনিগ্রহঃ। তীক্ষ্ণে পিত্তপ্রতীকারো মন্দে শ্লেষ্মবিশোধনং ॥ ১ ॥

অর্শঃ কার্য্যক্তোক্তদনন্তরমগ্নিমান্দ্যাদি চিকিৎসামাহ সমস্যেত্যাদি। রক্ষণমিতি পালনম্ বাতনিগ্রহোবাতস্য প্রশমন ইত্যর্থঃ। ১।

অগ্নিমান্দ্য চিকিৎসায় অগ্নির সাম্যতা রক্ষা এবং বিষম অগ্নিতে বায়ুর উপশম, তীক্ষ্ণাগ্নিতে পিত্তের প্রতিকার এবং মন্দাগ্নিতে শ্লেষ্ম সংশোধন করা কর্ত্তব্য॥১

হিঙ্গ্বষ্টকং চূর্ণং—

ত্রিকটুকমজমোদাসৈন্ধবং জীরকেদ্বে
সমধরণধৃতানামষ্টমোহিঙ্গুভাগঃ।
প্রথমকবলভুক্তং সর্পিষাচূর্ণমেত
জ্জনয়তি জঠরাগ্নিং বাতরোগাংশ্চহন্যাৎ

ত্রিকটুকমিত্যাদি। বাভটমায়ং যোগো গুল্মাধিকারে পঠিতঃ। অজমোদা যমানী এবং সর্ব্বত্রান্তঃপরিমার্জ্জনে; বহিঃ সম্মার্জ্জনে পুনরজমোদৈব, উক্তং হি "অন্তঃসম্মার্জ্জনে প্রায়োহজমোদাচ যমানিকা। বহিঃ সম্মার্জ্জনে জ্ঞেয়া চাজমোদাঽজমোদিকেতি। সমধরণধৃতানামিতি ধরণং তুলা তয়া সমং যথা স্যাত্তথা ধৃতানাং; অন্যে তু পলদশমাংশোধরণং, সমাশ্চ তে ধরণধৃতাশ্চেতি বিগ্রহঃ। অষ্টমোহিঙ্গুভাগ ইতি ত্রিকটুাদীনাং সপ্ত ভাগাস্তদেকভাগস্যমো হিঙ্গুভাগ ইত্যর্থঃ। বাতরোগাংশ্চ হন্তীতাত্র বাভটে বাতগুল্মাংশ্চ হন্তীতি ক্বচিৎপাঠঃ। ২।

ত্রিকটু, যমানী, সৈন্ধব, জীরা, কৃষ্ণজীরা, হিঙ্গু; এই সকল দ্রব্য প্রত্যেকে

সমান অংশে চূর্ণ করতঃ সমুদায় একত্রিত করিয়া যথাপরিমাণে ঘৃত পরিপ্লুত ভক্তের (ভাতের) প্রথম গ্রাসের সহিত সেবন করিবেক। ইহাদ্বারা উদরাগ্নির বৃদ্ধি ও বাতরোগ সমূহ বিনষ্ট হইয়া থাকে॥ ২॥

সমযবশূকমহৌষধচূর্ণং লীঢ়ং ঘৃতেন গোসর্গে। কুরুতেক্ষুধাংস্মুখোদকং পীতং বিশ্বৌষধমেকং॥ ৩॥

সমেত্যাদৌ।—যবশূকো যবক্ষারঃ। বিশ্বৌষধং মেকমিতি বাশব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া ইবার্থে বাশব্দো বা। গোসর্গে গোঃ সূর্য্যকিরণস্য সর্গে মোক্ষে প্রাতরিত্যর্থঃ॥ ৩॥

যবক্ষার ও শুঁঠ সমান ভাগে ঘৃতের সহিত প্রাতে লেহন করিবে। অথবা এক মাত্র শুঁঠের চূর্ণ পূর্ব্বোক্ত নিয়মে সেবন করিবে। অনন্তর শীতল জলপান করিবে। ইহাদ্বারাও অগ্নি প্রদীপ্ত হইয়া থাকে॥ ৩॥

অম্লমণ্ডং পিবেদুষ্ণং হিঙ্গুসৌবর্চ্চলান্বিতং। বিষমোঽপি সমস্তেন মন্দো দীপ্যেত পাবকঃ॥ ৪॥

অম্লমণ্ডমিত্যাদি।—অম্লস্য মণ্ডো অম্লমণ্ড ইতি কশ্চিৎ। অন্যে তু চতুর্দ্দশগুণাম্বুসাধিত এব তোঽম্লশব্দেনোচ্যতে, অম্লপদং সুরামণ্ডাদিনিরাসার্থমিত্যাহুঃ॥ ৪॥

হিঙ্গু ও সৌবর্চ্চল সংযুক্ত উষ্ণ অন্নমণ্ড ভোজন করিলে, বিষম অগ্নির সাম্যাবস্থা ও মন্দাগ্নি প্রজ্বলিত হয়॥ ৪॥

অম্লমণ্ডগুণাঃ—

ক্ষুদ্বোধনোবস্তি বিশোধনশ্চ
প্রাণপ্রদঃ শোণিত বর্দ্ধনশ্চ।
জ্বরাপহারী কফপিত্তহন্তা
বায়ুঞ্জয়েদষ্ট গুণোহিমণ্ডঃ॥ ৫॥

ক্ষুদ্বোধন ইত্যাদি।—অষ্টগুণো হি মণ্ড ইতি তণ্ডুলানাং প্রস্থতয়ঞ্চ চতুর্দ্দশগুণাম্বুনা: কটুকতক্রং, মধুরো সৈন্ধব... চুটৈলং। এতৈশ্চ সর্ব্বৈঃ মণ্ড ইত্যস্যানুক্রমের যদ্যপি মাধবকারেণ ক্ষুদ্বোধে ঘৃততণ্ডুলেত্যাদিবচনমুক্তং ক্ষুদ্বোধনেত্যাদি পাঠং পঠিতং তথাপ্যম্লমণ্ডস্যাপি মণ্ডসামান্যাদেতৎ গুণাষ্টকং জ্ঞেয়ম্। কৃষ্ণপুরী ধন্যাকং তত্র ... ভৃষ্টং গ্রাহ্যং, বিধিঃ পুনরস্য যথোক্তমাদৌ তণ্ডুলমুক্তৌ তক্র-জলে যুক্ত্যা দত্ত্বা বিপাচ্য মণ্ডো গ্রাহ্যঃ। পশ্চাৎ ত্রিকটুকাদিভির্ব্বিধা সংস্কার ইতি॥ ৫॥

ক্ষুধাবর্দ্ধক, মূত্রাশয়শোধক, বলকারক, শোণিতবর্দ্ধক, জ্বরঘ্ন কফ, পিত্ত ও বায়ু প্রশান্ত কারক, মণ্ড এই আট প্রকার গুণ বিশিষ্ট॥ ৫॥

তীক্ষ্ণাগ্নিশ্চিকিৎসামাহ।

নারীক্ষীরেণ সংযুক্তাং পিবেদোডুম্বরীং ত্বচং। আভ্যাং বাপায়সংসিদ্ধং পিবেদত্যগ্নি শান্তয়ে। যৎকিঞ্চিদ্ গুরুমেধ্যঞ্চ শ্লেষ্মকারিচ ভেষজং। সর্ব্বং তদত্যগ্নিহিতং ভুক্ত্বাপ্রস্বপনং দিবা॥৬॥

অত্যগ্নিচিকিৎসামাহ নারীক্ষীরেনেত্যাদি।—উডুম্বরত্বচঃ কর্ষঃ; পায়সপক্ষে তু তণ্ডুলস্য পলং, তণ্ডুলং নারীক্ষীরস্যানুরূপং দত্ত্বা পায়সঃ কার্য্যঃ। যৎকিঞ্চিদিত্যাদি মহিষীদুগ্ধাদি॥ ৬॥

স্তনদুগ্ধদ্বারা যজ্ঞডুমুরের ছাল বাটিয়া তাহার ১ এক তোলা মাত্রায় দিবসে দুইবার সেবন করিলে অত্যগ্নি প্রশমিত হয় অথবা নারীরদুগ্ধ,যজ্ঞডুমুরের ছালের কল্ক ও অনুরূপ তণ্ডুল ও চিনি দিয়া পায়স পাক করতঃ ভক্ষণ করিলে অত্যগ্নি নিবারণ হয়। যে কিছু গুরু এবং মেধ্য ও শ্লেষ্মজনক ঔষধ তাহা অত্যগ্নিতে হিতকর এবং ভোজনান্তে দিবা শয়ন ও হিতকর। যজ্ঞডুমুরের ত্বক্ ৪ চারি তোলা, চাউল ৮ আট তোলা, স্তনদুগ্ধ এক সের এবং চিনি এক পোয়া। এইরূপ পরিমাণ দ্রব্যদ্বারা পায়স প্রস্তুত করিয়া সেবন করিতে পারা যায়॥ ৬॥

মুহুর্মুহুরজীর্ণেঽপি ভোজ্যমস্যোপকল্পয়েৎ। নিরিন্ধনোঽন্তরং লব্ধা যথৈনং ন নিপাতয়েৎ॥ ৭॥

মুহুর্মুহুরিত্যাদি।—অজীর্ণেঽপি মুহুর্মুহুর্ভোজনমস্যোপকল্পয়েৎ যথা নিরিন্ধনোঽগ্নিঃ অন্তরমত্যন্নকালং লব্ধা, এনমাতুরং ন নিপাতয়েৎ ন মারয়েৎ; ধাতুপাকাদিতি ভাবঃ। উক্তং হি "আহারমগ্নিঃ পচতি দোষ নাহারবর্জ্জিতঃ। ধাতূন্ ক্ষীণেষু দোষেষু ন জীবেদ্ধাতুসংক্ষয়ে" ইতি॥ ৭॥

অত্যগ্নি রোগে আহার জীর্ণ হইলে পুনঃ পুনঃ আহার করিতে দিবেক, যেহেতু জঠরাগ্নি অন্নাদিরূপ কাষ্ঠ বিহীন হইলে অন্তর্ধাতুকে শোষণ করতঃ রোগীকে বিনষ্ট করিতে পারে॥ ৭॥

বিশ্বাভয়াগুড়ূচীনাং কষায়েণ ষড়ূষণং। পিবেৎ শ্লেষ্মণিমন্দেঽগ্নৌ ত্বক্পত্রৈঃসুরভীকৃতং। পঞ্চকোলং সমরিচং ষড়ূষণ মুদাহৃতং॥ ৮॥

বিশ্বাভয়েত্যাদ।—ত্বক্ গুরত্বক্; ত্বক্পত্রে সুরভিতাত্রত্র-কারকে দেয়ে। পঞ্চকোলংসমরিচং ষড়ূষণমিতি; তদুক্তং "মরিচং পিপ্পলী শুণ্ঠী ত্র্যূষণং সমুদাহৃতম্ পিপ্পলীমূলসংযুক্তং চতুরূষণমুচ্যতে। সাগ্নিপঞ্চোষণঞ্চৈব সচব্যঞ্চ ষড়ূষণমিতি। এতচ্চ ষড়ূষণং প্রক্ষেপ-বিষয়ে জ্ঞেয়ম্॥ ৮॥

শুঁঠ, হরীতকী, গুলঞ্চ; এই দ্রব্যগুলি দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। এই কাথে ষড়ূষণ প্রক্ষেপ ও তেজপত্র ও দারুচিনির চূর্ণ দ্বারা সুগন্ধি যুক্ত করতঃ শ্লেষ্মজনিত অগ্নিমান্দ্য রোগে সেবন করিতে দিবে। ষড়ূষণ যথা।—পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা, শুঁঠ ও মরিচ॥ ৮॥

হরীতকী ভক্ষ্যমাণা নাগরেণ গুড়েন বা। সৈন্ধবোপহিতাবাপি সাতত্যেনাগ্নিদীপনী॥ ৯॥

হরীতকীত্যাদি।—সুক্তঃকলা; যোগত্রয়মেতৎ; শুণ্ঠ্যা কফে, গুড়েন বাতে, সৈন্ধবেন দোষত্রয়েঽপি বিশেষাদাতকফে॥ ৯॥

অর্দ্ধ তোলা বা এক তোলা পরিমিত হরীতকী জলদ্বারা পেষণ করতঃ তাহার সহিত কিঞ্চিৎ শুঁঠ, গুড় অথবা সৈন্ধব মিশ্রিত করতঃ প্রাতঃকালে সেবন করিলে, স্বাভাবিক অগ্নির উদ্দীপন হয়॥ ৯॥

সিন্ধূত্থপথ্যমগধোদ্ভব বহ্নিচূর্ণং,
উষ্ণাম্বুনা পিবতি যঃ খলুনষ্টবহ্নিঃ।
তস্যামিষেণ সঘৃতেন বরং নবান্নং,
ভস্মীভবত্যশিতমাত্র মিহক্ষণেন॥ ১০

সিন্ধূত্থেত্যাদি।—পথ্যা হরীতকী, হ্রস্বত্বমিহ ছান্দসত্বাৎ। মগধোদ্ভবা পিপ্পলী। অত্রাপি পূর্ব্ববদ্ধ্রস্বত্বং। বরং প্রকৃষ্ট মিতি যাবৎ। মাংসঘৃতাভ্যামধিকমপীত্যর্থঃ। কেচিদিহ সৈন্ধবাদীনাং মানভেদার্থং নাতিপ্রসিদ্ধং হরিশচন্দ্রমতং বর্ণয়ন্তি। তদ্যথা—"হরীতকী হরীতর তুল্য ষড়্গুণা চতুর্গুণা চতুরবিনা সপিপ্পলী দ্বিচিত্রকং বরবহ্নৈক-সৈন্ধবং রসায়নং কুরু নৃপ বহ্নিদীপনং" ইতি। ব্যবহারস্তু সমভাগেনেতি॥ ১০॥

সৈন্ধব, হরীতকী, পিপুল ও চিতার চূর্ণ সমভাগে মিশ্রিত করিয়া উপযুক্ত মাত্রায় উষ্ণ জলের সহিত সেবন করিয়া মাংস, ঘৃত ও নবান্ন প্রভৃতি আহার করিলেও অল্প সময়ের মধ্যে পরিপাক হয়॥ ১০॥

সিন্ধূত্থহিঙ্গু ত্রিফলা যমানী
ব্যোষৈগুড়াংশৈগুড়িকান্ প্রকুর্য্যাৎ
তৈর্ভক্ষিতৈস্তু প্রিনবাপ্নুয়ান্না
ভুঞ্জীতমন্দাগ্নি রপিপ্রভূতং॥ ১১॥

সিন্ধূত্থেত্যাদৌ।—গুড়াংশৈরিতি এক দ্রব্যসমোঽত্র গুড়ভাগঃ, প্রায়েণ হিঙ্গ্বাদিকেঽগ্নিসাদে শ্লেষ্মণি চ গুড়ো বহুতরো ন যুক্ত ইত্যাহুরেকে। অন্যে তু সর্ব্বচূর্ণ পেক্ষয়া দ্বিগুণো, গুড়ঃ, তস্মাদ্ গুড়াদর্দ্ধং সমুদিতচূর্ণং, তেন গুড়াংশমিতি, মোদকে দ্বিগুণো গুড় ইতি বচনমনুগৃহীতং ভবতীত্যাহুঃ। ভুক্তিমবাপ্নুয়াদিতি মন্দাগ্নিরপি তাবৎ প্রভূতং ভুঙ্ক্তে যাবত্তৃপ্তিমবাপ্নোতি। অন্যত্র

বহ্নিতি পাঠে পুনরত্যগ্নিত্বাৎ প্রভূতভোজনেঽপি ন তৃপ্তিমাপ্নোতীত্যর্থঃ ।। ১১ ।।

সৈন্ধব, হিঙ্গু, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), যমানী, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ); এই সকল দ্রব্যের চূর্ণ এবং সমস্ত চূর্ণের সমান গুড় একত্র মিশ্রিত করতঃ পাক করিয়া গুড়িকা প্রস্তুত করিবে। উক্ত গুড়িকা উপযুক্ত মাত্রায় সেবন করিলে অত্যন্ত অগ্নিবৃদ্ধি হয়, এবং প্রচুর পরিমাণে আহার করিয়াও জীর্ণ করিতে পারে ॥ ১১ ॥

বিড়ঙ্গভল্লাতক চিত্রকামৃতাঃ
সনাগরাস্তুল্যগুড়েন সর্পিষা।
লিহন্তি যে মন্দ হুতাশনানরাঃ
ভবন্তি তে বাড়বতুল্যবহ্নয়ঃ ॥১২॥

বিড়ঙ্গেত্যাদৌ।—তুল্যগুড়েনেত্যত্র যুক্তা ইত্যাচার্য্যাং, তেনৈব ভাগসমো গুড়ঃ। কেবলঘৃতেনৈব লিহন্তীতি ব্যাখ্যানয়ন্তি কেচিৎ। অন্যে তু তুল্যগুড়েনেতি পদং সর্পির্বিশেষণং বর্ণয়িত্বা সমস্তচূর্ণাপেক্ষয়া দ্বিগুণেন মিলিত্বা গুড়সর্পিষা লেহ ইতি ব্যাচক্ষতে; যুক্তঞ্চৈতৎ নাগার্জ্জুনোক্তবচনসামর্থ্যাৎ; তথা হি "সংচূর্ণিতা গুড়ূচী বিড়ঙ্গভল্লাতকনাগরহুতাশাঃ। জ্বলয়ন্তি জঠরাগ্নিং সমেন গুড়সর্পিষা লীঢ়া ইতি ।। ১২ ।।

বিড়ঙ্গ, শোধিত ভেলা, চিতা, গুলঞ্চ, শুঁঠ; ইহাদিগের চূর্ণ সমানাংশ এবং সমস্ত চূর্ণের দ্বিগুণ ইক্ষুগুড় ও ঘৃত মিশ্রিত করতঃ উপযুক্ত মাত্রায় লেহন করিলে মন্দাগ্নিরোগ নষ্ট হইয়া বাড়বাগ্নি সদৃশ অগ্নি প্রজ্বলিত হয় ॥ ১২ ॥

গুড়েনশুণ্ঠী মথবোপকুল্যাং
পথ্যাং তৃতীয়ামথ দাড়িমস্য।
আমেষজীর্ণেষু গুদাময়েষু
বর্চ্চোবিবন্ধেষু চ নিত্যমদ্যাৎ॥১৩॥

গুড়েন শুণ্ঠীমিত্যাদি।—পথ্যাং তৃতীয়ামিতি [illegible] । তত্র সমস্তপক্ষে গুড়েনেতি পদং পথ্যাং তৃতীয়ামিতি পদঞ্চ শুণ্ঠ্যাদিষু প্রত্যেকং যোজ্যং, তেন গুড়েন পথ্যাং তৃতীয়াং শুণ্ঠীং ত্যেকেন [illegible] । [illegible] তৃতীয়মুপকুল্যামিতি দ্বিতীয়ং। [illegible] তৃতীয়ং দাড়িমমিতি চিকিৎসিতানন্তরোক্তমিতি যোগত্রয়ং যথাসংখ্যমামাজীর্ণাদিষু রোগেষু যোজ্যম্। যত্তু, গুড়শুণ্ঠীভক্ষণং গুড়পিপ্পলীভক্ষণঞ্চ, তদস্মিন্ ব্যাখ্যানে প্রয়োগান্তরমেব। যদা তু পথ্যাং তৃতীয়ামিত্যসমস্তপাঠ স্তদা গুড়েনেতি পদং শুণ্ঠ্যাদিষু চতুর্ষু প্রত্যেকং যোজ্যং; তেন চত্বারো যোগা যথাক্রমমামাদিষু চতুর্ষু যোজ্যাঃ। অস্মিন্ পক্ষে তৃতীয়ামিতি পদং যোগব্যবচ্ছেদার্থং জ্ঞেয়ম্ ।। ১৩ ।।

গুড় ও শুঁঠ চূর্ণ অথবা গুড় ও পিপ্পলী চূর্ণ অথবা গুড় ও হরীতকী চূর্ণ অথবা গুড় ও দাড়িম্ব চূর্ণ একত্র মিশ্রিত করিয়া আমদোষে, অজীর্ণে ও অর্শরোগে এবং বিড়্‌বিবন্ধে নিত্য সেবন করিলে বিশেষ উপকার হইয়া থাকে ॥ ১৩ ॥

ভোজনাগ্রে সদাপথ্যং জিহ্বা-কণ্ঠ-
বিশোধনং। অগ্নিসন্দীপনং হৃদ্যং
লবণার্দ্রক ভক্ষণং ॥ ১৪ ॥

ভোজনাগ্রে ইত্যাদি স্পষ্টম্। ইদন্তু যোগং সর্ব্বেঽপ্যাদ্রিয়ন্তে প্রত্যক্ষফলত্বাৎ সহজলভ্যত্বাচ্চ ।। ১৪ ।।

ভোজনের পূর্ব্বে সৈন্ধবলবণ ও আদা প্রত্যহ সেবন করিবে। ইহাদ্বারা অগ্নির উদ্দীপন, জিহ্বা ও কণ্ঠদেশ পরিষ্কৃত হয়, এবং ইহা হৃদয়েরও হিতকারক ॥ ১৪ ॥

কপিত্থতক্রচাঙ্গেরী মরিচাজাজীচিত্রকৈঃ। কফবাতহরোগ্রাহী খড়্গো-
দীপন পাচনঃ ॥ ১৫ ॥

কপিত্থেত্যাদৌ।—কফবাতহর ইত্যেব পাঠঃ ন তু কফপিত্তহর ইতি, দ্রব্যগুণপর্য্যালোচনয়া কপিত্থাদীনাং বাতকফহন্তৃত্বাৎ। খড় ইতি যূষবিশেষস্য পারিভাষিকী সংজ্ঞা, অস্য বিধানঞ্চাজীর্ণাধিকারএবোক্তম্ ।। ১৫ ।।

কদবেল, তক্র (ঘোল), আমরুল, মরিচ, জীরা ও চিতা; এই সকল দ্রব্যের সহিত খড়যূষ প্রস্তুত করিবে, (এই যূষ

পাকের বিধান আমাতীসার অধিকারে উক্ত হইয়াছে) উক্ত ষড়ঙ্গ অগ্নির দীপ্তিকারক, পাচক, কফ ও বাতনাশক এবং ধারক ॥ ১৫ ॥

শার্দ্দূলকাঞ্জিকং—

পিপ্পলীশৃঙ্গবেরঞ্চ দেবদারু সচিত্রকং। চবিকাং বিল্বপেষীঞ্চ অজমোদাঞ্চ হরীতকীং। মহৌষধং যমানীঞ্চ ধান্যকং মরিচন্তথা। জীরকঞ্চাপি হিঙ্গুঞ্চ কাঞ্জিকং সাধয়েদ্ভিষক্। এষশার্দ্দূলকো নাম কাঞ্জিকোঽগ্নিবলপ্রদঃ। সিদ্ধার্থ তৈলসংভৃষ্টং দশরোগান্ ব্যপোহতি। কাসং শ্বাসমতীসারং পাণ্ডুরোগং সকামলং। আমঞ্চ গুল্মশূলঞ্চ বাতগুল্মং সবেদনং। অর্শাংসিশ্বয়থুঞ্চৈব ভুক্তেপীতে চ সাত্ম্যতঃ। ক্ষীরপাক বিধানেন কাঞ্জিকস্যাপি সাধনং ॥ ১৬ ॥

পিপ্পলীত্যাদৌ।—বিল্বপেষী বিল্বশলাটুঃ, শৃঙ্গবেরম্ আর্দ্রকং। পাকাৎ ত্রিভাগশেষে কাঞ্জিকে কটুতৈলে সন্তলনম্, হিঙ্গুজীরকয়োশ্চ প্রক্ষেপ ইত্যুপাদিশক্তি বৃদ্ধাঃ। সাত্ম্যতোঽভ্যাসাদিত্যর্থঃ। ক্ষীরপাকবিধানেনেতি দ্রব্যাদষ্টগুণং ক্ষীরমিত্যাদি পরিভাষয়া; অতএবোক্তমমাত্র ক্ষীরমন্ত্বার নামানাং নাস্তি পাকোঽন্তসা বিনা। সম্যক্ পাকো নগচ্ছেত্তু, তস্মাত্তোয়ং চতুর্গুণমিতি ॥১৬।

পিপ্পলী, শুঁঠ, দেবদারু, চিতা, চৈ, বেলশুঠ, বনযমানী, হরীতকী, আর্দ্রক, যমানী, ধনিয়া, মরিচ, জীরা ও হিঙ্গু; এই সকল দ্রব্যের সহিত ক্ষীরপাক বিধানানুসারে কাঞ্জিক পাক করিবে, অর্থাৎ উক্ত দ্রব্যগুলি দুই তোলা, কাঞ্জিক ১৬ ষোল তোলা এবং জল ৬৪ চৌষট্টি তোলা দ্বারা পাক করিতে করিতে যখন জলশোষ পাইয়া কাঞ্জিক মাত্র অবশিষ্ট থাকিবে তখন নামাইয়া ছাকিয়া লইবে। অনন্তর সর্পতৈলে সন্তলন (সন্তার) করতঃ আহারীয় দ্রব্যের সহিত অথবা প্রতি দিবস পান করিবে। ইহাদ্বারা কাস, শ্বাস, অতীসার, পাণ্ডুরোগ, কামলা, আম, গুল্ম, শূল, বেদনা সহিত বাতগুল্ম, অর্শ ও শোথ প্রভৃতি রোগ বিনষ্ট হইয়া থাকে। অপর ঔষধ দ্রব্যের মধ্যে যে হিঙ্গু ও জীরা আছে তাহা কেহ কেহ প্রক্ষেপ রূপে ব্যবহার করিয়া থাকেন ॥ ১৬ ॥

অগ্নিমুখং চূর্ণং—

হিঙ্গুভাগো ভবেদেকো বচা চ দ্বিগুণা-ভবেৎ। পিপ্পলী ত্রিগুণা চৈব শৃঙ্গবেরং চতুর্গুণং। যমানিকা পঞ্চগুণা ষড়্গুণা চ হরীতকী। চিত্রকং সপ্তগুণিতং কুষ্ঠং চাষ্টগুণং ভবেৎ। এতদ্বাতহরং-চূর্ণং পীতমাত্রং প্রসন্নয়া। পিবেদ্দধ্না মস্তুনা বা সুরয়াকোষ্ণবারিণা। সোদাবর্ত্তমজীর্ণঞ্চ প্লীহানমুদরন্তথা। অঙ্গানি যস্য শীর্য্যন্তে বিষং বা যেন ভক্ষিতং। অর্শোহরং দীপনঞ্চ শ্লেষ্মঘ্নং গুল্মনাশনং। কাসং শ্বাসং নিহন্ত্যাশু তথৈবযক্ষ্মনাশনং। চূর্ণমগ্নিমুখং নাম ন ক্বচিৎ প্রতিহন্যতে ॥১৭॥

হিঙ্গুভাগ ইত্যাদৌ।—দ্বিগুণেত্যাদ্যভাগাপেক্ষয়া এবং ত্রিগুণেতি। প্রসন্নয়েতি সনিরুদ্ধ বাতে, দধ্নেতি শুষ্কবাতে, মস্তুনেতি অল্পকফবাতে, সুরয়া কফবাতে, উষ্ণবারিণা সামবাতে কফে চ ॥ ১৭ ॥

হিঙ্গু ১ এক ভাগ, বচ ২ দুই ভাগ, পিপ্পলী ৩ তিন ভাগ, শুঁঠ ৪ চারি ভাগ, যমানী ৫ পাঁচ ভাগ, হরীতকী ৬ ছয় ভাগ, চিতা ৭ সাত ভাগ ও কুড় ৮ আট ভাগ; এই সমুদয় দ্রব্যের চূর্ণ একত্র মিশ্রিত করতঃ উপযুক্ত পরিমাণে প্রসন্না (মদ্যবিশেষ), দধি, মস্তু (দধির-মাত), সুরা অথবা উষ্ণ জলের সহিত

সেবন করিবে। অর্থাৎ বিবদ্ধবাতে প্রথমার সহিত, শুষ্কবাতে দধির সহিত, অম্ল কফবাতে মস্তুর সহিত, কফবাতে সুরার সহিত ও আমবাতে শুকফে উষ্ণজলের সহিত সেবন করিবে। ইহা ব্যতীত ইহাদ্বারা অগ্নির দীপ্তি হয় এবং উদাবর্ত্ত, অজীর্ণ, প্লীহা, উদর, অর্শ, গুল্ম, শ্লেষ্মা, কাস, শ্বাস, যক্ষ্মা প্রভৃতি রোগও বিনষ্ট হইয়া থাকে। এবং যাহার সমস্ত অঙ্গ শীর্ণ অথবা যে ব্যক্তি বিষপান করিয়াছে তাহার পক্ষেও উক্ত ঔষধ মহোপকারী। অধিক কি এই অগ্নিমুখ-চূর্ণ কোন রোগ নিবারণ করিতেই হীনবীর্য্য নহে॥ ১৭॥

পানীয়ভক্তগুড়িকা—

রসোঽর্দ্ধভাগিক স্তুল্যা বিড়ঙ্গ মরিচাভ্রকাঃ। ভক্তোদকেন সংমর্দ্দ্য কুর্য্যাৎ গুঞ্জানিভান্ গুড়ীন্। ভক্তোদকানুপানৈকা সেব্যা বহ্নিপ্রদীপনী। বার্য্যন্নভোজনঞ্চাত্র প্রয়োগেসাত্ম্যমিষ্যতে॥ ১৮॥

পানীয়ভক্তগুড়িকায়াং রসোর্দ্ধ ভাগিক ইত্যেকভাগাপেক্ষয়, কেচিদত্র কজ্জলিকার্থং রসসার্দ্ধং গন্ধকং ক্ষিপন্তি। বিড়ঙ্গাদীনাং প্রত্যেকং রসাপেক্ষয়া দ্বিগুণোভাগঃ। অপোঽধিকারোক্তরসগুড়িকাযাস্তু বিড়ঙ্গাদীনাং রসাপেক্ষয়া প্রত্যেকং ত্রিগুণো ভাগ ইতি ভেদঃ। ভক্তোদকেনে ত্যত্র ভক্তপানীয়েন॥ ১৮॥

রস অর্দ্ধ ভাগ, গন্ধক এক সিকি লইয়া কজ্জলী প্রস্তুত করিবে এবং বিড়ঙ্গ, মরিচ, ও অভ্র প্রত্যেকে এক এক ভাগ উহাতে মিশ্রিত করিবে। ইহা ভাতের কাঁজির সহিত পেষণ করিয়া এক রত্তি পরিমিত বটিকা করিবে। এবং ভাতের কাঁজিদ্বারা বটী মর্দ্দিয়া ভক্ষণ করিবে। ইহাদ্বারা অগ্নি প্রদীপ্ত হয়। এই ঔষধ প্রয়োগে জলযুক্ত অন্ন নিরন্তর সেবনাভ্যাস করিবে॥ ১৮॥

বৃহদগ্নিমুখং চূর্ণং—

দ্বৌক্ষারৌচিত্রকং পাঠাকরঞ্জলবণানি চ। সূক্ষ্মৈলাপত্রকং ভার্গীক্রিমিঘ্নং হিঙ্গুপৌষ্করং। শঠীদার্ব্বীত্রিবৃন্মুস্তং বচাসেন্দ্রযবস্তথ। ধাত্রীজীরকবৃক্ষাম্লং শ্রেয়সীচোপকুঞ্চিকা। অম্লবেতসমল্লীকা যমানী সুরদারুচ। অভয়াতিবিষাশ্যামা হবুষারগ্বধং সমং। তিলমুষ্ককাশিগ্রূণাং কোকিলাক্ষ পলাশয়োঃ। ক্ষারাণিলৌহকিট্টঞ্চ তপ্ত গোমূত্র সেচিতং। সর্ব্বাণি সমভাগানি সূক্ষ্মচূর্ণানি কারয়েৎ। মাতুলুঙ্গরসেনৈব ভাবয়েচ্চ দিনত্রয়ং। দিনত্রয়ঞ্চ শুক্তেন চার্দ্রক স্বরসেন চ। অত্যগ্নিকারকং চূর্ণং প্রদীপ্তাগ্নি সমপ্রভং। উপযুক্ত—বিধানেন নাশয়ত্যচিরাদমান্। অজীর্ণকমথো-গুল্মং প্লীহানং গুদজানিচ। উদরান্ত্র বৃদ্ধিঞ্চ চাষ্ঠীলাং বাতশোণিতং। প্রণুদত্যুল্বনান্ রোগান্নষ্টং সগ্নিঞ্চ দীপয়েৎ। সমস্ত ব্যঞ্জনোপেতং ভক্তং দত্ত্বা সুভাজনে। দাপয়েদস্য চূর্ণস্য বিড়াল পদমাত্রকং। গোদোহ মাত্রাৎ তৎসর্ব্বং দ্রবীভবতি লোষ্ঠকং॥ ১৯॥

বৃহদগ্নিমুখে।—করঞ্জং করঞ্জমূলস্য ত্বক্; যন্ত্রেতস্য সুশ্রুতেন কোহিজারপুর্ব্বানাং ক্রমণিত্যনেন বন্য গ্রহণমুক্তমিষ্টং, তস্যোচ্চারনিষয়ঃ জ্ঞেয়ঃ। লবণানি পঞ্চলবণানি, বৃক্ষাম্লং মহার্দ্রকং; শ্রেয়সী গজপিপ্পলী; এবং সর্ব্বত্রাগ্নিদীপনযোগে বাতে পরং শ্রেষ্ঠস্যাং রাস্না-গৃহ্যতে। উপকুঞ্চিকা স্বল্পকৃষ্ণজীরকং, অম্লিকা তিন্তিড়ী, এবমুর্ব্বত্রাগ্নিদীপনযোগে পুরীষ-সংগ্রহার্থে; পুনরম্লিকা চাঙ্গেরী গৃহ্যতে। শ্যামা বৃদ্ধদারকঃ; আরগ্বধং শোণাককম্বম্, তিলশব্দেনাত্র তিলনাল-গ্রহণং ক্ষারার্থ-

তত্র পুরাণং গ্রাহ্যম্। ক্ষেত্রজস্থ কিট্টং পৃথগেব পার্থিবত্রবাং মণ্ডূরাদিতি। তপ্তং গোমূত্রসেচিতমিতি অগ্নিবর্ণং কৃত্বা সপ্তধা গোমূত্রনির্বাপিতমিত্যর্থঃ; এবং সর্ব্বত্র মণ্ডূরশোধনং জ্ঞেয়ং। শুক্তেনেতি গ্রহণ্যুক্তসন্ধানবিশেষেণ, তদভাবে কাঞ্জিকেন, এবমন্যত্রাপি বোধ্যম্। গোদোহমাত্রান্তু গোদোহনমাত্রকালঃ॥ ১৯॥

সাচিক্ষার, যবক্ষার, চিতা, আকনাদি, ডহরকরঞ্জমূলেরছাল, পঞ্চলবণ (সৌবর্চ্চল, বিট্, সৈন্ধব, উদ্ভিদ ও সমুদ্রলবণ), ছোটএলাচি, তেজপত্র, বামনহাটী, বিড়ঙ্গ, হিঙ্গু, পুষ্করমূল (অভাবে কুড় ব্যবহার হয়) শঠী, দারুহরিদ্রা, তেউড়ী, মুথা, বচ, ইন্দ্রযব, আমলকী, জীরা, মহার্দ্রক, গজপিপ্পলী, ছোটকৃষ্ণজীরা, থৈকল, তেঁতুল, যমানী, দেবদারু, হরীতকী, আতইচ, শ্যামা (বিস্তারক), হবুষা, সোঁদালফল; এই সকল দ্রব্যের চূর্ণ এবং তিলের ডাঁটা, ঘন্টাপারুলী, সজিনা, কোকিলাক্ষ (কুলখাড়) ও পলাশের ছাল; এই সমস্ত দ্রব্যের যথারীতি প্রস্তুত ক্ষার এবং তপ্ত গোমূত্রে শোধিত মণ্ডূর; এই সমুদয় দ্রব্য সমভাগে চূর্ণ করিয়া ছোলঙ্গলেবুর রসদ্বারা তিন দিবস, শুক্তদ্বারা তিন দিবস ও আদার রসদ্বারা তিন দিবস ভাবনা দিবেক, অর্থাৎ ইহাদিগের রসদ্বারা পরিপ্লুত করতঃ রৌদ্রে শুষ্ক করিবে। প্রদীপ্ত অগ্নিতুল্য এই চূর্ণ যথোপযুক্ত বিধানে সেবন করিলে, অজীর্ণ, গুল্ম, প্লীহা, অর্শঃ, উদর, অন্ত্রবৃদ্ধি, অষ্ঠীলা, বাতরক্ত প্রভৃতি রোগ অতি সত্বর বিনষ্ট হয়। এবং উৎপন্ন রোগ সকল বিনষ্ট করিয়া মন্দাগ্নিকে প্রদীপ্ত করিয়া থাকে। উত্তম পাত্রে সমুদয় ব্যঞ্জনের সহিত অন্ন ভোজন সময়ে এই ঔষধ ২ দুই তোলা পরিমাণে সেবন করিলে, স্বল্পকাল (গোদোহন কাল) মধ্যে উষ্মাঃ সহিত আহারীয় দ্রব্য সমুদয় জীর্ণ হইয়া যায়॥ ১৯॥

ভাস্করলবণং—

পিপ্পলী পিপ্পলীমূলং ধন্যাককৃষ্ণজীরকং। সৈন্ধবঞ্চ বিড়ঞ্চৈব পত্রং তালীশকেশরং। এষাং দ্বিপলিকান্ ভাগান্ পঞ্চসৌবর্চ্চলস্য চ। মরিচাজাজি শুণ্ঠীনামেকৈকস্য পলং পলং। ত্বগেলেচার্দ্ধ ভাগেচ সামুদ্রাৎ কুড়বদ্বয়ং। দাড়িমাৎ কুড়বঞ্চৈব দ্বেপলেচাম্লবেতসাৎ। এতৎ চূর্ণীকৃতং শ্লক্ষ্ণং গন্ধাঢ্য মমৃতোপমং। লবণং ভাস্করং নাম ভাস্করেণ বিনির্ম্মিতং। জগতস্তু হিতার্থায় বাতশ্লেষ্মাময়াপহং। বাতগুল্মং নিহন্ত্যেতৎ বাতশূলানি যানিচ। তক্র মস্তু সুরা সীধু শুক্ত কাঞ্জিক যোজিতং। জাঙ্গলানাম্ভ মাংসেন রসেষু বিবিধেষু চ। মন্দাগ্নে রগ্নতঃ শক্তো ভবেদাশ্বেব পাবকঃ। অর্শাংসি গ্রহণীদোষং কুষ্ঠাময়-ভগন্দরান্। হৃদ্রোগমামদোষাংশ্চ বিবিধানুদরস্থিতান্। প্লীহানমশ্মরীঞ্চৈব শ্বাসকাসোদরক্রিমীন্। বিশেষতঃ শর্করাদীন্ রোগান্নানাবিধাং স্তথা। পাণ্ডুরোগাংশ্চ বিবিধান্নাশয়ত্যশনির্যথা॥ ২০॥

ভাস্করলবণে।—কেশরং নাগকেশরপুষ্পং। পঞ্চসৌবর্চ্চলস্যেতি পঞ্চপলানি সৌবর্চ্চল স্যেত্যর্থঃ ত্বগেলে চার্দ্ধভাগিক ইতি পলাপেক্ষয়া, তেন ত্বগেলয়োঃ প্রত্যেকমর্দ্ধপলমিত্যর্থঃ। গন্ধাঢ্যমিতি পত্রতালীশাদিদ্রব্যযোগাদেব, ন পুনস্ত্রগত্রচাতুর্জ্জাত প্রক্ষেপেণ॥ ২০॥

পিপুল, পিপুলমূল, ধনিয়া, কৃষ্ণজীরা, সৈন্ধব, বিটলবণ, তেজপত্র, তালীশপত্র, নাগকেশর; ইহারা প্রত্যেকে ২ দুই

পল, সৌবর্চ্চল, ৫ পাঁচ পল, মরিচ, জীরা, শুঁঠ ; ইহারা প্রত্যেকে ১ এক পল, দারুচিনি ৪ চারি তোলা, এলাচ ৪ চারি তোলা, সমুদ্রলবণ /১ এক সের, দাড়িমের খোসা /॥০ অর্দ্ধ সের এবং বৈকল ২ দুই পল ; এই সমুদয় দ্রব্যের অতি সূক্ষ্মচূর্ণ করতঃ একত্র মিশ্রিত করিবে। এই লবণ অমৃত তুল্য। ইহার নাম ভাস্করলবণ। এই ঔষধ সেবন করিলে বাতশ্লেষ্মজন্য রোগ, বাতগুল্ম ও বাতশূল বিনষ্ট হয়। এই ঔষধ, ঘোল, দধিরমাত, মদ্য শীধু, শুক্ত, কাঞ্জিক ও বিবিধ প্রকার জাঙ্গল মাংসরস অনুপানে সেবন করিবে। ইহা সেবনে মন্দাগ্নি ব্যক্তিও বিশেষ রূপ ভোজন করিতে সমর্থ হয়। এবং ইহা অর্শঃ, গ্রহণী, বিবিধ কুষ্ঠ, ভগন্দর, হৃদ্রোগ, আমদোষ, বিবিধ উদররোগ, প্লীহা, অশ্মরী, শ্বাস, কাস, শর্করাদি বিবিধ রোগ, ক্রিমি ও নানা প্রকার পাণ্ডুরোগ সকল বজ্রাহত বৃক্ষের ন্যায় বিনষ্ট হইয়া থাকে। জগতের হিতের জন্য, গন্ধাঢ্য, অমৃত তুল্য এই ভাস্কর লবণ প্রথমতঃ সূর্য্য প্রস্তুত করিয়াছিলেন ॥ ২০ ॥

অগ্নিঘৃতং—

পিপ্পলী পিপ্পলীমূলং চিত্রকো হস্তিপিপ্পলী। হিঙ্গুচব্যাজমোদা চ পঞ্চৈব লবণানি চ। দ্বৌক্ষারৌ হবুষা চৈব দদ্যাদৰ্দ্ধপলোন্মিতান্। দধিকাঞ্জিক শুক্তানি স্নেহমাত্রা সমানি চ। আর্দ্রক স্বরসপ্রস্থং ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। এতদগ্নিঘৃতং নাম মন্দাগ্নীনাং প্রশস্যতে। অর্শসাং নাশনং শ্রেষ্ঠং তথা-গুল্মোদরাপহং। গ্রন্থ্যর্ব্বুদাপচীকাস-কফ-মেদানিলানপি। নাশয়ত্যেষ—

হণীদোষং শ্বয়থুং স ভগন্দরং। যে চ বস্তিগতা রোগা যে চ কুক্ষি সমাশ্রিতাঃ। সর্ব্বাং স্তান্নাশয়ত্যাশু সূর্য্যস্তম ইবোদিতঃ ॥ ২১ ॥

পিপ্পলীতাদি।—স্বল্পাগ্নিঘৃতে হস্তিপিপ্পলী গজপিপ্পলী, অজমোদা বস্তগন্ধা (বনযমানী), দ্বৌ ক্ষারৌ যবক্ষারঃ সর্জ্জিকাক্ষারশ্চ ॥ ২১ ॥

পিপুল, পিপুলমূল, চিতা, গজপিপ্পলী, হিঙ্গু, চৈ, যমানী, পঞ্চলবণ (সৈন্ধবলবণ, বিটলবণ, উদ্ভিদলবণ, সৌবর্চ্চললবণ এবং সমুদ্রলবণ), যবক্ষার, সাচিক্ষার, হবুষা (অভাবে ধনিয়া) ; ইহাদের প্রত্যেকের উত্তমরূপ কল্কিত কল্ক ৪ চারি তোলা, দধি ৪ চারি সের, কাঞ্জিক ৪ চারি সের, শুক্ত ৪ চারি সের ও আদার স্বরস ৪ চারি সের ; এই সকল দ্রব্য সহিত ঘৃত ৪ চারি সের যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। প্রথমতঃ ঘৃত অগ্নিসন্তাপে উষ্ণ করতঃ উপযুক্ত পরিমাণ জল ও কল্ক অর্থাৎ পিপুল হইতে হবুষা পর্য্যন্ত দ্রব্যগুলি উত্তম রূপ কুট্টিত করিয়া ঘৃতে প্রদান পূর্ব্বক পাক করিতে থাকিবে। অনন্তর ক্রমে দধি, কাঞ্জিক ও শুক্ত প্রভৃতি জলীয় দ্রব্যদ্বারা পাক করিবে এবং জলীয়াংশ শোষ পাইলে ছাকিয়া সিটে সমূহ পরিত্যাগ করতঃ পুনঃ পাক করিতে থাকিবে, যখন শেষ পাকের লক্ষণ সকল প্রকাশ পাইবে তখন নামাইয়া ছাকিয়া লইবে। ইহার নাম অগ্নিঘৃত। এই ঘৃত মন্দাগ্নি ব্যক্তির সম্বন্ধে বিশেষ উপকারী। এবং অর্শঃ, গুল্ম, উদররোগ, গ্রন্থি, অর্ব্বুদ, অপচী, কাস, গ্রহণী, শোথ, কফ, মেদ, বায়ু, ভগন্দর এবং বস্তি ও কুক্ষিগত রোগসমূহ সূর্য্যকিরণে বিভগ্ন প্রাপ্ত অন্ধকারের ন্যায় বিনষ্ট হইয়া থাকে ॥ ২১ ॥

মন্থর ষট্পলকং ঘৃতং—

পলিকৈঃ পঞ্চকোলৈস্তু ঘৃতং প্রস্থ চতুর্গুণং। সক্ষারৈঃ সিদ্ধমগ্নাগ্নি কফ-গুল্মং বিনাশয়েৎ ॥ ২২ ॥

মন্থুমট্পলকে ঘৃতস্য প্রস্থঃ, "অনির্দ্দিষ্ট প্রমাণানাং স্নেহানাং প্রস্থইষ্যতে" ইত্যুক্তেঃ। পলিকৈ প্রত্যেকশঃ, কল্কস্তু স্নেহ পাদিক ইত্যুক্তং ॥ ২২ ॥

পিপুল ১ এক পল, পিপুলমূল ১ এক পল, চৈ ১ এক পল, চিতা ১ এক পল, শুঁঠ ১ এক পল, যবক্ষার ১ এক পল; এই সকলের উত্তম রূপ কুট্টিত কল্ক এবং দধিরমাত ১৬ ষোল সেরের সহিত ৪ চারি সের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। ইহা উপযুক্ত মাত্রায় সেবন করিলে, অগ্নিমান্দ্য, কফ ও গুল্মরোগ বিনষ্ট হয় ॥ ২২ ॥

বড়বামুখচূর্ণ—

পথ্যা নাগর কৃষ্ণা করঞ্জ বিল্বাগ্নিভিঃ সিতাতুল্যৈঃ। বড়বামুখং বিজয়তে গুরুতরমপি ভোজনঞ্চূর্ণং ॥ ২৩ ॥

হরীতকী, শুঁঠ, পিপুল, ডহরকঞ্জার-ছাল, বেলশুঠ ও চিতা; এই সকল সমভাগে লইয়া চূর্ণ করিবে। পরে সর্ব্ব চূর্ণ সমান চিনি মিশ্রিত করিয়া লইবে। ইহার নাম বড়বামুখচূর্ণ। এই চূর্ণ উপযুক্ত মাত্রায় সেবন করিয়া গুরুতর আহার করিলেও তাহা অতি শীঘ্র জীর্ণ হয়। ইহার মাত্রা দুই আনা হইতে চারি আনা পর্য্যন্ত ॥ ২৩ ॥

বৃহদগ্নি ঘৃতং—

ভল্লাতকসহস্রার্দ্ধং জলদ্রোণে বিপাচয়েৎ। অষ্টভাগাবশেষঞ্চ কষায়মবতারয়েৎ। ঘৃতপ্রস্থং সমাদায় কল্কানীমানিদাপয়েৎ। ত্র্যূষণং পিপ্পলীমূলং চিত্রকোহস্তিপিপ্পলী। হিঙ্গুচব্যাজমোদাচ পঞ্চৈব লবণানি চ। দ্বৌ-ক্ষারৌ হবুষাচৈব দদ্যাদর্দ্ধপলোন্মিতান্। দধিকাঞ্জিকশুক্তানি স্নেহমাত্রা সমানি চ। আর্দ্রক স্বরসঞ্চৈব শোভাঞ্জনরসস্তথা। তৎসর্ব্বমেকতঃ কৃত্বা শনৈর্ম্মৃদ্বগ্নিনা পচেৎ। এতদগ্নিঘৃতং নাম মন্দাগ্নীনাং প্রশস্যতে। অর্শসাং নাশনং শ্রেষ্ঠং মূঢ়বাতানুলোমনং। কফবাতোদ্ভব-গুল্ম শ্লীপদেচ দকোদরে। শোথং পাণ্ডাময়ং কাসং গ্রহণীং শ্বাসমেব চ। এতান্ বিনাশয়ত্যাশু তমঃ সূর্য্য ইবোদিতঃ ॥ ২৪ ॥

বৃহদগ্নিঘৃতে।— ভল্লাতকতহস্রার্দ্ধমিত্যাকৃতিমানাৎ; শোভাঞ্জনরসঃ শোভাঞ্জনস্য মূলত্বচঃ স্বরসঃ ॥ ২৪ ॥

ছিন্নভেলা ৫০০ পাঁচশত, ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ৮ আট সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। অনন্তর মরিচ, পিপুল, শুঁঠ, পিপুলমূল, চিতা, গজপিপ্পলী, হিঙ্গু, চৈ, যমানী, পঞ্চলবণ (সৈন্ধব, বিট, সৌবর্চ্চল, উদ্ভিদ ও সমুদ্রলবণ), যবক্ষার, সাচিক্ষার, হবুষা, (অভাবে ধনিয়া); ইহাদের প্রত্যেকের ৪ চারি তোলা পরিমাণ উত্তম রূপ কুট্টিত অথবা পেষিত কল্ক এবং পূর্ব্বোক্ত ভেলার ক্বাথ ৮ আট সের, দধি ৪ চারি সের, শুক্ত ৪ চারি সের, কাঁজি ৪ চারি সের, আদার-রস /৪ চারি সের, সজিনাছালের রস /৪ চারি সের; এই সকল দ্রব্য সহিত ৪ চারি সের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে ক্রমে পাক করিবে। এই বৃহদগ্নি ঘৃত মন্দাগ্নি ব্যক্তির সম্বন্ধে প্রধান ঔষধ, অর্শরোগ নাশক এবং মূঢ়বাতের অনুলোমন কারক। এবং ইহা দ্বারা বাতশ্লেষ্মজন্য গুল্মরোগ, শ্লীপদ, জলোদর, শোথ

পাণ্ডু, কাস, গ্রহণী ও তমকশ্বাস; এই সকল রোগ সূর্য্যোদয়ে অন্ধকার বিনাশের ন্যায় অতি শীঘ্র বিনষ্ট হইয়া থাকে ॥ ২৪ ॥

ক্ষারগুড়ঃ—

দ্বেপঞ্চমূলে ত্রিফলামর্কমূলং শতাবরীং। দন্তী চিত্রকমাস্ফোতাং রাস্নাং পাঠাং সুধাং শটীং। পৃথগ্দশপলান্ ভাগান্ দগ্ধা ভস্মসমাবপেৎ। ত্রিঃসপ্তকৃত্বস্তদ্ভস্মজলদ্রোণে চ গালয়েৎ। তদ্রসং সাধয়েদগ্নৌ চতুর্ভাগাবশেষিতং। ততো গুড়তুলাং দত্বা সাধয়েন্মৃদুনাগ্নিনা। সিদ্ধং গুড়ন্তু বিজ্ঞায় চূর্ণানীমানিদাপয়েৎ। বৃশ্চকালীং দ্বিকাকল্যৌ যবক্ষারং সমাবপেৎ। এতে পঞ্চপলাভাগাঃ পৃথক্ পঞ্চপলানি চ। হরীতকী ত্রিকটুকং সর্জ্জিকাং চিত্রকাং বচাং। হিঙ্গুপ্লবে তসাভ্যাঞ্চ দ্বেপলে তত্র দাপয়েৎ। অক্ষপ্রমাণাং গুড়িকাং কৃত্বাখাদেদ্ যথাবলং। অজীর্ণং জরয়ত্যেষজীর্ণে সন্দীপয়ত্যপি। ভুক্তং ভুক্তঞ্চ জীর্য্যেত পাণ্ডুত্বমপকর্ষতি। প্লীহার্শঃ শ্বয়থুঞ্চৈব শ্লেষ্মকাসনরোচকং। মন্দাগ্নি নিষমাগ্নীনাং কফেকণ্ঠোরসিস্থিতে। কুষ্ঠানি চ প্রমেহাংশ্চ গুল্মং চাশু ব্যপোহতি। খ্যাতঃ ক্ষারগুড়োহ্যেষ রোগযুক্তে প্রয়োজয়েৎ ॥ ২৫ ॥

বৃহৎ পঞ্চমূল (বেল, শ্যোণা, গাম্ভারী, পারুল ও গণিয়ারী) স্বল্পপঞ্চমূল (শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর), ত্রিফলা, আকন্দের মূল, শতমূলী, দন্তী, চিতা, হাফরমালী, রাস্না, আকনাদি, সিজেরমূল, শটী; এই সমুদয় দ্রব্য প্রত্যেকে দশ পল পরিমিত লইয়া প্রত্যেকে অন্তর্ধূমে স্বতন্ত্র স্বতন্ত্র ক্ষার প্রস্তুত করিবে(১)। অনন্তর সমস্ত ক্ষারগুলি চূর্ণ করিয়া ৬৪ চৌষট্টি সের জলে গুলিয়া একুশবার ছাঁকিয়া উহার জল গ্রহণ করিবে। অনন্তর অগ্নিসন্তাপে চতুর্থাংশাবশিষ্ট করিবে। অর্থাৎ উক্ত ক্ষারজল জ্বাল দিয়া ষোল সের থাকিতে নামাইয়া উহাতে ।২॥০ সাড়ে বারসের গুড় মিশ্রিত করতঃ গুড় পাকানুসারে পুনর্ব্বার পাক করিতে থাকিবে। যখন ঘনীভূত হইয়া আসিবে অর্থাৎ আসন্ন পাকে বৃশ্চিকালী (অর্থাৎ বিছুটী পত্র) কাকোলী, ক্ষীরকাকোলী ও যবক্ষার প্রত্যেকে পাঁচ পল; হরীতকী, ত্রিকটু, সাচিক্ষার, চিতা ও বচ প্রত্যেকে ১ এক পল, হিঙ্গু, থৈকল প্রত্যেকে ২ দুই পল; এই সমুদয় চূর্ণ প্রক্ষেপ করিয়া নামাইয়া ২ দুই তোলা পরিমাণ মোদক প্রস্তুত করিবে। এই ঔষধ অজীর্ণকে জয় করিয়া অগ্নির উদ্দীপন করে। এই ঔষধ সেবন করিয়া বারম্বার ভোজন করিলেও

ক্ষারগুড়ে আস্ফোতা নবমল্লিকা আফরমালীতি খ্যাতা; সুধা স্নুহী, তস্যামূলম্; ত্রিঃসপ্তকৃত্ব ইত্যেকবিংশতিবারান্, বারাভিধেয়ে কৃত্বস্য প্রত্যয়ঃ। বৃশ্চিকালী বৃশ্চিকপত্রী; কাকোল্যৌ কাকোলী-ক্ষীরকাকোল্যৌ। এতে পঞ্চপলাভাগাঃ পৃথগিতি চ্ছেদঃ। পঞ্চপলানীত্যত্র এবামিতি শেষঃ। তেন হরীতক্যাদীনাং বচান্তানাং মিলিত্বা পঞ্চপলানীত্যর্থঃ। হিঙ্গুপ্লবেতসয়োরপি মিলিত্বৈব দ্বে পলে। রোগযুক্ত ইত্যত্র তু স্বস্থে, সৌম্যধাতুকে ত্বাহ ॥ ২৫॥

(১) জলের সহিত ক্ষার মিশ্রিত করিয়া তাহা দৃঢ় বস্ত্রখণ্ডে ঢালিয়া দিবে ঐ বস্ত্রখণ্ডের প্রান্তচতুষ্টয় কোন খুঁটিতে আবদ্ধ করিয়া রাখিবে এবং তাহার নিম্নে একটী পাত্র এরূপে সংস্থাপন করিবে, যেন ঐ পাত্রে উক্ত বস্ত্র হইতে গলিত জল পড়িতে পারে। যখন সমস্ত জল বস্ত্রখণ্ড হইতে নিঃসৃত পাত্রগত হইবেক, তখন ঐ জল পুনর্ব্বার বস্ত্রখণ্ডস্থিত ক্ষারের সহিত মিশ্রিত করিয়া দিতে হইবে। এইরূপে একবিংশতিবার ঐ জল গালিত করিয়া লইবে।

তহা জীর্ণ হয়, এবং ইহাদ্বারা পাণ্ডুরোগ, প্লীহা, অর্শঃ, শোথ, শ্লেষ্মা, কাস, অরুচি, মন্দাগ্নি, বিষমাগ্নি, বক্ষঃ এবং কণ্ঠস্থিত শ্লেষ্মা, কুষ্ঠ, প্রমেহ, গুল্ম প্রভৃতি রোগ ও অতি সত্বর বিনষ্ট হইয়া থাকে। নিম্নোক্ত নিয়মে ক্ষার প্রস্তুত করিতে হয়। যথা,—একটী মৃণ্ময়পাত্রে ঔষধ দ্রব্যগুলি স্থাপন পূর্ব্বক উত্তম রূপ মুখ রুদ্ধ করিয়া অগ্নি সন্তাপে দগ্ধ করিবে ॥ ২৫ ॥

চিত্রকগুড়ঃ—

নাসারোগে বিধাতব্যা যা চিত্রক-
হরীতকী। বিনা ধাত্রীরসং সোঽস্মিন্ প্রোক্তশ্চিত্রগুড়োঽগ্নিদঃ ॥ ২৬ ॥

নাসারোগ ইত্যাদি স্পষ্টম্ । ২৬ ।

নাসারোগাধিকারে চিত্রক হরীতকী নামক যে ঔষধ বর্ণিত হইবে তাহার আমলকীর রস ভিন্ন অন্য সকল ঔষধদ্বারা চিত্রকগুড় প্রস্তুত হইয়া থাকে। চিকিৎসকগণ অগ্নির উদ্দীপনার্থ উক্ত ঔষধ ব্যবহার করিয়া থাকেন ॥ ২৬ ॥

আমাজীর্ণ চিকিৎসা।

বচা লবণতোয়েন বান্তিরামে প্রশস্যতে ॥ ২৭ ॥

অগ্নিমান্দ্যাজীর্ণয়োঃ পরস্পরকারণত্বাদগ্নিমান্দ্য প্রকরণ এবাজীর্ণচিকিৎসামাহ বচেত্যাদি।—বচালবণকল্কযুক্তেনোষ্ণোদকেন কিম্বা বচয়ার্দ্ধশৃতেনোষ্ণোদকেন সলবণেন বা বমনম্ ॥ ২৭ ॥

আমাজীর্ণে, উষ্ণ জলের সহিত লবণ ও বচের কল্ক সেবন করাইয়া অথবা সৈন্ধব লবণ ও বচের সহিত সিদ্ধজল পান করাইয়া বমন করান উচিৎ ॥ ২৭ ॥

বিদগ্ধাজীর্ণ চিকিৎসা।

অন্নং বিদগ্ধং হি নরস্য শীঘ্রং
শীতাম্বুনা বৈ পরিপাকমেতি।
তদ্ধ্যস্য শৈত্যেন নিহন্তি পিত্ত-
মাক্লেদিভাবাচ্চ নয়ত্যধস্তাৎ ॥ ২৮ ॥

বিদগ্ধাজীর্ণচিকিৎসামাহ অন্নমিত্যাদি।—সুশ্রুতস্য। শীতাম্বুনা, পরিপাকমেতীতি যদুক্তং তদেবোপপাদয়তি তদ্ধ্যস্যেত্যাদি, হিশব্দো হেতৌ, তদিতি শীতাম্বু; অস্যাজীর্ণিনঃ পিত্তং নিহন্ত্যধঃ। আক্লেদিভাবাদিতি দ্রবত্বাৎ ॥ ২৮ ॥

বিদগ্ধাজীর্ণে শীতল জলপান করিলে অগ্নির বলবৃদ্ধি হইয়া ভুক্ত বস্তু সকল পরিপাক হইয়া থাকে। কারণ, জলের শৈত্যগুণ প্রযুক্ত পিত্ত বিনষ্ট হয় এবং জলের আক্লেদী ভাব হেতু পিত্ত অধোদেশে নীত হয় ॥ ২৮ ॥

বিদহ্যতে যস্য তু ভুক্তমাত্রং
দহ্যেত হৃৎকোষ্ঠগলঞ্চ যস্য।
দ্রাক্ষাসিতামাক্ষিক সংপ্রযুক্তাং
লীঢ়্বাভয়াং বৈ স সুখং লভেত।
হরীতকীধান্যতুষোদসিদ্ধা
সপিপ্পলী সৈন্ধব হিঙ্গুযুক্তা।
সোদ্গারধূমং ভৃশমপ্যজীর্ণং
বিজিত্য সদ্যো জনয়েৎ ক্ষুধাঞ্চ ॥ ২৯ ॥

বিদহ্যত ইত্যাদি।—সুশ্রুতস্য। ভুক্তমাত্রমিতি মাত্রশব্দঃ কাৎস্নে, যাবদ্ভুক্তমিত্যর্থঃ। ভুক্তমাত্রকল্যে মাত্রা শব্দো বর্ত্ততে। কিম্বা ভুক্তমাত্রমিতি ভোজনানন্তরম্ তৎকালমেবেত্যর্থঃ। "অন্নং বিদগ্ধং হি নরস্য শীঘ্রম" ইত্যাদি বাক্যং, তথা বিদহ্যতে যস্য তু ভুক্তমাত্রমিত্যাদি বাক্যং তথা "ভবেদজীর্ণং প্রতি যস্য শঙ্কা" ইত্যাদি বক্ষ্যমাণঞ্চ সৌশ্রুতবচনমনার্ষমিতি অজীর্ণে ভেষজনিষেধস্য স্বয়মেব সুশ্রুতেনোক্তত্বাৎ, লঙ্ঘনাদ্যুপদেশাচ্চ ততশ্চ কেনাপ্যশ্ববৈদ্যেন ঘস্মরবৈদ্যেন প্রকল্পিতং যোগত্রয়মিদমিত্যাহ জেজ্জটঃ। অপরে তু প্রচারান্তরিপাঠ দর্শনাচ্চ, যোগত্রয়মেতদার্ষং মন্যন্ত এব, কিন্তু স্বল্পাজীর্ণে বোধ্যমেতৎ, প্রভূতাজীর্ণে তু ভেষজসম্বন্ধং ন কুর্য্যাৎ, অল্পাজীর্ণে তু ঔষধং সেব্যমিতি।

হরীতকীত্যাদৌ।—ধান্যতুষোদঃ সন্ধানবিশেষঃ, তদভাবে কাঞ্জিকং, তেন সিদ্ধা উৎস্বিন্না ॥ ২৯ ॥

ভোজন করা মাত্র যদি ভুক্ত দ্রব্যসমূহ বিদগ্ধ হয় এবং হৃদয়, কোষ্ঠ ও গলাজ্বালা

উপস্থিত হয় তবে তাহাকে উপযুক্ত পরিমাণ কিস্‌মিস্, চিনী, হরীতকী ও মধু একত্রে পেষণ করতঃ লেহন করিতে দিবে। হরীতকী ও ধনিয়া, তুষোদক (২) অভাবে কাঁজিতে সিদ্ধ করিয়া তাহাতে পিপ্পলী চূর্ণ, সৈন্ধব ও হিঙ্গুযুক্ত করিয়া সেবন করিলে, অত্যন্ত ধূমোদ্গার ও অজীর্ণ বিনষ্ট হইয়া ক্ষুধার উদ্রেক হয় ॥ ২৯ ॥

বিষ্টব্ধাজীর্ণ চিকিৎসা।

বিষ্টব্ধে স্বেদনং পথ্যং পেয়ঞ্চ লবণোদকং। রসশেষেঽদিবাস্বপ্নো লঙ্ঘনং বাতবর্জ্জনং। ব্যায়াম প্রমদাধ্ব বাহনরতক্লান্তানতীসারিণঃ। শূলশ্বাসবতস্তৃষা পরিগতান্ হিক্কা মরুৎ পীড়িতান্। ক্ষীণান্ ক্ষীণকফান্ শিশূন্ মদহতান্ বৃদ্ধান্ রসাজীর্ণিনঃ। রাত্রৌ জাগরিতান্নিরাগ্নিরশনান্ কামং দিবাস্বাপয়েৎ ॥ ৩০।৩১ ॥

বিষ্টব্ধাজীর্ণচিকিৎসামাহ বিষ্টব্ধেত্যাদি।— লবণোদকং সৈন্ধবযুক্তমুষ্ণোদকমিত্যর্থঃ।

রসশেষে দিবাস্বপ্ন ইত্যল্পদোষাপেক্ষয়া; মহতি চ লঙ্ঘনোচিতং। লঙ্ঘনমিত্যুপবাসঃ; অন্যে তু লঙ্ঘনশব্দেনাত্র লাঘবকরো বিধিরিষ্যতে, তেন যথম্ন্যথাজরনার্থং কালপ্রতীক্ষণং পাচনৌষধং তথা স্বেদশ্চ প্রাপ্যতে; ন পুনর্লঙ্ঘনমুপবাসঃ দোষসাল্পত্বাদিত্যাহুঃ। বাতবর্জ্জনমিতি বাতস্যাসেবনং।

ব্যায়ামেত্যাদি।—রতেতি ভাবেক্তঃ; রতনুরক্তরাশক্তিরিতি যাবৎ, তেন ব্যায়ামাদাবতিসক্তেন যে ক্লান্তাস্তানিত্যর্থঃ; নতু রতং সুরতং তস্য প্রমদাগ্রহণেনৈব লব্ধত্বাৎ। বাহনঞ্চ হস্ত্যাদবানং। ব্যায়ামাদিক্লান্তানাঞ্চ ধাতুপুষ্ট্যর্থং। উক্তং "স্বপ্নপ্রসঙ্গাচ্চ নরো বরাহ ইব পুষ্যতি" ইতি। অতীসারে দিবাস্বাপঃ কফবর্দ্ধকতয়া স্রোতঃসংরোধকতয়া প্রভাবাৎ বা হিতঃ। ন চ অতীসারে কফবর্দ্ধনাৎ জ্ঞেয়ঃ। শূলশ্বাসতৃষ্ণাদযু বাতশান্ত্যা প্রভাবাদ্বা হিতঃ। ক্ষীণানিতি ধাতুক্ষীণান্; তেন শুক্রক্ষয়োক্ত ক্রিয়াভিন্না শুক্রক্ষয়েঽপি দিবাস্বাপঃ প্রাপ্যতে। ক্ষীণকফানিতি ক্ষতত্বং কিম্বা ব্যায়ামাদিষ্বপি যুজ্যং; তেন ব্যায়ামাদি ক্লান্তান্ ক্ষীণকফানেব দিবাস্বাপয়েৎ, শিশূনাঞ্চ নিদ্রা সাত্ম্যত্বাচ্চ দিবানিদ্রা। মদহতানিতি প্রমত্তান্, তেষাঞ্চ মদ্যজরনার্থং দিবাস্বাপঃ। বৃদ্ধান্ প্রতি ধাতুপুষ্ট্যর্থং। রসাজীর্ণিনো রসবিশেষপাকার্থং দিবানিদ্রা রাত্রাবপি, নিদ্রয়ৈবাহারপাকস্য দৃষ্টত্বাৎ। কিঞ্চ নিদ্রাগমস্য স্রোতঃসংকোচাদনির্গচ্ছন্ দেহোষ্মা জঠরানলমুদ্দীপয়তি, তেন শীঘ্রমজীর্ণস্য পাকঃ। ন চ দিবাস্বপ্নাৎ কফপিত্তয়োঃ প্রকোপো ভবতি, তদুক্তং চরকে "দিবাস্বপ্নাৎ শ্লেষ্মপিত্তে প্রকুপ্যেতে" ইতি। তৎপ্রকোপাচ্চাগ্ন্যুপঘাত এব কথং ন স্যাদিতি বাচ্যং, যতঃ স্রোতঃ সংকোচাদুপজাতজঠরাগ্নির্জ্জঠরাজীর্ণপাচক এব, ন তদা কফপিত্তয়োঃ প্রকোপঃ; প্রতিনিয়তশক্তিকত্বাৎ ভেষজানামিতি। অস্তু বা কফপিত্তপ্রকোপস্তথাপি নাগ্নিমান্দ্যম্, তথাবিধদোষদূষ্যসংযোগাভাবাৎ চায়ং নিয়মঃ, যৎ কফপ্রকোপেঽবশ্যমগ্ন্যুপঘাত ইতি, কফপিত্তপ্রকোপজন্যাতিসারাদৌ সত্যপি কফপিত্তপ্রকোপেঽগ্ন্যুপঘাতো দৃষ্টত্বাদিতি। রাত্রৌ জাগরিতানাং জাগরণজনিতবাতপ্রকোপপ্রশমনার্থমেব দিবাস্বপ্নঃ, স চ রাত্রিজাগরণকালাদর্দ্ধঃ কার্য্যঃ, যদাহ বাভটঃ "অসাত্ম্যাজ্জাগরাদর্দ্ধং প্রাতঃ স্বপ্যাদভক্তবান্" ইতি নিরশনানিতি। অতএব ভাবপ্রকাশে "ভুক্ত্বা স্বপ্যাৎ মনোবেত্ত স্বপ্নোঽপ্যবহিতো ভবেদিতি ॥ ৩০ ॥ ৩১ ॥

বিষ্টব্ধাজীর্ণে অর্থাৎ উদর স্তম্ভিত হইয়া থাকিলে, উদরে স্বেদক্রিয়া এবং সৈন্ধব যুক্ত উষ্ণজল পান করিবেক।

রসশেষাজীর্ণে দিবা শয়ন ও উপবাস করা বিধেয় কিন্তু বায়ু সেবন নিষিদ্ধ।

ব্যায়াম, স্ত্রীসঙ্গম, পথভ্রমণ ও হস্ত্যাদি আরোহণ, ক্লান্ত, অতীসারী, শূল ও শ্বাসরোগাক্রান্ত, তৃষ্ণাতুর, হিক্কা ও বায়ুপীড়িত, ক্ষীণশরীর, ক্ষীণকফ, শিশু, মদাহত, বৃদ্ধ, এবং রসাজীর্ণ পীড়িত ও রাত্রিজাগরিত, (৩) এই সকল ব্যক্তি

(২) তুষোদক এক প্রকার কাঁজিক, উহা প্রস্তুত -বিধা[illegible]

(৩) রাত্রিজাগরিত ব্যক্তি রাত্রিতে যত কাল জাগরিত ছিল তাহার অর্দ্ধসময় দিবা নিদ্রা

উপবাসী থাকিয়া দিবাতে ইচ্ছানুরূপ নিদ্রাভোগ করিলে বিশেষ উপকার হইয়া থাকে ॥ ৩০ ॥ ৩১ ॥

আলিপ্য জঠরং প্রাজ্ঞো হিঙ্গুত্র্যূষণ-সৈন্ধবৈঃ। দিবাস্বপ্নং প্রকুর্ব্বীত সর্ব্বা-জীর্ণ প্রনাশনং ॥ ৩২ ॥

আলিপ্যেত্যাদি স্পষ্টম্ ॥ ৩২ ॥

হিঙ্গু, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) ও সৈন্ধবলবণ; এই সকল ঔষধদ্বারা উদরে প্রলেপ দিয়া দিবাতে নিদ্রা যাইলে সর্ব্বপ্রকার অজীর্ণরোগ বিনষ্ট হয় ॥ ৩২ ॥

ধান্যনাগরসিদ্ধন্তু তোয়ং দদ্যাদ্বিচক্ষণঃ। আমাজীর্ণপ্রশমনং দীপনং বস্তিশোধনং ॥ ৩৩ ॥

ধান্যনাগরেত্যাদিকর্ষার্দ্ধং বা কণাশুণ্ঠ্যোরিত্যাদিবচনেন তীক্ষ্ণদ্রব্যস্যাল্পমাণত্বমুক্তং, তেনেহাপি তীক্ষ্ণাতীক্ষ্ণয়োর্ধান্যনাগরয়োরুক্তমাত্রায়াং পলে গৃহ্যমাণে ধান্যস্য ত্রয়োকর্ষমানং, নাগরস্তু কর্ষার্দ্ধমানং গ্রাহ্যম্। বস্তু ধান্যশুণ্ঠ্যুপযোগে শুণ্ঠ্যাশ্চ ধান্যস্তকয়মিতি কেনচিদুক্তঃ তদনার্ষত্বান্ন ক্রিয়তে। বৈদ্য-প্রচারস্তু শুণ্ঠ্যাঃ যথাসকাঃ, ধান্যস্য দশ এবং কর্ষেণেতি ॥ ৩৩ ॥

ধনিয়া ও শুঠ সমভাগে অর্থাৎ ২ দুই তোলা লইয়া উত্তম রূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলে কাথ প্রস্তুত করিয়া সেবন করিলে আমাজীর্ণ রোগের শান্তি ও অগ্নি প্রদীপ্ত হয় এবং বস্তিশোধন করে ॥ ৩৩ ॥

পথ্যাত্রিকং—

পথ্যাপিপ্পলীসংযুক্তং চূর্ণং সৌবর্চ্চলং পিবেৎ। মস্তুনোষ্ণোদকেনাথ বুদ্ধ্বা-দোষগতিং ভিষক্। চতুর্ব্বিধমজীর্ণঞ্চ মন্দানলমথারুচিং। আধ্মানং বাত-গুল্মঞ্চ শূলঞ্চাশু নিযচ্ছতি ॥ ৩৪ ॥

পথ্যেত্যাদি।—পথ্যাদীনাং সমানাং ভাগঃ, তচ্চ মিলিত্বা কর্ষপ্রমাণং গ্রাহ্যং কুর্য্যন্তু দ্রব্যস্য কল্কস্যেত্যাদি বচনাৎ ॥ ৩৪ ॥

হরীতকী, পিপ্পলী ও সৌবর্চ্চল; ইহাদের চূর্ণ সমভাগে লইয়া একত্র মিশ্রিত করতঃ যথাদোষ বিবেচনায় এক সিকি অর্থাৎ চারি আনা অথবা অর্দ্ধ তোলা মাত্রায় তক্র বা উষ্ণজলের সহিত পান করিলে, চতুর্বিধ অজীর্ণ, মন্দাগ্নি, অরুচি, উদরস্ফীততা, বাত-শূল ও গুল্ম প্রভৃতি রোগের শীঘ্র নিবৃত্তি হয় ॥ ৩৪ ॥

ভবেদজীর্ণং প্রতি যস্য শঙ্কা স্নিগ্ধস্য জন্তোর্বলিনোঽন্নকালে।
পূর্ব্বং সশুণ্ঠীমভয়ামশঙ্কঃ স প্রাশ্য ভুঞ্জীত হিতং হিতাশী ॥৩৫॥

ভবেদজীর্ণমিত্যাদি।—সুশ্রুতস্য। রসশেষাজীর্ণবিষয়কমিদং বাক্যম্। ভোজনোপদেশাৎ রসশেষে হি স্বল্পদোষঃ, তেন তত্রৌষধপূর্ব্বকং ভোজনং সম্ভবতীতি। পূর্ব্বমিতি প্রাতঃকালে, যস্য পুরুষস্যাজীর্ণং প্রতি শঙ্কা ভবেৎ সোঽন্নকালে যস্য পুরুষস্য যঃ ভোজনকালঃ, তস্মিন্ সশুণ্ঠীং শুণ্ঠীসহিতাং অভয়াং সংপ্রাশ্য ভুঞ্জীতেতি যোজনা; নতু পূর্ব্বংসংপ্রাস্য ভুঞ্জীতেতি যোজ্যং, সংপ্রাশ্যেত্যনেনৈব পূর্ব্বকালস্য লব্ধত্বাদিতি ॥৩৫॥

বলবান্ ও স্নিগ্ধ ব্যক্তির অজীর্ণ হইয়াছে আশঙ্কা জন্মিলে, প্রথমতঃ শুঁঠ ও হরীতকী ভোজন করিয়া পরে যথা সময়ে নিঃসন্দেহে অন্নাদি সুপথ্য দ্রব্য ভোজন করিবে ॥ ৩৫ ॥

কিঞ্চিদামেন মন্দাগ্নিরভয়া গুড়নাগরং। জগ্ধ্বা তক্রেণ ভুঞ্জীত যুক্তেনান্নং ষড়্ষণৈঃ ॥ ৩৬ ॥

কিঞ্চিদিত্যাদি।—যদ্যপি গুড়েন শুণ্ঠ্যাদি বচনং পূর্ব্বমুক্তং তথাপি অভয়াযুক্তত্বাৎ যোগান্তরমিদং বোধ্যম্ ॥ ৩৬ ॥

অপক্ব আহারজনিত সামান্য মন্দাগ্নি হইলে হরীতকী, ইক্ষু গুড় ও শুঁঠ সম-

যথাঃ স্যাদ্রাত্রৌ স্বপ্ন যথোচিতাৎ। অর্দ্ধ স্বপ্নং তত্রঃ কালং দিবা স্বপ্নঃ প্রশস্যতে ॥”

ভাগে একত্র তণ্ডুল এবং ষড়ূষণ মিশ্রিত করিয়া (অর্থাৎ পিপুল, পিপুলমূল, চৈ, চিতা, শুঁঠ ও মরিচযুক্ত) তক্রের সহিত অমাহার করিবে ॥ ৩৬ ॥

বিসূচিকা চিকিৎসামাহ—

বিসূচিকায়াং বমিতং বিরিক্তং
সুলঙ্ঘিতং বামনুজং বিদিত্বা।
পেয়াদিভির্দীপনপাচনৈশ্চ
সম্যক্ ক্ষুধার্ত্তং সমুপক্রমেচ্চ ॥ ৩৭ ॥

বিসূচিকা চিকিৎসামাহ, বিসূচিকায়ামিত্যাদি।— সুশ্রুতস্য। পেয়াদীনাঞ্চ দীপনপাচনত্বং, দীপন পাচন-ধান্যপঞ্চকাদি-সংস্কারাৎ ॥ ৩৭ ॥

বিসূচিকারোগীর বমন, বিরেচন ও লঙ্ঘন (উপবাস) দ্বারা বিশেষরূপ ক্ষুধার উদ্রেক হইলে অগ্নিমান্দ্যবিহিত পেয়া ও ধান্যপঞ্চকাদি দীপক ও পাচক ঔষধ প্রয়োগ করিবে ॥ ৩৭ ॥

কুষ্ঠসৈন্ধবয়োঃ কল্কং চুক্র-তৈলসমন্বিতং। বিসূচ্যাং মর্দ্দনং কোষ্ণং খল্লীশূলনিবারণং ॥ ৩৮ ॥

কুষ্ঠেত্যাদি —আতুরস্য তাৎকালিকী পীড়া-মহতী, তদানীং চ তৈলং পক্তুমশক্যং অতঃ কিঞ্চিচ্চুক্রং তৈলঞ্চ দত্ত্বা কুষ্ঠসৈন্ধবয়োঃ কল্কেন কদুষ্ণেন মর্দ্দনং কার্য্যমিত্যাভিপ্রায়ঃ। তৈলপাকপক্ষে তু কুষ্ঠসৈন্ধবয়োঃ কল্কঃ পাকিকঃ; চুক্রকঞ্চতুর্গুণম্। খল্লী হস্তাদৌ শিরামোটনরূপা বেদনা ॥ ৩৮ ॥

কুড় ও সৈন্ধব সমভাগে পেষণ করতঃ চুক্র ও তিলতৈলের সহিত মিলিত করিয়া হস্তপদাদিতে মর্দ্দন করিলে, খল্লি (খাইল ধরা) ও শূল বেদনা নিবারিত হয় ॥ ৩৮ ॥

করঞ্জনিম্বশিখরী গুড়ূচ্যর্জ্জুনবৎসকৈঃ। পীতঃ কষায়ো বমনাদ্ধোরাং হন্তি বিসূচিকাং ॥ ৩৯ ॥

করঞ্জেত্যাদি।—করঞ্জস্য ফলং; শিখরী অপামার্গস্তস্য বীজং। অর্জ্জকঃ শ্বেতপর্ণাশ ইত্যন্যে, তথা সুশ্রুতটীকায়াং চক্রটীকায়াঞ্চ দৃষ্টং, শ্রুয়তে তস্মাৎ অর্জ্জকস্থানে, অর্জ্জুনেতি প্রমাদঃ পাঠঃ। বৎসকঃ কুটজঃ। পীতঃ কষায়ো বমনাদিতি বমনার্থক কষায়ঃ আকণ্ঠ অপাকোষ্ণং ক্ষুধং প্রপীড়িতা জলাদ্বকে। অর্দ্ধ আধারশেষকঃ বমনেষবন্তাঞ্চয়েদিতি পরিভাষয়া অর্দ্ধশৃতং কার্য্যঃ। অর্দ্ধভাগাবশেষ মিত্যত্র চতুর্ভাগাবশেষ ইতি পাঠো দৃশ্যতে তচ্চ নিশ্চলেনানুমন্যতে। বমনকাত্তীক্ষং, স্তোক স্তোক বমিকারকা জীর্ণনিরাসার্থং ॥ ৩৯ ॥

ডহরকরঞ্জারফল, নিমছাল, আপাঙ্গের বীজ, গুলঞ্চ, শ্বেততুলসী ও ইন্দ্রযব; এই সকল দ্রব্য সমভাগে সমুদয়ে অর্দ্ধ সের লইয়া উত্তম রূপ কুট্টিত করতঃ ১৬ ষোল সের জলদ্বারা সিদ্ধ করিয়া ৮ আট সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। উক্ত কাথ আকণ্ঠ পান করাইয়া রোগীকে বমন করাইবে। ইহাদ্বারা অতি কঠিন বিসূচিকা রোগও প্রশমিত হয়। উক্ত কাথ যে ৮ আট সেরই সেবন করাইতে হইবে, তাহা নয়, তবে রোগী আকণ্ঠ পর্য্যন্ত যতটা পান করিতে পারে তাহাই তাহাকে প্রদান করিবে ॥ ৩৯ ॥

ব্যোষং করঞ্জস্য ফলং হরিদ্রাং
মূলং সমাবাপ্য চ মাতুলুঙ্গ্যাঃ।
ছায়াবিশুষ্কা গুড়িকাকৃতাস্তা
হন্যুর্বিসূচীং নয়নাঞ্জনেন ॥ ৪০ ॥

ব্যোষমিত্যাদি।—সুশ্রুতস্য; মাতুলুঙ্গী মধুকুক্কুটী, বিসূচীশব্দেনাত্র বিসূচীজনিত মূর্চ্ছাপ্রমীলকশব্দ রোগাদয়ো গৃহ্যন্তে, কারণে কার্য্যোপচারাৎ। কিম্বা অঞ্জনেনপ্রভাবাদেব বিসূচী হন্যতে। ইতিসুশ্রুতটীকাকৃতোব্যাচক্ষতে। ৪০ ॥

ত্রিকটু, ডহরকরঞ্জারফল, হরিদ্রা, ছোলঙ্গলেবুরমূল; এই সকল দ্রব্য একত্র পেষণ করতঃ গুড়িকা (বটী) প্রস্তুত করিয়া ছায়াতে শুষ্ক করিবে। উক্ত গুড়িকা ঘষিয়া চক্ষুতে অঞ্জন প্রদান করিলে বিসূচিকা রোগ (অর্থাৎ

বিসূচিকাজনিত মূর্চ্ছা, তন্দ্রা, শিরোরোগ প্রভৃতি) বিনষ্ট হইয়া থাকে ॥ ৪০ ॥

গুড়পুষ্পসারশিগ্রুত্বকুলগিরিকর্ণিকা-হরিদ্রাভিঃ। অঞ্জনগুড়িকা বিলয়তি বিসূচিকাং ত্রিকটু সনাথা ॥ ৪১ ॥

গুড়পুষ্পেত্যাদি।—গুড়পুষ্পো মধুকবৃক্ষঃ, তস্য সারো গ্রাহ্যঃ। শিগ্রুর্বা তস্য বা অপামার্গ নিকুম্ভ, গিরিকর্ণিকা শ্বেতাপরাজিতা তস্যা মূলং গ্রাহ্যম্। ত্রিকটুকাস্ত্রএকোযোগঃ। বিলয়তি শময়তি। ৪১ ॥

মউয়াবৃক্ষেরসার, আপাঙ্গের বীজ, অপরাজিতারমূল হরিদ্রা ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ); এই সকল দ্রব্যদ্বারা বটিকা প্রস্তুত করতঃ অঞ্জন রূপে ব্যবহার করিলে বিসূচিকারোগের উপশম হয় ॥ ৪১ ॥

ত্বক্পত্ররাস্নাগুরুশিগ্রুকুষ্ঠৈ-
রম্লেন পিষ্টৈঃ সবচা শতাহ্বৈঃ।
উদ্বর্ত্তনং খল্লি বিসূচিকাঘ্নং
তৈলং বিপক্বঞ্চ তদর্থকারি ॥ ৪২ ॥

ত্বক্পত্রেত্যাদি।—ত্বক্ গুড়ত্বক; পত্রং তেজপত্রং, অম্লপিষ্টৈরিতি কাঞ্জিকপিষ্টৈঃ। শতাহ্ব শালুক ইতি খ্যাতা শতাহ্বৈরিত্যত্র জটাহ্বৈরিত্যান্যে পঠন্তি, যথা “রাস্না শতাগুরু-মাংসীকুষ্ঠ-শিগ্রু-ত্বচোবচা। পিষ্টমম্লেন তদ্ধৃতং বিসূচ্যামপমর্দ্দনং”। বৃন্দতে তু শতপুষ্পী জটামাংসীচেতি দ্বয়মপি ন দৃশ্যতে যথা কুষ্ঠাগুরুপত্রক রাস্না শিগ্রু ত্বচা বচা। পিষ্ট মম্লেন তদ্ধৃতং বিসূচ্যামপমর্দ্দনমিতি, তৈলং বিপক্বঞ্চ তদর্থকারীতি,ত্বক্পত্রাদিভিঃকল্কী কৃতৈঃ কাঞ্জিকেন দ্রবেন চতুর্গুণেন তৈলং পক্বং খল্লীবিসূচীকাঘ্নং ভবতীত্যর্থঃ ॥ ৪২ ॥

দারুচিনী, তেজপত্র, রাস্না, অগুরু, শজিনা, কুড়, বচ ও শুল্‌ফা; এই সকল দ্রব্য কাঁজির সহিত পেষণ করিয়া শরীরে মর্দ্দন করিলে বিসূচিকারোগে খল্লী (হস্ত পদাদি খাইল ধরা) বিনষ্ট হয়। অথবা এই সকল দ্রব্যের উপযুক্ত পরিমাণ কল্ক ও চতুর্গুণ কাঞ্জিক সহিত যথারীতি তৈল পাক করিয়া শরীরে মর্দ্দন করিলেও ঐ রূপ ফল হইয়া থাকে ॥ ৪২ ॥

পিপাসায়ামন্তুৎক্লেশে লবঙ্গস্যাম্বু শস্যতে। জাতীফলস্য বা শীতং শৃতং ভদ্রঘনস্য বা। বিসূচ্যামতি বৃদ্ধায়াং পার্ষ্ণ্যোর্দ্দাহঃ প্রশস্যতে ॥ ৪৩ ॥

পিপাসায়ামিত্যাদৌ।—অন্তঃ [illegible] ইত্যুৎকাসিকা, ঠিকরীতিলোকে খ্যাতা ইতি নিশ্চলঃ; অন্যেত্বনুৎক্লেশ ইতীষদুৎক্লিষ্ট-দোষ ইত্যাহুঃ। লবঙ্গাম্বু অর্দ্ধশৃতশীতং এবং জাতিফলাম্বু ভদ্রঘনাম্বু জ্ঞেয়ং। ভদ্রঘনং ভদ্রমুস্তকং অত্রান্তরে রোগান্তরং দৃষ্টফলমত্রাবোদ্ধব্যং। “আম্রায় তদ্বিশেষজ্ঞো মাতুলুঙ্গ ফলত্বচং। পীতা ভদ্রঘনক্কাথমনুৎক্লেশাদিমুচ্যতে”। পার্ষ্ণ্যোর্দাহইতি পাদপার্ষ্ণি যুগলাদ্ধ মূর্চ্ছাশান্ত্যর্থম্; মূর্চ্ছান্তর লক্ষণাভাবে সতি সপ্তশরাদি শলাকয়া পাদদাহঃ। সচ প্রভবাৎ পাদদেশে এব কৃতোহিতো ভবতীতি বচনাদুন্নীয়তে। সুশ্রুতেহপ্যুক্তং সাধ্যাসু প্রশস্তং পার্ষ্ণ্যোঃ দহনমিতি। চক্রাটেনাপ্যুক্তং বৃদ্ধায়াং বিসূচ্যাং পার্ষ্ণিদেশে চ দাহ ইতি। অতঃ পার্ষ্ণিদেশইত্যত্র পার্শ্বদেশ ইতি যে পঠন্তি তে ভ্রান্তাঃ। পার্ষ্ণিদাহস্য সর্ব্বতন্ত্র বিহিতত্বাৎ ॥ ৪৩ ॥

পিপাসা ও অধিকতর উৎকাসি হইলে লবঙ্গের ক্বাথ জল বা জাতিফলের ক্বাথ জল অথবা ভদ্রমুস্তক অর্থাৎ ভাঁদালা মুথার ক্বাথজল পান করিতে দিবে। এই সকল ক্বাথ অর্দ্ধশৃত অর্থাৎ ঔষধ দ্রব্য ২ দুই তোলা, জল ৪ চারি সের, শেষ ২ দুই সের থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে।

বিসূচিকারোগে রোগী অজ্ঞান হইলে, তাহার চেতনার জন্য তপ্তশলাকা দ্বারায় উভয় গুল্‌ফের অধোদেশ দাহন করিয়া দিবেক ॥ ৪৩ ॥

বমনং তুলসেপূর্ব্বং লবণেনোষ্ণবারিণা। স্বেদোবর্ত্তিনির্গমনওক্রমশচাতোঃ গ্নিবর্দ্ধনঃ। সকুচানস্মুদরমল্লপিষ্টৈঃ প্রলেপয়েৎ। দারুহৈমবতীকুষ্ঠশতাহ্বাহিঙ্গু-

সৈন্ধবৈঃ। তক্রেণযুক্তং যবচূর্ণমুষ্ণং সক্ষারমর্দ্দিং জঠরেনিদধ্যাৎ। স্বেদো-ঘটৈর্ব্বা বহুবাষ্পপূর্ণৈরুষ্ণৈস্তথাষ্ণৈরপি পাণিতাপৈঃ। তীব্রার্ত্তিরপি নাজীর্ণী পিবেচ্ছূলঘ্নমৌষধং। দোষা-চ্ছন্নোঽনলোনালং পক্তুং দোষৌষনাশনং ॥ ৪৪ ॥

অলসকচিকিৎসামাহ বমনমিত্যাদি।—লবণেন সৈন্ধবেন, বর্ত্তিরিতি ফলবর্ত্তিঃ, সাচোদাবর্ত্তে বক্ষ্যমাণা। অত ইত্যত্তউর্দ্ধমিত্যর্থঃ। সরুগিতি সশূলং, হৈমবতী বচা॥

তক্রেণেত্যাদি।—চরকস্য। সক্ষারমিতি সহযব-ক্ষারং তৎসর্ব্বং ঘটে প্রক্ষিপ্য উদরে স্বেদইত্যাহ কশ্চিৎ; তন্ন চরকেঽস্য যোগস্য প্রদেহ প্রকরণে পঠিতত্বাৎ। তস্মাৎ যবচূর্ণযবক্ষারোক্ত-তক্রেণ পিষ্ট্বা কিঞ্চিদুষ্ণং কৃত্বা উদরেলেপঃ কার্য্যঃ। স্বেদো ঘটৈর্ব্বা বহুবাষ্পপূর্ণৈরিতি তপ্তকাঞ্জিকাদিভির্বাষ্পপূর্ণৈর্ঘটৈস্তথাষ্ণৈঃ ন্যুক্তকৈর্ব্বস্ত্রপুটকাদিভিস্তথাহস্ততাপৈরপি স্বেদইতি যোজ্যম্॥

তীব্রার্ত্তিরিত্যাদৌ —নাভটস্য। না পুরুষঃ দোষচ্ছন্ন ইতি আমদোষাভিভূতঃ। নালমিতি সমর্থঃ॥ ৪৪॥

অলসকরোগে প্রথমতঃ উষ্ণ জলে লবণ মিশ্রিত করতঃ তাহা পান করাইয়া বমন করাইবে, পরে ক্রমে স্বেদ, ফলবর্ত্তি ও উপবাস দ্বারা অগ্নিবৃদ্ধি করিবে। বেদনার সহিত উদরস্ফীততা থাকিলে, দেবদারু, বচ, কুড়, শুল্‌ফা, হিঙ্গু, সৈন্ধব; এই সকল দ্রব্য কাঞ্জিক দ্বারা পেষণ করতঃ উদরে প্রলেপ দিবে। অথবা যবের চূর্ণ ও যবক্ষার তক্র দ্বারায় মর্দ্দন করিয়া উষ্ণ করতঃ উদরে প্রলেপ দিবেক। ইহাদ্বারা পেটবদনা প্রভৃতি প্রশমিত হয়। ইহা ভিন্ন বোতলে উষ্ণ কাঞ্জী পুরিয়া মুখ বন্ধ করতঃ অথবা অগ্নিতে হস্ত উত্তপ্ত করিয়া রোগীর পেটে স্বেদ প্রদান করিবে।

অজীর্ণরোগী তীব্রবেদনাক্রান্ত হইলেও বেদনা নিবারক কোন ঔষধ প্রদান করিবে না, কারণ অগ্নি দোষাচ্ছন্ন হইলে দোষনাশক ঔষধ কি পথ্যাদি কিছুই জীর্ণ করিতে সমর্থ হয় না ॥৪৪॥

ইতি অগ্নিমন্দ্য-চিকিৎসা।

অথ ক্রিমি-চিকিৎসা।

পারসীযমানীকা পীতা পর্য্যুষিতবারিণাপ্রাতঃ। গুড়পূর্ব্বা ক্রিমিজাতং কোষ্ঠগতং পাতয়ত্যাশু॥ ১॥

অজীর্ণাৎ ক্রিমিসম্ভব ইত্যজীর্ণানন্তরং ক্রিমিচিকিৎসামাহ পারসীত্যাদি।—পারসী যমানী খোরাশনী যমানীতি খ্যাতা। গুড়পূর্ব্বেতি গুড়ঃ পূর্ব্বো যস্যা ইতি, গুড়ং ভক্ষয়িত্বা মনাক্‌ বিলম্বং কৃত্বা সাপাতব্যেত্যর্থঃ। পেষণমপি পর্য্যুষিতবারিণেতি॥ ১॥

ক্রিমিরোগাক্রান্ত ব্যক্তি প্রাতে প্রথমতঃ গুড় সেবন করিয়া পরে পর্য্যুষিত (বাসী) জলের সহিত খোরাসানিযোয়ান সেবন করিবে। ইহাদ্বারা কোষ্ঠজাত ক্রিমি শীঘ্র পাতিত হয়॥ ১॥

পারিভদ্রকপত্রোত্থং রসং ক্ষৌদ্রযুতং পিবেৎ। কেবুকস্য রসং বাপি পত্তুররস্যাথবা রসং। লিহ্যাৎ ক্ষৌদ্রেণ বৈড়ঙ্গং চূর্ণং ক্রিমিবিনাশনং॥ ২॥

পারিভদ্রেত্যাদি।—পারিভদ্রকঃ মন্দারবিশেষঃ। কেবুকস্যেতি কেবুকস্য কেউতাড়া ইতিখ্যাতস্য তস্য মূলস্বরসংগ্রাহ্যম্‌, এবং পাত্তুরস্য পত্তুরং শালিঞ্চঃ ক্ষৌদ্রযুক্তমিতিপদং কেবুকরসে পত্তুররসেপি যোজ্যম্। লিহ্যাদিত্যাদি স্পষ্টম্॥ ২॥

পালিতামাঁদারের পাতাররস অথবা কেউতারারমূলের রস বা শালিঞ্চশাকের রস মধুসংযুক্ত করিয়া পান করিবে কিম্বা বিড়ঙ্গচূর্ণ মধুসংযুক্ত করিয়া লেহন করিবে। ইহাদ্বারা কোষ্ঠস্থ ক্রিমি বিনষ্ট হইয়া থাকে। বিড়ঙ্গচূর্ণের মাত্রা এক আনা হইতে দুই বা তিন আনা পর্য্যন্ত এবং পালিতামাঁদার প্রভৃতি পাতার রস

অর্দ্ধ তোলা হইতে ২ দুই তোলা প-র্য্যন্ত ব্যবহার হইয়া থাকে ॥ ২ ॥

মুস্তাখুপর্ণীফলশিগ্রুদারু
কাথঃ সকৃষ্ণা ক্রিমিশত্রুকল্কঃ।
মার্গদ্বয়েনাপি চিরপ্রবৃত্তান্
ক্রিমীন্নিহন্তি ক্রিমিজাংশ্চ রোগান্ ॥৩॥

মুস্তেত্যাদৌ।—আখুপর্ণী মূষিকপর্ণী, দন্তী ভেদোবা; ফলশব্দেনাত্র ত্রিফলা গ্রাহ্যা হরিগুপ্ত-সম্বাদাৎ। ক্রিমিশত্রুর্ব্বিড়ঙ্গমার্গঃ॥ ৩ ॥

মুথা, দন্তী, ত্রিফলা (হরীতকী, আম-লকী, বহেড়া), দেবদারু বা দারুহরিদ্রা ও সজিনারছাল; এই সমুদয় দ্রব্য দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাঁ-কিয়া উহার কাথ গ্রহণ করিবে। পরে উহাতে উপযুক্ত পরিমাণ পিপুল ও বিড়ঙ্গকল্ক প্রক্ষেপ দিয়া পান করিলে উর্দ্ধ ও অধোগত ক্রিমি এবং ক্রিমিজন্য রোগ সকল বিনষ্ট হয় ॥ ৩ ॥

আখুপর্ণীদলৈঃ পিষ্টৈঃ পিষ্টকেন চ পূপিকাং। জগ্ধ্বা সৌবীরকঞ্চানু পি-বেৎ ক্রিমিহরং পরং ॥ ৪ ॥

আখুপর্ণীদলৈরিত্যাদি।—আখুপর্ণী দ্রবন্তী মূষিকপর্ণী দন্তীভেদোবা মণ্ডূকপর্ণীরিত্যন্যে; দলং কোমলদলং। যদাহ বাভটঃ; "আখুপর্ণী কিসলয়ৈঃ সুপিষ্টৈঃ পিষ্টমিশ্রিতে পক্ত্বা পূপু-লিকাং খাদয়েৎ। ধান্যাম্লঞ্চ পিবেদম্বিতেতি পিষ্টকেনেতি যবপিষ্টকেন ক্রিমিহরত্বাদিতি জে-জ্জটাকাকৃতঃ। শালিতণ্ডুলপিষ্টকেনেতি নি-শ্চলঃ। আখুপর্ণীপত্রস্য ভাগত্রয়ং পিষ্টকস্য ত্বেকো ভাগইত্যাহঃ। সৌবীরং কাঞ্জিকং যদ্যপি সুশ্রুতে বাভটে চ ক্ষীরাণি মাংসানীক্ষ্যাদিনাম্ল-মাত্রসৈব বর্জ্জনমুক্তং তথাপি বিশেষ বচনাদত্র কাঞ্জিকানুপানমিতি ন বিরোধ ইতি ॥ ৪ ॥

আখুপর্ণীর (দন্তী বিশেষ) কোমলপত্র পেষণ করিয়া যবের গুঁড়ার সহিত অথবা চাউলের গুঁড়ার সহিত পিষ্টক প্রস্তুত করিয়া সেবন করিলে ক্রিমি বিনষ্ট হইয়া থাকে। পরন্তু ঐ পিষ্টক সেবন করিয়া কাঞ্জিক সেবন নিতান্ত আবশ্যক ॥ ৪ ॥

পলাশবীজ স্বরসং পিবেদ্বা ক্ষৌদ্র সংযুতং। পিবেত্তদ্বীজকল্কং বা তক্রেণ ক্রিমিনাশনং ॥ ৫ ॥

পলাশবীজমিত্যাদি।—পলাশবীজস্য স্বরসং; তদ্বীজকল্কো বা তক্রেণেতি তণ্ডুলাম্বুনাপায়ং যোগো জ্ঞেয়ঃ। তদুক্তং সুশ্রুতে "পলাশবীজ-স্বরসং কল্কং বা তণ্ডুলাম্বুনেতি" ॥ ৫ ॥

পলাশের কাঁচাবীজের রস মধু যুক্ত করিয়া পান করিবে অথবা পলাশের বীজ বাটিয়া তক্র সহিত পান করিলে ক্রিমি সমূহ বিনষ্ট হইয়া থাকে ॥ ৫ ॥

সুরসাদিগণং বাপি সর্ব্বথৈবোপযো-জয়েৎ। বিড়ঙ্গ সৈন্ধবক্ষারকাম্পিল্ল কহরীতকী। পিবেত্তক্রেণসংপিষ্যসর্ব্ব ক্রিমিনিবৃত্তয়ে ॥ ৬ ॥

সুরসাদিগণঃ সৌশ্রুতঃ: সর্ব্বথৈবেতি কল্ককষায়কল্পনয়া।

বিড়ঙ্গসৈন্ধবেত্যাদৌ।—কম্পিল্লকো গুণ্ডারো-চনী কমলাগুণ্ডী ইতিখ্যাতা ॥ ৬ ॥

সুরসাদিগণের কাথ অথবা কল্ক সেবন করিলে ক্রিমি সমূহ বিনষ্ট হইয়া থাকে (১)। বিড়ঙ্গ, সৈন্ধব, যবক্ষার, বা সাচিক্ষার, কম্পিল্লক অর্থাৎ কমলাগুণ্ডী, হরীতকী সমান ভাগে লইয়া তক্রদ্বারা পেষণ করতঃ উপযুক্ত মাত্রায় অর্থাৎ প্রাতে ও বৈকালে দুই আনা বা চারি আনা মাত্রায় সেবন করিবে। এইরূপ কিছু দিবস সেবন করিলে সকল প্রকার ক্রিমিই বিনষ্ট হয় ॥ ৬ ॥

বিড়ঙ্গপিপ্পলীমূল শিগ্রুভির্মরিচেন চ। তক্রসিদ্ধাযবাগূঃ স্যাৎ ক্রিমিঘ্নীস-

(১) সুরসাদিগণ সুশ্রুতোক্ত ঔষধ সংগ্রহনীয় অধ্যায়ে উক্ত আছে।

সুবর্চ্চিকা। পীতং বিশ্বীঘৃতং হন্তি-
পক্বামাশয়গান্ ক্রিমীন্ ॥ ৭ ॥

বিড়ঙ্গেত্যাদি।—চরকস্য, তক্রসিদ্ধেতি তক্র-মন্ত্রার্দ্ধোদকং প্রাহুর্মন্যথাত্যম্বতাম্যাদিত্যাহুঃ। সুবর্চ্চিকা সর্জ্জিকাক্ষারঃ তং দত্ত্বা ভক্ষয়েৎ। বিশ্বীঘৃত মিতি।—বিশ্বীঘৃতে বিপক্ব-বিশ্বীফলস্য কল্ক চতুর্গুণং জলং ॥ ৭ ॥

ক্রিমি বিনাশার্থ বিড়ঙ্গ, পিপ্পলীমূল, শজিনা ও মরিচ ; এই সকল ঔষধ ও তক্রের সহিত যবাগূ পাক করিয়া তাহাতে যবক্ষার প্রক্ষেপ করতঃ পান করিবে। অথবা সুশ্রুতোক্ত বিশ্বীঘৃত পান করিলেও পক্বাশয়স্থ ক্রিমি সকল বিনষ্ট হয় ॥ ৭ ॥

ত্রিফলাঘৃতং—

ত্রিফলাত্রিবৃতাদন্তী বচাকাম্পিল্লকং-
তথা। সিদ্ধমেভির্গবাংমূত্রেসর্পিঃ ক্রিমি
বিনাশনং ॥ ৮ ॥

ত্রিফলাঘৃতে দন্তী নাগদন্তী সা চ স্থূলমূলে ত্যাহুঃ। তদুক্তং [illegible] ত্রয়েৎ। গোমূত্র সাধিতং সর্পিঃ পানতঃ ক্রিমিনাশনমিতি ॥ ৮ ॥

ত্রিফলা, তেউড়ী, দন্তী, বচ ও কাম্পিল্লক ; (২) এই সকল ঔষধের কল্ক ও গোমূত্রের সহিত ঘৃত পাক করিয়া সেই ঘৃত উপযুক্ত মাত্রায় ভক্ষণ করিলে ক্রিমি সমূহ বিনষ্ট হয়। ঘৃত চারি সের, কল্কদ্রব্য এক সের এবং গোমূত্র ১৬ ষোল সের দ্বারা যথারীতি ঘৃত পাক করিয়া লইবে ॥ ৮ ॥

বিড়ঙ্গঘৃতং—

ত্রিফলায়াস্ত্রয়ঃ প্রস্থা বিড়ঙ্গ প্রস্থ
এব চ। দ্বিপলং দশমূলঞ্চ লাভতঃ
সমুপাচয়েৎ। পাদশেষে জলদ্রোণে
শৃতে সর্পির্বিপাচয়েৎ। প্রস্থোন্মিতং

(২) ইহা রেণুবৎ পদার্থ বিশেষ কমলাগুড়ি নামে খ্যাত।

সিন্ধুযুতং তৎপরং ক্রিমিনাশনং।
বিড়ঙ্গঘৃতমেতচ্চ লেহ্যং শর্করয়া সহ।
সর্ব্বান্ ক্রিমীন্ প্রণুদতি বজ্রঃ মুক্ত-
মিবাসুরান্ ॥ ৯ ॥

ত্রি-ফলাদিস্পষ্টং। বিড়ঙ্গঘৃতং কচিৎ পুস্তকে: তথা বৃন্দেচ তচ্চটীকাকৃদ্ভিঃ ন ধৃতং ইত্যাধিক মেবেতি জ্ঞেয়ং ॥ ৯ ॥

ত্রিফলা ৩ প্রস্থ (৬ সের), বিড়ঙ্গ /২ দুই সের, বেলছাল ষোল তোলা, শোণাছাল ষোল তোলা, বৃহতী ষোল তোলা, পারুল ষোল তোলা, চাকুলে ষোল তোলা, কণ্টকারী ষোল তোলা, গোক্ষুর ষোল তোলা, গাম্ভারী ষোল তোলা, গণিয়ারী ষোল তোলা এবং শালপানি ষোল তোলা; এই সকল দ্রব্য ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ১৬ ষোল সের অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে। এই কাথদ্বারা ঘৃত ৪ চারি সের পাক করিবে। এবং উহাতে সৈন্ধব ২দুই সের প্রক্ষেপ দিবে। ইহার নাম বিড়ঙ্গঘৃত ইহ উপযুক্ত পরিমাণে সেবন করিলে ক্রিমি সকল বিনষ্ট হয় ॥ বিশেষতঃ ইহা চিনির সহিত লেহন করিলে সকল প্রকার ক্রিমিই বজ্রাহত অসুরের ন্যায় বিনষ্ট হয়। ইহার মাত্রা এক সিকি হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত ॥

রসেন্দ্রেণসমাযুক্তোরসোধুস্তূরপত্রজঃ।
তাম্বূলপত্রজোবাপিলেপোযূকাবিনা-
শনঃ ॥ ১০ ॥

রসেন্দ্রেনেত্যাদৌ।—রসেন্দ্রপারদঃ তাম্বুলপত্রং পত্রং লেপনং যোকনাশনমিতি পাঠে যোকং যুকমক্ষং ॥ ১০ ॥

ধুস্তূর পত্রের অথবা পানের রস দ্বারায় পারদ মর্দ্দন করিয়া প্রলেপ দিলে মস্তকের যূকা অর্থাৎ উকুন বিনষ্ট হয় ॥ ১০ ॥

করিলে কামলা ও পাণ্ডুরোগের নিবৃত্তি হয়॥ ৫॥

অয়স্তিলত্র্যূষণকোলভাগৈঃ
সর্ব্বৈঃসমং মাক্ষিকধাতুচূর্ণং।
তৈর্ম্মোদকঃক্ষৌদ্রযুতোঽনুতক্রঃ
পাণ্ডামযে দূরগতেঽপিশস্তঃ॥৬॥

অয়স্তিলেত্যাদৌ।—কোলং শুষ্কবদরং নতু কর্ষার্দ্ধং যদাহ সুদান্তসেনঃ, "অয়ঃ কোলতিল ব্যোষৈঃ সমৈর্ম্মাক্ষিকধাতুনা। মধুনা বটকান্ কৃত্বা জগ্ধ্বা তক্রং পিবেদনু" ইতি। তিলোঽপি কৃষ্ণঃ; মাক্ষিক ধাতুঃ স্বর্ণমাক্ষিকং তদপি শুদ্ধং গ্রাহ্যং. তচ্ছোধনঞ্চ লোহ প্রদীপাদৌ বোধ্যং. অনুতক্র ইতি তক্রানুপানঃ॥ ৬॥

লৌহচূর্ণ, কৃষ্ণতিল, কুলের বিচির-শাঁস, ত্রিকটু; ইহাদিগের প্রত্যেকে সমভাগ ও সর্ব্ব সমান শোধিত স্বর্ণমাক্ষিক চূর্ণ একত্র উত্তমরূপ মিশ্রিত করতঃ মধুর সহিত মোদক প্রস্তুত করিবে। এই মোদক তক্র অনুপানে সেবন করিলে অতি কঠিন পাণ্ডুরোগও বিনষ্ট হয়। ইহা দুইআনা অথবা চারি আনা মাত্রায় সেবন করা যাইতে পারে॥ ৬॥

অয়োমলন্তু সন্তপ্তং ভূয়োগোমূত্র সেচিতং। মধুসর্পির্যুতং চূর্ণং সহভক্তেন যোজয়েৎ। দীপনং চাগ্নিজননং শোথপাণ্ডাময়াপহং॥ ৭॥

অয়োমলমিত্যাদি।—অয়োমলং পুরাণ মণ্ডূরং ভূয়োগোমূত্রসেচিতমিতি সপ্তবারান্। ঈদৃশস্য মণ্ডূরচূর্ণস্য মাষকত্রয়ং ত্রিধা বিভজ্যাতো দর্শনাৎ ভোজনাদিমধ্যান্তেষু মধুসর্পির্ভ্যাং লেহনং পশ্চাদভ্যাসক্রমেণ মাষকং বর্দ্ধয়েৎ। অনুপানমিহ তক্রং দুগ্ধং বা॥৭॥

পয়োমল অর্থাৎ মণ্ডুর সাতবার গোমূত্রে নিক্ষেপ করিলে বিশুদ্ধ হয়। উক্ত বিশুদ্ধ মণ্ডুর চূর্ণ, ঘৃত ও মধু মিশ্রিত করিয়া আহারের সময় সেবন করিবে। ইহা সেবনের মাত্রা এক আনা। ইহা অগ্নিজনক, দীপক ও শোথ, পাণ্ডু প্রভৃতি রোগ নাশক॥৭॥

নবায়সংলৌহং—

ত্র্যূষণং ত্রিফলামুস্তং বিড়ঙ্গচিত্রকাঃ সমাঃ। নবায়োরজসোভাগাস্তচ্চূর্ণং মধুসর্পিসা। ভক্ষয়েৎ পাণ্ডুহৃদ্রোগ-কুষ্ঠার্শঃ কামলাপহং॥ ৮॥

ত্র্যূষণেত্যাদি।—একভাগাপেক্ষয়া নবগুণং মণ্ডূরচূর্ণং, আদৌ রক্তিদ্বয়ং ঘৃতমধুভ্যাং লোহপাত্রে লৌহমুষলিকয়া বিমর্দ্দ্য লিহ্যাৎ, রক্তিদ্বয়ং কৃত্বা বৃদ্ধিঃ কার্য্যা মাষক দ্বয়ং যাবদিতি ব্যবহারঃ। বাভটে তু [illegible] যথা ব্যোষাগ্নিত্রিফলা বেল্লমুস্তৈস্তুল্যমযোরজঃ। চূর্ণিতং তক্রমধ্বাজ্যকোষ্ণাম্ভোভিঃ প্রয়োজিতমিতি। এতদেব নবায়সং সুশ্রুতে প্রমেহ চিকিৎসায়াং পঠিতম॥ ৮॥

ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ৩ ভাগ, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ) ৩ ভাগ, মুথা ১ ভাগ, বিড়ঙ্গ ১ ভাগ, চিতা ১ ভাগ, লৌহ চূর্ণ ৯ ভাগ, এই সকল চূর্ণ একত্র মিশ্রিত করিয়া মধু ও ঘৃতের সহিত লেহন করিবে। ইহাদ্বারা হৃদ্রোগ, পাণ্ডু, কুষ্ঠ, অর্শ ও কামলারোগ বিনষ্ট হয় (১)। ইহা দুই আনা অথবা চারি আনা মাত্রায় পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে॥ ৮॥

যোগরাজঃ—

ত্রিফলায়াস্ত্রয়োভাগা স্ত্রয়স্ত্রিকটুকস্য চ। ভাগশ্চিত্রক মূলস্যবিড়ঙ্গানাং তথৈবচ। পঞ্চাশ্মজতুনোভাগা স্তথা রূপ্যমলস্য চ। মাক্ষিকস্যচ বিশুদ্ধস্য লৌহস্য রজসস্তথা। অষ্টৌভাগাঃ-সিতায়াশ্চ তৎ সর্ব্বং শ্লক্ষ্ণচূর্ণিতং।

---

(১) এই ঔষধ প্রথম দিনে ৪ রতি, তৎপরে প্রতিদিবস ২ রতি করিয়া বৃদ্ধি করিবে। ৪ রতি পরিমিত ঔষধ লইয়া ঘৃত ও মধু মিশ্রিত করতঃ লোহদণ্ডদ্বারা খলে মাড়িয়া লেহন করিবে। তক্র ইহার অনুপান বিধান করিবে। বাভটের প্রমাণ যথা:—

ব্যোষাগ্নিত্রিফলা বিল্লমুস্তৈস্তুল্য মযোরজঃ। চূর্ণিতং তক্রমধ্বাজ্যকোষ্ণাম্ভোভিঃ প্রয়োজিতম্।

মাক্ষিকেণাপ্লুতং স্থাপয়ায়সেভাজনে শুভে। উড়ুম্বরসমাং মাত্রাং ততঃ খাদেৎ যথাগ্নিনা। দিনেদিনে প্রয়োগেন জীর্ণেভোজ্যং যথেপ্সিতং। বর্জ্জয়িত্বাকুলত্থাংশ্চ কাকমাচীং কপোতকান্। যোগরাজইতি খ্যাতোযোগোয়মমৃতোপমঃ। রসায়নমিদং শ্রেষ্ঠং সর্ব্বরোগহরং পরং। পাণ্ডুরোগং বিষং কাসং যক্ষ্মাণং বিষমজ্বরং। কুষ্ঠান্যজরকং মেহং শ্বাসং হিক্কামরোচকং। বিশেষাদ্ধন্ত্যপস্মারং কামলাং গুদজানিচ॥ ৯॥

ত্রিফলায়া ইত্যাদি।—চরকস্য ত্রিফলায়াস্ত্রয়োভাগাইতি মিলিত্বা ত্রয়োভাগাঃ. এবং ত্রিকটুকস্যাপি, নির্দ্দেশস্য মানপ্রধানত্বাৎ। চিত্রকবিড়ঙ্গয়োরপি প্রত্যেকং পলং। শিলাজত্বাদিলৌহচূর্ণান্তানাং প্রত্যেকং পঞ্চ পলানি, শর্করায়াশ্চাষ্টৌ পলানি. শিলাজতু চ শিবাগুড়িকোক্ত বিধিনা গ্রাহ্যং; রূপ্য মলস্যচেতি রূপমলস্যপ্রায় মানস্য মৎকিট্টং নির্গচ্ছতি তদ্রূপ্যমলং মাক্ষিকস্যেতি মারণপুটনাদিনা শুদ্ধস্য স্বর্ণমাক্ষিকস্য অন্যেতু পঞ্চাশ্মজতুনো ভাগা পঞ্চ রূপ্যমলস্যচেত্যত্র তথা রূপ্যমলস্য ইতি পঠন্তি। তেন রূপ্য মলস্যেতি শিলাজতু বিশেষণং; ততশ্চ রসায়নাধিকারে রাজতং কটুকং শ্বেতমিত্যাদিনা যচ্ছিলাজতু রূপ্যমলত্বেনোক্তং তদিহ গৃহ্যতে ইত্যাহুঃ। এতত্ত, ন ব্যবহরন্তি বৃদ্ধাঃ বাভটে তু লৌহস্থানে রূপ্যং পঠিতং যথা তাপ্যাদ্রিজতুরূপ্যায়োমলাঃ পঞ্চ পলাঃ পৃথক্। চিত্রকত্রিফলাব্যোষবিড়ঙ্গৈঃ পলিকৈঃ সহ। শর্করাষ্টপলোন্মিশ্রাশ্চূর্ণিতামধুনা প্লুতা ইতি। তদত্র প্রয়োগে ভেদাদবিরোধঃ উক্তং হি স্বর্ণমথবা রূপ্যং যোগে যত্র ন লভ্যতে তত্র লৌহেন কর্ম্মস্যাৎ ভিষক্ কুর্য্যাদ্বিচক্ষণ ইতি। পূর্ব্বোক্তব্যাখ্যাপি শিলাজতুলৌহমলস্বর্ণমাক্ষিকলৌহ রক্তৈর্ভিশ্চতুর্ভিরেব দৃশ্যতে তেন তন্ত্রকার বচনয়োন বিরোধ ইতি। উড়ুম্বরঃ কর্ষঃ, অজরকং অজীর্ণং. যথাগ্নিরিত্যত্র না পুরুষঃ॥ ৯॥

ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ৩ ভাগ, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ) ৩ ভাগ, চিতামূল ৩ ভাগ, বিড়ঙ্গ ৩ ভাগ, শিলাজতু ৫ ভাগ, রূপামল ৫ ভাগ, স্বর্ণমাক্ষিক ৫ ভাগ, লৌহ চূর্ণ ৫ ভাগ ও চিনি ৮ ভাগ; এই সকল ঔষধ উত্তম রূপ চূর্ণ করতঃ খলে করিয়া উত্তম রূপ মিশ্রিত করিবে। এবং মধুর সহিত আলোড়িত করতঃ পরিষ্কৃত লৌহভাণ্ডে স্থাপন করিবে। এই ঔষধ বয়স ও অগ্নি বিবেচনা করিয়া দুই আনা অথবা চারি আনা পরিমাণে ভক্ষণ করিবে। ইহা প্রতি দিন সেবন করিয়া জীর্ণ হইলে যথেচ্ছ দ্রব্য ভোজন করিবে, কিন্তু কুলত্থকলাই, কাকমাচি ও কপোতমাংস; এই সকল পরিত্যাগ করিবে। এই যোগরাজ অমৃত তুল্য। রসায়ন শ্রেষ্ঠ সর্ব্বরোগহর, এই ঔষধ সেবনে পাণ্ডু, বিষ, কাস, বিষমজ্বর, যক্ষ্মা, কুষ্ঠ, অজীর্ণ, হিক্কা, অরুচি, অপস্মার, কামলা, বিষ, মেহ ও সকল প্রকার অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত ও শ্লেষ্মজনিত এবং অন্যান্য বিবিধ অর্শরোগ বিনষ্ট হইয়া থাকে। ইহা প্রায় দুই আনা হইতে চারি আনা মাত্রায় ব্যবহৃত হইতে দেখা যায়॥ ৯॥

বিশালাকটুকামুস্ত কুষ্ঠদারুকলিঙ্গকাঃ। কর্ষাংশা দ্বিপিচুং মূর্ব্বাকর্ষার্দ্ধাচ ঘুণপ্রিয়া। পীত্বা তচ্চূর্ণমম্বোভিঃ সুখং লিহ্যাততো মধু। পাণ্ডুরোগং জ্বরং দাহং কাসং শ্বাসমরোচকং। গুল্মানাহামবাতাংশ্চ রক্তপিত্তঞ্চ তজ্জয়েৎ॥ ১০॥

বিশালেত্যাদি।—বিশালা গোরক্ষ কর্কটী; কর্ষাংশা চ ঘুণপ্রিয়া ইত্যপপাঠঃ কিন্তু কর্ষার্দ্ধাংশেতি। উক্তং হি চরকে বিশালা কটুকামুস্তকুষ্ঠদারুকলিঙ্গকান্। কর্ষোন্মিতানতিবিষাং কর্ষার্দ্ধাঞ্চ প্রলাপয়েৎ কর্ষৌ মধুরসায়াশ্চ সর্ব্বচূর্ণং সুখাম্বুনা মৃদিতঃ তং রসং পতং পীত্বা লিহ্যাৎ মাক্ষিকমিতি অতএব রচনয়োঃ কল্ককষায়বিধান মপ্যত্র যোগে বোধ্যং তেন তচ্চূর্ণং সুখৈঃ কদুষ্ণৈরম্ভোভিশ্চ অপেক্ষয়া চতুর্গুণৈর্মৃদিত্বা বস্ত্র পূতং কৃত্বা পিবেৎ অনন্তরঞ্চ মধু লিহ্যাদিত্যর্থঃ॥ ১০॥

রাখালশশা (মামাগাছু), কটকী, মুথা, কুড়, দেবদারু ও ইন্দ্রযব, ইহাদের প্রত্যেকে ২ তোলা, মূর্ব্বা (বোড়াচক্র) ৪ তোলা, আদাইচ ১ তোলা ; এই সকল দ্রব্য পৃথক্ পৃথক্ রূপে চূর্ণ করতঃ একত্র মিশ্রিত করিবে। উক্ত চূর্ণ উষ্ণ জলের সহিত মিশ্রিত করিয়া সেবন করিবে। অনন্তর মধু পান করিবে। অথবা উক্ত চূর্ণ উপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ এক ছটাক উষ্ণজলে পূর্ব্ব দিবস অথবা ৬।৭ ঘণ্টা পূর্ব্বে ভিজাইয়া রাখিবে। পর দিবস প্রাতে ছাকিয়া ঐ জল পান করিবে। পানান্তে কিঞ্চিৎ মধু ভক্ষণ করিবে। ইহাদ্বারা পাণ্ডু, জ্বর, দাহ, কাস, গুল্ম ও রক্তপিত্ত প্রভৃতি রোগ বিনষ্ট হয়॥ ১০॥

লৌহপাত্রে শৃতং ক্ষীরং সপ্তাহং পথ্যভোজনঃ। পিবেৎ পাণ্ডুময়ী শোথী গ্রহণীদোষপীড়িতঃ। কল্যাণকং পঞ্চগব্যং মহাতিক্তমথাপি বা। স্নেহনার্থং ঘৃতং দদ্যাৎ কামলাপাণ্ডুরোগিণে। রেচনং কামলার্ত্তস্য স্নিগ্ধস্যাদৌ প্রয়োজয়েৎ। ততঃ প্রশমনী কার্য্যা ক্রিয়া বৈদ্যেনজানতা ॥১১॥

লৌহপাত্র ইত্যাদি।—অত্র জলং চতুর্গুণং বোধ্যং পাকানুপপত্তেঃ। কল্যাণঘৃতং পঞ্চগব্যঘৃতঞ্চ উন্মাদে বক্ষ্যতি, মহাতিক্তঞ্চ কুষ্ঠে ; রেচনঞ্চ পিত্তহরত্বেন ॥ ১১॥

পাণ্ডু, গ্রহণী ও শোথ রোগ-পীড়িত ব্যক্তি সপ্তাহ পর্য্যন্ত হিত পথ্যাশী হইয়া লৌহপাত্রে চতুর্গুণ জলযুক্ত দুগ্ধ পাক করিয়া পান করিলে, ইহাদ্বারা বিশেষ উপকার হইয়া থাকে। কল্যাণঘৃত, পঞ্চগব্যঘৃত ও মহাতিক্তঘৃত ইহাদের মধ্যে যে কোন একটী হউক কামলা ও পাণ্ডুরোগীকে স্নিগ্ধ করণার্থ পান করিতে দেওয়া উচিৎ। কল্যাণঘৃত ও পঞ্চগব্যঘৃত উন্মাদাধিকারে ও মহাতিক্তঘৃত কুষ্ঠাধিকারে বর্ণিত হইবে।

পাণ্ডুরোগী ও কামলা রোগীকে অগ্রে ঘৃত পান করাইয়া পিত্ত নিবারণার্থ বিরেচন প্রদান করিবে। অনন্তর কুশল চিকিৎসক দোষনাশক চিকিৎসা করিবেন॥ ১১॥

ত্রিফলায়া গুড়ূচ্যা বা দার্ব্ব্যা নিম্বস্য বা রসঃ। প্রাতর্মাক্ষিকসংযুক্তঃ শীলিতঃ কামলাপহঃ॥ ১২।

ত্রিফলায়া ইত্যাদি স্পষ্টম্ ॥ ১২॥

কামলারোগীকে প্রাতঃকালে ত্রিফলা বা গুলঞ্চ অথবা দারুহরিদ্রা বা নিমছালের রসের সহিত উপযুক্ত পরিমাণ মধু মিশ্রিত করিয়া পান করাইবে। ইহাদ্বারা কামলারোগ বিনষ্ট হইয়া থাকে॥১২

অঞ্জনং কামলার্ত্তানাং দ্রোণপুষ্পীরসঃ স্মৃতঃ। নিশাগৈরিক ধাত্রীণাং চূর্ণম্বা সংপ্রকল্পয়েৎ॥ ১৩॥

অঞ্জনমিত্যাদি।—অঞ্জনং নেত্রাঞ্জনং দ্রোণপুষ্পী দণ্ডকলস ইতি কেচিৎ। নিশাদিভিশ্চূর্ণাঞ্জনং কার্য্যং তদুক্তং তন্ত্রান্তরে নিশাগৈরিকধাত্রীনাং চূর্ণৈরঞ্জনমুত্তমং। এতচ্চ মধ্বক্তশলাকয়া কার্য্যমিত্যাহুঃ॥ ১৩॥

কামলা রোগীকে দ্রোণপুষ্পের রসদ্বারা অথবা হরিদ্রা, গেরিমাটী ও আমলকী এই সকলের চূর্ণ মধু মিশ্রিত করিয়া চক্ষুতে অঞ্জন প্রদান করিবে। ইহাদ্বারা কামলা রোগের বিশেষ উপকার হইয়া থাকে॥ ১৩॥

নস্যং কর্কোটমূলং বা ঘ্রেয়ং বা জালিনীফলং॥ ১৪॥

নস্যমিত্যাদৌ।—কর্কোটমূলমিতি কর্কোটমূলরসইত্যর্থঃ। জালিনী পীতঘোষকঃ॥ ১৪॥

কাকুরোলবৃক্ষের মূলের অথবা পীতবর্ণ ঘোষাফলের রসদ্বারা কামলা রোগী নস্য গ্রহণ করিবে। ইহাদ্বারা কামলা ও পাণ্ডুরোগ বিনষ্ট হয় ॥ ১৪ ॥

অয়োরজোব্যোষ বিড়ঙ্গচূর্ণং
লিহেদ্ধরিদ্রাং ত্রিফলান্বিতাম্ ।
সশর্করা কামলিনাং ত্রিভণ্ডী
হিতা গবাক্ষী সগুড়া চ শুণ্ঠী ॥১৫॥

সশর্করেত্যাদি।—সুশ্রুতস্য। ত্রিভণ্ডী ত্রিবৃতা, রেচনার্থময়ং যোগঃ। গবাক্ষী গোরক্ষকর্কটী, শ্বেতাপরাজিতা ইত্যন্যে; অত্রাপি সশর্করেত্যাদি যোজ্যমিত্যাহ নিশ্চলঃ। কার্ত্তিকস্তু সগুড়া চ শুণ্ঠীত্যত্র চকারং ভিন্নক্রমং যোজয়িত্বা শুণ্ঠী সগুড়া ইতি ব্যাখ্যায় গবাক্ষীমপি সগুড়ামাহ। এবং সুশ্রুত টীকায়াং উল্লনোপি ব্যাখ্যাতবান্ ॥ ১৫ ॥

কামলা ও পাণ্ডুরোগে যথোপযুক্ত পরিমাণ বিড়ঙ্গচূর্ণ, লৌহচূর্ণ ও ত্রিকটুচূর্ণ কিম্বা হরিদ্রা ও ত্রিফলা অথবা বিরেচনার্থ শর্করা ও তেউড়ীচূর্ণ সেবন করিবে। উক্ত রোগে গোরক্ষকর্কটী (গোরকচাউলা) ও চিনি কিম্বা শুঁঠ ও গুড় একত্র মিশ্রিত করিয়া ভক্ষণ করিবে ॥ ১৫ ॥

দার্ব্বী সত্রিফলাব্যোষ বিড়ঙ্গান্যয়সোরজঃ। মধুসর্পির্যুতং লিহ্যাৎ কামলাপাণ্ডুরোগবান্ ॥ ১৬ ॥

দার্ব্বীত্যাদি চরকস্য দার্ব্ব্যাদ্যন্তক ॥ ১৬ ॥

দারুহরিদ্রা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), বিড়ঙ্গ ও লৌহচূর্ণ; এই সকল সমপরিমাণে লইয়া মধু ও ঘৃত মিশ্রিত করতঃ লেহন করিবে। ইহাদ্বারা পাণ্ডু ও কামলা রোগ বিনষ্ট হয় ॥ ১৬ ॥

তুল্যাঅয়োরজঃ পথ্যাঃ হরিদ্রাঃ ক্ষৌদ্রসর্পিষা। চূর্ণিতা কামলী লিহ্যাৎ গুড়ক্ষৌদ্রেণ বাভয়াং ॥ ১৭ ॥

তুল্যা ইত্যাদি স্পষ্টম্ ॥ ১৭ ॥

লৌহচূর্ণ, হরীতকী ও হরিদ্রা সমভাগে চূর্ণ করিয়া মধু ও ঘৃতের সহিত লেহন করিলে, অথবা হরীতকী, ইক্ষুগুড় ও মধু সমভাগে মিশ্রিত করিয়া লেহন করিলে পাণ্ডু ও কামলা রোগের নিবৃত্তি হয় ॥ ১৭ ॥

ধাত্রীলৌহরজোব্যোষ নিশাক্ষৌদ্রাজ্যশর্করাঃ। লীঢ়া নিবারয়ন্ত্যাশু কামলামুদ্ধতামপি ॥ ১৮ ॥

ধাত্রীত্যাদি স্পষ্টম্ ॥ ১৮ ॥

আমলকী, লৌহচূর্ণ, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), হরিদ্রা, ঘৃত ও মধু মিশ্রিত করিয়া লেহন করিলে শীঘ্র কামলা ও পাণ্ডুরোগের নিবৃত্তি হয় ॥ ১৮ ॥

দগ্ধ্বাক্ষকাষ্ঠৈর্ম্মলমায়সন্তু
গোমূত্রনির্ব্বাপিতমষ্টবারান্ ।
বিচূর্ণ্যলীঢ়ং মধুনাচিরেণ
কুম্ভাহ্বয়ং পাণ্ডুগদং নিহন্তি ॥১৯

দগ্ধেত্যাদি।—সুশ্রুতস্য। অক্ষ বৃক্ষো বিভীতকবৃক্ষঃ সুশ্রুতে বহুপুস্তকেষু চক্রটীকায়াং গোমূত্রনির্ব্বাপিতমষ্টবারানিত্যস্য পাঠো দৃশ্যতে অন্যেত্বু গোমূত্রে নির্ব্বাপিতমষ্টবারানিত্যেবং পঠন্তি। ১৯

বহেড়াকাষ্ঠদ্বারা লৌহমল দগ্ধ করিয়া তাহা গোমূত্রে নির্ব্বাপিত করিবে। এইরূপে আটবার কোনমতে সাতবার দগ্ধ ও নির্ব্বাপিত করিয়া ঐ লৌহমল চূর্ণ উপযুক্ত মাত্রায় মধুর সহিত লেহন করিলে কুম্ভকামলা ও পাণ্ডুরোগের নিবৃত্তি হয়। ইহা তিন বা চারি অথবা পাঁচ রতি মাত্রায় পর্য্যন্ত ব্যবহৃত হইতে পারে ॥ ১৯ ॥

পাণ্ডুরোগক্রিয়াং সর্ব্বাং যোজয়েচ্চহলীমকে। কামলায়ঞ্চ যা দৃষ্টা সাপি কার্য্যা ভিষগ্বরৈঃ ॥ ২০ ॥

পাণ্ডুরোগকামলা চিকিৎসাং হলীমকেপ্যতিদিশতি পাণ্ডুরোগক্রিয়েত্যাদি।—ক্রিয়া বিরেচনাদিরূপা ॥ ২০ ॥

পাণ্ডু ও কামলারোগে যে সকল চিকিৎসা উক্ত হইল, বিচক্ষণ চিকিৎসক, হলীমকরোগে সেই সকল চিকিৎসাই বিধান করিবেন ॥ ২০ ॥

বিড়ঙ্গাদ্যলৌহং —

বিড়ঙ্গমুস্তত্রিফলা দেবদারু ষড়ূষণৈঃ। তুল্যামাত্রময়শ্চূর্ণং গোমূত্রেঽষ্টগুণে পচেৎ। তৈরক্ষমাত্রাং গুড়িকাং কৃত্বা খাদেৎ দিনে দিনে। কামলাপাণ্ডুরোগার্ত্তঃ সুখমাপদ্যতেঽচিরাৎ ॥ ২১ ॥

বিড়ঙ্গ লৌহে তুল্যামাত্রময়শ্চূর্ণমিতি মিলিত[illegible] চূর্ণাদি সর্ব্বচূর্ণসমময়শ্চূর্ণমিত্যর্থঃ। অত্র লৌহস্য প্রাধান্যাৎ, তদপেক্ষয়া অষ্টগুণ গোমূত্রেণ লৌহচূর্ণং পক্ত্বা তত্তারিতে চ বিড়ঙ্গাদিচূর্ণস্য প্রক্ষেপ ইতি কেচিৎ। অন্যেতু বিড়ঙ্গাদিচূর্ণসহিতস্যৈব লৌহচূর্ণস্য পাকঃ; গোমূত্রমষ্টগুণঞ্চ সর্ব্বচূর্ণাপেক্ষয়ৈব। অত্র ত্রয়ৈব [illegible] ন ব্যবহরন্তি বৃদ্ধাঃ। পাকশ্চাত্র মৃদ্বাপাকেনেত্যাহুঃ। অক্ষমাত্রাং গুড়িকাং কুর্য্যাৎ নতু তৎপ্রমাণং খাদেৎ। মাত্রা, দেহাগ্নিবলাপেক্ষিণী; অতএব বুদ্ধ্যা বিভজ্য কর্ত্তব্যা ॥ ২১ ॥

বিড়ঙ্গ, মুথা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), দেবদারু, পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা, শুঁঠ ও মরিচ, সমভাগে লইবে, এবং সর্ব্ব সমান লৌহচূর্ণ ও সর্ব্ব সমষ্টির অষ্টগুণ গোমূত্রে পাক করিয়া ২ দুই তোলা পরিমাণ গুঁড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা প্রতিদিন সেবন করিলে, অচিরে পাণ্ডু ও কামলারোগের নিবৃত্তি হইয়া থাকে॥২১॥

ত্র্যূষণাদ্যমণ্ডূরং—

ত্র্যূষণং ত্রিফলামুস্তং বিড়ঙ্গব্যচিত্রকৌ। দার্ব্বীত্বঙ্মাক্ষিকোধাতুর্গ্রন্থিকং দেবদারু চ। এষাং দ্বিপলিকান্ ভাগাংশ্চূর্ণং কৃত্বা পৃথক্ পৃথক্। মণ্ডূরং দ্বিগুণং চূর্ণাৎ শুদ্ধমঞ্জনসন্নিভং। মূত্রে চাষ্টগুণে পক্ত্বা তস্মিংস্তু প্রক্ষিপেত্ততঃ। উডুম্বরসমান্ কুর্য্যাৎ বটকাং স্তান্ যথাবলম্। উপভুঞ্জীত তক্রেণ সাত্ম্যং জীর্ণে চ ভোজনং। মণ্ডূরবটকাহ্যেতে প্রাণদাঃ পাণ্ডুরোগিণাং। কুষ্ঠান্যরুচকং শোথমূরুস্তম্ভং [illegible] ময়ান্। অর্শাংসি কামলামেহান্ [illegible]হানং শময়ন্তি চ। নির্ব্বাপ্য ব[illegible]গো-মূত্রে মণ্ডূরং গ্রাহ্যমিষ্যতে। [illegible]স্তু অষ্টগুণিতং মূত্রং মণ্ডূরচূর্ণতঃ ॥ ২২ ॥

ত্র্যূষণেত্যাদি।—চরকস্য। দার্ব্বীত্বগিতি [illegible]মাসঃ নতু দার্ব্বীত্বক্ চেতি তাপ্যং দার্ব্বী[illegible]চৈবমিতি বাভটবচনাৎ। গ্রন্থিকং পিপ্পলীমূলং এভিশ্চতুর্দ্দশভির্দ্রব্যৈঃ পৃথগ্ দ্বিপলৈরষ্টাবিংশতি পলানি ভবন্তি। মণ্ডূরঞ্চ সমুদিতচূর্ণাদ্দ্বিগুণং সৎ ষটপঞ্চাশৎপলমানং ভবতি। গোমূত্রঞ্চ মিলিত চূর্ণাপেক্ষয়াষ্টগুণম্; পলোল্লেখাগতত্বেন দৈগুণ্যমপি নাস্তি। অন্যেতু মূত্রমষ্টগুণং প্রত্যাসত্ত্যমণ্ডূরাপেক্ষয়ৈব বদন্তি। চক্রেণাপ্যনুমতোঽয়ং পক্ষঃ। অতো [illegible] ভ্যুক্তম্। এতচ্চ ন যুক্তং যদাহ বাভটঃ "তাপ্যং দার্ব্বীত্বচং চব্যং গ্রন্থিকং দেবদারু চ। ব্যোষাদি নবকঞ্চৈব চূর্ণয়েদ্দ্বিগুণং ততঃ"। মণ্ডূরঞ্চাঞ্জনাভং সর্ব্বতোঽষ্টগুণে পচেৎ। পৃথগ্দ্বিপক্বে গোমূত্রে বটকীকরণক্ষমে। প্রক্ষিপ্য বটকান্ কুর্য্যাৎ ত[illegible] খাদেৎ তক্র ভোজনং ইতি। বাভট টীকায়াঞ্চ সর্ব্বত ইতি মণ্ডূরসহিত চূর্ণাদষ্টগুণং গোমূত্রমিতি ব্যাখ্যাকৃতং। বৃদ্ধ বাভটেঽপি মূত্রংসর্ব্বতোঽষ্টগুণমিত্যুক্তং পৃথক্ পৃথগিতি এক পৃথক্ শব্দো দিপলিকা নীত্যনেন সম্বধ্যতে দ্বিতীয় পৃথক্শব্দাচ্চ মণ্ডূর চূর্ণয়োর পৃথক্ কৃত্বা পক্তব্যং; তস্মিন্নাসন্নপাকে ত্র্যূষণাদিচূর্ণপ্রক্ষেপঃ, চূর্ণ বহুলত্বাৎ এবং সর্ব্বত্র বহুচূর্ণ প্রক্ষেপ বিষয়ে আসন্নপাকএব প্রক্ষেপঃ স্বল্প চূর্ণস্য তু প্রক্ষেপঃ সম্যক্ পাকে সত্যেব, অতএবোক্তং "প্রায়ো ন পাক শ্চূর্ণানাং ভূরিচূর্ণস্য তেন হি আসন্ন পাকে প্রক্ষেপঃস্বল্পস্য পাকমাগতে পাকমাগতে ইতি সম্যক্পাক ইত্যর্থঃ পাকলক্ষণঞ্চ রসো গন্ধঃ স্বতঃ পাকে বর্ত্তিঃস্যাৎ গাঢ় মর্দ্দনাদিতি। উডুম্বর সমানিতি কর্ষমানান্, পঞ্চবটীমাষকেন প্রায়েণ প্রচারঃ। অজরকমজীর্ণং বহুশ ইতি সপ্তবারান্। চক্রেণ তু গ্রাহ্যস্ত্বষ্টগুণিতং মূত্রং মণ্ডূরচূর্ণত ইত্যেব পাঠো লিখিতঃ। যতো দীপিকায়াং মণ্ডূরাপেক্ষয়ৈবাষ্টগুণত্বং, তেনায়মেব পক্ষঃ প্রতিভাতী ভবন্ত্য স্বীকৃতম্

গোমূত্রং সর্ব্বচূর্ণস্তু ইতি শ্লোকেনাপি প্রতি সংস্কৃত্য লিখিতম্ ॥ ২২ ॥

মরিচ, পিপুল, শুঁঠ, হরীতকী, আমলকী, বহেড়া, মুথা, বিড়ঙ্গ, চৈ, চিতা, দারুহরিদ্রারছাল, স্বর্ণমাক্ষিক, পিপ্পলীমূল ও দেবদারু; এই সকল ঔষধ প্রত্যেকে ২ পল পরিমাণে লইয়া অতি সূক্ষ্মচূর্ণ করিবে। অনন্তর সমস্ত চূর্ণের দ্বিগুণ মণ্ডূর (লৌহমল) ও আট গুণ গোমূত্র সহিত যথারীতি পাক করিবে। এবং আসন্ন পাকে অর্থাৎ পাক করিতে করিতে লেহবৎ হইলে উক্ত মরিচাদির চূর্ণ ২৮ পল প্রক্ষেপ করিবে। পরে দুই তোলা পরিমাণ বটিকা প্রস্তুত করিয়া লইবে। রোগীর অগ্নি,বল ও বয়সাদি বিবেচনা করিয়া এই ঔষধ তক্রের সহিত প্রয়োগ করা কর্ত্তব্য। ঔষধ জীর্ণ হইলে স্বাভাবিক আহার ভোজন করা বিধেয়। এই মণ্ডূরবটক পাণ্ডুরোগীদিগের প্রাণপ্রদঃ। ইহা সেবন করিলে কুষ্ঠ, অজীর্ণ, শোথ, উরুস্তম্ভ, কফরোগ, অর্শঃ, কামলা, প্রমেহ ও প্লীহারোগের শান্তি হয়। এই ঔষধোক্ত মণ্ডূর প্রথমতঃ সাতবার গোমূত্রে নির্ব্বাপিত করিয়া শোধিত করিবে। পরে উক্ত শোধিত মণ্ডূর গ্রহণ পূর্ব্বক চূর্ণ করতঃ অষ্টগুণ গোমূত্রের সহিত পাক করিবে ॥ ২২ ॥

পুনর্নবামণ্ডূরম্—

পুনর্নবাত্রিবৃৎশুণ্ঠী পিপ্পলীমরিচানি চ। বিড়ঙ্গংদেবকাষ্ঠঞ্চ চিত্রকং পুষ্করাহ্বয়ং। ত্রিফলাং দ্বে হরিদ্রে চ দন্তীঞ্চ চবিকন্তথা। কুটজস্য ফলং তিক্তা পিপ্পলীমূলমুস্তকং। এতানি সমভাগানি মণ্ডূরং দ্বিগুণং ততঃ। গোমূত্রেষ্টগুণে পক্ত্বা স্থাপয়েৎ স্নিগ্ধভাজনে। পাণ্ডুশোথোদরানাহ শূলার্শঃ ক্রিমিগুল্মনুৎ ॥ ২৩ ॥

পুনর্নবামণ্ডূরে, গোমূত্রস্যাষ্টগুণত্বং মণ্ডূরাপেক্ষয়ৈবসন্নিহিতত্বাৎ ব্যবহারাচ্চ, অত্রাপি দ্বৈগুণ্যং ন ব্যবহরন্তি ॥ ২৩ ॥

পুনর্নবা, তেউড়ী, শুঁঠ, পিপ্পলী, মরিচ, বিড়ঙ্গ, দেবদারু, চিতা, পুষ্করমূল (অভাবে কুড়), ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), হরিদ্রা, দারুহরিদ্রা, দন্তী, চৈই, ইন্দ্রযব, কটুকী, পিপ্পলীমূল ও মুথা; এই সকল ঔষধ সম পরিমাণে লইবে, অনন্তর সকল ঔষধের দ্বিগুণ মণ্ডূরচূর্ণ লইয়া আটগুণ গোমূত্র সহিত পাক করতঃ আসন্নপাকে উক্ত পুনর্নবাদির চূর্ণ প্রক্ষেপ দিয়া পাক শেষ করিবে। এবং ঔষধ ঘৃতাদি স্নিগ্ধভাণ্ডে রাখিয়া দিবে। এই ঔষধ যথা মাত্রায় সেবন করিলে পাণ্ডু, উদর, শূল, অর্শঃ, শোথ, মলবদ্ধতা, ক্রিমি ও গুল্ম প্রভৃতি রোগ বিনষ্ট হয়। উক্ত ঔষধ এক আনা হইতে দুই আনা বা চারি আনা পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে ॥ ২৩ ॥

বজ্রবটকমণ্ডূরম্—

পঞ্চকোলং সমরিচং দেবদারু ফলত্রিকং। বিড়ঙ্গমুস্তযুক্তাশ্চ ভাগাস্ত্রিপলসম্মিতাঃ। যাবন্ত্যেতানি চূর্ণানি মণ্ডূরং দ্বিগুণং ততঃ। পক্ত্বা চাষ্টগুণে মূত্রে ঘনীভূতে তদুদ্ধরেৎ। ততোঽক্ষমাত্রান্ বটকান্ পিবেৎ তক্রেণ তক্রভুক্। পাণ্ডুরোগং জয়ত্যেষ মন্দাগ্নিত্বমরোচকং। অর্শাংসি গ্রহণীরোগমুরুস্তম্ভমথাপি বা। ক্রিমিং প্লীহানমুদরং গলরোগঞ্চ নাশয়েৎ। মণ্ডূরং বজ্রনামাঽয়ং রোগানীকবনাশনঃ ॥ ২৪ ॥

মণ্ডূরমত্র বটকে, বিড়ঙ্গচূর্ণযুক্তাশ্চ ভাগাশ্চি-পলসম্মিতা ইতি পঞ্চকোলাদি ভাগা বিড়ঙ্গযুক্ত-সহিতাশ্চিপলসম্মিতাঃ ইত্যর্থঃ। অত্রাপি মণ্ডূরাৎ-প্রক্ষেপ্যাদষ্টগুণং মূত্রম্। অবশিষ্টং পূর্ব্ব-বৎ ॥ ২৪ ॥

পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিত, শুঁঠ, মরিচ, দেবদারু, ত্রিফলা, বিড়ঙ্গ ও মুথা, ইহারা সমুদয়ে ৩ পল অর্থাৎ ২৪তোলা, সকল ঔষধের দ্বিগুণ মণ্ডূর। প্রথমতঃ মণ্ডূর আটগুণ গোমূত্র সহিত পাক করিবে। আসন্নপাকে অর্থাৎ পাক করিতে করিতে গাঢ় বা লেহবৎ হইলে উক্ত পিপ্পলী প্রভৃতির চূর্ণ প্রক্ষেপ করিয়া পাক শেষ করিবে। এই ঔষধের২তোলা পরিমাণ বটিকা প্রস্তুত করিয়া তক্র অনুপানে সেবন করিবে এবং ঔষধ সেবনের পূর্ব্বেও তক্র সেবন বিধেয়। এই বটক সেবন করিলে পাণ্ডুরোগ, অরুচি,মন্দাগ্নি, অর্শঃ, গ্রহণী, উরুস্তম্ভ, ক্রিমি, প্লীহা, উদররোগ ও গলরোগ প্রভৃতি বিনষ্ট হয়। যদিও পূর্ব্বে ইহা ২ দুই তোলা মাত্রায় ব্যবহৃত হইত, কিন্তু আধুনিক মাত্রা চারি আনার অধিক নয় ॥ ২৪ ॥

ধাত্র্যরিষ্টম্—

ধাত্রীফলসহস্রে দ্বে পীড়য়িত্বা রসং ভিষক্। ক্ষৌদ্রাষ্টভাগং পিপ্পল্যাশ্চ র্দ্ধকুড়বান্বিতং ॥ শর্করার্দ্ধ তুলোন্মিশ্রং পক্বং স্নিগ্ধঘটে স্থিতং। প্রপিবেৎ পাণ্ডুরোগার্ত্তোজীর্ণেহিতমিতাশনঃ ॥ কামলাপাণ্ডুহৃদ্রোগবাতাসৃগ্বিষমজ্বরান্। কাসহিক্কারুচিশ্বাসানেষোঽরিষ্টঃ প্রণাশয়েৎ ॥ ২৫ ॥

ধাত্রীফলেত্যাদি। চক্রকস্য। ক্ষৌদ্রাষ্টমিভাগ ইতি ক্ষৌদ্রস্যাষ্টমোভাগঃ, তেনামলকস্বরসস্য সপ্তভাগ ইতি সিধ্যতি; শর্করার্দ্ধতুলা পঞ্চাশৎ পলানি, অর্দ্ধপলেতি লেখকদোষাৎ প্রমাদঃ পাঠঃ ॥ ২৫ ॥

দুই সহস্র আমলকীফল নিষ্পীড়ন করিয়া তাহার রস গ্রহণ করিবে। অনন্তর পিপ্পলী এক পোয়া ও চিনি /৬।০ সের উহাতে মিশ্রিত করতঃ যথ বিধি একত্র পাক করিবে, পাক শেষ হইলে নামাইয়া রাখিবে। এবং শীতল হ[ইলে] আমলকী রসের আট ভাগের এক [ভা]গ মধু প্রক্ষেপ দিয়া ঘৃতাদি স্নিগ্ধ [ভাণ্ডে] রাখিয়া দিবে। ইহা অগ্নি,বল ও [বয়স প্রভৃ]তি বিবেচনায় উপযুক্ত মাত্রায় সেবন [করি]বে, এবং ঔষধ জীর্ণ হইলে, যথোপযু[ক্ত প]রিমাণে আহার করিবে। ইহা [দ্বারা] পাণ্ডু, কামলা, হৃদ্রোগ, বাতরক্ত, বি[ষম] জ্বর, কাস, হিক্কা, অরুচি ও শ্বাস প্রভৃ[তি] রোগ বিনষ্ট হয় ॥ ২৫ ॥

দ্রাক্ষাঘৃতম্—

পুরাণ সর্পিষঃ প্রস্থো দ্রাক্ষার্দ্ধ প্রস্থসাধিতঃ। কামলাগুল্মপাণ্ডুর্ত্তি জ্বরমেহোদরাপহঃ ॥ ২৬ ॥

পুরাণ সর্পিষইতি পুরাণং দশবর্ষস্থিতং সর্পি জলমত্র চতুর্গুণমর্থাৎ। অন্যে তু পিষ্ট্বা গোস্তনিকায়াস্তু পলান্যষ্টৌ সমাবপেৎ পুরাণ সর্পিষঃ প্রস্থং পচেৎ ক্ষীরচতুর্গুণমিতি হারীতদর্শনাৎ ক্ষীরমত্র-চতুর্গুণমাহুঃ ॥ ২৭ ॥

উৎকৃষ্ট পুরাতন ঘৃত /৪ চারি সের, দ্রাক্ষার কল্ক /১ এক সের সহিত যথা বিধানে পাক করিয়া উপযুক্ত মাত্রায় সেবন করিলে, কামলা, গুল্ম, পাণ্ডু, জ্বর, প্রমেহ ও উদররোগের নিবৃত্তি হয়। পাক করার নিয়ম এইরূপ যথা।—প্রথমত ঘৃত অগ্নিসন্তাপে গলাইয়া কিস্‌মিস্ সহ ষোল সের জলদ্বারা মৃদুসন্তাপে পাক করিয়া নামাইয়া ছাকিয়া লইবে। ইহা চারি আনা হইতে দুই তোলা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে ॥ ২৬ ॥

হরিদ্রাদ্যং ঘৃতম্—

হরিদ্রাত্রিফলানিম্ববলামধুকসাধিতং।
সক্ষীরং মাহিষং সর্পিঃ কামলাহর-
মুত্তমং॥ ২৭॥

হরিদ্রেত্যাদৌ।—ক্ষীরং চতুর্গুণম্॥ ২৭॥

হরিদ্রা, ত্রিফলা, নিমছাল, বেড়েলা ও যষ্টিমধু; এই সকলের উত্তম রূপ কুট্টিত বা পেষিত উপযুক্ত পরিমাণ কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত যথা বিধানে মাহিষ ঘৃত পাক করিয়া উপযুক্ত মাত্রায় সেবন করিলে কামলা রোগ বিনষ্ট হয়॥২৭

মূর্ব্বাদ্যং ঘৃতম্—

মূর্ব্বাতিক্তানিশাযাসকৃষ্ণাচন্দন পর্প-
টৈঃ। ত্রায়ন্তীবৎসভূনিম্ব পটোলা-
ম্বুদদারুভিঃ। অক্ষমাত্রৈর্ঘৃতপ্রস্থং
সিদ্ধং ক্ষীরং চতুর্গুণং। পাণ্ডুতাজ্বর-
বিস্ফোট শোথার্শো রক্তপিত্তনুৎ॥২৮॥

মূর্ব্বাঘৃতে বৎসকেন বৎসকফলং গ্রাহ্যম্॥২৮॥

মূর্ব্বা (গোড়াচক্র), কট্‌কী, হরিদ্রা, দুরালভা, পিপুল, রক্তচন্দন, ক্ষেৎপাপড়া, বলাডুমুর, ইন্দ্রযব, চিরতা, পটোলপত্র, মুথা ও দেবদারু; ইহাদের উত্তম রূপ পেষিত বা কুট্টিত কল্ক প্রত্যেকে ২ তোলা, ঘৃত /৪ সের, দুগ্ধ /১৬ সের। যথা বিধানে এই ঘৃত পাক করিয়া সেবন করিলে, পাণ্ডু, জ্বর, বিস্ফোট, শোথ, অর্শঃ ও রক্তপিত্ত প্রভৃতি রোগের নিবৃত্তি হয়। উক্ত ঘৃত রোগীর বলাবল বিবেচনা পূর্ব্বক এক সিকি বা অর্দ্ধ তোলা মাত্রায় ব্যবহার করা যাইতে পারে॥ ২৮॥

ব্যোষাদ্যং ঘৃতম্—

ব্যোষং বিল্বং দ্বিরজনী ত্রিফলা দ্বি-
পুনর্নবা। মুস্তান্ড্যয়োরজঃপাঠা বিড়ঙ্গং
দেবদারু চ। বৃশ্চিকালী চ ভার্গী চ
সক্ষীরৈস্তৈঃ শৃতং ঘৃতং। সর্ব্বান্ প্র-
শময়ত্যেতদ্বিকারান্ মৃত্তিকাকৃতান্॥২৯

ব্যোষমিত্যাদি।—বাড়টস্য বিল্বং বিল্বশলাটুঃ; অয়োরজোত্র পুটাদিশোধিতঃ গ্রাহ্যং বৃশ্চিকালী বিছাতীতি খ্যাতাং ক্ষীরমত্র চতুর্গুণং বোধ্যম্। অরুণস্তু ক্ষীরং ঘৃত সমং জলন্তু চতুর্গুণমিত্যাহ॥ ২৯॥

ত্রিকটু, বেলশুঁট, হরিদ্রা, দারুহরিদ্রা, ত্রিফলা, শ্বেতপুনর্নবা, রক্তপুনর্নবা, মুথা, লৌহচূর্ণ, আকনাদি, বিড়ঙ্গ, দেবদারু, বিছাটী ও বামনহাটী; এই সকলের উত্তম রূপ কুট্টিত কল্ক ও ঘৃতের চতুর্গুণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিয়া সেবন করিলে, সর্ব্ব প্রকার মৃত্তিকা ভক্ষণজনিত রোগ বিনষ্ট হয়॥ ২৯॥

ইতি পাণ্ডুরোগ-চিকিৎসা।

অথ রক্তপিত্ত-চিকিৎসা।

নোদ্রিক্তমাদৌ সংগ্রাহ্যং বলিনোপ্যশ্নতশ্চ যৎ। হৃৎপাণ্ডুগ্রহণীদোষপ্লীহগুল্মজ্বরাদিকৃৎ। ঊর্দ্ধং প্রবৃত্তদোষস্য পূর্ব্বং লোহিতপিত্তিনঃ। অক্ষীণ বলমাংসাগ্নেঃ কর্ত্তব্যমপতর্পণং। ঊর্দ্ধগে তর্পণং পূর্ব্বং কর্ত্তব্যঞ্চ বিরেচনং। প্রাগধোগমনে পেয়া বমনঞ্চ যথাবলং॥ ১॥

পাণ্ডুরোগবৎ রক্তপিত্তস্যাপি পিত্তরক্তকারণত্বাব্যভিচারাৎ পাণ্ডুরোগানন্তরং রক্ত পিত্তমাহ নোদ্রিক্তমিত্যাদি।—নোদ্রিক্তমিত্যাদিনা সোদ্রিক্তক্রিয়ামাহ উদ্রিক্ত মতিশয়েন প্রবৃত্ত্যুন্মুখং; অশ্নত ইত্যনেন সংতর্পণোত্থিতত্বং দর্শয়তি। আদৌ সংগ্রহণে দোষমাহ হৃদিত্যাদি।—রোগ শব্দস্য হৃদাদিভিঃ সম্বন্ধঃ প্রত্যেকমিতিশেষঃ। ঊর্দ্ধং প্রবৃত্তদোষস্যেতি সুশ্রুতস্য।—অতিপ্রবৃদ্ধ দোষস্যেতি পাঠান্তরম্। অপতর্পণং লঙ্ঘনং, চরকে রক্তপিত্তে লঙ্ঘনকরণোপপত্তিঃ কথিতা যথা প্রায়েনাহিতমুৎক্লিষ্টং সামদোষাচ্চ বাহ্নিনা বৃদ্ধিং

প্রযাতি পিত্তাসৃক্ তস্মাল্লঙ্ঘনমাদিত ইতি। দোষনিদানাপেক্ষয়া সংকর্ত্তব্যং তদাহ উৰ্দ্ধগ ইত্যাদি নদাহ চরকঃ মার্গং দোষানুবন্ধঞ্চ নিদানং প্রসমীক্ষ্য চ লঙ্ঘনং রক্তপিত্তাদো তর্পনং বা প্রযোজয়েৎ, অস্যার্থঃ, যদি উৰ্দ্ধমার্গগঃ সানং পিত্তং কফস্তো দোষঃ স্নিগ্ধোষ্ণঞ্চ নিদানং তদা লঙ্ঘনং, অন্যথা তর্পণং, তর্পয়তীতি তর্পণমশনং, তেন যবাগূ তর্পনঞ্চ গ্রাহ্যম্। যেতু শক্তু তর্পণে তর্পণমিতি তন্মতে যবাগূদানপক্ষো ন সংগৃহীতঃ স্যাদিত্যাহ। প্রাগধোবমন ইতি, অধোগে রক্তপিত্তে প্রাক্ পূর্ব্বং পেয়াদিকমিত্যর্থঃ ॥ ১ ॥

বলবান্ ব্যক্তির এবং সন্তর্পণোত্থিত প্রবল রক্তপিত্তে প্রথমতঃ কোন সংগ্রাহক অর্থাৎ যাহাতে হঠাৎ রক্তপতনের নিবৃত্তি হয় এরূপ কোন ঔষধ প্রয়োগ করিবে না। সহসা রক্ত পতন নিবারণ করিলে হৃদ্রোগ, গ্রহণী, প্লীহা, গুল্ম ও জ্বরাদি রোগ জন্মিতে পারে (১)।

রক্তপিত্তরোগে রক্ত উৰ্দ্ধগামী হইলে যদি রোগীর বল, মাংস ও অগ্নি ক্ষীণ না হয়, তবে তাহাকে উপবাসী রাখিবে। স্নিগ্ধোষ্ণজনিত পীড়া, কফস্থ দোষ এবং সামপিত্ত; এই সমস্ত ব্যতীত, উৰ্দ্ধগামী রক্তপিত্তে প্রথমতঃ তৃপ্তিকর আহার দিয়া বিরেচন প্রদান করিবে।

অধোগামী রক্তপিত্ত রোগে রোগীর বল বিবেচনা করিয়া প্রথমতঃ পেয়া ও বমন কারক ঔষধ প্রদান করিবে ॥ ১ ॥

তর্পণং সঘৃতক্ষৌদ্রলাজচূর্ণৈঃ প্রদাপয়েৎ। উৰ্দ্ধগং রক্তপিত্তং তৎ পীতং কালেব্যপোহতি। জলং খর্জ্জুর মৃদ্বীকামধুকৈঃ সপরুষকৈঃ। শৃতশীতং প্রয়োক্তব্যং তর্পণার্থং সশর্করং ॥ ২ ॥

তর্পণমিত্যাদি।—চরকস্য স্পষ্টম্। যেন দ্রবেন শক্তু নানালোড়নং কার্য্যং তদাহ জলমিত্যাদি।—অথ খর্জ্জুরাদিনা জলং ষড়ঙ্গ বিধানেন কার্য্যম্। এতচ্চ জলমত্যর্থং মধুর মপ্যন্ধিগে কফসম্বন্ধে রক্তপিত্তব্যাধি প্রত্যনীকতয়া যৌগিকং জ্ঞেয়ম্ ॥ ২ ॥

ঘৃত, মধু ও লাজ (খই) চূর্ণ মিশ্রিত করিয়া তৃপ্তিকর আহার প্রস্তুত করতঃ যথাকালে সেবন করিলে, উৰ্দ্ধগ রক্তপিত্ত বিনষ্ট হয়। পিণ্ডীখর্জ্জুর, কিস্‌মিস্, যষ্টিমধু ও ফালসাফল; এই সকল দ্রব্যের ক্বাথ শীতল হইলে তদ্দ্বারা আহার প্রস্তুত করিয়া পান করিলে উৰ্দ্ধগামী রক্তপিত্ত রোগ বিনষ্ট হয়। উক্ত দ্রব্যগুলির ক্বাথ নিম্নোক্ত রূপে প্রস্তুত করিতে হইবে। যথা; ঐ—। দ্রব্য সমূহ মোট দুই তোলা, চারি সের জলে সিদ্ধ করিয়া দুই সের থাকিতে নামাইয়া বস্ত্র দ্বারা ছাঁকিয়া লইবে ॥ ২ ॥

[illegible] পিপ্পলী শর্করা-মধু। মোদকঃ সন্নিপাতোত্থরক্তপিত্ত-জ্বরাপহঃ ॥ ৩ ॥

বিরেচনমাহ ত্রিবৃতেত্যাদি।—ত্রিবৃতেতি অরুণমূলা, শ্যামেতি শ্যামমূলা ত্রিবৃৎ, নতু শ্যামালতা বৃদ্ধদারকো বা। চরকে শ্যামা ত্রিবৃৎ কল্পস্থানে পঠিতত্বাৎ। অত্র মোদকে দ্বিগুণো গুড় ইতি বচনাৎ শর্করায়াশ্চূর্ণাদ্দ্বৈগুণ্যমিচ্ছন্তি, মধু পুনরেকদ্রব্যাসনং কিম্বা মধুশর্করে মিলিত্বা চূর্ণাদ্দ্বিগুণং উভয়োরপি মোদকাহত্বাৎ। অয়ং যোগঃ বৃন্দতোপপাঠে তট্টীকাকারস্তু ত্রিফলায়াঃ প্রত্যেকং ভাগঃ, শর্করা মাক্ষিকস্তু মোদক যোগ্যমাহ ॥ ৩ ॥

রক্তপিত্ত রোগে বিরেচনার্থ ঔষধ যথা,—তেউড়ী, ত্রিফলা, শ্যামমূলতেউড়ী, পিপ্পলী, এই সমুদয়ের দ্বিগুণ শর্করা এবং উপযুক্ত পরিমাণ মধুর সহিত মোদক প্রস্তুত করিয়া সেবন করিলে বিরে-

(১) অতিরিক্ত রৌদ্র সেবন, ব্যায়াম, শোক, পথপর্য্যটন, অত্যন্ত স্ত্রীসংবাস এবং তীক্ষ্ণ, উষ্ণ, ক্ষার, লবণ, অম্ল ও কটুদ্রব্য ভোজন জন্য কুপিত পিত্ত বিদগ্ধ ও রক্তের সহিত মিলিত হইয়া ঊৰ্দ্ধ ও অধঃদেশ দ্বারা নির্গত হয়। অধিক কি পিত্ত অতিশয় কুপিত হইলে সমস্ত রোম কূপ দ্বারা ও বাহির্গত হইয়া থাকে। রক্তপিত্ত জন্মিবার পূর্ব্বে গাত্রের অবসন্নতা, শীতলেচ্ছা, কণ্ঠ ধূমায়ন, বমন এবং নিশ্বাসে লোহ গন্ধ ইত্যাদি লক্ষণ লক্ষিত হয়।

চন হইয়া ত্রিদোষ (বায়ু, পিত্ত, কফ) জন্য ঊর্দ্ধগ রক্তপিত্ত রোগ ও জ্বরের নিবৃত্তি হয় ॥ ৩ ॥

শালপর্ণ্যাদিনাসিদ্ধা পেয়া পূর্ব্বমধোগমে। বমনং মদনোন্মিশ্রোমন্থঃ সক্ষৌদ্র শর্করঃ ॥ ৪ ॥

শালপর্ণ্যাদিনা সিদ্ধেতি শালপর্ণ্যাদি স্বল্পপঞ্চমূলং তথাতিসারে উক্তো দোষ স্বল্প মংস্তুমাৎ এবং শালপর্ণ্যাদি ত্রয়মেব দোষাদাপেক্ষয়া দেয় মিত্যাহুঃ। ব্যবহারস্তু প্রায়ঃ স্বল্প পঞ্চমূলেনেতি। বমনমিতি।—মন্থোদ্রবদ্রব্যালোড়িতাঃ শক্তবঃ ॥৪॥

অধোগামী রক্তপিত্ত রোগে, শালপর্ণ্যাদির ক্বাথে পেয় সিদ্ধ করিয়া সেবন করিতে দেওয়া কর্ত্তব্য। এবং ময়নাফল চিনি ও মধু মিশ্রিত মন্থ প্রস্তুত করিয়া বমনার্থ প্রয়োগ করিবে। ইহাদ্বারা বমন হইয়া রোগের নিবৃত্তি হয় ॥৪॥

শালি যষ্টিক নীবার কোরদূষ প্রশাতিকাঃ। শ্যামাকশ্চ প্রিয়ঙ্গুশ্চ ভোজনং রক্তপিত্তিনাম্। মসূরমুদ্গচণকাঃ সমুদ্গাঢ়কী ফলাঃ। প্রশস্তাঃ সূপযূষার্থং কল্পিতা রক্তপিত্তিনাম্। শাকং পটোল বেত্রাগ্র তণ্ডুলীয়াদিকং হিতং। মাংসং লাব কপোতাদি শশৈণহরিণাদিজম্ ॥ ৫ ॥

শালীত্যাদৌ।—নীবার উড়িয়া,কোরদূষঃ কোদ্রবঃ সচেহ পুরাতনো গ্রাহ্যঃ তেন কোরদূষস্য যদ্রক্তপিত্তাহেতুত্বং চরকে নিদানস্থানে প্রোক্তং তদভিনবাভিপ্রায়েণেতি কেচিৎ। অন্যেতু নিষ্পাবমাষপূপাদি যুক্তস্যৈব কোরদূষস্য সংযোগমহিম্না রক্তপিত্ত হেতুত্বং নিদানে প্রোক্তং কেবলস্যতু কষায় মধুরলঘুত্বাৎ রক্তপিত্তহন্তৃত্বমেবাতঃ। প্রশাতিকা রক্তশূকা; রক্ত উড়িয়া ইতি খ্যাতা, সা জলমধ্যে প্রায়ো ভবতি। প্রিয়ঙ্গুঃ কঙ্গুঃ কায়োনীতি লোকে। আঢ়কী তুবরী ॥ ৫ ॥

শালীধান্য, ষাইটাধান্য, উড়ীধান্য, কোরদূষ (ধান্য বিশেষ), রক্তশালী, চিনা, কাকনীদানা (কায়োন) প্রভৃতির তণ্ডুল রক্তপিত্ত রোগীকে আহার করিতে দিবে। এবং মসুর, মুগ, ছোলা, বনমুগ ও অরহর; এই সকলের দাইলের যূষ রক্তপিত্ত রোগীর পক্ষে হিতকর। এবং পটোল, বেতাগ্র, খুদেনইটা; এই সকল শাক, ও লাব, কপোত, শশক, এণ (হরিণবিশেষ) ও হরিণের মাংস রক্তপিত্ত রোগে হিতকর ॥ ৫ ॥

বিনাশুণ্ঠীং ষড়ঙ্গেন সিদ্ধং তোয়ঞ্চ দাপয়েৎ ॥ ৬ ॥

বিনাশুণ্ঠীত্যাদি স্পষ্টম্ ॥ ৬ ॥

রক্তপিত্ত রোগীকে শুণ্ঠীহীন ষড়ঙ্গ অর্থাৎ মুথা, ক্ষেৎপাপড়া, বেণারমূল, রক্তচন্দন ও বালা; এই সকলের সহিত সিদ্ধজল পান করিতে দিব। উক্ত দ্রব্য সমূহ দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ ৪চারি সের জলদ্বারা সিদ্ধ করিয়া দুই সের থাকিতে নামাইয়া ছাকিয়া লইয়া রোগীকে পানার্থ প্রদান করিবে ॥ ৬ ॥

ক্ষীণমাংসবলং বালং বৃদ্ধং শোষানুবন্ধিনম্। অবম্যমবিরেচ্যঞ্চ স্তম্ভনৈঃ সমুপাচরেৎ ॥ ৭ ॥

নিষিদ্ধ বমন বিরেচনমাহ ক্ষীণেত্যাদি।—দোষানুবন্ধিনং যক্ষ্মানুবন্ধযুক্তম্ ॥ ৭ ॥

মাংস ও বলক্ষীণ, বালক বৃদ্ধ ও যক্ষ্মাপীড়িত রোগী; ইহাদিগকে বমন ও বিরেচন না দিয়া অন্যান্য সংকোচক ঔষধদ্বারা চিকিৎসা করিবে ॥ ৭ ॥

বৃষপত্রাণি নিষ্পীড্য রসং সমধুশর্করম্। পিবেত্তেন শমং যাতি রক্তপিত্তং সুদারুণম্ ॥ ৮ ॥

স্তম্ভন যোগানাহ বৃষেত্যাদি।—বৃষস্য পত্রাণি পুটপাকবিধিনা উৎস্বিন্ন, তস্যাঃ রসো গ্রাহ্যঃ। অন্যথা তৎপত্রস্বরসো দুর্গ্রহো ভবতি। অয়ঞ্চ যোগ ঊর্দ্ধগে দোষে হিতঃ। যোগদ্বয়ং মধুশর্করাব্যতিরেকেন

অপকৃত কষায়েণাপি বোধ্যঃ যদাহ বাভটঃ পিত্তা-সৃক্ শময়েৎ পীতোনির্য্যাসোবাটরূষজঃ শর্করামধু-সংযুক্তঃ কেবলো বা শৃতোপি বা॥ ৮॥

বাসকপাতা নিষ্পীড়ন করতঃ তাহার রস গ্রহণ করিবে, উক্ত রসের সহিত মধু ও শর্করা মিশ্রিত করতঃ পান করিলে অতি সুদারুণ রক্তপিত্ত রোগও প্রশমিত হইয়া থাকে। বয়স ও বলাবল বিবেচনা পূর্ব্বক এক তোলা হইতে দুই তোলা পর্য্যন্ত উক্ত রস ব্যবহার করা যাইতে পারে॥ ৮॥

আটরূষকনির্য্যূহে প্রিয়ঙ্গু মৃত্তিকাঞ্জনে। বিনীয়লোধ্রং সক্ষৌদ্রং রক্তপিত্তহরং পিবেৎ॥ ৯॥

আটরূষকনির্য্যূহ ইত্যাদি।—আটরূষো বাসকঃ; মৃত্তিকা সৌরাষ্ট্রীমৃৎ তদভাবে পঞ্চপর্পটী; অঞ্জনং রসাঞ্জনং; ক্ষৌদ্রান্তোয়ং যোগঃ। উক্তঞ্চ বাভটে বাসারসেন কলিনা মৃত্রসাঞ্জনমাক্ষিকং, পিত্তাসৃক্ শময়েৎ পীতমিতি। বিনীয় কল্কীকৃত্য প্রক্ষিপ্যেতি বা। প্রিয়ঙ্গ্বাদীনাং মিলিতানাং কর্ষং ক্ষৌদ্রস্য চ কর্ষং প্রক্ষিপ্য পিবেৎ পরিভাষাবলাৎ। উক্তং হি ক্ষিবেশেন কর্ষশ্চূর্ণস্য কল্কস্যেত্যাদি তথা মাত্রা ক্ষৌদ্রঘৃতাদীনামিত্যনেনোক্তাঃ। চূর্ণাদীনাং কর্ষমানত্বং স্বতন্ত্র প্রয়োগ এব ভবতি। যদি পুনরপ্রোক্তপরিভাষানুসারেণ প্রিয়ঙ্গ্বাদীনাং প্রত্যেকং গৃহ্যতে তদা ভেষজভূয়স্ত্বং স্যাৎ, প্রিয়ঙ্গ্বাদীনামল্পত্বং যুক্তং তত্তি ব্যবহারশ্চ প্রিয়ঙ্গ্বাদিকল্কক্ষৌদ্রয়োঃ প্রত্যেকং চতুঃ পঞ্চ মাষকং প্রক্ষেপ ইতি॥ ৯॥

বাকসপাতার পুটপাক রসে, প্রিয়ঙ্গু, সৌরাষ্ট্র মৃত্তিকা, রসাঞ্জন ও লোধ; এই সকলের চূর্ণ ২ তোলা ও মধু ২ তোলা মিশ্রিত করিয়া পান করিলে রক্তপিত্ত রোগ বিনষ্ট হয়॥ ৯॥

বাসাকষায়োৎপল মৃৎপ্রিয়ঙ্গুঃ
লোধ্রাঞ্জনাম্ভোরুহ কেশরাণি।
পীত্বাসিতাক্ষৌদ্রযুতানি হন্যাৎ
পিত্তাসৃজোবেগমুদীর্ণমাশু॥১০॥

বাসাকষায় ইত্যাদি।—সুগমতস্য। উৎপলাদীনাং স্কাপ্রাপ্তানাং প্রক্ষেপঃ। নিশ্চলস্তু সিতামধুনোঃ প্রত্যেকং শাণঃ, উৎপলাদীনাং মিলিত্বা শাণ ইত্যাহ॥ ১০॥

বাসকের ক্বাথে উপযুক্ত পরিমাণ সৌরাষ্ট্র মৃত্তিকা, উৎপল, প্রিয়ঙ্গু, লোধ, রসাঞ্জন ও পদ্মকেশর, ইহাদিগের চূর্ণ এবং চিনি ও মধু প্রক্ষেপ করিয়া পান করিলে শীঘ্র রক্তপিত্ত রোগ প্রশমিত হয়॥ ১০॥

তালীশচূর্ণসংযুক্তঃ পেয়ঃ ক্ষৌদ্রেণ বাসক স্বরসঃ। কফপিত্ততমকশ্বাস স্বরভেদ রক্তপিত্তহরঃ॥ ১১॥

তালীশেত্যাদি।—অত্র বাসকস্বরসস্য পলং, তালীশ চূর্ণস্য মাষকদ্বয়ং মধু মাষচতুষ্টয়মিতি ব্যবহরন্তি॥ ১১॥

বাসকপাতার স্বরসে যথোপযুক্ত মাত্রায় তালীশ পত্র চূর্ণ ও মধু মিশ্রিত করিয়া পান করিলে কফপিত্ত, তমক-শ্বাস, স্বরভেদ ও রক্তপিত্ত রোগ বিনষ্ট হয়॥ ১১॥

আটরূষক মৃদ্বীকা পথ্যা ক্বাথঃ সশর্করঃ। ক্ষৌদ্রাঢ্যঃ কসনশ্বাস রক্তপিত্তনিবর্হণঃ॥ ১২॥

অটরূষকেত্যাদি।—চরকস্যায়ং যোগোনার্ষ ইতি কেচিত্তঃ দৃশ্যতেত্বয়ং চক্রটাদিষু বহু সংগ্রহেষ্বপীতি॥ ১২॥

বাসক, কিস্‌মিস্ ও হরীতকী; এই সকলের ক্বাথ চিনি ও মধু মিশ্রিত করিয়া পান করিলে কাস, শ্বাস ও রক্তপিত্ত রোগ বিনষ্ট হয়। বাসকাদি দ্রব্য গুলি ২ তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া॥ ১২॥

বাসায়াং বিদ্যমানায়ামাশায়াং জীবিতস্য চ। রক্তপিত্তী ক্ষয়ীকাসী কিমর্থমবসীদতি॥ ১৩॥

বাসায়ামিত্যাদি স্পষ্টম্॥ ১৩॥

বাসক বিদ্যমান থাকিতে রক্তপিত্ত, ক্ষয় ও কাস পীড়িত রোগী কেন অব-

সম্ম হইবে, অর্থাৎ বালক উক্ত শ্লোকের প্রধান ঔষধ, উহা সেবন করিয়া সুস্থ হইতে পারিবে, অতএব জীবনে নৈরাশ হইও না ॥ ১৩ ॥

সমাক্ষিকঃ ফল্গুফলোদ্ভবো বা
পীতো রসঃ শোণিতমাশু হন্তি ॥ ১৪

সমাক্ষিক ইত্যাদি।—ফল্গুফলং কাকোডুম্বরিকাফলং; অয়ং যাগো ঘোষে ভবতি। ১৪।

যজ্ঞডুমুরফলের রস মধুযুক্ত করিয়া পান করিলে রক্তপিত্তরোগের নিবৃত্তি হয়। উক্ত রস ২ দুই তোলা মাত্রায়ই প্রায় ব্যবহৃত হইয়া থাকে ॥ ১৪ ॥

মদয়ন্ত্যাশ্চ জঃ ক্বাথস্তদ্বৎ সমধুশর্করঃ ॥ ১৫

মদয়ন্তীতি মদয়ন্তী মল্লিকাভেদঃ, তস্যা-মূলম্ ॥ ১৫ ॥

উপযুক্ত পরিমাণ দমযন্তী (মল্লিকা বিশেষ) বৃক্ষের মুলের ক্বাথ মধু ও শর্করা মিশ্রিত করিয়া পান করিলে রক্তপিত্ত রোগের শান্তি হয় ॥ ১৫ ॥

অতসীকুসুমসমঙ্গা বটাবরোহত্বগ-
ম্বুনাপীতা। প্রশময়তি রক্তপিত্তং যদি
ভুঙ্‌ক্তে মুদ্গযূষেণ ॥ ১৬ ॥

অতসীত্যাদৌ।—বটাবরোহত্বগিতি বটাবরোহসাঙ্কুর। এতৎ সর্ব্বং পিষ্ট্বা অম্ভসা পেয়ম্ ॥ ১৬ ॥

উপযুক্ত মাত্রায় অতসীপুষ্প, বরাহক্রান্তা ও বটের কুঁড়ির ছাল পেষণ করিয়া জলের সহিত পান করিলে রক্তপিত্ত বিনষ্ট হয়। এই ঔষধ সেবন করিয়া মুদ্গযূষের সহিত পথ্য করা বিধেয় ॥ ১৬ ॥

কষায়যোগৈর্বিবিধৈর্দীপ্তাগ্নৌ নির্জিতে
কফে। রক্তপিত্তং নচেচ্ছাম্যেত্তত্র
বাতোল্বণে পয়ঃ। ছাগং পয়োঽথবা
গব্যং শৃতং পঞ্চগুণে জলে। অভ্য-
সেৎ সসিতাক্ষৌদ্রং পঞ্চমূলী শৃতং
পয়ঃ ॥ ১৭ ॥

ক্ষীরপানবিষয়মাহ কষায়যোগৈরিত্যাদি।—বাতটসা। কষায়াশ্চ পঞ্চসারয়ঃ। পঞ্চমূলী স্বল্পা; ক্ষীরপাকবিধানেন পঞ্চমূলীসাধিতং পয়ঃ। অত্রাপি সসিতাক্ষৌদ্রমিতি যোজ্যম্। উক্তং হি বাতটে পঞ্চমূলেন লঘুনা শৃতং সসিতা-মধু ॥ ১৭ ॥

রক্তপিত্ত রোগে দুগ্ধপানের বিষয় বলা যাইতেছে উক্ত বিবিধ প্রকার কষায়যোগদ্বারা অগ্নির দীপ্তি ও শ্লেষ্মার নিবৃত্ত হইলেও যদি রক্তপিত্ত রোগের শান্তি না হয় তবে কফক্ষীণ, অথচ বাত প্রধান রক্তপিত্তে প্রদীপ্তাগ্নি রোগীকে দুগ্ধ পান করিতে দিবে। ছাগদুগ্ধ বা গব্যদুগ্ধ পঞ্চগুণ জলে সিদ্ধ করিয়া জলভাগ শোষ পাইলে সেই দুগ্ধ পান করিবে অথবা স্বল্পপঞ্চমূলের সহিত দুগ্ধ সিদ্ধ করিয়া তাহাতে চিনি ও মধু মিশ্রিত করতঃ পান করিবে ॥ ১৭ ॥

দ্রাক্ষয়া পর্ণিনীভির্বা বলয়া মধুকেন
বা। শ্বদংষ্ট্রয়া শতাবর্য্যা রক্তজিৎ
সাধিতং পয়ঃ ॥ ১৮ ॥

দ্রাক্ষেত্যাদি।—এতে ষট্‌যোগাঃ। পর্ণিনীভিরিতি শালপর্ণী, পৃশ্নিপর্ণী, মুদ্গপর্ণী, মাষপর্ণীভিরিতি এবং সর্ব্বত্র বহুবচনাত্তে; দ্বিবচনান্তে স্থানে ... থে। এতে যোগাবিশেষেণ মূত্রমার্গগে রক্তপিত্তে জ্ঞেয়াঃ। তথা ঘৃতস্য শর্করায়াঃ প্রক্ষেপোঽত্র বোধ্যঃ। যদুক্তং বাতটে জীবকর্ষভকৌ দ্রাক্ষাবলামধুকগোক্ষুরৈঃ। পৃথক্ ... শৃতং ক্ষীরং সঘৃতং সিতয়াপি বা। যোক্তকাণ্ডীরশৃতং পর্ণিনীভিস্তথা পয়ঃ। হন্ত্যাশু রক্তং সরুজং বিশেষান্মূত্রমার্গগমিতি। এবঞ্চ সজীবকং সর্ষভকমিত্যাদি চরকেণাপ্যুক্তম্ ॥ ১৮ ॥

দ্রাক্ষা (কিস্‌মিস্); পর্ণিনী চতুষ্টয় (শালপাণি, চাকুলে, মুগানী ও মাষাণী); বেড়েলা; যষ্টিমধু; গোক্ষুর; শতমূলী; ইহাদের মধ্যে যে কোনটির কল্ক সহিত দুগ্ধ পাক করতঃ রক্তপিত্ত-গ্রস্ত রোগীকে পান করিতে দিবে। ইহাদ্বারা রক্তপিত্ত রোগ বিনষ্ট হইয়া থাকে।

উক্ত দুগ্ধ পাক করিবার নিয়ম এই, উক্ত ঔষধদ্রব্য দুই তোলা, দুগ্ধ ১৬ ষোল তোলা এবং জল ৬৪ তোলা দ্বারা পাক করিয়া দুগ্ধ মাত্র অর্থাৎ ১৬ ষোল তোলা মাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া রক্তপিত্ত রোগীকে পানার্থ প্রদান করিবে (২) ॥ ১৮ ॥

পক্বোড়ুম্বরকাশ্মর্য্যা পথ্যা খর্জ্জুর গোস্তনাঃ। মধুনা ঘ্নন্তি সংলীঢ়া রক্তপিত্তং পৃথক্ পৃথক্ ॥ ১৯ ॥

পক্বোডুম্বরেত্যাদি।—উডুম্বরাদীনাং ফলানি পক্বানি, তত্রত্যেষাং চূর্ণানাং মধুনা লেহঃ। কাশ্মর্য্যাং গাম্ভারীফলং খর্জ্জুরং পিণ্ডখর্জ্জুরং গোস্তনা দ্রাক্ষা। মদনেত্যাদৌ দৈনাথপ্রাপ্তৌ অমাইতে বা সর্ব্বত্র শার্করং জলং রক্তসেনরসং কদল্যাদিকুসুমস্বরস্বা গ্রাহ্যমিত্যর্থঃ। নাসাপ্রবৃত্তরুধিরেপি পক্বোডুম্বরফলং মধুনা গুড়েনচ সুশ্রুতে উক্তং হি বিস্তুসারে "উডুম্বরাণি পক্বানি গুড়েন মধুনাপি বা। উপযুক্তানি নিঘ্নন্তি নাসারক্তং নৃণাং ধ্রুবমিতি।" ১৯॥

পক্ব যজ্ঞডুমুর, গাম্ভারী, হরীতকী, পিণ্ডীখর্জ্জুর ও গোস্তনী দ্রাক্ষা: ইহাদের প্রত্যেকের চূর্ণ পৃথক্ পৃথক্ মধু সহিত লেহন করিলে সকল প্রকার রক্তপিত্ত রোগের নিবৃত্তি হয় ॥ ১৯ ॥

তদ্বৎ শাখোটকত্বগ্রস বিক্রুদ্বিদয়যুতো ঘৃতদ্বিগুণঃ। ভূনিম্বকল্ক উর্দ্ধগপিত্তশ্রকাসশ্বাসঘ্নঃ ॥ ২০ ॥

তদ্বেত্যাদি তত্রত্বরুণঃ ॥ ২০ ॥

তদ্রূপ শেওড়াগাছের ছালের রস দুই ফোটা, দ্বিগুণ ঘৃত ও চিরতার কল্ক মিশ্রিত করিয়া সেবন করিলে উর্দ্ধগ রক্তপিত্ত, শ্বাস ও শোষ রোগের শান্তি হয় ॥ ২০ ॥

খদিরস্য প্রিয়ঙ্গূনাং কোবিদারস্য শাল্মলেঃ। পুষ্পচূর্ণস্তু মধুনা লীঢ়া চারোগ্যমশ্নুতে ॥ ২১ ॥

খদিরস্যেত্যাদি।—চরকস্য। চরকেতু পুষ্পচূর্ণানি মধুনা লিহ্যাত্বা রক্তপিত্তনুদিতি পাঠঃ; টীকাকারোপি চূর্ণানি তস্য রক্তপিত্তনুদিতি বিশেষণং নোপপদ্যত ইতিকৃত্বা পুরুষবিশেষণত্বমাহ। সংগ্রহকারৈশ্চ পুষ্পচূর্ণানি মধুনা লীঢ়া চারোগ্যমশ্নুতে ইতি প্রতি সংস্কৃত্য লিখিতম্। অত্র পুষ্পচূর্ণলেহবস্তুঃ সর্ব্বত্র বিভক্তস্বন্ত্বেন নির্দ্দেশাদিতি বৃন্দটিপ্পনী. কিন্তু চরকটীকাকৃদ্ভির্ন ব্যাখ্যাতোয়মর্থঃ। ২১ ॥

খদির বা প্রিয়ঙ্গু, অথবা রক্তচন্দন কিম্বা শিমূলপুষ্প; ইহাদিগের চূর্ণ মধুর সহিত লেহন করিলে রক্তপিত্ত রোগ হইতে আরোগ্য লাভ করিতে পারা যায়। চূর্ণের মাত্রা দুই আনা বা চারি আনা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে ॥ ২১ ॥

অভয়া মধুসংযুক্তা পাচনী দীপনীমতা। শ্লেষ্মাণং রক্তপিত্তঞ্চ হন্তি শূলাতিসারনুৎ ॥ ২২ ॥

অভয়েত্যাদি।—অয়ং যোগো যদ্যপি পক্বোডুম্বর কাশ্মর্য্যেত্যাদি যোগমধ্যে পঠিতএব তথাপি ফলবিশেষকথনার্থমিত্র পুনরুক্তম্ ॥ ২২ ॥

হরীতকী মধুর সহিত ভক্ষণ করিলে উদরের পরিপাক হইয়া অগ্নির উদ্দীপন হয়, এবং কফজ রক্তপিত্ত, শূল ও অতিসার রোগের নিবৃত্তি হয় (৩)। ইহা অর্দ্ধ তোলা হইতে এক তোলা মাত্রায় পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে ॥ ২২ ॥

বাসক স্বরসে পথ্যা সপ্তধা পরিভাবিতা। কৃষ্ণাবা মধুনা লীঢ়া রক্তপিত্তং দ্রুতং জয়েৎ। ভাবনায়াং দ্রবো দেয়ঃ সম্যগার্দ্রত্বকারকঃ ॥ ২৩ ॥

বাসকস্বরসইত্যাদি।—কৃষ্ণাচ বাসকস্বরসে ভাবিতেতি যোজ্যং, ভাবনাচ সপ্তাহং উক্তং হি চক্রাটে

(২) প্রস্রাবদ্বার দিয়া রক্ত নির্গত হইলেও এই যড়বিধ যোগ ব্যবস্থা করিবে।

(৩) এই যোগ ইতি পূর্ব্বে উক্ত হইয়াছে। এই স্থলে গুণবিশেষ কথনার্থ পুনর্ব্বার উক্ত হইল।

দিবাদিরাত্রৌ চ শুষ্কং রাত্রৌ রাত্রৌ চ পশ্চাৎ শুষ্কং চূর্ণীকৃতং দ্রব্যং সপ্তাহং কারনাবিধিঃ। দ্রবেণ যাবতা দ্রব্যং মেকীভূয়াত্তত্তাঃ দ্রব্যং। তাবৎ প্রমাণং নির্দ্দিষ্টং ভিষগ্‌ভির্ভাবনাবিধা-বিতি"॥ ২৩॥

বাসকের স্বরসে হরীতকী সাতবার ভাবনা দিয়া সেই হরীতকী অথবা পিপ্পলী মধুর সহিত অবলেহন করিলে শীঘ্র রক্তপিত্ত রোগ পরাজিত হয়। ভাবনায় দ্রবদ্রব্যের পরিমাণের কোন উল্লেখ নাই অতএব যে পরিমাণ দ্রবপদার্থদ্বারা ভাবনীয় বস্তু আর্দ্র হইতে পারে সেই পরিমাণে দ্রব প্রদান করিবে। উক্ত হরীতকীর এক সিকি হইতে অর্দ্ধ তোলা মাত্রায় পর্য্যন্ত প্রয়োগ করা যাইতে পারে ॥ ২৩ ॥

এলাগুড়িকা—

এলাপত্রত্বচোঽর্দ্ধাক্ষাঃ পিপ্পল্যর্দ্ধপলং তথা। সিতামধুকখর্জ্জূর মৃদ্বীকাশ্চ পলোন্মিতাঃ। সংচূর্ণ্য মধুনা যুক্ত্যা গুড়িকাঃ কারয়েদ্ভিষক্। অক্ষমাত্রাং ততশ্চৈকাং ভক্ষয়েত্তু দিনে দিনে। কাসং শ্বাসং জ্বরং হিক্কাং ছর্দ্দিং মূর্চ্ছাং মদং ভ্রমম্। রক্তনিষ্ঠীবনং তৃষ্ণাং পার্শ্বশূলমরোচকং। শোথপ্লীহাঢ্যবাতাংশ্চ স্বরভেদং ক্ষত ক্ষয়ম্। গুড়িকা তর্পণীবৃষ্যা রক্তপিত্তঞ্চ নাশয়েৎ ॥ ২৪ ॥

এলেত্যাদি।—ক্ষতক্ষীণে, চরকস্য। অর্দ্ধাক্ষা ইতি প্রত্যেকং কর্ষার্দ্ধমানাঃ। এবং সিতাদয়শ্চ প্রত্যেকং পলোন্মিতাঃ। যুক্ত্যা ইতি যাবতা মধুনা গুড়িকা ভবতি" তাবন্মানং মধু দেয়ম্। আঢ্যবাতং বাতরক্তং ঊরুস্তম্ভ মিত্যন্যে॥ ২৪॥

এলাচ, তেজপত্র, দারুচিনি ; ইহারা প্রত্যেকে এক তোলা, পিপুল ৪ চারি তোলা, চিনি, যষ্টিমধু, পিণ্ডীখর্জ্জূর, কিস্‌মিস্; ইহারা প্রত্যেকে এক পল। এই সকলের চূর্ণ একত্র মধুর সহিত মিশ্রিত করতঃ ২ তোলা পরিমাণ গুড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা প্রতিদিন এক একটী করিয়া সেবন করিবে। কাস, শ্বাস, জ্বর, হিক্কা, ছর্দ্দি, মূর্চ্ছা, ভ্রমি, মত্ততা, রক্তবমন, তৃষ্ণা, পার্শ্বশূল, অরুচি, শোথ, প্লীহা, আঢ্যবাত, স্বরভেদ, উরঃক্ষত ও ক্ষয়প্রভৃতি রোগ বিনষ্ট হয়। এই ঔষধ তৃপ্তি ও বলকারক এবং রক্তপিত্ত বিনাশক। ইহার আধুনিক মাত্রা এক সিকি অর্থাৎ ইহা চারি আনা হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে॥২৪॥

লোহগন্ধিনি নিঃশ্বাসে উদ্গারে রক্তগন্ধিনি। পৃথ্বীকাং শাণমাত্রান্তু খাদেদ্দ্বিগুণশর্করাম্ ॥ ২৫ ॥

পৃথ্বীকাং শাণমাত্রামিতি পৃথ্বীকা কৃষ্ণজীরকং নতু সূক্ষ্মৈলা. টীকাকৃদ্ভিরব্যাখ্যাতত্বাৎ। শাণো-মাষচতুষ্টয়ং. কৃষ্ণজী কস্য তীক্ষ্ণত্বে উষ্ণত্বেপি দ্বিগুণশর্করা যোগাৎ প্রভাবাচ্চ পিত্তহন্তৃত্বং।২৫।

যাহার নিশ্বাসে লোহগন্ধ ও উদ্গারে রক্তগন্ধ উত্থিত হয় সেই ব্যক্তি কৃষ্ণজীরা অর্দ্ধ তোলা ও চিনি ১ তোলা একত্র মিশ্রিত করিয়া ভক্ষণ করিলে, ইহা দ্বারা বিশেষ উপকার হইয়া থাকে ॥ ২৫ ॥

নাসাপ্রবৃত্তরুধিরং ঘৃতভৃষ্টং শ্লক্ষ্ণপিষ্টমামলকম্। সেতুরিব তোয়বেগং রুণদ্ধিমূর্দ্ধ্নি প্রলেপনে ॥ ২৬ ॥

নাসেত্যাদ—আমলকং ঘৃতে ভৃষ্ট্বা কাঞ্জিকে পিষ্ট্বা শিরসি লেপো দেয়ঃ ॥ ২৬॥

নাসিকা হইতে রক্তপতিত হইলে আমলকী ঘৃতে ভাজিয়া কাঁজির সহিত উত্তমরূপ পেষণ করতঃ মস্তকে প্রলেপ দিবে। ইহা দ্বারা বপ্র (সেতু) রুদ্ধ জলবেগের ন্যায় নাসাপ্রবৃত্ত রক্ত অবরুদ্ধ হইয়া থাকে ॥ ২৬ ॥

ঘ্রাণপ্রবৃত্তে জলমাশু দেয়ং সশর্করং নাসিকয়া পয়ো বা।

দ্রাক্ষারসং ক্ষীরঘৃতং পিবেদ্বা
সশর্করং চেক্ষুরসং হিতং বা ॥ ২৭ ॥

ঘ্রাণপ্রবৃত্তইত্যাদি।—সুশ্রুতস্য। জলাদয়ঃ সশর্করাঃ পঞ্চ নস্যযোগা ইতি গয়দাসঃ। তথা উত্তরে প ঘ্রাণপ্রবৃত্তে সশর্করং পানীয়ং পয়োপি সশর্করং. তথা দ্রাক্ষা রসমপি সশর্করং নাসিকয়া পিবেৎ। তথা ক্ষীরঘৃতং ;ক্ষীরমথনোদ্ধৃত ঘৃতং তচ্চ সশর্করং নাসিকয়া পিবেৎ এবং ইক্ষুরসমপি নাসিকয়া পিবেৎ। বৃন্দটীপ্পন্যান্তু কেবল দ্রাক্ষারসস্য নস্যং চেক্ষুরসস্য চ নস্যমিত্যুক্তং ইদমপি যুক্ত' যদাহ"চরকঃ দ্রাক্ষারসস্যাক্ষু রসস্য নস্যং ক্ষীরস্য দূর্ব্বাস্বরসস্য চৈবেতি''। চক্রস্তু নাসিকয়া ইত্যত্র নস্তকয়েতি পঠিত্বা। নাসাপুটয়োরিতি বিবৃতবান্। কেচিত্তু মূর্দ্ধি লেপনেত্যতো মূর্দ্ধি ইতি পদমনুবৃত্ত্যা অত্র 'মূর্দ্ধি জলং দেয় মিত্যর্থমাহুঃ। তন্ন, নাসাপ্রবৃত্ত রুধিরমিত্যাদি চরকবচনং ; ঘ্রাণপ্রবৃত্ত ইত্যাদি সে শ্রুতং ; তস্মাৎ দুরান্বয়ঃ। হিতমেবেত্যত্র হিমমেবেতি পাঠেঽপি জ্ঞেয়ঃ ॥ ২৭ ॥

নাসিকাহইতে রক্তপতিত হইলে শর্করা মিশ্রিত জল; দুগ্ধ; কিস্‌মিসের রস; দুগ্ধোত্থিত সদ্য ঘৃত; কিম্বা ইক্ষুরস চিনি মিশ্রিত করিয়া নাসিকা দ্বারা অতি ত্বরায় পান করিবে। এই পঞ্চপ্রকার নস্য গ্রহণ করিলে নাসিকা রক্তপতন নিবারণ হয় (৪) ॥ ২৭ ॥

নস্যং দাড়িমপুষ্পোত্থো রসো দূর্ব্বাভবোঽথবা। আম্রাস্থিজঃ পলাণ্ডোর্ব্বা নাসিকাস্রুত রক্তজিৎ ॥ ২৮ ॥

নস্যমিত্যাদি।—চত্ত্বারো যোগাঃ চরকেপ্যুক্তং দ্রাক্ষারসেক্ষুরসস্য নস্যং ক্ষীরস্য দূর্ব্বাস্বরসস্য চৈব যবাস মূলানি পলাণ্ডু মূলং নস্যস্তথা দাড়িমপুষ্প তোয়ৈরিতি। এবং বাভটেপ্যুক্তং। কেচিত্তু রসো দাড়িমপুষ্পস্য দূর্ব্বারস সমন্বিত ইতি তন্ত্রান্তর প্রদর্শনাদত্রাপি দূর্ব্বারস দাড়িম-রসাভ্যামেক এব যোগ ইত্যাহুঃ ॥ ২৮ ॥

দাড়িমপুষ্পের রস; দূর্ব্বার রস; আমের আঁটীর রস বা পলাণ্ডুর (পেঁয়াজ) রসের নস্য গ্রহণ করিলে নাসিকা হইতে রক্তপতন নিবারণ হয় ॥ ২৮ ॥

মেঢ্রগে হতিপ্রবৃত্তে তু বস্তিরুত্তরসংজ্ঞিতঃ। শৃতং ক্ষীরং পিবেদ্বাপি পঞ্চমূল্যা তৃণাহ্বয়া ॥ ২৯ ॥

মেঢ্রগে ইত্যাদি।—তৃণাহ্বয়া পঞ্চমূল্যেতি।—তৃণপঞ্চমূল্যা যদুক্তং সুশ্রুতে "কুশ কাশ শরেক্ষু দর্ভ।" ইতি। অত্র দর্ভা উলুঘাসঃ। চরকেতু শরেক্ষুকাশদর্ভানাং শালানাং মূলমেব চ. ইতি। উভয়মপি শস্তম্ ॥ ২৯ ॥

লিঙ্গ হইতে অতি বেগের সহিত রক্তপতিত হইলে উত্তর বস্তি প্রদান করিবে অথবা তৃণপঞ্চমূল অর্থাৎ কুশ, কাশ, শর, ইক্ষু ও উলুখড়; ইহাদিগের মূলদ্বারা দুগ্ধ পাক করিয়া পান করিবে। উক্ত দ্রব্যগুলি সমুদয়ে দুইতোলা, উত্তম রূপ কুট্টিত করতঃ জল এক সের ও দুগ্ধ এক পোয়া দিয়া পাক করিতে থাকিবে, যখন দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিবে অর্থাৎ এক পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে ॥ ২৯ ॥

দূর্ব্বাদ্যং ঘৃতম্—

দূর্ব্বা সোৎপলকিঞ্জল্কামঞ্জিষ্ঠাশৈলবালুকা। সিতাশীতমুশীরঞ্চ মুস্তং চন্দন পদ্মকং। বিপচেৎ কার্ষিকৈরেতৈঃ সর্পিরাজং সুখাগ্নিনা। তণ্ডুলাম্বু তথাজাক্ষীরং দত্বা চৈব চতুর্গুণম্। তৎপানং বমতোরক্তং নাবনং নাসিকাগতে। কর্ণাভ্যাং যস্য গচ্ছেতু তস্য কর্ণৌ প্রপূরয়েৎ। চক্ষুঃ স্রাবিণিরক্তে তু পূরয়েত্তেন চক্ষুষী। মেঢ্রপায়ু প্রবৃত্তে তু বস্তিকর্ম্মসু তদ্হিতম্। রোমকূপ প্রবৃত্তে তু তদভ্যঙ্গে প্রয়োজয়েৎ ॥ ৩০ ॥

দূর্ব্বাঘৃতে শীতংশ্বেতচন্দনমিতি বৃন্দঃ। অন্যেতু বহুবারস্বচং রসাঞ্জনস্বেত্যাহুঃ। ত্রয়াণামেব কষশালাদৌ শীতসংজ্ঞকত্বেনোক্তত্বাৎ। ব্যবহারস্তু

(৪) গ্রন্থান্তরের বচন যথা—দ্রাক্ষারসস্য নস্যং বা নস্যং বা ক্ষীর সর্পিষঃ। সপদাক্ষো রসস্যাপি নস্যাংতত্ররক্তপিত্তনুৎ। চরকে যথা—দ্রাক্ষা রসস্যেক্ষুরসস্য নস্যং ক্ষীরস্য দূর্ব্বা স্বরসস্য চেতি।

প্রায়ঃ শ্বেতচন্দনেনেতি। তণ্ডুলাম্বু তণ্ডুলক্ষীরঞ্চ প্রত্যেকং চতুর্গুণং। দত্বাচৈবেতি চকারাদি-ত্যাহুঃ॥ ৩০॥

দূর্ব্বা, নীলোৎপল, পদ্মকেশর, মঞ্জিষ্ঠা, এলবালুকা, শর্করা, শ্বেতচন্দন, বেণারমূল (বীরণমূল অথবা বিন্নামূল), মুথা, রক্তচন্দন ও পদ্মকাষ্ঠ; ইহাদের উত্তমরূপ পেষিত বা কুট্টিত কল্ক প্রত্যেকে ২ তোলা, ছাগঘৃত /১ সের এবং তণ্ডুলোদক ও ছাগদুগ্ধ প্রত্যেকে চতুর্গুণ অর্থাৎ প্রত্যেকে চারি সের লইয়া যথাবিহিত নিয়মানুসারে মৃদু অগ্নিতে পাক করিবে। এই ঘৃত উপযুক্ত মাত্রায় সেবন করিলে রক্তবমন নিবারণ হয়। এবং এই ঘৃতের নস্য গ্রহণ করিলে নাসিকা হইতে রক্তপতন নিবারণ হয়, কর্ণে পূরণ করিলে কর্ণ হইতে রক্ত নির্গত নিবারণ হয়। এবং চক্ষু হইতে রক্ত নির্গত হইলে চক্ষুতে প্রদান করিয়া রক্তপড়া নিবারণ করিবে। মেঢ্র ও গুহ্যদ্বার হইতে রক্তপতিত হইলে বস্তি প্রয়োগ এবং রোমকূপ হইতে নির্গত হইলে শরীরে মর্দ্দন করিলে রক্তপতন নিবৃত্ত হয়॥ ৩০॥

শতাবরীঘৃতম্—

শতাবরী দাড়িমতিন্তিড়ীকং
কাকোলী মেদে মধুকং বিদারীম্।
পিষ্ট্বা চ মূলং ফলপূরকস্য
ঘৃতং পচেৎ ক্ষীর চতুর্গুণংজ্ঞঃ।
কাসজ্বরানাহবিবন্ধশূলং
তদ্রক্তপিত্তং ঘৃতমাশু হন্যাৎ॥৩১॥

শতাবরীত্যাদি।—চরকস্য। কেচিদত্র দাড়িমকলং, উত্তরপঞ্চিকনিত্যাহুঃ। তিন্তিড়ীকং মহার্দ্রকং: কাকোলীযুক্তে মেদে কাকোলীমেদে; মধ্যপদলোপী সমাসঃ; কিম্বা কাকোলী শব্দঃ, অত্রৈক বচনান্ত স্ত্রীলিঙ্গ শব্দঃ মেদে ইতি মেদাদ্বয়ং; তন্ত্রান্তর প্রমাণাৎ উক্তংহি "কাকোলী মধুকং মেদে তিন্তিড়ীকং সদাড়িমং শতাবরীং বিদারীঞ্চ বীজপূরকটাং বিতাং পিষ্ট্বাচতুর্গুণেতোয়ে পক্বমাজ্যং জ্বরাপহমিতি"॥ ৩১॥

শতমূলী, দাড়িম, মহাদা, কাকোলী, মেদা, মহামেদা, যষ্টিমধু, ভূমিকুষ্মাণ্ড ও ছোলঙ্গলেবুর মূল; এই সকল কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিয়া সেবন করিলে, কাস, জ্বর, আনাহ, শূল ও রক্তপিত্ত রোগ বিনষ্ট হয়। ঘৃত ৪ চারি সের, উত্তমরূপ কুট্টিত কল্কদ্রব্য ১ এক সের এবং দুগ্ধ ১৬ ষোলসের সহিত মৃদু সন্তাপে পাক করিবে। ইহা।০ এক সিকি হইতে দুই তোলা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে॥ ৩১॥

বৃহচ্ছতাবরীঘৃতম্—

শতাবর্য্যাস্তু মূলানাং রসপ্রস্থদ্বয়ং মতম্। তৎসমঞ্চ ভবেৎ ক্ষীরং ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। জীবকর্ষভকৌ মেদা মহামেদা তথৈব চ। কাকোলী ক্ষীরকাকোলী মৃদ্বীকামধুকস্তথা। মুদ্গপর্ণী মাষপর্ণী বিদারীরক্তচন্দনম্। শর্করা মধুসংযুক্তং সিদ্ধং বিস্রাবয়েদ্ভিষক্। রক্তপিত্তবিকারেষু বাতরক্তগদেষু চ। ক্ষীণশুক্রেষু দাতব্যং বাজীকরণমুত্তমম্। অঙ্গদাহং শিরোদাহং জ্বরং পিত্তসমুদ্ভবম্। যোনিশূলঞ্চ দাহঞ্চ মূত্রকৃচ্ছ্রঞ্চ পৈত্তিকম্। এতান্‌রোগান্নিহন্ত্যাশু ছিন্নাভ্রাণীব মারুতঃ। শতাবরী সর্পিরিদং বলবর্ণাগ্নিবর্দ্ধনম্। স্নেহপাদঃ স্মৃতঃ কল্কঃ কল্কবন্মধুশর্করে। ইতি বাক্যবলাৎস্নেহে প্রক্ষেপ্যং পাদিকং ভবেৎ॥ ৩২॥

বৃহৎশতাবরীঘৃতে শর্করামধুসংযুক্তমিতি সিদ্ধশীতে মধুশর্করয়োর্মিলিত্বা পাদিকঃ প্রক্ষেপঃ। অতএবাহ স্নেহপাদ ইত্যাদি॥ ৩২॥

শতমূলীর রস ৮ সের, দুগ্ধ ৮ সের, ঘৃত ৪ সের। কল্ককদ্রব্য যথা,—জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, দ্রাক্ষা, যষ্টিমধু, মুদ্গাপর্ণী (মুগানী), মাষপর্ণী (মাষানী), ভূমিকুষ্মাণ্ড, রক্তচন্দন; এই সকল দ্রব্যের উত্তম রূপ কুট্টিত বা পেষিত কল্ক এক সের এবং উক্ত শতমূলীর রস ও দুগ্ধ সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে এবং শর্করা ও মধু প্রক্ষেপ করিবে। রক্তপিত্ত ও বাতরক্ত রোগে এবং ক্ষীণ ধাতুকে এই ঘৃত প্রয়োগ করিবেন। এই ঘৃত পান করিলে অঙ্গদাহ, শিরোদাহ, পৈত্তিক পীড়া সকল, জ্বর, যোনিশূল, দাহ, ও পিত্তজ মূত্রকৃচ্ছ্র, প্রভৃতি, বায়ু কর্ত্তৃক বিচ্ছিন্ন মেঘমালার ন্যায় অতি সত্বর বিনষ্ট হইয়া থাকে। ইহার নাম বৃহচ্ছতাবরী ঘৃত। এই ঘৃত বল, বর্ণ, অগ্নি ও রতিশক্তির অতিশয় বৃদ্ধিকারক। ঘৃতাদিপাকে কল্কদ্রব্য ঘৃতাদি স্নেহদ্রব্যের চতুর্থাংশ এবং কল্ক সমান মধু ও চিনি প্রদান করিবে। শাস্ত্রকারের এই বচন প্রমাণেই এই ঘৃত পাকে জীবকাদি কল্ক দ্রব্য ঘৃতের চতুর্থাংশ এবং চিনি ও মধু প্রক্ষেপ্য দ্রব্য কল্কের তুল্য প্রদান করিবে। এই ঘৃত এক সিকি বা অর্দ্ধ তোলা মাত্রায় সেবন কারান যাইতে পারে। আধুনিক চিকিৎসকগণ ঐরূপ মাত্রাই ব্যবহার করিয়া থাকেন॥ ৩২॥

বাসাদ্যং ঘৃতম্—

বাসাং সশাখাং সপলাশমূলাং
কৃত্বা কষায়ং কুসুমানি চাস্যাঃ।
প্রদায় কল্কং বিপচেদ্ঘৃতং তৎ
সংক্ষৌদ্রমাশ্বেব নিহন্ত্যসৃক্ [illegible]।
শণস্য কোবিদারস্য বৃষস্য ককুভস্য চ। কল্কাঢ়ত্বাৎ পুষ্পকল্কং প্রস্থে পলচতুষ্টয়ম্॥ ৩৩॥

বাসমিত্যাদি।—চরকস্য। অত্রাঙ্গীয়া বিধানাৎ ক্বাথ বিধানেন দ্বৈগুণ্যম্। নিত্যমার্দ্রা প্রয়োক্তব্যা ন তাসাং দ্বিগুণো ভবেদিত্তিবচনাৎ। অত্রাষ্টগুণং জলং দত্ত্বা অষ্টাংশশেষঃ কষায়ঃ কার্য্যঃ। উক্তং হি বাভটে “সমূলমস্তকং পিষ্টং বৃষমষ্টগুণেঽম্ভসি পক্ত্বাষ্টাংশাবশেষেণ ঘৃতং তেন বিপাচয়েৎ। তৎ পুষ্পগর্ভং তচ্ছীতং সক্ষৌদ্রং পিত্তশোণিতনিত্যাদি।” অত্র বাসাপুষ্পকল্কঃ; অতঃ প্রস্থেঽপি পল চতুষ্টয়ম্। শণস্য কোবিদারস্য বৃষস্যেতি বক্ষ্যমাণ পরিভাষা বলাৎ। অত্রানির্দ্দিষ্ট প্রমাণত্বাৎ স্নেহস্য প্রস্থ এব প্রক্তব্যঃ। অতএবোক্তং; অনির্দ্দিষ্ট প্রমানাণাং স্নেহানাং প্রস্থ ইষ্যত ইতি। যৎপুনঃ স্নেহপাক বিধৌ যত্র প্রমাণং নেরিতং ক্বচিৎ স্নেহস্য কুড়বং তত্র পচেৎ কল্কপলেনত্বিতি পরিভাষয়া স্নেহকুড়ব পাকাভিধানং তত্তু নস্যাবিষয়ং জ্ঞেয়ম্। সক্ষৌদ্রমিতি কল্ক সমমধুশর্করেতি বচনেন ঘৃতাৎ পাদিকত্বং জ্ঞেয়ম্। অন্যেতু কল্কধর্ম্মমধুশর্করেত্যতিদেশবলাৎ কল্কস্যাত্র চতুঃপলত্বাৎ মধুনোঽপি চতুঃপলত্বমাহুঃ। অত্রকেচিচ্চরকে কাসং জ্বরং পিত্ত ভবঞ্চ শূলং গুল্মং যকৃৎপ্লীহগদাংশ্চ হন্তীতি ফলগ্রহং পঠন্তি। বাভটেঽপ্যুক্তং পিত্ত গুল্মাস্রকৃচ্ছ্রাসকাস হৃদ্গ্রহকামলাঃ তিমির জ্বর বীসর্পস্বরভেদাংশ্চ নাশয়েৎ॥ ৩৩॥

বাসকের শাখা পত্র ও মূলের উপযুক্ত পরিমাণ ক্বাথ ও বাসক পুষ্পের কল্ক দ্বারা যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। শীতল হইলে তাহাতে উপযুক্ত মাত্রায় মধু প্রক্ষেপ করিবে। ইহা পান করিলে রক্তপিত্ত রোগ নিশ্চয় বিনষ্ট হয়। পুষ্প কল্কের পরিমাণ বিষয়ে পরিভাষা কহিতেছেন। যেখানে শণ, কাঞ্চন, বাসক ও অর্জ্জনবৃক্ষ প্রভৃতির পুষ্পের কল্ক বিধান আছে, সেই স্থলে এক প্রস্থ অর্থাৎ চারি সের স্নেহ দ্রব্যে, ৪ পল অর্থাৎ ৷৷০ অর্দ্ধ সের পরিমাণ কল্ক প্রদান করিতে হইবে। উক্ত ঘৃত

এক সিকি হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত সেবন করা যাইতে পারে॥ ৩৩॥

কামদেবঘৃতম্—

অশ্বগন্ধা পলশতং তদর্দ্ধং গোক্ষুরস্য চ। শতাবরী বিদারী চ শালপর্ণী বলা তথা। অশ্বত্থস্য চ শুঙ্গানি পদ্মবীজং পুনর্নবা। কাশ্মরীফলমেতত্তু মাষবীজং তথৈব চ। পৃথগ্দশপলান্ ভাগাংশ্চতুর্দ্রোণেঽম্ভসঃ পচেৎ। চতুর্ভাগাবশেষন্তু কষায়মবতারয়েৎ। দ্রাক্ষাং পদ্মকং কুষ্ঠং পিপ্পলীরক্তচন্দনম্। বালকং নাগপুষ্পঞ্চ আত্মগুপ্তাফলন্তথা। নীলোৎপলং শারিবেদ্বে জীবনীয়ং বিশেষতঃ। পৃথক্ কর্ষসমঞ্চৈব শর্করায়াঃ পলদ্বয়ং। রসস্য পৌণ্ড্রকেক্ষূণামাঢ়কং তত্র দাপয়েৎ। চতুর্গুণেন পয়সা ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। রক্তপিত্তং ক্ষতক্ষীণং কামলা বাতশোণিতং। হলীমকং তথা শোথং স্বরভেদং বলক্ষয়ম্। অরোচকঃ মূত্রকৃচ্ছ্রং পার্শ্বশূলঞ্চ নাশয়েৎ। এতদ্রাজ্ঞাং প্রয়োক্তব্যং বহ্বন্তঃপুরচারিণাম্। স্ত্রীণাং চৈবানপত্যানাং দুর্ব্বলানাঞ্চ দেহিনাম্। ক্লীবানামল্পশুক্রাণাং জীর্ণানামল্পরেতসাম্। শ্রেষ্ঠং বলকরং হৃদ্যং বৃষ্যং পেয়ং রসায়নম্। ভুজস্তেজস্করঞ্চৈব আয়ুঃপ্রাণবিবর্দ্ধনম্। সংবর্দ্ধয়তি শুক্রঞ্চ পুরুষং দুর্ব্বলেন্দ্রিয়ম্। সর্ব্বরোগবিনির্ম্মুক্ত স্তোয়সিক্তো যথা দ্রুমঃ। কামদেব ইতি খ্যাতঃ সর্ব্বর্ত্তুষুচ শস্যতে॥ ৩৪॥

অশ্বগন্ধেত্যাদৌ।—তদর্দ্ধমিতি গোক্ষুরস্য পঞ্চাশৎ পলানি; শতাবর্য্যাদীনাং বলান্তানাঞ্চ প্রত্যেকং পঞ্চাশৎপলানীত্যর্থঃ অশ্বগন্ধাদীনাঞ্চ পঞ্চানাং পৃথক্ দশপলানি ততোমিলিত্বা পলশতচতুষ্টয় ক্বাথ্যে প্রতিশতং জলদ্রোণোদেয়ঃ। তুলাদ্রব্যে জল দ্রোণ ইত্যুক্তেঃ। নাগপুষ্পং নাগকেশরঃ; আত্মগুপ্তায়াঃ শূকশিম্ব্যাঃ ফলং; জীবনীয়মিতি জীবনীয়দশকঃ শর্করান্তঃ কল্কঃ। তেজস্কর মুৎসাহ বর্দ্ধকম্। ৩৪।

অশ্বগন্ধা ১০০ পল অর্থাৎ ।২॥০ সের, গোক্ষুর /৬।০ সের, শতমূলী, ভূমিকুষ্মাণ্ড, শালপাণি, বেড়েলা, অশ্বত্থের ঝুরি, পদ্মবীজ, পুনর্নবা, গাম্ভারীফল ও মাষকলাই; ইহাদের প্রত্যেকে ১০ পল অর্থাৎ /১।০ সের। এই সকল দ্রব্য যথাযোগ্য উত্তমরূপ কুট্টিত করিয়া চারিদ্রোণ অর্থাৎ ২৫৬ সের জলে সিদ্ধ করিয়া ৬৪ সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে। দ্রাক্ষা, পদ্মকাষ্ঠ, কুড়, পিপ্পলী, রক্তচন্দন, বালা, নাগকেশর, শূয়াশিমেরফল (শূয়াশিম্বী বা শূকশিম্বী), নীলোৎপল, শ্যামালতা, অনন্তমূল ও জীবনীয়দশক; (৫) ইহাদের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক প্রত্যেকে ২ তোলা, ইক্ষুরস ।৬ সের, দুগ্ধ ।৬ সের, ঘৃত /৪ সের, জল ।৬ সের ও শর্করা ২ পল (১৬ তোলা) সহিত যথাবিহিত নিয়মানুসারে অর্থাৎ প্রথমতঃ উপযুক্ত পরিমাণ জল এবং উক্ত কুট্টিত কল্কদ্রব্য সহিত পাক করিবে। অনন্তর পূর্ব্বোক্ত অশ্বগন্ধাদির ক্বাথ, ইক্ষুরস ও দুগ্ধদ্বারা পাক করিয়া শেষ পাকের লক্ষণাদি সম্যক্ রূপে প্রকাশ পাইলে নামাইয়া ছাকিয়া লইবে এবং পূর্ব্বোক্ত চিনি দুই পল প্রক্ষেপ করিবে। ইহাদ্বারা রক্তপিত্ত, ক্ষতক্ষীণ, কামলা, বাতরক্ত, হলীমক, শোথ, স্বরভেদ, দুর্ব্বলতা, অরুচি, মূত্রকৃচ্ছ্র ও পার্শ্বশূল প্রভৃতি

(৫) জীবনী শব্দে জীবনীয় দশক ব্যবহার করিবে, জীবনীয় দশক যথা,—জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি ও বৃদ্ধি।

বিনষ্ট হয়। এই ঔষধ বহুপত্নীক রাজা, বন্ধ্যাস্ত্রী, দুর্ব্বল, ক্লীব, নষ্টধাতু, জীর্ণশরীর ও অল্প ধাতু ব্যক্তিদিগের পক্ষে বিশেষ উপকারী। এই ঘৃত অতি শ্রেষ্ঠ হৃদ্য ও রসায়ন এবং বল, শুক্র, ওজঃ, তেজঃ, প্রাণ ও আয়ুর বৃদ্ধিকারক ও সর্ব্বরোগ নাশক। ইহা পান করিলে জলসিক্ত বৃক্ষের ন্যায় দুর্ব্বলেন্দ্রিয় ব্যক্তিগণের শুক্রবৃদ্ধি হইয়া থাকে। ইহার নাম কামদেব ঘৃত, এই ঔষধ সকল ঋতুতেই সেবন করিতে পারে। ইহা এক সিকি অর্থাৎ চারি আনা বা অর্দ্ধ তোলা মাত্রায় সেবন করিতে পারা যায়। এবং এখন ঐরূপ মাত্রারই প্রায় ব্যবহৃত হইয়া থাকে ॥ ৩৪ ॥

সপ্তপ্রস্থঘৃতম্—

শতাবরীপয়োদ্রাক্ষা বিদারীক্ষ্বামলৈ-
রসৈঃ। সর্পিষা সহ সংযুক্তৈঃ সপ্ত-
প্রস্থং পচেদ্ ঘৃতম্। শর্করা পাদসং-
যুক্তং রক্তপিত্তহরং পিবেৎ। উরঃ-
ক্ষতে পিত্তশূলে চাপ্যবাতেপ্যসৃ-
গ্দরে। বল্যমোর্জ্জস্করং বৃষ্যং ক্ষয়-
হৃদ্রোগনাশনম্ ॥ ৩৫ ॥

শতাবরীত্যাদি।—শতাবর্য্যাদীনাং ষণ্ণাং মিলিত্বা রসপ্রস্থাঃ ষট্ ; ঘৃতস্যৈকঃ প্রস্থ ইতি সপ্তপ্রস্থাঃ ॥ ৩৫ ॥

শতমূলী, বালা, দ্রাক্ষা, ভূমিকুষ্মাণ্ড, ইক্ষু ও আমলকী ; ইহাদিগের রস প্রত্যেকে এক প্রস্থ করিয়া ছয় প্রস্থ এবং ঘৃত এক প্রস্থের সহিত যথাবিধি পাক করিবে। অনন্তর চতুর্থাংশ শর্করা মিশ্রিত করিয়া যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে, উরঃক্ষত, উরুবাত, অসৃগ্দর, ক্ষয়, হৃদ্রোগ, রক্তপিত্ত, পিত্তশূল প্রভৃতি রোগের নিবৃত্তি হয় এবং ইহা বল, ওজঃ ও শুক্র বৃদ্ধিকারক। মাত্রা, এক সিকি হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত ব্যবহৃত হইয়া থাকে ॥ ৩৫ ॥

খণ্ডকুষ্মাণ্ডকঃ—

কুষ্মাণ্ডকাৎ পলশতং সুস্বিন্নং নি-
ষ্কুলীকৃতম্। পচেত্তপ্তে ঘৃতপ্রস্থে
শনৈস্তাম্রময়ে দৃঢ়ে। যদা মধুনিভঃ
পাকস্তদা খণ্ডশতং ন্যসেৎ। কুষ্মাণ্ড-
পীড়নাত্তোয়েনাঢ়কেন পুনঃ পচেৎ।
যুক্তসর্পির্যদা পশ্যেত্তদা সিদ্ধে ঽত্র
নিক্ষিপেৎ। পিপ্পলীশৃঙ্গবেরাভ্যাং
দ্বেপলে জীরকস্য চ। ত্বগেলা...
মরিচ ধান্যকানাং পলার্দ্ধকম্। ন্য...
চূর্ণীকৃতং তত্র দর্ব্যাসংঘট্টয়েৎ পুনঃ।
তৎ পক্বং স্থাপয়েদ্ভাণ্ডে দত্ত্বা ক্ষৌদ্রং
ঘৃতার্দ্ধকম্। তদ্ যথাগ্নিবলং খাদেৎ
রক্তপিত্তী ক্ষতক্ষয়ী। কাসশ্বাসতম-
ছর্দ্দি তৃষ্ণাজ্বরনিপীড়িতঃ। বৃষ্যং
পুনর্নবকরং বলবর্ণপ্রসাধনম্। উরঃ
সন্ধানকরণং বৃংহণং স্বরবর্দ্ধনম্
অশ্বিভ্যাং নির্ম্মিতং সিদ্ধং কুষ্মাণ্ড
রসায়নং। খণ্ডামলকমানানুসারাৎ
কুষ্মাণ্ডক দ্রবাৎ। পাত্রং পাকায়দা-
তব্যং যাবান্ বাত্ররসো ভবেৎ।
অত্রাপি মুদ্রয়াপাকো নিস্ত্বচং নি-
ষ্কুলীকৃতম্ ॥ ৩৬॥

কুষ্মাণ্ডকাদিতি।—নিষ্কুলীকৃতং নিস্ত্বগস্থীকৃতং ; কিঞ্চিৎ জলং দত্ত্বা উৎসিদ্য ক্ষৌমে নিষ্পীড্য আতপে মনাক্ সংশোষ্য পিষ্টং চ পলশতং গৃহীত্বা পক্তব্যম্। দ্বেপলে জীরকস্যচেতি কণাশুণ্ঠ্যোঃ প্রত্যেকং পলদ্বয়ং ; জীরকস্যচ দ্বেপলে তন্ত্রান্তরসম্মতত্বৈতৎ তৎযথা “দ্বিপলাংশৈঃ কণাশুণ্ঠী জীরকৈরবচূর্ণিতৈ” রিতি। বৈদ্য প্রসারকেপ্যেবমেবোক্তম্। ব্যবহারোপ্যেবমেব। অন্যেতু পলার্দ্ধিকমিতি পরেণ সম্বন্ধাৎ জীরকস্য পলার্দ্ধ মিত্যাহুঃ। তন্ন তন্ত্রান্তরবিরোধাৎ ত্বগেলাপত্রাম্বু পকানাং প্রত্যেকং পলার্দ্ধম্। আয়ুর্ব্বেদদীপিকায়ামপ্যুক্তং কুষ্মাণ্ডকানাং রূঢ়ানাং ছিন্নং শতপলং পচেৎ। প্রতপ্তে হবিষঃ প্রস্থে মধুবর্ণেত্র বীক্ষিতে। খণ্ডান্ছতং কণাজাজ্যো দ্বিপলং নাগরাদপি

ধান্যোষণং ত্রিগন্ধঞ্চ পৃথগর্দ্ধপলাংশিকম্। ঘৃতার্দ্ধং মাক্ষিকোপেতং তৎখাদেদস্রপিত্তজিদিতি। ঘৃতার্দ্ধমিতি প্রস্থার্দ্ধমানমিত্যর্থঃ। খণ্ডামলকমানানুসারাদিত্যাদি।—খণ্ডামলকে কুষ্মাণ্ডতুলার্দ্ধে কুষ্মাণ্ডরসামলকরসয়োঃ প্রত্যেকং প্রস্থ ইত্যুক্তঃ; তেন কুষ্মাণ্ড শতপলেপাত্রমিতি দ্বৈগুণ্যেন প্রস্থচতুষ্টয়ং দাতব্যমিত্যর্থঃ। পক্কান্তরমাহ যাবান্ যাত্রবসো ভবেদিতি। স্বিন্নকুষ্মাণ্ডস্যাতিপীড়নেন যাবান্ রসোত্তবতিতাবতৈব পাকইত্যর্থঃ। ব্যবহারোপাদেনৈব। যুক্তশ্চায়ং পক্ষঃ, উক্তংহি তন্ত্রান্তরে বৃদ্ধং পুরাতনঞ্চাপি কুষ্মাণ্ডং কঠিনং দৃঢ়ম্। ত্বক্‌শিরাভ্যাং বিনির্মুক্তমন্তর্বীজৈর্বিবর্জ্জিতং স্বিন্নং সুপিষ্টং দৃশদি বস্ত্রেণৈব প্রপীড়িতম্। বিশুষ্কমাতপে কিঞ্চিৎ গ্রাহ্যংতত্ত্বলয়াধৃতম্। ঔডুম্বরকটাহেতু পচেৎ প্রস্থে চ সর্পিষঃ। কৃত্বা ক্ষৌত্রনিভং তস্মিন্ ক্ষিপেৎ খণ্ডশতং ভিষক্। কুষ্মাণ্ড পীড়নাত্তোয়ং যত্নেন বিপচেৎ পুনরিতি। মুদ্রাপাক ইত্যাদি অঙ্গুলিপীড়নজন্যাং চিহ্নংমুদ্রা, তয়া পাকোজ্ঞেয়ঃ। এতচ্চোপলক্ষ্যং, তেনান্যদপি পক্বলক্ষণং জ্ঞেয়ম্ ॥ ৩৬ ॥

ত্বক বীজাদি রহিত ও পক্ক কুষ্মাণ্ড অল্পসিদ্ধ করতঃ (অবথা কোড়াইয়া বস্ত্রখণ্ডের মধ্যে স্থাপন ও নিষ্পীড়ন করতঃ) সমস্ত রস পৃথক্ করিয়া রাখিবে এবং উক্ত কুষ্মাণ্ড পেষণ ও কিছুকাল রৌদ্রে শুষ্ক করিয়া তাহার একশত পল অর্থাৎ ।২॥০ সের গ্রহণ করিবে। পরে ঘৃত /৪ সের সহিত দৃঢ় তাম্রপাত্রে মৃদু অগ্নিতে পাক করিবে। যখন ঐ কুষ্মাণ্ড মধুর ন্যায় বর্ণবিশিষ্ট হইবে তখন উহাতে চিনি ।২॥০ সের এবং উক্ত পৃথক্ কৃত কুষ্মাণ্ড রস /৮ সের একত্র মিশ্রিত করিয়া প্রদান করতঃ পাক করিবে। যখন পাক প্রায় শেষ হইয়া আসিবে অর্থাৎ আসন্ন পাকে নিম্নলিখিত চূর্ণ সকল নিক্ষেপ করিবে। পিপ্পলী, শুঁঠ, প্রত্যেকে ২ পল (অর্থাৎ ১৬ ষোল তোলা বা এক পোয়া), জীরা ২ পল, (৬) দারুচিনি, এলাচ, তেজপত্র, মরিচ ও ধনিয়া, ইহাদের প্রত্যেকে ৪ তোলা সুক্ষ্মচূর্ণ প্রদান করতঃ দণ্ডদ্বারা উত্তম রূপে আলোড়ন করতঃ সম্যক্ রূপে ঔষধের সহিত মিশ্রিত করিয়া লইবে। এবং পাক সমাপ্ত হইলে যখন শীতল হইবে তখন মধু /২ সের মিশ্রিত করিয়া কোন স্নিগ্ধ ভাণ্ডে রাখিয়া দিবে। রোগীর অগ্নি, বল ও বয়সাদি বিবেচনায় মাত্রা স্থির করতঃ রক্তপিত্ত, ক্ষতক্ষয়, কাস, শ্বাস, তমকশ্বাস, ছর্দ্দি (বমন), তৃষ্ণা ও জ্বরপীড়িত ব্যক্তিকে সেবন করিতে দিবে। অশ্বিনীকুমার কর্ত্তৃক প্রথম আবিষ্কৃত ও প্রত্যক্ষ ফলপ্রদ এই কুষ্মাণ্ড রসায়ন, শুক্র বৃদ্ধিকারক, জীর্ণতানাশক, বলকারক, বর্ণ প্রসাদক, উরঃক্ষত প্রভৃতি রোগনাশক এবং মাংস ও স্বরবর্দ্ধক। উক্ত ঔষধ আধুনিক চিকিৎসকগণ প্রায় অর্দ্ধ তোলা হইতে ২ তোলা মাত্রায় পর্য্যন্ত ব্যবহার করিয়া থাকে। কুষ্মাণ্ড রসের পরিমাণ বিষয়ে পরিভাষা কহিতেছেন যথা,—খণ্ডামলকীর পরিমাণানুসারে কুষ্মাণ্ডরস ।৬ ষোল সের প্রদান

(৬) জীরক দুই পল দেওয়াই শাস্ত্রসিদ্ধ এই বিষয়ে গ্রন্থান্তরের বচন যথা—

“দ্বিপলাংশৈঃ কণা শুণ্ঠী জীরকৈরিতি চূর্ণিতৈঃ”

আয়ুর্ব্বেদসারে—

কুষ্মাণ্ডানাং রূঢ়ানাং স্বিন্নং পলশতং পচেৎ।
প্রতপ্তে হবিষঃ প্রস্থে মধুবর্ণেহত্র নিক্ষিপেৎ।
খণ্ডাচ্ছতং কণা জাজ্যো দ্বিপলং নাগরাদপি।
ধান্যোষণং ত্রিগন্ধঞ্চ পৃথগর্দ্ধপলাংশিকং।
ঘৃতার্দ্ধমাক্ষিকোপেতং তৎখাদেদস্রপিত্তজিৎ।

গ্রন্থান্তরে—

বৃদ্ধং পুরাতনঞ্চাপি কুষ্মাণ্ডং কঠিনং দৃঢ়ং।
ত্বক্‌শিরাভ্যাং বিনির্মুক্তং মন্তর্বীজৈর্বিবর্জ্জিতং।
স্বিন্নং সুপিষ্টং দৃশদি বস্ত্রেণৈব প্রপীড়িতং।
বিশুষ্কমাতপে কিঞ্চিদ্‌গ্রাহ্যং তত্ত্বলয়া ধৃতং।
উড়ুম্বরেকটাহে তু পচেৎ প্রস্থেন সর্পিষঃ।
কৃত্বা ক্ষৌদ্রনিভং তস্মিন্ ক্ষিপেৎ খণ্ডশতং ভিষক্।
কুষ্মাণ্ডপীড়নাত্তোয়ং যত্নেনাপি পচেৎ পুনঃ।

করিবে। কোন কোনমতে কুষ্মাণ্ডের যত রস হইবে তত রসদ্বারাই পাক করিবে (৭)॥ ৩৬॥

বাসাখণ্ডকুষ্মাণ্ডকঃ—

পঞ্চাশচ্চ পলং স্বিন্নং কুষ্মাণ্ডাৎ প্রস্থমাজ্যতঃ। গ্রাহ্যং পলশতং খণ্ডং বাসাক্বাথাঢ়কে পচেৎ। মুস্তাধাত্রী শুভাভার্গী ত্রিসুগন্ধৈশ্চ কার্ষিকৈঃ। ঐলেয় বিশ্বধন্যাকমরিচৈশ্চ পলাংশিকৈঃ। পিপ্পলীকুড়বঞ্চৈব মধুমানীং প্রদাপয়েৎ। এতৎ চূর্ণীকৃতং তত্র দর্ব্যা সংঘট্টয়েৎ পুনঃ। তদ্যথাগ্নিবলং খাদেদ্রক্তপিত্তীক্ষতক্ষয়ী। বৃষ্যং পুনর্নবকরং বলবর্ণকরণঞ্চ তৎ। কাসং শ্বাসং ক্ষয়ং হিক্কাং রক্তপিত্তং হলীমকম্। হৃদ্রোগমম্লপিত্তঞ্চ পীনসঞ্চ ব্যপোহতি॥ ৩৭॥

পঞ্চাশৎপলমিত্যাদি।—অত্রাপি পূর্ব্ববৎ স্বিন্নং, সংস্কৃত কুষ্মাণ্ডাৎ পঞ্চাশৎ পলং। নচাত্র খণ্ডকুষ্মাণ্ডবৎ কুষ্মাণ্ডরসো গ্রাহ্যঃ. পাকার্থং বাসাক্বাথস্যৈবোক্তত্বাৎ। বাসায়াশ্চতুঃষষ্টি পলানি, জলস্যাপি চতুঃষষ্টি শরাবাঃ ক্বাথাচ্চ ষোড়শ শরাবরূপ আঢ়কম্। শুভা বংশলোচনা; ঐলেয়ং এলবালুকং; মধুমানীতি মধুনোঽষ্টৌ পলানি। অত্র কেচিৎ মাণিকায়াং দ্বৈগুণ্যমিচ্ছন্তি. কিন্তু মাণিকা কুড়বৌ চেতি নানা সংখ্যা পলৈঃকৃতা। আর্দ্র দ্রব্যে দ্রবে চৈব ন তত্র দ্বিগুণং বিদুরিতি বচনাৎ. তথাঙ্কার পাণিবচনেমাণিকাষ্টৌ পলামোবেত্তাবধারণাদষ্টাবেব পলানি মতদ্দ্বৈগুণ্যাৎ ষোড়শ পলানীত্যর্থঃ। চরকেপি পূর্ণং শরাবমিত্যত্র পূর্ণপদেন শরাবে দ্বৈগুণ্যাভাবঃ সূচিতঃ তথাহি পূর্ণপদং দ্বৈগুণ্য প্রতিক্ষেপপরং, অন্যথা পূর্ণপদং ব্যর্থংস্যাৎ। চক্রস্তু মাণিকা কুড়বৌচেতি বচনস্য কেনাপি কচিদপ্যলিখিতত্বাদস্মার্ত্তত্বমাশঙ্ক্য মাণিকায়াঃ দ্বৈগুণ্য মিচ্ছন্ চরকোক্ত প্রসূনাদিঘৃতে মাণিকয়া ষোড়শ পলত্বং ব্যাখ্যাতবান্॥ ৩৭॥

পূর্ব্ববৎ অর্থাৎ বল্কল ও বুকা রহিত কুষ্মাণ্ডে কিঞ্চিৎ জল প্রক্ষেপ করতঃ অল্প সিদ্ধ অথবা কুষ্মাণ্ড কোঁড়াইয়া বস্ত্রখণ্ডের মধ্যে রাখিয়া নিষ্পীড়ন করতঃ সমস্ত রস পৃথক্ করিয়া রাখিবে; পরে উক্ত কুষ্মাণ্ড পেষণ ও কিছুকাল রৌদ্রে শুষ্ক করিয়া তাহার ৫০ পল (৬।০ সের), ঘৃত /৪ সের এবং চিনি ।২॥০ সের ও বাসকের ক্বাথ /৮ সের (৮) গ্রহণ করিয়া যথারীতি পাক করিবে। আসন্ন পাকে অর্থাৎ পাক শেষ হইবার কিঞ্চিৎ পূর্ব্বে মুথা, আমলকী, বংশলোচন, বামনহাটী, দারুচিনি, এলাচ, তেজপত্র; ইহাদের প্রত্যেকের চূর্ণ ২ তোলা এবং এলবালুকা, শুঁঠ, ধনিয়া, মরিচ; ইহাদের প্রত্যেকের চূর্ণ ১ পল, পিপ্পলী /॥০ অর্দ্ধ সের; এই সকল চূর্ণ উহাতে প্রক্ষেপ করতঃ দর্ব্বীদ্বারা উত্তম রূপ আলোড়ন করিবে। শীতল হইলে মধু /১ সের প্রক্ষেপ দিয়া কোন স্নেহাভ্যক্ত পাত্রে বা কাঁচপাত্রে সংস্থাপন করিবে। এই ঔষধ সেবনে কাস, শ্বাস, ক্ষয়, হিক্কা, রক্তপিত্ত, হলীমক, হৃদ্রোগ, অম্লপিত্ত ও পীনস; এই সকল রোগ বিনষ্ট হয়। রোগীর বয়সাদি বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া লইবে। ইহার পাকের নিয়ম এইরূপ— প্রথমতঃ কুষ্মাণ্ড ঘৃতে ভাজিয়া চিনি

(৭) এস্থলে জানা আবশ্যক যে খণ্ডামলকীতে কুষ্মাণ্ড ও আমলকীর রস প্রত্যেকে প্রস্থ অর্থাৎ চারিসের, কিন্তু /৬।০ সের কুষ্মাণ্ড স্থলে ঐ রূপ মাত্রা বলা হইয়াছে, সুতরাং এখানে ।২॥০ সাড়ে বার সেরের স্থলে উহার দ্বিগুণ অর্থাৎ ।৫ ষোল সের গ্রহণ করিবে।

(৮) পূর্ব্বোক্ত খণ্ডকুষ্মাণ্ড কুষ্মাণ্ড রসে পাক করিবে, কিন্তু এই স্থলে ঐ রস পরিত্যাগ করিয়া কেবল বাসকের ক্বাথেই পাক করিবে। বাসক /৮ সের, জল ৬৪ সের, শেষ ।৮ সের থাকিতে ক্বাথ গ্রহণ করিবে।

মিশ্রিত বাসকের ক্বাথ উহাতে প্রদান করতঃ মৃদু সন্তাপে, পাক করিবে এবং আসন্নপাকে অর্থাৎ উক্ত কুষ্মাণ্ডের মধ্যে ঈষৎ জল থাকিতে মুথা প্রভৃতি ঔষধের চূর্ণসমূহ প্রক্ষেপ করিয়া নামাইবে(১) ৩৭॥

বাসাখণ্ডঃ—

তুলামাদায় বাসায়াঃ পচেদষ্টগুণে জলে। তেন পাদাবশেষেণ পাচয়েদাঢ়কং ভিষক্। চূর্ণানামভয়ানাঞ্চ খণ্ডাচ্ছুদ্ধাচ্ছতং তথা। দ্বেপলে পিপ্পলীচূর্ণাৎ সিদ্ধ শীতে চ মাক্ষিকাৎ। কুড়বং পলমাত্রন্তু চাতুর্জ্জাতং সুচূর্ণিতং। ক্ষিপ্ত্বা বিলোড়িতং খাদেৎ রক্তপিত্তীক্ষতক্ষয়ী। শ্বাসকাসপরীতশ্চ যক্ষ্মণাচ প্রপীড়িতঃ॥ ৩৮॥

তুলামাদায়েত্যাদি।—অত্রাঙ্গ্রা বাসা এবং সর্ব্বত্র; নিম্বাদিকমপি. উক্তংহি বাসা নিম্ব পটোল কেতকী বলাকুষ্মাণ্ডকেন্দাবরী। বর্ষাভূ কুটজাশ্বপকর্সহিতে স্বে পূতগন্ধামৃতে। মাংসং নাগবলা সহচর পুরো হিঙ্গ্বার্দ্রকে নিত্যশোগ্রাহ্যাস্তৎক্ষণমেব নহি দ্বিগুণিতা যে চেক্ষুজাতাঘনাঃ। অষ্টগুণে জল ইতি শরাবশতে নাত্র দ্বৈগুণ্যং; ন দ্বৈগুণ্যং তুলামানে পলোল্লেখাগতে তথা হি শুষ্কেঃ। পাদশেষাচ্চ পঞ্চবিংশতিশরাবাঃ। চূর্ণানামিতি হরীতকী চূর্ণানামাঢ়কং চতুঃষষ্টিপলানীত্যর্থঃ প্রায়ো ন পাকশ্চূর্ণানামিতি প্রায়ঃ শব্দাৎ পাকোপ্যস্তীতি সূচয়তি। তেন চূর্ণানাং পাকোপি ন বিরোধঃ। চাতুর্জ্জাতক পলমাণমিতি প্রত্যেকং পলমাণং, নির্দ্দেশস্য মান প্রধানত্বাৎ॥ ৩৮॥

বাসক ।২॥০ সের, আটগুণ জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশ অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথের সহিত হরীতকী চূর্ণ /৮ সের, চিনি ।২॥০ সের প্রদান করতঃ যথারীতি পাক করিতে থাকিবে; এবং আসন্নপাকাবস্থায় পিপ্পলীচূর্ণ ২ দুই পল অর্থাৎ ১৬ তোলা মিশ্রিত করিয়া পাক শেষ করিবে। এবং শীতল হইলে মধু ১ এক সের, দারুচিনি, এলাচ, তেজপত্র, ও নাগকেশর; ইহাদের প্রত্যেকের চূর্ণ ১ পল প্রক্ষেপ করিয়া আলোড়ন করিবে। এই ঔষধ রোগীর অবস্থা বিবেচনায় মাত্রা নির্ণয় করিয়া সেবন করিলে রক্তপিত্ত, ক্ষতক্ষয়, কাস, শ্বাস ও যক্ষ্মা রোগের শান্তি হয়॥ ৩৮॥

খণ্ডকাদ্যো লৌহঃ—

[illegible]। তালমূলী চ গায়ত্রী ত্রিফলায়াস্ত্বচস্তথা। ভার্গীপুষ্করমূলঞ্চ পৃথক্ পঞ্চপলানি চ। জলদ্রোণে বিপক্তব্যাষ্টভাগাবশেষিতম্। দিব্যৌষধ হতস্যাপি মাক্ষিকেন হতস্য বা। পলদ্বাদশকং দেয়ং রুক্মলৌহস্য চূর্ণিতম্। খণ্ডতুল্যং ঘৃতং দেয়ং পলষোড়শিকং বুধৈঃ। পচেত্তাম্রময়ে পাত্রে গুড়পাকো যথা মত। প্রস্থার্দ্ধং মধুনো দেয়ং শুভাশ্মজতুকং ত্বচম্। শৃঙ্গীবিড়ঙ্গং রুক্ষা চ শুণ্ঠ্যজাজী পলং পলম্। ত্রিফলাধান্যকং পত্রং দ্ব্যক্ষং মরিচকেশরম্। চূর্ণং দত্ত্বা সুমথিতং স্নিগ্ধভাণ্ডে নিধাপয়েৎ। যথাকালং প্রযুঞ্জীত বিড়ালপদকং ততঃ। গব্যক্ষীরানুপানঞ্চ সেব্যং মাংসরসং পয়ঃ। গুরুবৃষ্যান্নপানানি স্নিগ্ধং মাংসাদি বৃংহণম্। রক্তপিত্তং ক্ষয়ং কাসং পক্তিশূলং বিশেষতঃ। বাতরক্তং প্রমেহঞ্চ শীতপিত্তং বমিং ক্লমীন্। শ্বযথুং পাণ্ডুরোগঞ্চ কুষ্ঠং প্লীহোদর-

(১) মূলে 'মধুমাণী' এইরূপ পাঠ আছে, মাণী শব্দে ৮ পল অর্থাৎ /১ সের, অতএব কেহ কেহ মধু /১ সের বলিয়া থাকেন। তাহারা মাণিকা পরিমাণ স্থলে দ্রব দ্রব্যের দ্বৈগুণ্য ব্যবহার করেন না। এ বিষয়ে প্রমাণ যথা—

"মাণিকা কুড়বৌ চেত্তি ব্যবহা সংখ্যা পলৈঃ কৃতা। আর্দ্রদ্রব্যেষু নৈব তত্র দ্বিগুণং স্মৃতঃ।"

স্তথা। আনাহং রক্তসংস্রাবচাম্লপিত্তং নিহন্তি চ। আরোগ্যং পুংস্ত্বং শ্রেষ্ঠং কামাগ্নিবলবর্দ্ধনম্। চাক্ষুষ্যং বৃংহণং বৃষ্যং মাঙ্গল্যং প্রীতিবর্দ্ধনম্। শ্রীকরং লাঘবকরং খণ্ডকাদ্যং প্রকীর্ত্তিতম্। ছাগং পারাবতং মাংসং তিত্তিরিক্রকরাঃ শশাঃ। কুরঙ্গাঃ কৃষ্ণসারাশ্চ তেষাং মাংসানি যোজয়েৎ। নারিকেলপয়ঃ পানং সু নষঃকবাস্থকম্। শুষ্কমূলকজীরাখ্যং পটোলং বৃহতীফলং। ফলং বার্ত্তাকু পক্কাম্রং খর্জ্জুরং স্বাদু দাড়িমম্। ককারপূর্ব্বকং যচ্চ মাংসং চানুপসম্ভবম্। বর্জ্জনীয়ং বিশেষেণ খণ্ডকাদ্যং প্রকুর্ব্বতা। লোহান্তর বদত্রাপি পুটনাদি ক্রিয়েষ্যতে। যচ্চ পিত্তজ্বরে প্রোক্তং বহিরন্তশ্চ ভেষজম্। রক্তপিত্তে হিতং তচ্চক্ষীণক্ষতহিতঞ্চযৎ ॥ ৩৯ ॥

খণ্ডাদ্যং লৌহমাহ শতাবরীত্যাদি।—ছিন্নরুহ গুড়ূচী। বৃষো বাসকঃ, মুণ্ডিকা মুণ্ডিরী; গায়ত্রী খদিরঃ; ত্রিফলযাত্র ইতি নিরস্থিত্রিফলায়াঃ; দিব্যৌষধির্মনঃশিলা, কণামূলস্বা; মাক্ষিকং স্বর্ণমাক্ষিকং মনঃশিলা স্বর্ণমাক্ষিকাভ্যাং প্রত্যেকং মিলিত্বা বা, প্রলিপ্য দগ্ধাচ লৌহং মারণীয়ং। খণ্ডতুল্যমিতিচ্ছেদঃ; তেন খণ্ডস্যাপি দ্বাদশ পলানি। কেচিত্তু রক্তপিত্ত হন্তৃত্বাৎ খণ্ডস্য প্রচুরতরমেবাধিকরোতীতি ঘৃতপদেন সহ খণ্ডতুল্যমিতি যোজয়ন্তি। তত্তু ন সম্যক্ যত লৌহযোগত্বাদত্র লৌহপ্রাধান্যেন তন্মানাপকর্ষস্যাযুক্তত্বাৎ, রক্তপিত্ত প্রতানীকন্তু লোহসারস্য গন্ত এব মহাশক্তিকত্বাৎ বিশেষতো রক্তপিত্তহরম্। তত্তু দ্রব্য পুটাদি ভাবিতত্বেন মহাবীর্য্যকত্বোপপত্তেং। ব্যবহারশ্চ লৌহসমত্বয়ৈব। প্রস্থার্দ্ধমিতি ষোড়শ পলানি; শুভা বংশলোচনা; অশ্মজতুকং শিলাজতু; স্বক গুড়ত্বক্; শুভাদীনাং জীরকান্তানাং প্রত্যেকং পলং;- ত্রিফলাদীনাং কেশরান্তানাং প্রত্যেকংত্বাক্ষং কর্ষদ্বয়মিত্যর্থঃ বিড়ালপদকং কর্ষঃ তত্তচ্চ পূর্ব্বযুগ পুরুষাক্তিপ্রাশ্রেণ মানমুক্তং ব্যবহারস্তু বক্তি ত্রিচ ক্ষুদ্রকাদা বৃত্ত্যা বক্তিদ্বয়বৃদ্ধ্যা মাষচতুষ্টয়ং যাবৎ বৃদ্ধিঃ। গব্যক্ষীরানুপানমিতি লোহাপেক্ষয়া চতুঃষষ্টিগুণং লৌহাম্বরে তথা দর্শনাৎ। উক্তং হি "অনুপানং চতুঃষষ্টি গুণং প্রাহুঃ সদা বুধাঃ; জীরাখ্যমিতি জীরাখ্যশাকং মারশাকারং চম্পকাদৌ জীরেতি খ্যাতম্। ককারপূর্ব্বকমিতি গিহিতান্ ক্রকরকুক্কুটকৃষ্ণসারান্ বিহায় দদ্যাৎ। ককার পূর্ব্বকং কপোতকর্কোটাদি তৎ পরিত্যাজ্যং। অমৃতসার লৌহবদত্রাপি বলিমন্ত্রাদি জ্ঞেয়ং মধুঘৃত মদনাদিকঞ্চ। অত্র কেচিৎ গন্ধকাভ্রসংযোগং কুর্ব্বন্তি এতদনুকুলঞ্চ বচনং পঠন্তি। ন রসেন বিনা লৌহং গন্ধকঞ্চাভ্রকং বিনেতি তথা চপলেন বিনা লৌহং যঃ করোতি পুমানিহ। উদরে তস্য কিট্টানি জায়ন্তে নাত্র সংশয় ইতি। এতত্তু ন ব্যবহারসিদ্ধম্। যতঃ রসাভ্রসহিতলৌহপ্রয়োগস্য প্রশস্ততাপ্রতিপাদনার্থং তথাভ্রকশূন্যলৌহে ত্রিমিকিট্টাদি ব্যাপচ্ছঙ্কা নিবৃত্ত্যর্থমভ্রকস্যাবশ্যপ্রক্ষেপনার্থঞ্চ ফলাতিশয় প্রতিপাদনার্থমপি চতুঃসমলৌহে বাক্যদ্বয়মিদং পঠিতম্। পুমানিহেতি, ইহ শব্দাৎ বচনদ্বয়মপিতত্রৈব বোধ্যং নান্যত্র। অন্যথা সামান্যত এব পরিভাষিতমিদং স্যাদিতি ॥ ৩৯ ॥

শতমূলী, গুলঞ্চ, বাসক, মুণ্ডিরী (ভুড়মুড়িয়া), বেড়েলা, তালমূলী, খদিরকাষ্ঠ, অস্থিরহিত ত্রিফলা, বামনহাটী ও পুষ্করমূল (অভাবে কুড়); ইহাদের প্রত্যেকের ৫ পল, ৬৪ সের জলে সিদ্ধ করিয়া /৮ সের অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথে মনঃশিলা বা স্বর্ণমাক্ষিক সহ ভস্ম রুক্ম লৌহ চূর্ণ ১২ পল, ক্ষা গুড় ১৬ ষোল পল (দুই সের) ঘৃত ১৬ পল এবং পূর্ব্বোক্ত ক্বাথ সহিত তাম্রপাত্রে গুড়পাকের ন্যায় পাক করিবে। আসন্ন পাকে অর্থাৎ পাক প্রায় শেষ হইয়া আসিলে বংশলোচন, শিলাজতু, দারুচিনি, কাঁকড়াশৃঙ্গী, বিড়ঙ্গ, পিপ্পলী, শুঁঠ ও জীরা; ইহাদের প্রত্যেকে চূর্ণ ১ পল ত্রিফলা, ধনিয়া, তেজপত্র, মরিচ, ও নাগকেশর; এই সকলের চূর্ণ প্রত্যেকে ২ তোলা; এই সকল চূর্ণ প্রক্ষেপ করিয়া অগ্নি সন্তাপ হইতে নামাইবে। পরে শীতল হইলে মধু দুই সের মিলিত করিয়া ঘৃতাদি স্নিগ্ধ ভাণ্ডে রাখিয়া দিবে। এই ঔষধ ২ তোলা পরিমাণে

সেবন করিয়া দুগ্ধ অনুপান করিবে (১০)। এবং ঔষধ সেবনান্তে মাংসরস (মাংসযূষ), দুগ্ধ, গুরুপাকী অথচ শুক্রবর্দ্ধক আহার ও পানীয় এবং শরীরের মাংসাদি পরিবর্দ্ধক ও স্নিগ্ধ অন্যান্য মাংস প্রভৃতি সেবন করিবে। এই ঔষধ সেবনে শরীরের পুষ্টি হয়, এবং রক্তপিত্ত, ক্ষয়কাস, পরিণাম শূল, বাতরক্ত, প্রমেহ, শীতপিত্ত, বমি, ক্রিমিদোষ, শোথ, পাণ্ডু, কুষ্ঠ, প্লীহা, উদর, আনাহ, রক্তস্রাব ও অম্লপিত্ত রোগ বিনষ্ট হয়। এবং ইহা চক্ষুর তেজঃ ও বল বৃদ্ধিকারক, মাংস ও শুক্রজনক, আরোগ্যকর, পুত্রপ্রদ, ও শরীরের লঘুতা সম্পাদক, প্রীতিদায়ক, কামাগ্নিবর্দ্ধক ও শ্রীপ্রদ। ইহাতে ছাগল, পারাবত, তিত্তিরি (পক্ষীবিশেষ), ক্রকরক (পক্ষীবিশেষ), শশক, হরিণ ও কৃষ্ণসার; ইহাদিগের মাংসভোজন এবং নারিকেল জলপান করিবে। শুষনি ও বেথোশাক, শুষ্কমূলক, জীরাশাক, পটোল, বৃহতী, বার্ত্তাকু, পক্কআম্র, খর্জ্জূর, সুস্বাদু দাড়িম; এই সকলও ভক্ষণ করিবে। ককারাদি নামক কোন বস্তু ও জলপ্রায় দেশজাত জন্তুর মাংস ব্যবহার করিবে না। উক্ত ঔষধে যে লৌহ দিতে হয় তাহা অমৃতসার লৌহবৎ পুটাদি দ্বারায় প্রস্তুত করিয়া লইতে হইবে।

পিত্তজ্বরে বাহ্যিক ও আভ্যন্তরিক যে সকল ঔষধ এবং ক্ষতক্ষীণ রোগে হিতকর যে সকল ঔষধ উক্ত হইয়াছে, রক্তপিত্তরোগে সেই সকল ঔষধ হিতকর। অতএব এই রোগে উক্ত পিত্তজ্বর বিহিত ঔষধ সকল প্রয়োগ করিবে॥ ৩৭॥

ইতি রক্তপিত্ত চিকিৎসা।

অথ যক্ষ্মারোগ-চিকিৎসা।

শালিষষ্টিকগোধূমযবমুদ্গাদয়ঃ শুভাঃ। মদ্যানি জাঙ্গলাঃ পক্ষিমৃগাঃ শস্তা বিশুষ্যতাম্। শুষ্যতাং ক্ষীণমাংসানাং কল্পিতানি বিধানবিৎ। দদ্যাৎ ক্রব্যাদমাংসানি বৃংহণানি বিশেষতঃ॥ ১॥

যক্ষ্মরূপেষু পিত্তাস্রস্য চাগম ইতি রক্তপিত্তানন্তরং রাজযক্ষ্মচিকিৎসিতমুচ্যতে। শালীত্যাদি।—শাল্যাদিকং সম্বৎসরাতিক্রান্তং যদাহ বাভটঃ শালি ষষ্টিকগোধূম যবমুদ্গং সমাতীতমিতি। ক্রব্যাদ মাংসানীতি ক্রব্যাদা ব্যাঘ্রগৃধ্রাদয়ঃ। এষাঞ্চ মাংসমতিশয়েন মাংসকরং ভবতি। উক্তং হি মাংসেনোপচিতাঙ্গানাং মাংসং মাংসকরং পরম্। এতচ্চ ভক্ষ্যাকাগাদিমাংস ব্যাজেন দেয়ম্। উক্তং হি "কাকে... বগং গৃধ্রাসখরোষ্ট্রঞ্চ হিতং ইত্যোতুসংহিতমিতি।" সুশ্রুতেপ্যুক্তম্ কাকানুলূকান্নকুলান্ বিড়ালান্ গণ্ডূপদান্ ব্যালবিলেশয়াখুন্। গৃধ্রাংশ্চ দদ্যাদ্বিবিধৈঃ প্রকারৈঃ সসৈন্ধবান্ সর্ষপতৈলভৃষ্টান্। দেয়ানি মাংসানি চ জাঙ্গলানি মুদ্গাঢকী সূপরসাশ্চ হৃদ্যাঃ। খরোষ্ট্রনাগাশ্বতরাশ্বজানি দেয়ানি মাংসানি সুকল্পিতানি। মাংসোপদংশাংশ্চ পিবেদরিষ্টান্মাধ্বীকযুক্তামদিরাশ্চ সেব্যা ইতি। সুকল্পিতানীতি সূদশাস্ত্রোক্তবিধয়া উপকল্পিতানি॥ ১॥

শালিধান্য, ষাইটাধান্য, গোধূম, যব, মুগ, প্রভৃতি এবং মদ্য, জাঙ্গল পশুপক্ষীর মাংস; এই সকল যক্ষ্মারোগীর পক্ষে হিতকর। অতএব যক্ষ্মারোগে ক্ষীণদেহ ব্যক্তিকে এই সকল পথ্য প্রদান করিবে। শুষ্কদেহ এবং ক্ষীণ-

---

(১০) ২ দুই তোলা মাত্রায় সেবন করা আধুনিক লোকের পক্ষে নয়। আধুনিক লোকের পক্ষে অল্পবয়স্ক ও অল্প অগ্নি ব্যক্তির সম্বন্ধে ৩ রতি, মধ্যমবয়স ও মধ্যম অগ্নিব্যক্তির সম্বন্ধে ৪ রতি, পূর্ণবয়স্ক ও পূর্ণ অগ্নি ব্যক্তির সম্বন্ধে ৫ রতি পরিমাণ ঔষধ প্রথমতঃ প্রয়োগ করিবে, তৎপরে ২ রতি করিয়া বৃদ্ধি করতঃ ৩ মাষা পর্য্যন্ত ঔষধের মাত্রা বৃদ্ধি করিবে। ইহার অধিক বৃদ্ধি করিবে না।

মাংস যক্ষ্মারোগীকে মাংসাহারী ব্যাঘ্রাদির মাংস অথবা মাংসভোজী পক্ষীর মাংস যথারীতি পাক করিয়া আহার করিতে দিবে। কারণ, যে সকল পশু মাংস আহার করে, তাহাদের মাংস ভক্ষণ করিলে স্বীয় শরীরের মাংসও বৃদ্ধি হইয়া থাকে ॥ ১ ॥

দোষাধিকানাং বমনং শস্যতে সবিরেচনম্। [illegible] সস্নেহং যন্নকর্ষণম্। শুদ্ধকোষ্ঠস্য যুঞ্জীত বিধিং বৃংহণ দীপনম্। শুক্রায়ত্তং বলং পুংসাং মলায়ত্তং হি জীবিতম্। তস্মাদ্যত্নেন সংরক্ষেদ্যক্ষ্মিণো মলরেতসী ॥২॥

দোষাধিকানামিত্যাদি চরকস্য —সস্নেহ মীষৎস্নেহম্। যন্নকর্ষণমিত্যনেন বমন বিরেচনয়োরত্র মৃদুনোরবলাপকর্ষণয়োঃ প্রয়োগং দর্শয়তি। শুক্রেত্যাদি বাভটস্য শুক্রস্য সর্ব্বধাতুসারভাত্তদধীনং শক্তিলক্ষণং বলম্। মলায়ত্তং হি জীবিতমিতি যদ্যপি সার্ব্বযামেব জীবিতং মলাধীনং মলস্য শরীর স্তম্ভকত্বাত্তথাপি বিশেষাদ্রাজযক্ষ্মিণো জীবিতং মলাধীনং। উক্তং হি "তস্মিন্‌কালে পচত্যগ্নির্যদন্নং কোষ্ঠসংশ্রিতম্।" মলং ভবতি তৎ প্রায়ঃ কল্পতে কিঞ্চিদোজসে। তস্মাৎ পুরীষং সংরক্ষ্যং বিশেষাদ্রাজযক্ষ্মিণঃ। সর্ব্ব ধাতু ক্ষয়ার্ত্তস্য বলংত্বস্যাহিবিড্‌বলমিতি ॥ ২ ॥

যক্ষ্মারোগে দোষের আধিক্য বিবেচনা হইলে বমন, বিরেচন, স্নেহ ও স্বেদ প্রয়োগ করিবে। কিন্তু অধিক বমন ও বিরেচনাদি প্রদান করিবে না, যাহাতে রোগীর শরীর ক্ষীণ না হয়, এইরূপ বমনাদি এবং স্থলবিশেষে অল্প স্নেহযুক্ত মৃদু বিরেচন ঔষধ প্রয়োগ করিবে।

বিরেচনাদি দ্বারা কোষ্ঠ শুদ্ধ হইলে, বলকারক ও অগ্নির উদ্দীপক ঔষধ প্রদান করিবে। কারণ, পুরুষের বল, শুক্রায়ত্ত ও জীবন মলায়ত্ত, অতএব যাহাতে শরীরের শুক্র বৃদ্ধি হয় এইরূপ, চিকিৎসা করিবে এবং উদরের সমস্ত মল যাহাতে নির্গত না হয় এইরূপ কার্য্য করিতে হইবে ॥ ২ ॥

সপিপ্পলীকং সযবং সকুলত্থং সনাগরম্। দাড়িমামলকোপেতং স্নিগ্ধমাজরসং পিবেৎ। তেন ষড়্‌বিনিবর্ত্তন্তে বিকারাঃ পীনসাদয়ঃ। রসে দ্রব্যাম্বুমানপেয়াবৎ সূদশাস্ত্রবশাদিহ। পলানি দ্বাদশপ্রস্থে ঘনেহর্থতন্ত্রকে তু ষট্। মাংসস্য বটকং কুর্য্যাৎ পলমচ্ছতরে রসে ॥ ৩ ॥

পিপ্পলীকমিত্যাদি। অত্র কেচিৎ যব কুলত্থাবন্যদ্রব্যাপেক্ষয়া প্রচুরো দেয়ো যূষযোনিত্বাৎ। পিপ্পলী শুণ্ঠীচ তাবতী দেয়া যাবত্যা কটুত্বমাত্রং স্যাৎ। এব মম্লত্বার্থং দাড়িমামলকয়োর্দানম্। এতৎ সর্ব্বং পিপ্পল্যাদিদ্রব্যাপেক্ষয়া দ্বিগুণ মাংসেন সহ একীকৃত্যাষ্টগুণজলে ক্বথনীয়ম্; তৎপাদস্থং ঘৃতেন সংস্কৃত্য উপযোজ্যম্। বৃদ্ধবৈদ্যাস্তু পিপ্পলী শুণ্ঠ্যোঃ প্রত্যেকংমাষকচতুষ্টয়ং, যব কুলত্থয়োস্তু প্রত্যেকং কর্ষঃ দাড়িমামলকয়োরপি প্রত্যেকং মাষকচতুষ্টয়ং গ্রাহ্যম্, সর্ব্বানেতান্‌পেক্ষ্য মাংসং দ্বিগুণং গ্রাহ্যং; সর্ব্বমেকীকৃত্যাষ্টগুণজলে ক্বথনীয়ং তৎপাদস্থং ঘৃতেন সংস্কৃত্য উপযোজ্যমিত্যাহুঃ। চক্রস্তু স্বমত মাহ রস ইত্যাদি ষড়ঙ্গ পরিভাষয়া দ্রব্যং জলঞ্চ গৃহীত্বার্দ্ধশৃতং কার্য্যং তেনার্দ্ধ শৃতক্বাথেন পলানি দ্বাদশ প্রস্থে ইত্যাদি বক্ষ্যমাণসূদশাস্ত্রোক্তপরিভাষানুসারেণ পরিমিতং পিষ্ট্বা মাংসং বটকীকৃতং পুনরপি পিষ্ট্বা পক্ত্বাচ যূষঃ কার্য্য ইতি। ব্যবহারস্তু পূর্ব্বোক্ত বৃদ্ধোপদিষ্ট এব জ্ঞেয়ঃ। পীনসাদয়ইত্যাদিশব্দাচ্চরকোক্তানি শিরঃশূলশ্বাসকাসস্কন্ধপার্শ্বশূলানি বোধ্যানি। রসে দ্রব্যাম্বু পেয়াবদিত্যাদৌ পেয়াবদিত্যনেন যথাক্বাথনাধ্যপেয়ায়াং ষড়ঙ্গ পরিভাষয়া দ্রব্যজলয়োর্ব্যবস্থা তথা মাংসরসেঽপীত্যর্থঃ। মাংসস্তু সূদশাস্ত্রোক্ত বচনানুসারেণ গ্রাহ্যমিত্যাহ। পলানীত্যাদি।—অস্যার্থঃ সর্ব্বত্রাপি পিষ্টেতি শেষঃ। প্রস্থেদ্রবে যদি ঘনরসঃ কর্ত্তব্য স্তদা মাংসস্য দ্বাদশ পলানি পিষ্ট্বা বটকং কুর্য্যাৎ; তথা প্রস্থে দ্রবে যদি তনুর্বোচ্ছরসঃ কর্ত্তব্যস্তদা মাংসস্য ষট্‌পলানি পিষ্ট্বা বটকং কুর্য্যাৎ; এবং প্রস্থে দ্রবে যদি অচ্ছতরো রসঃ কর্ত্তব্য স্তদা মাংসস্য পলং পিষ্ট্বা বটকং কুর্য্যাদিতি। ষড়ঙ্গযূষে পুনঃ ষড়ঙ্গ পরিভাষানুসারেণ প্রস্থমাত্রং জলমর্দ্ধশৃতং সৎপ্রস্থার্দ্ধমেব

ভ-ন্তি, তেন তত্র ঘনরসে মাংসস্য ষট্‌পলানি; তনুকে পলত্রয়ং; অচ্ছতরেঽর্দ্ধপলমিতি॥৩॥

পিপুল, কুলথকলাই, যব, শুঁঠ, দাড়িম, আমলকী ও ছাগমাংস এই সকল দ্রব্যদ্বারা যূষ পাক করিয়া (অথবা কুলথকলাই প্রভৃতির ক্বাথে মাংসযূষ প্রস্তুত করিয়া) অল্প স্নেহযুক্ত করতঃ যক্ষ্মারোগীকে পান করিতে দিবে। ইহাদ্বারা কাস ও পীনসাদি ষড়্‌বিধ রোগের নিবৃত্তি হয়। এই যূষ পাকে দ্রব্য ও জলের পরিমাণ সূদশাস্ত্রবিহিত পেয়াপাকের পরিমাণানুসারে নিশ্চয় করিবে। (১) এই যূষ ঘন করিতে হইলে মাংস ১২ পল, অল্প ঘন করিতে হইলে মাংস ৬ পল, এবং অতি তরল করিতে হইলে মাংস ১ পল, বটিক করিয়া প্রদান করিবে॥৩॥

ত্রয়োদশাঙ্গঃ—

ধন্যাকপিপ্পলীবিশ্বদশমূলীজলং পিবেৎ। পার্শ্বশূলজ্বরশ্বাস পীনসাদি নিবৃত্তয়ে॥৪॥

ধন্যাকপিপ্পলীত্যাদি।—বাতকফোত্তরে যোগোঽয়ং॥৪॥

ধনিয়া, পিপ্পলী, শুঁঠ ও দশমূল (বেল, শ্যোণা, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর); ইহাদিগের ক্বাথ পান করিলে পার্শ্বশূল, জ্বর, শ্বাস ও পীনসাদি রোগের নিবৃত্তি হয়। ক্বাথ্য দ্রব্যগুলি সমুদয়ে দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে॥৪॥

অশ্বগন্ধামৃতাভীরু দশমূলী বলা বৃষাঃ। পুষ্করাতিবিষেঘ্নন্তি ক্ষয়ং ক্ষীররসাশিনঃ॥৫॥

অশ্বগন্ধেত্যাদি।—অভীরুঃ শতমূলী; বৃষো বাসকঃ। ক্বাথেনায়ং যোগঃ। অসমাসনির্দ্দেশাদিহ পুষ্করাতিবিষয়োঃ প্রক্ষেপত্বমিতি বৃন্দটিপ্পনী॥৫॥

অশ্বগন্ধা, গুলঞ্চ, শতমূলী, দশমূল, বেড়েলা, বাসক, পুষ্করমূল (অভাবে কুড়) ও আতইচ প্রভৃতির ক্বাথ পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিয়া সেবন করিলে ক্ষয় রোগ বিনষ্ট হয়। এই ক্বাথ পান করিবার পূর্ব্বে দুগ্ধ ও মাংসরস পান করা কর্ত্তব্য॥৫॥

দশমূলবলারাস্না পুষ্কর সুরদারুনাগরৈঃ ক্বথিতম্। পেয়ং পার্শ্বাংসশিরোরুক্‌ক্ষয়কাসাদিশান্তয়ে সলিলম্॥৬॥

দশমূলবলেত্যাদি স্পষ্টম্॥৬॥

দশমূল, বেড়েলা, রাস্না, পুষ্করমূল (অভাবে কুড়), দেবদারু ও শুঁঠ; ইহারা সমুদয়ে দুই তোলা উত্তম রূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলে পাক করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথবারি পান করিলে পার্শ্বশূল, শিরঃশূল ও ক্ষয়কাসাদি রোগের শান্তি হয়॥৬॥

ককুভত্বক্‌ নাগবলাবানরী বীজানি চূর্ণিতং পয়সি। পক্বং মধুঘৃতযুক্তং সসিতং যক্ষ্মাদি কাসহরম্॥৭॥

(১) কেহ কেহ বলেন, রোগী যে পরিমাণ যূষ পান করিতে পারিবে তদুপযুক্ত কুলথ কলাই ও যব দিতে হইবে এবং যাহাতে যূষের কিছু কটুতা জন্মে সেই পরিমাণ পিপ্পলী ও শুঁঠ এবং যাহাতে অম্ল রস যুক্ত হইতে পারে তদুপযোগী দাড়িম ও আমলকী প্রদান করিবে। এবং এই সকল দ্রব্যের দ্বিগুণ মাংস ও জল অষ্টগুণ প্রদান করতঃ যথারীতি পাক করিবে। বৃদ্ধ বৈদ্যগণ বলেন পিপ্পলী ৪ মাষা, শুঁঠ ৪ মাষা, যব ২ তোলা, কুলথকলাই ২ তোলা, দাড়িম ও আমলকী প্রত্যেকে ৪ মাষা ও সমস্ত দ্রব্যের দ্বিগুণ মাংস এবং জল অষ্টগুণ দিতে হইবে।

কুকুভেত্যাদি।—ককুভত্বক্ অর্জ্জুনবল্কলং নাগবলাগোরক্ষতণ্ডুলা; অস্যামূলং সর্ব্বত্র বোধ্যম্; বানরী শূকশিম্বী; এষাংচূর্ণং প্রত্যেকমেক পলং শর্করাপল ১ দুগ্ধশরাব ২ সর্পিষামদং পক্ত্বা উৎকারিকা কার্য্যা, পরিভর্জ্জনার্থং ঘৃতকর্ষ ২ সুশীতে মধুকিঞ্চিৎ দত্ত্বা ভক্ষ্যম্॥ ৭॥

অর্জ্জুন বৃক্ষের ছাল ৮ তোলা, গোরক্ষকর্কটী (গোরক্ষ চাকুলে) মূল ৮তোলা, শূকশিম্বীবীজ ৮ তোলা, এই সকলের সূক্ষ্মচূর্ণ এবং চিনি ৮ তোলা, ঘৃত ৪ তোলা, দুগ্ধ ২ সের সহিত যথানিয়মে পাক করিবে, অর্থাৎ উক্ত অর্জ্জুনাদির চূর্ণ প্রথমতঃ উক্ত ৪ চারি তোলা ঘৃতে ভাজিয়া লইয়া দুগ্ধ ও চিনি একত্র মিশ্রিত করিয়া উহাতে প্রদান করতঃ পাক করিতে থাকিবে, যখন অত্যন্ত গাঢ় হইবে তখন নামাইয়া লইবে এবং শীতল হইলে মধু সংযুক্ত করিয়া সেবন করিবে; ইহদ্বারা যক্ষ্মাদি কাসরোগের নিবৃত্তি হয়॥ ৭॥

পারাবতকপিচ্ছাগকুরঙ্গানাং পৃথক্ পৃথক্। মাংসচূর্ণমজাক্ষীরং পীতং যক্ষ্মহরং পরম্॥ ৮॥

পারাবতেত্যাদি।—স্পষ্টম্॥ ৮॥

পারাবত, কপি (বানর), ছাগল এবং হরিণ; ইহাদিগের মাংস পৃথক্ পৃথক্ রূপে ভাজিয়া চূর্ণ করিবে, এই চূর্ণ ২ তোলা ও ছাগদুগ্ধ ২ পল একত্র মিশ্রিত করিয়া পান করিলে যক্ষ্মারোগ বিনষ্ট হয়॥ ৮॥

ঘৃতকুসুমসারলীঢ়ং ক্ষয়ং ক্ষয়ময়তি-গজবলামূলম্। দুগ্ধেন কেবলেনী তু বায়সজঙ্ঘানিপীতৈব॥ ৯॥

ঘৃতেত্যাদৌ কুসুমসারো মধু, গজবলা নাগবলা, গোরক্ষতণ্ডুলা ইতি খ্যাতা। বায়সজঙ্ঘা কাকজঙ্ঘা॥ ৯॥

উপযুক্ত মাত্রায় গোরক্ষচাউলিয়ার মূলের চূর্ণ ঘৃত ও মধুর সহিত লেহন অথবা উপযুক্ত পরিমাণ কাকজঙ্ঘার চূর্ণ দুগ্ধের সহিত পান করিলে, ক্ষয়রোগ শীঘ্র ক্ষয়প্রাপ্ত হয়॥ ৯॥

কৃষ্ণাদ্রাক্ষাসিতালেহঃ ক্ষয়হা ক্ষৌদ্র-তৈলবান্। মধুসর্পির্যুতোবাশ্বগন্ধা কৃষ্ণাসিতোদ্ভবঃ। শর্করা মধুসংযুক্তং নবনীতং লিহন্ ক্ষয়ী। ক্ষীরাশী লভতে পুষ্টিমতুল্যো চাজ্যমাক্ষিকে॥১০॥

কৃষ্ণেত্যাদি।—সিতোদ্ভব ইত্যন্তং যোগদ্বয়ং স্পষ্টম্। অতুল্যেচাজ্য মাক্ষিকে ইত্যপি যোগান্তরম্ অত্রাপি লিহন্ ক্ষয়ী ক্ষীরাশী লভতে পুষ্টিমিতিবোধ্যম্॥ ১০॥

পিপ্পলী, দ্রাক্ষা ও শর্করা, এই সকল দ্রব্য মধু ও তৈল সংযুক্ত করিয়া লেহন করিলে অথবা অশ্বগন্ধা, পিপ্পলী ও চিনি; এই সকল ঘৃত ও মধুযুক্ত করিয়া লেহন করিলে ক্ষয়রোগ বিনষ্ট হয়।

ক্ষয়রোগী শর্করা ও মধুসংযুক্ত করিয়া নবনীত লেহন করিবে। এবং দুগ্ধ পায়ী অসম ঘৃত ও মধু একত্র মিশ্রিত করতঃ লেহন করিলে পুষ্টিলাভ করিতে পারে॥ ১০॥

সিতোপলাদিলেহঃ—

সিতোপলা তুগাক্ষীরী পিপ্পলী বহুলাত্বচঃ। অন্ত্যাদূর্দ্ধং দ্বিগুণিতং লেহয়েৎ ক্ষৌদ্রসর্পিষা॥ চূর্ণিতম্ প্রাশয়েদেতৎ শ্বাসকাসক্ষয়াপহম্। সুপ্তজিহ্বা রোচকিনমল্পাগ্নিং পার্শ্বশূলিনং। হস্তপাদাংস দাহেষু জ্বরেরক্তে তথোর্দ্ধগে॥ ১১॥

সিতোপলেত্যাদি।—চরকস্য। সিতোপলা শর্করা; তুগাক্ষীরী বংশলোচনা; বহুলা এলা; ত্বক্ গুড়ত্বক্; অন্ত্যাদূর্দ্ধং দ্বিগুণিতমিতি অন্ত্যাৎ ত্বচ একোভাগঃ; এলায়াদ্বৌ পিপ্পল্যাশ্চত্বারঃ; তুগাক্ষীর্য্যা অষ্টৌ; সিতোপলায়াঃ ষোড়শ

ইত্যর্থঃ। যদ্যপ্যর্দ্ধশব্দোঽনাগতমর্দ্ধিধত্তে যথা অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি যবাগূর্বিবিধৌষধা। তথাপ্যত্র নিকটাবস্থানতঃ তৎসমপ্যাভিধত্তে। চূর্ণস্য প্রাশ য়েদিত্যনেন মধুঘৃতং বিনাপি ভক্ষণং বোধয়তি॥ ১১॥

দারুচিনি ১ ভাগ, এলাচ ২ ভাগ, পিপ্পলী ৪ ভাগ, বংশলোচন ৮ ভাগ, শর্করা ১৬ ভাগ; এই সকল ঘৃত ও মধু সহযোগে লেহন অথবা এই সকল চূর্ণ সেবন করিলে শ্বাস, কাস ও ক্ষয়রোগ বিনষ্ট হয়। এবং সুপ্তজিহ্বা, অরুচি, মন্দাগ্নি, পার্শ্বশূল, হস্তপাদ ও অংসদাহ, জ্বর ও ঊর্দ্ধগত রক্তপিত্তে এই ঔষধ বিশেষ উপকারী। উক্ত লেহ ও চূর্ণ, প্রায় একসিকি হইতে ছয় আনা অথবা অর্দ্ধ তোলা পর্য্যন্ত ও ব্যবহার হইয়া থাকে॥ ১১॥

লবঙ্গাদ্যং চূর্ণম্—

লবঙ্গকক্কোলমুশীরচন্দনং
নতং সনীলোৎপলজীরকং সমং।
ত্রুটিঃ সকৃষ্ণাগুরুভৃঙ্গকেশরং
কণা সবিশ্বা নলদং সহাম্বুদং॥
অহীন্দ্রজাতীফল বংশলোচনা-
সিতাষ্টভাগং সমসূক্ষ্মচূর্ণিতং।
স্বরোচনং তর্পণমগ্নিদীপনং
বলপ্রদং বৃষ্যতমং ত্রিদোষজিৎ॥
উরোবিবদ্ধং তমকং গলগ্রহং
সকাসহিক্কারুচিযক্ষ্মপীনসং।
গ্রহণ্যতীসারভগন্দরার্ব্বুদং
প্রমেহগুল্মাংশ্চ নিহন্তিসজ্বরান্॥১২॥

লবঙ্গমিত্যাদৌ।—নতং তগরপাদিকা,তদভাবে সিয়কীছোপরঃ; সলিলোৎপলপত্র জীরকমিতি পাঠে পত্রং তেজঃপত্রং ত্রুটিঃ সূক্ষ্মৈলা; ভৃঙ্গং-গুড়ত্বক্ঃ নলদং মাংসী, সহাম্বুনেতি পাঠে অম্বু বালকং অহীন্দ্রোঽনন্তমূলং শর্করায়া একভাগাপেক্ষয়াষ্টৌ ভাগা অন্যেতু মিলিতচূর্ণাপেক্ষয়েত্যাহুঃ। ব্যবহারস্তু পূর্ব্বোক্তৈব॥১২॥

লবঙ্গ, কক্কোল, বেণারমূল, (বিন্নারমূল অথবা বীরণমূল), রক্তচন্দন, তগরপাদুকা, নীলোৎপল, জীরা, ছোটএলাচ, পিপ্পলী, অগুরু, দারুচিনি, নাগকেশর, পিপ্পলী, শুঁঠ, জটামাংসী, মুথা, অনন্তমূল, জাতিফল ও বংশলোচন; এই সকল দ্রব্য সমভাগে পৃথক্ পৃথক্ উত্তমরূপ চূর্ণ করিয়া এক ভাগে যত পরিমাণ চূর্ণ হইবে তাহার ৮ গুণ চিনি মিশ্রিত করিয়া উপযুক্ত মাত্রায় অর্থাৎ দুই আনা হইতে একসিকি বা চারি আনা মাত্রায় সেবন করিবে। ইহা দ্বারা অরুচি নষ্ট হইয়া শরীর স্নিগ্ধ ও অগ্নির দীপ্তি হয়। ইহা মুখরোচক, তৃপ্তিকারক, অগ্ন্যদ্দীপক, বলপ্রদ (বলকারক), শুক্রবর্দ্ধক ও ত্রিদোষ (বায়ু পিত্ত ও কফ) নাশক। এবং উরঃক্ষত, তমকশ্বাস, গলগণ্ড, কাস, হিক্কা, যক্ষ্মা, পীনস, গ্রহণী, অতিসার, ভগন্দর, অর্ব্বুদ, অরুচি, জ্বর, প্রমেহ ও গুল্মপ্রভৃতি রোগ নাশক॥ ১২॥

তালীশাদ্য মোদকঃ—

তালীশপত্রং মরিচং নাগরং পিপ্পলী-শুভা। যথোত্তরং ভাগবৃদ্ধ্যাত্বগেলেচার্দ্ধভাগিকে। পিপ্পল্যষ্টগুণাচাত্রপ্রদেয়াসিতশর্করা। শ্বাসকাসারুচিহরং তর্চ্চূর্ণং দীপনং পরং। হৃৎপাণ্ডুগ্রহণীরোগ প্লীহশোষজ্বরাপহং। ছর্দ্দ্যতীসারশূলঘ্নং মূঢ়বাতানুলোমনং। কল্পয়েৎ গুড়িকাঞ্চৈতচ্চূর্ণং পক্বাসিতোপলাং। গুড়িকাহ্যগ্নিসংযোগাচ্চূর্ণাল্লঘুতরাঃস্মৃতাঃ। পৈত্তিকেপ্রাহুরত্রৈকেশুভরাবংশলোচনাং॥ ১৩॥

তালীশপত্রমিত্যাদৌ।—শুভেতি পিপ্পলী বিশেষণং নতু বংশলোচনা, সমানতন্ত্রে হারীতাদাবদৃষ্টত্বাৎ। কিন্তু সংগ্রহকারাঃ প্রবল পিত্তে শুভাং

বংশলোচনা গ্রাহ্মেতি লিখন্তি। এবমেবার্থং কশ্চিল্লিখতি যথা তালীশমরিচ নাগর মাগধিকা বংশলোচনা ক্রমশঃ। বৃদ্ধাস্তুগেলার্দ্ধং কৃষ্ণায়াঃ সিতা ভবেদষ্ট গুণা অগেলাচার্দ্ধভাগিকাচেতি প্রথম ভাগাপেক্ষয়াত্বগেলয়োঃ প্রত্যেকমর্দ্ধভাগত্বং পিপ্পল্যষ্টগুণেতি পিপ্পলীভাগাপেক্ষয়া অষ্ট গুণা সিতশর্করা। গুড়িকা পক্ষে সমং জলেন শর্করা পাকং কুর্ব্বন্তি বৃদ্ধাঃ॥ ১৩॥

তালীশপত্র ১ ভাগ, মরিচ ২ ভাগ, শুঁঠ ৩ ভাগ, পিপ্পলী ৪ ভাগ, এবং সূক্ষ্ম এলাচ ও দারুচিনি অর্দ্ধভাগ; এই সকল চূর্ণের সহিত পিপ্পলীর ৮ গুণ অর্থাৎ ৩২ ভাগ চিনি উত্তমরূপ মিশ্রিত করিয়া যথোপযুক্ত মাত্রায় অর্থাৎ এক আনা হইতে চারি আনা পর্য্যন্ত সেবন করা যাইতে পারে। ইহা দ্বারা কাস, শ্বাস, হৃদ্রোগ, পাণ্ডু, গ্রহণী, প্লীহা, শোথ, জ্বর, অতীসার, শূল ও বমন প্রশমিত হয়। এবং ইহা রুচিকর, অগ্ন্যুদ্দীপক ও মূঢ়বাতানুলোমক। এই চূর্ণ শর্করার সহিত পাক করিয়া গুড়িকাও প্রস্তুত করা যাইতে পারে। অগ্নিসংযোগ হেতু চূর্ণ হইতে গুড়িকাসমূহ লঘুতর হয়। পিত্তাধিক্য রোগে উক্ত সকল ঔষধের সহিত ৫ ভাগ বংশলোচন যোগ করিতে কেহ কেহ আদেশ করিয়া থাকেন॥ ১৩॥

শৃঙ্গার্জ্জুনাদ্যচূর্ণম্—

শৃঙ্গ্যর্জ্জুনাশ্ব গন্ধানাগবলাপুষ্করাভয়া ছিন্নরুহাঃ। তালীশাদি সমেতালেহ্যা মধুসর্পির্ভ্যাংযক্ষ্মহরাঃ॥ ১৪॥

শৃঙ্গীত্যাদৌ।—ছিন্নরুহা গুড়ূচী; তালীশাদি সমেতা ইত্যনেন তালীশাদি দ্রব্যমাত্র মনুবর্ত্ততি, নতু তত্রোক্তভাগবৃদ্ধিক্রমমপি যথা বক্ষ্যমাণচৈতস ঘৃতে কল্যাণকসাচর্য্যেনোক্তাকত্বেপি কল্যাণ, ঘৃতোক্তকল্কদ্রব্য মাত্রমিতি তেনাত্র শৃঙ্গ্যাদীনাং সমভাগতয়া তালীশাদয়োপি সমভাগা এব গ্রাহ্যাঃ॥ ১৪॥

কাঁকড়াশৃঙ্গী, অর্জ্জুনবৃক্ষের ছাল, অশ্বগন্ধা, গোরক্‌চাউলিয়া, পুষ্করমূল (অভাবে কুড়), হরীতকী, গুলঞ্চ, তালীশপত্র, মরিচ, শুঁঠ, পিপ্পলী, দারুচিনি, এলাচ ও চিনি; এই সকলের চূর্ণ সমভাগে লইয়া মধু ও ঘৃতের সহিত লেহন করিলে যক্ষ্মারোগ বিনষ্ট হয়। ইহা এক আনা হইতে একসিকি পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে। আধুনিক চিকিৎসকগণ ও রোগীর অবস্থাদি বিবেচনা করিয়া ঐ রূপ মাত্রায়ই প্রায় ব্যবহার করিয়া থাকেন॥ ১৪॥

মধুতাপ্যবিড়ঙ্গাশ্মজতুলৌহঘৃতাভয়াঃ। ঘ্নন্তি যক্ষ্মাণমত্যুগ্রং সেব্যমানাহিতাশিনা॥ ১৫।

মধুতাপ্যেত্যাদি।—মধু ঘৃতাভ্যাং লেহঃ। লৌহমত্রায়শ্চূর্ণং পুটাদিশোধিতং নতু লৌহ মণ্ডূররসায়নত্বাৎ। লৌহমগুর্ব্বিতি বৃন্দ টিপ্পনী। তাপ্যং স্বর্ণমাক্ষিকং তচ্চামৃতসারবক্ষ্যমাণবিধিনা শোধিতং গ্রাহ্যম্। অশ্মজতু শিলাজতু; তদপি বক্ষ্যমাণশিবাটিকা গুড়িকা বিধিনা শোধিতং গ্রাহ্যং। অয়ো রজশ্চাত্র মিলিতেভ্যরচূর্ণসমম্। লৌহ চূর্ণমত্র রসায়নতয়া শ্রেষ্ঠত্বাৎ মহাবীর্য্যত্বাচ্চ মহাব্যাধিপ্রশমনহেতুত্বং যুজ্যত ইতি॥ ১৫॥

স্বর্ণমাক্ষিক, বিড়ঙ্গ, শিলাজতু, লৌহভস্ম ও হরীতকী; এই সকলের চূর্ণ সমভাগে যথাযোগ্য মাত্রায় ঘৃত ও মধুর সহিত লেহন করিয়া সুপথ্যাহার করিলে অতি উৎকট যক্ষ্মারোগও বিনষ্ট হয়॥ ১৫॥

বিন্ধ্যবাসিযোগঃ—

ব্যোষং শতাবরী ত্রীণি ফলানি দ্বে-বলে তথা। সর্ব্বাময়হরোযোগঃ সোঽয়ং লৌহরজোন্বিতঃ। এষবক্ষঃক্ষতং হন্তি কণ্ঠজাংশ্চ গদাং স্তথা। রাজযক্ষ্মাণমত্যুগ্রং বাহুস্তম্ভমথার্দ্দিতং॥ ১৬॥

বিন্ধ্যবাসিযোগে ত্রীণি ফলানীতি ত্রিফলা; দ্বে বলে ইতি নাগবলাবলে নতু শ্বেত পীত ভেদাৎ

অত্র লৌহচূর্ণং রসায়নত্বাৎ শ্রেষ্ঠত্বাৎ যৌগিকত্বাৎ মহাবীর্য্যত্বাচ্চ মিলিত ব্যোষাদি চূর্ণেন সমং গ্রাহ্যম্। অতএব ব্যোষাদিপাঠাৎ বিচ্ছিদ্য লৌহরজোন্বিত মিতি পঠিতম্। চূর্ণযোগ এবায়ং ঘৃত মধুনো রক্ষতত্বাৎ। অন্যেতু লেহ এবায়ং ঘৃতমধুভ্যাং কর্ত্তব্যঃ। লেহ প্রকরণ বিহিতত্বাদিত্যাহুঃ। যুক্তঞ্চৈতৎ॥ ১৬॥

ত্রিকটু, শতমূলী, ত্রিফলা, বেড়েলা, গোরকচাকলে; এই সকলের অতি সূক্ষ্মচূর্ণ সমভাগ এবং সমুদায় চূর্ণের সমান লৌহচূর্ণ একত্র উত্তমরূপ মিশ্রিত করিয়া [illegible] সেবন করিবে। ইহাদ্বারা বক্ষঃক্ষত, কণ্ঠজাত রোগ, রাজযক্ষ্মা, বাহুস্তম্ভ ও অর্দ্দিত প্রভৃতি রোগ বিনষ্ট হয়। অধিক কি ইহাদ্বারা সর্ব্বপ্রকার পীড়াই বিনষ্ট হইয়া থাকে। উক্ত বিন্ধ্যবাসিযোগ চূর্ণযোগ বলিয়াই মূলে ঘৃত বা মধু কোন দ্রবদ্রব্যের উল্লেখ নাই। অতএব এই সকলের চূর্ণই সর্ব্বত্র ব্যবহার করিবে। কেহ কেহ বলেন উক্ত বিন্ধ্যবাসিযোগ লেহ প্রকরণে উক্ত হইয়াছে, সুতরাং মূলে ঘৃত বা মধু কোন দ্রবদ্রব্যের উল্লেখ না থাকিলেও ঘৃত মধুদ্বারা লেহ প্রস্তুত করতঃ সেবন করিবে॥ ১৬॥

রসেন্দ্রগুড়িকা—

কর্ষংশুদ্ধং রসেন্দ্রস্য স্বরসেনজয়ার্দ্রয়োঃ। শিলায়াং খল্লয়েত্তাবদ্যাবৎপিণ্ডং ঘনং ততঃ॥ জলকর্ণাকাকমাচীরসাভ্যাং ভাবয়েৎ পুনঃ। সৌগন্ধিক পলং ভৃঙ্গস্বরসেন বিভাবিতং॥ চূর্ণিতং রসসংযুক্ত মজাক্ষীরপলদ্বয়ে। খল্লিতং ঘনপিণ্ডন্তু গুড়ীং স্বিন্নকলায়বৎ॥ কৃত্বাদৌ শিবমভ্যর্চ্চ্য দ্বিজাতীন্ পরিতোষ্যচ। জীর্ণান্নো ভক্ষয়েদেকাং ক্ষীরমাংসরসাশনঃ॥ সর্ব্বরূপং ক্ষয়ং শ্বাসং রক্তপিত্তমরোচকং। অপিবৈদ্যশতৈস্ত্যক্ত মম্লপিত্তং নিযচ্ছতি॥ ১৭॥

কর্ষমিত্যাদি।—রসেন্দ্রঃ পারদস্তস্য শোধনং বক্ষ্যমাণক্ষুধাবতী গুড়িকায়াং বক্ষ্যমাণবিধিনা কার্য্যম্। তদনুক্রমেণ জরায়া জয়ন্ত্যাঃ স্বরসেন খল্লশিলায়াং সংমর্দ্দ্য পিণ্ডাকারং কুর্য্যাৎ তদনু জলকণা মোরটা তস্যা রসেনাপ্যাব্য প্রত্যেকং সপ্তধা ভাবয়েৎ ততঃ সৌগন্ধিকং শুভ্রতরগন্ধকং তদপি ক্ষুধাবত্যাং বক্ষ্যমাণবিধিনা শোধিতং পল পরিমিতং পারদেন সহ ঘর্ষণীয়ং তদঃ স্বরমজাক্ষীর পলদ্বয়ে খল্লশিলায়াং খল্লিতং ঘনাপিণ্ডাপন্নে তু স্বিন্নকলায় প্রমাণাং গুড়িকাং কুর্য্যাৎ তদনু প্রত্যহ মেকাং গুড়িকাং জীর্ণান্নে ভক্ষয়েৎ। অনুপানঞ্চ দুগ্ধাদিকমেব॥ ১৭॥

শোধিত পারদ ২ তোলা প্রথমতঃ জয়ন্তীপত্রের রসে তৎপরে আদার রসের সহিত মর্দ্দন করিয়া পিণ্ডাকার করিবে, অন্তর জলকর্ণা (জলজ লতাবিশেষ অথবা জলকানাই ও বলিয়া থাকে) ও কাকমাচী; ইহাদের রসে পুনঃ পুনঃ ভাবনা দিবে। এবং ভৃঙ্গরাজের রসে সপ্তবার পরিভাবিত গন্ধকচূর্ণ ১ এক পল অর্থাৎ আট তোলা লইয়া উক্ত পারদের সহিত মিশ্রিত করিবে এবং ২ দুই পল (১৬ ষোল তোলা) ছাগদুগ্ধের সহিত মর্দ্দন করতঃ গাঢ় পিণ্ডাকার করিয়া মাষকলায়ের ন্যায় বটিকা প্রস্তুত করিবে। মহাদেবকে অর্চ্চনা ও ব্রাহ্মণদিগকে পরিতোষ করিয়া ছাগদুগ্ধ অনুপানে শূন্যোদরে এই বটিকা একটী সেবন করিবে। এই বটিকা সেবন করিয়া দুগ্ধ ও মাংসরস সহিত আহার করিবে। এই ঔষধ সেবনে সর্ব্বপ্রকার (অর্থাৎ সর্ব্বলক্ষণাক্রান্ত) ক্ষয়রোগ, কাস, রক্তপিত্ত এবং অরুচি প্রভৃতি রোগ বিনষ্ট হইয়া থাকে। অম্লপিত্ত রোগী শত শত বৈদ্যগণ কর্ত্তৃক পরিত্যক্ত হইলেও এই ঔষধ সেবনে আরোগ্য লাভ করিতে পারে॥ ১৭॥

এলাদিঘৃতম্‌।—

এলাজমোদামলকাভয়াক্ষ
গায়ত্রীনিম্বাশন শালসারান্‌।
বিড়ঙ্গ ভল্লাতক চিত্রকাংশ্চ
কটুত্রিকাম্ভোদ সুরাষ্ট্রিকাশ্চ॥
পক্ত্বা জলে তেন পচেত্তু সর্পি
স্তস্মিন্‌ সুসিদ্ধে ত্ববতারিতে চ।
ত্রিংশৎ পলান্যত্র সিতোপলায়া
দদ্যাত্তু গাক্ষীরি পলানি ষট্‌ চ।
প্রস্থে ঘৃতস্য দ্বিগুণঞ্চ দদ্যাৎ
ক্ষৌদ্রং ততো মন্থহতং বিদধ্যাৎ।
পলং পলং প্রাতরতো লিহেচ্চ
পশ্চাৎ পিবেৎ ক্ষীরমতন্দ্রিতশ্চ।
এতদ্ধি মেধ্যং পরমং পবিত্রং
চাক্ষুষ্যমায়ুষ্যতমন্তথৈব।
যক্ষ্মাণমাড্যপবনং সশূলং
পাণ্ড্বাময়ঞ্চাপি ভগন্দরঞ্চ।
নচাত্র কিঞ্চিৎ পরিবর্জ্জনীয়ং
রসায়নং চৈতদুপাস্যমানম্‌॥১৮॥

এলেত্যাদি।—সুশ্রুতস্য। অজমোদা যমানী অক্ষং বিভীতকং; গায়ত্রী খদিরঃ; অশনঃ পীতশালঃ; গায়ত্র্যাদীনাং শালান্তানাং চতুর্ণাং সারো গ্রাহ্যঃ। সৌরাষ্ট্রিকা সৌরাষ্ট্রমৃৎ। এলাদীনাং সৌরাষ্ট্র্যন্তানাং পৃথগষ্টৌ পলানি গৃহ্যন্তে। জলং ষোড়শগুণং দত্ত্বা ষোড়শাংশং স্থাপয়েৎ তেন ক্বাথেন কেবলেনৈব ঘৃতপ্রস্থং পাচয়েৎ। ঘৃতপ্রস্থাপেক্ষয়া দ্বিগুণং মধু; মন্থো মন্থানদণ্ড ইত্যাহুঃ। অন্যে তু তদ্ব্যাখ্যানুবাদায় বাভটবচনং পঠন্তি যথা এলাজমোদা ত্রিফলা সৌরাষ্ট্রী ব্যোষ চিত্রকং সারান্নরিষ্ট গায়ত্রীশাল বীজক সম্ভবান্‌। ভল্লাতক বিড়ঙ্গঞ্চ পৃথগষ্টপলোন্মিতং। সলিলৈঃ ষোড়শগুণৈঃ ষোড়শাংশং স্থিতং পচেৎ। পুনস্তেন ঘৃতপ্রস্থং সিদ্ধেচাস্মিন্‌ পলানি ষট্‌। তুগাক্ষীর্য্যাঃ ক্ষিপেৎ ত্রিংশৎ সিতায়া দ্বিগুণং মধু ততস্ত্রিজাতত্রিপলং ততো লীঢ়ং খজাহতম্‌। পয়োনুপানং তৎপ্রোক্তং রসায়নবরস্ত্বিদং ইত্যাদি। এতদ্দর্শনাৎ ত্রিজাতকমপি বোধ্যং সোপক্ষার্থমত্র তু ন পঠিতম্‌, তদ্ব্যতীরেকেণাপি ব্যাধি হন্তৃত্বাদন্যোন্যাহঃ। সুশ্রুতোক্তযোগেঽস্মিন্ ক্ষোদপাঠাৎ ত্রিজাতাভাবাদ্‌যোগান্তর মেবেদম্‌। তদাঘৃতপ্রস্থস্য মাধ্যাদেলাদীনাং সপ্তদশানাং মিলিত্বা

চতুঃষষ্টিপলানি জলস্যতু চতুঃষষ্টি শরাবাঃ শেষাঃ ষোড়শ শরাবা ইতি॥১৮॥

এলাচ, যমানী, আমলকী, হরীতকী, বহেড়া, খদির, নিম, পীতশাল, শালসার, বিড়ঙ্গ, ভেলা, চিতা, ত্রিকটু, মুথা, সৌরাষ্ট্রমৃত্তিকা, ইহাদের প্রত্যেকে ৮ পল অর্থাৎ ৬৪ তোলা (এক সের); এই সমুদায় দ্রব্য ষোলগুণ জলে সিদ্ধ করিয়া ষোড়শাংশ অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। (২) এই ক্বাথে ঘৃত /৪ সের যথারীতি পাক করিবে। পাক শেষ হইলে নামাইয়া চিনি ৩০ পল অর্থাৎ ২৪০ তোলা, বংশলোচন ৬ পল, ও মধু /৮ সের অর্থাৎ ঘৃতের দ্বিগুণ প্রদান করতঃ মন্থন দণ্ডদ্বারা উত্তম রূপ আলোড়ন করিবে। এই ঔষধ প্রাতঃকালে ১ এক পল অর্থাৎ ৮ তোলা মাত্রায় লেহন করতঃ অনন্যমনা হইয়া দুগ্ধ পান করিবে। এই ঘৃত পরম পবিত্র, মেধ্য, চাক্ষুষ্য ও আয়ুস্কর এবং ইহাদ্বারা শূল, যক্ষ্মা, পাণ্ডু, ভগন্দর প্রভৃতি রোগও বিনষ্ট হয়। এই ঔষধ সেবন করিয়া যথেচ্ছাবস্ত আহার করিতে পারা যায়, ভোজন বিষয়ে কোন দ্রব্য ত্যাগের আবশ্যক নাই। উক্ত ঔষধ ১ পল মাত্রায় অর্থাৎ ৮ তোলা মাত্রায় সেবন করিতে আদেশ করিয়াছেন, কিন্তু আজ কাল এই ঔষধ এত অধিক মাত্রায় ব্যবহৃত

(২) অন্যান্য শাস্ত্রানুসারে এই ক্বাথে জলের পরিমাণ লিখিত হইল যথা বাভটে—

এলাজ মোদা ত্রিফলা সৌরাষ্ট্রী ব্যোষচিত্রকং।
সারান্নরিষ্ট গায়ত্রী শালবীজকসম্ভবাৎ॥
ভল্লাতকং বিড়ঙ্গঞ্চ পৃথগষ্টপলোন্মিতং।
সলিলে ষোড়শগুণে ষোড়শাংশং স্থিতং পচেৎ।
পুনস্তেন ঘৃতপ্রস্থং সিদ্ধে চাস্মিন্‌ পলানি ষট্‌।
তুগাক্ষীর্য্যাঃ ক্ষিপেৎ ত্রিংশৎ সিতায়া দ্বিগুণং মধু।
ত্রিজাতজাতং ত্রিপলং ততো লীঢ়ং খজাহতং।

হইতে পারে না, অতএব বিবেচনা পূর্ব্বক মাত্রাস্থির করিয়া লইবে ॥ ১৮ ॥

সর্পিগুড়ঃ—

বলাবিদারীহ্রস্বা চ পঞ্চমূলী পুনর্নবা। পঞ্চানাং ক্ষীরিবৃক্ষাণাং শুঙ্গামুষ্ট্যংশিকাঃ পৃথক্। এষাং কষায়ে দ্বিক্ষীরে বিদার্য্যা জরসাংশিকে। জীবনীয়ৈঃ পচেৎকল্কৈরক্ষমাত্রৈর্ঘৃতাঢ়কম্। সিতাপলানি পূতে চ শীতেদ্বাত্রিংশদাবপেৎ। গোধূমপিপ্পলীবাংশী চূর্ণং শৃঙ্গাটকস্য চ। সমাক্ষিকং কৌড়বিকং তৎসর্ব্বং খজমূর্চ্ছিতম্। স্ত্যানং সর্পিগুড়ান্ কৃত্বা ভূর্জ্জপত্রেণ বেষ্টয়েৎ। তান্ জগ্ধা পলিকান্ ক্ষীরং মদ্যঞ্চাম্লপিবেৎ কফে। শোষে কাসে ক্ষতক্ষীণে শ্রমস্ত্রীভারকর্ষিতে। রক্তনিষ্ঠীবনে তাপে পীনসে চোরসিস্থিতে। শস্তাঃ পার্শ্বশিরঃ শূলে ভেদে চ স্বরবর্ণয়োঃ। ক্বাথ্যে ত্রয়োদশপলে দ্রব্যাপ্লুত্বভয়াজ্জলম্। অষ্টগুণং ক্বাথসমৌ বিদার্য্যাজরসৌ পৃথক্। কেচিদ্যথোক্তক্বাথ্যে তু ক্বাথং ঘৃতসমং জগুঃ ॥ ১৯ ॥

বলেত্যাদি।—অয়ংযোগশ্চরকে ক্ষতক্ষীণ চিকিৎসিতে উক্তঃ। ক্ষীরী বৃক্ষাঃ প্লক্ষ বেতসোডুম্বরাশ্বত্থবটাঃ। শালাক্যে তু বেতসস্থানে মধূকং নিক্ষিপ্য পঞ্চ ক্ষীরীবৃক্ষা ব্যাখ্যাতাঃ; যথা "উডুম্বরোবটোঽশ্বত্থ মধুক প্লক্ষএবচ পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষা অস্মিংস্তন্ত্রে প্রকীর্ত্তিতা ইতি। অস্মিংস্তন্ত্র ইতি বচনেন শালাক্যাধিকারব্যতিরিক্তে স্থানে পূর্ব্ববৃক্ষা উক্তা মন্তব্যাঃ। অন্যেতু বেতসস্থানে কপীতন মাহুঃ। কপীতনো গর্দ্দভণ্ডঃ। শুঙ্গা ইত্যবিকসিতপত্রমুকুলম্। মুষ্ট্যংশিকাঃ পলমানাঃ। অত্র বলাদিক্বাথো ত্রয়োদশ পলে জলদ্রোণোদেকস্য পাদাবশেষদাষ্টাত্রিংশত্যধিকশতপলমানম্। দ্বিক্ষীর ইতি দ্বি প্রকারক্ষীরং যত্রেতি তথা। ক্ষীর দ্বয়ঞ্চাত্র প্রাধান্যাদাজংগব্যঞ্চ গ্রাহ্যম্ আজ ক্ষীরস্যাসম্ভবে গব্যং। চতুর্গুণমপি দ্রবানাং ক্বাথমনমানেন সাহচর্য্যাদিতিপক্ষগুণপাকঃ। ক্ষীরানুপানঞ্চ পিত্তে জ্ঞেয়ম। উক্তার্থসম্বাদকতন্ত্রান্তরং যথা

পুনর্নবাং বলাং হ্রস্বাং পঞ্চমূলীং বিদারিকাম্। উডুম্বরবটাশ্বত্থপ্লক্ষবেতসশুঙ্গকাম্। পলিকাংশান্ জলদ্রোণে পক্ত্বা পাদাবশেষিতে। পাদাংশেশ্ছাগদোক্ষীরবিদার্য্যাঃ স্বরসৈঃ পৃথক্। কর্ষাংশৈ জীবনীয়ৈশ্চ কল্কৈরাজ্যাঢ়কং পচেৎ। কৃতাগোধূম শৃঙ্গাটবাংশী ক্ষৌদ্রাঞ্জলিং পৃথক্। সিদ্ধে প্রস্থৌ সিতয়াশ্চ দত্ত্বা খাদেৎ খজাহতং। এতদন্ডীকৃতং সর্পির্ঘটে ভূর্জ্জস্থিতে স্থিতম্। অনুপানং পিবেৎ ক্ষীরং পিত্তে মদ্যং কফে হিতম্। ক্ষত ক্ষয়াম্লপিত্তঘ্নং স্বর শোষপ্রনাশনমিতি। অত্র পাদাংশৈরিতি পাদস্বকাথ সমভাগৈ রিতি। চক্রস্থাং ক্বাথ্যে ত্রয়োদশপলে দ্রব্যাপ্লুত্বভয়াজ্জলম্। অষ্টগুণং ক্বাথসমো বিদার্য্যাজরসৌ পৃথক্। কেচিদ্যথোক্তক্বাথ্যে তু ক্বাথংঘৃতসমং জগুরিতি। অস্যার্থঃ ত্রয়োদশপলে ক্বাথ্যেষ্টগুণং জলং ত্রয়োদশ শরাবপরিমিতং ভবতি; তস্যতু পাদশেষাৎ সপাদশরাব ত্রয়ং ক্বাথং ভবতি। ক্বাথ সমশ্চ বিদারীরসশ্ছাগমাংসরসশ্চ ক্ষীরঞ্চ ক্বাথাপেক্ষয়া দ্বিগুণমিতি সার্দ্ধষট শরাবাঃ এবং ঘৃতাঢ়কে পঞ্চশ্যে ত্রিংশৎ পলাধিকং দ্রবপলশতমিহ ভবতি। এবঞ্চ সতি [illegible]ম্পাত্বংস্যাদিতি ভয়াৎ কেচিদত্র যথোক্ত এব ক্বাথ্যে ত্রয়োদশপলরূপে তথা পানীয়ং দেয়ং যথা পাদশেষাৎ ক্বাথো ঘৃতসমংস্যাৎ তেনাত্র ত্রয়োদশপলেপি ক্বাথ্যে জলং [illegible] দত্ত্বা পাদাবশিষ্ট ক্বাথস্য ঘৃতসমত্বং কল্পনীয়মিতি জগুরুক্তবন্তঃ। অস্মিন্ পক্ষে ক্ষীরং দ্বিগুণং দত্ত্বা বিদারী মাংসরসৌচ মিলিত্বা ঘৃত সমাবিতি চতুর্গুণদ্রবেণ পাকউৎসর্গ সিদ্ধো ভবতি; চতুর্গুণ দ্রবেণ তু স্নেহ পাকোৎসর্গত্বাৎ। চক্রকর্ণেনাপি ক্বাথ্যমানমনিয়তমেবোক্তং ক্বাথস্তু তথাপি স্নেহসমএব; পঞ্চ প্রভৃতি যত্রস্যুরিত্যুক্তেঃ। অপিচ যথা বৃশ্চিরং পঞ্চমূলং বলাং বিদারীং বটাদি শুঙ্গাংশ্চ নিক্বাথ্য দ্বিক্ষীরে ছাগবিদারী রসেচ সমে তৎ জীবনীয়গণকল্কৈঃ পক্ত্বা ঘৃতাঢ়কমিত্যাদি। অন্যেতু দ্রব্যমাপোত্থিতং ক্বাথ্যং দত্ত্বা ষোড়শিকং জলম্। পাদাবশেষঃ কর্ত্তব্য এষক্বাথবিধিঃ স্মৃত ইতি; কৃষ্ণাত্রেয়পরিভাষানুসারেণ ক্বাথ্যে ষোড়শগুণং জলং দীয়মানং ষড়্বিংশতিশরাবং ভবতি, পাদশেষাচ্চ সার্দ্ধষট্ শরাবক্বাথো ভবতি; দ্বিক্ষীর ইতি ক্বাথাপেক্ষয়া ক্ষীরস্য দ্বৈগুণ্যাৎ ত্রয়োদশ শরাবাঃ; মিলিতৌ বিদার্য্যাজরসাবপি কষায়াপেক্ষয়া দ্বিগুণাবিতি। এবং মিলিত্বা সার্দ্ধাত্রিংশৎ শরাবদ্রবৈঃ পাক ইতি ব্যাচক্ষতে। ব্যবহারং পুনঃ প্রায়েণানেনৈব। খজো মন্থানদণ্ডঃ ভূর্জ্জপত্রৈর্বেষ্টনঞ্চ শক্ত্যুৎকর্ষার্থম্ ॥ ১৯ ॥

বেড়েলা, ভূমিকুষ্মাণ্ড, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর,

পুনর্নবা, পঞ্চক্ষীরীবৃক্ষ (৩) অর্থাৎ যজ্ঞডুমুর, বট, অশ্বত্থ, মধুক ও পাকুড়, এই সকলের কুঁড়ি প্রত্যেকে ১ পল পরিমাণ অর্থাৎ ৮ আট তোলা লইয়া ১৩ সের জলে সিদ্ধ করতঃ /৩।০ সের শেষ থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ ক্বাথ গ্রহণ করিবে। (৪) এই ক্বাথ এবং গব্যদুগ্ধ /৩।০ সের, ছাগদুগ্ধ /৩।০ সের ভূমিকুষ্মাণ্ডের রস /৩।০ সের ও ছাগমাংসের ক্বাথ /৩।০ সের গ্রহণ করতঃ জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি ও বৃদ্ধি; ইহাদিগের প্রত্যেকের ২ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক সহিত যথা নিয়মে ঘৃত ১৬ ষোল সের পাক করিবে। পাক শেষ করিয়া দৃঢ় বস্ত্রখণ্ডে ছাঁকিয়া লইবে। শীতল হইলে চিনি ৩২ পল, এবং গোধুম, পিপ্পলী, বংশলোচন, পানিফল; ইহাদের প্রত্যেকের চূর্ণ ৪ পল অর্থাৎ অর্দ্ধ সের (৩২ তোলা) এবং মধু ১ এক সের পরিমাণে প্রক্ষেপ করিয়া দণ্ডদ্বারা আলোড়ন করতঃ ভূর্জ্জপত্রদ্বারা বেষ্টন করিয়া রাখিবে। এই ঔষধ ১ পল পরিমাণে সেবন করিয়া পরে দুগ্ধ বা মদ্যপান করিবে। কফ, কাস, শোষ ও ক্ষয় রোগদ্বারা ক্ষীণ এবং অতিশয় পরিশ্রম ও স্ত্রীসঙ্গমে কাতর ব্যক্তি এই ঔষধ সেবন করিলে বিশেষ উপকার দর্শে। এবং রক্ত বমন, তাপ, বক্ষস্থ বিবিধ রোগ জন্য ক্ষীণতা, শিরঃশূল, পার্শ্বশূল, পীনস প্রভৃতি রোগে এবং বর্ণ ও স্বর নষ্ট হইলে এই ঘৃত পান করা বিধেয়।

চক্রদত্তের মতে ত্রয়োদশ পল ক্বাথ্যদ্রব্যে তাহার অষ্টগুণ অর্থাৎ ১৩ তের সের জলদ্বারা সিদ্ধ করিয়া পাদাবশেষ অর্থাৎ ৩।০ সোয়া তিন সের থাকিতে ক্বাথ এবং বিদারী (ভূমিকুষ্মাণ্ড) ও মাংসরস ক্বাথের সমান গ্রহণ করিতে হইবে। সুতরাং ঐরূপ হিসাবে উভয় প্রকার দুগ্ধও প্রত্যেকে ৩।০ সোয়া তিন সের পরিমাণে লইতে হইবে। অনুবাদেও তাহাই লিখিত হইয়াছে। কিন্তু ঐরূপ গ্রহণ করিলে দ্রব পদার্থ অল্প হইয়া পরে, তজ্জন্য কেহ কেহ যথোক্ত ক্বাথ্যদ্রব্যে এমত জল প্রদান করিতে অনুমতি করেন, যেন ক্বাথ ঘৃতের সমান হইতে পারে, অর্থাৎ পূর্ব্বোক্ত ১৩ পল ক্বাথ্যদ্রব্যে ৬৪ সের জলদ্বারা সিদ্ধ করতঃ পাদাবশেষ অর্থাৎ ১৬ ষোল সের থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ ক্বাথ গ্রহণ করিবে। ইহা সেবনের মাত্রা সম্বন্ধে যাহা বলা হইয়াছে, ঐ পরিমাণ এখন ব্যবহার হইতে পারে না, কারণ, এখনকার মনুষ্য মাত্রেই হীনবীর্য্য, সুতরাং মাত্রাদি সম্বন্ধে বিশেষ বিবেচনার আবশ্যক। পরন্তু অবিবেচনা পূর্ব্বক প্রয়োগ করিলে অনেক সময় বিপরীত ফল হইয়া থাকে॥ ১৭॥

(৩) পঞ্চক্ষীরী বৃক্ষের নির্ণয় যথা—গ্রন্থান্তরে-
উড়ুম্বরো বটোঽশ্বত্থো মধুকঃ প্লক্ষ এব চ।
পঞ্চৈতে ক্ষীরিণো বৃক্ষা অস্মিন্ তন্ত্রে প্রকীর্ত্তিতাঃ।
মধুক বৃক্ষবিশেষ, মউলগাছ।

(৪) গ্রন্থান্তরের বচনানুসারে এইরূপ পরিমাণ লিখিত হইল যথা—
পুনর্নবাং বলাং রুষ্যাং পঞ্চমূলীং বিদারিকাং।
উড়ুম্বরবটাশ্বত্থ প্লক্ষবেতসশুঙ্গকান্।
পলাংশিকান্ জলদ্রোণে পক্ত্বা পাদাবশেষিতে।
পাদাংশে ছাগগোক্ষীর বিদার্য্যাজরসৈঃ পৃথক্।
কার্ষিকৈর্জীবনীয়ৈশ্চ কল্কৈরাজ্যাঢ়কং পচেৎ।
কৃষ্ণাগোধূমশৃঙ্গাটবাংশী ক্ষৌদ্রাঞ্জলিং পৃথক্।
সিদ্ধে প্রস্থৌ সিতায়াশ্চ দত্ত্বা খাদেৎ খজাহতং।
এতদ্গুড়ীকৃতং সর্পির্ঘটে ভূর্জাবৃতে স্থিতং।
অনুপানং পিবেৎ ক্ষীরং শীতে মদ্যং কফেহিতং।
বক্ষঃক্ষয়াস্রপিত্তঘ্নং স্বরদোষ প্রনাশনং।

চ্যবনপ্রাশঃ—

বিল্বাগ্নিমন্থশ্যোণাককাশ্মর্য্যঃ পাটলী-বলা। পর্ণ্যশ্চতস্রঃ পিপ্পল্যঃ শ্বদংষ্ট্রা বৃহতীদ্বয়ম্। শৃঙ্গীতামলকীদ্রাক্ষা জীবন্তী পুষ্করাগুরু। অভয়াসামৃতা-ঋদ্ধিজীবকর্ষভকৌ শটী। মুস্তং পুনর্নবা মেদা সূক্ষ্মৈলোৎপলচন্দনে। বিদারী বৃষমূলানি কাকোলী কাকনাসিকা। এষাং পলোন্মিতান্ ভাগান্ শতান্যামলকস্য চ। পঞ্চ দদ্যাত্তদৈকধ্যং জলদ্রোণে বিপাচয়েৎ। জ্ঞাত্বা গতরসান্যেতান্যৌষধান্যথ তং রসম্। তচ্চামলকমুদ্ধৃত্য নিষ্কুল তৈলসর্পিষোঃ। পলদ্বাদশকে ভৃষ্ট্বা দত্ত্বা চার্দ্ধতুলাং ভিষক্। মৎস্যণ্ডিকায়াঃ পূতায়া লেহবৎ সাধু সাধয়েৎ। ষট্পলং মধুনশ্চাত্র সিদ্ধশীতে প্রদাপয়েৎ। চতুঃপলং তুগাক্ষীর্য্যাঃ পিপ্পল্যাদ্বিপলন্তথা। পলমেকং নিদধ্যাচ্চ ত্বগেলাপত্রকেশরাৎ। ইত্যয়ং চ্যবনপ্রাশঃ পরমুক্তো রসায়নঃ। কাসশ্বাসহরশ্চৈব বিশেষেণোপদিশ্যতে। ক্ষীণক্ষতানাং বৃদ্ধানাং বালানাঞ্চাঙ্গবর্দ্ধনম্। স্বরক্ষয়মুরোরোগং হৃদ্রোগং বাতশোণিতম্। পিপাসাং মূত্রশুক্রস্থান্ দোষাং শ্চৈবাপকর্ষতি। অস্য মাত্রাং প্রযুঞ্জীত যোপরুন্ধ্যান্ন ভোজনম্। অস্য প্রয়োগাচ্চ্যবনঃ সুবৃদ্ধোঽভূৎ পুনর্যুবা।

মেধাং স্মৃতিং কান্তিমনাময়ত্বং
বপুঃ প্রকর্ষং বলমিন্দ্রিয়াণাম্।
স্ত্রীষু প্রহর্ষং পরমগ্নিবৃদ্ধিং
বর্ণপ্রসাদং পবনানুলোমাম্।
রসায়নস্যাস্য নরঃ প্রয়োগাৎ
লভেত জীর্ণোঽপি কুটী প্রবেশাৎ।
জরাকৃতং রূপমপাস্য সর্ব্বং
বিভর্ত্তি রূপং নবযৌবনানাং।

সিতা মৎসণ্ডিকালাভে ধাত্র্যাশ্চমুষ্ট্রভর্জ্জনম্। চতুর্ভাগজলে প্রায়োদ্রব্যং গতরসং ভবেৎ॥ ২০॥

বিল্বেত্যাদৌ।—পর্ণ্যশ্চতস্র ইতি শালপর্ণী পৃশ্নিপর্ণী মুদ্গপর্ণী মাষপর্ণ্যঃ। তামলকী ভূম্যামলকী। জীবন্তী স্বনামখ্যাতা। পুনর্নবা মেদেতি পুনর্নবা চ মেদা চ ইতি দ্বন্দ্বঃ নতু মেদাদ্বয়ং; পর্ণ্যন্যঃ পিপ্পলী শৃঙ্গী মেদা তামলকী ত্রুটিরিতি বাভটবচনাৎ। উৎপলং নীলোৎপলং নতু কুষ্ঠং সর্ব্বশাস্ত্রেষ তন্ত্রান্তরে কুষ্ঠস্যাপি পাঠস্য তট্টীকাকারৈরব্যাখ্যাতত্বাচ্চ। কাকনাশিকা কায়ুয়াঠুটী; জেজ্জরস্তু রসোফলমিত্যাহ। শতান্যামলকস্যেতি আকৃতিমানত্বাৎ, আমলকী ফলস্য পঞ্চশতানি এতানি কর্পটে পোট্টলীং কৃত্বা অপরৈঃ কাথ্যদ্রব্যৈঃ সহ ক্বথনীয়ং। গত রসত্বঞ্চ দ্রব্যাণাং চতুর্ভাগাবশেষেণ কাথেনেতি স্বয়মেব বক্ষ্যতি। অতএব পাদাবশেষ ইতি বাভটোক্তং অন্যেঽষ্টভাগাবশেষ ইত্যাহুঃ। তত্তু ন ব্যবহারসিদ্ধম্। নিষ্কুলমিতি শিরাস্থিরহিতম্; তচ্চ ক্ষৌমাদি ঘর্ষণেন কার্য্যম্। পলদ্বাদশক ইতি মিলিত্বা নির্দ্দেশস্য মানপ্রধানত্বাৎ; এবং ত্বগেলাপত্র কেশরাদপি মিলিত্বৈব পলম্; যেহু সমাস করণ সামর্থ্যাৎ মিলিতগ্রহণমাহুঃ তন্মতে অগস্ত্য-হরীতকীক্যাদৌ দশমূলস্যাপি মিলিত্বা দ্বিপলত্বং স্যাৎ দশমূলীতি সমাস নির্দ্দেশাদিতি জ্ঞেয়ম্। অত্র সনয়োরপি মধুমৎস্যণ্ডিকাদিতি দ্রব্যান্তরসংযোগাদে। ন বিরুদ্ধত্বং জ্ঞেয়ম্। কিম্বা আমলক ভর্জ্জনেন ঘৃতস্যোপক্ষীণত্বাৎ সমত্বমেব নাস্তীতি। যদ্যপি মৎস্যণ্ডিকাপেক্ষয়া শর্করা বিমলা তথাপ্যাপাত্তত্বাদিহ সৈব প্রশস্তা, তদভাবে শর্করা খণ্ডো বা গৃহ্যতে চক্রেনতু শর্করৈবোক্তা। চ্যবনস্য মুনেঃ প্রাশ ইতিযত্র। যোপরুন্ধ্যান্নভোজনমিতি বা প্রথমান্নভোজনোপযুক্তা। জরণেন দ্বিতীয়ান্নকালে ভোজনোপরোধং ন করোতীত্যর্থঃ যদুক্তং রুণদ্ধি নৈক মাহরং যাসামাত্রা জরাং প্রতীতি। কুটীপ্রবেশাদি বাতাতপপরিহারেণেত্যর্থঃ॥ ২০॥

বেলছাল, গণিয়ারী, শ্যোণা, গাম্ভারী, পারুলি, বেড়েলা, শালপাণি, পৃশ্নিপর্ণী (চাকুলে), মাষপর্ণী, মুদ্গপর্ণী, পিপ্পলী, গোক্ষুর, কন্টকারী, বৃহতী, কাকড়াশৃঙ্গী, ভূম্যামলকী, দ্রাক্ষা, জীবন্তী,

পুষ্করমূল (অভাবে কুড়), অগুরু, হরীতকী, গুলঞ্চ, ঋদ্ধি, জীবক, ঋষিভক, শটী, মুথা, পুনর্নবা, মেদা, ছোটএলাচ, উৎপল, রক্তচন্দন, ভূমিকুষ্মাণ্ড, বাসকের মূল, কাকোলী ও কাউয়াঠুটী; এই সকলের প্রত্যেকে ১ পল অর্থাৎ আট তোলা (এক পোয়া) এবং আমলকী ৫০০ শত একত্রে ৬৪ সের জলে পাক করিবে। চতুর্থভাগ জল অবশিষ্ট থাকিতে আমলকী সকল উঠাইয়া তাহার শিরা ও আঁটি পরিত্যাগ করিয়া লইবে। পরে তিলতৈল ৬ পল ও ঘৃত ৬ পল একত্র করিয়া তাহা দ্বারা উক্ত আমলকী অল্প ভাজিতে হইবে; এবং পরিষ্কৃত চিনি বা মিশ্রি /৬।০ সোয়া ছয়সের পূর্ব্বোক্ত কাথে মিশ্রিত করিয়া উহাতে প্রদান করতঃ সাবধানে লেহবৎ পাক করিয়া নামাইবে। শীতল হইলে মধু ৬ পল, বংশলোচন ৪ পল, পিপ্পলীচূর্ণ ২ পল, দারুচিনি, এলাচ, তেজপত্র ও নাগকেশর; ইহাদের প্রত্যেকের চূর্ণ ১ পল উত্তমরূপ মিশ্রিত করিয়া লইবে। ইহার নাম চ্যবনপ্রাশ। রসায়ন শ্রেষ্ঠ এই ঔষধ কাস ও শ্বাস নাশক এবং ক্ষতক্ষীণ, বৃদ্ধ বিশেষতঃ স্ত্রীলোকদিগের অঙ্গবর্দ্ধক স্বরভঙ্গ, ক্ষয়, বক্ষঃস্থল সম্বন্ধীয় বিবিধ প্রকার রোগ, হৃদ্রোগ, বাতরক্ত, পিপাসা, মূত্রস্থ ও শুক্রস্থ দোষ নিবারক। এই ঔষধের মাত্রার কোন পরিমাণ নাই, এই পরিমাণে ভক্ষণ করিবে, যাহাতে ভোজনের কোন রূপ বাধা না হয়। এই ঔষধ প্রভাবে অতি বৃদ্ধ চ্যবনমুনিও যুবত্ব প্রাপ্ত হইয়াছিলেন। ইহা মেধা, স্মরণশক্তি, শরীরের কান্তি, ইন্দ্রিয়ের উৎকর্ষ, স্বাস্থ্য, শরীর ও বলবর্দ্ধক, অগ্ন্যুদ্দীপক, বংকর, বায়ুর অনুলোমক, বিশেষতঃ বালকদিগের অতি হর্ষপ্রদ। এই ঔষধ সেবন করিয়া নির্ব্বাত ও আতপশূন্য স্থানে বাস করিবে। এই ঔষধ সেবনে বৃদ্ধেরও বৃদ্ধত্ব লক্ষণ সকল দূর হইয়া নবযৌবন প্রাপ্ত হয়। মৎসণ্ডিকা অর্থাৎ গুড়মধ্যগত পদার্থবিশেষ, উহার অভাবে চিনিদ্বারা এই ঔষধ প্রস্তুত করিবে। কাথাদি পাককালে যখন চতুর্ভাগমাত্র অবশিষ্ট থাকে তখনই ঔষধ সকল প্রায়শঃ নীরস হইয়া থাকে। আধুনিক চিকিৎসকগণ এই চ্যবনপ্রাশ ত্রক সিকি হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত ব্যবহার করিয়া থাকেন। এবং কোন কোন চিকিৎসকগণ একতোলা পর্য্যন্তও ব্যবহার করিয়া থাকেন ॥ ২০ ॥

জীবন্ত্যাদ্যং ঘৃতম্—

জীবন্তীং মধুরংদ্রাক্ষাং ফলানিকুটজস্য চ। শটী পুষ্করমূলঞ্চব্যাঘ্রীং গোক্ষুরকং বলাম্। নীলোৎপলং তামলকীং ত্রায়মাণাং দুরালভাম্। পিপ্পলীঞ্চসমং পিষ্ট্বাঘৃতংবৈদ্যো বিপাচয়েৎ। এতদ্ব্যাধিসমূহস্য রোগেশস্যসমুত্থিতম্। রূপমেকাদশবিধং সর্পিরগ্র্যং ব্যপোহতি ॥ ২১ ॥

জীবন্তীমিত্যাদি।—চরকস্য। অত্রজলমেব চতুর্গুণং। কেচিত্তু চরকে স্বদংষ্ট্রা ঘৃতানন্তর ময়ংযোগ উক্ত অতঃ প্রত্যাসত্ত্যা পূর্ব্বযোগোক্তং ক্ষীরমেবাত্রাপি দ্রবমিচ্ছন্তি কিন্তু বাভটাদপি ন দুগ্ধমতো জলমেব যুক্তম্ ॥ ২১ ॥

জীবন্তী, যষ্টিমধু, দ্রাক্ষা, ইন্দ্রযব, শটী, পুষ্করমূল (অভাবে কুড়), কণ্টকারী, গোক্ষুর, বেড়েলা, নীলোৎপল, ভূম্যামলকী, বলাডুমুর, দুরালভা ও পিপ্পলী; এই সকল ঔষধের কল্ক সমভাগে মিলিত ১ সের, ঘৃত /৪ সের, জল ১৬ সেরের সহিত ঘৃত যথাবিধি পাক করিবে।

ইহা সেবন করিলে বহুবিধ অসাধ্য রোগ বিনষ্ট হয়। ইহা অর্দ্ধ তোলা হইতে এক তোলা কিম্বা উহা হইতে ন্যূন মাত্রায়ও ব্যবহার করা যাইতে পারে ॥২১॥

পিপ্পলীঘৃতম্—

পিপ্পলীগুড়সংসিদ্ধং ছাগক্ষীরযুতং ঘৃতম্। এতদগ্নিপ্রবৃদ্ধ্যর্থং সর্পিশ্চ-ক্ষয়কাসিনাম্ ॥ ২২ ॥

পিপ্পলীত্যাদি।—পিপ্পলীগুড়ৌ কল্কৌ ছাগক্ষীরং চতুর্গুণম্ ॥ ২২ ॥

পিপ্পলী ॥০ অর্দ্ধ সের, পুরাতন গুড় ॥০ অর্দ্ধ সের কল্ক ও ছাগদুগ্ধ ১৬ সের সহিত ঘৃত /৪ সের যথাবিধি পাক করিবে। এই ঘৃতপান করিলে ক্ষয় ও কাস পীড়িত রোগীর অগ্নিবৃদ্ধি হয়। ইহাও এক সিকি হইতে এক তোলা পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে ॥ ২২ ॥

পারাশরঘৃতম্—

যষ্টীবলাগুড়ূচ্যল্পপঞ্চমূলী তুলাং পচেৎ। শূর্পেঃ পামষ্টভাগস্থেতৎ-পাত্রং পচেদ্ ঘৃতম্। ধাত্রীবিদারীক্ষু-রসে ত্রিপাত্রে পয়সোর্ম্মণে। সুপিষ্টৈ-র্জীবনীয়ৈশ্চ পারাশরমিদং ঘৃতম্। সর্বৈন্যং রাজযক্ষ্মাণ মুস্মূলরভিশী-লিতম্ ॥ ২৩ ॥

যষ্টীত্যাদি।—বাভটস্য। যষ্ট্যাদীনাং মিলিত্বা তুলা। শূর্প ইতি দ্রোণদ্বয়ে উক্তং দৃঢ়বলেন কুম্ভং দ্রোণদ্বয়ং শূর্প ইতি। খরপাণিনা২প্যুক্তং দ্রোণদ্বয়ন্তু শূর্পঃস্যাৎ কুম্ভইত্যভিধীয়তে। তস্মাৎ দ্রোণপর্য্যায়ঃ শূর্প ইতি বৃন্দলিখিতমতং নাদরনীয়ম্। যদ্যপিতুলা দ্রব্যে একএব জলদ্রোণ উচিত তথাপি নির্দ্দিষ্টত্বাদিহ তোয়ং দ্রোণদ্বয়মেব দেয়ম্। যথা বক্ষ্যমাণ দ্বিতীয় ছাগলাদিঘৃতে ছাগমাংস তুলায়াং জলদ্রোণ দ্বয়মিতি। ধাত্র্যাদি রসানাং মিলিত্বা ত্রিপাত্রং পাত্রমাঢকং॥২৩॥

ব্রহ্মযষ্টি, বেড়েলা, গুলঞ্চ, শালপাণি, চাকুলে, কন্টকারী, বৃহতী ও গোক্ষুর; এই সকল ঔষধ সমভাগে মিলিত ১২॥০ সের, ১২৮ সের জলে পাক করিয়া ১৬ সের শেষ রাখিয়া ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ এবং আমলকীর রস ১৬ সের, ভূমিকুষ্মাণ্ডের রস ১৬ সের, ইক্ষুরস ১৬ সের, দুগ্ধ ১১৪ সের এবং উত্তমরূপ কুট্টিত জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি ও বৃদ্ধি; এই সকল দ্রব্যের কল্ক সহিত যথা বিহিত নিয়মে ১৬ ষোল সের ঘৃত পাক করিবে। অর্থাৎ প্রথমতঃ উপযুক্ত জল এবং কল্ক দ্রব্য সহিত ঘৃত পাক করিবে। অনন্তর ক্রমে ক্বাথ রস ও অবশেষে দুগ্ধদ্বারা পাক করতঃ শেষ পাকের লক্ষণ সমূহ উদিত হইলে নামাইয়া ছাকিয়া লইবে। এই পারাশর ঘৃত পান করিলে সমস্ত উপদ্রবের সহিত একাদশবিধ রাজযক্ষ্মা বিনাশ প্রাপ্ত হয়। ইহাও এক সিকি অর্থাৎ চারি আনা হইতে অর্দ্ধ তোলা পর্য্যন্ত ব্যবহার করা যাইতে পারে ॥২৩॥

ছাগলাদ্যংঘৃতম্—

ছাগমাংসতুলাং গৃহ্য সাধয়েন্নল্বণে-২ম্ভসি। পাদশেষেণ তেনৈবসর্পিঃ-প্রস্থং বিপাচয়েৎ। ঋদ্ধিবৃদ্ধী চ মেদে দ্বে জীবকর্ষভকৌ তথা। কাকোলী ক্ষীরকাকোলীকল্কৈঃ পৃথক্ পলোন্মিতৈঃ। সম্যক্ সিদ্ধেত্ববতার্য্য শীতে তস্মিন্ প্রদাপয়েৎ। শর্করায়াঃ পলাস্যষ্টৌ মধুনঃ কুড়বং ক্ষিপেৎ। পলং পলং পিবেৎ প্রাতর্যক্ষ্মাণং হন্তি দুর্জ্জয়ম্। ক্ষতক্ষয়ঞ্চ কাসঞ্চ পার্শ্ব-শূলমরোচকম্। স্বরক্ষয়মুরোরোগং শ্বাস হন্যাৎ সুদারুণম্। বল্যং মাংস-করং বৃষ্যমগ্নিসন্দীপনং পরং ॥ ২৪ ॥

ছাগলাদ্যা নল্বণো দ্রোণঃ। ২৪॥

* ছাগমাংস ।২॥০ সের, জল ৬৪ সের, শেষ ।৬ সের, এই ক্বাথ এবং নিম্নলিখিত কল্কদ্রব্য সহিত ৪ চারি সের ঘৃত যথা বিহিত নিয়মানুসারে পাক করিবে। কল্ক দ্রব্যযথা,—ঋদ্ধি, বৃদ্ধি, মেদা, মহামেদা, জীবক, ঋষিভক, কাকোলী, ক্ষীরকাকোলী; ইহাদিগের প্রত্যেকে ১ পল অর্থাৎ প্রত্যেকে ৮ আটতোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ তৈলে প্রদান করিবে। এবং শেষ পাকের লক্ষণ সমূহ প্রকাশ পাইলে নামাইয়া রাখিবে। এবং শীতল হইলে চিনি /১ সের ও মধু /১ এক সের উহাতে মিশ্রিত করিবে। এই ঔষধ প্রাতঃকালে ১ পল পরিমাণে ভক্ষণ করিবে। ইহাদ্বারা দুর্জ্জয় যক্ষ্মা, ক্ষতকাস, পার্শ্বশূল, অরুচি, স্বরভঙ্গ উরোরোগ ও অতি কঠিন শ্বাস প্রভৃতি রোগ বিনষ্ট হয়। ইহা, বল ও শুক্রকারক মাংস বর্দ্ধক ও অগ্ন্যদ্দীপক। এক পল অর্থাৎ আট তোলা মাত্রা আধুনিক লোকের পক্ষে অযোগ্য, সুতরাং বিবেচনা পূর্ব্বক একসিকি, অর্দ্ধ তোলা অথবা এক তোলা পর্য্যন্তও ব্যবহার করা যাইতে পারে ॥ ২৪ ॥

ছাগলাদ্যং ঘৃতং—

তোয়দ্রোণদ্বিতয়ে ছাগলমাংসস্য পলশতং পক্ত্বা। জলমষ্টাংশং সুকৃতং তস্মিন্ বিপচেদ্ ঘৃতং প্রস্থং। কল্কেনজীবনীয়ানাং কুড়বেন তু মাংস সর্পিরিদং। পিত্তানিলং নিহন্যাত্তজ্জানপি-রসকয়োজিতংপীতং। কাসশ্বাসাবুশোষযক্ষ্মানং পার্শ্বহৃদ্রুজাং ঘোরাং। অধ্বব্যায়ামশোষং শময়তিচৈবাপরং কিঞ্চিৎ ॥ ২৫ ॥

তোয়েত্যাদৌ।—জীবনীয়ানাং দশানাং কুড়বেনেতি মিলিত্বা তজ্জানিতি পিত্তানিলজান্ ব্যাধীন্। রসকযোজিতমিতি মাংসরসাবচারিতমিত্যর্থঃ ॥ ২৫ ॥

ছাগমাংস ।২॥০ সের, জল ১২৮ সের, শেষ ।৬ সের, এই ক্বাথ এবং নিম্নলিখিত কল্কদ্রব্য সহিত /৪ চারিসের ঘৃত যথা নিয়মে পাক করিবে। কল্কদ্রব্য যথা— জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি ও বৃদ্ধি; ইহাদের সমভাগে মিলিত কুড়ব পরিমাণ কল্ক উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। এবং শেষ পাকের লক্ষণাদি সম্যক্‌রূপে প্রকাশ পাইলে নামাইয়া ঈষদুষ্ণ থাকিতে বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। উপযুক্ত মাংসরস সেবীর উক্ত ঘৃত সেবন করা কর্ত্তব্য। ইহাদ্বারা বায়ু ও পিত্ত, পার্শ্ব ও হৃদয় বেদনা, অধ্ব ও ব্যায়ামজনিত শোষ, কাস, শ্বাস, যক্ষ্মা প্রভৃতি রোগ বিনষ্ট হইয়া থাকে। ইহা ব্যতীত আরো বিবিধ প্রকার রোগ প্রশমিত হইয়া থাকে। উক্ত ঘৃত ও পূর্ব্বোক্ত মাত্রায় সেবন করা কর্ত্তব্য ॥ ২৫ ॥

অজাপঞ্চকং ঘৃতং—

ছাগসকৃদ্রসমূত্রক্ষীরৈর্দ্দধ্না চ সাধিতং সর্পিঃ। সক্ষারং যক্ষ্মহরং কাসশ্বাসোপশান্তয়ে পরমং ॥ ২৬ ॥

অজাপঞ্চকঘৃতে সর্পিরপ্যজায়া এব এবং, দধ্চ, যবক্ষারস্যাপ্যত্র প্রক্ষেপস্ত্বমাহুঃ ॥ ২৬ ॥

ছাগবিষ্ঠার রস, ছাগমূত্র, ছাগদুগ্ধ ও ছাগদধি; ইহাদের প্রত্যেকে /৪ সের, ছাগঘৃত /৪ সের; প্রক্ষেপার্থ যবক্ষার ৮ পল, এই ঘৃত যথাবিধি পাক করিয়া পান করিলে যক্ষ্মা, কাস ও শ্বাসরোগের নিবৃত্তি হয়। এই ঘৃত একসিকি, অর্দ্ধ তোলা অথবা একতোলা পর্য্যন্তও ব্যবহার করা যাইতে পারে ॥ ২৬ ॥

বলাগর্ভং ঘৃতং—

দ্বিপঞ্চমূলস্য পচেৎ কষায়ে
প্রস্থদ্বয়েমাংসরসস্যচৈকে।
কল্কং বলায়াঃ সুনিযোজ্যগর্ভং
সিদ্ধং পয়ঃ প্রস্থযুতং ঘৃতঞ্চ।
সর্ব্বাভিঘাতোত্থিত যক্ষ্মশূল
ক্ষতক্ষয়োৎকাসহরং প্রদিষ্টং ॥ ২৭ ॥

দ্বিপঞ্চমূলস্যেতি দশমূলস্য মিলিত্বা দ্বাত্রিংশৎ পলানি জলস্যচ দ্বাত্রিংশচ্ছরাবাস্ততঃ প্রস্থদ্বয়ং শেষ। মাংসরসস্য চৈক ইতি ছাগমাংস রসস্য এতস্মিন প্রস্থ ইত্যর্থঃ, গর্ভ মিত্যন্তঃ ॥ ২৭ ॥

দশমূল /৮ সের, জল ৬২ সের, শেষ /৮ সের, ছাগমাংসের ক্বাথ /৪ সের, এই উভয়বিধ ক্বাথ এবং উত্তমরূপ কুট্টিত বেড়েলার কল্ক /১ এক সের ও দুগ্ধ /৪ চারি সেরের সহিত প্রস্থ পরিমিত অর্থাৎ /৪ চারিসের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। ইহা সর্ব্বপ্রকার অভিঘাত জন্য যক্ষ্মা, শূল, ও ক্ষতক্ষয় জনিত কাস বিনাশক। মাত্রা একসিকি হইতে অর্দ্ধতোলা অথবা ইহা একতোলা পর্য্যন্তও ব্যবহার হইতে দেখা যায়। বেল, শ্যোণা গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপানি, চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, এই সকলকে দশমূল বলা যায় ॥ ২৭ ॥

নাগবলাঘৃতং—

পাদশেষেজলদ্রোণে পচেন্নাগবলাতুলাং তেনকাথেন তুল্যাংশং ঘৃতং ক্ষীরঞ্চ সাধয়েৎ। পলার্দ্ধিকৈশ্চাতিবলাবলাযষ্টি পুনর্নবা। প্রপৌণ্ডরীককাশ্মর্য্যপিয়ালকপিকচ্ছুভিঃ। অশ্বগন্ধাসিতাভীরু মেদাযুগ্মত্রিকন্টকৈঃ। মৃণালবিষশালূক শৃঙ্গাটককশেরুকৈঃ। এতন্নাগবলা সর্পিরক্তপিত্তক্ষতক্ষয়ং। হন্তিদাহং ভ্রমং তৃষ্ণাং বলপুষ্টিকরং পরং। বল্যমোজস্যমায়ুষ্যং বলীপলিতনাশনং। উপযুঞ্জীত ষণ্মাষান্ বৃদ্ধোঽপি তরুণায়তে ॥ ২৮ ॥

পাদশেষ ইত্যাদি।—বাঙটলা। পাদশেষ মিত্যেব পাঠঃ। পাদশেষং যথা ভবতি তথা পচেদিতি, অন্যেতু পাদশেষ ইতি পঠিত্বা পাদশেষে কর্ত্তব্য ইতি ব্যাচক্ষতে। নাগবলা গোরক্ষতণ্ডুলা অতিবলা গোরক্ষতণ্ডুলৈব মৃণালবিষেষশল্পমতচ্ছেদাৎ। মৃণাল মুলাবিং বিষং পদ্মমূলমিত্যন্যে ॥ ২৮ ॥

গোরকচাউলিয়া ।২।।০ সের, ২৫৪ সের জলে পাক করিয়া ।৬ সের অবশেষে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ এবং নিম্নলিখিত দ্রব্য সকলের কল্ক ও /৪ চারি সের দুগ্ধ সহিত প্রস্থ পরিমিত অর্থাৎ /৪ চারিসের ঘৃত যথা নিয়মে পাক করিবে। কল্কদ্রব্য যথা,—গোরকচাউলিয়া, বেড়েলা, যষ্টিমধু, পুনর্নবা, পুণ্ডরিয়া কাষ্ঠ, গাম্ভারীফল, পিয়াল, শূয়াশিম্বীফল, অশ্বগন্ধা, চিনি, শতমূলী, মেদা, মহামেদা, গোক্ষুর, পদ্মমূল, মৃণাল, শালূক, পানিফল ও কেশুর; এই সকলের প্রত্যেকে ১ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। শেষ পাকের লক্ষণাদি প্রকাশ পাইলে নামাইয়া ছাকিয়া লইবে। এই নাগবলাঘৃত সেবন করিলে রক্তপিত্ত, ক্ষতক্ষয়, দাহ, ভ্রমি ও তৃষ্ণার নিবৃত্তি হয়। এই ঘৃত বল ও পুষ্টিকর, আয়ুঃ ও ওজস্কর এবং বলী পলিতাদি বৃদ্ধত্ব নাশক। এই ঔষধ ছয়মাস সেবন করিলে বৃদ্ধ ব্যক্তিও যুবার ন্যায় হইতে পারে। সেবনের মাত্রা বিবেচনা পূর্ব্বক স্থির করিয়া লইবে ॥ ২৮ ॥

নিগুণ্ডীঘৃতং—

সমূলফলপত্রায়াঃ নিগুণ্ড্যাঃ স্বরসে

ঘৃতং। সিদ্ধং পীত্বাক্ষয়ক্ষীণো নির্ব্যা-
ধির্ভাতিদেববৎ ॥ ২৯ ।

নির্গুণ্ডীঘৃতমঙ্কস্থং ॥ ২৯ ॥

নিসিন্দার ফল, মূল ও পত্রের স্বরস সহিত উপযুক্ত পরিমাণ ঘৃত পাক করিয়া পান করিলে, ক্ষত ক্ষীণরোগী নির্ব্যাধি হইয়া দেববৎ প্রভাশালী হয়। মাত্রা একসিকি হইতে অর্দ্ধ তোলা অথবা একতোলা পর্য্যন্তও ব্যবহার দেখা যায় ॥ ২৯ ॥

বলাদ্যং ঘৃতং—

বলাংশ্বদংষ্ট্রাং বৃহতীং কলসীং ধাবনীস্থিরাং। নিম্বং পর্পটকং মুস্তং ত্রায়মাণাং দুরালভাং। কৃত্বাকষায়ং পেষ্যার্থং দদ্যাত্তামলকীং শঠীং। দ্রাক্ষাপুষ্করমূলঞ্চ মেদামামলকানিচ। ঘৃতং পয়শ্চ তৎসিদ্ধং সর্পির্জ্বরহরং পরং। ক্ষয়কাসপ্রশমনং শিরঃপার্শ্বরুজাপহং। চরকোদিত বাসাদ্য ঘৃতানন্তর মুক্তিতঃ। যদস্তীহঘৃতাৎ ক্বাথং পয়শ্চ দ্বিগুণং পৃথক্ ॥ ৩০ ॥

বলামিত্যাদি।—চরকস্য। জ্বরচিকিৎসিতেঽয়ং যোগঃ। কলসী পৃশ্নিপর্ণী; ধাবনী কণ্টকারিকা, স্থিরা শালপর্ণী। চরকোদিতেত্যাদি চরকে হি বাসাঘৃতানন্তরময়ং যোগ উক্তঃ। তত্রচ ক্বাথঃ-পয়শ্চ প্রত্যেকং ঘৃতাদ্বিগুণম্; তৎ সাহচর্য্যাদিহাপি তথৈবেতি ঘৃতসমং ক্ষীরং ক্বাথশ্চ দ্বিগুণ ইত্যন্যে ॥ ৩০ ॥

বেড়েলা, গোক্ষুর, বৃহতী, পৃশ্নিপর্ণী (চাকুলে), কণ্টিকারী, শালপাণি, নিম্ব, ক্ষেৎপাপড়া, মুথা, বলাডুমুর, ও দুরালভা; ইহাদের ক্বাথ এবং ভূম্যামলকী, শঠী, দ্রাক্ষা, পুষ্করমূল (অভাবে কুড়), মেদা ও আমলকী; এই সকলের উত্তমরূপ কুট্টিত কল্ক ও উপযুক্ত পরিমাণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিয়া সেবন করিলে, জ্বর, ক্ষয়কাস, শিরঃশূল, পার্শ্বশূল প্রভৃতি রোগ বিনষ্ট হয়। উক্ত বলাদ্য ঘৃত চরকগ্রন্থের বাসাদ্য ঘৃতের পরেই উক্ত হইয়াছে, এই জন্য কেহ কেহ সেই বাসাদ্য ঘৃতের যুক্তি প্রদর্শন করাইয় ক্বাথ ও দুগ্ধ ঘৃতের দ্বিগুণ দিতে আদেশ করেন। বেড়েলা, গোক্ষুর প্রভৃতির ক্বাথ নিয়মানুরূপই গ্রহণ করিবে ॥ ৩০ ॥

চন্দনাদ্যং তৈলং—

চন্দনাম্বুনখং বাপ্যং যষ্টীশৈলেয় পদ্মকং। মঞ্জিষ্ঠা সরলং দারু শট্যেলা পূতিকেশরং। পত্রং তৈলং মুরামাংসী কক্কোলং বনিতাম্বুদং। হরিদ্রে শারিবে তিক্তা লবঙ্গাগুরু কুঙ্কুমং। ত্বক্ রেণুর্নলিকা চৈভিস্তৈলং মস্তুচতুর্গুণং। লাক্ষারসসমং সিদ্ধং গ্রহঘ্নং বলবর্ণকৃৎ। অপস্মার জ্বরোন্মাদ কৃত্যালক্ষ্মী বিনাশনং। আয়ুঃ পুষ্টিকরঞ্চৈব বশীকরণ মুত্তমং ॥ ৩১ ॥

চন্দনাদিতৈলে।—অম্বু বালকম্; বাপ্যং কুষ্ঠং; পূতিঃ খট্টাসী; তৈলং শিলারসঃ; বনিতা প্রিয়ঙ্গুঃ; তিক্তা লতাকস্তূরী; রেণু রেণুকং, নলিকা নালুকা; লাক্ষারসো লাক্ষাক্বাথঃ; লাক্ষায়াঃ ষোড়শপলং পাকার্থজলং ষোড়শশরাবং শেষং প্রস্থৈকম্ ॥ ৩১ ॥

রক্তচন্দন, বালা, নখী, কুড়, ব্রহ্মযষ্টি, শৈলজ, পদ্মকাষ্ঠ, মঞ্জিষ্ঠা, সরলকাষ্ঠ, দেবদারু, শঠী, এলাচ, খট্টাসী, নাগকেশর, তেজপত্র, শিলারস, মুরামাংসী, কক্কোল, প্রিয়ঙ্গু, মুথা, হরিদ্রা, দারুহরিদ্রা, শ্যামালতা, অনন্তমূল, লতাকস্তূরী, লবঙ্গ, অগুরু, কুঙ্কুম, দারুচিনি, রেণুকা ও নালুকা; ইহাদিগের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক প্রত্যেকে ২ তোলা এবং দধির মাত।৩ সের, লাক্ষার ক্বাথ /৪ সের সহিত যথাবিহিত নিয়মানু-

সারে /৪ সের তিলতৈল পাক করিবে। শেষ পাকের লক্ষণাদি সম্যক্‌রূপ প্রকাশ পাইলে নামাইয়া ঈষদুষ্ণ থাকিতে বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইবে। ইহা গ্রহণী দোষঘ্ন, বল ও বর্ণ বর্দ্ধক এবং অপস্মার, উন্মাদ, জ্বর, অভিচার ও অলক্ষ্মীনিবারক, পুষ্টিজনক, আয়ুষ্কর ও বশীকারক। লাক্ষা (গালা বা লাহ্) ২ দুই সের বস্ত্রে পুটলী করিয়া ১৬ ষোল সের জলদ্বারা সিদ্ধ করতঃ চতুর্থাংশ অর্থাৎ ৪ চারিসের অবশিষ্ট থাকিতে নামাইবে। খড়াসি মনসার ক্ষার লেপন করতঃ বাষ্প স্বেদ যন্ত্রে উত্তাপ দিয়া রোমা সকল বিদূরিত করিয়া লইতে লইবে॥ ৩১॥

ছাগংমাংসং পয়শ্ছাগং ছাগং সর্পিঃ সশর্করং। ছাগোপসেবা শয়নং ছাগমধ্যে তু যক্ষ্মনুৎ॥ ৩২॥

ছাগলেত্যাদি স্পষ্টম্॥ ৩২॥

ছাগমাংস, ছাগদুগ্ধ ও শর্করার সহিত ছাগঘৃত সেবন, সর্ব্বদা ছাগোপসেবা ও ছাগলের মধ্যে শয়ন করিলে যক্ষ্মারোগ বিনষ্ট হয়॥ ৩২॥

উরোমত্ত্বাক্ষতং লাক্ষাং পয়সা মধুসংযুতাং। সদ্যএব পিবেৎ জীর্ণে পয়সাদ্যাৎ সশর্করং॥ ৩৩॥

উর ইত্যাদিনা উরঃক্ষতচিকিৎসামাহ।—উরঃক্ষতং মত্ত্বা লাক্ষাং পয়সা মধুসংযুতাং পিবেদিত্যর্থঃ জীর্ণে পয়সা সশর্করমন্নং ভুঞ্জীত ইত্যন্বয়ঃ॥৩৩॥

উরঃক্ষত হইয়াছে জানিলে, সেই সময় লাক্ষাসংযুক্ত দুগ্ধে মধু মিশ্রিত করিয়া পান করিবে। ইহাদ্বারা উরঃক্ষত রোগ বিনষ্ট হয়। ঔষধ জীর্ণ হইলে, চিনি মিশ্রিত দুগ্ধের সহিত অন্নাহার করিবে॥ ৩৩॥

ইক্ষ্বালিকাবিসগ্রন্থি পদ্মকেশর চন্দনৈঃ। শৃতং পয়োমধুযুতং সন্ধানার্থং পিবেৎ ক্ষয়ী॥ ৩৪॥

ইক্ষ্বালিকেত্যাদি।—ইক্ষ্বালিকা বনখাগড়ীতি খ্যাতা বিসগ্রন্থিঃ মৃণালগ্রন্থিঃ; পদ্মকেশরং পদ্মকিঞ্জল্কম্; সন্ধানার্থমিতি ক্ষতোরঃসন্ধানার্থম্॥৩৪॥

উরোক্ষতরোগী বনখাগড়ী, মৃণালগ্রন্থি, পদ্মকেশর ও রক্তচন্দন; ইহাদিগের সহিত দুগ্ধ পাক করিয়া মধুর সহিত পান করিবে। উক্ত দুগ্ধ পাক করিবার নিয়ম যথা,—বনখাগড়ী দ্রব্যগুলি ২ তোলা, দুগ্ধ ১৬ ষোলতোলা, জল ৪৬ তোলা, শেষ ১৬ ষোলতোলা অর্থাৎ দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া লইবে॥ ৩৪॥

বলাশ্বগন্ধাশ্রীপর্ণী বহুপুত্রী পুনর্নবাঃ। পয়সানিত্যমভ্যস্তাঃ ক্ষপয়ন্তি ক্ষতক্ষয়ং॥ ৩৫॥

বলেত্যাদৌ।—শ্রীপর্ণ্যা গাম্ভার্য্যাঃ ফলং বহুপুত্রীশতাবরীবলাদয়ো ব্যস্তাঃসমস্তাবা বোধ্যাঃ॥৩৫॥

বেড়েলা, অশ্বগন্ধা, গাম্ভারীফল, শতমূলী, পুনর্নবা; এই সকল দ্রব্য দ্বারা দুগ্ধ পাক করিয়া প্রত্যহ পান করিলে উরোক্ষতরোগ বিনাশ প্রাপ্ত হয়। এই দুগ্ধও পূর্ব্বোক্ত নিয়মে পাক করিয়া লইবে॥ ৩৫॥

বাসাদ্যংঘৃতম্—

ঘৃতং বলা নাগবলার্জ্জুনাম্বু
সিদ্ধং সযষ্টীমধুকল্কপাদং।
হৃদ্রোগ শূলক্ষত রক্তপিত্ত
কাসাংনিলাসৃক্ শময়ত্যুদীর্ণং॥৩৬॥

ঘৃত মিত্যাদি স্পষ্টম্॥ ৩৬॥
ইতি যক্ষ্মা-চিকিৎসা।

বেড়েলা, গোরক্ষচাকুলিয়া, অর্জ্জুনবৃক্ষের ছাল; এই সমুদয়ের ক্বাথ এবং চতুর্থাংশ যষ্টিমধুর কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। এই ঘৃতপান করিলে হৃদ্রোগ, শূল, রক্তপিত্ত, এবং অতি কঠিন বাতরক্ত, উরোক্ষত ও

কাসাদি রোগের শান্তি হয়। ইহা রোগীর বলাবল বিবেচনা পূর্ব্বক একসিকি হইতে অর্দ্ধতোলা অথবা একতোলা পর্য্যন্তও ব্যবহার করা যাইতে পারে ॥৩৬॥

ইতি রাজযক্ষ্মাকতক্ষীণচিকিৎসা।

অথ কাসরোগ-চিকিৎসা।

বাস্তূকো বায়সীশাকং মূলকং সুনিষণ্ণকং। স্নেহাস্তৈলাদয়োভক্ষ্যাঃ ক্ষীরেক্ষুরসগৌড়িকাঃ। দধ্যারণালাম্লফলং প্রসন্নাপানমেব চ। শস্যতে বাতকাসেষু স্বাদ্বম্ললবণানি চ। গ্রাম্যানূপোদকৈঃ শালিযবগোধূমষষ্টিকান্। রসৈর্মাষাত্মগুপ্তানাং যূষৈর্ব্বা ভোজয়েদ্ধিতান্। পঞ্চমূলীকৃতঃ ক্বাথঃ পিপ্পলীচূর্ণসংযুতঃ। রসান্নমশ্নতোনিত্যং বাতকাসমুদস্যতি ॥ ১ ॥

যক্ষ্মরূপেষু কাসপাঠাৎ কাসাপেক্ষয়া চ যক্ষ্মাসম্ভবাৎ যক্ষ্মানন্তরং কাসচিকিৎসামাহ বাস্তুক ইত্যাদি বায়সী কাকমাচী; পঞ্চমূলীত্যাদি পঞ্চমূলী মহতী উষ্ণবীর্য্যতয়া বিশেষেণ বাতপ্রত্যনীকত্বাৎ। অন্যেতু স্বল্পামাহুঃ। রসান্নং মাংসরসোপহিতমন্নম্ ॥ ১ ॥

বেথোশাক, কাইন্তাশাক (কেহ কেহ কাকমাচী ও বলিয়া থাকেন), মূলক (মূলা), শুষুণিশাক, তৈল প্রভৃতি স্নেহ পদার্থ, এবং দুগ্ধ, ইক্ষুরস, গৈরিক, পানিফল, প্রসন্না (সুরামণ্ড), সুস্বাদু দ্রব্য, কাঞ্জিক, দধি, অম্ল ও লবণরস সংযুক্ত দ্রব্য সকল বাতজ কাসরোগে হিতকর। এবং গ্রাম্য (কুক্কুট প্রভৃতি), আনূপ (শূকর প্রভৃতি) ও ঔদক (কচ্ছপ প্রভৃতি) জন্তুর মাংস রসের (যূষের) সহিত অথবা মাষকড়াইর দাইল ও শূকশিম্বাবীজের (আলকুশীর দাইল) যূষের সহিত যব, গোধুম (গোম) শালিধান্য ও ষষ্টি (ষাইট) ধান্যের অন্ন ভোজন করাই প্রশস্ত। বেল, শোণা, গাম্ভারী, পারুলি ও গণিয়ারী; ইহারা সমুদায়ে দুইতোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। এই পঞ্চমূলের ক্বাথে পিপ্পলীচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিবে। এবং মাংসযূষের সহিত অন্ন ভোজন করিবে। ইহাদ্বারা বাত কাস রোগ বিনষ্ট হয় ॥ ১ ॥

অপরাজিতলেহঃ—

শটীশৃঙ্গীকণাভার্গী গুড়বারিদযাসকৈঃ। সতৈলৈর্ব্বাতকাসঘ্নো লেহোহয়মপরাজিতঃ। চূর্ণিতাবিশ্বদুস্পর্শা শৃঙ্গীদ্রাক্ষাশটীসিতাঃ। লীঢ়াস্তৈলেন বাতোত্থং কাসং জয়তি দারুণং। ভার্গীদ্রাক্ষাশটীশৃঙ্গী পিপ্পলীবিশ্বভেষজৈঃ। গুড়তৈলযুতো লেহো হিতো মারুতকাসিনাং ॥ ২ ॥

শট্যাদি:—যোগত্রয়েপি কটুতৈলেন লেহ ইতি বৃদ্ধটিপ্পনী কিন্তু টীকাকৃদ্ভির্ন ব্যাখ্যাতোঽয়মর্থঃ॥২॥

শঠী, কাঁকড়াশৃঙ্গী, পিপুল, বামনহাটী, পুরাতনগুড়, মুথা ও দুরালভা, এই সকল দ্রব্যের চূর্ণ গ্রহণ করতঃ তিলতৈলের সহিত লেহ প্রস্তুত করিয়া সেবন করিলে, কাসরোগ প্রশমিত হয়। শুঁঠ, দুরালভা, কাঁকড়াশৃঙ্গী, দ্রাক্ষা, শঠী ও চিনি; এই সকলের চূর্ণ তিলতৈলের সহিত লেহন করিলে অতি সুদারুণ বাতপ্রধান কাসরোগ পরাজিত হয়। বামনহাটী, দ্রাক্ষা (কিস্মিস্), শঠী, কাঁকড়াশৃঙ্গী, পিপ্পলী, শুঁঠ ও পুরাতনগুড় এই সকল দ্রব্যদ্বারা তিলতৈলের সহিত লেহ প্রস্তুত করিবে। এই লেহ সেবন করিলে বাতপ্রধান কাসরোগ বিনষ্ট হয় ॥ ২ ॥

পিত্তপ্রধানকাসচিকিৎসা।

পিত্তকাসেতনুকফে ত্রিবৃতাং মধুরৈর্যুতাং। দদ্যাদ্ঘনকফেতিক্তৈর্বিরেকার্থং যুতাং ভিষক্ ॥ ৩ ॥

পিত্তকাস ইত্যাদি।—চরকস্য তনুকফ ইত্যঘনকফে কফস্য তনুত্বং ঘনত্বঞ্চ কাসরোগনিঃসার্য্যমাণ কফস্য দর্শনাদেব জ্ঞেয়ম্ ॥ ৩ ॥

পিত্তাধিক্য কাসরোগে, কফের তরলতা দৃষ্ট হইলে, চিনির সহিত তেউড়ীচূর্ণ পান করিতে দিবে এবং কফ ঘন দৃষ্ট হইলে, তিক্তদ্রব্যের সহিত তেউড়ীচূর্ণ পান করাইয়া বিরেচন করাইবে ॥৩॥

মধুরৈর্জাঙ্গলরসৈঃ শ্যামাকযবকোদ্রবাঃ। মুদ্গাদিযূষৈঃ শাকৈশ্চ তিক্তকৈর্মাত্রয়াহিতাঃ ॥ ৪ ॥

মধুরৈরিতি।—মধুরদ্রব্যৈর্যু[illegible]ং ত্রিবৃতামিতি সম্বন্ধঃ। অন্যেতু মধুরৈর্জীবনীয়দশকৈরিত্যাহুঃ। মধুরৈর্জাঙ্গলরসৈরিত্যত্র মধুরৈঃ স্বাদুভিঃ কিম্বা জীবনীয়সংস্কৃতৈঃ ॥ ৪ ॥

মধুর অর্থাৎ মধুরদ্রব্য সহ জীবনীয় দশক সংস্কৃত জাঙ্গল মাংসরস (যূষ), মুদ্গ প্রভৃতির যূষ ও তিক্ত শাক সহিত যব, শ্যামক (ধান্যবিশেষ অথবা শ্যামাধান্য) ও কোদ্রবের (কোদধান্য) অন্ন যথোপযুক্ত মাত্রায় সেবন করিবে ॥ ৪ ॥

বলাদ্বিবৃহতীবাসা দ্রাক্ষাভিঃ ক্বথিতং জলং। পিত্তকাসাপহং পেয়ং শর্করামধুযোজিতং ॥ ৫ ॥

বলেত্যাদি স্পষ্টম্ ॥ ৫ ॥

বেড়েলা, বৃহতী, কন্টিকারী, বাসক ও দ্রাক্ষা; ইহাদিগের ক্বাথে চিনি ও মধু সংযুক্ত করিয়া পান করিলে পিত্তপ্রধান কাসরোগ বিনষ্ট হয় ॥ ৫ ॥

শরাদি পঞ্চমূলস্য পিপ্পলীদ্রাক্ষয়োস্তথা। কষায়েণ শৃতং ক্ষীরং পিবেৎ সমধুশর্করম্। কাকোলীবৃহতীমেদা যুগ্মৈঃ সবৃষনাগরৈঃ। পিত্তকাসেরসক্ষীরযূষাংশ্চাপ্যুপকল্পয়েৎ ॥ ৬ ॥

শরাদিত্যাদি।—চরকস্য শরাদিপঞ্চমূলস্য শরেক্ষুদর্ভকাশশালয়স্তেষাং মূলং জ্ঞেয়ম্। অত্র ষড়ঙ্গপরিভাষয়া অর্দ্ধশৃত কষায়েণ চতুর্গুণেন দুগ্ধং সাধ্যম্।

কাকোলীত্যাদি।—অত্র যুগ্মৈরিতি কাকোল্যাদিভিঃ সম্বধ্যতে ইতি চক্রঃ। অন্যে তু বৃহতীমেদাভ্যাং যুজ্যত ইতি যুক্তঞ্চৈতৎ যদাহ জতুকর্ণঃ বৃষকাকোলী শুণ্ঠীমেদা বৃহতী যুগ্মৈরিতি ॥ ৬ ॥

শর, ইক্ষু, দর্ভা, কাশ ও শালিধান্য; ইহাদিগের মূল, এবং পিপ্পলী ও দ্রাক্ষা; এই সকলের ক্বাথের সহিত (১) পক্ব দুগ্ধে মধু ও শর্করা প্রক্ষেপ দিয়া পান করিবে। এবং পিত্ত প্রধান কাসরোগে কাকোলী, ক্ষীরকাকোলী, বৃহতী, কন্টকারী, মেদা, মহামেদা, বাসক ও শুঁঠ; ইহাদিগের সহিত মাংসরস, দুগ্ধ বা যূষ পাক করিয়া রোগীকে সেবন করিতে দিবে (২) ॥ ৬ ॥

দ্রাক্ষামলকখর্জ্জূরং পিপ্পলীমরিচান্বিতম্। পিত্তকাসাপহং হ্যেতল্লিহ্যাম্মাক্ষিক সর্পিষা ॥ ৭ ॥

দ্রাক্ষেত্যাদি।—ইদং কফানুবন্ধে জ্ঞেয়ম্; পিত্তোদ্রেকে তু মরিচস্থানে শর্করা জ্ঞেয়া, যদাহ ক্ষারপাণিঃ পিপ্পল্যামলকোদ্রাক্ষা খর্জ্জূরং শর্করা মধু লেহোঽয়ং সঘৃতোলীঢ়ঃ পিত্তক্ষয়জকাসজিৎ ॥ ৭ ॥

---

(১) ষড়ঙ্গ পরিভাষার বিধানক্রমে অর্দ্ধাবশিষ্ট ক্বাথে চতুর্গুণ দুগ্ধ পাক করিয়া পান করিবে। কেহ কেহ বলেন রোগীর অগ্নি ও বল বিবেচনা করিয়া ২, ৩ বা ৪ তোলা পরিমাণে ক্বাথ্যদ্রব্য লইয়া অর্দ্ধাবশিষ্ট ক্বাথের সহিত যথোপযুক্ত দুগ্ধ পান করিবে।

(২) চক্রপাণি দত্তের মতে মূলে "যুগ্ম" এই শব্দের সহিত কাকোলীপ্রভৃতির সহিত সম্বন্ধ। অতএব তদনুরূপ লিখিত হইল। কেহ কেহ বলেন, "যুগ্ম" এই শব্দের সহিত কেবল বৃহতী ও মেদা এই দুই শব্দের সহিত অন্বয়, তাঁহাদের মতে ক্ষীরকাকোলী এই ঔষধের অন্তর্গত নহে।

দ্রাক্ষা, আমলকী, পিণ্ডীখর্জ্জূর, পিপ্পলী ও মরিচ; এই সকল ঔষধের সহিত মধু ও ঘৃত মিশ্রিত করিয়া লেহ প্রস্তুত করিবে। এই লেহ সেবন করিলে পিত্তপ্রধান কাসরোগ বিনষ্ট হয়॥ ৭॥

খর্জ্জূরপিপ্পলীদ্রাক্ষাসিতালাজাঃ সমাংশিকাঃ। মধুসর্পির্যুতো লেহঃ পিত্তকাসহরঃ পরঃ॥ ৮॥

খর্জ্জূরেত্যাদিস্পষ্টম্॥ ৮॥

পিণ্ডীখর্জ্জূর, পিপ্পলী, দ্রাক্ষা, চিনি ও খৈ; এই সকল দ্রব্য সমভাগে লইয়া মধু ও ঘৃতের সহিত লেহন করিলে, পিত্তাধিক্য কাসরোগ বিনষ্ট হয়॥ ৮॥

শটীহ্রীবের বৃহতী শর্করা বিশ্বভেষজম্। পিষ্টারসং পিবেৎ পূতং সঘৃতং পিত্তকাসনুৎ। মধুনা পদ্মবীজানাং চূর্ণং পৈত্তিককাসনুৎ॥ ৯॥

শটীত্যাদি।—বাভটস্য তত্র শঠ্যাদিকং জলে পিষ্ট্বা তদ্রসং বস্ত্রপূতং কৃত্বা ঘৃতসংমিশ্রং পিবেৎ। বৃহতী চাত্র কন্টকারী কাসহন্তৃত্বাৎ উক্তং হি চরকে শর্করা নাগরোদীচ্য কন্টকারী শঠী সমং। পিষ্ট্বা রসং পিবেৎ পূতং বস্ত্রেণ ঘৃতমূর্চ্ছিতমিতি॥ ৯॥

শটী, বালা, কন্টকারী, (৩) শর্করা ও শুঁঠ; এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া বস্ত্রদ্বারা পীড়ন করতঃ রস গ্রহণ করিবে। এই রসের সহিত ঘৃতমিশ্রিত করিয়া পান করিলে, পিত্তপ্রধান কাসরোগ বিনষ্ট হয়। এবং মধুর সহিত পদ্মবীজচূর্ণ সেবন করিলেও পিত্তকাস নিবারিত হইয়া থাকে॥ ৯॥

(৩) মূলে বৃহতী বলিয়া উল্লেখ নাই, এস্থলে অন্যান্য গ্রন্থের বচনের সহিত একবাক্যতা করিয়া টীকাকার বৃহতী শব্দে কন্টকারী ব্যাখ্যা করিয়াছেন। যথা, চরকে—
"শর্করানাগরোদীচ্য কন্টকারী শঠী সমং।
পিষ্ট্বা রসং পিবেৎ পূতং বস্ত্রেণঘৃতমূর্চ্ছিতং॥"

কফপ্রধানকাস-চিকিৎসা।

বলিনং বমনেনাদৌ শোধিতং কফকাসিনম্। যবান্নৈঃ কটুরুক্ষোষ্ণৈঃ কফঘ্নৈশ্চাপ্যুপাচরেৎ। পিপ্পলীক্ষারকৈর্যূষৈঃ কৌলত্থৈর্মূলকস্য চ। লঘূন্যন্নানি ভুঞ্জীত রসৈর্বা কটুকান্বিতৈঃ॥ ১০॥

বলিনমিত্যাদিনা কফচিকিৎসামাহ। পিপ্পলীক্ষারকৈরিতি পিপ্পলীযবক্ষারসংস্কৃতৈরিত্যর্থঃ॥ ১০॥

কফপ্রধান কাসরোগে, রোগী বলবান্ থাকিলে, বমনকারক ঔষধদ্বারা বমন করাইয়া আমাশয় শোধন করিবে এবং কটু, রুক্ষ ও উষ্ণ প্রভৃতি কফনিবারক ঔষধ মিশ্র যবান্ন প্রদান করিয়া চিকিৎসা করিবে।

পিপ্পলী ও যবক্ষারদ্বারা সংস্কৃত কুলথকলাইর যূষ অথবা মূলার যূষ কিম্বা কটু (ঝাল) দ্রব্য সমন্বিত মাংসরস সহিত লঘু অন্ন আহার করিবে॥ ১০॥

পঞ্চকোলৈঃ শৃতং ক্ষীরং কফঘ্নং লঘুশস্যতে। শ্বাসকাসজ্বরহরং বলবর্ণাগ্নিবর্দ্ধনম্॥ ১১॥

পিপুল, পিপুলমূল, চৈ, চিতা ও শুঁঠ; উক্ত দ্রব্যগুলি সমুদয়ে দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ দুগ্ধ ১৬ ষোল তোলা এবং জল ১ এক সেরদ্বারা সিদ্ধ করিয়া এক পোয়া থাকিতে অর্থাৎ দুগ্ধমাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। ইহা পান করিলে কাস, কফ, শ্বাস ও জ্বরের নিবৃত্তি হইয়া বল, বর্ণ ও অগ্নি বৃদ্ধি হয়॥ ১১॥

পৌষ্করং কট্‌ফলং ভার্গী বিশ্বপিপ্পলিসাধিতম্। পিবেৎ ক্বাথং কফোদ্রেকে কাসেশ্বাসেচ হৃদ্গ্রহে। স্বরসং শৃঙ্গ-

বেরস্তু মাক্ষিকেণ সর্ম্মহিতম্। প্যাগ্রন্ধে-
চ্ছু্যাসকাসঘ্নং প্রতিশ্যায় কফাপহম্॥১২॥

পুষ্করমিত্যাদি কফাপহপর্য্যন্তঃ স্পষ্টম্॥ ১২॥

পুষ্করমূল (অভাবে কুড়), কট্‌ফল, বামনহাটী, শুঁঠ ও পিপ্পলী; ইহাদিগের ক্বাথ পান করিলে কফাধিক্য কাস, শ্বাস এবং হৃদ্রোগ প্রশমিত হয়। ইহাদের ক্বাথ উপযুক্ত পরিমাণ জলে প্রস্তুত করিয়া লইতে হইবে।

উপযুক্ত পরিমাণ আদার স্বরস, মধুর সহিত পান করিলে শ্বাস, কাস, প্রতিশ্যায় ও কফরোগ বিনষ্ট হয়॥ ১২॥

নবাঙ্গযূষঃ—

মুদ্গামলাভ্যাং যবদাড়িমাভ্যাং
কর্কন্ধুনা মূলক শুণ্ঠকেন।
শুণ্ঠীকণাভ্যাঞ্চ কুলত্থকেন
যূষো নবাঙ্গঃ কফরোগহন্তা॥১৩॥

নবাঙ্গযূষে যবামলকদাড়িমকর্কন্ধুমূলক শুণ্ঠকৈঃ ষড়ঙ্গপরিভাষয়া অর্দ্ধশৃতং কৃত্বা মুদ্গকুলত্থৌযুক্ত্যা প্রচুরৌ দত্ত্বা যূষঃ সাধ্যঃ পশ্চাৎ কটুত্বার্থং শুণ্ঠীপিপ্পলীচূর্ণদানং; কিম্বা সকলমেব দ্রব্যং যথোচিতমাত্রয়া গৃহীত্বা ক্বাথবিধানেন পঞ্চমুষ্টিকবৎ যূষং কার্য্যইত্যাহুঃ॥ ১৩॥

যব, আমলকী, দাড়িম; বদরী, শুষ্ক মূলা ও শুঁঠ; এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া ষড়ঙ্গ পরিভাষাক্রমে অর্দ্ধাবশেষ অর্থাৎ ক্বাথ্য দ্রব্যগুলি সমুদয়ে দুই তোলা লইয়া চারি সের জলদ্বারা সিদ্ধ করতঃ দুই সের থাকিতে নামাইয়া লইবে। অনন্তর এই ক্বাথে উপযুক্ত মাত্রায় মুগ্ ও কুলত্থকলাই প্রদান করতঃ যূষ পাক করিবে, এবং শুঁঠ ও পিপ্পলীচূর্ণ প্রক্ষেপ দিয়া কটুরসযুক্ত করতঃ রোগীকে পান করিতে দিবে। অথবা সমুদয় দ্রব্য যথোক্ত মাত্রায় গ্রহণ করতঃ ক্বাথ বিধানানুসারে (অর্থাৎ জল অর্দ্ধ সের শেষ অর্দ্ধ পোয়া) ক্বাথ প্রস্তুত করতঃ পঞ্চমুষ্টি বিধানে যূষ পাক করিয়া রোগীকে পানার্থ প্রদান করিবে। ইহা দ্বারা কফরোগ বিনষ্ট হইয়া থাকে॥১৩॥

পার্শ্বশূলে জ্বরে কাসে শ্বাসে শ্লেষ্ম-
সমুদ্ভবে। পিপ্পলীচূর্ণসংযুক্তং দশ-
মূলীজলং পিবেৎ॥ ১৪॥

পার্শ্বশূল ইত্যাদিস্পষ্টম্॥ ১৪॥

কফজন্য পার্শ্বশূল, জ্বর, কাস ও শ্বাসরোগ উপস্থিত হইলে, পিপ্পলীচূর্ণ প্রক্ষেপ দিয়া দশমূলের ক্বাথ সেবন করিবে। দশমূল যথা,—বেলছাল, শ্যোণাছাল, গাম্ভারীছাল, পারুলছাল, গণিয়ারী, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর॥ ১৪॥

কট্‌ফলাদিঃ—

কট্‌ফলং কতৃণং ভার্গী মুস্তং ধান্যং
বচাভয়া। শৃঙ্গীপর্পটকং শুণ্ঠী সুরা-
হ্বাচ জলে শৃতম্। মধুহিঙ্গুযুতং পেয়ং
কাসে ব তকফাত্মকে। কণ্ঠরোগে
ক্ষয়ে শূলে শ্বাসহিক্কাজ্বরেষু চ॥১৫॥

কট্‌ফলমিত্যাদৌ কতৃণং গন্ধতৃণং। ১৫।

কট্‌ফল, গন্ধতৃণ, বামনহাটী, মুথা, ধনিয়া, বচ, হরীতকী, কাঁকড়াশৃঙ্গী, ক্ষেৎপাপড়া, শুঁঠ ও দেবদারু; এই দ্রব্যগুলি দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া। এই ক্বাথে মধু ও হিঙ্গু প্রক্ষেপ দিয়া পান করিলে, বাতশ্লেষ্ম কাস, কণ্ঠরোগ, ক্ষয়, শূল, শ্বাস, হিক্কা ও জ্বররোগের নিবৃত্তি হয়॥ ১৫॥

কণ্টকারীকৃতঃ ক্বাথঃ সকৃষ্ণঃ সর্ব্ব-
কাসহা॥ ১৬॥

কণ্টকারীত্যাদিস্পষ্টম্॥ ১৬॥

কণ্টকারীর ক্বাথে পিপ্পলী চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে সর্ব্বপ্রকার

কাসরোগ বিনষ্ট হয়। কন্টকারী দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট অর্দ্ধ পোয়া ॥ ১৬ ॥

বিভীতকং ঘৃতাভ্যক্তং গোশকৃৎ পরিবেষ্টিতম্। স্বিন্নমগ্নৌ হরেৎ কাসং ধ্রুবমাস্যবিধারিতম্ ॥ ১৭ ॥

বিভীতক ইত্যাদি স্পষ্টম্ ॥ ১৭ ॥

গোময় পরিবেষ্টিত ও ঘৃত মিশ্রিত বহেড়া পুটপাকবৎ পাক করিবে। ইহা মুখে ধারণ করিলে, কাসরোগ বিনষ্ট হয় ॥ ১৭ ॥

বাসকস্বরসঃ পেয়ো মধুযুক্তো হিতাশিনা। পিত্তশ্লেষ্মকৃতে কাসে রক্তপিত্তে বিশেষতঃ ॥ ১৮ ॥

বাসকেত্যাদি চ স্পষ্টম্ ॥ ১৮ ॥

পিত্তশ্লেষ্ম কাসরোগে বিশেষতঃ রক্তপিত্ত রোগে পরিমিত পথ্যাশী হইয়া বাসকপত্রের স্বরস মধুযুক্ত করিয়া পান করিবে ॥ ১৮ ॥

মধুকং পিপ্পলীদ্রাক্ষা লাক্ষাশৃঙ্গীশতাবরী। দ্বিগুণাচ তুগাক্ষীরী সিতাস- র্ব্বৈশ্চতুর্গুণা। তং লিহ্যান্মধুসর্পিভ্যাং ক্ষতকাসনিবৃত্তয়ে ॥ ১৯ ॥

মধুকমিত্যাদৌ তুগাক্ষীরী বংশলোচনা একভাগাপেক্ষয়া দ্বিগুণা; সর্ব্বচূর্ণাপেক্ষয়া চতুর্গুণা সিতা ॥ ১৯ ॥

যষ্টিমধু, পিপ্পলী, দ্রাক্ষা, লাক্ষা (গালা বা লাহা), কাঁকড়াশৃঙ্গী, শতমূলী; ইহাদিগের চূর্ণ প্রত্যেকে এক এক ভাগ, বংশলোচন ২ ভাগ ও সমস্ত চূর্ণের চতুর্গুণ চিনি একত্র মিশ্রিত করতঃ যথোপযুক্ত মাত্রায় মধু ও ঘৃত সহিত লেহন করিলে, ক্ষতজ কাসরোগের নিবৃত্তি হয় ॥ ১৯ ॥

পিপ্পলীপদ্মকং দ্রাক্ষা সংপক্বং বৃহতীফলং। ঘৃতক্ষৌদ্রযুতো লেহঃ শ্বাসকাস নিবর্হণঃ ॥ ২০ ॥

পিপ্পলীত্যাদি স্পষ্টম্ ॥ ২০ ॥

পিপ্পলী, পদ্মকাষ্ঠ, লাক্ষা (গালা বা লাহা) ও সুপক্ব বৃহতীফল; ইহাদিগের চূর্ণ, ঘৃত ও মধুর সহিত লেহন করিলে, শ্বাস ও কাস রোগের নিবৃত্তি হয় ॥ ২০ ॥

হরীতকী নাগরমুস্তচূর্ণং
গুড়েন তুল্যং গুড়িকা বিধেয়া।
নিবারয়ত্যাস্যবিধারিতেয়ং
শ্বাসং প্রবৃদ্ধং প্রবলঞ্চকাসং ॥ ২১ ॥

হরীতকীত্যাদৌ সমুদিতচূর্ণেন তুল্যোগুড়ঃ ॥ ২১ ॥

হরীতকী, শুঁঠ, মুথা; ইহাদিগের চূর্ণ, তুল্যাংশ পুরাতন গুড় সহিত উপযুক্ত পরিমাণ গুড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা মুখে রাখিয়া চুষিয়া সেবন করিলে প্রবৃদ্ধকাস ও প্রবল শ্বাসরোগের শান্তি হয় ॥ ২১ ॥

মরিচাদ্যংচূর্ণম্—

কর্ষঃ কর্ষার্দ্ধমথোপলং
পলদ্বয়মথার্দ্ধকর্ষশ্চ।
মরিচস্য পিপ্পলীনাং
দাড়িমগুড়যাবশূকানাম্।
সর্ব্বৌষধৈ রসাধ্যা যে কাসাঃ
সর্ব্ববৈদ্যবিবর্জ্জিতাঃ
অপি পূযং ছর্দ্দয়তাং তেষা
মিদমৌষধং পথ্যম্ ॥ ২২ ॥

কর্ষ ইত্যাদি।—মরিচকর্ষঃ ১, পিপ্পলী তোলক ১, অম্লদাড়িমবীজপলং ১, গুড়পলং ২, যবক্ষার তোলা ১। বাভটেপ্যুক্তং গুড়ক্ষারোষণকণা দাড়িমং শ্বাসকাসজিৎ। ক্রমাৎপলদ্বয়ার্দ্ধাক্ষকর্ষকার্ষপলোন্মিতমিতি ॥ ২২ ॥

মরিচ ২ দুই তোলা, পিপ্পলী ১ এক তোলা, দাড়িমবীজ ১ এক পল, পুরা-

তন গুড় ২ দুই পল, যবক্ষার ১ এক তোলা ; এই সকলের চূর্ণ একত্র মিশ্রিত করিয়া লইবে। ইহা উপযুক্ত মাত্রায় সেবিত হইলে, সর্ব্বপ্রকার ঔষধের অসাধ্য ও বৈদ্যেগণের পরিত্যক্ত কাসরোগেরও শান্তি হইয়া থাকে। এবং যাহার পূঁযের ন্যায় কফ উদ্গত হয় তাহাকেও এই ঔষধ সেবন করাইলে বিশেষ উপকার হইয়া থাকে॥ ২২॥

সমশর্করং চূর্ণম্—

লবঙ্গজাতীফল পিপ্পলীনাং
ভাগান্ প্রকল্প্যাক্ষ যুতানমীষাম্।
পলার্দ্ধমেকং মরিচস্য দদ্যাৎ
পলানি চত্বারি মহৌষধস্য।
সিতাসমং চূর্ণমিদং প্রসহ্য
রোগানিমানাশুবলাগ্নিহন্যাৎ।
কাসজ্বরারোচক মেহগুল্ম
শ্বাসাগ্নিমান্দ্য গ্রহণী প্রদোষান্॥২৩

লবঙ্গেত্যাদিপলার্দ্ধমেকমিত্যত্র একপদং শ্লোকপূরণার্থমেবোক্তম্। বলানিত্যর্শাদিত্বাদচ্ বলবতো রোগানিত্যর্থঃ। তেন প্রসহ্যেত্যনেন ন পৌনরুক্ত্যম্॥ ২৩॥

লবঙ্গ, জাতীফল (জায়ফল) ও পিপ্পলী; ইহাদের প্রত্যেকে ২ দুই তোলা, মরিচ ৪ চারি তোলা ও শুঁঠ ৪ চারি পল অর্থাৎ ৩২ বত্রিশ তোলা : এই সকল চূর্ণের সমান শর্করা মিশ্রিত করিয়া উপযুক্ত মাত্রায় সেবন করিলে, কাস, জ্বর, অরুচি, মেহ, গুল্ম, শ্বাস, অগ্নিমান্দ্য ও গ্রহণীদোষের নিবৃত্তি হয়॥ ২৩॥

হরীতকীকণাশুণ্ঠী মরিচং গুড়সংযুতম্। কাসঘ্নো মোদকঃ প্রোক্তস্তৃষ্ণারোচকনাশনঃ॥ ২৪॥

হরীতক্যাদি মোদকত্বাৎ গুড়ো দ্বিগুণঃ॥২৪॥

হরীতকী, পিপ্পলী, শুঁঠ, মরিচ : ইহাদের প্রত্যেকে সমপরিমাণে লইয়া দ্বিগুণ গুড়দ্বারা মোদক প্রস্তুত করিবে। এই মোদক উপযুক্ত পরিমাণে সেবন করিলে, কাস, তৃষ্ণা ও অরুচিপ্রভৃতি রোগ বিনষ্ট হইয়া থাকে॥ ২৪॥

ব্যোষাদিকাগুড়িকা—

তালীশবহ্নিদীপ্যক চবিকাম্লবেতসব্যোষৈঃ। তুল্যৈস্ত্রিসুগন্ধিযুতৈর্গুড়েনগুড়িকা প্রকর্ত্তব্যা। কাসশ্বাসারোচক পীনস হৃৎকণ্ঠবাঙ্নিরোধেষু। গ্রহণীগদোদ্ভবেষু গুড়িকাহেয়ঃস্মিতকুম্॥ ২৫॥

তালীশেত্যাদৌ বহ্নিশ্চিত্রকঃ, দীপ্যকং যমানী ; ত্রিসুগন্ধযুতৈরিতি সর্ব্বচূর্ণাপেক্ষয়া চতুর্থাংশেন মিলতং ত্রিসুগন্ধিচূর্ণমত্যাহুঃ ব্যোষাদিকেতি।—অত্রাস্তুঃশব্দ উপাত্তমাহ ব্যোষস্যান্তঃস্থিত ত্রিসুগন্ধত্বাৎ পূর্ব্বমনবস্থিতত্বাৎ কিম্বা তালীশাদীনাং বিশেষণপ্রধানত্বাদপেক্ষয়ৈবাস্তো জ্ঞেয়ঃ।॥ ২৫॥

তালীশপত্র, চিতা, যমানী, চৈ, অম্লবেতস (থৈকল) ও ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), ইহাদিগের চূর্ণ সমাংশ এবং ত্রিসুগন্ধি অর্থাৎ দারচিনি, এলাইচ, তেজপত্র ; ইহাদিগের চূর্ণ চতুর্থাংশ একত্র মিশ্রিত করতঃ উপযুক্ত পরিমাণ গুড়ের সহিত গুড়িকা (বটিকা) প্রস্তুত করিবে। এই গুড়িকা দেশ, কাল ও রোগীর অবস্থাদি বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ সেবন করিলে কাস, শ্বাস, অরুচি, কণ্ঠ ও বাগ্‌রোধ এবং গ্রহণী, পীনস ও হৃদ্রোগের শান্তি হয়॥ ২৫॥

মনঃশিলাল মধুকমাংসী মুস্তেঙ্গুদৈঃ পিবেৎ। ধূমং তস্য চ তন্যাস্তুসগুড়ঞ্চ পয়ঃ পিবেৎ। এষ কাসান্ পৃথক্ দ্বন্দ্ব সর্ব্বদোষসমুদ্ভবান্। শতৈরপি প্রয়োগানাং সাধয়েদপ্রসাধিতান্॥ ৬॥

মনঃশিলেত্যাদি।—আলং হরিতালম্ ; ইঙ্গুদং পুত্রঞ্জীবক এনধ্যং ফলদ্বর্গিত্যন্যে, মুস্তকৈস্তৈঃ মনঃশিলমধুকংমাংসী মুস্তেঙ্গুদীশ্চ ইতি সাতটবচনাৎ। অত্র মনঃশিল দিনাং শেষৎং জাস

মূত্রেণ শোধ্যম্। ছাগলাম্বুপিষ্টৈরিতি সুশ্রুত দর্শনাৎ। অত্র মধুকস্থানে মরিচং কেচিৎ পঠন্তি তন্ন শিলালেসুদমন্ট্যাম্বমাংসী ধূপং পিবেত্র্যহমিতি তন্ত্রান্তরদর্শনাৎ। অত্র মনঃশিলাদিকং কল্কীকৃত্য সূক্ষ্মবস্ত্রখণ্ডং লিম্পেৎ ততঃ আতপে শোষয়িত্বা বর্ত্তিং বিধায় শরাব সম্পুটস্থবদরাঙ্গারবহ্নৌ নিক্ষিপ্য যথোক্ত নলিকয়া ধূমপানং কার্য্যং বিশ্রাম্য কিঞ্চিৎ সগুড়ক্ষীরংপেয়ং ধূমস্য তীক্ষ্ণত্বেনোক্তঃ ক্রমাদিতি ।। ২৬।

মনঃশিলা, হরিতাল, যষ্টিমধু, জটামাংসী, মুথা, জীবপুত্রিকা (জীয়াপুত) ফলের শাস; এই সকল সমপরিমাণে লইয়া ছাগমূত্রে পেষণ করতঃ সূক্ষ্মবস্ত্রখণ্ডে লেপন করিবে, এবং রৌদ্রে শুষ্ক করিয়া বর্ত্তী প্রস্তুত করিবে, অনন্তর এক খানা শরাতে বদরীকাষ্ঠের অঙ্গারোগ্নি রাখিয়া তাহাতে ঐ বর্ত্তি নিক্ষেপ করিবে এবং অন্য আর একখানা সচ্ছিদ্র শরা তাহার উপরে চাপা দিবে, এবং যখন ঐ ছিদ্রদ্বারা ধূম উদ্গত হইবে, তখন নাসিকাদ্বারা টানিয়া ঐ ধূম গ্রহণ করিবে। এই ধূম গ্রহণ করিয়া গুড় মিশ্রিত দুগ্ধ পান করা কর্ত্তব্য, এইরূপে তিন দিবস ধূম সেবন করিলে, সর্ব্বপ্রকার অর্থাৎ শত শত ঔষধ প্রয়োগেও যাহারা আরোগ্য হইতে পারেন নাই এরূপ পৃথক দোষজ, দ্বন্দ্বজ এবং ত্রিদোষজ সমুদ্ভূত কাসরোগী নিশ্চয়ই উহা সেবন করিয়া আরোগ্য লাভ করিতে পারিবেন ॥ ২৬ ॥

মনঃশিলালিপ্তদলং বদর্য্যাতপশোষিতং। সক্ষীরং ধূমপানঞ্চ সর্ব্বকাস নিবারণং ॥ ২৭ ॥

মনঃশিলেত্যাদৌ।—বদর্য্যাতপশোষিতমিতি বদর্য্যা মনঃশিলালিপ্তদলং আতপে শোষণমিতি যোজনা। বদর্য্যাতপেতি, অসিদ্ধ বিধেরনিত্যত্বাৎ সন্ধিঃ ।। ২৭ ।।

বদরীপত্রে দুগ্ধমিশ্রিত মনঃশিলা লেপন করিয়া তাহা শুষ্ক করিবে এবং পত্র সকল অগ্নিতে নিক্ষেপ করিলে যে ধূম উত্থিত হইবে সেই ধূম গ্রহণ করিলে সর্ব্বপ্রকার কাসরোগ বিনষ্ট হয় ॥ ২৭ ॥

অর্কচ্ছন্নশীলে তুল্যে ততোঽর্দ্ধেন কটুত্রিকং। চূর্ণিতং বহ্নিনিক্ষিপ্তং পিবেদ্ধূমন্তু যোগবিৎ। ভক্ষয়েদথ তাম্বুলং পিবেদ্ দুগ্ধমথাম্বু বা। কাসাঃ পঞ্চবিধা যান্তি শান্তিমাশু ন সংশয়ঃ ॥ ২৮ ॥

অর্কচ্ছন্নেত্যাদি।—অর্কচ্ছন্নং অর্কমূলত্বক্; শিলা মনঃশিলা; ততোঽর্দ্ধেন কটুত্রিকমিতি ততোভয়োরর্দ্ধেন মিলিতং ত্রিকটুকম্ ।। ২৮ ।।

আকন্দের মূলের ছাল ও মনঃশিলা সমভাগ এবং ইহার অর্দ্ধ ত্রিকটু চূর্ণ একত্র অগ্নিতে নিক্ষেপ করিলে তাহা হইতে যে ধূম উত্থিত হইবে সেই ধূম গ্রহণ করিয়া তাম্বুল ভক্ষণ এবং জল অথবা দুগ্ধ পান করিবে। ইহাদ্বারা পঞ্চবিধ অর্থাৎ পৃথক্ পৃথক্ দোষজ, দ্বন্দ্বজ ও সান্নিপাতিক কাসরোগ বিনষ্ট হয় ॥ ২৮ ॥

মরিচশিলার্কক্ষীরৈর্বার্ত্তাকীং ত্বচমাশুভাবিতাং শুষ্কাং কৃত্বাবিধিনা ধূমং পিবতঃ কাসাঃ সমং যান্তি ॥ ২৯ ॥

মরিচেত্যাদি স্পষ্টম্ ।। ২৯ ।।

মরিচ, মনঃশিলা ও আকন্দের ক্ষীর দ্বারা আকন্দের বল্কল ভাবনা দিয়া শুষ্ক করিবে। ইহা অগ্নিতে নিক্ষেপ করিয়া সেই ধূম পান করিলে, পৃথক্ পৃথক্ ত্রিদোষজ, দ্বন্দ্বজ এবং সান্নিপাতিক (মিলিত বায়ু, পিত্ত ও কফ) কাসরোগের শান্তি হয় ॥ ২৯ ॥

দশমূলঘৃতম্—

দশমূলী কষায়েণ ভার্গীকল্কং পচেদ্ঘৃতং। দক্ষতিত্তিরিনির্য্যূহে তৎ পরং বাতকাসনুৎ ॥ ৩০ ॥

দশমূলক্কাথেনেত্যাদি।—দক্ষঃ কুক্কুটঃ; দক্ষ-তিত্তিরীভ্যাং মিলিতৈব ক্কাথঃ; দশমূলক্কাথেন দক্ষতিত্তিরাক্কাথেন চ মিলিত্বা চাতুঃ প্যম্॥ ৩০॥

দশমূলের ক্কাথ ৮ আট সের এবং কুক্কুট ও তিত্তিরি পক্ষীর মাংসের ক্কাথ ৮ আট সের, এই ।৬ ষোল সের ক্কাথ সহিত উত্তমরূপ কুট্টিত বা পেষিত বামনহাটীর কল্কসহিত /৪ চারি সের ঘৃত পাক করিয়া পান করিলে, বাত কাসরোগ বিনষ্ট হয়। প্রথমতঃ অগ্নিসন্তাপে ঘৃত গালাইয়া তাহাতে কল্ক প্রদান করতঃ পরে যথাবিহিত ক্কাথাদিদ্বারা ঘৃত পাক করিয়া লইবে॥ ৩০॥

দশমূলাদ্যং ঘৃতম্—

দশমূলাঢ়কেপ্রস্থং ঘৃতস্যাক্ষসমৈঃ পচেৎ। পুষ্করাহ্ব শটী বিল্ব সুরস ব্যোষ হিঙ্গুভিঃ। পেয়ানুপানং তৎ-পেয়ং কাসে বাতকফাধিকে। শ্বাস-রোগেষু সর্ব্বেষু কফবাতাত্মকেষু চ॥৩১॥

দশমূলাঢ়ক ইত্যাদি।—বাভটস্য অত্র দশমূলস্য ক্কাথস্যাঢ়কমানত্বং তেন ক্কাথঃ ক্কাথ্যসমো-মত ইতিবচনাৎ পাদাবশিষ্ট ক্কাথোপ্যাঢ়কমানো ভবতি। বিল্বং বিল্বমূলং সুরসঃ পর্ণাসঃ; পেয়া-নুপানমিত্যত্র পয়োনুপানমিতি কেচিৎ পঠন্তি কিন্ত্বত্র পেয়ৈব বাতকফহন্তৃত্বাৎ যুক্তা॥ ৩১॥

দশমূল /৮ সের, জল ৬৪ সের, শেষ ।৬ সের এবং পুষ্করমূল (অভাবে কুড়), শটী, বেলমূল, তুলসী, ত্রিকটু ও হিঙ্গু; ইহাদের উত্তমরূপ কুট্টিত কল্কপ্রত্যেকে ২ দুই তোলা পরিমাণে লইয়া যথাবিহিত নিয়মানুসারে ঘৃত /৪ চারিসের পাক করিবে। ইহা উপযুক্ত মাত্রায় সেবন করিলে, বাত কফজনিত কাস ও কফবাতজনিত বিবিধ প্রকার শ্বাসরোগ বিনষ্ট হইয়া থাকে। উক্ত ঘৃত পানান্তে পেয়া অথবা কোন মতে দুগ্ধ পান করা কর্ত্তব্য॥ ৩১॥

দশমূলষট্‌পলকং ঘৃতম্—

দশমূলী চতুঃপ্রস্থে রসে প্রস্থোন্মিতং হবিঃ। সক্ষারৈঃ পঞ্চকোলৈস্তু ক-ল্কিতং সাধুসাধিতং। কাসহৃৎপার্শ্ব-শূলঘ্নং হিক্কাশ্বাসনিবারণং। কল্কং ষট্‌পলমেবাত্র গ্রাহয়ন্তি ভিষগ্বরাঃ॥৩২॥

দশমূলষট্‌পলকং ঘৃতং স্পষ্টম্॥ ৩২॥

দশমূলীর ক্কাথ ।৬ সের, ঘৃত /৪ সের। কল্কদ্রব্য যথা,—যবক্ষার, পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা ও শুঁঠ; এই সমস্ত দ্রব্যগুলি উত্তমরূ কুট্টিত করিয়া তৈলে প্রদান করতঃ যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। ইহা যথা মাত্রায় সেবন করিলে, কাস, হৃদিশূল, পার্শ্বশূল, হিক্কা ও শ্বাস প্রভৃতি রোগ বিনষ্ট হয়। উক্ত যবক্ষার প্রভৃতি কল্কদ্রব্য ৬ পল অর্থাৎ ৪৮ তোলা (প্রত্যেক ৮ তোলা) পরিমাণে প্রদান করাই চিকিৎসকদিগের মত॥ ৩২॥

কন্টকারীঘৃতম্—

কন্টকারী গুড়ূচীভ্যাং পৃথক্ ত্রিংশৎ-পলাদ্রসে। প্রস্থঃসিদ্ধোঘৃতাদ্বাত কাসনুদ্বহ্নি দীপনঃ॥ ৩৩॥

কন্টকারীত্যাদি।—কন্টকারীগুড়ূচ্যোর্মিলিত্বা পল ৩০ জল শরাব ৩০ শেষ ১৫। অন্যে তু জল দ্রোণং দত্ত্বা শেষং ১৬ ইত্যাহুঃ। কন্টকারীরস ইতি কন্টকারী স্বরসশ্চতুর্গুণঃ উক্তঃ নির্দ্দিষ্ট-কায়াঃ স্বরসং গ্রাহয়েৎবক্ষ পীড়িতম্। চতুর্গুণে রসে তস্মিন্ ঘৃতপ্রস্থং বিপাচয়েদিত্যাদি॥ ৩৩॥

বাতজন্য তৃষ্ণারোগে, পুরাতন গুড় দধিসহ ভক্ষণ প্রশস্ত। এবং মাংসরস ও মাংসবর্দ্ধক শীতল আহার এবং গুড়ূচীর রস পান করিবে।

সুশ্রুতোক্ত পঞ্চাঙ্গপঞ্চগণের প্রত্যেকের. অথবা প্রথমোক্ত বিদারী গন্ধা-

দিগণের অর্দ্ধশৃত কষায় প্রস্তুত করিয়া ঈষদুষ্ণ থাকিতে অল্প অল্প করিয়া বারম্বার পান করিবে। যেহেতু তৃষ্ণার উপরোধ করা বিধেয় নয়। ক্বাথ প্রস্তুত করিবার নিয়ম এই, ক্বাথ্যদ্রব্য সমূহ মোট ২ দুই তোলা গ্রহণ করতঃ /৪ চারি সের জলদ্বারা সিদ্ধ করিয়া ২ দুই সের থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া পানার্থ প্রদান করিবে ॥ ১ ॥

পিত্তোত্থিতাং পিত্তহরৈর্বিপক্কং
নিহন্তি তোয়ং পয় এব বাপি ॥২॥

পিত্তোত্থিতামিত্যাদি।—সুশ্রুতস্য। পিত্তহরৈরিতি কাকোল্যাদিভিঃ উৎপলাদিভিঃ পিত্তঘ্ন বর্গৈস্তু কৃতঃ কষায়ঃ সশর্করঃ ক্ষৌদ্রযুতঃ সুশীতঃ পীতস্তৃষ্ণাং পিত্তকৃতাং নিহন্তি ক্ষীরং শৃতং বাপ্যথ জীবনী য়ৈরিতি পঠতি ব্যাচষ্টেচ পিত্তঘ্নবর্গৈরিত্যুৎপলাদিভিঃ কাকোল্যাদিভিশ্চ ॥ ২ ॥

পিত্তজন্য তৃষ্ণারোগে, পিত্তাপহারক কাকোলী প্রভৃতির সহিত বিপক্ক জল কিম্বা উক্ত কাকোলী প্রভৃতির সহিত দুগ্ধ পাক করিয়া পান (১) করিতে দিবে ॥ ২ ॥

কাশ্মর্য্য শর্করাযুক্তং চন্দনোশীরপদ্মকং। দ্রাক্ষামধুকসংযুক্তং পিত্ততর্ষে জলং পিবেৎ ॥ ৩ ॥

কাশ্মর্য্যাদিমধুকান্ত একো যোগঃ শীতকষায়োয়ং অন্যে তু এষাং কল্কজলেন পেয় ইত্যাহুঃ ॥ ৩ ॥

পিত্তজন্য তৃষ্ণারোগে, গাম্ভারী, শর্করা, রক্তচন্দন, বেণারমূল, পদ্মকাষ্ঠ, দ্রাক্ষা ও যষ্টিমধু; এইসকল ঔষধের শীত কষায় (২) পান করিবে। অন্য মতে উক্ত ঔষধ সকলের কল্ক শীতলজল সহযোগে পান করিবে ॥ ৩ ॥

পিত্তজায়াস্তু তৃষ্ণায়াং পক্কোডুম্বরজো রসঃ। তৎক্বাথো বা হিমস্তদ্বচ্ছারিবাদিগণাম্বু বা। স্যাজ্জীবনীয়সিদ্ধং ক্ষীরঘৃতন্বা পিত্তজেতর্ষে ॥ ৪ ॥

পিত্তজায়ামিত্যাদি।—বাভটস্য। পক্কোডুম্বরজ ইত্যপপাঠঃ সুশ্রুত বচনাৎ। হিম ইতি শীতকষায়ঃ। তদ্বদিতি হিমইত্যর্থঃ শারিবাদিগণশ্চ বাভটোক্তঃ। স্যাজ্জীবনীয়েত্যাদি চরকস্য। ক্ষীরঘৃতমিতি ক্ষীরোত্থং ঘৃতং বা পিত্তজে তর্ষ ইতি বাতজেচেত্যর্থঃ ন তু সংসর্গজে তেষামনুক্তত্বাৎ কিম্বা অনুক্তানামপি দ্বন্দ্বজানাং তুল্যানা মভিধানে যো ন্যায়ঃ স এবাত্রাপ্যনুসরণীয় ইতি ॥ ৪ ॥

পিত্তজন্য তৃষ্ণারোগে, পক্ক যজ্ঞডুমুর ফলের শীতকষায়, ক্বাথ অথবা রস পান করিবে, অথবা বাভটোক্ত শারীবাদিগণ অর্থাৎ গোজিয়া, যষ্টিমধু, রক্তচন্দন, শ্বেতচন্দন, পদ্মকাষ্ঠ, গাম্ভারীফল, পদ্ম ও খর্জ্জুর; এই সকলের শীতকষায় প্রস্তুত করিয়া পান করিবে। পক্ক যজ্ঞডুমুরের ক্বাথ প্রস্তুত করিতে হইলে উহা ২ দুই তোলা গ্রহণ পূর্ব্বক ॥০ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া ৵ অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে।

জীবনীয় অর্থাৎ জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, যষ্টিমধু, জীবন্তী, ঋদ্ধি ও বৃদ্ধি; এই সকলের সহিত পক্ক দুগ্ধোত্থিত ঘৃত

---

(১) দুগ্ধ পাক করিতে হইলে, ঔষধদ্রব্য সমূহ মোট ২ দুইতোলা গ্রহণ করতঃ উত্তমরূপে কুটিত করিয়া দুগ্ধ ১৬ ষোল তোলা এবং জল /১ এক সের দ্বারা সিদ্ধ করতঃ দুগ্ধ মাত্র অর্থাৎ ১৬ ষোল তোলা অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্র পূত করিয়া লইবে।

(২) শীতকষায় প্রস্তুত করিতে হইলে, উক্তদ্রব্য সমূহ মোট এক পল অর্থাৎ ৮ আট তোলা লইয়া উত্তমরূপ কুটিত করতঃ ৬ ছয় পল অর্থাৎ ৪৮ তোলা অথবা ৪ পল অর্থাৎ ৩২ তোলা উষ্ণ জলে পূর্ব্ব দিবস ভিজাইয়া রাখিবে এবং পরের দিবস ঐ জল বস্ত্র পূত করিয়া লইলেই শীতকষায় প্রস্তুত হয়।

পান করিলে, বাতজ ও পিত্তজ তৃষ্ণারোগের শান্তি হয় ॥ ৪ ॥

তদ্বদ্দ্রাক্ষাচন্দনখর্জ্জূরোশীর মধুযুক্তং
তোয়ং ॥
সশারিবাদৌ তৃণপঞ্চমূলে
তথোৎপলাদৌ মধুরেগণে বা।
কুর্য্যাৎ কষায়াংশ্চ তথৈবযুক্তান্
মধুকপুষ্পাদিষু চাপরেষু ॥ ৫ ॥

তদ্বদিত্যাদৌ।—তোয়ংশীত কষায়মিত্যাহুঃ চক্রস্তু তদ্বদিত্যত্র পৈত্ত ইতি পঠতি ব্যাচষ্টেচ পৈত্ত ইত্যত্র তদ্ব ইতি সম্বন্ধ ইতি। সশারিবেত্যাদি তুষ্ণতস্য সপ্তমী ষষ্ঠ্যর্থে তেন শারিবাদিগণচতুষ্টয়স্য কষায়ং কুর্য্যাদিত্যর্থঃ মধুরো গণঃ কাকোল্যাদিঃ মধুরো গণইত্যত্র প্রথমো গণ ইতুম্পলঃ পঠিত্বা বিদারী গন্ধাদি গণ ইতি ব্যাচষ্টে তন্ন প্রামাণিকং বহুভিরব্যাখ্যাতত্বাৎ। অনেন গণচতুষ্টয়েন চত্বারঃ কষায়াঃ কার্য্যা ইতি চত্বার এব যোগাঃ তথৈব যুক্তানিতি শীতকষায়বিধিনা কৃতান সুশ্রুতে বর্ষায় প্রস্তাবে অস্য বচনস্য পঠিতত্বাৎ উষ্ণনস্তু তথৈব যুক্তানিত্যত্র যথেরিতো নেতি পূর্ব্বোক্তবিধানেন প্রতেন জলং দত্ত্বা প্রবাতে নিশি বাসনং কুর্য্যাৎ। মধুকপুষ্পাদিষু চাপরেষ্বতি এষাঞ্চ শীতকষায়ং কুর্য্যাদিত্যর্থঃ মধুকপুষ্পাদীনি তু মধুকশোভাঞ্জন কোবিদারপ্রিয়ঙ্গু পুষ্পানি চক্রারিরক্তপিত্তপ্রকো[illegible] পঠিতানি কিম্বাদিশব্দঃ প্রকারবাচী তেন [illegible] পুষ্পদ্রাক্ষাকাশ্মর্য্যখর্জ্জূরানীতি চত্বারি ॥ ৫ ॥

দ্রাক্ষা, রক্তচন্দন, খর্জ্জূর, বেণারমূল (বীরণমূল বা বিন্নামূল); এই সকল ঔষধ দ্বারা শীতকষায় প্রস্তুত করিয়া তাহাতে মধু প্রক্ষেপ করতঃ পিত্তজন্য তৃষ্ণারোগে পান করিবে।

শারিবাদিগণ (অর্থাৎ গোজিয়া, যষ্টিমধু, রক্তচন্দন, শ্বেতচন্দন, পদ্মকাষ্ঠ, পদ্ম, গাম্ভারীফল ও খর্জ্জূর); তৃণপঞ্চমূল (অর্থাৎ কুশ, কাশ, শর, ইক্ষু ও উলু); ইহাদের মূল, উৎপলাদিগণ, মধুরগণ (বিদারী গন্ধাদি প্রভৃতিগণ); এই চতুর্ব্বিধগণের কষায় অথবা মধুক পুষ্পাদিগণের যথারীতি শীতকষায় প্রস্তুত করিয়া পিত্তজ তৃষ্ণায় পান করিতে দিবে ॥ ৫ ॥

বিল্বাঢ়কী ধাতকি পঞ্চকোল
দর্ভৈষু সিদ্ধং কফজাং নিহন্তি।
হিতং ভবেচ্ছর্দ্দনমেব চাত্র
তপ্তেন নিম্ব প্রসবোদকেন ॥
সজীরকাণ্যার্দ্রক শৃঙ্গবের
সৌবর্চ্চলান্যর্দ্ধ জলপ্লুতানি।
মদ্যানি হৃদ্যানি চ গন্ধবন্তি
পীতানি সদ্যঃ শময়ন্তি তৃষ্ণাং ॥৬॥

বিল্বাঢ়কীত্যাদি।—বিল্বস্য মূলং আঢ়কী তুবরী সিদ্ধমিত্যতঃ পরং জলমিতিশেষঃ জলমিতি ষড়ঙ্গবিধানেনেতি চক্রঃ, অন্যে তু ক্কাথমাহুঃ। অত্র সুশ্রুতটীকাকৃতো ধাতকী পঞ্চকোলস্থানে ধান্যকপঞ্চমূলমিতি পঠন্তি পঞ্চমূলং স্বল্পমিত্যাহুঃ সর্ব্বাসু তৃষ্ণাসু পিত্ত সম্ভবত্বেন পঞ্চকোলমনুচিতমিত্যাহুঃ। দর্ভ উলপঃ। নিম্ব প্রসবোদকেনোক্ত নিম্ব স্বগুচ্ছবক্কাথেনেতি চক্রঃ, নিম্বপুষ্পক্কাথেনেত্যরুণঃ [illegible] জেজ্জড়ঃ, যুক্তঞ্চৈতৎ তন্ত্রান্তরসম্বাদাৎ। আর্দ্রকশৃঙ্গবেরসৌবর্চ্চলানাত্যর্শ আদিত্বাৎ। আর্দ্রক শৃঙ্গবেরং আর্দ্রকমেব, জীরকাদিকঞ্চ সৌরভ কটুত্বমাত্রকারকং দেয়ম্ ॥ ৬ ॥

বেলমূল, অরহর, ধাইফুল, পঞ্চকোল (অর্থাৎ পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা ও শুঁঠ) এবং দর্ভা; এই সকলের সহিত জল সিদ্ধ করিয়া কফজনিত তৃষ্ণারোগে পান করিবে। নিম্ব পল্লবের উষ্ণ ক্কাথ সেবন করতঃ বমন করিলে কফজ তৃষ্ণা প্রশমিত হয়। বেলমূল প্রভৃতির ক্কাথ প্রস্তুত করিতে হইলে, উহা মোট ২ দুই তোলা, জল ৪ চারি সের, অবশিষ্ট ২ দুই সের থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ পানার্থ প্রদান করিবে।

জীরা, আদা, সৌবর্চ্চল প্রক্ষেপিত, অর্দ্ধ জলাপ্লুত ও সুগন্ধ বিশিষ্ট মদ্যপান করিলে, অতি সত্বর তৃষ্ণা প্রশমিত হইয়া থাকে ॥ ৬ ॥

ক্ষতোত্থিতাং রুগ্বিনিবারণেন
জয়েদ্রসানামসৃজশ্চ পানৈঃ।
ক্ষয়োত্থিতাং ক্ষীরজলং নিহন্যাৎ
মাংসোদকম্বাথ মধূদকম্বা।
গুর্ব্বন্নজাম্মুল্লিখনৈর্জ্জয়েত্তু
ক্ষয়াদৃতে সর্ব্বকৃতাঞ্চ তৃষ্ণাম্ ॥৭॥

ক্ষতোত্থিতামিত্যাদি।—নার্দ্ধশ্লোকঃ সুশ্রুতস্য। রুগ্বিনিবারণেনেতি ব্রণবেদনা নির্ব্বাপনেন কারণোচ্ছেদাৎ তৎকার্য্যরূপা ক্ষতজা তৃষ্ণা শাম্যতীত্যর্থঃ। রসানামিতি মাংস রসানাং অসৃজশ্চ পানৈরিতি এণাদিরক্তস্য সদ্যস্কস্য পানৈরিত্যর্থঃ এতচ্চাত্যর্থশোণিত স্রুতৌ সত্যাং জ্ঞেয়ম্। ক্ষয়োত্থিতামিত্যাদৌ ক্ষীরজলমিতি ক্ষীরমিশ্রিতং জলমিতি ক্ষীর জলমিত্যত্র ক্ষীরঘৃতমিত্যুন্যেনঃ পঠন্তি ব্যাচক্ষতে চ ক্ষীরোত্থং ঘৃতং ক্ষীরসহিতং বা ঘৃতমিতি। মাংসোদকমিতি মাংসরস এব অন্যে তু মাষোদকমিতি পঠিত্বা মাষযূষমিতি ব্যাচক্ষতে। মধূদকম্বেতি মধুমিশ্রিতমুদকমিত্যর্থঃ। উদকক্ষাত্র ঐন্দ্র্যং; তদনুকাবিভূয়িষ্টমুদকম্বা চরকসম্বাদাৎ। ন চ বিরোধঃ অম্ভুল্যো পয়োগাৎ উক্তং তি সুশ্রুতে। মন্থমুর্ণা মধুসর্পিষা। মাণ্ডস্থলে্যা নাদীয়াদিতি। ননু ক্ষয়জায়াং বৃংহণমেবোচিতং মধূদকন্তু রুক্ষণমিতি তৎ কথমত্র প্রযুক্তমিতি? নৈবং ক্ষয়জাপি দোষত্রয়েন জন্যতে যদুক্তং রসক্ষয়াৎ যা ক্ষয়সম্ভবা সা অং সন্নিপাতাদিতি কেচিদাহুঃ ইতি। তত্র যদ্যপি কফপিত্তং বা অধিকং তদা মধূদকং দেয়ম্ উ... [illegible] দকমেবেতি পঠিত্বা ব্যাচষ্টে যষ্টিমধুজলমিতি তন্ন যুক্তং চরকসম্বাদাৎ। উল্লিখনৈরিতি বমনৈঃ। ন কেবলং গুর্ব্বন্নজা মেব বমনৈর্জ্জয়েৎ কিন্তর্হি অন্যামপীত্যাহ ক্ষয়াদৃতে ইত্যাদি ক্ষয়োৎপন্নাপি সর্ব্বদোষাক্রুদ্ধা, তস্যাং ক্ষীণধাতুত্বাৎ বমনং ন কার্য্যম্। সর্ব্বকৃতামিতি সর্ব্বদোষকৃতানামজ্ঞানিতি কার্ত্তিকঃ, অন্যে তু ক্ষয়াদৃতে সর্ব্বকৃতাস্তু তৃষ্ণা ইতি পঠন্তি ক্ষয়জাং বিহায় অন্যাঃ সর্ব্বা স্তৃষ্ণা বাতপিত্তকফাম গুর্ব্বন্নৈঃ কৃততৃষ্ণা বমনৈ র্জয়েদিতি ব্যাখ্যানয়ন্তি। অস্মিন্ পক্ষে গুর্ব্বান্নজায়াঃ পৃথগভিধানং বিশেষার্থম্॥ ৭॥

বেদনার শান্তি, মাংসরস (মাংসযূষ) পান এবং রক্ত পানদ্বারা ক্ষতোত্থিত তৃষ্ণা নিবারণ করা কর্ত্তব্য। দুগ্ধ মিশ্রিত জল, মাংসরস ও মধুমিশ্রিত জল পান করিলে ক্ষয়োত্থিত তৃষ্ণা প্রশমিত হইয়া থাকে।

গুরুতর আহারের পর অতিশয় তৃষ্ণা উপস্থিত হইলে, তৎক্ষণাৎ বমন করিলে সর্ব্বপ্রকার তৃষ্ণার নিবৃত্তি হয়। কিন্তু ক্ষয়জ তৃষ্ণায় বমন করান বিধেয় নয়॥৭॥

লাজোদকং মধুযুতং শীতং গুড়বিমর্দ্দিতং। কাশ্মর্য্যশর্করাযুক্তং পিবেত্তৃষ্ণার্দ্দিতো নরঃ॥ ৮॥

লাজোদকমিত্যাদি।—লাজচূর্ণভাবিত মুদকং শীতকষায়ো বা কাশ্মর্য্যং গাম্ভারী ফলম্॥ ৮॥

লাজচূর্ণের শীতকষায় (৩) প্রস্তুত করিয়া মধু ও গুড় মিশ্রিত করতঃ তাহাতে গাম্ভারীফলের চূর্ণ ও শর্করা প্রক্ষেপ দিয়া তৃষ্ণাতুর ব্যক্তি পান করিলে, তৃষ্ণারোগ নিবারণ হয়॥ ৮॥

অতিরুক্ষ দুর্ব্বলানাং তর্ষং শময়েন্নৃণামিহাশু পয়ঃ। ছাগো বা ঘৃতভৃষ্টঃ শীতোমধুরোরসোহৃদ্যঃ॥ ৯॥

অতি রুক্ষ... [illegible] ... মাত্র সম্যক্ মধুরতা জ্ঞেয়া॥ ৯॥

অতি রুক্ষ ও দুর্ব্বল রোগীর তৃষ্ণাশান্তির নিমিত্ত দুগ্ধপান ব্যবস্থা করিবে। অথবা মধুরগণ সংস্কৃত, ঘৃতেভর্জ্জিত হৃদ্য, সুশীতল মাংসরস উপযুক্ত মাত্রায় সেবন করিতে দিবে॥ ৯॥

আম্রজম্বুকষায়ং বা পিবেন্মাক্ষিকসংযুতং। ছর্দ্দিং সর্ব্বাং প্রণুদতি তৃষ্ণাং চৈবাপকর্ষতি॥ ১০॥

আম্রজম্বু কষায়স্বেতি আম্র জম্ব্বোঃ ফলানি কিঞ্চ্যতে পল্লবকাথোপি যুজ্যতে জম্ব্বাম্রপল্লবশৃতং ক্ষৌদ্রং দত্ত্বা সুশীতলমিতি পঠিতত্বাৎ॥ ১০॥

---

(৩) যে নিয়মে শীত কষায় প্রস্তুত করিতে হইবে, তাহা ইতি পূর্ব্বেই বলা হইয়াছে। সুতরাং সেই নিয়মে শীত কষায় প্রস্তুত করিয়া লইবে।

আমের আঁঠির শাঁস ও জামের আঁঠির শাঁসের ক্বাথ অথবা উহাদের পত্রের ক্বাথ প্রস্তুত করতঃ শীতল হইলে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে সকল প্রকার ছর্দ্দি ও তৃষ্ণার নিবৃত্তি হয়। ক্বাথ্যদ্রব্য ২ দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্থাৎ, অবশিষ্ট অর্দ্ধ পোয়া ॥ ১০ ॥

বটশুঙ্গ সিতালোধ্র দাড়িমং মধুকং মধু। পিবেত্তণ্ডুলতোয়েন ছর্দ্দিতৃষ্ণা-নিবারণং ॥ ১১ ॥

বটেত্যাদৌ শুঙ্গাদীনাং চূর্ণম্ ॥ ১১ ॥

উপযুক্ত পরিমাণ বটের কুঁড়ি, চিনি, লোধ, দাড়িম ও যষ্টিমধু চূর্ণ তণ্ডুলোদকের সহিত মধু প্রক্ষেপ দিয়া পান করিলে, বমন ও তৃষ্ণারোগের নিবৃত্তি হয় ॥ ১১ ॥

গোস্তনেক্ষুরসঃ ক্ষীর যষ্টিমধু মধূৎ-পলৈঃ। নিয়তং নস্যতঃ পান তৃষ্ণা-শাম্যতিদারুণা ॥ ক্ষীরেক্ষুরসমাধ্বীক ক্ষৌদ্রসীধু গুড়োদকৈঃ। বৃক্ষাম্লা-ম্লৈশ্চ গণ্ডূষাস্তালুশোষনিবারণাঃ ॥১২॥

গোস্তনেত্যাদি।—গোস্তনা দ্রাক্ষা এভিঃ প্রত্যেকং নস্যম্। মাহেশ্বরেস্তু দ্রাক্ষাদিত্রয়ে দ্রাক্ষা যষ্টিমধুনীলোৎপলেন কল্কীকৃতা প্রক্ষেপ্যা মধু চ প্রক্ষিপ্য সর্ব্বমালোড্য পেয়মিতি। তথা বক্ষ্যমাণ ক্ষীরাদিভিঃ প্রত্যেকং গণ্ডূষাঃ বহুবচননির্দ্দেশাৎ। যদ্যপি তালুশোষে ঘৃতং নিষিদ্ধং যদুক্তং তৃষ্ণাচ্ছর্দ্দিপরীতস্য গর্দ্দিনস্তালুশোষিণঃ ন পিবেন্মুখং তাম্যতি তথাপি চরকসম্বাদাদত্র বলবতো বৃষ্যাযুক্তং ঘৃতপানং বোধ্যম্ অতো বিশিষ্টবিধিত্বান্ন বিরোধঃ যথা বলবাংশ্চ তালুশোষেপি পিবেৎ ঘৃতং বুদ্ধ্যমন্নমত্যসেচ্ছেতি কিম্বা বাতোল্বণাবস্থায়ামেতৎ ঘৃতপানং বোধ্যম্। তালুশোষশ্চ তৃষ্ণাপ্রকার এব তেনেহ সঙ্গতমস্যাভিধানম্ ॥ ১২ ॥

দ্রাক্ষা, ইক্ষুরস, দুগ্ধ, যষ্টিমধু, মধু ও নীলোৎপল, সর্ব্বদা ইহাদিগের নস্য গ্রহণ করিলে সুদারুণ তৃষ্ণারোগের শান্তি হয়।

দুগ্ধ, ইক্ষুরস, মাধ্বীক, মধু, সীধু, মদ্য, গুড়োদক, [illegible] ; এই সকল দ্রব্যের গণ্ডূষ করিলে তালুশোষ নিবারণ হয় ॥ ১২ ॥

তালুশোষে পিবেৎ সর্পির্ঘৃতমণ্ড-মথাপি বা। মূর্চ্ছাচ্ছর্দ্দিতৃষাদাহ স্ত্রী-মদ্যভৃশকর্ষিতাঃ। পিবেয়ুঃ শীতলং বারি রক্তপিত্তে মদাত্যয়ে ॥ ১৩ ॥

ঘৃতমণ্ডমিত্যাদি ঘৃতস্যোপরিভাগঃ অতএব ঘৃতস্যোপরিস্থ্যানো ভাগ ইতি কাসচিকিৎসিতে চক্রেনাপ্যুক্তঃ। শ্রীকণ্ঠস্তু ঘৃতস্যোপরি ছিন্নভাগঃ ঘৃতমণ্ডমিত্যাহঃ মূর্চ্ছেত্যাদি স্পষ্টম্ ॥ ১৩ ॥

তালুশোষ উপস্থিত হইলে, ঘৃত কিম্বা ঘৃতমণ্ড (৪) পান করিবে। মূর্চ্ছা, ছর্দ্দি (বমন), তৃষ্ণা, দাহ, স্ত্রীসঙ্গম ও মদ্যপানজনিত ক্ষীণ ব্যক্তি শীতলজল পান করিবে। বিশেষতঃ রক্তপিত্ত ও মদাত্যয় রোগেও শীতল জল পান করিতে দেওয়া কর্ত্তব্য ॥ ১৩ ॥

ধান্যাম্লমাস্য বৈরস্য মলদৌর্গন্ধ্যনা-শনম্। তদেবালবণং পীতং মুখ-শোষহরং পরং ॥ ১৪ ॥

ধান্যাম্লেত্যাদি।—ধান্যাম্লং কাঞ্জিকম্ ॥ ১৪ ॥

ধান্যাম্ল (এক প্রকার কাঁজি বিশেষ) পান করিলে মুখের বিরসতা ও মলের দুর্গন্ধ নিবারিত হইয়া স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হয়। এবং ধান্যাম্ল সৈন্ধবলবণের সহিত পান করিলেও মুখশোষের নিবৃত্তি হয় ॥ ১৪ ॥

বৈশদ্যং জনয়ত্যাস্যে সন্দধাতি মুখ-ব্রণান্। দাহতৃষ্ণাপ্রশমনং মধুগণ্ডূষ-ধারণং ॥ ১৫ ॥

(৪) ঘৃতের উপরিস্থিত স্বচ্ছ পদার্থকে ঘৃতমণ্ড বলা যায়।

সংদধাতি মুখে ব্রণানিতি রোপয়তীত্যর্থঃ ॥১৫॥

এক গণ্ডূষ মধু লইয়া কুলি করিলে, মুখের ক্ষত নিবারণ হইয়া মুখ পরিষ্কার হয় এবং দাহ ও তৃষ্ণার শান্তি হয় ॥১৫॥

কোলদাড়িমবৃক্ষাম্লচুক্রীকাচুক্রিকা-
রসঃ। পঞ্চাম্লকোমুখালেপঃ সদ্য-
স্তৃষ্ণাং নিযচ্ছতি ॥ ১৬ ॥

কোলেত্যাদৌ।—চুক্রিকা চাঙ্গেরী. চুক্রিক ইতি চুকাই ইতি খ্যাতা। মুখলেপ ইতি মুখকুহরে লেপঃ কপোলেত্যাদৌ লেপ ইতি তু নিশ্চলঃ ॥ ১৬ ॥

বদরী, দাড়িম, মহাদা, আমরুল ও চুকাই ; এই পঞ্চবিধ অম্ল দ্রব্য মুখমধ্যে লেপন করিলে, তৃষ্ণারোগের নিবৃত্তি হয় ॥ ১৬ ॥

বারিশীতং মধুযুতমাকণ্ঠাদ্বা পিপা-
সিতম্। [illegible] চাপি তেন
তৃষ্ণা প্রশাম্যতি ॥ ১৭ ॥

বারিশীতমিত্যাদি।—পিত্ততৃষ্ণায়ামযং যোগঃ আকণ্ঠতোয়পানাদনু কিঞ্চিৎ মধুপানমিত্যুপদিশন্তি বৃদ্ধাঃ ॥ ১৭ ॥

পিপাসিত ব্যক্তিকে আকণ্ঠ মধুমিশ্রিত শীতল জল পান করাইয়া বমন করাইলে তৃষ্ণার শান্তি হয় ॥ ১৭ ॥

বটশুঙ্গাময়ক্ষৌদ্র লাজনীলোৎপলৈ-
র্দৃঢ়া। গুড়িকাবদনন্যস্তা ক্ষিপ্রং
তৃষ্ণাং নিযচ্ছতি ॥ ওদনং রক্তশালী-
নাং শীতং মাক্ষিকসংযুতং। ভোজ-
য়েত্তেন শাম্যেত্তু ছর্দ্দিস্তৃষ্ণা চিরো-
ত্থিতা ॥ ১৮ ॥

বটশুঙ্গেত্যাদি।—বটশুঙ্গো বটপ্ররোহঃ আময়ঃ কুষ্ঠং মধু তু যাবতা কঠিনা গুড়িকা ভবতি তাবন্মাত্রং দেয়ম্। ওদনং রক্তশালীনাং শীতমিতি শব্দাৎ পানীয়ভক্তম্ ॥ ১৮ ॥

বটের কুঁড়ি, কুড়, মধু, খৈ, নীলোৎপল ; ইহাদিগের দ্বারা দৃঢ়গুড়িকা প্রস্তুত করিয়া মুখে ধারণ করিলে, শীঘ্র তৃষ্ণারোগ বিনষ্ট হয়।

রক্তশালীর (ধান্যবিশেষ) অন্ন পাক করিয়া তাহা শীতল জলে ভিজাইয়া রাখিবে, পরে এই অন্ন মধুর সহিত ভোজন করিলে, চিরজাত (বহু কালোৎপন্ন) বমন ও তৃষ্ণারোগের শান্তি হয় ॥ ১৮ ॥

পূর্ব্বামযাতুরঃ সন্ দীনস্তৃষ্ণার্দ্দিতো
জলং যাচন্। নলভেতচেদাশ্বেব ম-
রণমাপ্নোতি দীর্ঘরোগম্বা ॥ তৃষিতো
মোহমায়াতিমোহাৎ প্রাণান্বিমু-
ঞ্চতি। তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু ন কচি-
দ্বারিবার্য্যতে ॥ ১৯ ॥

প্রসঙ্গাৎ তৃষ্ণায়াং জলন্যাপ্রদানে দোষমাহ পূর্ব্বাময়েত্যাদি।—পূর্ব্বাময়াতুরঃ সন্ জ্বর রক্তপিত্তাদিরোগক্লিষ্টঃ সন্। দীন ইতি তৃষ্ণা পীড়িতত্বেনৈব ক্লান্তমনাঃ। কথং ম্রিয়ত ইত্যাহ তৃষিত ইত্যাদি ॥ ১৯ ॥

ইতি তৃষ্ণা—চিকিৎসা।

তৃষ্ণা উপস্থিত হইলে জল নিবারণে কি দোষ এস্থলে তাহাই বলিতেছেন। পূর্ব্বোক্ত জ্বর রক্তপিত্তাদি রোগাক্রান্ত এবং তৃষ্ণাতুর ও ক্লান্তমনা ব্যক্তি পিপাসায় কাতর হইয়া পুনঃ পুনঃ জল প্রার্থনা করিলে যদি জল প্রাপ্ত না হয় তবে উক্ত রোগীর মৃত্যু কিম্বা কোন অসাধ্য রোগ উপস্থিত হইতে পারে।

তৃষিত ব্যক্তি অধিককাল তৃষ্ণা সহ্য করিয়া থাকিলে তাহার মোহ হয় এবং সেই মোহ হইতেই প্রাণ বিনাশ হইতে পারে। অতএব পিপাসা উপস্থিত হইলে কোন অবস্থায়ই জল নিবারণ করা কর্ত্তব্য নয় ॥ ১৯ ॥

ইতি তৃষ্ণা-চিকিৎসা।

অথ মূর্চ্ছারোগ-চিকিৎসা।

সেকাবগাহৌ মণয়ঃ সহারাঃ
শীতাঃ প্রদেহা ব্যজনানিলশ্চ।
শীতানি পানানি চ গন্ধবন্তি
সর্ব্বাস্থমূর্চ্ছাস্বনিবারিতানি ॥ ১ ॥

মূর্চ্ছায়াং সেকোঽবগাহস্তাবজ্জলেন মোহচিকিৎসায়াং সেকেত্যাদি সুশ্রুতমতে মণয়ো মুক্তাস্ফটিকপ্রভৃতয়ঃ তে চ সহারাঃ হারারোপিতা ইত্যর্থঃ। পানানি চ গন্ধবন্তীতি কর্পূরাদিযোগাৎ সুরভীণি পানীয়ানীত্যর্থঃ। সর্ব্বাসু মূর্চ্ছাস্বনিবারিতানীত্যনেন বাতকফকৃতায়াং মূর্চ্ছায়ামপি হেতুপ্রত্যনীকচিকিৎসা ... বারণার্হতা এতে শীতবিধয়ো ব্যাধিপ্রত্যনীকতয়া পিত্তানুবন্ধাচ্চ ন বারণীয়া ইতি দর্শয়তি ॥ ১ ॥

মূর্চ্ছারোগে, জলসেচন, অবগাহন, মুক্তা স্ফটিকাদির হার ধারণ, শীতল-দ্রব্যানুলেপন, ব্যজন, বায়ুসেবন, কর্পূরাদি সংযোগে সুগন্ধি বিশিষ্ট শীতল জল পান ইত্যাদি সকল প্রকার মূর্চ্ছারোগেই কর্ত্তব্য ॥ ১ ॥

সিদ্ধানি বর্গে মধুরে পয়াংসি
সদাড়িমা জাঙ্গলজা রসাশ্চ।
তথা যবালোহিতশালয়শ্চ
মূর্চ্ছাসু শস্তাশ্চ সতীলমুদ্গাঃ ॥২॥

বর্গে মধুর ইতি কাকোল্যাদিঃ। সদাড়িমা ইতি দাড়িমাম্লসহিতা ইত্যর্থঃ। সতীলো বর্ত্তুলকলায়ঃ ॥ ২ ॥

কাকোল্যাদিগণের (১) ক্বাথে পক্কদুগ্ধ; দ্রাক্ষা, ইক্ষুরস, দুগ্ধ মধু; ইহাদিগকে নীলোৎপল, সর্ব্বদা দাড়িমের সহিত জাঙ্গল পশুর মাংস রস এবং যব, রক্তশালী (ধান্যবিশেষ), বর্ত্তুলাকার কলাই ও মুগ; এই সকল সর্ব্বপ্রকার মূর্চ্ছারোগেই প্রশস্ত ॥ ২ ॥

যথাদোষং কষায়াণি জ্বরঘ্নানি প্রয়োজয়েৎ। রক্তজায়ান্তু মূর্চ্ছায়াং হিতঃ শীতক্রিয়াবিধিঃ ॥ ৩ ॥

যথাদোষং কষায়াণি জ্বরঘ্নানি প্রয়োজয়েদিতি বাতাদিমূর্চ্ছাসু যথাক্রমং বাতাদিকষায়াণি যানি তানি প্রয়োজয়েদিত্যর্থঃ রক্তজায়ামিতি রক্তদর্শনজায়াং ॥ ৩ ॥

বাতাদি মূর্চ্ছারোগে, যথাক্রমে বাতাদি জ্বর নাশক দ্রব্যের ক্বাথ যথা নিয়মে প্রস্তুত করতঃ সেবন করিতে দিবে। এবং রক্তজ মূর্চ্ছারোগে শীতল ক্রিয়া আচরণ করা বিধেয় ॥ ৩ ॥

মদ্যজায়াং বমেন্মদ্যং নিদ্রাং সেবেৎ যথাসুখং। বিষজায়াং বিষঘ্নানি ভেষজানি প্রয়োজয়েৎ ॥ ৪ ॥

মদ্যজায়ামিতি মদ্যসেবনজায়াং ॥ ৪ ॥

মদ্যপানজনিত মূর্চ্ছারোগে রোগীকে মদ্যপান করাইয়া স্বাস্থ্যলাভ পর্য্যন্ত ইচ্ছানুরূপ নিদ্রা যাইতে দিবে। বিষজন্য মূর্চ্ছারোগে বিষঘ্ন ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য ॥ ৪ ॥

কোলমজ্জোষণোশীরকেশরং শীতবারিণা। পীতং মূর্চ্ছাং জয়েৎ লীঢ়া কৃষ্ণাং বা মধুসংযুতাং ॥ ৫ ॥

কোল মজ্জাদৌ ঊষণং মরিচং ॥ ৫ ॥

কুলের আঁঠির শাস, মরিচ, বেণার মূল বা বীরণমূল, নাগকেশর; এই সকল দ্রব্য শীতল জলের সহিত এবং পিপুলচূর্ণ মধুর সহিত মিশ্রিত করতঃ লেহন করিলে মূর্চ্ছা রোগ নিবারণ হয় ॥ ৫ ॥

---

(১) কাকোলীক্ষীরকাকোলীজীবকর্ষভক মুদ্গপর্ণী মাষপর্ণী মেদা মহামেদা ছিন্নরুহা কর্কটশৃঙ্গী তুগাক্ষীরী পদ্মক প্রপৌণ্ডরীক ঋদ্ধি বৃদ্ধি মৃদ্বীকা জীবন্ত্যো মধুকশ্চেতি।

অস্যার্থঃ।

কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক ... বংশলোচন), মুদ্গপর্ণী (মুগানী), ... মেদা (অভাবে অশ্বগন্ধা), ... ঘৃতপানং বোধ্যম্। ... (মালতা), গুলঞ্চ, কাকড়া ... পুণ্ডরিয়াবৃক্ষ, ঋদ্ধি ... ভাবে ও বলাশতা),

মহৌষধামৃতা ক্ষুদ্রা পৌষ্কর গ্রন্থিকোদ্ভবং। পিবেৎ কণাযুতং ক্বাথং মূর্চ্ছা যেষু মদেষু চ ॥ শতাবরী বলামূল দ্রাক্ষাসিদ্ধং পয়ঃ পিবেৎ। সসিতং ভ্রমনাশায় বীজং বাট্যালকস্থ্যব॥ পিবেদ্দুরালভাক্বাথং সঘৃতং ভ্রমশান্তয়ে। ত্রিফলায়াঃ প্রয়োগো বা প্রয়োগঃ পয়সোঽপি বা ॥ ৬ ॥

মহৌষধমিত্যাদৌ ক্ষুদ্রা কণ্টকারী, গ্রন্থিকং পিপ্পলীমূলং, ভ্রমঃ স্মৃতিভ্রংশো; মোহশ্চক্রবদ্‌ভ্রান্তিঃ। প্রয়োগোঽভ্যাসঃ ॥৬॥

শুঁঠ, গুলঞ্চ, কণ্টিকারী, পুষ্করমূল (অভাবে কুড়) ও পিপ্পলীমূল; ইহারা সমুদায়ে দুইতোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহন করিবে। এই ক্বাথে পিপ্পলী চূর্ণ প্রক্ষেপ করিয়া মূর্চ্ছা ও মদাত্যয় রোগে পান করিতে দিবে।

শতমূলী, বেড়েলার মূল ও দ্রাক্ষা; ইহাদের সহিত দুগ্ধ পাক (২) করিয়া পান করিবে, অথবা বেড়েল বীজের চূর্ণে চিনি প্রক্ষেপ দিয়া পান করিলে, ভ্রমিরোগ বিনষ্ট হয়।

ভ্রমিরোগ শান্তির জন্য দুরালভার ক্বাথ ঘৃত সংযোগে পান করিবে। এবং ত্রিফলা অথবা দুগ্ধ প্রয়োগ করিবে ॥ ৬॥

রসায়নানাং কৌম্ভস্য সর্পিষো বা প্রশস্যতে ॥ ৭ ॥

কৌম্ভং সর্পির্দ্দশবর্ষাত্মকং অন্যেত্তু স্থিতং বর্ষশতং শ্রেষ্ঠং কৌম্ভং সর্পিস্তদুচ্যতে ॥ ৭ ॥

(২) শতমূলী প্রভৃতি দ্রব্য সকল ২ দুই তোলা উত্তমরূপ কুট্টিত করতঃ দুগ্ধ /।০ এক পোয়া (১৬ তোলা) ও জল /১ এক সের (৬৪ তোলা) সহিত পাককরতঃ ১৬ ষোল তোলা অর্থাৎ দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্র পূত করতঃ পানার্থ প্রদান করিবে।

ভ্রমিরোগে রসায়ন ও কৌম্ভ ঘৃত প্রয়োগ ও (৩) প্রশস্ত ॥ ৭ ॥

মধুনা হন্ত্যুপযুক্তা ত্রিফলারাত্রৌগুড়ার্দ্রকং প্রাতঃ। সপ্তাহাৎ পথ্যভোজী মদমূর্চ্ছাকাসকামলোন্মাদান্‌ ॥ ৮ ॥

রাত্রিতে মধুর সহিত ত্রিফলা চূর্ণ পান করিয়া প্রাতঃকালে গুড় ও আদা ভক্ষণ করিবে। হিত পথ্যাশী (অর্থাৎ যে সমুদয় আহার মূর্চ্ছারোগে হিতকর) হইয়া সপ্তাহ পর্য্যন্ত এইরূপ ঔষধ সেবন করিলে, মদ, কাস, কামলা, উন্মাদ ও মূর্চ্ছারোগের শান্তি হয় ॥ ৮ ॥

অঞ্জনান্যবপীড়াশ্চ ধূমঃ প্রধমনানি চ। সূচীভিস্তোদনং শস্তং দাহঃপীড়ানখান্তরে ॥ ৯ ॥

অঞ্জনানীতি তীক্ষ্ণান্যঞ্জনানি অপস্মারোক্তানি। অবপীড়াঃ নাসিকায়াং নিম্বপত্রাদিরসা অবপীড্য যে দীয়ন্তে। ধূমাঃ বৈরেচনধূমাঃ প্রধমনং চূর্ণনস্যম্‌ সূচীভিরিত্যাদৌ পীড়ানখান্তরইতি নখমাংসয়োর্মধ্যে পীড়নং ॥ ৯ ॥

মূর্চ্ছারোগে অপস্মার চিকিৎসোক্ত তীক্ষ্ণ অঞ্জন, নিসিন্দাপত্রের নস্য গ্রহণ, বৈরেচন ধূম সেবন; চূর্ণ নস্য, শরীরে সূচীবেধ, দহন এবং নখ মাংসের অন্তরে পীড়ন; এই সকল কার্য্য কর্ত্তব্য ॥ ৯ ॥

লুঞ্চনং কেশরোম্নাঞ্চ দন্তৈর্দ্দংশনমেব চ। আত্মগুপ্তাবঘর্ষশ্চ হিতাস্তস্যাবরোধনে ॥ ১০ ॥

আত্মগুপ্তা শূকশিম্বী ॥ ১০ ॥

ইতি মূর্চ্ছা-চিকিৎসা।

(৩) দশ বৎসরের পুরাতন ঘৃতকে কৌম্ভ ঘৃত বলে, যথা গ্রন্থান্তরে—

"কৌম্ভং সর্পির্দ্দশাব্দিকং"।

কোন কোন গ্রন্থকার বলেন শত বৎসরের পুরাতন ঘৃতই কৌম্ভ ঘৃত মধ্যে গণ্য; তন্মতে প্রমাণ যথা—

স্থিতং বর্ষশতং শ্রেষ্ঠং কৌম্ভং সর্পিস্তদুচ্যতে।

মূর্চ্ছিত ব্যক্তির চৈতন্যোৎপাদনার্থ রোগীর কেশ ও লোম উৎপাটন এবং দন্তদ্বারা দংশন ও রোগীর গাত্রে আলকুশী ফল (শূকশিম্বী অথবা শূয়াশিম্বী) ঘর্ষণ করিবে॥ ১০॥

ইতি মূর্চ্ছা-চিকিৎসা।

অথ মদাত্যয়-চিকিৎসা।

মন্থঃ খর্জ্জুরমৃদ্বীকাবৃক্ষাম্লাম্লীকাদাড়িমৈঃ। পরূষকৈঃ সামলকৈর্যুক্তোমদ্যবিকারণুৎ। সক্তীলমুদ্গামিশ্রান্ বা দাড়িমামলকান্বিতান্॥ দ্রাক্ষামলকখর্জ্জূর পরূষকরসেন বা। কল্পয়েত্তর্পণান্ যূষান্ রসাংশ্চ বিবিধাত্মকান্॥১॥

মূর্চ্ছাবন্মদাত্যয়স্যাপি মদ্যজন্যত্বাৎ মূর্চ্ছানন্তরং মদাত্যয়চিকিৎসামাহ মদএবাত্যয়কারকো মদাত্যয়ঃ, কিম্বা মদশব্দে নেহ মদহেতুতয়া মদ্যমুচ্যতে তেন কৃতোঽত্যয়ো মদাত্যয়ঃ মন্থ ইত্যাদি-দ্রবেণালোড়িতশক্তবো মন্থাঃ, দ্রবশেষে খর্জ্জূরাদীনাং গ্রাহ্যঃ। অম্লিকা তিন্তিড়ীফলম্। ছন্দোনুরোধাঙ্ক্ স্বঃ। সক্তীলেতি সক্তীলো বর্ত্তুলকলায়ঃ। সক্তীলমুদ্গামিশ্রাংবেতিপাঠে ছাগলরসস্য বিশেষণং চরকে হি এতদ্বচনাৎ পূর্ব্বং ছাগরসমিত্যুক্তম্॥১॥

খর্জ্জূর, দ্রাক্ষা, বৃক্ষাম্ল (মহা আদা), তেঁতুল, দাড়িম, পরূষকফল (পরুষাফল) ও আমলকী; ইহাদিগের রসদ্বারা মন্থ(১) প্রস্তুত করিয়া সেবন করিলে, মদাত্যয় রোগের নিবৃত্তি হয়। বর্তুল কলাই ও মুগ কিম্বা দাড়িম ও আমলকী অথবা দ্রাক্ষা,আমলকী, খর্জ্জূর ও পরূষকফল; ইহাদিগের দ্বারা তর্পণ যূষ প্রস্তুত করিয়া পান করিবে। অথবা ইহাদের সহিত বিবিধপ্রকার মাংস রস প্রস্তুত করিয়া সেবন করিবে॥ ১॥

মদ্যং সৌবর্চ্চলব্যোষযুক্তং কিঞ্চিজ্জলান্বিতঞ্চ। জীর্ণমদ্যায় দাতব্যং বাতপানাত্যয়াপহং॥ ২॥

মদ্যমিত্যাদি—সৌবর্চ্চলব্যোষঞ্চ লবণ কটুত্রমাত্রকারকং দেয়ম্। কিঞ্চিজ্জলমষ্টভাগিকমিত্যাহুঃ॥ ২॥

সৌবর্চ্চল, ত্রিকটুচূর্ণ ও কিঞ্চিৎ (২) জল মিশ্রিত মদ্য, মদ্য জীর্ণার্থ এবং বাতিক পানাত্যয় নিবারণার্থ পান করিতে দিবে॥ ২॥

মুদ্গাযূষঃ সিতাযুক্তঃ স্বাদুর্ব্বাপেশিতো রসঃ। পিত্তপানাত্যয়ে যোজ্যাঃ সর্ব্বশশ্চ ক্রিয়াহিমাঃ॥ পানাত্যয়ে কফোদ্ভূতে লঙ্ঘনঞ্চ যথাবলং। দীপনীয়োষধোপেতং পিবেন্মদ্যং সমাহিতঃ॥ ৩॥

মুদ্গাযূষমিত্যাদি।—স্বাদুরিত্যনেন সংস্কারার্থং কটুদ্রব্যোপয়োগোঽত্র ন কার্য্য ইতি দর্শয়তি দীপনীয়োষধমেব যস্যামবস্থায়াং ক্ষীরপ্রয়োগঃ কর্ত্তব্যস্তামাহ লঙ্ঘনাদ্যৈরিতি আদ্যশব্দাৎ শোধনাদীনাং গ্রহণম্॥ ৩।

পৈত্তিক পানাত্যয়ে, শর্করার সহিত মুগের যূষ, কাকোল্যাদিগণ সংস্কৃত মাংস রস প্রয়োগ এবং বিবিধপ্রকার শীতল ক্রিয়া কর্ত্তব্য।

কফ জন্য পানাত্যয়ে, রোগীর বল বিবেচনা করিয়া লঙ্ঘন ব্যবস্থা করিবে এবং দীপনীয় ঔষধের সহিত যথা নিয়মে মদ্য পান করিতে দিবে॥ ৩॥

সর্ব্বজে সর্ব্বমেবেদং প্রয়োক্তব্যং চিকিৎসিতং। আভিঃ ক্রিয়াভি র্মিশ্রাভিঃ শাম্যতি মদাত্যয়। নচেন্মদ্য ক্রমং মুক্ত্বা ক্ষীরমস্ত্ত প্রয়োজয়েৎ॥ লঙ্ঘনাদ্যৈঃ কফেক্ষীণে জাত দৌর্ব্বল্যলাঘবে। ওজস্তুল্যগুণং ক্ষীরং বিপরীতঞ্চ মদ্যতঃ। ক্ষীর প্রয়োগং মদ্যং বা ক্রমেণাল্পাল্পমাচরেৎ॥ ৪॥

---

(১) দ্রব দ্রব্য দ্বারা আলোড়িত শক্তুকে মন্থ বলে।

(২) এই স্থলে টীকাকার কিঞ্চিৎ শব্দে অষ্টম ভাগ জল ব্যাখ্যা করেন।

ক্ষীরপ্রয়োগমিত্যাদি এতৎবচনাৎ পূর্ব্বং পয়সা হৃতে রোগে বলে জাতে নিবর্ত্তয়েদিতি বচনমস্তি তেনাত্র ক্ষীরপ্রয়োগমিত্যত্র পূর্ব্বোক্তেন নিবর্ত্তয়েদিত্যনেন সম্বন্ধাৎ ক্ষীর প্রয়োগং ক্রমেণ নিবর্ত্তয়েৎ। মদ্যঞ্চ ক্রমেণাল্পাল্পমাচরেদিত্যর্থঃ। ৪।

ত্রিদোষজন্য (সান্নিপাতিক) মদাত্যয়-রোগে প্রত্যেক দোষের (বায়ু, পিত্ত ও কফের) চিকিৎসা একত্র মিলিত করিয়া চিকিৎসা করিবে। এইরূপ চিকিৎসা বিধান করিলে, মদাত্যয় রোগের শান্তি হয়। উক্ত প্রকার চিকিৎসাতে রোগের নিবৃত্তি না হইলে, মদ্যক্রম পরিত্যাগ করিয়া দুগ্ধ প্রয়োগ করিবে।

লঙ্ঘনাদি দ্বারা কফের ক্ষীণতা ও দুর্ব্বলতার লাঘব হইলে, রোগীর বল ও অগ্নি বিবেচনাপূর্ব্বক দুগ্ধ পান ব্যবস্থা করিবে। দুগ্ধ ওজোগুণ, ও মদ্যের বিপরীত গুণ সম্পন্ন। মদাত্যয়রোগে দুগ্ধ পান দ্বারা রোগের নিবৃত্তি হইলে দুগ্ধ পরিত্যাগ করিবে এবং মদ্য পান ক্রমশঃ অল্প অল্প করিয়া আরম্ভ করিবে ॥ ৪ ॥

পুনর্নবাদ্যং ঘৃতম্—

পয়ঃ পুনর্নবাক্বাথ যষ্টীকল্কপ্রসাধিতম্। ঘৃতং পুষ্টিকরং পানান্মদ্যপানহতৌজসঃ ॥ ৫ ॥

পয়ঃ পুনর্নবাক্বাথেত্যাদৌ।—ক্ষীরং ঘৃতসমং ক্বাথস্তিগুণশ্চতুর্গুণো বেত্যাহুঃ। ৫।

পুনর্নবার ক্বাথ, ও যষ্টিমধুর কল্কদ্বারা যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। এই ঘৃত পান করিলে মদ্যপান-হতৌজঃ ব্যক্তির শরীরের পুষ্টি হয়। প্রথমতঃ ঘৃত অগ্নি সন্তাপে গালাইয়া কল্ক দ্রব্যগুলি উত্তমরূপ কুট্টিত করিয়া উহাতে নিক্ষেপ করিবে অনন্তর ক্বাথও দুগ্ধদ্বারা পাক করিবে ॥ ৫ ॥

অষ্টাঙ্গ লবণম্—

সৌবর্চ্চলমজাজ্যশ্চ বৃক্ষাম্লং সাম্লবেতসং। ত্বগেলামরিচার্দ্ধাংশং শর্করাভাগযোজিতং। হিতং লবণমষ্টাঙ্গ অগ্নিসন্দীপনং পরং। মদাত্যয়ে কফপ্রায়ে দদ্যাৎ স্রোতোবিশোধনং ॥ ৬ ॥

সৌবর্চ্চলেত্যাদি।—অত্র সৌবর্চ্চলাদীনাং চতুর্ণাং সমভাগতা। ত্বগেলামরিচানামেকভাগাপেক্ষয়া প্রত্যেকমর্দ্ধভাগিকত্বং, শর্করাভাগোঽপি সৌবর্চ্চলাদ্যেকতমদ্রব্যসমঃ। ৬।

সৌবর্চ্চল, কৃষ্ণজীরা, থৈকল, মহাদা; এই সকল চূর্ণ সমভাগ, দারুচিনি, এলাচ ও মরিচ; এই সকল প্রত্যেকে অর্দ্ধভাগ এবং চিনি এক ভাগ; এই সমুদায় একত্র উত্তমরূপ মিশ্রিত করিয়া ঔষধ প্রস্তুত করিবে। এই অষ্টাঙ্গ লবণ শ্রেষ্ঠ অগ্নির উদ্দীপন কারক, ইহা কফ প্রধান মদাত্যয়রোগে, স্রোতো বিশোধনার্থ প্রয়োগ করিবে ॥ ৬ ॥

চব্যং সৌবর্চ্চলং হিঙ্গু পুরকং বিশ্বদীপ্যকম্। চূর্ণং মদ্যেন দাতব্যং পানাত্যয়রুজাপহম্ ॥ ৭ ॥

চব্যমিত্যাদৌ—পূরকং বীজপূরস্য ফলত্বগিতি নিশ্চলঃ দীপ্যকং যমানী। ৭।

চৈ, সৌবর্চ্চল, হিঙ্গু, বীজপূর (নেবুবিশেষ), শুঁঠ ও যমানী; ইহাদিগের চূর্ণ উপযুক্ত মাত্রায় মদ্যের সহিত পান করিলে পানাত্যয়রোগ বিনষ্ট হয় ॥ ৭ ॥

জলাপ্লুতশ্চন্দন রূষিতাঙ্গঃ
স্রগ্বী সভক্ষ্যাং পিশিতোপদংশাং।
পিবন্ সুরাং নৈব লভেত রোগান্
মনোমতিঘ্নঞ্চ মদং ন যাতি ॥৮॥

মদ্যং যেন প্রকারেণ বিকারং ন জনয়েত্তমাহ জলেত্যাদি।—রূষিতস্য। চন্দনেন রূষিতং লিপ্তমঙ্গং যস্য। পিশিতং মাংসং উপদংশো ভক্ষো যস্যাং সা তথা। মনোমতিঘ্নমিতি বিশেষণাৎ দ্বিতীয়াদি মদঞ্চ প্রাপ্নোতি প্রথমস্তু মনোঽনুপঘাতকং লভত এবেত্যর্থঃ। ৮।

এইক্ষণ কি প্রকার মদ্যপানে কোন অ নষ্ট হইতে পারে না এস্থলে তাহাই বলা যাইতেছে। জলাপ্লুত, চন্দন-লিপ্তাঙ্গ এবং সুগন্ধিপুষ্পের মালা পরি-ধান পূর্ব্বক মাংসরস আহার ভোজী হইয়া মদ্যপান করিলে, সেই মদ্য মনঃ ও মতিভ্রংশকারক মত্ততা উৎপাদন করিতে পারে না; বরং মদাত্যয়াদি-রোগ নষ্ট হয় ॥ ৮ ॥

দ্রাক্ষাকপিত্থকং দাড়িমপানকং যৎ
তৎ পান বিভ্রমহরং মধুশর্করাঢ্যং॥৯॥

দ্রাক্ষেত্যাদি।—সুগমম্। দ্রাক্ষাদিভিঃ পানকং সূদশাস্ত্রানুসারেণ কার্য্যম্ ॥ ৯ ॥

দ্রাক্ষা, কদবেল ও দাড়িমের মধু ও শর্করা মিশ্রিত সরবৎ পান করিলে পান বিভ্রমরোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ৯ ॥

পথ্যা কাথেন সংসিদ্ধং ঘৃতং ধাত্রী-রসেন বা। সর্পিঃ কল্যাণকঞ্চাপি মদমূর্চ্ছাহরং পিবেৎ ॥ সচ্ছর্দ্দিমূর্চ্ছা-তীসারং মদং পূগফলোদ্ভবং। সদ্যঃ প্রশময়েৎ পীতমাতৃপ্তে র্বারি শী-তলং ॥ বন্যকরীষাঘ্রাণং জলপানং লবণ ভক্ষণাদ্বাপি। শাম্যতি পূগফলম-দশ্চূর্ণকৃজা শর্করা কবলাৎ ॥ শঙ্খচূর্ণ-রজোঘ্রাণাৎ স্বল্পং মদমপোহতি। কুষ্মাণ্ডকরসঃ সগুড়ঃ শময়তিমদ মাশুমদনকোদ্রবজং। ধোস্তূরজঞ্চ দুগ্ধং সশর্করং পানযোগেন ॥ ১০ ॥

পথ্যেত্যাদি।—ঘৃতদ্বয়মকল্কম্। অত্রৈব মদত্ত সামান্যাৎ পৃথক্ পৃথক্ চিকিৎসামাহ সচ্ছর্দ্দীত্যাদি। বন্যেত্যাদি বনং জলং তদ্ভাবো বন্যঃ তাজ্জাইত্যর্থ ইতি কেচিৎ করীষ ইতি শুষ্কগোময়ঃ অন্যে তু বন্যকরীষং বনভবকরীষ মাহুঃ। এতে চ বন্যকরীষাদয়ঃ পৃথক্ৎ প্রয়োক্তব্যাঃ চূর্ণকৃজেতি অতিমাত্রচূর্ণভক্ষণে যো রসনাদিদাহঃ। এতচ্চ সম্পূর্ণশ্লোকানুরোধাল্লিখিতম্। অল্পং মদং পূগ-ভক্ষণজমেব। কুষ্মাণ্ডেত্যাদি।—মদনঃ তৃণধান্য-বিশেষঃ ময়নষামইতিখ্যাতঃ। ধুস্তূরজং ধুস্তূরফ-লভক্ষণজম্ ॥ ১০ ॥

ইতি মদাত্যয়-চিকিৎসা।

হরীতকীর যথারীতি প্রস্তুত কাথে অ-থবা আমলকীর রসে পক্কঘৃত এবং কল্যাণক ঘৃত যথোপযুক্ত মাত্রায় পান করিলে, মদ ও মূর্চ্ছারোগ প্রশমিত হয়। তৃপ্তিপূর্ব্বক শীতল জল পান করিলে ও গুবাক (সুপারি) ভক্ষণ জনিত সদ্যোৎপন্ন ছর্দ্দি (বমন), মূর্চ্ছা, অতী-সারের নিবৃত্তি হইয়া থাকে। বন্য শুষ্ক-গোময় (বিলঘুঁইটা) আঘ্রাণ, শীতলজল পান কিম্বা লবণ ভক্ষণ করিলে গুপারি ভক্ষণ জনিত মত্ততা বিনষ্ট হয়। এবং শর্করার কবল করিলে চূর্ণ ভক্ষণ জন্য মুখদগ্ধ নষ্ট হয়।

শঙ্খচূর্ণ আঘ্রাণ করিলে, সুপারি ভক্ষ-ণাদি জনিত অল্প মত্ততা নষ্ট হয়। গু-ড়ের সহিত কুষ্মাণ্ড রস পান করিলে মদনফল (ময়নাফল) ও কোদ্রব (ধান্য বিশেষ) জনিত মত্ততা অতি শীঘ্র নিবা-রিত হয়। এবং শর্করার সহিত দুগ্ধ পান করিলে ধুস্তূর ফল ভক্ষণ জন্য মত্ততা নিবারণ হয় ॥ ১০ ॥

ইতি মদাত্যয়-চিকিৎসা।

অথ দাহ-চিকিৎসা।

যৎ পিত্তজ্বরদাহোক্তং দাহেতৎ সর্ব্ব-মিষ্যতে। শতধৌত ঘৃতাভ্যক্তং দিহ্যা দ্বা যবশক্তুভিঃ ॥ কোলামলকযুক্তৈর্ব্বা ধান্যাম্লৈরপি বুদ্ধিমান্। ছাদয়েত্তস্য সর্ব্বাঙ্গ মারণালার্দ্রবাসসা ॥ লামজ্জে-নাথ শুক্তেন চন্দনেনাঙ্গলেপয়েৎ। চন্দনাম্বুকণাস্যন্দি তালবৃন্তোপবী-জিতঃ ॥ সুপ্যাদ্দাহার্দ্দিতোহস্তোজ

কদলীদলসংস্তরে। পরিষেকাবগাহেষু ব্যজনানাঞ্চ সেবনে। শস্যতে শিশিরং তোয়ং তৃষ্ণাদাহ প্রশান্তয়ে ॥১॥

মদাত্যয়েবদ্দাহিস্যাপি মদ্যপান জন্যত্বাৎ মদাত্যয়াধিকার এব দাহচিকিৎসা যদিত্যাদি কোলেত্যাদিশ্চ দ্বিতীয়ো যোগঃ অত্রাপি দিত্যাদিতি যোজ্যম্ নামজ্জমুশীরং শুক্তং সন্ধানবিশেষঃ তালবৃন্তং তালপত্রনির্ম্মিতব্যজনম্ ॥ ১ ॥

পিত্তজ্বরদাহ চিকিৎসায় যে সকল প্রক্রিয়া ও ঔষধাদি কথিত হইয়াছে, দাহ রোগে সেই সকল প্রক্রিয়া ও ঔষধাদি প্রয়োগ করিবে। এবং শতধৌত ঘৃত যবশক্তু মিশ্রিত করিয়া অঙ্গে লেপন করিবে।

দাহরোগে, কুলের আঁঠির শাস ও আমলকী কাঁজিদ্বারা পেষণ করিয়া অঙ্গে লেপন করিবে। এবং বস্ত্র কাঁজিতে আর্দ্র করিয়া তাহা দ্বারা রোগীর সর্ব্বাঙ্গ ঢাকিয়া রাখিবে।

বেণারমূল (বীরণমূল) অথবা চন্দন শুক্ত (সন্ধান বিশেষ) দ্বারা পেষণ করতঃ রোগীর অঙ্গে লেপন করিবে। এবং চন্দন জলে পাখা ভিজাইয়া রোগীকে ব্যজন করিবে। অথবা পদ্ম বা কদলী পত্র সংস্তরে শয়ন করাইয়া রাখিবে। তৃষ্ণা ও দাহ প্রশমনার্থ পরিষেক, অবগাহন ও ব্যজনবায়ু সেবন প্রভৃতির জন্য শিশির (শীতল জল বা বরফ) জল প্রশস্ত ॥ ১ ॥

ক্ষীরৈ ক্ষীরিকষায়ৈশ্চ সুশীতৈশ্চন্দনান্বিতৈঃ। অন্তর্দ্দাহং প্রশময়েদেতৈরন্যৈশ্চ শীতলৈঃ ॥ ২ ॥

ক্ষীরিকষায়ো বটোডুম্বরাদিকাথঃ। ক্ষীরাদিকমেতৎ পানপরিষেকাদৌ যোজ্যম্ ॥ ২ ॥

চন্দনমিশ্র সুশীতল দুগ্ধ অথবা বটাদি ক্ষীরিবৃক্ষের কাথ এবং অন্যান্য শীতল বস্তুদ্বারা অন্তর্দ্দাহের শান্তি করিবে। কাথ প্রস্তুত করিতে হইলে, ক্ষীরিবৃক্ষের ত্বক্ ২ দুই তোলা গ্রহণ পূর্ব্বক অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া ছাঁকিয়া লইবে ॥ ২ ॥

কুশাদ্যং তৈলং ঘৃতঞ্চ —

কুশাদি শালপর্ণীভির্জীবকাদ্যেন সাধিতং। তৈলং ঘৃতম্বা দাহঘ্নং বাতপিত্তবিনাশনং ॥ ৩ ॥

কুশাদীত্যাদি।—কুশাদিপঞ্চমূলং তৃণপঞ্চমূলং তচ্চ সুশ্রুতোক্তং কুশকাশনলদর্ভকাণ্ডেক্ষুমূলরূপম্। অত্র শালপর্ণীশব্দেন বিদারীগন্ধাদিগণস্য গ্রহণমিতি বৃন্দটিপ্পনী অন্যে তু শালপর্ণ্যাদি পঞ্চমূলস্য গ্রহণমিত্যাহুঃ। নিশ্চলস্তু দিশব্দাভাবাৎ শালপর্ণীমাত্রস্যৈব গ্রহণমিত্যাহ। জীবকাদ্যেনেতি জীবকাদ্যষ্টবর্গেন, জীবকাদ্যষ্টবর্গশ্চ জীবকর্ষভকমেদা মহামেদা কাকোলী ক্ষীরকাকোলী ঋদ্ধি বৃদ্ধয়ঃ, এবং সর্ব্বত্র সুশ্রুতযোগে জীবনীয়াষ্টকং চরকযোগে পুনরেব ঋদ্ধি বৃদ্ধিরহিত মাসপর্ণী মুদ্গপর্ণী জীবন্তীমধুকসহিতং জীবনীয়দশকং জ্ঞেয়ম্। অত্র কুশাদশালপর্ণীভিঃ কাথঃ জীবকাদ্যেন কল্কঃ। অন্যে তু কল্ককাথানির্দ্দেশে গণোক্তত্বাৎ সমাবপেদিতিবচনাৎ সর্ব্বৈরেব কল্ককাথাবিত্যাহুঃ ॥ ৩ ॥

কুশাদি পঞ্চমূল ও শালপর্ণির কাথে জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, ঋদ্ধি ও বৃদ্ধি, ইহাদিগের কল্কদ্বারা যথাবিধি তৈল বা ঘৃত পাক করিয়া সেবন করিলে দাহ ও বাতপিত্ত প্রশমিত হয় ॥ ৩ ॥

ফলিনী লোধ্রসেব্যাম্বু হেমপত্রং কুটন্নটম্। কালীয়ক রসোপেতং দাহেশস্তং প্রলেপনং ॥ ৪ ॥

ফলিনীত্যাদৌ।—ফলিনী প্রিয়ঙ্গুঃ সেব্যমুশীরং, অম্বু বালকঃ হেম নাগকেশরম্ পত্রং তেজপত্রং কুটন্নটং কৈবর্ত্তমুস্তকম্ কালীয়কং কালীয়াইতি খ্যাতম্ পীতকাষ্ঠং গন্ধদ্রব্য বিশেষঃ শ্বেতচন্দনমিতি কশ্চিৎ কালীয়ক কাথশ্চ পেষণার্থমিতি বৃন্দঃ ॥ ৪ ॥

প্রিয়ঙ্গু, লোধ, বেণারমূল (বীরণমূল), বালা, নাগকেশর, তেজপত্র ও কৈবর্ত্তমুস্তক; এই সকল দ্রব্য কালীয় কাষ্ঠের

ক্বাথে পেষণ করিয়া অঙ্গে লেপন করিলে, দাহরোগের পক্ষে বিশেষ উপকার হইয়া থাকে ॥ ৪ ॥

হ্রীবের পদ্মকোশীর চন্দনক্ষোদবারিণা। সংপূর্ণামবগাহেত দ্রোণীং দাহার্দ্দিতো নরঃ ॥ ৫ ॥

হ্রীবেরেত্যাদৌ।—ক্ষোদং চূর্ণম্। এষাং চূর্ণানি শীতলজলেন মিশ্রয়িত্বা অবগাহনং কার্য্যম্ ॥ ৫ ॥
ইতি দাহচিকিৎসা।

বালা, পদ্মকাষ্ঠ, বেণারমূল (বীরণমূল) ও রক্তচন্দন, এই সকলের চূর্ণ মিশ্রিত জল কোন রূপ বৃহৎপাত্রে (গামলাদিতে) রাখিয়া তাহাতে অবগাহন করিলে, দাহপীড়িত ব্যক্তি শান্তি লাভ করিতে পারে ॥ ৫ ।

ইতি দাহ-চিকিৎসা।

অথোন্মাদ-চিকিৎসা।

উন্মাদে বাতিকে পূর্ব্বং স্নেহপানং বিরেচনং। পিত্তজে কফজে বান্তিঃ পরোবস্ত্যাদিকঃ ক্রমঃ ॥ যচ্চোপদেক্ষ্যতে কিঞ্চিদপস্মার চিকিৎসিতে। উন্মাদে তচ্চ কর্ত্তব্যং সামান্যাদ্দোষদূষ্যয়োঃ ॥ ২ ॥

যদ্যপিমদাত্যয়স্য উন্মাদসদৃশত্বেন তথা পূর্ব্বোক্ত বীত্যাচ মদাত্যয়ানন্তরমুন্মাদনিদানেব বক্তুমুচিতো তথাপি সুচিকটাহন্যায়েন দাহমভিধায় উন্মাদ চিকিৎসিতমুচ্যতে উন্মাদ ইত্যাদি।—পরো বস্ত্যাদিকক্রম ইতি পশ্চাৎ স্নেহবস্তিনিরূহণশিরোবিরেচনাত্মকঃ ক্রমঃ কার্য্যঃ। চরকেণাপ্যুক্তং নিরূহণং স্নেহবস্তিঃ শিরসশ্চ বিরেচনম্। ততঃ কুর্য্যাৎ যথাদোষং তেষাং ভূয়স্তমাচরেদিতি। সামান্যাৎ হেতুতুল্যত্বোরিতি, উন্মাদাপস্মারয়োর্দোষকর্ম্মোপঘাতাদিঃ দূষ্যঞ্চ তয়সমানমিত্যর্থঃ। সামান্যাদ্দোষদূষ্যয়োরিতি কেচিৎ পঠন্তি। ২ ॥

বাতিক উন্মাদরোগে স্নেহপান, পিত্তজনিত উন্মাদে বিরেচন এবং কফজ উন্মাদ রোগে প্রথমতঃ বমন করাইয়া বস্ত্যাদিক্রিয়া অর্থাৎ স্নেহবস্তি, নিরূহণ ও শিরোবিরেচনাদি দ্বারা চিকিৎসা করিবে। অপস্মার রোগে যেরূপ ঔষধাদি বলাইয়াছে, উন্মাদ রোগেও সেই সকল ঔষধাদি দ্বারা চিকিৎসা করা কর্ত্তব্য। যেহেতু উক্ত উভয় রোগে (অপস্মার ও উন্মাদ রোগে) দূষ্য ও দোষের তুল্যতা আছে ॥ ১ ॥

ব্রহ্মীকুষ্মাণ্ডী ষড়্গ্রন্থা শঙ্খপুষ্পিকা স্বরসাঃ। উন্মাদহৃতোদৃষ্টাঃ পৃথগেতে কুষ্ঠ মধুমিশ্রাঃ ॥ দশমূলাম্বু সঘৃতং যুক্তং মাংসরসেন বা। সসিদ্ধার্থকচূর্ণম্বা পুরাণং বৈককং ঘৃতং ॥ ২ ॥

ব্রাহ্মীত্যাদয়শ্চত্বারো যোগাঃ কুষ্মাণ্ডীফলমত্র পুরাণং গ্রাহ্যমিত্যাহুঃ ॥ ২ ॥

ব্রহ্মীশাক, পুরাতন কুষ্মাণ্ড, বচ ও শঙ্খপুষ্পী; এই সকলের স্বরস পৃথক্ পৃথক্ কুড় ও মধুমিশ্রিত করিয়া সেবন করিলে, উন্মাদ রোগের শান্তি হয়।

ঘৃতযুক্ত দশমূলীরক্বাথ বা মাংসরস অথবা কেবল পুরাতন ঘৃত কিম্বা শ্বেতসর্ষপ চূর্ণ উন্মাদ রোগ নিবারক। বিল্বছাল, শ্যোণাছাল, গাম্ভারিছাল, পারুলছাল, গণিয়ারীছাল, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, ইহারা দশমূল। ইহারা সমুদয়ে ২ দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া ॥ ২ ॥

উগ্রগন্ধং পুরাণং স্যাদ্দশবর্ষস্থিতং ঘৃতম্। লাক্ষারস নিভং শীতং প্রপুরাণমতঃ পরং ॥ ৩ ॥

পুরাণঘৃতলক্ষণমাহ উগ্রগন্ধমিত্যাদি।—চরকস্য চরকটীকাকৃতস্তু কেচিৎ ইমং শ্লোকমনার্ষং বদন্তি কেচিদেক বর্ষাতীতং ঘৃতং পুরাণমিতি ক্রুবতে তন্মাত্রসম্বাদাৎ ॥ ৩ ॥

এইক্ষণে পুরাতন ঘৃতের লক্ষণ, বলা যাইতেছে। উগ্রগন্ধযুক্ত ও দশবর্ষস্থিত

ঘৃতকে পুরাতন ঘৃত বলা যায় (১)। দশবর্ষের অধিক কাল স্থিত এবং লাক্ষা রসের ন্যায় বর্ণবিশিষ্ট ও শীতবীর্য্য ঘৃতকে প্রপুরাতন ঘৃত বলে ॥ ৩ ॥

শ্বেতোন্মত্তোত্তরদিঙ্মূল সিদ্ধস্তপায়সঃ। গুড়াজ্যসংযুতো হন্তি সর্ব্বোন্মাদাংস্তু দোষজান্ ॥ ৪ ॥

শ্বেতেত্যাদি।—শ্বেতোন্মত্তঃ শ্বেতধুস্তূরস্তস্য উত্তরদিশি স্থিতং মূলং গ্রাহ্যম্। মহেশ্বরস্তু উত্তরদিশি স্থিতং ধবলধুস্তূরমূলংপিষ্টং পল ১, ক্ষুদ্র তণ্ডুল পল ৪, দুগ্ধশরাব ৪, পায়সং সাধ্যং তদনুরূপে গুড়ঘৃতে দত্ত্বা খাদ্যমিত্যাহ ॥ ৪ ॥

শ্বেতধুস্তূর বৃক্ষের উত্তরভাগের মূল ১ এক পল, তণ্ডুল ৪ চারি পল, দুগ্ধ ৪ চারি সের, ইহাতে যথোপযুক্ত শর্করাদি প্রদান করতঃ পায়স পাক করিবে। এই পায়সঘৃত ও গুড় সংযুক্ত করিয়া ভক্ষণ করিলে, উন্মাদরোগের শান্তি হয়। ধুস্তূর মূলাদির পরিমাণের বিষয় যাহা বলা হইয়াছে, উক্ত পরিমাণ এখন ব্যবহার হইতে পারে না, সুতরাং অতি সাবধান পূর্ব্বক ঐ সকলের পরিমাণ স্থির করিয়া লওয়া নিতান্ত আবশ্যক, যেহেতু, অন্যায় মাত্রায় বিপরীত ফল ঘটিয়া থাকে, অধিক কি, মৃত্যু পর্য্যন্ত হইতে পারে। কারণ ধুস্তূর বিষ বিশেষ ॥ ৪ ॥

উন্মাদে সমধুঃ পেয়ঃ শুদ্ধো বা তালশাখজঃ। রসোনস্যেভ্যঞ্জনে চ সার্ষপং তৈলমিষ্যতে ॥ ৫ ॥

উন্মাদ ইত্যাদি।—শুদ্ধ ইতি কেবলঃ তালশাখজ ইতি ছান্দসত্বাৎ স্বঃ। রসইতি চ্ছেদঃ; তেন কোমলতালশাখাভবো রসঃ মধুপ্রক্ষেপেন, শুদ্ধো বা মধুনা বিনাপি ॥ ৫ ॥

উন্মাদ রোগে মধুর সহিত তাল শাখার রস কিম্বা কেবল তাল শাখার রস পান করিবে। এবং সর্ষপ তৈলের নস্য ও উক্ত তৈল অঙ্গে মর্দ্দন করিবে ॥ ৫ ॥

অপক্ক চটকীক্ষীর পীতোন্মাদ বিনাশিনী। বদ্ধং সার্ষপতৈলাক্ত মুত্তানঞ্চাতপে ন্যসেৎ ॥ ৬ ॥

অপক্ক চটকীতি আমচটকীং কল্কীকৃত্য। বদ্ধমিত্যাদি এতচ্চ স্রোতো বিশুদ্ধ্যর্থ সুস্বেদনার্থঞ্চ ॥ ৬ ॥

শিশু চটকীর (চড়াই পাখীর) মাংস পেষণ করতঃ দুগ্ধের সহিত উন্মাদ রোগীকে পান করাইবে। এবং সর্ব্বাঙ্গে সর্ষপতৈল মাখাইয়া রৌদ্রে উত্তান ভাবে (চিৎকরাইয়া) আবদ্ধ করিয়া রাখিবে ॥ ৬ ॥

সিদ্ধার্থকো হিঙ্গুবচা করঞ্জো দেবদারু চ। মঞ্জিষ্ঠা ত্রিফলাশ্বেতা কটভীত্বক্ কটুত্রিকম্ ॥ সমাংশানি প্রিয়ঙ্গুশ্চ শিরীষো রজনীদ্বয়ম্। বস্তমূত্রেণ পিষ্টোঽয়মগদঃ পানমঞ্জনম্ ॥ নস্যমালেপনঞ্চৈব স্নানমুদ্বর্ত্তনন্তথা। অপস্মার বিষোন্মাদ কৃত্যালক্ষ্মীজ্বরাপহঃ ॥ ভূতেভ্যশ্চ ভয়ং হন্তি রাজদ্বারে চ শস্যতে। সর্পিরেতেন সিদ্ধং বা সগোমূত্রং তদর্থকৃৎ ॥ ৭ ॥

সিদ্ধার্থকেত্যাদি।—অত্রকরঞ্জদ্বয়স্য ভণিত্যাহুঃ; শ্বেতা শ্বেতাপরাজিতা; কটভী লতাকুটকীতি খ্যাতা; অন্যেতু করই ইত্যাহুঃ শিরীষস্য ফলম্। অগদ ইতি সংযোগ বিষহরঃ; কৃত্যাভিচারঃ, রাজদ্বারে চ শস্যতেইতি বশীকরণত্বাৎ। এতেনেতি সিদ্ধার্থকাদীনাং কল্কেন ॥ ৭ ॥

শ্বেতসর্ষপ, বচ, হিঙ্গু, উভয়করঞ্জ, লাটাকরঞ্জ, দেবদারু, মঞ্জিষ্ঠা, ত্রিফলা, শ্বেত অপরাজিতা, লতাকট্‌কীত্বক্ (কড়ইবৃক্ষের ছাল), ত্রিকটু, প্রিয়ঙ্গু, শি-

(১) চরক টীকাকার এই বচনকে ঋষিপ্রণীত বলিয়া স্বীকার করেন না। কেহ কেহ বলেন, ঘৃত এক বৎসর অতীত হইলেই পুরাতন হয়। তম্মতে প্রমাণ যথা—
"ঘৃতং ভিষগ্‌ভিঃ মধুরং বদন্তি সংবৎসরোষিতং। অল্পাল্পৈশ্চ দোষাণাং পুরাণং তৎ প্রকীর্ত্তিতম্।"

শিরীষবৃক্ষ, হরিদ্রা ও দারুহরিদ্রা ; এই সকল সমভাগে লইয়া ছাগমূত্রের সহিত পেষণ করিবে। এই ঔষধ পান, চক্ষুতে অঞ্জন, নস্যগ্রহণ, এবং অঙ্গে লেপন, স্নান ও উদ্বর্ত্তন রূপে ব্যবহার করিবে। ইহা অপস্মার, বিষোন্মাদ, অভিচার, অলক্ষ্মী, জ্বর ও ভূতভয় নিবারক। এবং ইহা বশীকরণ হেতু ইহাদ্বারা রাজদ্বারেও বিশেষ জয়লাভ করা যায়। উক্ত শ্বেতসর্ষপাদির কল্ক ও গোমূত্রের সহিত যথাবিধি ঘৃতপাক করিয়া সেবন করিলেও উক্ত রূপ ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৭ ॥

ত্র্যূষণাদ্যাবর্ত্তিঃ—

ত্র্যূষণং হিঙ্গুলবণং বচা কটুকরোহিণী। শিরীষ নক্তমালানাং বীজং শ্বেতাশ্চ সর্ষপাঃ ॥ গোমূত্র পিষ্টৈরেভৈর্ব্বা বর্ত্তির্নেত্রাঞ্জনে হিতা। চাতুর্থকমপস্মারমুন্মাদঞ্চ নিযচ্ছতি ॥ ৮ ॥

ত্র্যূষণেত্যাদি।—স্পষ্টম্ ॥ ৮ ॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), হিঙ্গু, সৈন্ধবলবণ, বচ, কট্‌কী, শিরীষবৃক্ষ, ডহরকঞ্জার বীজ ও শ্বেতসর্ষপ ; এই সকল গোমূত্রের সহিত পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তিদ্বারা নেত্রাঞ্জন করিলে, চতুর্থক অপস্মার ও উন্মাদ রোগের শান্তি হয় ॥ ৮ ॥

শুদ্ধস্যাচারবিভ্রংশে তীক্ষ্ণং নাবনমঞ্জনম্। তাড়নঞ্চ মনোবুদ্ধি স্মৃতি সংবেজনং হিতম্ ॥ তর্জ্জনং ত্রাসনং দানং শান্ত্বনং হর্ষণং ভয়ম্। বিস্ময়ো বিস্মৃতেহেতোর্ণয়ন্তি প্রকৃতিং মনঃ ॥ কামশোকভয়ক্রোধ হর্ষের্ষ্যা লোভসম্ভবান্ ॥ পরস্পরং প্রতিদ্বন্দ্বৈরেভিরেব শমং নয়েৎ। ইষ্টদ্রব্য বিনাশাত্তু মনো যস্যোপহন্যতে ॥ তস্য তৎসদৃশ প্রাপ্ত্যা শান্ত্যাশ্বাসৈশ্চ তান্ জয়েৎ ॥ প্রদেহোৎসাদনাভ্যঙ্গ ধূমাঃ পানঞ্চ সর্পিষঃ। প্রযোক্তব্যং মনোবুদ্ধি স্মৃতি সংজ্ঞা প্রবোধনম্ ॥ কল্যাণকং মহদ্বাপি দদ্যাদ্বা চৈতসং ঘৃতম্। তৈলং নারায়ণঞ্চাপি মহানারায়ণ স্তথা ॥ ৯ ॥

শুদ্ধস্যেত্যাদি।—চরকস্য শুদ্ধস্যেতি বমিতস্য আচার বিভ্রংশে অত্ত্যুন্মাদে ; সংবেজনমুদ্বেজনং ; তর্জ্জনং বচসা ; বিস্মৃতেহেতোরিতি উন্মাদহেতুর্ভয়হর্ষাদিবিস্মারকতয়া প্রভাবাদেব মনঃ প্রকৃতিং স্বভাবং নয়ন্তি। পরস্পর প্রতিদ্বন্দ্বৈরিতি অন্যোন্য প্রত্যনীকৈঃ তস্য তৎসদৃশপ্রাপ্তৈরিতি জ্ঞাবেরুঃ ; তৎসদৃশপ্রাপণৈরিত্যর্থঃ ; শান্ত্যা আশ্বাসৈরিতি শান্ত্বং সামপ্রয়োগঃ বশীভূতকরণার্থ উপায়বিশেষঃ ; আশ্বাসঃ সন্তোষবচনম্। উৎসাদনং চূর্ণঘর্ষণম্। নারায়ণতৈলং মহানারায়ণ তৈলঞ্চ বাতব্যাধৌ বক্ষ্যতি ॥ ৯ ॥

অত্ত্যুন্মাদ রোগীকে বমন ও বিরেচনাদিদ্বারা শুদ্ধ করিয়া তীক্ষ্ণনস্য ও অঞ্জন প্রয়োগ করিবে। এবং তাড়ন, মনঃ, বুদ্ধি ও স্মৃতির পুনরুত্তেজন, তর্জ্জন, ত্রাসন, দান, সান্ত্বনা, হর্ষণ, ভয়, বিস্ময় ; এই সকল ক্রিয়াদ্বারা যাহাতে উন্মাদের বুদ্ধি প্রকৃতিস্থ হয় এইরূপ কার্য্য করিবে। কাম, শোক, ভয়, ক্রোধ, হর্ষ, ঈর্ষ্যা ও লোভসম্ভূত উন্মাদরোগে প্রতিদ্বন্দ্ব কার্য্যদ্বারা চিকিৎসা করিবে। কোন অভিলষিত বস্তুর বিনাশে মনের বিকৃতি হইলে তৎসদৃশ কোন বস্তু তাহাকে প্রদান করতঃ সান্ত্বনা এবং সন্তোষ বাক্য প্রয়োগ করিয়া যাহাতে মনের শান্তি হয়, এইরূপ কার্য্য করিবে। উন্মাদরোগে, মনঃ, বুদ্ধি, স্মৃতি ও জ্ঞান উদ্দীপনার্থ প্রদেহ, চূর্ণঘর্ষণ, ধূমপান, তৈলাদিমর্দ্দন ও ঘৃতাদি প্রয়োগ করা বিধেয়। এবং কল্যাণঘৃত, মহাকল্যা-

নঘৃত, চৈতসঘৃত, নারায়ণতৈল ও মহানারায়ণতৈল ব্যবহার করিলেও বিশেষ উপকার হইয়া থাকে ॥ ৯ ॥

পানীয়কল্যাণকঘৃতম্—

বিশালা ত্রিফলা কৌন্তী দেবদার্ব্বেলবালুকম্। স্থিরা নতং রজন্যৌ দ্বে শারিবে দ্বে প্রিয়ঙ্গুকাঃ ॥ নীলোৎপলৈলামঞ্জিষ্ঠা দন্তীদাড়িমকেশরম্। তালীশপত্রং বৃহতী মালত্যাঃ কুসুমং নবম্ ॥ বিড়ঙ্গং পৃশ্নিপর্ণী চ কুষ্ঠং চন্দনপদ্মকৌ। অষ্টাবিংশতিভিঃ কল্কৈ রেতৈরক্ষসমন্বিতৈঃ ॥ চতুর্গুণং জলং দত্ত্বা ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। অপস্মারে জ্বরে কাসে শোষে মন্দানলে ক্ষয়ে ॥ বাতরক্তে প্রতিশ্যায়ে তৃতীয়ক চতুর্থকে। বম্যর্শোমূত্রকৃচ্ছ্রেষু বিসর্পোপহতেষু চ ॥ কণ্ডূপাণ্ড্বাময়োন্মাদে বিষমেহগরেষু চ। ভূতোপহতচিত্তানাং গদ্গদানামরেতসাম্ ॥ শস্তং স্ত্রীণাঞ্চ বন্ধ্যানাং ধন্যমায়ুর্ব্বলপ্রদম্। অলক্ষ্মীপাপরক্ষোঘ্নং সর্ব্বগ্রহবিনাশনম্ ॥ কল্যাণকমিদং সর্পিঃ শ্রেষ্ঠং পুংসবনেষু চ ॥ ১০ ॥

বিশালেত্যাদি।—বিশালা গোরক্ষকর্কটী; কৌন্তী রেণুক, এলবালুকং স্বনামখ্যাতং সুগন্ধি দ্রব্যং; স্থিরা শালপর্ণী; নতং তগরপাদুকা তদভাবে শিয়লীছোপরঃ; কেশরং নাগকেশরম্; মালতী জাতী তস্যাঃ কুসুমং, নবমিতি কুসুমবিশেষণম্। অষ্টাবিংশতিত্বং কল্কানাং পাঠাদেব সিদ্ধং কিমর্থমুচ্যতে অষ্টাবিংশতিভিরিতি? অত্র যদ্যপি ত্রিফলায়াঃ প্রত্যেকমেব ভাগো গৃহ্যতে, উৎসর্গ সিদ্ধত্বাৎ তথাপি ত্রিফলায়াঃ প্রত্যেকভাগগ্রহণদার্ঢ্যার্থম্ অষ্টাবিংশতিভিরিত্যুক্তম্ যদ্যপি ত্রিফলাশব্দেন দ্রাক্ষাকাশ্মর্য্যপরুষকাউচ্যন্তে তথাপি হরীতক্যাদিত্রিফলায়া এবাত্র গ্রহণং প্রাধান্যাদেবান্যত্রাপি। পুংসবনেম্বিতি পুত্রকারকযোগেষু। ১০।

রাখালশশা, হরীতকী, আমলকী, বহেড়া, রেণুকা, দেবদারু, এলবালুকা, শালপর্ণী, তগরপাদুকা, হরিদ্রা, দারুহরিদ্রা, শ্যামালতা, অনন্তমূল, প্রিয়ঙ্গু, নীলোৎপল, এলাচ, মঞ্জিষ্ঠা, দন্তী, দাড়িম, নাগকেশর, তালীশপত্র, বৃহতী, মালতীরনবপুষ্প, বিড়ঙ্গ, পৃশ্নিপর্ণী (পিঠানি), কুড়, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ; এই অষ্টাবিংশতি দ্রব্য প্রত্যেকে ২ দুই তোলা পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ চতুর্গুণ অর্থাৎ ১৬ ষোল সের জল সহিত প্রস্থ পরিমিত অর্থাৎ ৪ চারি সের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। এই ঘৃত অপস্মার, জ্বর, কাস, শোষ, মন্দাগ্নি, ক্ষয়রোগ, বাতরক্ত, প্রতিশ্যায়, অর্শঃ তৃতীয়ক ও চতুর্থক জ্বর, ছর্দ্দি (বমন), মূত্রকৃচ্ছ্র, বীসর্প, কণ্ডু, পাণ্ডু, উন্মাদ, বিষ, মেহ ও গরদোষ রোগে প্রশস্ত। এই ঘৃতপান করিলে ভূতোপহত চিত্ত এবং যাহার বাক্য অপরিস্ফুট তাহারও বাক্যের জড়তা, বিনষ্ট হয়, এবং ইহা দুর্ব্বল ব্যক্তি ও বন্ধ্যা স্ত্রীলোকদিগের পক্ষেও হিতকারক। আয়ুঃ, বর্ণ ও বলকারক, অলক্ষ্মী ও পাপরক্ষঃ বিনষ্টকারক, সর্ব্বগ্রহ বিনাশক। পুত্রপ্রদ যোগের মধ্যে এই যোগই সর্ব্বশ্রেষ্ঠ ॥ ১০ ॥

ক্ষীরকল্যাণকঘৃতম্—

দ্বিজলং সচতুঃক্ষীরং ক্ষীরকল্যাণকং ত্বিদম্। পানীয় কল্যাণক্ষীর কল্যাণকৌ প্রয়োগৌ ॥ ১১ ॥

তদেব ঘৃতং যদা জলস্থানে শরাবাম্ ক্ষীরস্য ষোড়শ শরাবান্ দত্ত্বা পচ্যতে তদা ক্ষীর কল্যাণকং ভবতি॥ ১১ ॥

রাখালশশা, ত্রিফলা, রেণুকা, দেবদারু, এলবালুকা, শালপর্ণী, তগরপা-

ত্বকা, হরিদ্রা, দারুহরিদ্রা, শ্যামালতা, অনন্তমূল, প্রিয়ঙ্গু, নীলোৎপল, এলাচি, মঞ্জিষ্ঠা, দন্তীমূল, দাড়িম, নাগকেশর, তালিশপত্র, বৃহতী, মালতীপুষ্প, বিড়ঙ্গ, পিঠানি, কুড়, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ ; এই সকল কল্কদ্রব্য এবং জল /৮ আটসের, ও দুগ্ধ ।৬ ষোল সের সহ ঘৃত /৪ চারি সের একত্রপাক করিবে। এই ঘৃতের গুণ ও পাকপ্রণালী পূর্ব্ববৎ জানিবে॥ ১১॥

মহাকল্যাণকঘৃতম্—

এভ্যএবস্থিরাদীনি জলে পক্ত্বৈকবিংশতিম্। রসে তস্মিন্ পচেৎ সর্পি-র্গৃষ্টিক্ষীরং চতুর্গুণম্॥ বীরা দ্বিমাষ কাকোলীস্বয়ং গুপ্তর্ষভর্দ্ধিভিঃ। মেদয়া চ সমৈঃ কল্কৈস্তৎ স্যাৎ কল্যাণকং মহৎ॥ বৃংহণীয়ং বিশেষেণ সন্নিপাতহরং পরম্॥ ১২॥

এভ্যএবেতি কল্যাণোক্তবিশালাদিভ্যঃ স্থিরাদীনীতি ... পঞ্চমূলস্যাপি গ্রহণং স্যাদত আহ একবিংশতি মিতি তদ্গুণসম্বিজ্ঞান বহুব্রীহিশঙ্কানিরাশার্থং বা একবিংশতিমিত্যুক্তম্? গৃষ্টিরেকবারপ্রসূতা ধেনুঃ। অত্র চতুর্গুণক্ষীরস্য নির্দ্দিষ্টত্বাদুদকস্য সিদ্ধোক্তব এব দেয়ঃ তেনা নির্দ্দিষ্টমানক্কাথোত্র স্নেহ সম এবেতি পঞ্চগুণঃ পাকঃ যুক্তঞ্চৈতৎ পঞ্চ প্রভৃতি যত্রস্যুরিত্যাদি পরিভাষার্থেনাস্যাংশস্য সমানন্যায়ত্বাদিতি কেচিৎ। অন্যে তু ক্ষীরেণৈবাত্র চতুর্গুণে প্রাপ্তেঽয়ং কষায়ঃ" একেনাপি চাতুর্গুণ্যামিত্যাদি পরিভাষায়া অবিষয়ত্বেন স্নেহাত্তোয়ং চতুর্গুণমিতি দ্রবচাতুর্গুণ্যপরিভাষয়া ক্ষীরমানস্যাহচার্য্যাৎ বা চতুর্গুণোজ্জেয় ইতি বদন্তি। বীরা পৃশ্নিপর্ণী ক্ষীর বিদারীত্যন্যে। দ্বিমাষ ইত্যনেন রাজমাষ ক্ষেত্রমাষয়োর্গ্রহণমিতি কেচিৎ অন্যেতু মুদ্গপর্ণী মাষপর্ণী ইত্যাহুঃ অপরেতু দ্বিশব্দস্য কাকোলীত্যনেন সম্বন্ধাৎ ক্ষীরকাকোল্যা অপি গ্রহণমিত্যাহুঃ তন্ন বাভটসম্বাদবিরোধাৎ ; অন্যেতু বীরাদ্বিমাসভিপাঠান্তরমংর্জ্জমাষশুক্লমাষ ইতি ব্যাচক্ষতে। বীরাদিনা পরিমিতঘৃতৈতানি ইত্যেকে বীরাদীনাং প্রত্যেকমেকপলমিতি মহেশ্বরঃ॥ ১২॥

শালপর্ণী, তগরপাদুকা, হরিদ্রা, দারুহরিদ্রা, শ্যামালতা, অনন্তমূল, প্রিয়ঙ্গু, নীলোৎপল, এলাচ, মঞ্জিষ্ঠা, দন্তী, দাড়িম্ব, নাগকেশর, তালীশপত্র, বৃহতী, মালতীরনবপুষ্প, বিড়ঙ্গ, পৃশ্নিপর্ণী (চাকুলে), কুড়, রক্তচন্দন ও পদ্মকাষ্ঠ ; এই সকলের ক্বাথ /৪ চারি সের, গৃষ্টি (১) অর্থাৎ একবার প্রসূতা গাভীর দুগ্ধ ।৬ ষোলসের সহিত ঘৃত /৪ চারি সের পাক করিবে। কল্কদ্রব্য যথা।—উত্তমরূপ পেষিত অথবা কুট্টিত চাকুলে, মাষপর্ণী, (২) মুদ্গপর্ণী বা মুগানী, কাকোলী, শূকশিম্বী, ঋষভক, ঋদ্ধি, মেদা, প্রত্যেকে ১ এক পল অর্থাৎ প্রত্যেকে ৮ আট তোলা। এই ঘৃত যথাবিধি পাক করিয়া সেবন করিলে, উন্মাদ রোগের শান্তি হয় এবং শরীরের মাংস বৃদ্ধি, বিশেষতঃ সন্নিপাত (বায়ু, পিত্ত, কফ) বিনষ্ট হইয়া থাকে॥ ১২॥

চৈতসং ঘৃতম্—

পঞ্চমূলানি কাশ্মর্য্যা রাস্নৈরণ্ড ত্রিবৃদ্বলা। মূর্ব্বা শতাবরী চেতি ক্বাথৈর্দ্বিপলিকৈরিমৈঃ॥ কল্যাণকস্য চাঙ্গেন তদ্ঘৃতং চৈতসং স্মৃতম্। সর্ব্বচেতোবিকারাণাং শমনং পরমং মতম্॥ ঘৃতপ্রস্থোত্র পক্তব্যঃ ক্বাথো দ্রোণাস্তসা ঘৃতাৎ। চতুর্গুণোঽত্র সম্পাদ্যঃ কল্কঃ কল্যাণকেরিতঃ॥ ১৩॥

পঞ্চমূল্যাবিতি দশমূলী গাম্ভারী রহিতা, দ্বিপলিকৈরিতি এষাং প্রত্যেকং দ্বিপলম্ ; কল্যাণকস্যাঙ্গেনেতি পানীয়কল্যাণোক্তকল্কেন যথোক্তমা-

---

(১) কোন কোন পুস্তকে "ঘৃষ্টিক্ষীরং চতুর্গুণং এইরূপ পাঠ আছে। তন্মতে শূকরীর দুগ্ধ দ্বারা এই ঘৃত পাক করিবে; যেহেতু ঘৃষ্টি শব্দে শূকর বোধ করে।

(২) কোন২ গ্রন্থকর্ত্তা মাষপর্ণী ও মুদ্গপর্ণী স্থলে রাজমাষ ও ক্ষেত্রমাষের ব্যবস্থা দিয়া থাকেন।

নেনেত্যর্থঃ, অন্যেত্তু অত্রোক্তমানং পরিত্যজ্য ঘৃতাৎ পাদিকং মানং গৃহ্নন্তি। যদ্যপি দ্রব্যমপোথিতং কার্য্যং দত্ত্বা ষোড়শিকং জলং পানীবশিষ্টঃ কর্ত্তব্যমেষ কাথবিধিঃ স্মৃত ইতি কৃষ্ণাত্রেয় পরিভাষয়া ত্রিংশৎ পলে কাথ্যে ষষ্টিঃ শরাবা ভবন্তি জলস্য তথা কাথস্য ঘৃতাচ্চতুর্গুণার্থং দ্রোণাম্ভসেতি চক্রেনোক্তম্ ॥ ১৩ ॥

বেলছাল, শ্যোণাছাল, গণিয়ারিছাল, শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর, পারুল, রাস্না, এরণ্ড, তেউড়ী, বেড়েলা (বারকলী), মূর্ব্বামূল (বেড়াচক্র), শতমূলী; এই সকল দ্রব্য প্রত্যেকে দুই পল, জল ৬৪ চৌষট্টি সের, শেষ ।৬ ষোলসের। এই কাথে পূর্ব্বোক্ত পানীয় কল্যাণক ঘৃত বিহিত কল্কদ্রব্য সহ ঘৃত /৪ চারি সের পাক করিবে। এই ঘৃত সর্ব্বপ্রকার চিত্তবিকার নিবারণার্থ অতি শ্রেষ্ঠ। পানীয় কল্যাণ ঘৃতের কল্ক যথা,—রাখালশশা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), রেণুকা, দেবদারু, এলবালুকা, শালপাণি, তগরপাদুকা, হরিদ্রা, দারুহরিদ্রা, শ্যামালতা, অনন্তমূল, প্রিয়ঙ্গু, নীলোৎপল, এলাচি, মঞ্জিষ্ঠা, দন্তীমূল, দাড়িম, নাগকেশর, তালিশপত্র, বৃহতী, মালতীরনবপুষ্প, বিড়ঙ্গ, পিঠানী, কুড়, চন্দন, পদ্মকাষ্ঠ; ইহাদের প্রত্যেকে দুই তোলা হিসাবে গ্রহণ করিবে ॥ ১৩ ॥

মহাপৈশাচিকং ঘৃতম্—

জটিলা পূতনাকেশী চারটী মর্কটী বচা।
ত্রায়মাণা জয়াবীরা চোরক কটুরোহিণী ॥ বয়স্থা শূকরীচ্ছত্রা সাতিচ্ছত্রা পলঙ্কষা। মহাপুরুষ দন্তা চ বয়স্থানাকুলীদ্বয়ম্ ॥ কটুম্ভরা বৃশ্চিকালী স্থিরা-চৈব চ তৈর্ঘৃতম্ ॥ সিদ্ধং চাতুর্থকোন্মাদ গ্রহাপস্মারনাশনম্। মহাপৈশাচিকং নামঘৃতমেতদ্যথামৃতম্ ॥ মেধাবুদ্ধি স্মৃতিকরং বালানাঞ্চাঙ্গবর্দ্ধনং ॥ ১৪ ॥

মহাপৈশাচিকে জটিলা মাংসী; পূতনা হরীতকী কেশী ভূতকেশী; চারটী কুম্ভাকু পদ্মমৃণালমিত্যন্যে ব্রহ্মযষ্টীত্যপরে; মর্কটী শূকশিম্বী, জয়া জয়ন্তী বীরা ক্ষীরকাকোলী, পৃশ্নিপর্ণীত্যপরে; চোরকং চোরপুষ্পী; বয়স্থা ব্রাহ্মী, গুড়ূচীত্যন্যে অপরেতু নির্গুণ্ডীত্যাহুঃ, শূকরী বারাহিকা তদভাবে চর্ম্মকারালুকঃ; ছত্রা মধুরিকা; অতিচ্ছত্রা শতপুষ্পা, পলঙ্কষা গুগ্গুলুঃ; মহাপুরুষদন্তা শতাবরী; বয়স্থা শঙ্কানলা ব্রহ্মীত্যন্যে; নাকুলীদ্বয়ং রাস্নাদ্বয়ং রাস্নাগন্ধরাস্নাচ; কটম্ভরা কটকী প্রসারণী বা; বৃশ্চিকালী বৃশ্চিকপত্রী বিছাতীতি খ্যাতা; স্থিরা শালপর্ণী। স্বল্পপৈশাচিকস্যাভাবাৎ মহচ্ছব্দোয়ং মহাগুণকারকত্বাদিত্যাহুঃ; অন্যেতু জটিলা স্থিরাম্বু ভূকেশীত্যাদিনা স্বল্পপৈশাচিকস্যাপি তন্ত্রান্তরে পঠিতত্বাৎ তদপেক্ষয়াংশস্য মহামহত্বমাহুঃ ॥ ১৪ ॥

জটামাংসী, হরীতকী, ভূকেশী, পদ্মমৃণাল (অন্যমতে ব্রহ্মযষ্টী), শূকশিম্বী, বচ, বলাডুমুর, জয়ন্তী, ক্ষীরকাকোলী (অন্যমতে পৃশ্নিপর্ণী), চোরপুষ্পী (দাঁতখৈরকা), কটকী, নিসিন্দা, বরাহক্রান্তা, মৌরী, শুল্‌ফা, গুগ্‌গুলু, শতমূলী, দন্তী, ব্রহ্মী, রাস্না, গন্ধরাস্না, প্রসারণী (গান্ধাইল), বিছাতি ও শালপানি; এই সকল দ্রব্যের উত্তমরূপ কুটিত বা পেষিত কল্ক সহিত যথানিয়মানুসারে ঘৃত পাক করিয়া সেবন করিলে, চাতুর্থক উন্মাদ ও অপস্মার রোগ বিনাশ প্রাপ্ত হয়। সিদ্ধফল এই মহাপৈশাচ ঘৃত উন্মাদ রোগে অমৃতের ন্যায় হিতকারী। এবং মেধা, বুদ্ধি, স্মৃতিকর ও বালাগণের অঙ্গ পরিবর্দ্ধক ॥ ১৪ ॥

হিঙ্গ্বাদ্যং ঘৃতম্—

হিঙ্গুসৌবর্চ্চলব্যোষৈর্দ্বিপলাংশৈর্ঘৃতাঢকম্। চতুর্গুণে গবাং মূত্রে সিদ্ধমুন্মাদনাশনম্ ॥ ১৫ ॥

হিঙ্গ্বাদ্যাদৌ।—ব্যোষস্য প্রত্যেকং দ্বিপলাংশতা ॥ ১৫ ॥

হিঙ্গু, সৌবর্চ্চল, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), এই সকল প্রত্যেকে ২ দুই পল অর্থাৎ ১৬যোল তোলা (একপোয়া) কল্ক ও চতুর্গুণ গোমূত্র সহিত।৬ষোল সের ঘৃত যথাবিধি পাক করিয়া পান করিলে, উন্মাদ রোগ বিনষ্ট হয় ॥ ১৫ ॥

লশুনাদ্যং ঘৃতম্—

লশুনস্যাবিনষ্টস্য তুলার্দ্ধং নিস্তুষী-কৃতম্। তদর্দ্ধং দশমূলাত্ত দ্যাঢ়-কেঽপাং বিপাচয়েৎ ॥ পাদশেষে ঘৃত-প্রস্থং লশুনস্য রসং তথা। কোল-মূলক বৃক্ষাম্ল মাতুলুঙ্গার্দ্রকৈরসৈঃ ॥ দাড়িমাম্বু সুরামস্ত কাঞ্জিকাম্লৈস্ত-দর্দ্ধিকৈঃ। সাধয়েত্ত্রিফলাদারু লবণ-ব্যোষদীপ্যকৈঃ ॥ যমানী চব্যহিঙ্গ্বম্ল-বেতসৈশ্চ পলার্দ্ধিকৈঃ। সিদ্ধমেতৎ পিবেৎ শূলগুল্মার্শোজঠরাপহম্ ॥ ব্রধ্নপাণ্ডাময়প্লীহ যোনিদোষ ক্রিমি জ্বরান্। বাতশ্লেষ্মাময়াংশ্চান্যামুন্মা-দাংশ্চাপকর্ষতি ॥ ১৬ ॥

লশুনস্যেত্যাদৌ।—অবিনষ্টস্যেতি নিশুষ্কস্য; তুলার্দ্ধং পঞ্চাশৎ পলানি, তদর্দ্ধং দশমূলস্যেতি মিলিত্বা দশমূলস্য পঞ্চবিংশতি পলানি, পাদশেষ ইত্যাদ্রুকঃ লশুনস্য রসস্থাপতি প্রস্থমেব। দাড়িমাম্বু দাড়িমরসঃ। তদর্দ্ধিকৈরিত্যত্র তচ্ছব্দেন প্রাধান্যাৎ প্রত্যাসত্ত্যাচ ঘৃতপরিমাণাৎ কোলাদিরসৈঃ প্রত্যেকমর্দ্ধপ্রস্থৈরিত্যর্থঃ, অন্যেত্তু তদর্দ্ধিকৈরিত্যত্র তচ্ছব্দেন পাদাবশিষ্টকষায়ঃ পরামৃশ্যতে তেন লশুনস্য রসাদীনাং দশানামেব শরাবার্দ্ধিকত্বেন প্রত্যেকং প্রস্থমানমিত্যাহুঃ। ১৬।

বিশুদ্ধ লশুনের খোসা পরিত্যাগ করিয়া তাহার ৫০ পল (/৬।০ সের), মিলিত দশমূল অর্থাৎ বিল্বছাল, শ্যোণাছাল, গাম্ভারিছাল, গণিয়ারিছাল, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর ও পারুলছাল; ইহারা সমুদয়ে ২৫ পল, জল ৩২ সের, শেষ ৮ সের। এই ক্বাথ এবং লশুনের রস /৪ সের, বদরীরস, মূলার রস, মহাদারুরস, ছোলঙ্গলেবুর (টাবালেবু) রস, আদার রস, দাড়িমের রস সুরা, দধিরমাত ও কাঁজিক প্রত্যেকে ২ সের সহিত /৪ চারিসের ঘৃত পাক করিবে। কল্কদ্রব্য যথা,—ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), দারু-হরিদ্রা বা দেবদারু, সৈন্ধব, ত্রিকটু, বনযমানী, যমানী, চৈ, হিঙ্গু, থৈকল; ইহাদিগের প্রত্যেকে ৪ তোলা কল্ক করিয়া তৈলে প্রদান করিবে। এই ঘৃত বিধিপূর্ব্বক পাক করিয়া সেবন করিলে, শূল, গুল্ম, অর্শঃ, উদরাময়, ব্রধ্ন, পাণ্ডুরোগ, প্লীহা, যোনিদোষ, ক্রিমি, জ্বর, বাতশ্লেষ্ম ও বিবিধ উন্মাদরোগ বিনষ্ট হয়। উক্ত ঘৃত পাক করিবার নিয়ম এই, প্রথমতঃ ঘৃত অগ্নিতে উষ্ণ করতঃ ত্রিফলা প্রভৃতির কল্ক ও উপযুক্ত পরিমাণ জল সহিত পাক করিবে। অনন্তর ঘৃত হইতে সিটে গুলি ফেলিয়া রসোনের কাথদ্বারা পাক করিবে। পরে ক্রমে রসোনের রস প্রভৃতিদ্বারা পাক করিয়া শেষ পাকের লক্ষণ সমূহ প্রকাশ পাইলে নামাইয়া ছাকিয়া লইবে এবং যথোপযুক্ত মাত্রায় রোগীকে সেবন করিতে দিবে ॥ ১৬ ॥

সর্পিঃ পানাদি রাগন্তোর্মন্ত্রাদিশ্চেষ্যতে বিধিঃ। পূজাবল্যুপহারেষ্টি-হোমমন্ত্রাঞ্জনাদিভিঃ ॥ জয়েদাগন্তুমুন্মাদং যথাবিধি শুচির্ভিষক্ ॥ ১৭ ॥

আগন্তুন্মাদ চিকিৎসামাহ সর্পিরিত্যাদি — সর্পিরিত ভুক্তবৎ চৈতসাদি। পূজেত্যাদৌ বলিঃ পূজোপকরণম্ উপহার উপঢৌকনম্। কিম্বা পূজা বল্যোপহারঃ উপঢৌকনমেব। অঞ্জনাদিভিরিতি আদিশব্দাৎ স্বস্ত্যয়নাদিকং বোধ্যং যদুক্তং ভূতানামধিপং দেবমীশানং জগতঃ প্রভুং পূজয়ন্ প্রযতো নিত্যং নুদত্যুন্মাদজং ভয়মিতি। ১৭।

আগন্তু অর্থাৎ ভূতাবেশাদি জন্য উন্মাদরোগে, চৈতসাদি ঘৃত পান, ও মন্ত্রাদি বিধি আচরণ করিবে এবং পবিত্র ভাবে পূজা, বলি, উপহার, মন্ত্র পাঠ, ইষ্ট হোম ও অঞ্জনাদি দ্বারা প্রতীকারের বিধান করিবে ॥ ১৭ ॥

কৃষ্ণামরিচ সিন্ধূত্থমধুগোপিত্ত নির্ম্মিতং। অঞ্জনং সর্ব্বভূতোত্থ মহোন্মাদ বিনাশনম্ ॥ ১৮ ॥

কৃষ্ণেত্যাদৌ গোপিত্তং গোরোচনা ॥ ১৮ ॥

পিপ্পলী, মরিচ, সৈন্ধব, মধু, গোরোচনা; এই সকল দ্বারা অঞ্জন করিলে সর্ব্ব প্রকার ভূতাবেশ জন্য মহোন্মাদরোগের নিবৃত্তি হয় ॥ ১৮ ॥

দার্ব্বী মধুভ্যাং পুষ্যায়াং কৃতঞ্চ গুড়িকাঞ্জনম্। মরিচং বাতপেমাসং সপিত্তং হিতমঞ্জনম্ ॥ বৈকৃতং পশ্যতঃ কার্য্যং দোষভূত হতস্মৃতেঃ ॥ ১৯ ॥

দার্ব্বীত্যাদি স্পষ্টম্। মরিচমিত্যাদি।—মরিচং গোরোচনয়া আতপে মাসৈকং ভাবিতমঞ্জনং কর্ত্তব্যম্। দোষভূতহতস্মৃতিরিতি দোষেণ ভূতেন বা হতাস্মৃতির্যস্য ইত্যর্থঃ ॥ ১৯ ॥

পুষ্যানক্ষত্রে দারুহরিদ্রা ও মধুদ্বারা গুড়িকা অঞ্জন প্রস্তুত করিয়া কিম্বা গোপিত্তের সহিত মরিচ চূর্ণ রৌদ্রে একমাস পর্য্যন্ত ভাবনা দিয়া শুষ্ক করতঃ তাহা দ্বারা অঞ্জন করিলে, বিকৃতিদর্শী, দোষাভিভূত হতস্মৃত (যাহার স্মৃতিশক্তি লোপ হইয়াছে) ব্যক্তির রোগের শান্তি হয় ॥ ১৯ ॥

নিম্বপত্র বচাহিঙ্গু সর্প নির্ম্মোক সর্ষপৈঃ। ডাকিন্যাদিহরোধূপ ভূতোন্মাদবিনাশনঃ ॥ ২০ ॥

নিম্বেত্যাদি স্পষ্টম্ ॥ ২০ ॥

নিম্বপত্র, বচ, হিঙ্গু, সাপের খোলস ও সর্ষপ; এই সকলের ধূপ প্রদান করিলে ডাকিন্যাদি ও ভূতোন্মাদ বিনষ্ট হয় ॥ ২০ ॥

কার্পাসাস্থি ময়ূরপিচ্ছবৃহতীনির্ম্মাল্য-পিণ্ডীতকৈস্ত্বগ্বাংশীবৃষদংশবিট্ তুষ বচ কেশাহি নির্ম্মোককৈঃ। গোশৃঙ্গদ্বিপদন্ত হিঙ্গুমরিচৈস্তুল্যৈস্তু ধূপঃ কৃতঃ স্কন্দোন্মাদপিশাচ রাক্ষস-সুরাবেশ জ্বরঘ্নঃ স্মৃতঃ ॥ ২১ ॥

কার্পাসেত্যাদি।—কার্পাসাস্থি কার্পাসবীজং। নির্ম্মাল্যং শিবনির্ম্মাল্যম্। পিণ্ডীতকং মদনফলং ত্বগ্বাংশীতি ত্বক্ক্ষীরং বাংশী বংশলোচনা অন্যেতু ত্বগ্বাংশী বংশস্য ত্বগিত্যাহুঃ। বৃষদংশো বিড়ালঃ তস্যবিট্ পুরীষং কেশো ভূতকেশী বাল ইত্যপরে ॥ ২১ ॥

কার্পাস বীজ, ময়ূরপুচ্ছ, বৃহতী, নির্ম্মাল্য, ময়নাফল, বীরণমূল, বংশলোচন, বিড়ালের বিষ্ঠা, তুষ, বচ, মনুষ্য কেশ, সাপের খোলস, গো শৃঙ্গ, হস্তিদন্ত, হিঙ্গু, মরিচ; এই সকল সমভাগে লইয়া ধূপ প্রদান করিলে, পিশাচ, সুর ও রাক্ষসাদির আবেশ জন্য স্কন্দোন্মাদ ও জ্বররোগের শান্তি হয় ২১ ॥

ব্রহ্মরাক্ষস জিন্নস্ত্যং পক্বৈন্দ্রীফলমূত্রজম্। সাজ্যং ভূতহরং নস্যং শ্বেতজ্যেষ্ঠাম্বুনির্ম্মিতম্ ॥ ২২ ॥

ব্রহ্মেত্যাদি।—পক্বৈন্দ্রীফলং পরিণতগোরক্ষকর্কটীফলং গোমূত্রেণ সহ যোজ্যং নস্যং বিধেয়ম্। সাজ্য মিত্যাদৌ শ্বেতা শ্বেতাপরাজিতা জ্যেষ্ঠাম্বু তণ্ডুলাম্বু। ২২॥

পক্ক গোরকচাউলিয়া (গোরক্ষকর্কটী) ফল গোমূত্রের সহিত পেষণ করতঃ নস্য গ্রহণ করিলে, ব্রহ্মরাক্ষসাবেশজন্য উন্মাদ রোগ বিনষ্ট হয় এবং ঘৃত সংযোগে শ্বেত অপরাজিতার রস ও চাউলের জলের (তণ্ডুলোদক) নস্য গ্রহণ করিলে ভূতোন্মাদ বিনাশ প্রাপ্ত হয় ॥ ২২ ॥

দেবর্ষিপিতৃগন্ধর্ব্বৈরুন্মত্তস্য চ বুদ্ধিমান্। বর্জ্জয়েদঞ্জনাদীনি তীক্ষ্ণানি ক্রূরমেব চ॥ প্রসাদশ্চেন্দ্রিয়ার্থানাং বুদ্ধ্যাত্মমনসান্তথা। ধাতুনাং প্রকৃতিস্থত্বং বিগতোন্মাদলক্ষণম্॥ ২৩॥

দেবেত্যাদৌ —ক্রূরমিতি তাড়ন বন্ধনাদিকম্। এতচ্চ পরিবর্জ্জনং দৈবাদ্যুপঘাতপরিহারার্থম্ উক্তঞ্চ বৈদ্যো গুরৌ বিনিয়ন্তি এবং ক্রুদ্ধা দহেত্কম ইতি॥ ২৩॥

ইত্যুন্মাদ চোন্মাদচিকিৎসা।

দেব, ঋষি, পিতৃগণ ও গন্ধর্ব্বাদির আবেশ জনিত উন্মাদরোগে, বুদ্ধিমান বৈদ্য তীক্ষ্ণ অঞ্জন ও তাড়নাদি ক্রূরকর্ম্ম পরিত্যাগ করিবেন।

যাহার ইন্দ্রিয়, মন ও বুদ্ধির প্রসন্নতা ও ধাতু প্রকৃতিস্থ হইয়াছে, তাহাকে, উন্মাদরোগ হইতে মুক্ত বলিয়া নিশ্চয় করিবে॥ ২৩॥

ইত্যুন্মাদ-চিকিৎসা।

অথাপস্মার-চিকিৎসা।

বাতিকং বস্তিভিঃ প্রায়ঃ পৈত্তং প্রায়োবিরেচনৈঃ। শ্লৈষ্মিকং বমনপ্রায়ৈরপস্মারমুপাচরেৎ॥ ১॥

তুল্যচিকিৎসিতত্বাদুন্মাদানন্তরমপস্মার চিকিৎসিত মুচ্যতে বাতিকমিত্যাদি।—বমন প্রায়ৈরিতি বমনপ্রধানৈঃ॥ ১॥

বাতিক অপরস্মার রোগে বস্তিপ্রধান প্রক্রিয়া, পৈত্তিকে বিরেচন প্রধান ঔষধাদি ও শ্লৈষ্মিকে বমন প্রধান ঔষধাদি প্রয়োগ করিয়া চিকিৎসা করিবে॥ ১॥

সর্ব্বতঃ সুবিশুদ্ধস্য সম্যগাশ্বাসিতস্য চ। অপস্মার বিমোক্ষার্থং যোগান্ সংশমনান্ শৃণু॥ ২॥

সর্ব্বত ইত্যূর্দ্ধমধশ্চ শুদ্ধস্য। আশ্বাসিতস্যেতি সংশোধনানন্তরং সংসর্জ্জনক্রমেণ সংজাতবলস্য॥ ২॥

বস্তিশোধনাদি দ্বারা বিশুদ্ধ ও আশ্বাসিত রোগীকে রোগ বিনাশার্থ যে সকল সংশমন ঔষধ প্রয়োগ করিতে হইবে তাহা শ্রবণ করুন্॥ ২॥

মনোহ্বাতার্ক্ষ্যজঞ্চৈব শকৃৎ পারাবতস্য চ। অঞ্জনং হন্ত্যপস্মারমুন্মাদঞ্চ বিশেষতঃ॥ ৩॥

মনোহ্বা মনঃশিলা, তার্ক্ষ্যজং রসাঞ্জনম্॥ ৩॥

মনঃশিলা, রসাঞ্জন, কপোতের বিষ্ঠা এই সকলের অঞ্জন করিলে অপস্মার ও উন্মাদরোগ নষ্ট হয়॥ ৩॥

যষ্টিহিঙ্গু বচা বক্র শিরীষলশুনাময়ৈঃ। সাজ্যমূত্রৈরপস্মারে সোন্মাদে নাবনাঞ্জনে॥ ৪॥

যষ্টিত্যাদৌ বক্রং তগরং, শিরীষং শিরীষস্য ফলং; আময়ং কুষ্ঠম্॥ ৪॥

যষ্টিমধু, হিঙ্গু, বচ, তগরপাদুকা, শিরীষ, লশুন, কুড়, এই সকল দ্রব্য গোমূত্রে পেষণ করিয়া নস্য কিম্বা অঞ্জন করিলে অপরস্মার ও উন্মাদরোগ বিনষ্ট হয়॥ ৪॥

পুষ্যোদ্ধৃতং শুনঃপিত্তমপস্মারঘ্নমঞ্জনং। তদেব সর্পিষা যুক্তং ধূপনং পরমং স্মৃতং॥ নকুলোলূকমার্জ্জার গৃধ্রকীটাহি কাকজৈঃ। তুণ্ডৈঃ পক্ষৈঃ পুরীষৈশ্চ ধূপনং কারয়েদ্ভিষক॥ ৫॥

পুষ্যেত্যাদি।—পুষ্যানক্ষত্রে যদৃচ্ছয়া মৃতকুক্কুরস্য পিত্তং গ্রাহ্যমিত্যাহুঃ। উলূকঃ পেচকঃ কীটঃ পশ্চিমদেশজবৃশ্চিকঃ; এষাং তুণ্ডাদিকং যথা সম্ভবং গ্রাহ্যম্॥ ৫॥

পুষ্যা নক্ষত্রে যদৃচ্ছা মৃত কুক্কুরের পিত্ত গ্রহণ করিয়া অঞ্জন করিলে, অপস্মাররোগের শান্তি হয় এবং ঐ কুক্কুরপিত্ত ঘৃত সহযোগে ধূপ প্রদান করা অপস্মার রোগে হিতকর।

অপস্মাররোগে নকুল (বেঁজি), পেচক, বিড়াল, শকুনি, পশ্চিম দেশোদ্ভব বৃশ্চিক, সর্প ও কাক; ইহাদের মস্তক, পক্ষ ও বিষ্ঠা যথাসম্ভব গ্রহণ করিয়া ধুপ প্রদান করিলেও অপস্মার রোগের পক্ষে বিশেষ উপকার হইয়া থাকে ॥ ৫ ॥

ক্কায়স্থান্ শারদান্ মুদ্গান্ মুস্তোশীর যবাংস্তথা। সব্যোষান্ বস্তমূত্রেণ পিষ্ট্বা বর্ত্তিং প্রকল্পয়েৎ ॥ অপস্মারে তথোন্মাদে সর্পদংষ্টে গরার্দ্দিতে। বিষপীতে জলমৃতে চৈতাঃস্যুরমৃতোপমাঃ ॥ ৬ ॥

ক্কায়স্থানিত্যাদি।—কায়স্থঃ নির্গুণ্ডী, শারদানিতি মুদ্গ বিশেষণং জ্যৈষ্ঠমাসোদ্ভব মুদ্গ নিরাসার্থম্। বর্ত্তিরিত্যঞ্জন বর্ত্তী। বিষপীত ইতি পীতবিষে. গরঃ সংযোগবিষং জলমৃতইতি জলপানেন মৃতপ্রায়ে সর্ব্বথা মৃতে হি ভেষজং বিফলমিতি জলমৃতলক্ষণং যথা বিষ্টব্ধপায়ুমূর্দ্ধাক্ষ মাধ্মাতোদরমেহনম বিদ্যাজ্জলমৃতং জন্তুং শীতপাদকরাননমিতি॥ ৬॥

নিসিন্দা, শরৎকালীয় মুগ, মুথা, বেণার মূল (বীরণমূল), যব, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), এই সকল ছাগমূত্রে পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তি অপস্মার, উন্মাদ, সর্পদংষ্ট্র, সংযোগ বিষ এবং বিষপীত ও জলমগ্নে মৃত (মৃতপ্রায়) (১) ব্যক্তিদিগের পক্ষে অমৃততুল্য ॥ ৬ ॥

অপেতরাক্ষসী কুষ্ঠ পূতনাকেশিচোরকৈঃ। উৎসাদনং মূত্রপিষ্টৈর্মূত্রৈরেবাবসেচনং ॥ ৭ ॥

অপেতরাক্ষসীতি অপেতরাক্ষসী শ্বেততুলসী তস্যাঃস্বরস ইত্যর্থঃ। পূতনা হরীতকী, কেশী ভূতকেশী, চোরঃ চোরপুষ্পী, চরকোক্ত পূর্ব্বযোগে বস্তমূত্র সম্বর্দ্ধনাৎকাপি বস্তমূত্রমেবেত্যাহুঃ। কিম্বা প্রধান কল্পত্বাত্র গোমূত্রমেবমূত্রশব্দবাচ্যম্॥ ৭॥

শ্বেত তুলসী, কুড়, হরীতকী, ভূতকেশী, চোরপুষ্পী, এই সকল দ্রব্য যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ উৎসাদন করিবে কিম্বা কেবল গোমূত্রদ্বারা অবসেচন করিলেও অপস্মার রোগের শান্তি হয় ॥ ৭ ॥

জতুকাশকৃতা তদ্বদ্দগ্ধৈর্ব্বাবস্তরোমভিঃ। অপস্মারহরো লেপো মূত্রসিদ্ধার্থশিগ্রুভিঃ ॥ ৮ ॥

জতুকা শকৃতেতি জতুকা চর্ম্মচটকঃ তস্যাঃ পুরীষেণ, তদ্বদিত্যুৎসাদনং। দগ্ধৈরিতি বস্তরোমভিরিত্যনেন যোজ্যম্। অপস্মারেত্যাদৌ মূত্রং গোমূত্রম্॥ ৮॥

চামচিকার বিষ্ঠা বা গোমূত্র মিশ্রিত দগ্ধ ছাগলোম উৎসাদন করিবে। অথবা শ্বেতসর্ষপ ও সজিনাছাল গোমূত্রে পেষণ করিয়া তদ্দ্বারা অপস্মার রোগীর অঙ্গ লেপন করিবে ॥ ৮ ॥

যঃ খাদেৎ ক্ষীরভক্তাশী মাক্ষিকেণ বচারজঃ। অপস্মারং মহাঘোরং সুচিরোত্থং জয়েৎ ধ্রুবং ॥ ৯ ॥

যঃখাদেদিত্যাদৌ মাক্ষিকেণ মধুনা॥ ৯॥

অপস্মার রোগী দুগ্ধান্ন সেবী হইয়া উপযুক্ত পরিমাণ মধুর সহিত বচের চূর্ণ সেবন করিলে, চিরকালোৎপন্ন অতি কঠিন অপস্মার রোগও জয় করিতে পারে ॥ ৯ ॥

উদ্বন্ধিত নরগ্রীবা পাশং দগ্ধ্বা কৃতামসী। শীতাম্বুনা সমং পীতা হন্ত্যপস্মারমুদ্ধতং ॥ ১০ ॥

উদ্বন্ধিত উদবন্ধনমৃতোনরঃ তস্য গ্রীবা পাশং গ্রীবাবন্ধনরজ্জুম্॥ ১০॥

উদ্বন্ধনে মৃত মনুষ্যের গলবদ্ধ রজ্জু

(১) মৃত ব্যক্তিকে ঔষধ প্রয়োগ কোন কার্য্যকারক হয় না, অতএব জলমৃতের লক্ষণ বলা যাইতেছে;—

"বিষ্টব্ধ পায়ুমূর্দ্ধাক্ষমাধ্মাতোদরমেহনং।
বিদ্যাজ্জলমৃতং জন্তুং শীতপাদকরাননং।"

অল্প শীতল জলের সহিত পান করিলে, সুদারুণ অপস্মার রোগ বিনষ্ট হয় ॥১০॥

প্রয়োজ্যং তৈললশুনং পয়সা বা শতাবরী। ব্রহ্মীরসশ্চ মধুনা সর্ব্বাপস্মার ভেষজং॥ ১১ ॥

প্রয়োজ্যমিত্যাদি।—যোগত্রয়ং স্পষ্টম্॥ ১১॥

তৈল ও রসুন কিম্বা শতমূলী ও দুগ্ধ অথবা ব্রহ্মীরস ও মধু, এই ত্রিবিধ যোগ সর্ব্বপ্রকার অপস্মারেই হিতকর ॥ ১১ ॥

নির্দ্দহ্য নির্দ্রবাং কৃত্বা ছাগিকামরনালিকাং। তামম্ল সাধিতাং খাদন্নপস্মারমুদস্যতি ॥ ১২ ॥

নির্দ্দহ্যেত্যাদৌ।—অমরনালিকা অমরাখ্য স্থূলে নাড়ী; অম্লসাধিতামিতি কাঞ্জিকসাধিতাং॥ ১২॥

ছাগীর অমরনাড়ী পীড়ন করিয়া নির্দ্রব করতঃ কাঁজির সহিত সিদ্ধ করিয়া ভক্ষণ করিলে অপস্মার রোগ বিনাশ প্রাপ্ত হয় ॥ ১২ ॥

হৃৎকম্পোঽক্ষিরুক্ যস্য স্বেদো হস্তাদিশীতভা। দশমূলীজলস্তস্য কল্যাণাজ্যঞ্চ যোজয়েৎ ॥ ১৩ ॥

হৃৎকম্প ইত্যাদি স্পষ্টম্॥ ১৩॥

অপস্মার রোগে, যাহার হৃৎকম্প, চক্ষুঃপীড়া, ঘর্ম্ম ও হস্ত পদাদি শীতল হয়, তাহাকে দশমূলীর কাথ অথবা কল্যাণঘৃত পান করাইবে। দশমূল যথা—বিল্বছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারী, শালপানি (ছালানি), চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর। ইহাদিগের কাথ করিতে হইলে উহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের দ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে ॥ ১৩ ॥

স্বল্পপঞ্চগব্যং ঘৃতম্—

গোশকৃদ্রসদধ্যম্লক্ষীরমূত্রৈঃ সমৈর্ঘৃতং। সিদ্ধং চাতুর্থকোন্মাদগ্রহাপস্মারনাশনং ॥ ১৪ ॥

গোশকৃদিত্যাদৌ।—দধ্যম্লং পরিণতদধি সমশব্দোঽত্রদধ্যাদিভিশ্চ সম্বধ্যতে॥ ১৪॥

গোময় রস, অম্ল দধি, দুগ্ধ ও গোমূত্র; এই সকল সমভাগে লইয়া যথানিয়মে তুল্য পরিমাণ ঘৃত পাক করিবে। এই ঘৃত সেবন করিলে চাতুর্থক উন্মাদ ও গ্রহাপস্মার বিনাশপ্রাপ্ত হয় ॥ ১৪ ॥

বৃহৎপঞ্চগব্যং ঘৃতম্—

দ্বেপঞ্চমূলে ত্রিফলা রজন্যৌ কটুজত্বচং। সপ্তপর্ণমপামার্গং নীলিনীং কটুরোহিণীং ॥ সম্পাকং ফল্গুমূলঞ্চ পৌষ্করং সদুরালভং। দ্বিপলানি জলদ্রোণে পক্ত্বা পাদাবশেষিতে ॥ ভার্গীপাঠাত্রিকটুকং ত্রিবৃতা নিচুলানি চ। শ্রেয়সীমাঢ়কীং মূর্ব্বাং দন্তীং ভূনিম্বচিত্রকৌ ॥ দ্বে শারিবে রোহিষঞ্চ ভূতিকং মদয়ন্তিকাং। ক্ষিপেৎ পিষ্ট্বাক্ষমাত্রাণি তৈঃ প্রস্থং সর্পিষঃ পচেৎ ॥ গোশকৃদ্রস দধ্যম্লক্ষীরমূত্রৈশ্চ তৎ সমৈঃ। পঞ্চগব্যমিতি খ্যাতং মহত্তদমৃতোপমং॥ অপস্মারে জ্বরে কাসে শ্বয়থাবুদরেষু চ। গুল্মার্শঃ পাণ্ডুরোগেষু কামলায়াং হলীমকে। অলক্ষ্মীগ্রহরক্ষোঘ্নং চাতুর্থক বিনাশনং ॥১৫॥

দ্বেপঞ্চমূলে ইত্যাদি।—দ্বেপঞ্চমূলে বিদারীগন্ধাদিকে। রজন্যাবিতি হরিদ্রাদ্বয়ং বাভটেঽপি দ্বিপঞ্চমূলী ত্রিফলা দ্বিনিশা কুটজত্বচ ইত্যুক্তম্। সপ্তপর্ণং সপ্তপর্ণস্য ত্বক্; অপামার্গং অপামার্গস্য মূলং নীলিনী স্বনাম খ্যাতা সম্পাকং আরগ্বধং ফল্গু কাকোডুম্বরিকাফলং ডুমুর ইতি লোকে পৌষ্করং মূল মিত্যন্বয়ঃ। ভার্গীং ভার্গীমূলং ত্রিবৃতাং ত্রিবৃতামূলং নিচুলানি ইজ্জলস্য ফলানি; শ্রেয়সী হস্তিপিপ্পলী আঢ়কী তুবরী তস্যাবীজং রোহিষো গন্ধতৃণভেদং, ভূতিকং যমানী মদয়ন্তিকা

বনমল্লিকা। অত্র পাকাবশিষ্ট কষায় শতুর্থাংশঃ গোশকৃদিতি দ্রবাদয়শ্চ ঘৃতসমাঃ, তেনাষ্টগুণঃ পাকঃ ॥ ১৫ ॥

দশমূল, হরীতকী, আমলকী, বহেড়া, হরিদ্রা, দারুহরিদ্রা, কুরচিরছাল, ছাতিম ছাল, অপামার্গ (আপাঙ্গ), নীলবুহ্ম, কট্কী, সোনালুফল, ডুমুরের মূল, পুষ্করমূল (অভাবে কুড়), দুরালভা; এই সকল প্রত্যেকে দুই পল পরিমাণে লইয়া ৬৪ সের জলে সিদ্ধ করতঃ ।৬ সের অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ এবং ব্রহ্মযষ্টি (বামুনহাটী), আকনাদি, ত্রিকটু, তেউড়ী, হিজলফল, গজপিপ্পলী, অরহর, মূর্ব্বা (সূচীমুখী বা গোড়াচক্র অথবা বোড়াচক্র), দন্তী, চিরতা, চিতা, শ্যামালতা, অনন্তমূল, গন্ধতৃণ, যমানী ও বনমল্লিকা, এই সকলের দুইতোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত কল্ক করিয়া ঘৃত /৪ সের পাক করিবেক। পাককালে গোময় রস /৪ সের, অম্লদধি /৪ সের, দুগ্ধ /৪ সের ও গোমূত্র /৪ সের উহাতে ক্রমে প্রদান করতঃ পাক করিতে থাকিবে এবং পাক শেষ হইলে ছাকিয়া লইবে। অমৃতের তুল্য এই মহাপঞ্চগব্য ঘৃত অপস্মার, জ্বর, কাস, শোথ, উদর, গুল্ম, অর্শঃ ও পাণ্ডু রোগে প্রশস্ত এবং হলীমক অলক্ষ্মী, কামলা, গ্রহাবেশজ রোগ ও চাতুর্থক উন্মাদ নাশক। এই ঘৃত প্রথমতঃ যথাক্রমে কল্ক, অম্লদধি ও দুগ্ধাদি দ্বারা পাক করিয়া অবশেষে গোময় রস ও গোমূত্র সহ পাক করিতে হইবে ॥ ১৫ ॥

মহাচৈতসং ঘৃতম্—

শণস্ত্রিবৃত্তথৈরণ্ডো দশমূলী শতাবরী। রাস্নামাগধিকাশিগ্রুঃ ক্বাথ্যং দ্বিপলিকং ভবেৎ ॥ বিদারীমধুকং মেদেদ্বে কাকোল্যৌ চ সিতা তথা। খর্জ্জুরমৃদ্বীকাভীরুযুঞ্জাত গোক্ষুরৈঃ ॥ চৈতসস্য ঘৃতস্যাঙ্গৈঃ পক্তব্যং ঘৃতমুত্তমং। মহাচৈতসংজ্ঞন্তু সর্ব্বাপস্মারনাশনং ॥ গরোন্মাদ প্রতিশ্যায় তৃতীয়ক চতুর্থকান্। পাপালক্ষ্যৌ জয়েদেতৎ সর্ব্বগ্রহবিনাশনং ॥ শ্বাসকাসং হরং চৈব শুক্রার্ত্তব বিশোধনং। ঘৃতমানং ক্বাথবিধিরিহ চৈতস বন্মতঃ ॥ কল্কশ্চৈতসকল্কোক্ত দ্রব্যৈ সার্দ্ধঞ্চ পাদিকঃ। নিত্যং যুঞ্জাতকাপ্রাপ্তৌ তালমস্তকমিষ্যতে ॥ ১৬ ॥

মহাচৈতসে শণস্যমূলং বীজং বা ব্যবহারস্তু বীজেনেতি মাগধিকা পিপ্পলী। ক্বাথ্যং দ্বিপলিকং ভবেদিত্যনেন ক্বাথঃ, ক্বাথেঽপি পূর্ব্ববৎ চৈতসক্বাথবৎ দ্রোণাম্ভসা কার্য্যঃ। বিদারীপ্রভৃতিকল্কঃ। মেদে মেদে দ্বে খর্জ্জুরং খর্জ্জুরস্য ফলম্; অভীরু শতাবরী যুঞ্জাতং ঔত্তরপথিকঃ কন্দঃ, তদভাবে তালমস্তকং। চৈতসস্য ঘৃতস্যাঙ্গৈরিতি পূর্ব্বোক্ত চৈতসঘৃত কল্কৈ বিশালা ত্রিফলাদিভিঃ চৈতসসোত্যাদি কল্যাণসাঙ্গৈ রিতি বক্তব্যেঽতি দেশাঽতিদেশকরণম্ অত্রোক্ত কল্কদ্রব্যেন সহ পাদিকাথম্ অন্যথা কল্যাণকে তত্রাক্ষসমাংশত্বে ক্তিত্যুক্তত্বাদত্রাপি তঙ্কমানং প্রসজ্যেত অতো বিশালা ত্রিফলেত্যাদিনা কল্কেন সহ বিদারী মধুকাদেঃ কল্কস্য মিলিত্বা ঘৃতাৎপাদিকত্বং জ্ঞেয়ম্ অত এব বক্ষ্যতি কল্কশ্চৈতসকল্কোক্ত দ্রব্যৈঃ সার্দ্ধঞ্চ পাদিকমিতি ॥ ১৬।

শণবীজ, তেউড়ী, এরণ্ডমূল, বেল ছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারী ছাল, গণিয়ারী, শালপাণি, চাকূলে বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, শতমূলী, রাস্না, পিপুল, সজিনা, ইহাদিগের প্রত্যেকে দুই পল পরিমাণে লইয়া ৬৪ সের জলে সিদ্ধ করতঃ ।৬ সের অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথে ভূমিকুষ্মাণ্ড, যষ্টিমধু, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, চিনি, খর্জ্জুর, দ্রাক্ষা, শতমূলী, মুঞ্জাতকলতা, গোক্ষুর এবং চৈতস

ঘৃতোক্ত কল্ক দ্রব্য সকল দ্বারা উপযুক্ত পরিমাণ ঘৃত পাক করিবে। এই শ্রেষ্ঠ মহাচৈতসঘৃত সকল প্রকার অপস্মার, উন্মাদ, গরদোষ, প্রতিশ্যায়, তৃতীয়ক ও চতুর্থক উন্মাদ, পাপ ও অলক্ষ্মীজ পীড়াসমূহ ও গ্রহানুবেশ বিনষ্ট কারক; কাস ও শ্বাসনাশক; শুক্র ও আর্ত্তব শোধন কারক। এই মহাচৈতস ঘৃতে চৈতসঘৃতের ন্যায় কাথ প্রস্তুত (২) বিধি ও ঘৃতের পরিমাণ গ্রহণ করিতে হইবে। এবং কল্কদ্রব্য সকল মিলিত স্নেহের চতুর্থাংশ দিতে হইবে। মুণ্ডাতকের অভাবে তালমস্তক দ্বারা এই ঘৃত প্রস্তুত করিবে ॥ ১৬ ॥

কুষ্মাণ্ডকঘৃতম্—

কুষ্মাণ্ডকরসে সর্পি রষ্টাদশগুণে পচেৎ। যষ্ট্যাহ্বকল্কং তৎ পানমপস্মারবিনাশনম্ ॥ ১৭ ॥

কুষ্মাণ্ডক ঘৃতং স্পষ্টম্ ॥ ১৭ ॥

অষ্টাদশ গুণ কুষ্মাণ্ড রস ও যষ্টিমধুর কল্ক দ্বারা ঘৃত যথারীতি পাক করিয়া পান করিলে, অপস্মার রোগ নষ্ট হয়। যষ্টিমধু উত্তমরূপ কুট্টিত করিয়া ঘৃতে প্রদান করিবে ॥ ১৭ ॥

ব্রহ্মীঘৃতম্—

ব্রহ্মীরসে বচাকুষ্ঠ শঙ্খপুষ্পীভিরেব চ। পুরাণং মেধ্যমুন্মাদগ্রহাপস্মারনুৎঘৃতম্ ॥ ১৮ ॥

ব্রাহ্মীঘৃতে চতুর্গুণে ব্রহ্মীরসে ঘৃতপাকঃ ॥ ১৮ ॥

চতুর্গুণ ব্রহ্মীশাকের রস এবং বচ, কুড় ও চোরপুষ্পীর কল্কদ্বারা উপযুক্ত পরিমাণ পুরাতন ঘৃত যথারীতি পাক করিয়া সেবন করিলে, উন্মাদ ও গ্রহাপস্মার রোগ বিনষ্ট হয়। এবং এই ঘৃত মেধ্য অর্থাৎ মেধাজনক ॥ ১৮ ॥

পলঙ্কষাদ্যং তৈলম্—

পলঙ্কষা বচা পথ্যা বৃশ্চি[illegible]র্ক সর্ষপৈঃ। জটিলাপূতনাকেশী লাঙ্গলী হিঙ্গুচোরকৈঃ ॥ লশুনাতিরসাচিত্রা কুষ্ঠৈর্ব্বিড্‌ভিশ্চপক্ষিণাং। মাংসাশিনাং যথালাভং বস্তমূত্রে চতুর্গুণে ॥ সিদ্ধমভ্যঞ্জনে তৈলমপস্মারবিনাশনম্ ॥ ১৯ ॥

পলঙ্কষেত্যাদি।—পলঙ্কষা গুগ্‌গুলুঃ, [illegible] মাংসী, পূতনাকেশী ভূতকেশী; ইতি [illegible] অন্যেতু পূতনা হরীতকীভেদঃ কেশীভূত[illegible]ত্যাহুঃ জতুকর্ণে গোলোমী পঠ্যতে নতু পূত[illegible] নাকুলী মহাপৈশাচিকা ব্যবহৃতা, অতিরসা [illegible] যষ্টিমধু অন্যেতু জ্যোতিষ্মতীত্যাহুঃ জতুক[illegible] [illegible]র্কমিতি। চিত্রা, দন্তী, মাংসাশিনাং পক্ষিণা[illegible] [illegible] গৃধ্রাদীনাং ॥ ১৯ ॥

গুগ্‌গুল, বচ, হরীতকী, বিছাতি আকন্দ, শ্বেতসর্ষপ, জটামাংসী, ভূকেশী, রাস্না, হিঙ্গু, চোরপুষ্পী, রসুন, গোরক্ষ চাউলা (গোরক চাকুলে), চিতা, কুড়, এবং মাংসাশী পক্ষীর বিষ্ঠা; এই সমস্ত দ্রব্যের কল্কের সহিত চতুর্গুণ ছাগমূত্রে উপযুক্ত পরিমাণ তৈল পাক করিয়া সেবন করিলে, অপস্মার রোগ বিনাশ প্রাপ্ত হয়। কল্কদ্রব্য সমূহ উত্তমরূপ কুট্টিত করিয়া লওয়া নিতান্ত আবশ্যক ॥ ১৯ ॥

অভ্যঙ্গঃ সার্ষপং তৈলং বস্তমূত্রে চতুর্গুণে। সিদ্ধং স্যাদেগাশকৃন্মূত্রৈঃ স্নানোৎসাদনমেব চ ॥ ২০ ॥

অভ্যঙ্গ ইত্যাদি।—অকল্কমিদং তৈলম্। গোশকৃতা উৎসাদনমুৎবর্ত্তনং গোমূত্রেণ স্নানমিতি যথাযোগ্যতয়া বোদ্ধব্যম্ ॥ ২০ ॥

ইত্যপস্মারচিকিৎসা।

(২) অর্থাৎ চৈতসঘৃতের কাথ প্রস্তুত করার নিয়ম এবং ঐ তাতে যে পরিমাণ ঘৃত লিখিত আছে, এই মহাচৈতস ঘৃতেও সেই পরিমাণ ঘৃত ও কাথ প্রস্তুত প্রণালী গ্রহণ করিবে।

অপস্মার রোগে, চতুর্গুণ ছাগমূত্রে সর্ষপতৈল পাক করিয়া অঙ্গে মর্দ্দন করিবে। এবং রোগীর গাত্রে গোময় লেপন করিয়া গোমূত্র দ্বারা স্নান করাইবে ॥ ২০ ॥

ইত্যপস্মারচিকিৎসা।

অথ বাতব্যাধি-চিকিৎসা।

স্বাদ্বম্ললবণৈঃ স্নিগ্ধৈরাহারৈর্ব্বাতরোগিণঃ। অভ্যঙ্গস্নেহবস্ত্যাদ্যৈঃ সর্ব্বানেবোপপাদয়েৎ ॥ ১ ॥

বাতবিশেষস্যাক্ষেপকাদেরপস্মারবদ্বেগ কর্ত্তৃত্বাত্তথা প্রায়স্তুল্য চিকিৎসিতত্বাচ্চোপস্মারানন্তরং বাতব্যাধিরুচ্যতে। যদ্যপি বাত ব্যাধিরিত্যুক্তে রবিকৃতে বা যাবতি প্রসঙ্গঃ তথাপি ব্যাধিপদসমানাধিকরণ্যাদ্বিকৃতো দুঃখকারী বাতোব্যাধিরিত্যর্থোজ্ঞেয়ঃ। ননুবাতব্যাধিবৎ পিত্তকফবিকারা অপিত্তুল্যদোষতৃপ্ত্যাদয়ঃ কিমিতি পৃথক্ করণে নোচ্যন্তেনৈবং বায়োরতিবলত্বেন গরীয়স্ত্বাৎ তদ্বিকারাণামেব তু দুঃসাধ্যাত্বাৎ আশ্বেবাত্যয়করত্বাৎ বিশিষ্ট চিকিৎসিতত্বাচ্চ পৃথক্ করণেনাভিধানং যুক্তম্। কফপিত্তবিকারাণাস্তু যথা বিধিত্বাৎ বিরেচন বমনাদি কফপিত্ত সামান্য চিকিৎসোক্তয়া চিকিৎসোক্তা ইতি জ্ঞেয়া। সাধারণ চিকিৎসামাহ স্বাদ্বম্লেত্যাদি ॥ ১ ॥

স্বাদু, অম্ল, ও লবণ রসান্বিত স্নিগ্ধ আহার, তৈলাদি মর্দ্দন, ঘৃতাদি স্নেহ দ্রব্য সেবন ও বস্তিশোধন ইত্যাদি কার্য্যদ্বারা সর্ব্ববিধ বাতব্যাধি রোগের চিকিৎসা করিবে ॥ ১ ॥

বিশেষতস্তু কোষ্ঠস্থে বাতেক্ষারং পিবেন্নরঃ। আমাশয়স্থে শুদ্ধস্য যথাদোষহরীক্রিয়া ॥ ২ ॥

বিশেষত ইত্যাদৌ—ক্ষারং যবক্ষারং কিম্বা গ্রহণ্যাং নির্দ্দিষ্টং দীপনক্ষারং। আমাশয়স্থ ইত্যাদি শুদ্ধস্য বমনবিরেচনাদিনা শুদ্ধস্য ॥ ২ ॥

কোষ্ঠগত বাতে, যবক্ষার কিম্বা গ্রহণী চিকিৎসোক্ত দীপন ক্ষার পান বিধেয়। আমাশয়স্থ—বাতে বমনও বিরেচনাদি দ্বারা দেহশুদ্ধ করিয়া দোষাধিক্য বিবেচনায় (অর্থাৎ কোন্ দোষের আধিক্য ইত্যাদি বিবেচনা পূর্ব্বক) তত্তদ্দোষহারক ঔষধাদি প্রয়োগ করা বিধেয় ॥ ২ ॥

আমাশয় গতে বাতে ছর্দ্দিতায় যথাক্রমম্। দেয়ঃ ষড়্ধরণো যোগঃ সপ্তরাত্রং সুখাম্বুনা ॥ ৩ ॥

আমাশয়গত ইত্যাদি।—সুশ্রুতস্য ছর্দ্দিতায় যথাক্রমমিতি স্নেহ স্বেদ পেয়াদি ক্রমানতি ক্রমেণ, বাতস্যাশি কফস্থানগতত্বেন। যদুক্তং স্থানাৎস্থানগতং দোষং স্থানবৎ সমুপাচরেদিতি ॥ ৩ ॥

আমাশয়গত বাতরোগে, রোগীকে যথাক্রমে বমনাদি করাইয়া সপ্তাহ পর্য্যন্ত ঈষদুষ্ণজলের সহিত বক্ষ্যমাণ ষড়্ধরণ যোগদ্বারা চিকিৎসা করিবে ॥ ৩ ॥

চিত্রকেন্দ্রযবাঃ পাঠা কটুকাতিবিষা-ভয়াঃ। মহাব্যাধি প্রশমনো যোগঃ ষড়্ধরণঃ স্মৃতঃ ॥ পলদশমাংশোধরণং যোগোঽয়ং সৌশ্রুতস্তত্তস্য। মাষেণ পঞ্চগুঞ্জকমানেন প্রত্যহং দেয়ঃ ॥৪॥

ষট্ধরণযোগো মহাব্যাধি প্রশমন ইতি মেদঃ-কফাবৃতব্যাধিঃ মহাব্যাধিঃ। ষট্ধরণ ইতি ষণ্ণাং চিত্রকাদীনাং প্রত্যেকধরণং পলদশমাংশরূপং মানং যত্র স তথা এতদেবাহ পলদশমাংশো ধরণমিতি ননু পলদ্রব্য ব্যবস্থাপি চরক সুশ্রুত মতভেদেন দ্বিধা উক্তা তদিহ চরকস্য পলস্য দশমাংশো ধরণম্ ইত্যত আহ যোগোয়মিতি অয়ং চিত্রকেত্যাদি যোগঃ সৌশ্রুত ইতি কৃত্বা তস্য সুশ্রুতস্য পঞ্চগুঞ্জকমানেন মাষেণ যৎপলং ভবতি তস্যৈব পলস্য দশমোভাগঃ প্রত্যেকং চিত্রকাদীনাং ষণ্ণাং প্রত্যহং সপ্তদিনং যাবদ্দেয়মিত্যর্থঃ এবঞ্চ পঞ্চগুঞ্জকমানানুসারাৎ পলদশমাংশেন রক্তিত্রয়াধিকমর্যাষকাঃ ভবন্তি যড়্ভি ধরণৈশ্চ মিলিত্বা পঞ্চ রক্তিক মাষানুসারেণ সরক্তিত্রয়যথাধিককর্ষদ্বয়ং স্যাৎ এতদেব ব্যবক্রিয়মানেন দশরক্তিক মাষেণ সরক্তিত্রয়মাষত্রয়াধিককর্ষমানং ভবতি তাদৃশ্যান্নক্ষ প্রত্যহমেব সপ্তরাত্রং যাবৎ দেয়ম্। উক্তঞ্চ, গতোহি কর্ষশ্চূর্ণস্য দেয়োভবতি অত্র সরক্তিত্রয় মাষক ত্রয়াধিক কর্ষ গ্রহণার্থং বিশেষবচনমেবেতি ॥ ৪ ॥

চিতা, ইন্দ্রযব, আকনাদি, কট্‌কী, আতইচ ও হরীতকী; এই ষড়্‌বিধ ঔষধ মেদঃ কফাবৃতব্যাধি বিনাশক। ইহার নাম ষড়্‌ধরণ যোগ। পলের দশমাংশকে ধরণ বলা যায়। উক্ত যোগ সুশ্রুত গ্রন্থে উক্ত হইয়াছে। সুতরাং সুশ্রুতের মতে পঞ্চগুঞ্জক পরিমিত মাষার নিয়মানুসারেই উক্ত ঔষধ প্রতি দিবস রোগীকে প্রদান করিবে॥ ৪॥

পক্কাশয়গতে বাতেহিতং স্নেহবিরেচনং। বস্তয়ঃ শোধনীয়াশ্চ প্রাশাশ্চ লবণোত্তরাঃ॥ ৫॥

বস্তয়ঃ শোধনীয়া যা ইতি শোধন বস্তয়ঃ যথা শোধন দ্রব্য নিঃক্বাথাস্তৎকল্কস্নেহ সৈন্ধবৈর্যুক্তাঃ খাজেন মথিতা বস্তয়ঃ শোধনাঃমতা ইতি। প্রাশাশ্চ লবণোত্তরা ইতি লবণপ্রধানা আহারাঃ কিম্বা লবণোত্তরাঃ প্রাশাঃস্নেহলবণকল্যাণলবণাদয়ঃ।৫।

পক্কাশয়গত বাতরোগে, স্নেহ বিরেচন এবং শোধনীয় বস্তি ও লবণরস প্রধান আহার ব্যবস্থা করিবে॥ ৫॥

স্নেহলবণম্—

মুষ্ণীলবণবার্ত্তাকু স্নেহান্ ছন্নে ঘটে দহেৎ। গোময়ৈঃ স্নেহলবণং তৎপরং বাতনাশনম্॥ ৬॥

তদেব স্নেহলবণমাহ মুষ্কীত্যাদি অত্র লবণানিপঞ্চ, স্নেহাশ্চত্বারঃ ছন্ন ইতি শরাবাদি পিহিতে লিপ্তমুখে গোময়ৈরিতিবন্য ইীপঞ্চলবণ বার্ত্তাকু ফলানি তদনু ঘৃততৈলবসামজ্জভিঃ স্নিগ্ধীকৃত্য ঘটেকৃত্বা মুখমালিপ্য গোময়াগ্নিনা দগ্ধব্যানি অতঃকোষ্ঠং বিভজ্যউপযোজ্যানি॥ ৬॥

মনসাসীজ, সৈন্ধবলবন, বিট্‌লবণ, সৌবর্চ্চললবণ, উদ্ভিদলবন ও সামুদ্রলবণ, বার্ত্তাকু এবং তৈল কিম্বা ঘৃত; এই সকল দ্রব্য একটী ঘটে রাখিয়া তাহার মুখ বন্ধ করিবে। এবং গোময়াগ্নিতে (ঘুঁটের অগ্নিতে) দগ্ধ করিয়া লইবে। ইহার নাম স্নেহ লবণ। ইহা সেবন করিলে বাতব্যাধি বিনষ্ট হয়॥ ৬॥

কার্য্যোবস্তিগতে চাপি বিধির্বস্তিবিশোধনঃ। ত্বঙ্‌মাংসাসৃক্‌শিরাপ্রাপ্তে কুর্য্যাচ্চাসৃগ্বিমোক্ষণম্॥ ৭॥

বিধির্বস্তি বিশোধন ইতি মূত্রাঘাতাশ্মরী চিকিৎসাবিধিঃ। ত্বগিত্যাদি অত্র ত্বঙ্মাংসাদি গত বাতে রক্ত মোক্ষণরূপমেকমেব চিকিৎসিতম্। আবরক রক্তব্যপগমতয়া বোধ্যম্। অন্যে স্নেহাভ্যঙ্গোপনাহাংশ্চ মর্দ্দনা লপনানি চেতি সুশ্রুত বাক্যস্য ত্বঙ্মাংসাসৃক্‌শিরা প্রাপ্ত ইত্যনেন সহ সম্বন্ধং বিদধতি। ততশ্চ ত্বঙ্মাংসাসৃগ্‌গতবাতে স্নেহাভ্যঙ্গাদিকং রক্ত গতবাতেতু যোগ্যতয়া রক্তমোক্ষণমেবেত্যাহুঃ॥ ৭॥

বস্তিগত বাতরোগে বস্তিশোধন ক্রিয়া ব্যবহার করা বিধেয়। এবং চর্ম্ম, মাংস, রক্ত ও শিরাশ্রিত বাতরোগ রক্ত মোক্ষণ হিতকর॥ ৭॥

স্নেহোপহানাগ্নিকর্ম্ম বন্ধনোন্মর্দ্দনানি চ। স্নায়ুসন্ধ্যস্থি সংপ্রাপ্তে কুর্য্যাদ্বাতে বিচক্ষণঃ॥ ৮॥

স্নেহোপনাহেত্যাদিনা স্নায়ু সন্ধ্যস্থি গত বাত চিকিৎসামাহ॥ ৮॥

বাতরোগ, স্নায়ু (নাড়ী), সন্ধিস্থান ও অস্থি আশ্রয় করিলে, বিচক্ষণ চিকিৎসক স্নেহ সেবন, উপানাহন, অগ্নিকর্ম্ম, বন্ধন ও উন্মর্দ্দন প্রভৃতি ব্যবস্থা করিবে॥ ৮॥

স্বেদাভ্যঙ্গাবগাহাংশ্চ হৃদ্যং চান্নং ত্বগাশ্রিতে। শীতাঃ প্রদেহারক্তস্থে বিরেকো রক্তমোক্ষণম্॥ ৯॥

স্বেদাভ্যঙ্গেত্যাদিনা রসগতানিল চিকিৎসামাহ। হৃদ্যমিত্যত্র স্পর্শমিতি জেজ্জড়ঃ পঠতি, কিন্তু ত্বগ্ শব্দেন ত্বক্‌স্থোরস উচ্যতে ত্বগাশ্রিত্বক রসস্য সর্ব্বগতাদ্ভবতি। অতএব ধাতুগত কুষ্ঠাভিধানে ত্বগ্‌গতত্বেনৈব রসগতত্বমুক্ত্বা রসগত কুষ্ঠলক্ষণং সুশ্রুতেনোক্তম্। অতো রসস্য বিশেষেণ হৃদয়াশ্রিতত্বাৎ হৃদ্যমেব পাঠোযুক্ত ইত্যাহুঃ॥ শীতাঃপ্রদেহেতি শীতপ্রদেহাদিরূপ চিকিৎসা কথনার্থ মিহ লিখিতং তেন ত্বঙ্মাংসাসৃগিত্যাদি সুশ্রুত বচনেন পূর্ব্বোক্তেনাস্য পৌনরুক্তং নাশঙ্কনীয়ম্॥ ৯॥

চর্ম্মাশ্রিত বাতরোগে, স্বেদ, তৈলাদি মর্দ্দন, অবগাহন ও হৃদ্য অন্ন প্রয়োগ করিবে। এবং রক্তস্থবাতে শীতল প্রলেপন, রক্ত মোক্ষণ ও বিরেচন ব্যবস্থা করিবে॥ ৯॥

বিরেকো মাংসমেদঃস্থে নিরুহাঃ শমনানি চ। বাহ্যাভ্যন্তরতঃ স্নেহৈরস্থিমজ্জগতং জয়েৎ॥ ১০॥

মেদস্থানিলচিকিৎসামাহ বিরেক ইত্যাদি।—মজ্জগতানিলচিকিৎসামাহ বাহ্যেত্যাদি॥ ১০॥

মাংস ও মেদোগবাতরোগে, বিরেচন নিরুহন ও দোষ নাশক ঔষধ প্রয়োগ করিবে। অস্থি ও মজ্জাগত বাতে, স্নেহ আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ করিবে। অর্থাৎ ঘৃতাদি পান ও অঙ্গে তৈলাদি মর্দ্দন করিবে॥ ১০॥

হর্ষোন্নপানং শুক্রস্থে বলশুক্রকরং হিতং। বিবদ্ধমার্গং শুক্রন্তু দৃষ্ট্বা দদ্যাদ্বিরেচনং॥ ১১॥

শুক্রস্থানিলচিকিসামাহ হর্ষ ইত্যাদি।—হর্ষ ইতি মনসঃ॥ ১১॥

শুক্রগত বাতরোগে, হর্ষণ, বল ও শুক্র বৃদ্ধিকর অন্ন পানাদি বিধান করিবে। এবং শুক্রের গতিরোধ দৃষ্ট হইলে বিরেচন প্রদান করিবে॥ ১১॥

গর্ভে শুষ্কেতু বাতেন বালানাঞ্চাপি শুষ্যতাং। সিতামধুককাশ্মর্য্যৈর্হিত মুত্থাপনেপয়ঃ॥ শিরোগতেঽনিলে-বাতশিরোরোগহরীক্রিয়া॥ ১২॥

গর্ভেত্যাদৌ।—মধুককাশ্মর্য্যফলাভ্যাং দুগ্ধং সাধ্যং, সিতাতু প্রক্ষেপনীয়া। কেচিত্তু সিতাদিভি র্দুগ্ধং সাধ্যমিত্যাহুঃ উত্থাপনে পুষ্টিজননে॥ ১২॥

বাত বায়ু গর্ভ শুষ্ক করিয়া স্ত্রীকেও শুষ্ক করিতে আরম্ভ করে অতএব পুষ্টির জন্য যষ্টিমধু ও গাম্ভারী ফলের সহিত দুগ্ধ পাক করিয়া চিনি প্রক্ষেপ করতঃ পান করিতে দিবে।

শিরোগত বাত ব্যাধি রোগে, যাহাতে শিরঃপীড়ার নিবৃত্তি হয় এইরূপ চিকিৎসা করিবে অর্থাৎ বাতশীররোগোক্ত চিকিৎসা করা বিধেয়॥ ১২॥

ব্যাদিতাস্যেহনুং স্বিন্নামঙ্গুষ্ঠাভ্যাং প্রপীড্যচ। প্রদেশিনীভ্যাং চোন্নম্য চিবুকোন্নামনং হিতং॥ অর্দ্দিতে নবনীতেন খাদেন্মাষেণ্ডরীংনরঃ। ক্ষীরমাংসরসৈর্ভুক্ত্বা দশমূলীরসং পিবেৎ॥ স্নেহাভ্যঙ্গশিরোবস্তি পাননস্যপরায়ণঃ। অর্দ্দিতং স জয়েৎ সর্পিঃ পিবেদৌত্তরভক্তিকং॥ ১৩॥

ব্যাদিতাস্যইতি ব্যাদিতাস্যে বিবৃতাস্যে প্রদেশিনী অঙ্গুষ্ঠানন্তরাঙ্গুলী; উন্নম্যোত্তর চিবুকমিতিশেষঃ। মাষেণ্ডরী মাষপিষ্টক বিকৃতিঃ। মাষেণ্ডরী ভক্ষণান্তরং ক্ষীরমাংস রসৈরন্নং ভুক্ত্বা ততো দশমূলীজলং পিবেদিত্যর্থঃ। ঔত্তরভক্তিকমিতি ভোজনানন্তর কালীয়ম্॥ ১৩॥

বিবৃতাস্য হইলে হনুদেশে স্বেদ করিয়া অঙ্গুষ্ঠদ্বারা পীড়ন করিবে। চিবুক নত হইলে প্রাদেশনীদ্বয় (তর্জ্জনী অঙ্গুলি) দ্বারা উন্নত করিয়া দিবে।

অর্দ্দিত (অর্থাৎ বাতব্যাধি বিশেষ) রোগে, নবনীতের সহিত বিকৃত মাষ পিষ্টক ভক্ষণ করিয়া দুগ্ধ ও মাংস রসের সহিত অন্ন সেবন করিবে, এবং বেল, শ্যোণা, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপানি, চাকলে বৃহতী, কন্টকারী ও গোক্ষুরের সহিত সিদ্ধ জল পান করিবে।

স্নেহাভ্যঙ্গ, শিরোবস্তি, ঘৃত পান ও নস্যপরায়ণ ব্যক্তি ভোজনের পর ঘৃত পান করিলে অর্দ্দিত রোগ প্রশমিত হয়॥ ১৩॥

পঞ্চমূলীকৃতঃ ক্বাথো দশমূলীকৃতোহথবা। রুক্ষঃ স্বেদস্তথা নস্যং মন্যাস্তম্ভে প্রশস্যতে॥ বাতাদ্বাহুধমনীদুষ্টৌ স্নেহগণ্ডূষধারণং॥ ১৪॥

পঞ্চমূলীত্যাদি।—বাতাদিত্যাদৌ বাহুধমনী-বাহুবাহিনী ধমনী॥ ১৪॥

মন্যাস্তম্ভ রোগে (গ্রীবাদেশ স্তম্ভিত হইলে), বেল, শ্যোণ, গাম্ভারী, পারুল ও গণিয়ারী এই পঞ্চমূলের ক্বাথ কিম্বা দশমূলের ক্বাথ এবং রুক্ষ স্বেদ ও নস্য প্রয়োগ হিতকারক। বেল, শ্যোণা, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপাণি (ছালানি), চাকলে, বৃহতী (ব্যাকুড়) কন্টকারী ও গোক্ষুর; এই দ্রব্য সকলকে দশমূল বলা যায়। উক্ত উভয়বিধ ক্বাথ প্রস্তুত করিতে হইলে, ক্বাথদ্রব্য মোট ২ দুই তোলা উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। বাহুবাহিনী ধমনী বায়ু-কর্ত্তৃক দুষিত হইলে ঘৃত তৈলাদি স্নেহ দ্রব্যের গণ্ডূষ ধারণ করিবে॥ ১৪॥

কল্যাণক লেহঃ—

সহরিদ্রা বচা কুষ্ঠং পিপ্পলীবিশ্বভেষজং। অজাজী চাজমোদা চ যষ্টিমধুকসৈন্ধবং॥ এতানি সমভাগানি শ্লক্ষ্ণচূর্ণানি কারয়েৎ। তচ্চূর্ণং সর্পিষালোড্য প্রত্যহং ভক্ষয়েন্নরঃ॥ একবিংশতি রাত্রেণ ভবেৎ শ্রুতিধরো নরঃ। মেঘদুন্দুভিনির্ঘোষো মত্তকোকিলনিস্বনঃ। জড়গদ্গদমূকত্বং লেহঃ কল্যাণকো জয়েৎ॥ ১৫॥

সহরিদ্রেত্যাদৌ।—অজাজী কৃষ্ণজীরকং, অজমোদা যমানী, যষ্টিমধুকশব্দেন ব্রহ্মযষ্টীতি শ্রীকণ্ঠদত্তো ব্যাচষ্টে তত্তু ন ব্যবহার সিদ্ধং নাপি টীকান্তরে দৃষ্টমিতি॥ ১৫॥

হরিদ্রা, বচ, কুড়, পিপ্পলী, শুঁঠ, কৃষ্ণজীরা, যমানী, যষ্টিমধু, সৈন্ধব; এই সকল সমভাগে লইয়া সূক্ষ্ম চূর্ণ করিবে। এই চূর্ণ ঘৃত দ্বারা আলোড়িত করিয়া প্রতিদিন ভক্ষণ করিবে। এই ঔষধ একবিংশতি দিন সেবন করিলে, শ্রুতিধর এবং শব্দ মেঘ দুন্দুভি শব্দের ন্যায় গভীর ও কোকিলের শব্দের ন্যায় সুমধুর হয়। এবং বাক্যের জড়তানষ্ট গদ্গদত্ব ও মূকত্ব দোষ দূর হয়॥ ১৫॥

বক্ষস্ত্রিকস্কন্ধগতং বায়ুং মন্যাগতং তথা। বমনং হন্তিনস্যঞ্চ কুশলেন প্রয়োজিতঃ॥ ১৬॥

বক্ষইত্যাদি।—সুশ্রুতস্য ত্রিকমিহ অংশদ্বয়াস্থিসন্ধিঃ সহি শ্লেষ্মস্থানং তদ্গত এব বাতে বমনং নস্যঞ্চ বৈশেষিকম্। নস্যমিহ শিরোবিরেচনমিতি। কুশলেন প্রয়োজিত মিতি বিশেষণাৎ প্রতিমর্ষং বিনা চতুর্ব্বিধমপ্যত্র নস্যমিত্যেকে॥ ১৬॥

সুবিজ্ঞ চিকিৎসক বক্ষঃ, ত্রিক, মন্যা ও স্কন্দস্থানগত বাত রোগে কৌশল পূর্ব্বক নস্য ও বমনকারক ঔষধ প্রয়োগ করিবেন॥ ১৬॥

মাষবলাদিঃ—

মাষবলা শূকশিম্বীকতৃণ রাস্নাশ্বগন্ধোরুবূকাণাং। ক্বাথো নস্যনিপীতো-রামঠ লবণান্বিতঃ কোষ্ণঃ॥ অপহরতি পক্ষবাতং মন্যাস্তম্ভং সকর্ণনাদরুজং। দুর্জ্জয়মর্দ্দিতবাতং সপ্তাহাজ্জয়তি চাবশ্যং॥ ১৭॥

মাষবলেত্যাদি।—অত্র কতৃণং গন্ধতৃণং, অশ্বগন্ধা মূলং। ক্বাথমাত্রাচাত্র মুখেন পেয়ক্বাথতুল্যা; যস্তাবন্তং ক্বাথং নাসিকয়া পাতুং ন শক্নোতি, তেনাসৌ স্তোকস্ত্যজ্যঃ। রামঠংহিঙ্গু, তস্য রক্তিকাদ্বয়ং সৈন্ধবস্য তু মাষক দ্বয়ং প্রক্ষিপন্তি বৃদ্ধাঃ। যস্মিন্‌পার্শ্বে পীড়া তৎপার্শ্ব নাসাপুটেন ভোজন সমাপ্তৌ সায়ংকালে শক্ত্যনুরূপং পেয়শ্চায়ং ক্বাথঃ॥ ১৭॥

মাষকলাই, বেড়েলা, শূকশিম্বী, গন্ধতৃণ, রাস্না, অশ্বগন্ধা ও এরণ্ডমূল; এই

সকলের ক্বাথে হিঙ্গু ও সৈন্ধব লবণ প্রক্ষেপ দিয়া ঈষদুষ্ণ অবস্থায় নাসিকা দ্বারা সপ্তাহপর্য্যন্ত পান করিলে, পক্ষাঘাত, মন্যাস্তম্ভ, কর্ণনাদ ও বেদনা প্রভৃতি এবং দুর্জ্জয় অর্দ্দিত রোগ অবশ্য নষ্ট হয় ॥ ১৭ ॥

দশমূলীবলামাষক্বাথং তৈলাজ্যমিশ্রিতং। সায়ং ভুক্ত্বা পিবেন্নস্যং বিশ্বাচ্যামববাহুকে ॥ ১৮ ॥

দশমূলীত্যাদৌ।—তৈলাজ্যমিশ্রিতমিতি তৈলাজ্যং প্রক্ষেপণীয়ম্। ভুক্ত্বেতি ভোজনানন্তরং সায়ংকালে শক্ত্যনুরূপং নাসিকয়া পিবেৎ ॥ ১৮ ॥

বিশ্বাচী ও অববাহুক রোগে দশমূলী, বেড়েলা ও মাষকলাই; ইহাদিগের ক্বাথে তৈল ও ঘৃত প্রক্ষেপ দিয়া সায়ং ভোজনানন্তর নস্যরূপে পান করিবে ॥ ১৮ ॥

মূলং বলায়াস্ত্বথ পারিভদ্রা-
স্তথাত্মগুপ্তা স্বরসং পিবেদ্বা।
নস্যন্তু যো মাংসরসেন কুর্য্যা-
ন্মাসাদসৌ বজ্রসমানবাহুঃ ॥ ১৯ ॥

মূলমিত্যাদি।—মূলং বলায়া ইত্যেকোযোগঃ, পারিভদ্রাঙ্গমূলমিতি দ্বিতীয়ঃ, অন্যয়োঃ স্বরসঃ ক্বাথো বা। আত্মগুপ্তাস্বরসং পিবেদিতি তৃতীয়ঃ নানয়েষাং নাসিকয়া, নস্যন্তু যোমাংসরসেনেতি চতুর্থঃ। অত্রতৈলসৈন্ধবে প্রক্ষিপন্তি বৃদ্ধাঃ। অন্যে সৈন্ধবচূর্ণমাত্রং প্রক্ষিপন্তি নস্যন্তু যোমাংসরসেনেত্যত্র, ভবেন্মাংসরসেনেতি পঠিত্বা বিশ্বাচীববাহুকয়োরিতি ব্যাখ্যানয়ন্ত্যেকে ॥ ১৯ ॥

বাহুগত বাতরোগে, বেড়েলা, পালিতামাদার, শূকশিম্বী; ইহাদিগের যে কোন একটীর মূলের স্বরস নস্যরূপে পান করিবে। অথবা মাংসরসের নস্য করিবে। এইরূপ এক মাস পর্য্যন্ত ঔষধ সেবন করিলে, বাহু বজ্র সমান দৃঢ় হয়। এই ক্বাথে তৈল ও সৈন্ধব প্রক্ষেপ করিয়া সেবন করা ও বৃদ্ধ বৈদ্যদিগের মত ॥ ১৯ ॥

মাষাত্মগুপ্তৈরণ্ড-বাট্যালকশৃতং পিবেৎ। হিঙ্গুসৈন্ধবসংযুক্তং পক্ষাঘাতনিবারণং ॥ ২০ ॥

মাষেত্যাদি।—বচনং স্পষ্টম্ ॥ ২০ ॥

মাষকলাই, শূকশিম্বী, এরণ্ডমূল ও বেড়েলা; ইহাদিগের ক্বাথে হিঙ্গু ও সৈন্ধব প্রক্ষেপ করিয়া পান করিলে, পক্ষাঘাত নিবারণ হয়। ক্বাথ্যদ্রব্য দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্থাৎ অবশিষ্ট অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ২০ ॥

বাহুশোষে পিবেৎ সর্পির্ভুক্ত্বা কল্যাণকং মহৎ। হৃদি প্রকুপিতে বাতে চাংশুমত্যাঃ পয়োহিতং ॥ ২১ ॥

বাহুশোষইত্যাদৌ।—মহৎ কল্যাণকম্ উন্মাদাধিকারোক্তম্। হৃদিত্যাদৌ।—অংশুমতী শালপর্ণী তয়াসিদ্ধং পয়ইত্যর্থঃ ॥ ২১ ॥

বাতব্যাধি রোগে, বাহু শুষ্ক হইলে আহারান্তে মহাকল্যাণক ঘৃত পান করিবে। এবং হৃদয়স্থিত বায়ু কুপিত হইলে, শালপাণির সহিত দুগ্ধ সিদ্ধ করিয়া পান করিবে ॥ ২১ ॥

হরীতকীবচারাস্না সৈন্ধবং চাম্লবেতসং। ঘৃতমাত্রা সমাযুক্তমপতানকনাশনং ॥ ২২ ॥

হরীতক্যাদি।—ক্বাথেন চূর্ণেনবায়ং যোগঃ; ক্বাথপক্ষে সৈন্ধবঘৃতে প্রক্ষিপেৎ; চূর্ণপক্ষে ঘৃত কর্ষদ্বয়েন চূর্ণস্যাষ্টৌ মাষকাঃ পেয়া ইত্যর্থঃ ॥ ২২ ॥

হরীতকী, বচ, রাস্না সৈন্ধব, অম্লবেতস (থৈকল), ইহাদিগের ক্বাথ কিম্বা চূর্ণ সেবন করিলে, অপতানক রোগ বিনষ্ট হয়। ক্বাথে ঘৃত ও সৈন্ধব এবং চূর্ণে কেবল ঘৃতই প্রক্ষেপ করিতে হইবে ॥ ২২ ॥

স্বল্পরসোন পিণ্ডঃ—

পলমর্দ্ধংপলঞ্চৈব রসোনস্য সুকুট্টিতম্। হিঙ্গুজীরকসিন্ধুত্থৈঃ সৌবর্চ্চল কটু-

ত্রবৈঃ॥ চূর্ণিতৈর্মাষকোন্মানৈর্যবচূর্ণা বিলোড়িতং। যথাগ্নিভক্ষিতং প্রাতরুরূবুকাথানুপানতঃ। দিনে দিনে প্রয়োক্তব্যং মাসমেকং নিরন্তরং॥ বাতরোগং নিহন্ত্যাশু অর্দ্দিতং সাপতন্ত্রকং। একাঙ্গ রোগিণে চৈব তথা সর্ব্বাঙ্গরোগিণে॥ উরুস্তম্ভে চ গৃধ্রস্যাং ক্রিমিকোষ্ঠে বিশেষতঃ। কটীপৃষ্ঠাময়ং হন্যাদুদরঞ্চ বিশেষতঃ॥২৩॥

পলমর্দ্ধপলমিত্যাদি।—পলমর্দ্ধপলম্বেতি সার্দ্ধপলম্ এবং বাশব্দো পূর্ব্বযোগাপেক্ষা, ইবার্থে বা-শব্দো বা। "পলমর্দ্ধপলঞ্চৈব" ইত্যপিপাঠঃ। ত্বগাদিরহিতপিষ্ট রসোনস্য কিঞ্চিদাতপেন শুষ্কস্য সার্দ্ধপলমেকং, মাষকাষ্টকং মাষকদশকং বা প্রতিদিনং সেবনীয়ম্। অনয়ৈব মাত্রয়া মাসমেকং সেবনোপযুক্তং যস্যাৎ অতঃ পুনরপি রসোন পিণ্ডং করণীয়ম্। নচ বাচ্যং যাবত্যামাত্রয়া মাসোপযোগো ভবতি তাবত্যেব মাত্রা কিমিতি ন দর্শিতেতি, যতস্তথাসতি বীর্য্যহানিঃ স্যাদিত্যাহুঃ॥ ২৩॥

শুষ্ক ও কুট্টিত রসুন দেড়পল অর্থাৎ ১২ তোলা এবং হিঙ্গু, জীরা, সৈন্ধব, সৌবর্চ্চল, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ); ইহারা প্রত্যেকে এক মাষা পরিমাণে গ্রহণ করতঃ সমস্ত চূর্ণ একত্র মিশ্রিত করিবে। এই ঔষধ অগ্নি ও বলাদি বিবেচনা করিয়া আট কিম্বা দশ মাষা মাত্রায় এরণ্ডের ক্কাথ অনুপানে প্রাতঃকালে সেবন করিবে। এইরূপে এক মাস পর্য্যন্ত প্রতি দিন সেবন করিলে, বাতব্যাধি, অর্দ্দিত, অপতন্ত্রক, একাঙ্গ ও সর্ব্বাঙ্গ বাতরোগ, উরুস্তম্ভ, গৃধ্রসী, ক্রিমিদোষ এবং কটী ও পৃষ্ঠবেদনা, বিশেষতঃ উদররোগ শীঘ্র বিনষ্ট হয়॥ ২৩॥

হন্তি প্রাগ্ভোজনাৎ পীতং দধ্যম্লং সবচোষণং। অপতানকমন্যোপি বাতরোগৈঃ ক্রমেণাহিতঃ॥ ২৪॥

হন্তীত্যাদৌ।—সবচোষণমিতি বচামরিচ চূর্ণ সহিতমিত্যর্থঃ॥ ২৪॥

ভোজনের পূর্ব্বে বচ ৪মাষা ও মরিচ ৪ মাষা উপযুক্ত পরিমাণ অম্লদধির সহিত মিশ্রিত করিয়া পান করিলে, অপতন্ত্রক রোগ বিনষ্ট হয়। এবং অন্যান্য বাতব্যাধি বিহিত ঔষধ সমূহ ও অপতন্ত্রক রোগে হিতকর॥ ২৪॥

বাতঘ্নৈর্দশমূল্যা চ নবং কুব্জমুপাচরেৎ। স্নেহৈর্মাংসরসৈর্বাপি প্রবৃদ্ধং তং বিবর্জ্জয়েৎ॥ ২৫॥

বাতঘ্নৈরিতি।—ভদ্রদার্ব্বাদিগণৈঃ; দশমূলীচ বিখ্যাতৈব গণস্তাৎ এতৈঃ ক্বাথস্নেহোপনাহাদিকং কুর্য্যাৎ। নবস্যেত্ত কুব্জস্য যাবৎ সরুজাস্থিরিতি॥ ২৫॥

বাতঘ্ন ভদ্রদার্ব্বাদিগণ ও বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, গণিয়ারী, ইহাদিগের যথা বিহিত কৃত ক্কাথ এবং স্নেহ (তৈল ঘৃতাদি) ও মাংসরস; এই সকল ঔষধ দ্বারা নবকুব্জরোগের চিকিৎসা করিবে কিন্তু প্রবৃদ্ধ হইলে তাহা পরিত্যাগ করিবে॥ ২৫॥

পিপ্পল্যাদি রজস্তূনীপ্রতিতুন্যোঃ সুখাম্বুনা। পিবেদ্বা স্নেহলবণং সঘৃতং ক্ষারহিঙ্গু বা॥ আধ্মানে লঙ্ঘনং পাণিতাপশ্চ ফলবর্ত্তয়ঃ। দীপনং পাচনং চৈব বস্তিশ্চাপ্যত্র শোধনঃ॥২৬॥

পিপ্পল্যাদিগণঃ সৌশ্রুতঃ রজশ্চূর্ণং, স্নেহলবণঞ্চ মৃৎশীলবন বার্ত্তাকুস্নেহানিত্যাদিনা পূর্ব্বমুক্তং ইদমপি সুখাম্বুনা এব পিবেদিতি। সঘৃতং ক্ষার হিঙ্গুবেতি ঘৃতেনৈব যবক্ষার হিঙ্গুনোশ্চ পানম্। ঘৃতস্য কর্ষৈকং যবক্ষারস্য চতুর্মাষকং হিঙ্গুনঃ মাষদ্বিক্তিকমিতি। দীপনং পাচনঞ্চেতি লঙ্ঘনানন্তরং দোষশেষ শমনার্থং দীপনং পাচনঞ্চ ভেষজং দেয়ম্॥ ২৬॥

তুনী ও প্রতিতুনীরোগে, সুশ্রুতের জ্বরাধিকারোক্ত পিপ্পল্যাদিগণের চূর্ণ ঈষদুষ্ণ জলের সহিত পান করিবে অথবা

পূর্ব্বোক্ত সৈন্ধলবণ কিম্বা ঘৃত ২ তোলা যবক্ষার ৪ মাষা ও হিঙ্গু ৬ ছয় রতি একত্র মিশ্রিত করিয়া পান করিবে।

আধ্মান রোগে, লঙ্ঘন ও হস্তে হস্তে ঘর্ষণ করিয়া তাপ, ফলবর্ত্তি, অগ্নিদীপক ও আমপাচক ঔষধ, বস্তিক্রিয়া ও শোধন বিধি অবলম্বন করিবে ॥ ২৬ ॥

প্রাত্যাধ্মানে তু বমনং লঙ্ঘনং দীপনং তথা। প্রত্যষ্ঠীলাষ্ঠীলিকয়োরন্তর্বিদ্রধিগুল্মবৎ ॥ ২৭ ॥

প্রত্যাধ্মানেত্তু বমনমিতি প্রত্যাধ্মানস্যামাশয়সমুত্থত্বাৎ ॥ ২৭ ॥

প্রত্যাধ্মানরোগে, বমন, লঙ্ঘন এবং দীপন ঔষধ প্রয়োগ করিবে। প্রত্যষ্ঠীলা ও অষ্ঠীলা রোগে অন্তর্বিদ্রধি ও গুল্মরোগোক্ত চিকিৎসা আচরণ করিবে ॥ ২৭ ॥

দশমূলীবলারাস্না গুড়ূচীবিশ্বভেষজং। পিবেদেরণ্ডতৈলেন গৃধ্রসীখঞ্জপঙ্গুষু ॥ ২৮ ॥

দশমূলীত্যাদি।—দশমূল্যাদীনাং ক্বাথে এরণ্ডতৈলং প্রক্ষেপ্যম্ ॥ ২৮ ॥

দশমূল (বিল্বছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারিছাল, শালপানি, চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর), বেড়েলা (বাইরকলি), রাস্না, গুলঞ্চ ও শুঁঠ; ইহাদিগের ক্বাথে এরণ্ডতৈল প্রক্ষেপ দিয়া পান করিলে গৃধ্রসী, খঞ্জ ও পঙ্গুরোগের নিবৃত্তি হয় ॥ ২৮ ॥

শেফালিকাদলৈঃ ক্বাথো মৃদ্বগ্নি পরিসাধিতঃ। দুর্ব্বারং গৃধ্রসীরোগং পীতমাত্রং সমুদ্ধরেৎ ॥ ২৯ ॥

শেফালিকেত্যাদিবচনং স্পষ্টম্ ॥ ২৯ ॥

মৃদু অগ্নিতে শেফালিকা পত্রের ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে তৎক্ষণাৎ গৃধ্রসী রোগ নষ্ট হয় ॥ ২৯ ॥

পঞ্চমূলকষায়ন্তু রুবুতৈলংত্রিবৃদ্ঘৃতং। ত্রিবৃতৈবাথবাযুক্তং গৃধ্রসীগুল্মশূলনুৎ ॥ ৩০ ॥

পঞ্চমূলীত্যাদি।—পঞ্চমূলী মহতী ॥ ৩০ ॥

তেউড়ীমূলচূর্ণ প্রক্ষেপিত এরণ্ডতৈল অথবা বেল, শ্যোণা, গাম্ভারী, পারুলি ও গণিয়ারী, এই পঞ্চমূল দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে তেউড়ী চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিলে গৃধ্রসী, গুল্ম ও শূলরোগ বিনাশ প্রাপ্ত হয় ॥ ৩০ ॥

তৈলং ঘৃতঞ্চার্দ্রকমাতুলুঙ্গ্যো-
রসং সচুক্রং সগুড়ং পিবেদ্বা।
কট্যূরুপৃষ্ঠত্রিক্ গুল্মশূল
গৃধ্রস্যুদাবর্ত্তহরঃপ্রদিষ্টঃ ॥ ॥

তৈলং ঘৃতং বেত্যাদৌ আর্দ্রকরস [illegible] লুঙ্গফলরস চুক্র গুড়াদীনাং তুল্যোভাগঃ তৈ [illegible] ঘৃতং বা দত্বা পিবেদিতি। পিবেদ্বেতি [illegible] শব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া কিম্বা তৈলমেব [illegible] চুক্রগুড়মিত্যেকোযোগঃ. তথা ঘৃতমপি সচুক্রগু [illegible] মিতি দ্বিতীয়ঃ। তথামিলিতাদ্রক রসঃ মাতুলুঙ্গীরসোপি সচুক্রগুড় ইতি তৃতীয়োযোগঃ। মাতুলুঙ্গীমধুকুক্কুটী ॥ ৩১ ॥

আদা ও গোঁড়ালেবুর (টাবালেবু) স্বরস, চুক্র এবং গুড়; এই সকল সমভাগে প্রক্ষেপ করিয়া তৈল কিম্বা ঘৃত পান করিলে কটী, ত্রিক, উরু, পৃষ্ঠ ও গুল্ম শূল, গৃধসী, উদাবর্ত্ত প্রভৃতি রোগ বিনষ্ট হয়। অন্যমতে এই বচনে ত্রিবিধ যোগ ব্যাখ্যা করেন, যথা—তৈল চুক্র ও গুড় কিম্বা ঘৃত, চুক্র ও গুড় অথবা আদা, গোড়া লেবুর রস, চুক্র এবং গুড় ॥ ৩১ ॥

তৈলমেরণ্ডজং বাপি গোমূত্রেণ পিবেন্নরঃ। মাসমেকং প্রয়োগোঽয়ং গৃধ্রস্যূরুগ্রহাপহঃ ॥ ৩২ ॥

তৈলমেরণ্ডজমিত্যাদি।—গোমূত্রেণ বিরেচক-স্নেহাল্পমাত্রয়া প্রত্যহং মাসং যাবদুপযোজ্যঃ। ভূরিমাত্রোপযোগেতু বলহানিঃ স্যাৎ তেন গোমূত্রস্য পলং কিঞ্চিন্ন্যূনং বা তথা এরণ্ডতৈলমপি মাষকাষ্টকং কিঞ্চিন্ন্যূনং বা কোষ্ঠাদ্যপেক্ষয়া প্রত্যহং মাসং যাবদুপযোজ্যম্॥ ৩২॥

এরণ্ডতৈল ও গোমূত্র একত্র মিশ্রিত করিয়া একমাস পর্য্যন্ত প্রতিদিবস পান করিলে বিরেচন হইয়া গৃধ্রসী ও উরুগ্রহ রোগ বিনষ্ট হয়। গোমূত্র একপল ও এরণ্ডতৈল ৮ মাষা পরিমাণে গ্রহণ করতঃ পান করিবে॥ ৩২॥

গোমূত্রৈরণ্ডতৈলাভ্যাং কৃষ্ণাপীতা-স্বচূর্ণিতা। দীর্ঘকালোত্থিতাং হন্তি-গৃধ্রসীং কফবাতজাং॥ ৩৩॥

গোমূত্রৈরণ্ডতৈলাভ্যামিত্যাদি।—গোমূত্রৈরণ্ড-তৈলয়োর্মিলিত্বা কর্ষদ্বয়ং পিপ্পলীচূর্ণস্য মাষক-চতুষ্টয়মিতি ব্যবহরন্তি বৃদ্ধাঃ॥ ৩৩॥

গোমূত্র ও এরণ্ডতৈল ২ কর্ষ অর্থাৎ (৪ তোলা) পিপ্পলী চূর্ণ ৪ মাষা প্রক্ষেপ করিয়া পান করিলে চিরকালোৎপন্ন কফবাতজন্য গৃধ্রসী রোগের নিবৃত্তি হয়॥ ৩৩॥

অশ্নাতি যো নরঃ সিদ্ধামেরণ্ডতৈল সাধিতাং। বার্ত্তাকুং গৃধ্রসীক্ষীণঃ পূর্ব্বামাপ্নোত্যসৌগতিং॥ ৩৪॥

অশ্নাতীত্যাদৌ।—এরণ্ডতৈলসাধিতাং সম্বলিতামিত্যর্থঃ॥ ৩৪॥

গৃধ্রসী (৩) পীড়িত ব্যক্তি, এরণ্ডতৈলে বার্ত্তাকু সিদ্ধ করিয়া সেবন করিলে রোগের নিবৃত্তি হইয়া পূর্ব্ববৎ গমনশক্তি প্রাপ্ত হয়॥ ৩৪॥

পিষ্টৈরণ্ডফলং ক্ষীরে ক্ষিপ্তং বা ফলং রুবোঃ। পায়সো ভক্ষিতঃ সিদ্ধো গৃধ্রসীকটীশূলনুৎ॥ ৩৫॥

পিষ্টেত্যাদিদ্বয়।—পিষ্টমেরণ্ডবীজং কর্ষং কিঞ্চিত্তণ্ডুলান্ দত্ত্বা ক্ষীরেণ বিরেচনার্থং পায়সঃ সাধ্যঃ। সবিশ্বংবেতি পূর্ব্বযোগাপেক্ষয়া বা শব্দঃ, অত্রাপি কিঞ্চিত্তণ্ডুলাদীন্ দত্ত্বা শুণ্ঠ্যেরণ্ডফলাভ্যাং পিষ্টাভ্যাং কর্ষার্দ্ধং বা কলাশুণ্ঠ্যাদিত্যাদিপরিভাষয়া পায়সং সাধ্যঃ॥ ৩৫॥

দুগ্ধপিষ্ট এরণ্ড বীজ ২ তোলার সহিত কিঞ্চিৎ তণ্ডুল মিশ্রিত করিয়া পায়স পাক করিবে। কিম্বা শুঁঠ ৪ মাষা ও এরণ্ডবীজ ৪ মাষা দুগ্ধসহ একত্র পেষণ করতঃ পূর্ব্ববৎ কিঞ্চিৎ তণ্ডুলদ্বারা পায়স পাক করিয়া সেবন করিলে গৃধ্রসী ও কটীশূলের নিবৃত্তি হয়॥ ৩৫॥

রাস্নায়াস্তু পলঞ্চৈকং কর্ষান্ পঞ্চ চ গুগ্গুলোঃ। সর্পিষাগুড়িকাং কৃত্বা খাদেদ্বা গৃধ্রসীহরাং॥ ৩৬॥

রাস্নায়া ইত্যাদি।—খাদ্যস্তু মাষকাষ্টকং তত্র জলমনুপানম্॥ ৩৬॥

রাস্না একপল (অর্থাৎ ৮ আট তোলা), ও গুগ্গুলু ৫ কর্ষ (১০ তোলা) একত্র মিশ্রিত করিয়া ঘৃতদ্বারা বটিকা প্রস্তুত করিবে। এই বটিকা সেবন করিলে গৃধ্রসী-রোগ বিনষ্ট হয়॥ ৩৬॥

গৃধ্রস্যার্ত্তং নরং সম্যক্ পাচনাদ্যৈর্বিশোধিতম্। জ্ঞাত্বানরং প্রদীপ্তাগ্নিং বস্তিভিঃ সমুপাচরেৎ

গৃধ্রসীরোগ-পীড়িত ব্যক্তিকে পাচন ও বমনাদি দ্বারা শুদ্ধ করিয়া তাহার অগ্নি প্রদীপ্ত হইলে বস্তি শোধনাদি দ্বারা চিকিৎসা করিবে॥ ৩৭॥

ন দেহবস্তিবিধিং কুর্য্যাদ্যাবদূর্দ্ধং প্রশাম্যতি। স্নেহো নিরর্থকস্তস্য ভস্মন্যেব হুতির্যথা॥ ৩৮॥

(৩) যে রোগে ক্রমান্বয়ে কটী, পৃষ্ঠ, জানু, জঙ্ঘা ও পাদদেশে বেদনা ও শুব্ধতা (জড়তা) জন্মে, এবং পরে পুনঃ পুনঃ কম্পিত হয় তাহার নাম গৃধ্রসী। এই গৃধ্রসী বায়ু কর্ত্তৃক উৎপন্ন হইয়া থাকে। এবং ইহাতে বায়ু ও কফজনিত তন্দ্রা (নিদ্রাবৎ ক্লান্তি), গুরুতা ও অরুচি হইয়া থাকে।

নাস্তৌবস্তিবিধিং কুর্য্যাদিত্যাদৌ বান্তঃ অগু-শ্যতাতি, ঊর্দ্ধ্বান্তত্রপক্কাশয়াদিতি শোধয়ন্ কেন যাবদ্বিরেকবমনাভ্যাং আমাশয়ো ন শুধ্যতী-ত্যর্থঃ।। ৩৮।।

গৃধ্রসীরোগে ঊর্দ্ধ্ব শোধন না করিয়া বস্তি শোধন ব্যবস্থা করিবে না। অর্থাৎ যাবৎ কাল পর্য্যন্ত বমন বিরেচনাদি দ্বারা পক্কাশয় শুদ্ধ না হয় তাবৎ পর্য্যন্ত বস্তি শোধন অবিধেয়। পক্কাশয় শোধিত না হইলে ঘৃত তৈলাদি স্নেহ বস্তি ভস্মরাশিতে আহুতি প্রদানের ন্যায় বিফল হয়॥ ৩৮॥

গৃধ্রস্যার্ত্তস্যজঙ্ঘায়াঃ স্নেহস্বেদে কৃতে ভৃশম্। পদ্ভ্যাং নির্ম্মর্দ্দিতায়াশ্চ সূক্ষ্ম-মার্গেণগৃধ্রসীম্॥ অবতার্য্যাঙ্গুলৌ সম্যক্ কানষ্ঠায়াং শনৈঃ শনৈঃ। জ্ঞাত্বা সমুন্নতং গ্রন্থিং কণ্ডরায়াং ব্যবস্থিতম্। তং শস্ত্রেণবিদার্য্যাশু প্রবালাঙ্কুর সন্নিভম্। সমুদ্ধৃত্যাগ্নিনা দগ্ধ্বা লিম্পে-দ্যষ্ট্যাহ্বচন্দনৈঃ॥ বিধ্যেৎ শিরা-মিন্দ্রবস্তে রধস্তাচ্চতুরঙ্গুলে। যদিনো-পশমং গচ্ছে দ্দহেৎ পাদকনিষ্ঠিকাম্॥৩৯॥

গৃধ্রসীত্যাদি।—জঙ্ঘায়াঃ সকাশাৎ গৃধ্রসীং কনিষ্ঠায়ামঙ্গুলৌ অবতার্য্যেতি যোজনা, কণ্ডরা কনিষ্ঠাঙ্গুলিসংবৃতা স্থূলশিরা, ইন্দ্রবস্তিরিহ স্থূল কন্দজ্ঞয়োর্ম্মধ্যদেশঃ।। ৩৯।।

গৃধ্রসী পীড়িত ব্যক্তির জঙ্ঘায় প্রথমতঃ স্নেহ ও স্বেদের বিধান করিবে। পরে পদদ্বারা মর্দ্দন করিয়া যখন সূক্ষ্ম মার্গে গৃধ্রসী অঙ্গুলীতে অল্পে অল্পে অবতারণ করিবে সেই সময় কণ্ডরাতে অবস্থিত উন্নতাকার গ্রন্থি অস্ত্র প্রয়োগ দ্বারা বিদারণ করিয়া উদ্ধৃত করিবে। উক্ত গ্রন্থির আকার প্রবালাঙ্কুরের ন্যায়। গ্রন্থি উদ্ধৃত করার পরে উহাতে যষ্টিমধু ও চন্দন লেপন করিবে। তৎপরে ইন্দ্রবস্তির অধোভাগে চারি অঙ্গুলীর নিম্নে শিরা বিদ্ধ করিবে। ইহাতেও যদি রোগের শান্তি না হয় তাহা হইলে পাদে কনিষ্ঠ অঙ্গুলী বিদ্ধ করিয়া দিবে॥ ৩৯॥

তগরস্যেত্যাদি।—তগরঃ পিণ্ডতগরঃ।। ৪০।।

তগরস্যাশিফাং সার্দ্রাং পিষ্ট্বা তক্রেণ যঃ পিবেৎ। বঙ্‌ক্ষণানিল রোগার্ত্তঃ স ক্ষণাদেব মুচ্যতে॥ ৪০॥

বঙ্‌ক্ষণ স্থলে (কুচকিতে), বাতরোগ আশ্রয় করিলে, পিণ্ডতগরের আর্দ্র অর্থাৎ সরসমূল পেষণ করিয়া তক্রের (ঘোলের) সহিত পান করিবে। ইহা দ্বারা তৎক্ষণাৎ উক্ত রোগ হইতে মুক্ত হইতে পারা যায়॥ ৪০॥

দশমূলী কষায়েণ পিবেদ্ বা নাগরা-ম্ভসা। কোটীশূলেষু সর্ব্বেষু তৈল-মেরণ্ড সম্ভবম্॥ ৪১॥

দশমূলীত্যাদি। দশমূলীকাথেন নাগরকাথেন বা এরণ্ডতৈলং প্রক্ষিপ্য পিবেৎ নাগরাম্ভ ইতি অত্যন্ত সামস্তায়াং বোধ্যম্।। ৪১।।

সর্ব্বপ্রকার কটীশূল রোগে গাম্ভারী-ছাল, পারুলছাল, শ্যোণাছাল, গণিয়ারী ছাল, বেলছাল, শালপাণি (ছালানি), চাকুলে, বৃহতী (ব্যাকুর), কণ্টকারী, গোক্ষুর, এই সমস্ত দ্রব্য দুই তোলা বা শুঁঠ দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া। এই কাথের সহিত এরণ্ড তৈল পান করিবে॥ ৪১॥

বিশ্বাচ্যাং খঞ্জপঙ্গ্বোশ্চ দাহে হর্ষে চ পাদয়োঃ। ক্রোষ্টুশীর্ষে বিকারেচ বিকারে বাত কণ্টকে। শিরাং যথোক্তাং নির্বিধ্যচিকিৎসে বাতরো-গনুৎ। শিরাব্যাধঃ পাদদাহে বাত কণ্টকবৎক্রিয়া॥ ৪২॥

শিরাংযথোক্তামিতি শিরাব্যধবিধানতি ক্রমেণ বাতকোপ ভয়াদল্পমল্পঞ্চ রক্তং স্রাব্যম্। খঞ্জ-

পঙ্গ্বাদৌ বেদশোণোক্তস্তেন খঞ্জাদিষ্বপি রক্তাবৃতবাতবেদনায়াং জঙ্ঘাদি সক্থিগতা এবশিরাব্যধ্যা-স্ববতাতি ভানুমতীঃ ॥ ৪২ ॥

বিশ্বচী (৪) (বাতরোগ বিশেষ), খঞ্জ, পঙ্গু, পাদদাহ ও হর্ষ, ক্রোষ্টুশীর্ষও বাতকন্টকবিকারে পূর্ব্ববৎ শিরাবেধাদি এবং বাতনাশক চিকিৎসা করিবে।

পাদদাহ রোগে শিরা বিদ্ধ করিয়া বাতকন্টক চিকিৎসোক্ত চিকিৎসা করিবে ॥ ৪২ ॥

শতধৌত ঘৃতোন্মিশ্রৈ র্নাগকেশর কন্টকৈঃ। পিষ্টৈঃ প্রলেপঃ সেকশ্চ দশমূল্যম্বুনেষ্যতে ॥ ৪৩ ॥

নাগকেশরের কন্টক পেষণ করতঃ তাহার সহিত শতধৌত ঘৃত মিশ্রিত করিয়া প্রলেপ দিবে। তৎপরে বৃহতী, কন্টকারী, গোক্ষুর, চাকুলে, শালপাণি, গাম্ভারীছাল, পারুলছাল, গনিয়ারীছাল, বেলছাল, শ্যোণাছাল (নাউশোণা); ইহাদিগের কাথদ্বারা ধৌত করিলে হস্তপাদাদির দাহের নিবৃত্তি হয় ॥ ৪৩ ॥

আলিপ্য নবনীতেন স্বেদো হস্তাদিদাহহা। অগ্নিতপ্তেষ্টকা খণ্ডং কাঞ্জিকৈঃ পরিষিচ্যতু ॥ যদ্বাস্পস্বেদনং কার্য্যং পাদহর্ষ বিনাশনম্। দশমূলস্য নির্য্যূহো হিঙ্গু পুষ্কর সংযুতঃ। শময়েৎ পরিপীতস্তু বাতং ঝিন্‌ঝিনি সংজ্ঞিতম্ ॥ ৪৪ ॥

হস্তপাদাদি দাহে, হস্ত নবনীত দ্বারা লেপন করতঃ একখণ্ড ইষ্টক অগ্নিতে তপ্ত করিবে, পরে ঐ ইষ্টকখণ্ড কাঁজিতে সিক্ত করিয়া তাহা দ্বারা স্বেদ দিবে। কিম্বা অন্য কোন প্রকারে বাষ্প স্বেদ করিবে। এইরূপ করিলে পাদদাহ বিনাশ প্রাপ্ত হয়।

দশমূলের (বেলছাল, শ্যোণাছাল, নাউশোণা প্রভৃতি) কাথে হিঙ্গু ও পুষ্করমূল (অভাবে কুড় প্রয়োগ করিবে) প্রক্ষেপ করিয়া পান করিলে ঝিন্‌ঝিনি বাতের নিবৃত্তি হয় ॥ ৪৪ ॥

গুগ্‌গুলুং ক্রোষ্টুশীর্ষেচ গুড়ূচী ত্রিফলাম্ভসা। ক্ষীরেণৈরণ্ড তৈলম্বা পিবেদ্বাবৃদ্ধ দারকম্ ॥ ৪৫ ॥

গুগ্‌গুলুমিত্যাদি।—এরণ্ডকাথেন ত্রিফলাকাথেন বা শোধয়িত্বা গুগ্‌গুলুর্গ্রাহ্যঃ। অত্র এরণ্ডতৈলেন পিষ্ট্বা গুগ্‌গুলুঃ প্রক্ষেপ্যঃ। ক্ষীরেণেত্যাদি চতুর্গুণেন দুগ্ধেন এরণ্ডতৈলং পেয়ং, বহুদোষেবিরেকার্থং জীর্ণে ক্ষীরান্নভোজনমিত্যাদি বাভটদর্শনাৎ। পিবেদ্বাবৃদ্ধদারকমিতি অত্রাপি ক্ষীরেণেতি যোজ্যম্ ॥ ৪ ॥

ক্রোষ্টুশীর্ষ অর্থাৎ শিরামুণ্ডরোগে গুগ্‌গুলু ও ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) যথা নিয়মে প্রস্তুত কাথে গুগ্‌গুলু প্রক্ষেপ করিয়া পান করিবে। কিম্বা এরণ্ডতৈল ও দুগ্ধ অথবা বৃদ্ধদারকবীজ চূর্ণ (বিস্তারকবীজ) দুগ্ধের সহিত পান করিবে ॥ ৪৫ ॥

রক্তাবসেচনং কুর্য্যাদভীক্ষ্ণং বাতকন্টকে। পিবেদেরণ্ডতৈলম্বা দহেচ্ছূচীভিরেবরা ॥ ৪৬ ॥

বাতকন্টকরোগে নিরন্তর রক্তমোক্ষণ করিবে কিম্বা এরণ্ডতৈল পান অথবা সূচীদ্বারা দগ্ধ করিবে ॥ ৪৬ ॥

কুষ্ঠ সৈন্ধবয়োঃ কল্ক শ্চুক্র তৈল সমন্বিতঃ। সুখোষ্ণো মর্দ্দনে যোজ্যঃ খল্লীমূল নিবারণঃ ॥ খল্ল্যাং স্নিগ্ধাম্ল লবণৈঃ স্বেদমর্দ্দোপনাহানম্ ॥ ৪৭ ॥

(৪) যে কণ্ডরা বাহু পৃষ্ঠ হইতে হস্তের উপর দিয়া আসিয়া অঙ্গুলি প্রান্তে শেষ হইয়াছে, যে রোগে উক্ত কণ্ডরা দূষিত হইয়া হস্তের কার্য্য (আকুঞ্চন প্রসরণাদি) লোপ হয়, তাহাকেই বিশ্বচী বলিয়া থাকেন।

খল্ব্যামিত্যাদৌ অম্লমিতি কাঞ্জিকম্ ॥ ৪৭ ॥

কুড় ও সৈন্ধব একত্র পেষণ করতঃ তাহার সহিত তৈল মিশ্রিত ও ঈষদুষ্ণ করিয়া মর্দ্দন করিলে খল্লীরোগ সমূলে বিনষ্ট হয়। খল্লীরোগে, স্নেহ (ঘৃত তৈলাদি), লবণ ও কাঞ্জিকদ্বারা স্বেদ, মর্দ্দন ও উপনাহন করিবে। অর্থাৎ স্নেহদ্বারা স্বেদ, লবণদ্বারা মর্দ্দন এবং কাঞ্জিকদ্বারা উপনাহন করিবে ॥ ৪৭ ॥

আদিত্যপাকগুগ্‌গুলুবটকঃ—

পৃথক্ পলাংশা ত্রিফলা পিপ্পলীচেতি চূর্ণিতম্। দশমূলাম্বুনা ভাব্যং ত্বগেলার্দ্ধ পলান্বিতম্॥ দত্ত্বাপলানি পঞ্চৈবগুগ্‌গুলোর্বটকী কৃতঃ। এষ মাংসরসাভ্যাসাদ্বাতরোগানবিশেষতঃ। হন্তি সন্ধ্যস্থিমজ্জস্থান্ বৃক্ষমিন্দ্রাশনির্যথা॥ ভাব্যদ্রব্যসমং ক্বাথ্যং ক্বাথোষ্টাংশস্তু তেনচ। আর্দ্রং যাবদ্দিনং ভাব্যং সপ্তাহং ভাবনাবিধিঃ॥ ৪৮ ॥

পৃথগিত্যাদৌ ত্বগেলয়োর্মিলিত্বার্দ্ধপলং বোধ্যম্; অত্র ত্রিফলাদি গুগ্‌গুল্বান্তং সর্ব্বমেকীকৃত্য বোধ্যম্। ভাব্যেত্যাদি ক্বাথ বিশেষঃ তেনেতি অষ্টাংশশেষক্বাথেনার্দ্রং কৃত্বা দিনৈকং যাবদ্ভাব্যং ভাবনাবিধি সমাপ্তিস্তু সপ্তাহাদিতি। ইয়ঞ্চপরিভাষা [illegible] তেনাস্য অমলকত্বং নাশঙ্কনীয়ম্। বৃন্দস্তু লেহবদক্ষিগুণেনায়মালোড্য চাতপে স্থিতঃ। দশমূলাম্বুনা শোধ্যঃ সপ্তবারঞ্চ গুগ্‌গুলুরিত্যুক্তবান্; তৎ পুনরনার্ষমিতি নিশ্চলঃ ॥ ৪৮ ॥

হরীতকী, আমলকী, বহেড়া, ও পিপ্পলী, ইহাদের প্রত্যেকে একপল অর্থাৎ প্রত্যেকে ৮ আট তোলা পরিমাণে লইয়া চূর্ণ করিবে. এই চূর্ণের সহিত দারুচিনি ও এলাচ প্রত্যেকে অর্দ্ধপল এবং গুগ্‌গুলু ৫ পল মিশ্রিত করতঃ দশমূলের ক্বাথে ভাবনা করিয়া বটক প্রস্তুত করিবে। এই ঔষধ যথাযোগ্য মাত্রায় মাংসরস সহিত সেবন করিবে। এই বটক সেবন করিলে সন্ধি, অস্থি ও মজ্জাগত নানাবিধ বাতরোগ বজ্রাহত বৃক্ষের ন্যায় বিনষ্ট হয়। অনন্তর ভাবনা বিধি বলা যাইতেছে। যে ঔষধকে ভাবনা দিতে হইবে, তাহার পরিমাণ যত, যে বস্তুর ক্বাথদ্বারা ভাবনা দিবে,তাহারও পরিমাণ তত গ্রহণ করতঃ অষ্টমাংশাবশিষ্ট ক্বাথদ্বারা ভাবনীয় বস্তু আর্দ্র করিয়া এক দিবস পর্য্যন্ত ঔষধ মর্দ্দন ও রৌদ্রে শুষ্ক করিবে। এইরূপ সাত দিবস পর্য্যন্ত ভাবনা দিতে হইবে ॥ ৪৮ ॥

ত্রয়োদশাঙ্গগুগ্‌গুলুঃ—

আভাশ্বগন্ধাহবুষা গুড়ূচী
শতাবরী গোক্ষুর বৃদ্ধদারকম্।
রাস্নাশতাহ্বাসশটী যমানী
সনাগরাশ্চেতিসমৈশ্চচূর্ণম্॥
তুল্যং ভবেৎ কৌশিকমত্রমধ্যে
দেয়ং তথা সর্পিরতোর্দ্ধ ভাগম্।
অর্দ্ধাক্ষমাত্রন্তুথতৎ প্রয়োগাৎ
কৃত্বানুপানং সুরয়াথ যূষৈঃ।
[illegible] বাথ
ক্ষীরেণ বা মাংস রসেনবাপি।
কটীগ্রহে গৃধ্রসি বাহু পৃষ্ঠে
হনুগ্রহে জানুনি পাদযুগ্মে॥
সন্ধিস্থিতে চাস্থিগতেচ বাতে
মজ্জাশ্রিতেস্নায়ুগতে চ কোষ্ঠে।
রোগান্‌করোত্যাতককান্বিধান্
বাতেরিতান্ হৃদ্‌গ্রহযোনিদোষান্।
ভগ্নাস্থি বিদ্ধেষু চ খঞ্জবাতে
ত্রয়োদশাঙ্গং প্রবদন্তিতজ্জ্ঞাঃ ॥৪৯॥

ত্রয়োদশাঙ্গাখ্যগুগ্‌গুলৌ আভমিতি স্বনামখ্যাতং বব্বিরক্ষদ্রব্যং। হবুষা স্বনামখ্যাতা। সমৈরিতি সমৈর্ভাগৈরেকপলমিতং, তুল্যং ভবেৎ কৌশিকমিতি সমুদিতসর্ব্বচূর্ণসমং গুগ্‌গুলুরিত্যর্থঃ ততোর্দ্ধভাগমিতি কৌশিকার্দ্ধভাগং [illegible] [illegible] ঘৃতেন গুগ্‌গুলোঃ শোধনং ভবতি তাবদেব

ক্ষুর্চ্চ গৃহস্থিঃ স্বর দানুপাবস্তেদে দোষভেদা-ন্বেক্ষ্য ॥ ৪৯ ॥

আভা, (হনামখ্যাত বণিক দ্রব্যবি-শেষ), অশ্বগন্ধা, হাবা (অভাবে ধনিয়া প্রয়োগ করিবে) গুড়ূচী, শতমূলী, গোক্ষুর, বৃদ্ধদারক (বিস্তারকবীজ), রাস্না, শুলফা, শটি যমানী ও শুঁঠ; এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। সর্ব্ব চূর্ণ সমান গুগ্গুলু ও গুগ্গুলুর অর্দ্ধ ঘৃত একত্র মর্দ্দন করিয়া ঔষধ প্রস্তুত করিবে। তত্ত্বজ্ঞগণ কর্ত্তৃক আদিষ্ট এই ত্রয়োদশাঙ্গ গুগ্গুলু দোষ বিবেচনায় একতোলা পরিমাণে সুর, যূষ, মদ্য, ঈষদুষ্ণ জল, দুগ্ধ, কিম্বা মাংসরস অনুপানে সেবন করিবে। ইহা কটী-গ্রহ, গৃধ্রসী, পৃষ্ঠবাত, হনুগ্রহ, জানু ও পাদযুগলাশ্রিত বাতরোগ প্রভৃতিতে বিশেষ উপকারক। এবং ইহা সন্ধি ও অস্থিস্থিত, মজ্জস্থিত, স্নায়ুগত ও কোষ্ঠ-গত বাতরোগেও প্রযোজ্য। এবং বাতকফানুবন্ধ রোগ সমূহ বাতজনিত হৃদবেদনা, যোনিদোষ, ভগ্নাস্থি বিদ্ধ ও খঞ্জবাত প্রভৃতি রোগ নিবারক ॥ ৪৯ ॥

স্নিগ্ধাদরকম্যেতু বাতে বাতহরং-হিতম্। অন্নাবৃতেতল্লেখোদ্দীপনং পাচনং লঘু ॥ সুপ্তিবাতে ত্বসৃঙ্মোক্ষং কারয়েদ্বহুশোবুধঃ। দিহ্যাচ্চলবণা-গারধূমৈস্তৈলবিমর্দ্দিতৈঃ ॥ ৫০ ॥

সংক্ষেপাদাবৃতবাতচিকিৎসামাহ স্নিগ্ধেতি আব-রকমিতি সাবরোবাবরকো যো দোষস্তম্। তদুল্লেখ-ইতি অন্নস্য বমনম্ ॥ ৫০ ॥

বাতরোগে প্রথমতঃ আবরক দোষ নিবারণ করিয়া হিতকারক বাতনাশক ঔষধ প্রয়োগ করিবে। অন্নাবৃতবাতে, বমন করাইয়া দীপন ও পাচক ঔষধ প্রয়োগ এবং লঘুদ্রব্য প্রদান করিবে। সুপ্তবাতে, সুবিজ্ঞ চিকিৎসক রক্তমোক্ষণ করিয়া গৃহধূম, অর্থাৎ ঘরের ঝুল, লবণ ও তৈল একত্র মর্দ্দন করিয়া প্রলেপ দিবে ॥ ৫০ ॥

সর্পিস্তৈলবসামজ্জপানাভ্যঞ্জনবস্তয়ঃ। স্বেদাঃ স্নিগ্ধা নিবাতঞ্চ স্থানং প্রাব-রণানিচ ॥ রসাঃ পয়াংসি ভোজ্যানি স্বাদ্বম্ল লবণানিচ। বৃংহণং যত্তুতৎ সর্ব্বং কর্ত্তব্যং বাতরোগিণাম্ ॥ ৫১ ॥

সর্পিরিত্যাদি।—ক্রিয়াসূত্রং চরকস্য ॥ ৫১ ॥

বাতরোগীকে, ঘৃত, তৈল, বসা, মজ্জা, প্রভৃতি পান, অভ্যঞ্জন (মর্দ্দন) ও বস্তি-রূপে প্রয়োগ এবং স্নিগ্ধস্বেদ; এই সকল দ্বারা চিকিৎসা করিবে। এবং নি-র্ব্বাতস্থানে (যেখানে বায়ুর সঞ্চালন নাই) বস্ত্রাদিদ্বারা আবৃত করিয়া রা-খিবে। এবং মাংসরস, দুগ্ধ, স্বাদু, ল-বণ ও অম্লরসযুক্ত আহার ব্যবস্থা ক-রিবে। আর যে সকল বৃংহণ (যাহা দ্বারা বল বীর্য্য, তেজঃ প্রভৃতি বর্দ্ধিত হয়) ঔষধ উক্ত হইয়াছে ও উক্ত হইবে তাহাও বাতরোগীর পক্ষে প্রশস্ত ॥ ৫১ ॥

পটোলফলকৈর্যূষো বৃষ্যোবাতহরো-লঘুঃ। বাট্যালকল্কতোয়ঃ যূষঃ পরং বাত বিনাশনঃ ॥ ৫২ ॥

পটোল ফলকৈরিত্যাদৌ।—তথা বাট্যালকল্ক-তোয়ঃ ইত্যাদৌ, যূষ ঘা নিষ্ঠুকা নয়েপি বোধ্যঃ অন্যে? কেবলয়োরেব পটোলফলবা-ট্যালকয়োর্যূষাবেবেত্যাহুঃ ॥ ৫২ ॥

পটোলফলের কল্কদ্বারা সিদ্ধকৃত মুগের যূষ লঘু, শুক্রকারক ও বাত হা-রক এবং লঘুপাক। বেড়েলার ক্বাথ দ্বারা প্রস্তুত মুদ্গ যূষ সর্ব্বপ্রকার বাত রোগ নাশক ॥ ৫২ ॥

বলায়াঃ পঞ্চমূলস্য দশমূলস্য বা রসে। অজাশীর্ষাম্বুজানূপক্রব্যাদ-পিশিতৈঃ পৃথক্ ॥ সাধয়িত্বা রসান্

স্নিগ্ধান্‌দধ্যম্ল ব্যোষসংস্কৃতান্‌। ভোজয়েদ্‌ বাতরোগার্ত্তং তৈর্ব্যক্তলবণৈ-র্নরম্‌ ॥ ৫৩ ॥

বলায়াইত্যাদি।—বলাদিত্রিভিঃ সাধম দ্রব্যৈরজাশীর্ষাদয়স্তু চত্বারঃ পৃথক সাধ্যাঃ, তেন দ্বাদশরসা ভবন্তি।। বলাদিভিরর্দ্ধশৃতং কৃত্বা তেন মাংসরসঃ করণীয় ইত্যাহুঃ। অন্যেতু প্রাস্থি-কেন্তুসি কর্ষমানং বলামূলমনুরূপনজাশীর্ষমাংসঞ্চ প্রক্ষিপ্য পাচনীয়ম্‌, পরিশিষ্টে পলচতুষ্টয়ে সতি বস্ত্রেণ ছানয়িত্বা পরিভর্জ্জনীয়ং. তদনু সৈন্ধবাম্ল-দধি ত্রিকটুনানুরূপাণি দত্বা সংস্কার্য্যম্‌। এবং বৃহৎ পঞ্চমূলেনচ সাধনম্‌। অজাশীর্ষবৎ কুক্কুটকট.দ্যম্বুজানাং মাংসেন তথা মহিষবরাহাদীনামানুপানাং মাংসেন তথাক্রব্যাদানাং মাংসেন রসসাধনং কুর্য্যাদিতি ॥ ৫৩ ॥

বেড়েলা, পঞ্চমুলী ও দশমুলী (বিল্ব-ছাল, শ্যোণাছাল প্রভৃতি) ; ইহাদের প্রত্যেকের ক্বাথে ছাগমুণ্ড, জলজ পক্ষীর মাংস, আনুপদেশ বাসী জন্তু ও পক্ষীর অথবা মাংসাহারী পক্ষীর মাংস পৃথক্‌ পৃথক্‌ সিদ্ধ করিয়া মাংসরস প্রস্তুত করিবে। দোষ বিবেচনায় উক্ত মাংসরসের অন্যতম রসে স্নেহ এবং অম্লদধি ও ত্রিকটু (মরিচ,পিপুল ও শুঁঠ) দ্বারা সংস্কৃত করিয়া ব্যক্ত লবণ বাত রোগার্ত্ত ব্যক্তিকে পান করাইবে ॥ ৫৩॥

পঞ্চমুলী বলাসিদ্ধং ক্ষীরং বাতাময়েহিতম্‌ ॥ ৫৪ ॥

পঞ্চমূলীত্যাদি।—স্বল্পা পঞ্চমুলী ॥ ৫৪ ॥

শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর ও বেড়েলা ; ইহাদিগের সহিত সিদ্ধকৃত দুগ্ধ বাতরোগে হিতকর ॥ ৫৪॥

বাজিগন্ধাবলাত্রিস্রোদশমুলী মহৌষধম্‌। দ্বেগৃধ্র নখ্যৌরাস্নাচ গণোমারুত নাশনঃ ॥ ৫৫ ॥

বাজিগন্ধেত্যাদৌ।—বাজিত্রয়মিতি বলা, অতিবলা, নাগবলা ইতি খ্যাতা। অত্রবলা পীতপুষ্পা, অতিবলা শ্বেতপুষ্পা, নাগবলাগোরক্ষতণ্ডুলা গৃধ্র নখীদ্বয়ং শ্বেতরক্তপুষ্পভেদাৎ। গণস্থানেন সর্ব্বাঃ কাথাদিকল্পনাঃ কার্য্যাঃ ॥ ৫৫ ॥

অশ্বগন্ধা, বেড়েলা ত্রিতয়, দশমুল, শুঁঠ, গৃধ্র নখীদ্বয় ও রাস্না ; এই সকল ঔষধ সমুদয়ে দুই তোলা, অর্দ্ধ সের জল দ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া ছাকিয়া লইবে। এই ক্বাথ পান করিলে বাতরোগ নষ্ট হয় ॥ ৫৫ ॥

কোলং কুলথং সুরদারু রাস্না
মাষাতসী তৈলফলানি কুষ্ঠম্‌।
বচাশতাহ্বে যবচূর্ণমম্ল
মুষ্ণানি বাতামযি নাং প্রদেহঃ॥৫৬॥

কোলমিত্যাদি।—কোলং বদরফলং অতসী তিসী ভাষা ; তৈলফলং তৈলবিশিষ্টফলং এতানি স... চূর্ণানি কাঞ্জিকেন পিষ্ট্বা তপ্তীকৃত্য লেপোদেয়ঃ ॥ ৫৬ ॥

শুষ্কবদরীফল, কুলথকলাই, দেবদারু, রাস্না, মাষকলাই, তিসী, তৈলফল (অর্থাৎ তিলাদি), কুড, বচ, শুল্‌ফা, যব-চূর্ণ ; এই সমুদায় কাঞ্জিক সহিত একত্র পেষণ করিয়া উষ্ণ করিবে এবং ঈষদুষ্ণ থাকিতেই রোগীর গাত্রে প্রলেপ দিবে। ইহাদ্বারা বা রোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ৫৬ ॥

আনূপবেশবারোষ্ণ প্রদেহোবাতনাশনঃ। নিরস্থিপিশিতং পিষ্টং স্বিন্নং গুড়ঘৃতান্বিতম্‌। কৃষ্ণামরিচসংযুক্তং বেশবার ইতিস্মৃতঃ ॥ ৫৭ ॥

আনূপবেশবার ইতি বরাহাদিমাংসকৃতঃ। তস্য পারিভাষিকী সংজ্ঞামাহ নিরস্থীত্যাদি ॥ ৫৭ ॥

আনূপ দেশজাত পশুর মাংসের ঈষদুষ্ণ বেশবারদ্বারা প্রলেপ দিলে বাতরোগ নষ্ট হয়। অস্থিশূন্য মাংস পেষণ ও সিদ্ধ করিয়া তাহার সহিত গুড়, ঘৃত, পিপ্পলী ও মরিচ মিশ্রিত করিবে। এইরূপ মিশ্রিত বস্তুকেই বেশবার কহে ॥ ৫৭ ॥

শাল্বনস্বেদঃ—

কাকোল্যাদিঃ সবাতঘ্নঃ সর্ব্বাম্ল দ্রব্য সংযুতঃ। সানুপমাংসঃ সুস্বিন্নঃ সর্ব্বস্নেহ সমাবৃতঃ॥ সুখোষ্ণঃ স্পৃষ্টলবণঃ শাল্বনঃ পরিকীর্ত্তিতঃ। তেনোপনাহং কুর্ব্বীত সর্ব্বদা বাতরোগিণাম্॥ বাতঘ্নো ভদ্রদার্ব্বাদিঃ কাকোল্যাদিস্তু সৌশ্রুতঃ। মাংসমাম্লৌষধং তুল্যং যাবতাম্লেনচাম্লতা॥ পটুঃ স্যাৎ স্বেদনার্থঞ্চ কাঞ্জিকাদ্যাম্ল মিষ্যতে। চতুঃস্নেহঃ প্রভাবান্ স্যাৎ সুস্বিন্নত্বং মাংসকেহ। সমস্তং বর্গমর্দ্ধং বা যথা লাভ মথাপি বা। প্রযুঞ্জীতেতিবচনং সর্ব্বত্র গণকর্ম্মণি॥ ৫৮॥

শাল্বন স্বেদমাহ কাকোল্যাদিরিত্যাদি।—কাকোল্যাদিরিতি কাকোল্যাদিগণঃ। বাতঘ্ন ইতি ভদ্রদার্ব্বাদিগণস্য সংজ্ঞা. সর্ব্বাম্ল দ্রব্যং কাঞ্জিক সুরা সৌবীর তুষোদকাদি। সানূপমাংস ইতি, আনূপাশ্চ শূকরাদয়ঃ। সর্ব্বস্নেহাঃ সর্পিস্তৈলবসামজ্জানঃ। উপনাহ ইতি উষ্ণবহুল প্রলেপঃ। উক্তমেব শাল্বনস্বেদং করিষ্যেনোতি বাতঘ্ন ইত্যাদি, সৌশ্রুত ইতি বিশেষণেন সুশ্রুতোক্ত কাকোল্যাদিগণো গ্রাহ্যঃ ন পুনরষ্টবর্গসংজ্ঞিত ইতি। বৃদ্ধসোশ্রুতেতু কাকোল্যাদি র্যথা কাকোল্যো মধুকামেদে জীবকর্ষভকৌ সহে। ঋদ্ধির্ব্বৃদ্ধিস্তুগাক্ষীরী পুণ্ডরীকং সপদ্মকং। জীবন্তী মাষমুদ্গপর্ণী মৃদ্বিকাচেতি কুত্রচিৎ। কাকোল্যাদিঃ স্মৃতঃ পিত্তশোণিতানিলনাশন ইতি। ভদ্রদার্ব্বাদির্যথা ভদ্রদারু [illegible] নকুলো মেষশৃঙ্গিকা। জটিঝিণ্টী [illegible]। অকোপুনর্নবা গণিকা [illegible]। [illegible] ভদ্রদার্ব্বাদি [illegible] বাতবিনাশন ইতি। মাংসমাম্লৌষধং তুল্যমিতি কাকোল্যাদি ভদ্রদার্ব্বাদি গণদ্বয়মৌষধং মাংসেন তুল্যং গ্রাহ্যং যথা লাভপক্ষেপি মাংসং তুল্যং দেয়ং তেন বাতাপহম্। বৃন্দস্ত্বাহ [illegible] সংস্কার্য্যং কাকোল্যাদিদ্বয়ং [illegible] অসমর্থঃ অম্লাদিভিঃ অম্লমেব লবণরসৈঃ সংস্কার্য্যঃ। সংস্কার[illegible] তাম্লাত্রৈ [illegible] স্যাদিত্যর্থঃ। [illegible] ভদ্রদার্ব্বাদিস্তথানূপমাংসং এতৎ ত্রয়ং সংস্কার্য্যম্। সংস্কার্য্যবাহুল্য প্রাধান্যং [illegible] তুল্যভাগ-মিতি। যাবতাম্লেন চাম্লতা পটুঃ স্যাদিতিপটুশব্দাৎ ঈপ প্রত্যয়ঃ স্যাদিতি ব্যক্তিঃ স্যাদিতি। কাঞ্জিকাদিশব্দাৎ সুরাসৌবীরতুষোদকধান্যাম্লদধিমস্তু প্রকাকোলাদীনাং গ্রহণম্॥ ৫৮॥

সর্ব্বপ্রকার অম্লদ্রব্য, আনূপ দেশবাসী শূকর প্রভৃতির সুস্বিন্ন মাংস, সর্ব্ববিধ স্নেহসংযুক্ত এবং লবণরস প্রধান, ঈষদুষ্ণ পোষিত কাকোল্যাদিগণ ও বাতঘ্ন (ভদ্রদার্ব্বাদিগণ) ঔষধ শাল্বন নামে প্রসিদ্ধ। ইহাদ্বারা বাতরোগীর অঙ্গে স্বেদ প্রদান করিবে। বাতঘ্ন শব্দে ভদ্রদার্ব্বাদিগণ। কাকোল্যাদিগণ এবং ভদ্রদার্ব্বাদিগণ সুশ্রুতে উক্ত আছে। উক্ত ঔষধ প্রস্তুত করিতে ঔষধ (ভদ্রদার্ব্বাদিগণ ও কাকোল্যাদিগণ) মাংসের তুল্য প্রদান করিতে হইবে। কাঞ্জিক, সুরা, সৌবীর (সুরাবিশেষ) ও তুষোদক প্রভৃতিকে সর্ব্বাম্ল দ্রব্য বলে। সর্ব্বস্নেহ শব্দে ঘৃত, তৈল, বসা, মজ্জা, এই সকল গ্রহণ করিবে। যে পরিমাণে অম্ল দিলে ঔষধের অম্লতা জন্মে তাবৎ পরিমাণে অম্লদ্রব্য প্রদান করিবে। এবং সুস্নিগ্ধ হইতে পারে এরূপ পরিমাণে চতুঃস্নেহ সংযোগ করিবে। যেস্থলে গণ শব্দ উক্ত আছে সেই স্থলে তত্ত গণোক্ত সমস্ত, অর্দ্ধ কিম্বা যথা লাভ ঔষধ প্রয়োগ করিবে। ইহাই গ্রন্থকর্ত্তাদিগের মত।

কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক, মুদ্গাপর্ণী (মুগানি), মাসপর্ণী (মাসানি), মেদা, মহামেদা, গুলঞ্চ, কাকড়াশৃঙ্গী, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ডরিয়া বৃক্ষ, ঋদ্ধি, বৃদ্ধি, দ্রাক্ষা (কিস্মিস্); জীরকদ্বয় ও যষ্টিমধু; ইহাদিগকেই কাকোল্যাদিগণ বলা যায়॥ ৫৮॥

অশ্বগন্ধাদ্যং ঘৃতম্—

অশ্বগন্ধা কষায়ে চ কল্কে ক্ষীর চতুগুর্ণং। ঘৃতং পক্কন্তুবাতঘ্নং বৃষ্যং-মাংসবিবৰ্দ্ধনম্ ॥ ৫৯ ॥

অশ্বগন্ধাঘৃতে চতুর্গুণক্ষীরসাহচর্য্যাদশ্বগন্ধাক্কাথোপি চতুর্গুণঃ। কল্কোপ্যশ্বগন্ধায়া এব ॥৫৯॥

অশ্বগন্ধার ক্কাথ ।৬ ষোল সের, অশ্বগন্ধার উত্তমরূপ কুট্টিত কল্ক /১ এক সের, দুগ্ধ ।৬ ষোল সের ও ঘৃত /৪ চারি সের, এই ঘৃত যথাবিধি পাক করিয়া বাতরোগীকে সেবন করিতে দিবে। ইহাদ্বারা বাতরোগ বিনষ্ট হইয়া শরীরের শুক্র ও মাংস বৃদ্ধি হয় ॥ ৫৯ ॥

দশমূলাদ্যং ঘৃতম্—

দশমূলস্যনির্যূহে জীবনীয়ৈঃ পলোন্মিতৈঃ। ক্ষীরেণ চ ঘৃতং পক্বং তর্পণং পবনার্ত্তিজিৎ ॥ ক্কাথোত্রিগুণঃ সর্পিঃ প্রস্থঃ সাধ্যঃ পয়ঃ সমঃ ॥ ৬০ ॥

দশমূলঘৃতে দশমূলক্কাথোপি ত্রিগুণঃ ক্ষীরন্তু স্নেহসমমিতি চক্রঃ। জেজ্জরমতেতু স্নেহাচ্চতুর্গুণঃ ক্কাথঃ ক্ষীরং স্নেহসমমিতি। অস্মিন্নর্থে পরিভাষা একদ্বিত্রিদ্রবৈর্দ্রবৈঃ কুর্যাৎ স্নেহ চতুর্গুণং। ক্ষীরং স্নেহসমংদদ্যাচ্চতুর্ভিশ্চ চতুর্গুণমিতি, অস্যার্থঃ যত্রৈকোদ্রবঃ তত্রতেনৈব চাতুর্গুণ্যং যত্রদ্বৌ বা তত্র দ্বাভ্যাং, যত্র ত্রয়স্তত্র ত্রিভিরিতি চাতুর্গুণ্যং মিলিত্বা, ক্ষীরন্তু স্নেহসমং চতুর্ভিরপি মিলিত্বৈব চাতুর্গুণ্যং এবং সর্ব্বত্র ব্যাখ্যেয়ং জীবনীয়মত্র জীবনীয়দশকম্ অত্রাক্তসংখ্যত্বাদনেনৈব কল্কঃ ॥ ৬০ ॥

বিলছাল, পারুলছাল, শোণাছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল, চাকুলে, বৃহতী, শালপাণি, কণ্টকারী, গোক্ষুর, ইহাদের ক্কাথ এবং জীবনীয় দশক অর্থাৎ জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি ও বৃদ্ধি ; এই সকলের প্রত্যেকে ১ এক পল পরিমাণ কল্ক করিয়া উপযুক্ত পরিমাণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিবে। ঘৃত /৪ চারি সের, ক্কাথ ঘৃতের ত্রিগুণ অর্থাৎ ।২ বার সের ও দুগ্ধ ঘৃততুল্য অর্থাৎ /৪ চারি সের। প্রথমতঃ কল্ক দ্রব্যগুলি দ্বারা ঘৃত পাক করিয়া পরে ক্রমে ক্কাথ দুগ্ধ প্রভৃতি দ্বারা যথাবিধি পাক শেষ করিবে। শেষ পাকের লক্ষণাদি প্রকাশ পাইলে নামাইয়া ছাকিয়া লইবে। উক্ত ঘৃত তৃপ্তিকর ও বাতরোগ বিনষ্ট কারক ॥ ৬০ ॥

ছাগলাদ্যং ঘৃতম্—

আজংচর্ম্মবিনির্ম্মুক্তং ত্যক্তশৃঙ্গখুরাদিকম্। পঞ্চমূলীদ্বয়ঞ্চৈব জলদ্রোণে বিপাচয়েৎ ॥ তেনপাদাবশেষেণ ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। জীবনীয়ৈঃ সংসৃষ্টৈঃ ক্ষীরঞ্চৈবশতাবরীম্ ॥ ছাগলাদ্যমিদং নাম্না সর্ব্ববাতবিকারনুৎ। অর্দ্দিতে কর্ণশূলেচ বাধির্য্যে মূকমিন্মিনে ॥ জড়গদ্গদপঙ্গুনাং খঞ্জেগৃধ্রসী কুব্জয়োঃ। অপতানেঽপতন্ত্রে সর্পিরেতৎ প্রশস্যতে ॥ দ্রোণেদ্রব্যলাশুভ্যাস্যাচ্ছাগ দশমূলয়োঃ। পৃথক্তুলার্দ্ধং যষ্ট্যাহ্ব দ্বয়ং দেয়ং দ্বিধোক্তিতঃ ॥ ৬১ ॥

আজংচর্ম্মবিনির্ম্মুক্তমিত্যাদি।— চর্ম্মাদিহীনং তরুণছাগমাংসং দ্বাত্রিংশৎপলমানং গৃহীত্বা দশমূলঞ্চ দ্বাত্রিংশৎপলমানং জলদ্রোণে পক্তব্যমিত্যাহ বৃন্দঃ। চক্রাস্তু ত ত্যক্তশৃঙ্গখুরাদিকমিতি [illegible] তিলা গ্রহণার্থঞ্চ ; [illegible] দশমূলস্য চ [illegible] এব দক্ষাতি দ্রোণইতি এবং মধ্বাদিম ঘৃতের্পি, দৃষ্টবৈদ্যব্যবহারস্বীকৃতিমানেন। কেচিত্তু শতাবার্য্যাঃ কল্কমাহুঃ রসমানুক্তে, তদযুক্তং যতঃ কল্কদ্রব্যমধ্যেনোক্তঃ অতঃ ক্ষীরসাহচর্য্যেন রসো গ্রাহ্যঃ। ক্ষীরশতাবরীরসৌ প্রত্যেকং স্নেহসমৌ যষ্ট্যাহ্বয়দ্বয়ং দেয়ং দ্বিধোক্তিত ইতি স্থলজলজভেদেন যষ্টিমধুদ্বয়ং গ্রাহ্যমিত্যর্থঃ। বৃন্দস্তু ঘৃতে তৈলেচ যোগেচ যদ্দ্বয়ং পুনরুচ্যতে তত্রজাতব্য মিশ্রাদ্যোন ভাগতোদ্বিগুণেনচ ; ইতি বচনাৎ যষ্টি-

মধুনোভাগদ্বয়ং গ্রাহ্যমিত্যাহ। ব্যবহারস্তু বৃন্দোক্তমতেনৈব॥ ৬১ ॥

চর্ম্ম,শৃঙ্গ ও খুরাদি পরিত্যক্ত ছাগমাংস এবং বিল্ব, শোণা,পারুল, গাম্ভারী, গণিয়ারী, ইহাদিগের ছাল এবং শালপাণি, চাকুলে বৃহতী, কণ্টকারী গোক্ষুর ; এই সকল দ্রব্য দ্রোণ পরিমিত অর্থাৎ ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া।৲৬ষোল সের অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। কল্ক দ্রব্য যথা—জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, জীবন্তী, যষ্টিমধু, কাকোলী, ক্ষীরকাকোলী, ঋদ্ধি, বৃদ্ধি, যষ্টিমধু, ইহাদিগের উত্তমরূপ কুট্টিত কল্ক ও উপযুক্ত পরিমাণ দুগ্ধ ও শতমূলীর রসসহ প্রস্থ পরিমিত অর্থাৎ /৪ চারি সের ঘৃত যথাবিহিত নিয়মে পাক করিবে। ইহার নাম ছাগলাদ্য ঘৃত। এই ছাগলাদি ঘৃত সর্ব্বপ্রকার বাতরোগ নাশক এবং অর্দ্দিত,কর্ণশূল, বধিরতা, মূক, মিম্মিনত্ব, জড়তা, অব্যক্ত বাক্য, খঞ্জতা, পঙ্গুতা, গৃধ্রসী, কুব্জ, অপতান ও অপতন্ত্রক, এই সকল রোগেও এই ঘৃত প্রশস্ত। এই ঘৃত পাকে কেবল জলের পরিমাণ নির্দ্দিষ্ট আছে ক্বাথ্য দ্রব্যের পরিমাণের স্থিরতা নাই। অতএব যেস্থলে এক দ্রোণ জল উক্ত থাকে সেই স্থলে ক্বাথ্য দ্রব্য ।২॥০ সাড়েবারো সের দিতে হইবে, সুতরাং এই সামান্য পরিভাষা অনুসারে এস্থলে ছাগমাংস০/৬।০ সোয়াছয় সের ও বিল্ব,শোণা প্রভৃতি সমুদয়ে মিলিত /৬।০সোয়াছয় সের গ্রহণ করিতে হইবে। জীবনীয়গণে যষ্টিমধুর উল্লেখ আছে এবং এই বচনেও পৃথক্ রূপে যষ্টিমধুর উল্লেখ দেখা যায়,অতএব এই ঘৃত পাকে দুই ভাগ যষ্টিমধু প্রদান করিবে। এইরূপ যে যে স্থলে এক ঔষধের দুইবার উল্লেখ থাকিবে সেই সেই স্থলে এক ঔষধ দুই ভাগ প্রদান করিবে। প্রথমতঃ ঘৃত উষ্ণ করিয়া উত্তমরূপ কুট্টিত কল্ক ও উপযুক্ত পরিমাণ জলসহ পাক করিবে। অনন্তর ঘৃত হইতে সিটেগুলি ছাকিয়া ফেলিয়া ক্বাথ ও দুগ্ধদ্বারা পাক করিবে। পাক করিতে করিতে যখন শেষ পাকের লক্ষণ সমূহ প্রকাশ পাইবে তখন নামাইয়া ঈষদুষ্ণ থাকিতে বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। আধুনিক চিকিৎসকগণ অর্দ্ধ তোলা হইতে ২ দুই তোলা মাত্রায় পর্য্যন্ত উক্ত ঘৃত ব্যবহার করেন॥ ৬১ ॥

এলাদিতৈলম্—

এলামুরাসরলশৈলজদারু কৌন্তী
চণ্ডাশটীনলদচম্পকহেমপুষ্পম্।
স্থৌণেয়গন্ধরসপূতিদলাম্রণাল
শ্রীবাসকুন্দুরুনখাম্বুবরাঙ্গকুষ্ঠম্॥
কালীয়কং জলদকর্কটচন্দন শ্রী
র্জাত্যাঃফলং সবিকসংসহ কুঙ্কুমং
পৃক্কাতুরুষ্কলঘু লাভতয়াবিনীয়
তৈলস্বলাক্কথনদুগ্ধ যুতঞ্চদধ্না॥
সার্দ্ধম্পচেত্তুহিতমেতদ্দুদাহরন্তি
বাতাময়েষু বলবর্ণবয়ঃপ্রকার॥৬২॥

এলেত্যাদি।—কৌন্তীরেণুকং, চণ্ডা চোরপুষ্পী, নলদং মাংসী, হেমপুষ্পং নাগকেশরপুষ্পং স্থৌনেয় গ্রন্থিপর্ণং গন্ধরসঃ স্বনাম খ্যাতঃ। পূতিখট্টাসী, দলং তেজপত্রং, তুরুষ্কঃসিহ্লকঃ, লঘু অগুরু, লাভতয়েতি যথা লাভং দ্রব্যং মানঞ্চগ্রাহ্যং লভ্যত ইতি লাভঃ কর্ম্মণি ঘঞ্ নেহভাবপ্রত্যয়ঃ বিনীয় কল্কীকৃত্য ; তৈলমুৎসর্গতঃ প্রস্থপরিমিতং, বলাকথনং বলাক্বাথঃ, তস্যচ প্রস্থদ্বয়ং দুগ্ধং দধিচ প্রত্যেকং স্নেহসমম্, এবং মিলিত্বা চতুর্গুণঃ পাকঃ। অন্যেতু ক্বাথশ্চতুর্গুণঃ দধিদুগ্ধং প্রত্যেকং স্নেহসমমিত্যাহুঃ। ব্যবহারঃ পুনরনেনৈব। ইদমেবতৈলং অন্যে পাকভেদেন পঠন্তি যথা তিলতৈলংশঃ ৪ উপেক্ষার্থতিল তৈল পল ৪ পাকার্থং দধিশ ৪ দুগ্ধশ ৪ কল্কার্থংমঞ্জিষ্ঠা কর্ষ ১২ ইতি প্রথমঃ পাকঃ। ক্বাথার্থ বারিয়ালা মূল পল ৩২

পানীয়শ ৩২ শেষশ ৮ কল্কার্থং রেণুকাচোরপুষ্পী গন্ধরসঃ গুড়ত্বক্ শটী তেজপত্র উশীরকুড় মুথা পক্কা সরল শৈলজবলা এষাং প্রত্যেকং কর্ষ ১ দ্বিতীয় পাকঃ। তৃতীয় পাকেতু কল্কার্থ এলাচি-মুরা চম্পক কলিকা আঢ়কী নাগেশ্বর গাঠিয়ালা খট্টাসী নবনীতখোটি কুন্দুরুনখী শ্বেতচন্দন শোধিতসমুদ্রকর্কটঃ কালীয়কঃ জাতীফল কুঙ্কুম সিহ্লক অগুরু এতৎ সর্ব্বং চূর্ণীকৃত্য গন্ধোদকেন তৈলসমেন তৃতীয়ঃ পাকঃ ॥ ৬২ ॥

ছোটএলাচ, মুরামাংসী, সরলকাষ্ঠ, শৈলজ, দারুহরিদ্রা বা দেবদারু, রেণুক, চোরপুষ্পী, শটী, জটামাংসী, চম্পক-পুষ্প, নাগকেশরপুষ্প, গ্রন্থিপর্ণী (গে-ঠেলা), গন্ধরস, খট্টাসী, তেজপত্র, বেণারমূল (বীরণমূল), নবনীতখোটি, কুন্দুরখোটী, নখী, বালা, দারুচিনি, কুড়, কালীয়াকাষ্ঠ, মুথা, সমুদ্রকর্কট, শ্বেতচন্দন, জাতীফল, মঞ্জিষ্ঠা, কুঙ্কুম, পিড়িংশাক, রজন ও অগুরু; এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্কও উপযুক্ত পরিমাণ বেড়েলার ক্বাথ, দুগ্ধ ও দধি সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই তৈল সর্ব্বপ্রকার বাতরোগেই হিতকর এবং বল, বর্ণ ও আয়ু বৃদ্ধিকারক ॥ ৬২ ॥

বলাশৈরীয়তৈলে—

বলানিঃক্বাথকল্কাভ্যাং তৈলংপক্বং পয়োন্বিতম্। সর্ব্ববাত বিকারঘ্ন মেবং শৌরীয়সাধিতম্ ॥ ৬৩ ॥

বলাতৈলে বলাক্বাথশ্চিগুণঃ ক্ষীরঞ্চ স্নেহ সমং অন্যেতু বলাক্বাথশ্চতুর্গুণঃ দুগ্ধঞ্চ ঘৃত সমমিত্যাহুঃ। এবং শৈরীয়তৈলঃ ॥ ৬৩ ॥

যথোপযুক্ত পরিমাণ বেড়েলার ক্বাথ ও কল্ক এবং দুগ্ধ সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া সেবন করিলে, সর্ব্বপ্রকার বাতরোগ বিনষ্ট হয়। এইরূপ উপযুক্ত পরিমাণ ঝিণ্টীর ক্বাথ ও কল্ক এবং দুগ্ধসহ যথারীতি তৈল পাক করিবে ॥ ৬৩ ॥

বলাতৈলম্—

বলামূলকষায়স্য দশমূলীকৃতস্যচ। যবকোলকুলথানাং ক্বাথস্য পয়সাতথ ॥ অষ্টাবষ্টৌশুভাভাগা তৈলাদেকস্তদেকতঃ। পচেদাবাপ্যমধুরং গণং সৈন্ধবসংযুতম্ ॥ তথাগুরু সর্জ্জরসং সরলং দেবদারুচ ॥ মঞ্জিষ্ঠাং চন্দনং কুষ্ঠমেলাং কালানুশারিবাম্। মাংসীং শৈলেয়কং পত্রং তগরং শারিবাং বচাম্ ॥ শতাবরীমশ্বগন্ধাং শতপুষ্পাং পুনর্নবাম্। তৎসাধুসিদ্ধং সৌবর্ণে রাজতে মৃণ্ময়েঽপিবা ॥ প্রক্ষিপ্যকলসে সম্যক্ সুনিগুপ্তং নিধাপয়েৎ। বলাতৈলমিদং নাম্নাসর্ব্ববাত বিকারনুৎ। যথাবলমতোমাত্রাং সূতিকায়ৈ প্রদাপয়েৎ। যা চ গর্ভার্থিনীনারীক্ষীণশুক্রশ্চ যঃ পুমান্ ॥ ক্ষীণবাতে মর্ম্মহতেঽভিহতেমথিতেপিবা। ভগ্নেশ্রমাভিপন্নে চ সর্ব্বথৈবোপযোজয়েৎ ॥ সর্ব্বানাক্ষেপকাদীংশ্চ বাতব্যাধীন্ ব্যপোহতি। হিক্কাকাসমধিমন্থং গুল্মশ্বাসং সুদারুণম্ ॥ ষণ্মাসানুপযুজ্যৈতদন্ত্রবৃদ্ধি মপোহতি। প্রত্যগ্র ধাতুঃ পুরুষো ভবেচ্চ স্থির যৌবনঃ ॥ এতদ্ধি রাজ্ঞা কর্ত্তব্যং রাজমাত্রাশ্চ যে নরাঃ। সুখিনঃ সুকুমারশ্চ ধানিনশ্চৈব যে নরাঃ ॥ ৬৪ ॥

বলামূলকষায়স্যেতি সুশ্রুতস্য অত্র দশমূলস্য মিলিত্বা একক্বাথঃ যবকোলকুলথানাঞ্চ মিলিত্বাপরক্বাথশ্চ এবং বলাক্বাথেন সহ ত্রয়ঃ ক্বাথাস্তথা পয়শ্চেতি দ্রবচতুষ্টয়ম্, এষাং চতুর্ণাং দ্রব্যাণাং প্রত্যেকং তৈলপ্রস্থাপেক্ষয়াষ্ট গুণোভাগঃ। একমিলিত্বা তৈলাৎ দ্বাত্রিংশদ্গুণোদ্রবোভবতি। তৈলকল্কাপবিশেষানির্দ্দেশাৎ অত্র পরিমিতমেব গ্রাহ্যম্। একতইতি একীকৃত্য। আবা-

শাব্দধুরংগণমিতি কাকোল্যাদিগণং কল্কীকৃত্য। সৈন্ধবসংযুতমিতি সৈন্ধবমগুর্ব্বাদিচ কল্কীকৃত্য পক্তব্যং। কালানুশারিবা তগরপাদিকা তদভাবে শিয়ালীছোপড়ঃ। তগরং পিণ্ডতগরমূলং। শারিবা শ্যামলতা. পুনর্নবান্তঃ কল্কঃ। সুনিগুপ্তমিতি বাতাতপাদিপরিহারেণ সুগুপ্তং রক্ষিতম্। তৈলমিদং সুজাতে মূঢ় গর্ভে পতিতং তেন সূতিকায়ৈ প্রদাপয়েদিতি বিশেষেণোক্তম। অন্দ্র ক্ষমপোহতীতি অপ্রাপ্তফলকোষাক্ষ্ররুদ্ধিং ব্যপোহতীতি, প্রাপ্তফলকোষয়োঃ পুনরুন্মাদয়ন্নিত্যর্থঃ। রাজমাত্রা- ইতি রাজ ইব মাত্রা পরিচ্ছদো যেষাং তে তথা ॥ ৬৪ ॥

বেড়েলামূলের ক্বাথ, দশমূলের (বেলছাল, শোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারী, শালপাণি, চাকুলে বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর) ক্বাথ এবং যব, শুষ্কবদরী ও কুলথকলাই, ইহাদিগের ক্বাথ ও দুগ্ধ প্রত্যেকে তৈলের আট গুণ ও তৈল /৪চারি সের একত্র যথারীতি পাক করিবে। কল্কদ্রব্য যথা—কাকোল্যাদিগণ, সৈন্ধব, অগুরু, ধূপ, সরলকাষ্ঠ, দেবদারু, মঞ্জিষ্ঠা, রক্তচন্দন, কুড়, এলাচ, তগরপাদুকা, জটামাংসী শৈলজ, তেজপত্র, তগরমূল, শ্যামালতা, বচ, শতমূলী, অশ্বগন্ধা, শুল্‌ফা ও পুনর্নবা; এই সমস্ত দ্রব্য যথাযোগ্য উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। এই তৈল যথাবিহিত পাক করিয়া সুবর্ণ, রজত কিম্বা মৃণ্ময় কলসী মধ্যে গুপ্তস্থানে রাখিয়া দিবে। এই বলাতৈল সর্ব্বপ্রকার বাতরোগ নাশক। রোগীর বল বিবেচনা করিয়া এই তৈলের মাত্রাদি স্থির করিবে। এই তৈল প্রবল সূতিকারোগে প্রদান করিবে। গর্ভার্থিনী নারী ও ক্ষীণশুক্র পুরুষ এই তৈল সেবন করিবে। বাতক্ষীণ, মর্ম্মাঘাত, অভিঘাত, অস্থিভগ্ন ও শ্রমাভিপন্ন ব্যক্তিকে এই তৈল প্রয়োগ করিলেও বিশেষ উপকার হয়। সর্ব্বপ্রকার আক্ষেপক রোগ ও বাতব্যাধি, হিক্কা, কাস, অধিমন্থ, গুল্ম, দুঃসাধ্য শ্বাস ও অন্ত্রবৃদ্ধি রোগ সমূহও এই তৈল ছয়মাস সেবনে প্রশমিত হয়। যে ব্যক্তির ধাতুক্ষীণ হইয়াছে সেই ব্যক্তিও এই তৈল সেবনে নবযৌবন প্রাপ্ত হয়। এই তৈল রাজা, রাজতুল্য সুখী ও ধনী ব্যক্তিগণকে প্রয়োগ করিবে। কাকোল্যাদিগণ যথা—কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক, মুদ্গপর্ণী (মুগানি), মাসপর্ণী (মাষানী), মেদা, মহামেদা, গুলঞ্চ, কাকড়াশৃঙ্গী, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ডরিয়া বৃক্ষ, ঋদ্ধি, বৃদ্ধি, দ্রাক্ষা, জীরকদ্বয় ও যষ্টিমধু ॥ ৬৪ ॥

বিষ্ণুতৈলম্—

শালপর্ণী পৃশ্নিপর্ণীবলাচ বহুপুত্রিকা। এরণ্ডস্য চ মূলানি বৃহত্যোঃ পূতিকস্য চ ॥ গবেধুকস্য মূলানি তথা সহচরস্য চ। এষান্তু পলিকৈঃ কল্কৈ স্তৈলপ্রস্থং বিপাচয়েৎ ॥ আজস্য যদি বা গব্যং ক্ষীরং দদ্যাচ্চতুর্গুণম্। অস্য তৈলস্য পক্বস্য শৃণুবীর্য্যমতঃ পরম্ ॥ অশ্বানাং বাতভগ্নানাং কুঞ্জরাণাং তথানৃণাম্। তৈলমেতৎ প্রয়োক্তব্যং সর্ব্ববাতবিকারনিবারণম্ ॥ আয়ুষ্মাংশ্চ নরঃ পীত্বা নিশ্চয়েন দৃঢ়োভবেৎ। গর্ভমশ্বতরীবিন্দ্যাৎ কিংপুনর্মানুষী তথ ॥ হৃচ্ছূলং পার্শ্বশূলঞ্চ তথৈবার্দ্ধাভেদকম্। কামলা পাণ্ডুরোগঘ্নং শর্করাশ্মরীনাশনম্ ॥ ক্ষীণেন্দ্রিয়ানষ্ট শুক্রা-জরয়াজর্জ্জরীকৃতাঃ। যেষাঞ্চ ক্ষয়ো বাধিরত্ববৃদ্ধিশ্চদারুণা ॥ অর্দ্দিতং গলগণ্ডঞ্চ বাতশোণিত মেবচ। স্ত্রিয়োযা ন প্রসূয়ন্তে নাসাগ্রৈব প্রয়োজয়েৎ। এতদ্দ্রব্যবরং তৈলং বিষ্ণুনা পরিকীর্ত্তিতম্ ॥ ৬৫ ॥

শালপাণি, পৃশ্নিপর্ণী, বেড়েলা, শত-মূলী, এরণ্ডমূল, বৃহতীমূল, কন্টকারী-মূল, পূতিকামূল, গুলঞ্চমূল, ঝিণ্টীমূল, প্রত্যেকে ১ এক পল ; এই সমুদয় দ্রব্য যথাযোগ্য অর্থাৎ যে গুলি কুট্টিত করা আবশ্যক উত্তমরূপ কুট্টিত করিয়া লইবে। পরে এই সকল কল্কদ্বারা তৈল /৪ চারি সের যথাবিহিত নিয়-মানুসারে পাক করিবে। পাককালে ছাগদুগ্ধ কিম্বা গব্যদুগ্ধ ।৬ ষোল সের প্রদান করিবে। হস্তী, অশ্ব কিম্বা মনুষ্য বাতভগ্ন হইলে এই তৈল সেবন করিয়া সুস্থতালাভ করিতে পারে। এই তৈল পান করিলে, মনুষ্য দৃঢ় শরীরে দীর্ঘজীবী হইয়া থাকে। ইহা সেবনে অশ্বতরীপর্য্যন্ত গর্ভ গ্রহণ করে মনুষ্যের আর কথা কি? হৃদিশূল, পার্শ্বশূল, অর্দ্ধাঙ্গ, কামলা, শর্করা, অশ্মরী প্রভৃতি রোগ বিনাশ প্রাপ্ত হয়। ক্ষীণেন্দ্রিয়, নষ্টশুক্র এবং জরাপীড়িত ব্যক্তিও এই তৈল সেবনে জরা নিবারণ করিতে পারে। এবং ইহাদ্বারা ক্ষয়রোগ, অন্ত্র-বৃদ্ধি, অর্দ্দিত, গলগণ্ড ও বাতরক্ত প্র-ভৃতি বিনষ্ট হয়। যে স্ত্রীর সন্তান হয় না তাহাকেও এই তৈল সেবন করান যাইতে পারে। এই প্রধান তৈল স্বয়ং বিষ্ণু কর্ত্তৃক উক্ত হইয়াছে॥ ৩৫॥

নারায়ণতৈলম্—

বিল্বাগ্নিমন্থঃ শ্যোনাকঃ পাটলঃ পারি-ভদ্রকঃ। প্রসারণ্যশ্বগন্ধা চ বৃহতী কন্টকারিকা॥ বলাচাতিবলাচৈবশ্ব-দংষ্ট্রা সপুনর্নবা। এষাং দশপলান্-ভাগাংশ্চতুর্দ্রোণেঽম্ভসঃ পচেৎ॥ পাদাবশেষং পরিস্রাব্য তৈলপাত্রং প্রদাপয়েৎ। শতপুষ্পা দেবদারু-মাংসীশৈলেয়কং বচা॥ চন্দনং ত-গরং কুষ্ঠমেলা পর্ণীচতুষ্টয়ম্। রাস্না-তুরগগন্ধা চ সৈন্ধবং সপুনর্নবম্। এষাং দ্বিপলিকান্ ভাগান্ পেষয়িত্বা বিনিক্ষিপেৎ। শতাবরীরসঞ্চৈব তৈলতুল্যং প্রদাপয়েৎ॥ আজং বা য-দি বা গব্যং ক্ষীরং দত্ত্বাচতুর্গুণম্। পানেবস্তৌতথাভ্যঙ্গে ভোজ্যেচৈব প্রশস্যতে॥ অশ্বোবা বাতসংভগ্নো গজো বা যদি বা নরঃ। পঙ্গুলঃ পীঠ-সর্পীচ তৈলনানেন সিদ্ধ্যতি॥ অধো-ভাগে চ যে বাতাঃ শিরোমধ্যগতাশ্চ যে। দন্তশূলে হনুস্তম্ভে মন্যাস্তম্ভে গলগ্র-হে॥ যস্য শুষ্যতি চৈকাঙ্গং গতির্যস্য চ বিহ্বলা। ক্ষীণেন্দ্রিয়া নষ্টশুক্রা জ্বর ক্ষীণাশ্চ যে নরাঃ॥ বধিরা লল্লজি-হ্বাশ্চ মন্দমেধস এবচ। অল্পপ্রজ্ঞাচ যা নারী যাচ গর্ভং নবিন্দতি॥ বাতা-র্ত্তো বৃষণৌ যেষাং অন্ত্রবৃদ্ধিশ্চ দারুণা। এতত্তৈলবরং তেষাং নারায়ণং স্মৃতম্। তগরং নতমত্র সাদভাবেসী-ৎয়ৈলেয় স্থাপ্যতে॥ ৩৬॥

নারায়ণতৈলে পারিভদ্রকঃ পালিন্ঠামন্দার ইতি প্রসিদ্ধঃ, প্রসারণী গন্ধভাদালিয়া ইতি খ্যাতা, অতিবলা গোরক্ষতণ্ডুলা, তগরং তগরপাদিকা তদভাবে শিয়ালীছোপড়ং পিণ্ডতগরমূলমিত্যন্যে। আজং বা যদি বা গব্যমিতি যদ্যপি গব্যাজপ-য়সোঃ প্রাপ্তো ভিন্নমানয়ং তথাচ গোক্ষীরেণ পক্বং তৈলমিত্যনভিমতং ত্রিদোষহরকং ভবতীতি প্রত্যেতব্যং, অন্যোন্যাৎ ক্ষীরান্তর নিবৃত্ত্যর্থম্ বিশেষণত্বাপাক্ষমিতি নারায়ণসংজ্ঞাচাস্য বিষ্ণু-নির্মিতত্বাৎ শতাবরীরসসাধিতত্বাৎ॥ ৩৬॥

বেল, গণিয়ারী, শোণা, পারুলী ও পালিতামান্দারের ছাল, গান্ধাইল, অশ্ব-গন্ধা, বৃহতী, কন্টকারী, বেড়েলা, গো-রক্ষচাকুলিয়া, গোক্ষুর, পুনর্নবা ; এই সকল দ্রব্য প্রত্যেকে ১০ দশ পল অ-র্থাৎ ৮০ তোলা পরিমাণে লইয়া ৪ চারি

দ্রোণ অর্থাৎ ২৫৬ দুই শত ছাপ্পান সের জলে পাক করিবে, চতুর্থাংশ অবশিষ্ট থাকিতে ক্কাথ ছাকিয়া উহার সহিত তৈল ।৬ ষোল সের যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। কল্কদ্রব্য যথ.—শুল্‌ফা, দেবদারু,জটামাংসী, শৈলজ, বচ, রক্তচন্দন, তগরপাদুকা, কুড়, এলাচ, শালপর্ণী, পৃশ্নিপর্ণী (পিঠানি), মাষপর্ণী (মাষানি), মুদ্গপর্ণী (মুগানি), রাস্না, অশ্বগন্ধা, সৈন্ধব, পুনর্নবা, ইহাদিগের প্রত্যেকে ২ দুই পল পরিমাণে অর্থাৎ ১৬ ষোল তোলা (।/০ এক পোয়া) গ্রহণ করতঃ উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। এবং তৈলে শতমূলীরস ।৬ ষোল সের, ছাগদুগ্ধ বা গব্য দুগ্ধ ৬৪ চৌষট্টি সের প্রদান করতঃ পাক শেষ করিবে। উক্ত তৈল পান, বস্তি, অভ্যঙ্গ (মর্দ্দন) রূপে ও আহারীয় দ্রব্যের সহিত ব্যবহার করিবে। অশ্ব, হস্তী বা মনুষ্য বাতরোগাক্রান্ত হইয়া এই তৈল সেবন করিলে নিশ্চয় আরোগ্যলাভ করিতে পারে। পঙ্গু ও কুব্জপৃষ্ঠ ব্যক্তি এই তৈল মর্দ্দন করিয়া রোগ নিবারণ করিবে। শরীরের অধোভাগ ও শিরোগত বাতরোগ এবং পীঠসর্পী, মন্যাস্তম্ভ হনুস্তম্ভ, দন্তশূল, উরুস্তম্ভ ও গলগ্রহরোগে এবং যাহার সর্ব্বাঙ্গ বা একাঙ্গ শুষ্ক কিম্বা যে যে ব্যক্তি ভগ্নগতি, বিকলেন্দ্রিয়, নষ্টশুক্র, ক্ষীণবল, স্বরক্ষীণ, বধির, লোলজিহ্বা, অল্প মেধাবী এবং যে নারী একটী মাত্র সন্তান প্রসব করিয়াছে কিম্বা যে নারীর গর্ভ সঞ্চার হয় না তাহাদিগের পক্ষেও এই তৈল হিতকর। বিশেষতঃ বাতার্ত্ত বৃষণ এবং অন্ত্রবৃদ্ধি রোগাক্রান্ত রোগীর পক্ষে এই নারায়ণতৈল অতি উপকারী। নত শব্দে তগর মাত্র বোধ করিবে, তগর অভাবে শিয়ালীহোপড়ের মূল প্রদান করিবে। প্রথমতঃ কল্ক দ্রব্যদ্বারা পাক করিয়া তৈল ছাকিয়া সিটাগুলি ফেলিয়া দিবে এবং ক্রমে বেল প্রভৃতির ক্কাথ, শতমূলীরস ও দুগ্ধদ্বারা পাক করিবে। শেষ পাকের লক্ষণাদি প্রকাশ পাইলে নামাইয়া ছাকিয়া লইবে॥ ৬৬॥

মহানারায়ণতৈলম্—

শতাবরী চাংশুমতী পৃশ্নিপর্ণী শটী-বলা। এরণ্ডস্য চ মূলানি বৃহত্যোঃ পূতিকস্য চ॥ গবেধুকস্য মূলানি তথা সহচরস্য চ। এষাং দশপলান্ ভাগান্ জলদ্রোণে বিপাচয়েৎ॥ পাদশেষে পূতেচ গর্ভং চৈনং সমাবপেৎ। পুনর্নবা বচাদারু শতাহ্বা-চন্দনাগুরু॥ শৈলেয়ং তগরং কুষ্ঠ মেলামাংসীস্থিরা বলা। অশ্বাহ্বসৈন্ধবং রাস্না পলার্দ্ধানিচ পেষয়েৎ॥ গব্যাজপয়সঃ প্রস্থৌ দ্বৌদ্বাবত্রপ্রদাপয়েৎ। শতাবরীরসপ্রস্থং তৈলপ্রস্থং বিপাচয়েৎ॥ অস্য তৈলস্য সিদ্ধস্য শৃণু বীর্য্যং মতঃপরম্। অশ্বানাং বাতভগ্নানাং কুঞ্জরাণাং নৃণাং তথা॥ তৈল মেতৎ প্রদাতব্যং সর্ব্ববাত নিবারণম্। আয়ুষ্মাংশ্চ নরঃ পীত্বা নিশ্চয়েন দৃঢ়ো ভবেৎ॥ গর্ভমশ্বতরী বিন্দেৎ কিং পুনর্মানুষী তথা। হৃচ্ছূলং পার্শ্বশূলঞ্চ তথৈবার্দ্ধাবভেদকম্॥ অপচীং গণ্ডমালাঞ্চ বাতরক্তং হনুগ্রহম্। কামলাং পাণ্ডুরোগঞ্চ অশ্মরীঞ্চাপি নাশয়েৎ। তৈল মেতদ্ ভগবতাবিষ্ণুনা পরিকীর্ত্তিতম্। নারায়ণ মিতি খ্যাতং বাতান্তকরণং পরম্॥ ৬৭॥

মহানারায়ণতৈলে অংশুমতী শালপর্ণী পুতিকস্য লাটাকরঞ্জ ইতি খ্যাতস্য মূলং গ্রাহ্যং, গবেধুকং গোরক্ষতণ্ডুলা, সহচরোঝিণ্টী। শতাহ্বা শলুফা ইতিখ্যাতা. চন্দনং রক্তচন্দনং, শৈলেয়ং শৈলজং তগরং তগরপাদিকা, স্থিরাশালপর্ণী অশ্বাহ্বা অশ্বগন্ধা। এষাং কল্কানাং প্রত্যেকং পলার্দ্ধম্। প্রস্থৌ দ্বৌ বাবিতি পৃথগ দ্বৌ দ্বৌ প্রস্থৌ ॥ ৬৭ ॥

শতমূলী, শালপানি (ছালানি), পৃশ্নিপর্ণী (পিঠানি), শটী, বেড়েলা, এরণ্ডমূল, বৃহতী, কন্টকারী, লাটাকরঞ্জের মূল, গোরক চাউকলিয়ার মূল, নীলঝিণ্টীর মূল, ইহাদিগের প্রত্যেকে ১০ দশ পল অর্থাৎ ৮০ আশি তোলা পরিমাণে লইয়া দ্রোণ পরিমিত অর্থাৎ ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিবে এবং ।৬ ষোল সের অবশিষ্ট থাকিতে বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। কল্কদ্রব্য যথা—পুনর্নবা, বচ, দেবদারু, শুল্‌ফা, রক্তচন্দন, অগুরু, শৈলজ, তগরপাদুকা, কুড়, এলাচ, জটামাংসী, শালপানি (ছালানি), বেড়েলা, অশ্বগন্ধা, সৈন্ধব, রাস্না; ইহাদিগের প্রত্যেকে অর্দ্ধপল অর্থাৎ ৪ চারি তোলা গ্রহণ করতঃ উত্তমরূপ কুট্টিত করিয়া লইয়া গব্যদুগ্ধ /৮ আট সের, ছাগদুগ্ধ /৮ আট সের ও শতমূলীরস /৪ চারি সের সহিত প্রস্থ পরিমিত অর্থাৎ /৪ চারিসের তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। অতঃপর এই তৈলের প্রভাব শ্রবণ করুন্। অশ্ব কিম্বা হস্তী বাতভগ্ন হইলে, এই তৈল প্রয়োগ করিবে, ইহাদ্বারা সর্ব্বপ্রকার বাতরোগের নিবৃত্তি হয়। আয়ুষ্মান্ ব্যক্তি এই তৈল পান করিলে নিশ্চয় দৃঢ় শরীরে দীর্ঘজীবী হইয়া জীবন ধারণ করিতে পারে। বাতরোগ নাশক এই তৈল সেবনে অশ্বতরীও গর্ভ গ্রহণ করে, নারীদিগের কথা বলা বাহুল্য মাত্র। এই তৈল সেবনে, হৃদ্‌শূল, পার্শ্বশূল, অর্দ্ধাবভেদক, অপচী, গণ্ডমালা, বাতরক্ত, হনুগ্রহ, কামলা, পাণ্ডু ও অশ্মরী প্রভৃতি রোগ নষ্ট হয়। উক্ত তৈল ভগবান্ নারায়ণ কর্ত্তৃক উক্ত হইয়াছিল। উক্ত নারায়ণ তৈল বাতরোগের অন্তক স্বরূপ ॥ ৬৭ ॥

অশ্বগন্ধাতৈলম্—

শতং পক্কাশ্বগন্ধায়া জলদ্রোণেঽংশশেষিতম্। বিস্রাব্য বিপচেত্তৈলং ক্ষীরং দত্ত্বা চতুর্গুণম্ ॥ কল্কৈর্মৃণাল শালূক বিসকিঞ্জল্কমালতী। পুষ্পৈস্ত্রীবের মধুক শারিবা পদ্মকেশরৈঃ ॥ মেদা পুনর্নবা দ্রাক্ষা মঞ্জিষ্ঠা বৃহতীদ্বয়ৈঃ। এলৈলবালু ত্রিফলা মুস্তচন্দন পদ্মকৈঃ ॥ পক্বং রক্তাশয়ং বাতং রক্তপিত্তমসৃগ্দরম্। হন্যাৎ পুষ্টিবলং কুর্য্যাৎ কৃশানাং মাংসবর্দ্ধনম্ ॥ রেতোযোনিবিকারঘ্নং ব্রণদোষাপকর্ষণম্। ষণ্ডানপি বৃষান্ কুর্য্যাৎ পানাভ্যঙ্গানুবাসনৈঃ ॥ ৬৮ ॥

অশ্বগন্ধাতৈলে অংশশেষিতমিতি পাদশেষিতং মৃণালং স্থূলমৃণালং, বিসমল্পমৃণালং, বিসশব্দেন মৃণালনির্গতঃ প্রতানঃ কিঞ্জল্কঃ পদ্মকরাট পদ্মকেশরস্য উক্তত্বাৎ; অন্যেতু উৎপলকিঞ্জল্কমিত্যাহুঃ মেদাস্থানে মহেতি পাঠে মহামহামাষপর্ণী ॥ ৬৮

অশ্বগন্ধা ।২॥০ সাড়েবার সের, জল ৬৪ চৌষট্টি সের, শেষ ।৬ ষোল সের, বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইয়া উক্ত কাথ এবং চতুর্গুণ দুগ্ধসহ উপযুক্ত পরিমাণ তৈল যথাবিহিত নিয়মে পাক করিবে। কল্ক দ্রব্য—যথা স্থূলমৃণাল, শালুক, ক্ষুদ্রমৃণাল, পদ্মবীজ, বরাটিকা, মালতীপুষ্প, নাগকেশর, বালা, যষ্টিমধু, অনন্তমূল, পদ্মকেশর, মেদা, পুনর্নবা, দ্রাক্ষা (কিস্‌মিস্), মঞ্জিষ্ঠা, বৃহতী, কন্ট-

কারী, এলাচ, এলবালুকা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), মুথ, রক্তচন্দন, পদ্মকাষ্ঠ, এই সকল যথাযোগ্য কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। ইহাদ্বারা রক্তাশ্রিত বাত, সকল প্রকার রক্তপিত্ত অর্থাৎ বাতজ, পিত্তজ, কফজ, সন্নিপাতজ বা ত্রিদোষজ রক্তপিত্ত, রক্তপ্রদর, প্রভৃতি রোগ নষ্ট হয়, এবং শরীরের বল; পুষ্টি ও কৃশ ব্যক্তির শরীর স্থূল হয়। এই তৈল বাতরোগ, রেতঃ ও যোনিবিকার, ব্রণদোষ বিনষ্ট কারক। অধিক কি, এই তৈল পান, অভ্যঙ্গ (মর্দ্দন) এবং অনুবাসন রূপে ব্যবহার করিলে যণ্ডেরও শুক্রবৃদ্ধি হয়॥ ৬৮॥

মূলকাদ্যতৈলম্—

মূলক স্বরসং তৈলং ক্ষীর দধ্যম্লকাঞ্জিকম্। তুল্যং বিপাচয়েৎ কল্কৈর্বলা চিত্রকসৈন্ধবৈঃ॥ পিপ্পল্যতিবিষা রাস্না চবিকাগুরু চিত্রকৈঃ। ভল্লাতকবচাকুষ্ঠশ্বদংষ্ট্রা বিশ্বভেষজৈঃ পুষ্করাহ্ব শটী বিল্ব শতাহ্বানতদারুভিঃ। তৎসিদ্ধং পীতমত্যুগ্রান্ হন্তি বাতাত্মকান্ গদান্॥ ৬৯॥

মূলকেত্যাদি।—চরকস্য মূলকস্বরসাদীনি চত্বারি দ্রবাণি তৈলসমানি। বলাচিত্রক সৈন্ধবৈরিত্যত্র বলাশিগ্রুক সৈন্ধবৈরিত্যেব পাঠঃ চরকেতু দৃশ্যতে অন্যেতু চিত্রক শব্দেনৈরণ্ডমূলং ব্যাচক্ষতে তত্তু, টীকাকৃদুক্ত ন ব্যাখ্যাতমিতি॥ ৬৯॥

মূলার স্বরস, তৈল, দুগ্ধ, দধি, কাঞ্জিক; এই সকল সম পরিমাণে লইয়া নিম্নলিখিত কল্ক দ্রব্যের সহিত পাক করিবে। কল্কদ্রব্য যথা—বেড়েলা (বালকমি), চিতা, সৈন্ধব, পিপ্পলী, আতইচ, রাস্না, চৈ, অগুরু, সজিনা, ভেলা, বচ, কুড়, গোক্ষুর, শুঁঠ, পুষ্করমূল (অভাবে তুল্য ভাগ কুড়), শটী, বেলছাল, শুলফা, তগরপাদুকা, দারুহরিদ্রা বা দেবদারু, এই সকল দ্রব্য কুট্টিত করিয়া তৈল প্রদান করতঃ যথাবিধি পাক করিয়া পান করিলে, অতি উৎকট বাতরোগ বিনাশ প্রাপ্ত হয়॥ ৬৯॥

রসোনতৈলম্—

রসোন কল্কস্বরসেন পক্বং
তৈলং পিবেৎ যস্ত্বনিলাময়ার্ত্তঃ।
তস্যাশু নশ্যন্তি চ বাতরোগা-
গ্রন্থাবিশালা ইব দুর্গৃহীতাঃ॥৭০॥

রসোনকল্কস্বরসেন পক্কমিতি রসোন ক্বাথকল্কাভ্যামিত্যর্থঃ। অত্র স্বরস এব চতুর্গুণঃ অন্যেতু স্বরসঃ স্নেহসমঃ তোয়ং ত্রিগুণমিতি তথা বাতরোগাঃ নশ্যন্তি যথা বিশালা ইব দুর্গৃহীতাঃ অনধিগতবাক্যার্থাঃ অসংস্কৃতা বা গ্রন্থাঃ শাস্ত্রাণীব॥ ৭০॥

উপযুক্ত পরিমাণ রসুন্দের স্বরস ও কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া পান করিলে অর্থহীন বিশালগ্রন্থবৎ বাতরোগী ব্যক্তি শীঘ্র রোগ মুক্ত হইতে পারে॥ ৭০॥

কেতক্যাদ্যং তৈলম্—

কেতকীনাগ বলাতিবলানাং
যদ্বহলেন রসেন বিপক্কম্।
তৈলমনল্প তুষোদকসিক্তং
মারুতমস্থিগতং বিনিহন্তি॥
অনল্প বচনাত্তত্র তুল্যো ক্বাথ তুষোদকে। অকল্কোঽপি ভবেৎ স্নেহো যঃ সাধ্যঃ কেবলেদ্রবে॥ ৭১॥

কেতকীত্যাদি।— বাভটস্য কেতক্যাদীনাং আতবলান্তানাং মিলিতানাং ক্বাথঃ। বহলেনেতি ঘনেন বহুলেনেতি বচনাৎ, অষ্টভাগাবশিষ্টত্বং ক্বাথস্য, সচ চতুর্গুণঃ। অনল্পেতি বচনাৎ ক্বাথসমপিচতুর্গুণমিতি চক্রঃ অতোঽষ্টগুণঃ পাক ইত্যর্থঃ॥ ৭১॥

কেতকীমূল, বেড়েলা, গোরক্ষচাউলিয়া (পীতবেড়েলা) একত্র পাক করিয়া

অষ্ট ভাবাবশিষ্ট ক্বাথ করিবে অর্থাৎ যে পরিমাণ জল দ্বারা সিদ্ধ করা হইবে তাহার অষ্টাংশের এক অংশ থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। উক্ত ক্বাথ এবং উপযুক্ত পরিমাণ কাঞ্জিক সহিত এই তৈল যথাবিধি পাক করিয়া ব্যবহার করিলে, অস্থিগত বাতরোগ বিনষ্ট হয়। এই তৈল পাকে তৈলের চতুর্গুণ ক্বাথ এবং ক্বাথ সমান কাঞ্জিক প্রদান করিবে। ইহাতে কোন কল্ক দ্রব্যের বিধান নাই সুতরাং কেবল দ্রব (ক্বাথ) দ্বারাই পাক করিবে ॥ ৭১ ॥

সৈন্ধবাদ্যং তৈলম্—

দ্বেপলে সৈন্ধবাৎ পঞ্চ শুণ্ঠ্যা গ্রন্থিক চিত্রকাৎ। দ্বে দ্বে ভল্লাতকাস্থীনি বিংশতির্দ্বে তথাঢকে ॥ আরণালাৎ পচেৎ প্রস্থং তৈলমেতৈরপত্যদম্। গৃধ্রস্যূরুগ্রহার্শোর্ত্তি সর্ব্ববাতবিকারনুৎ ॥ ৭২ ॥

সৈন্ধবাদ্যে ভল্লাতকাস্থীনি বিংশতিরিত্যাকৃতি গণনাৎ ॥ ৭২ ॥

সৈন্ধব ২ দুই পল, শুঁঠ ৫ পাঁচ পল, পিপুলমূল ২ দুই পল, চিতা ২ দুই পল, ভেলার আঁটি ২০টী; ইহাদিগের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক এবং ৩২ বত্রিশ সের কাঞ্জিক সহিত তৈল /৪ চারি সের যথারীতি পাক করিবে। এই তৈল অপত্যপ্রদ এবং ইহা ব্যবহার করিলে গৃধ্রসী, উরুগ্রহ, অর্শ ও সর্ব্বপ্রকার বাতরোগ দূরীভূত হইয়া থাকে। ভেলা শোধন করিয়া লওয়া আবশ্যক। অতএব ভেলা সমূহ খণ্ড খণ্ড করিয়া সুরকি মাখাইয়া বাতস্থলে এক দিবস কিম্বা দুই দিবস রাখিলেই ভেলা শোধিত হইয়া থাকে ॥ ৭২ ॥

স্বল্পমাষতৈলম্—

তৈলং সঙ্কুচিতেঽভ্যঙ্গো মাষসৈন্ধবসাধিতম্। বাহুশীর্ষগতে নস্যং পানং ভোজনোত্তরভক্তিকং ॥ ক্বাথোঽত্র মাষনিষ্পাদ্যঃ সৈন্ধবং কল্কমেব চ ॥ ৭৩ ॥

[illegible] ক্বাথঃ সৈন্ধবস্তু কল্ক ইতি চক্রঃ। অন্যেতু কেবল সৈন্ধবস্য কুত্রাপি কল্কাদর্শনাৎ মাষসৈন্ধবয়োঃ কল্কঃ; অনুক্তদ্রবত্বাজ্জলং চতুর্গুণমিত্যাহুঃ ॥৭৩॥

মাষকলাই ও সৈন্ধবের সহিত যথারীতি তৈল পাক করিবে। বাতরোগে কোন অঙ্গ সঙ্কুচিত হইলে এই তৈল মর্দন করিবে, বাহু ও শীর্ষগত বাতরোগে এই তৈলের নস্য ও ভোজনের পর পান করিবে। উক্ত তৈল পাকে মাষকলায়ের ক্বাথ ও সৈন্ধবলবণের কল্ক এবং চতুর্গুণ জল প্রদান করতঃ যথাবিধানানুসারে পাক শেষ করিবে ॥ ৭৩ ॥

মাষতৈলম্—

মাষাত্মগুপ্তাতিবিসোরুবূক
রাস্না শতাহ্বা লবণৈঃ প্রপিষ্টৈঃ।
চতুর্গুণে মাষবলাকষায়ে
তৈলং কৃতং হন্তি চ পক্ষবাতম্ ॥ ৭৪ ॥

মাষাত্মগুপ্তেত্যত্র অতিবলা মুর্ব্বেতি নিশ্চলঃ [illegible] মাষবলয়োশ্চ মিলিত্বা চতুর্গুণঃ ক্বাথঃ ॥ ৭৪ ॥

মাষকলাই, শূকশিম্বী, মূর্ব্বা (সূচীমুখী, গোড়াচক্র বা বোড়াচক্র), এরণ্ড, রাস্না, শুলফা ও সৈন্ধব; ইহাদিগের উত্তমরূপ পেষিত বা কুট্টিত উপযুক্ত পরিমাণ কল্ক এবং তৈলের চতুর্গুণ পরিমাণ মাষকলাই ও বেড়েলার ক্বাথের সহিত উপযুক্ত পরিমাণ তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিয়া ব্যবহার করিলে, পক্ষাঘাত রোগ নিবারণ হয়। মূর্ব্বাস্থলে কেহ কেহ যষ্টিমধু

ব্যবস্থা করিয়া থাকেন। প্রথমতঃ উপযুক্ত জল ও মাষকলাই, শূকশিম্বী প্রভৃতির কল্কসহ তৈল পাক করিবে। অনন্তর উহা হইতে কল্কের সিটাগুলি ছাকিয়া মাষকলাই ও বেড়েলার কাথ দ্বারা পাক করিতে থাকিবে এবং পূর্ব্বোক্ত শেষ পাকের লক্ষণাদি প্রকাশ পাইলে নামাইয়া রাখিবে॥ ৭৪॥

মাষতৈলম্—

মাষপ্রস্থং সমাবাপ্য পচেৎ সম্যগ্ জলাঢ়কে। পাদশেষে রসে তস্মিন্ ক্ষীরং দত্ত্বা চতুর্গুণং॥ প্রস্থঞ্চ তিল-তৈলস্য কল্কং দত্ত্বাক্ষসম্মিতং। জীব-নীয়ানি যান্যষ্টৌ শতপুষ্পাং সসৈ-ন্ধবাং॥ রাস্নাত্মগুপ্তামধুকং বলা-ব্যোষংত্রিকন্টকং। পক্ষাঘাতেঽর্দ্দিতে বাতে কর্ণশূলে সুদারুণে॥ মন্দশ্রুতৌ চাশ্রবণে তিমিরে চ ত্রিদোষজে। হস্তকম্পে শিরঃকম্পে বিশ্বাচামব-বাহুকে॥ খঞ্জে কলায়খঞ্জে চ পানা-ভ্যঞ্জন বস্তিভিঃ। মাষতৈল মিদং শ্রেষ্ঠ মূর্দ্ধজত্রু গদাপহং॥ ৭৫॥

মাষপ্রস্থমিত্যাদৌ জীবনীয়ানি যান্যষ্টাবিতি—অষ্টবর্গঃ॥ ৭৫॥

মাষ /২ দুই সের, ।৬ ষোল সের জলে সিদ্ধ করিয়া /৪ চারি সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ কাথ গ্রহণ করিবে। এই কাথ এবং দুগ্ধ ।৬ ষোল সের সহিত তিলতৈল /৪ চারি সের পাক করিবে। কল্কদ্রব্য যথা—জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টি-মধু, শুল্ফা, সৈন্ধব, রাস্না, শূকশিম্বী, মধুক (যষ্টিমধু), বেড়েলা, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ) ও গোক্ষুর; এই সকল প্রত্যেকে ২ দুই তোলা পরিমাণ গ্রহণ করতঃ উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। এই তৈল যথাবিধি পাক করিয়া ব্যবহার করিলে পক্ষাঘাত, অর্দ্দিত, বাত, বধিরতা, তিমির, ত্রিদোষ (বায়ু, পিত্ত ও কফ), দারুণ কর্ণশূল, শ্রবণ শক্তির অল্পতা, হস্তকম্প, শিরঃকম্প, বিশ্বচী, অববাহুক ও কলায়খঞ্জ; এই সকল রোগে পান, বস্তি এবং অভ্যঞ্জন (শরীরে মর্দ্দন) রূপে ব্যবহার করিলে বিশেষ উপকার হইয়া থাকে। উক্ত তৈল ঊর্দ্ধ জত্রুগত রোগেও প্রশস্ত॥ ৭৫॥

মাষতৈলম্—

মাষাতসীযবকুরুন্টক কন্টকারী
গোকন্ট টুন্টক জটাকপিকচ্ছু তোয়ৈঃ।
কার্পাসবাস্থি শণবীজকুলখকোল-
ক্কাথেন বস্তপশিতস্য রসেন চাপি॥
শুণ্ঠ্যা সমাগধিকয়া শতপুষ্পয়াচ
সৈরণ্ডমূল সপুনর্নবয়াসরণ্যা।
রাস্নাবলামৃতলতা কটুকৈর্ব্বিপক্বং
মাষাখ্যমেতদববাহু হরঞ্চতৈলং॥
অর্দ্ধাঙ্গশোষ মপতানকমাঢ্যবাত
মাক্ষেপকং সভুজকম্প শিরঃপ্রকম্পং
নস্যেন বস্তিবিধিনা পরিষেচনেন
হন্যা ইকটীক্রমনস্তা কুরুশঃ সর্দ্দি॥ ৭৬॥

মাষাতসীত্যাদৌ অতসী বর্ত্তুল কলায়ঃ। কশ্চি-দিতিবিরেত্যাহ। কুরুন্টকো ঝিন্টী গোকন্টকো গোক্ষুরঃ টুন্টুকজটা শ্যোণাকমূলং কপিকচ্ছু শূকশিম্বা মাষাদিকপিকচ্ছু স্তৈনেকঃ ক্বাথঃ, কার্পাসাস্থিপ্রভৃতিনা কোলান্তেনাপরঃ, কোলঞ্চ শুষ্ক-বদরং। তথাবস্তপিশিতস্য ছাগমাংসস্য ক্বাথস্তৃ-তীয়ঃ। এবং ত্রিভির্দ্রবৈর্ম্মিলিত্বা চাতুর্গুণ্যম্। একদ্বিত্রিদ্রব দ্রবৈঃ কুর্য্যাৎ স্নেহ চতুর্গুণমিতি বচনাৎ। সরণী প্রসারণী। অমৃতলতা গুড়ূচী কটুকং মরিচং নতু লজ্জাকস্তূরী॥ ৭৬॥

মাষ, বর্ত্তুলকলাই, যব, ঝিন্টী, কন্টকারী, গোক্ষুর, শোণামূল ও শূকশিম্বীর [illegible] কাথ; এবং কার্পাসবীজ, শণবীজ, কুলত্থ

লাই ও শুষ্কবদরী. এই সকলের কাথ, এবং ছাগমাংসের যথারীতি প্রস্তুত কাথ, এই ত্রিবিধ কাথ এবং কল্কদ্রব্য সহিত উপযুক্ত পরিমাণ তৈল যথারীতি পাক করিবে। কল্কদ্রব্য যথা।—শুঁঠ, পিপ্পলী, শুল্‌ফা, এরণ্ডমূল, পুনর্নবা, গান্ধাইল, রাস্না, বেড়েলা, গুড়ূচী ও কট্‌কী, এই সকল দ্রব্য উত্তমরূপ কুটিত করিয়া তৈলে প্রদান করিবে। এই তৈল সেবন করিলে অববাহুক, অর্দ্ধাঙ্গ, শোষ, অপতানক, আঢ্যবাত, আক্ষেপক, হস্তকম্প, শিরঃকম্প প্রভৃতি রোগ নষ্ট হয়। এই তৈল নস্যে, বস্তিকর্ম্ম ও পরিষেচনরূপে ব্যবহার করিবে। ইহা দ্বারা কটী, জঘন ও জানু প্রভৃতি স্থানগত বাতজ বেদনার শান্তি হয়। উক্ত তৈল প্রথমতঃ অগ্নিতে চাপাইয়া মূর্চ্ছা পাক অর্থাৎ মঞ্জিষ্ঠা, লোধ, নালুকা, বচ, হরীতকী, আমলকী বহেড়া প্রভৃতি দ্বারা পাক করিবে এবং উহা হইতে সিটাগুলি ছাকিয়া ফেলিয়া পরে কল্ক দ্রব্যগুলি উত্তমরূপ কুটিত করিয়া উহাতে নিক্ষেপ করিবে এবং ক্রমে কাথপ্রভৃতি দ্বারা পাক করিবে॥৭৬॥

মহামাষতৈলম্—

মাষস্যার্দ্ধতুলাং দত্ত্বা তুলার্দ্ধং দশমূলতঃ। পলানিছাগমাংসস্য ত্রিংশদ্দ্রোণেঽম্ভসঃ পচেৎ॥ পূতশীতে কষায়েচ চতুর্থাংশাবতারিতে। প্রস্থঞ্চ তিলতৈলস্য পয়োদত্ত্বাচতুর্গুণং॥ আত্মগুপ্তোরুবূকশ্চ শতাহ্বালবণত্রয়ং। জীবনীয়ানি মঞ্জিষ্ঠা চব্য চিত্রক কট্‌ফলং। সব্যোষং পিপ্পলীমূলং রাস্না মধুক সৈন্ধবং। দেবদার্ব্বমৃতাকুষ্ঠং বাজিগন্ধা বচাশঠী॥ এতৈরক্ষসমৈঃ কল্কৈঃ সাধয়েন্মৃদুনাগ্নিনা। পক্বাঘাতার্দ্দিতেবাতে বাধির্য্যেহনুগ্রহে॥ কর্ণনাদে শিরঃশূলে তিমিরেচ ত্রিদোষজে। পাণিপাদ শিরোগ্রীবা ভ্রমণে মন্দচংক্রমে॥ কলায় খঞ্জেপাঙ্গুল্যে গৃধ্রস্যামববাহুকে। পানে বস্তৌ তথাভ্যঙ্গে নস্যকর্ণাক্ষি পূরণে। তৈলমেতৎ প্রশংসন্তি সর্ব্ববাতরুজাপহম্॥৭৭॥

মাষস্যার্দ্ধতুলমিত্যাদি।—অর্দ্ধতুলং বাজিংশৎপলানি, অত্রাপি পূর্ব্ববৎ যষ্টিমধুকস্য ভাগদ্বয়ং লবণত্রয়মিতি সৌবর্চ্চলং বিড়ং সৈন্ধবং। পুনঃ সৈন্ধবমিতিবচনাৎ সৈন্ধবস্যাপি ভাগদ্বয়ম্। জীবনীয়মিতি জীবনীয় দশকম্। পাণিপাদশিরোগ্রীবাভ্রমণইতি—পাণিপাদাদিকম্প ইত্যর্থঃ॥৭৭॥

মাষ /৪ চারি সের, বেলছালি, শোণাছাল. পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারী ছাল, শালপাণি. চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, ইহারা সমুদয়ে /২।• সোয়া ছয় সের, ছাগমাংস ৩০ ত্রিশ পল, সমুদয় ৬৪ চৌষট্টি সের জলে পাক করিয়া ।৬ ষোল সের অবশিষ্ট থাকিতে বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইবে। এই কাথের সহিত তিলতৈল /৪ চারিসের যথারীতি পাক করিবে। পাককালে দুগ্ধ ।৬ ষোল সের উহাতে প্রদান করিবে। কল্কদ্রব্য যথা—শূকশিম্বী, এরণ্ডমূল, শুল্‌ফা, বিটলবণ, সৈন্ধবলবণ, উদ্ভিদলবণ, জীবক. ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, বৃদ্ধি, মঞ্জিষ্ঠা, চৈ, চিতা, কট্‌ফল বা কায়ফল, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), পিপ্পলীমূল, রাস্না, যষ্টিমধু, সৈন্ধব, দেবদারু, গুলঞ্চ, কুড়, অশ্বগন্ধা, বচ, শটী; এই সকল প্রত্যেকে ২ দুই তোলা পরিমাণে উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে নিক্ষেপ করতঃ মৃদু অগ্নিতে পাক করিবে। এই তৈল ব্যবহার করিলে,

পক্ষাঘাত, অর্দ্দিত, বাতরোগ, বধিরতা, হনুগ্রহ, কর্ণশূল, শিরঃশূল, বাতজ, পিত্তজ, কফজ ও ত্রিদোষজ (সান্নিপাতজ) এই সর্ব্বপ্রকার তিমিররোগ, হস্ত পদাদি ও গ্রীবাকম্প, মন্দগতি, কলায়খঞ্জ, পঙ্গুতা, গৃধ্রসী, অববাহুক প্রভৃতি রোগ বিনষ্ট হয়। পানে, বস্তিশোধনে, মর্দ্দনে, নস্যে এবং কর্ণ ও চক্ষুঃ পূরণরূপে এই তৈল ব্যবহার করিবে। উক্ত তৈল সর্ব্বপ্রকার বাতবেদনা নাশক ॥ ৭৭ ॥

ত্রিংশতীয়প্রসারণীতৈলম্—

সমূলপত্র শাখাঞ্চ জাতসারাং প্রসারণীং। কুট্টয়িত্বা পলশতং দশমূল শতস্তথা। অশ্বগন্ধাপল শতং কটাহে সমধিক্ষিপেৎ। বারিদ্রোণে পৃথক্‌পক্ত্বা পাদশেষাবতারিতং ॥ কষায়া সমমাত্রস্তু তৈলপাত্রং প্রদাপয়েৎ। দধ্নস্তথাঢ়কং দত্ত্বা দ্বিগুণঞ্চাপি কাঞ্জিকং ॥ চতুর্গুণেন পয়সা জীবনীয়ৈঃ পলোন্মিতৈঃ। শৃঙ্গবের পলান্ পঞ্চ ত্রিংশন্ভল্লাতকানিচ ॥ দ্বেপলে পিপ্পলীমূলাচ্চিত্রকস্য পলদ্বয়ং। যবক্ষার পলেদ্বেচ সৈন্ধবস্য পলদ্বয়ং ॥ প্রসারণী পলেদ্বেচ মধুকস্য পলদ্বয়ং। সৌবর্চ্চল পলেদ্বেচ মঞ্জিষ্ঠায়াঃ পলদ্বয়ং ॥ সর্ব্বাণ্যেতানি সংস্কৃত্য শনৈর্ম্মৃদ্বগ্নিনাপচেৎ। এতদভ্যঞ্জনে শ্রেষ্ঠং বস্তিকর্ম্মনিরূহণে ॥ পানেনস্যেচ দাতব্যং ন কচিৎ প্রতিহন্যতে। অশীতিং বাতজান্‌রোগাংশ্চত্বারিংশচ্চপৈত্তিকান্। বিংশতিং শ্লৈষ্মিকাংশ্চৈবসর্ব্বানেতান্‌ব্যপোহতি। গৃধ্রসীমস্থিভগ্নঞ্চ মন্দাগ্নিত্বমরোচকং ॥ অপস্মার মথোন্মাদং বিভ্রমং মন্দগামিতাং। স্থূলগতাশ্চৈব যে বাতাঃ শিরাসন্ধিগতাশ্চ যে ॥ জানুসন্ধিগতাশ্চৈব পাদ পৃষ্ঠগতা স্তথা। অশ্বোবাতাচ্চসং ভগ্নো গজো বা যদি বা নরঃ ॥ প্রসারয়তি যস্মাদ্ধি তস্মাদেষা প্রসারণী। ইন্দ্রিয়াণাং প্রজননী বৃদ্ধানাঞ্চ প্রসূয়নী ॥ এতেনাঙ্কক বৃষ্ণীনাং পরং পুংসবনং মহৎ। প্রসারণীতৈল মিদং বলবর্ণাগ্নি বর্দ্ধনং ॥ অপনয়তিবলীপলিত মুৎপাটয়তি পক্ষাঘাতং। বাতস্তম্ভং সর্ব্বাঙ্গগতং বাতগুল্মঞ্চ নাশয়তি। এতদুপসেব্যমানঃ প্রসন্নবর্ণেন্দ্রিয়ো ভবতি ॥ ৭৮ ॥

মূল, পত্র ও শাখার সহিত প্রসারণী (গন্ধভাদালিয়া) ।২॥০ সের, জল ৬৪সের, শেষ ।৬ সের, অশ্বগন্ধা ।২॥০ সের, জল ৬৪ সের, শেষ ।৬ সের, শ্যোনাকছাল, পারুলছাল, গণিয়ারীছাল, বেলছাল, গাম্ভারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী (ব্যাকুর), কণ্টকারী ও গোক্ষুর ; ইহারা সমুদয়ে ।২॥০ সের, জল ৬৪ সের, শেষ ।৬ সের ; এই ত্রিবিধ ক্বাথের সহিত তৈল ।৬ সের যথারীতি পাক করিবে। পাককালে দধি ।৬ সের, কাঞ্জি ৩২ সের এবং দুগ্ধ ৬৪ সের প্রদান করিবে। কল্ক দ্রব্য যথা—জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, ইহারা প্রত্যেকে ১ পল, শুঁঠ ৫ পল, ভেলা ৩০ ত্রিশটী, পিপ্পলীমূল ২ পল, চিতা ২ পল, যবক্ষার ২ পল, সৈন্ধব ২ পল, গান্ধাইল ২ পল, যষ্টিমধু ২ পল, সৌবর্চ্চল ২ পল, মঞ্জিষ্ঠা ২ পল (অর্থাৎ ১৬ তোলা বা এক পোয়া), এই সকল কল্কদ্রব্য উত্তমরূপ কুট্টিত করতঃ তৈলে প্রদান পূর্ব্বক মন্দ মন্দ অগ্নিতে

পাক করিবে। এই তৈল অভ্যঞ্জন, বস্তিশোধন, নিরূহণ, পান ও নস্যরূপে প্রয়োগ করিলে, কদাচ ব্যর্থ হয় না। এই তৈল ব্যবহার করিলে, অশীতি প্রকার বাতরোগ, চত্বারিংশৎ প্রকার পিত্তরোগ, বিংশতি প্রকার কফরোগ বিনষ্ট হয়। গৃধ্রসী, অস্থিভগ্ন, মন্দাগ্নি, অরুচি, অপস্মার, উন্মাদ, গতিভঙ্গ, চর্ম্মগতবাত, শিরা ও সন্ধিগত বাত, জানুসন্ধিগতবাত, পাদ ও পৃষ্ঠাশ্রিত বাত রোগের শান্তি হয়। অশ্ব, হস্তী কিম্বা মনুষ্য বাত ভগ্ন হইলে, এই তৈল সেবনে আরোগ্যলাভ করিয়া যথেচ্ছা গমনাগমন করিতে পারে। এই জন্য পণ্ডিতগণ এই তৈলকে প্রসারণী তৈল বলিয়া থাকেন। উক্ত প্রসারণী তৈল ইন্দ্রিয়ের শক্তিবৃদ্ধিকর, বৃদ্ধত্ব বিনাশক, পুত্রপ্রসবকর, বল,বর্ণ বর্দ্ধনকর ও অগ্নিবৃদ্ধিকারক। এই তৈল সেবনে পক্ষাঘাত প্রভৃতি রোগও বিনষ্ট হয়। ভেলা ও শোধন করিয়া লওয়া আবশ্যক অতএব ভেলা খণ্ড খণ্ড করিয়া সুর্‌কির সহিত মিলিত করতঃ বাতস্থলে এক দিবস অথবা দুই দিবস রাখিলেই ভেলা শোধিত হইয়া থাকে॥ ৭৮॥

বৃহন্মাষতৈলম্—

মাষক্বাথে বলাক্বাথে রাস্নায়া দশমূলজে। যবকোলকুলত্থানাং ছাগমাংসভবে পৃথক্॥ প্রস্থে তৈলস্য চ প্রস্থং ক্ষীরং দত্ত্বা চতুর্গুণং। রাস্নাত্মগুপ্তাসিন্ধূত্থ শতাহ্বৈরণ্ড মুস্তকৈঃ॥ জীবনীয়ৈর্বলাব্যোষৈঃ পচেদক্ষসমৈর্বুধঃ। হস্তকম্পে শিরঃকম্পে বাহুশোষে হবাহুকে॥ বাধির্য্যে কর্ণশূলেচ কর্ণনাদেচ দারুণে। বিশ্বচ্যামর্দ্দিতে কুব্জে গৃধ্রস্যামপতানকে॥ বস্ত্যাভ্যঞ্জন পানেষু নাবনেষু চ দাপয়েৎ। মাষতৈলমিদং শ্রেষ্ঠ মূর্দ্ধজত্রুগদাপহং। ক্বাথে প্রস্থাঃ ষড়েবাত্র বিভক্ত্যান্তেন ভাষিতাঃ॥ ৭৯॥

সপ্তপ্রস্থ মাষতৈলে ক্বাথস্য প্রস্থত্বাপ্যত্রাস্নাদীনাং প্রত্যেকং প্রস্থো গ্রাহ্যঃ। মিলিতদশমূল প্রস্থঃ; তথা যবকোলকুলত্থানাং মিলিত্বৈব প্রস্থঃ সর্ব্বত্রৈব চতুর্গুণং জলং দেয়ং চতুর্থাংশোবশেষাঃ। অতএবাত্র ক্বাথ প্রস্থাঃ ষড়েবাত্রেত্যাদি। জীবনীয়ৈরিতি জীবনীয়দশকৈঃ॥ ৭৯॥

মাষকলায়ের ক্বাথ /৪ সের, বেড়েলার ক্বাথ /৪সের, রাস্নার ক্বাথ /৪সের, বেলছাল, পারুলছাল, গণিয়ারীছাল, শ্যোণাছাল: গাম্ভারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, ইহাদিগের ক্বাথ /৪ সের, যব, শুষ্কবদরী ও কুলথকলাই, ইহাদিগের ক্বাথ /৪সের, ছাগমাংসের ক্বাথ /৪ সের; এই সকল ক্বাথের সহিত তৈল /৪ সের পাক করিবে। পাককালে দুগ্ধ।৬ সের উহাতে প্রদান করিবে। কল্কদ্রব্য যথা—রাস্না, শৃকশিম্বী, সৈন্ধব, এরণ্ড, শলুফা, মুথা, জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, বৃদ্ধি, বেড়েলা, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), এই সকলের প্রত্যেকে ২ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত কল্ক তৈলে প্রদান করিবে। হস্তকম্প, শিরঃকম্প, বাহুশুষ্ক, অববাহুক, দারুণ বধিরতা, কর্ণশূল ও কর্ণনাদ, এই সকল রোগে এই তৈল প্রশস্ত। এই তৈল ব্যবহার বিশ্বচী, অর্দ্দিত, কুব্জ, গৃধ্রসী, অপতানক প্রভৃতি রোগ নষ্ট হয়। বস্তি অভ্যঞ্জন, পান ও নস্যরূপে উক্ত তৈল প্রয়োগ করিবে। ইহার নাম মাষতৈল, এই শ্রেষ্ঠ তৈল ঊর্দ্ধজত্রুগত রোগ সকলও বিনষ্ট করিয়া থাকে। উক্ত তৈল

পাক করিতে যে ৬ ছয় প্রস্থ ক্বাথ আবশ্যক তাহা পূর্ব্বেই বিভক্তরূপে বলা হইয়াছে ॥ ৭৯ ॥

মহামাষতৈলম্—

দ্বিপঞ্চমূলীং নিঃক্বাথ্যতৈলাৎ ষোড়শভিগুর্ণৈঃ। মাষাঢ়কং সাধয়িত্বা তং নির্য্যূহং চতুর্গুণং ॥ গ্রাহয়িত্বা তু বিপচেত্তৈল প্রস্থং পয়ঃসমং। কল্কার্থঞ্চ সমাবাপ্যভিষগ্দ্রব্যাণি বুদ্ধিমান্ ॥ অশ্বগন্ধাং শটীং দারুবলাং রাস্নাং প্রসারণীং। কুষ্ঠং পরূষকং ভার্গীং দ্বে বিদার্য্যৌ পুনর্নবাং ॥ মাতুলুঙ্গফলাজ্জাজ্যৌ রামঠং শতপুষ্পিকাং। শতাবরী গোক্ষুরকং পিপ্পলীমূল চিত্রকং। জীবনীয়গণং সর্ব্বং সংহৃত্যৈব সসৈন্ধবং। তৎ সাধু সিদ্ধং বিজ্ঞায় মাষতৈলমিদং মহৎ ॥ বস্ত্যভ্যঞ্জন পানেষু নাবনেচ প্রয়োজয়েৎ। পক্ষাঘাতে-হনুস্তম্ভে অর্দ্দিতে সাপতন্ত্রকে ॥ অববাহুক বিশ্বচ্যোঃ খঞ্জ পঙ্গুলয়োরপি। হনুমন্যাগ্রহেচৈব অধিমন্থেচ বাতিকে ॥ শুক্রক্ষয়ে কর্ণনাদে কর্ণশূলেচ দারুণে। কলায় খঞ্জসমনে ভৈষজ্য মিদমাদিশেৎ ॥ দশমূলাঢ়কং দ্রোণে নিঃক্বাথ্য পাদিকো ভবেৎ। ক্বাথশ্চতুর্গুণস্তৈলান্মাষক্বাথেপ্যয়ং বিধিঃ ॥৮০॥

দ্বিপঞ্চমূলীত্যাদি।—অত্র মাষস্য ক্বাথস্যাঢ়কমাণকমুক্তং তথা হচতুর্গুণশমূলস্যাপি ক্বাথস্যাপ্যাঢ়কং জ্ঞেয়ম্। তৈলাৎ ষোড়শভিগুর্ণৈরিতি তৈলপ্রস্থাপেক্ষয়া ষোড়শগুণজলৈরিত্যর্থঃ। অতঃ ষোড়শগুণত্বং অনু দ্রোণেভবতি তেন জলদ্রোণেনেত্যর্থঃ। মাষাঢ়কঞ্চ তৈলাৎ ষোড়শগুণৈর্জ্জলৈঃ সাধয়িত্বেতি যোজ্যম্। তং দশমূলক্বাথং তথা মাষক্বাথঞ্চ তৈলাচ্চতুর্গুণং, যথাস্যাত্তথা গ্রাহয়িত্বা তৈলপ্রস্থং বিপচেদিতি যোজ্যম্ পয়ঃ সমমিতি দুগ্ধং তুল্যং তেন নবগুণঃ পাক ইতি চক্রঃ। অতএব বক্ষ্যতি দশমূলাঢ়কং দ্রোণ ইত্যাদি। অন্যে তু দ্বিপঞ্চমূলীং মাষাঢ়কঞ্চৈকীকৃত্য জলদ্রোণমাত্রেণ সাধয়েদিত্যাহুঃ। তন্মতে পঞ্চগুণঃ পাকঃ। দ্বে বিদার্য্যৌ বিদারী ক্ষীরবিদারীচ। মাতুলুঙ্গফলং মাতুলুঙ্গস্য ফলং জীরকদ্বয়ঞ্চ ॥ ৮০ ॥

শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, বেলছাল, শোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল, ইহারা সমুদয়ে /৮ সের, জল ৬৪ সের, শেষ ।৬ সের এবং মাষ /৮ সের, জল ৬৪ সের, শেষ ।৬ সের। এই দ্বিবিধ ক্বাথের সহিত তৈল /৪ সের যথারীতি পাক করিবে। পাককালে দুগ্ধ /৪ সের উহাতে প্রদান করিবে। কল্কদ্রব্য যথা,—অশ্বগন্ধা, শঠী, দেবদারু, বেড়েলা, রাস্না, গন্ধভাদালিয়া, কুড়, পরষকফল, ব্রহ্মযষ্টি (বামুনহাটী), শ্বেতভূমিকুষ্মাণ্ড, ভূমিকুষ্মাণ্ড, পুনর্নবা, গোড়ানেবু (টাবানেবু বা ছোলঙ্গনেবু), জীরা, কৃষ্ণজীরা, হিঙ্গু, শুল্‌ফা, শতমূলী, গোক্ষুর, পিপ্পলীমূল, চিতা, জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, বৃদ্ধি, সৈন্ধব ; এই সকল দ্রব্য কুটিত করতঃ তৈল প্রদান করিবে। ইহা বস্তি, অভ্যঞ্জন, পান ও নস্য রূপে প্রয়োগ করিবে। পক্ষাঘাত, হনুস্তম্ভ, অর্দ্দিত, অপতন্ত্রক, অববাহুক, বিশ্বচী, খঞ্জ, পঙ্গু, হনুগ্রহ, মন্যাগ্রহ, বাতিক অধিমন্থ, শুক্রক্ষয়, দারুণ কর্ণনাদ, দারুণ কর্ণশূল ও কলায়খঞ্জ প্রভৃতি বাতরোগে এই তৈল প্রশস্ত ॥ ৮০ ॥

মজ্জস্নেহঃ—

গ্রাম্যানূপোদকনাস্তু ভিন্নাস্থীনি পচেজ্জলে। তং স্নেহং দশমূলস্য কষায়েণ পুনঃ পচেৎ ॥ জীবকর্ষভকাস্ফোতাবিদারী কপিকচ্ছুভিঃ। বাতঘ্নৈর্জীবনীয়ৈশ্চ কল্কৈর্দ্বিক্ষীর ভা-

গিকং ॥ তৎসিদ্ধং নাবনাভ্যঞ্জনতথা পানানুবাসনাৎ। শিরাপর্ব্বাস্থি কোষ্ঠস্থং প্রণুদত্যাশু মারুতম্ ॥ যে স্যুঃ প্রক্ষীণমজ্জানঃ ক্ষীণশুক্রৌজসশ্চ যে। বলপুষ্টি করস্তেষা মেতৎস্যাদমৃতোপমম্ ॥ ৮১ ॥

গ্রাম্যানূপোদকানামিত্যাদৌ।—দ্বিগুণক্ষীরসাহচর্য্যাদ্দশমূলীকাথোপি দ্বিগুণ এবগ্রাহ্যঃ। অন্যে তু চতুর্গুণমিত্যাহুঃ। বাতঘ্নৈরিতি ভদ্রদার্ব্বাদিগণৈঃ। জীবকর্ষভকয়োঃ পুনঃ পাঠো ভাগদ্বয়গ্রহণার্থম্। আস্ফোতা আকরমল্লিকেতি খ্যাতা ॥ ৮১ ॥

গ্রাম্য, আনূপ ও ঔদক (জলজ) জন্তুর অস্থিসমূহ পরিত্যাগ করতঃ জলে সিদ্ধ করিয়া উহার স্নেহভাগ গ্রহণ করিবে, উক্ত স্নেহ এবং বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল, এবং গাম্ভারী, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, এই দশমূলের কাথ এবং জীবক, ঋষভক, বনমল্লিকা, ভূমিকুষ্মাণ্ড (ভুঁইকুমড়), শূকশিম্বী, এবং বাতহারক জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি বৃদ্ধি, এই জীবনীয়গণের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক এবং স্নেহের দ্বিগুণ দুগ্ধ সহিত যথাবিধি পাক করিয়া নস্য, অভ্যঞ্জন ও অনুবাসনরূপে প্রয়োগ করিবে। এই ঔষধ সেবনে শিরা, পর্ব্ব, অস্থি ও কোষ্ঠগত বাতরোগ শীঘ্র প্রশমিত হয় এবং যে যে ব্যক্তি ক্ষীণমজ্জ, ক্ষীণ শুক্র ও ক্ষীণবল তাহাদের ইহাদ্বারা মজ্জা, শুক্র ও বল বৃদ্ধি হইয়া থাকে ॥ ৮১ ॥

চতুঃস্নেহঃ—

প্রস্থঃস্যাত্রিফলায়াস্তু কুলত্থকুড়বদ্বয়ং। কৃষ্ণগন্ধাত্বগাঢ়কোঃ পৃথক্ পঞ্চপলং ভবেৎ ॥ রাস্নাচিত্রকয়োর্দ্বে দ্বেদশমূলং পলোন্মিতং। জলদ্রোণে পচেৎপাদশেষংপ্রস্থোন্মিতং পৃথক্ ॥ সুরারনালদধ্যম্ল সৌবীরকতুষোদকং। কোলদাড়িম বৃক্ষাম্ল রসংতৈলং ঘৃতং বসাং ॥ মজ্জানঞ্চ পয়শ্চৈব জীবনীয়পলানি ষট্। কল্কং দত্ত্বামহাস্নেহং সম্যগেনং বিপাচয়েৎ ॥ শিরামজ্জাস্থিগেবাতে সর্ব্বাঙ্গৈকাঙ্গ রোগিষু। বেপনাক্ষেপশূলেষু তমভ্যঙ্গে প্রদাপয়েৎ ॥ ৮২ ॥

প্রস্থঃ স্যাদিত্যাদি।—অত্র ত্রিফলায়া মিলিত্বা প্রস্থঃ, কৃষ্ণগন্ধা শোভাঞ্জনস্য মূলত্বক্। অন্যে তু কৃষ্ণগন্ধাশমীত্যাহুঃ। তন্ন জতুকর্ণসম্বাদাৎ। দশমূলং পলোন্মিতমিতি প্রত্যেকং। প্রস্থোন্মিতং পৃথগিতি সুরাদীনাং পয়োন্তানাং প্রত্যেকং প্রস্থঃ। জীবনীয় পলানিষডিতি মিলিত্বা। মহাস্নেহইতি চতুঃস্নেহস্যসংজ্ঞা ॥ ৮২ ॥

হরীতকী, আমলকী ও বহেড়া মিলিত এক প্রস্থ অর্থাৎ /৪ চারি সের, কুলথকলাই /১ সের, শজিনারমূলছাল ৫ পাঁচ পল, আড়হর ৫ পাঁচ পল, রাস্না ২ দুই পল, চিতা ২ দুই পল, শোণা, পারুল, গণিয়ারী, গাম্ভারী ও বেলছাল, শালপাণি (ছালানি), চাকুলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী ও গোক্ষুর; ইহারা প্রত্যেকে এক পল অর্থাৎ আট তোলা মিলিত ৮০ আশি তোলা, ৬৪ চৌষট্টি সের জলে পাক করিয়া ।৬ ষোল সের অবশিষ্টে কাথ গ্রহণ করিবে। এই কাথের সহিত সুরা, কাঞ্জিক, অম্লদধি, সৌবীরক, তুষোদক, গুড়বদরী, অম্লদাড়িম, মহাদারস, তৈল, ঘৃত, বসা, মজ্জা ও দুগ্ধ প্রত্যেকে /৪ চারি সের এবং জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি ও বৃদ্ধি, এই সকলের মিলিত উত্তমরূপ কুট্টিত ও ছয় পল কল্ক সহিত যথাবিধি

একত্র পাক করিবে। শিরা, মজ্জা, অস্থি, সর্ব্বাঙ্গ বা একাঙ্গগত বাতরোগ, অঙ্গকম্পন, আক্ষেপক ও শূল, এই সকল রোগে এই ঔষধ অভ্যঞ্জন (মর্দ্দন) রূপে প্রয়োগ করিবে॥ ৮২॥

কুব্জপ্রসারণীতৈলম্—

প্রসারণী শতং ক্ষুণ্ণং পচেত্তোয়ার্ম্মণে শুভে। পাদশেষে সমংতৈলং দধি-দদ্যাৎ সকাঞ্জিকং॥ দ্বিগুণঞ্চ পয়োদত্ত্বা কল্কান্ দ্বিপলিকাং স্তথা। চিত্রকং পিপ্পলীমূলং মধুকং সৈন্ধবং বচাং॥ শতপুষ্পাং দেবদারুরাস্না বারণপিপ্পলীং। প্রসারণ্যাশ্চ মূলানি মাংসী ভল্লাতকানিচ॥ পচেন্মৃদ্বগ্নিনা-তৈলং সর্ব্ববাত বিকারনুৎ। অশিতিং নরনারীস্থান্ বাতরোগান্ ব্যপোহতি॥ কুব্জস্তিমিতপঙ্গুত্বং গৃধ্রসীং খুড়কার্দ্দিতং। হনুপৃষ্ঠ শিরোগ্রীবা স্তম্ভং বাপি নিযচ্ছতি॥ ৮৩॥

কুব্জপ্রসারণী তৈলে সমমিতি পাদাবশিষ্টক্বাথ-সমং, আঢ়কমমিত্যর্থঃ। দধি দদ্যাৎ সকাঞ্জিকমিতি দধিকাঞ্জিকে তৈলসমে। অন্যে তু সকাঞ্জিকমিতি পয়োবিশেষণং কৃত্বা কাঞ্জিকস্যাপি দ্বৈগুণ্যমিচ্ছন্তি ব্যক্তামস্ত্ব পূর্ব্বেসৈব খুড়কো গ্রন্থিবাতঃ। অন্যে তু বাতকণ্টক ইত্যাহুঃ। ৮৩॥

গন্ধভাদালিয়া ।২॥০ সাড়েবার সের কুট্টিত করতঃ ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ।৬ সের অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে. এই ক্বাথের সহিত তৈল ।৬ ষোল সের যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে, পাককালে দধি ।৬ ষোল সের কাঞ্জিক ।৬ ষোল সের ও দুগ্ধ ৩২ বত্রিশ সের উহাতে প্রদান করিবে। কল্কদ্রব্য যথা,—চিতা, পিপ্পলীমূল, যষ্টিমধু, সৈন্ধবলবণ, বচ, শুলফা, দেবদারু, রাস্না, গজপিপ্পলী, গান্ধালিয়ালের মূল, জটামাংসী ও ভেলা, এই সকলের প্রত্যেকে ২দুই পল অর্থাৎ ১৬ ষোল তোলা (এক পোয়া) গ্রহণ করতঃ উত্তমরূপ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। এই তৈল বাতশ্লেষ্ম ও অশীতি প্রকার বাতরোগ নাশক। এবং কুব্জ, অবশতা, পঙ্গুত্ব, গৃধ্রসী, খুড়করোগ হনু, পৃষ্ঠ, শিরঃ ও গ্রীবাস্তম্ভ প্রভৃতি বাতরোগ বিনাশক॥ ৮৩।

ত্রিশতীয়প্রসারণীতৈলম্—

প্রসারণ্যাস্তুলাং দশমূলতঃ। তুলাং তুলাং পৃথগ্বারি দ্রোণে পাদাবশেষিতে॥ তৈলাঢ়কং চতুঃক্ষীরং দধিতুল্যং দ্বিকাঞ্জিকম্। দ্বিপলৈর্গ্রন্থিকক্ষার প্রসারণ্যক্ষ সৈন্ধবৈঃ॥ সমঙ্গিষ্ঠাগ্নিযষ্ট্যাহ্বৈঃ পলিকৈ র্জীবনীয়কৈঃ। শুণ্ঠ্যাঃ পঞ্চপলং দত্ত্বা ত্রিংশদ্ভল্লাতকানিচ॥ পচেদ্ধস্ত্যাদিনা-বাতং হন্তিসন্ধিশিরাস্থিগম্। পুংস্ত্বোৎসাহ স্মৃতিপ্রজ্ঞা বলবর্ণাগ্নি সিদ্ধয়ে। প্রসারণীয়ং ত্রিশতী অক্ষং সৌবর্চ্চলমিহ॥ ৮৪॥

প্রসারণ্যাস্তুলানিত্যাদৌ দশমূলস্য মিলিত্বা ন পৃথক্। বারিদ্রোণ ইতি তিসৃষু তুলাসু প্রত্যেকং জলদ্রোণদানমিত্যর্থঃ। সৈন্ধব সান্নিধ্যাদক্ষং সৌবর্চ্চলং গৃহ্নন্তি বৃদ্ধাঃ। গ্রন্থ্যাদীনাং যষ্ট্যাহ্বান্তানাং প্রত্যেকং দ্বিপলং, জীবনীয়দশকঞ্চ প্রত্যেকং পলিকং। ত্রিংশদ্ভল্লাতকানীতি ত্যাকৃতিমানাৎ॥ ৮৪॥

গন্ধভাদালিয়া ।২॥০ সাড়েবার সের, জল ৬৪ চৌষট্টি সের, শেষ ।৬ ষোল সের, অশ্বগন্ধা ।২॥০ সাড়েবার সের, জল ৬৪ চৌষট্টি সের, শেষ ।৬ ষোল সের, ব্যাকুড় (বৃহতী), কণ্টকারী, গোক্ষুর, পারুলছাল, চাকলে, বেলছাল, শোণাছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল, শালপানি; ইহারা সমুদয়ে ।২॥০ সাড়েবার সের, জল ৬৪ চৌষট্টি সের, শেষ ।৬

যোল সের. এই ত্রিবিধ ক্বাথের সহিত তৈল ।৬ সের পাক করিবে। পাককালে দুগ্ধ ৬৪ সের, দধি ।৬ সের, কাঞ্জিক ৬২ সের উহাতে প্রদান করিবে। কল্কদ্রব্য যথা,—পিপ্পলীমূল, যবক্ষার, গান্ধাইল, সৌবর্চ্চল, সৈন্ধব, মঞ্জিষ্ঠা, চিতা, যষ্টিমধু, ইহাদের প্রত্যেকে ২ পল, জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, মাষপর্ণী, মুদ্গপর্ণী, জীবন্তী ও যষ্টিমধু ইহাদের প্রত্যেকে এক পল, শুঁঠ ৫ পল, ভেলা ৩০ গোট, এই সমস্ত দ্রব্যই কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। এই তৈল বস্ত্যাদি রূপে প্রয়োগ করিলে সর্ব্ব প্রকার বাতরোগ নষ্ট হয়। ইহা রমণেচ্ছা, স্মৃতি, প্রজ্ঞা, বল, বর্ণ, অগ্নি প্রভৃতি উদ্দীপনার্থ প্রয়োগ করিবে। এবং ইহাদ্বারা সন্ধি, শিরা ও অস্থিগত বাতরোগ বিনষ্ট হইয়া থাকে। এই তৈলের নাম ত্রিশতীয় প্রসারণী। এই তৈলে অক্ষশব্দে বৃদ্ধ বৈদ্যগণ সৌবর্চ্চল ব্যবস্থা করিয়া থাকেন। ভেলা খণ্ড খণ্ড করিয়া সুরকির সহিত মাখাইয়া বাতস্থলে অর্থাৎ যেখানে সর্ব্বদা প্রবল বায়ু বহিতে থাকে তথায় এক দিবস অথবা দুই দিবস পর্য্যন্ত রাখিবে। পরে সুরকি হইতে ভেলা পৃথক্ করিয়া লইতে হইবে। এইরূপেই ভেলা সংশোধিত হয় ॥ ৮৪ ॥

সপ্তশতিকাপ্রসারণীতৈলম্—

সমূলপত্রামুৎপাট্য শরৎকালে প্রসারণীং। শতং গ্রাহ্যং সহচরাৎ শতবর্য্যাঃ শতন্তথা ॥ বলাশ্বগুপ্তাশ্বগন্ধাকেতকীনাং শতং শতং। পচেচ্চতুর্গুণে তোয়ে দ্রব্যৈস্তৈলাঢ়কং ভিষক্ ॥ মস্তুমাংসরসং চুক্রং পয়শ্চাঢ়কমাঢ়কং। দধ্যাঢ়কসমাযুক্তং পাচয়েন্মৃদুনাগ্নিনা ॥ দ্রব্যাণান্তু প্রদাতব্যা মাত্রাচার্দ্ধপলোন্মিতা। তগরং মদনং কুষ্ঠং কেশরং মুস্তকং ত্বচং ॥ রাস্নাসৈন্ধবপিপ্পল্যো, মাংসীমঞ্জিষ্ঠযষ্টিকা। তথা মেদামহামেদা জীবকর্ষভকৌ তথা ॥ শতপুষ্পাব্যাঘ্রনখং শুঠীদেবাহ্বমেবচ। কাকোলী ক্ষীরকাকোলী বচাভল্লাতকস্তথা ॥ পেষয়িত্বা সমানেতান্ সাধনীয়া প্রসারণী। নাতিপক্বং নহীনঞ্চ সিদ্ধং পূতং নিধাপয়েৎ ॥ যত্রযত্রপ্রদাতব্যা তন্মেনিগদতঃ শৃণু। কুব্জানামথপঙ্গূনাং বামনানাং তথৈবচ ॥ যস্য শুষ্যতি চৈকাঙ্গং যে চ ভগ্নাস্থি সন্ধয়ঃ। বাতশোণিতদুষ্টানাং বাতোপহত চেতসাং ॥ স্ত্রীষু প্রক্ষীণমদ্যক্ষীণশুক্রাণাং বাজীকরণমুত্তমং। বস্তৌ পানেতথাভ্যঙ্গে নস্যেচৈবপ্রদাপয়েৎ। প্রযুক্তং শময়ত্যাশু বাতজান্ বিবিধান্ গদান্ ॥ ৮৫ ॥

সমূলপত্রামিত্যাদৌ।—শতং গ্রাহ্যমিতি প্রসারণ্যাইত্যর্থঃ। তথাসহচরাচ্চ শতমিত্যন্বয়ঃ। কেতকী কেওয়া ইতিখ্যাতা। পচেচ্চতুর্গুণে তোয় ইত্যত্র পলোন্মেথাগতমানত্বাৎ দ্বৈগুণ্যম্। অন্যে তু সম্যক্ বীর্য্যাধানার্থকতুর্গুণমিত্যাহুঃ গৃহ্ণন্তি ইদন্তু ন ব্যবহারসিদ্ধং চুক্রং গ্রহণ্যধিকারোক্তবিধিনা কার্য্যং নিত্যেকে। অন্যে তু মহারাজপ্রসারণ্যাং বক্ষ্যমাণবিধিনেত্যাহুঃ। দ্রব্যানামিতি কল্ক দ্রব্যানাং। তগরং পূর্ব্ববদ্ব্যাখ্যেয়ং কেশরং নাগকেশরং, মঞ্জিষ্ঠাযষ্টিকা ইতি মঞ্জিষ্ঠায়াঃ, ছান্দসত্বাদ্ধ্রস্বঃ। যষ্টিকা যষ্টিমধু ব্যাঘ্রনখং নখী। দেবাহ্বং দেবদারু ভল্লাতকাসহত্বে রক্তচন্দনং দেয়ম্ ॥ ৮৫ ॥

শরৎকালে মূল, পত্র ও শাখার সহিত গন্ধভাদালিয়া উৎপাটন করিয়া তাহার ।২॥০ সের গ্রহণ করিবে এবং ঝিণ্টী ।২॥০ সের, শতমূলী ।২॥০ সের, বেড়েলা ।২॥০ সের, শূকশিম্বী ।২॥০ সের, অশ্বগন্ধা ।২॥০ সের ও কেতকী ।২॥০ সের;

এই সকল ঔষধ চতুর্গুণ জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশে অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথের সহিত তৈল।৬ সের যথারীতি পাক করিবে। পাককালে দধিরমাত, মাংসরস, চুক্র, দুগ্ধ প্রত্যেকে।৬ সের ও দধি।৬ সের প্রদান করিয়া মৃদু অগ্নিতে পাক করিবে। কল্কদ্রব্য যথা—তগরপাদুকা, মদনফল, কুড়, নাগকেশর, মুথা, দারুচিনি, রাস্না, সৈন্ধব, পিপ্পলী, গজপিপ্পলী, জটামাংসী, মঞ্জিষ্ঠা, যষ্টিমধু,মেদা, মহামেদা, জীবক, ঋষিভক, শুল্ফা; নখী, শুঁঠ, দেবদারু, কাকোলী, ক্ষীরকাকোলী, বচ, তেলা (অভাবে রক্তচন্দন), এই সমস্ত দ্রব্য একত্র সংগ্রহ করতঃ উত্তমরূপ কুট্টিত করিয়া প্রত্যেকে অর্দ্ধপল অর্থাৎ ৪ চারিতোলা পরিমাণে তৈলে প্রদান করিবে। এই তৈল যাহাতে অধিক বা হীন পাক না হয় এইরূপ সতর্ক হইয়া পাক শেষ করতঃ বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইবে। ইহা কুব্জ, পঙ্গু, বামন, একাঙ্গ শুষ্ক, অস্থি ও সন্ধিভগ্ন, বাতরক্ত, বাতোপহত চিত্ত (বাতদোষে যাহার চিত্তের বিকলতা জন্মিয়াছে), স্ত্রীসম্ভোগ ও মদ্য পানজনিত ক্ষীণশুক্র প্রভৃতি রোগে বিশেষ উপকারী। উক্ত তৈল নস্য, পান, বস্তিকর্ম্ম ও অভ্যঙ্গরূপে (মর্দ্দনরূপে) প্রয়োগ করিবে। এই তৈল প্রয়োগে আশু বিবিধ প্রকার বাতরোগ বিনষ্ট হয়। উক্ত তৈল পাকের নিয়ম যথা,—প্রথমতঃ তৈল মঞ্জিষ্ঠা, নালুকা প্রভৃতি দ্বারা মূর্চ্ছা পাক করিয়া উহা হইতে মূর্চ্ছার দ্রব্যগুলি ছাঁকিয়া ফেলিবে এবং তগরপাদুকা প্রভৃতির উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক ও উপযুক্ত পরিমাণ জল সহিত পাক করিবে এবং পরে তৈল হইতে উক্ত কল্কদ্রব্য গুলি ছাঁকিয়া ফেলিবে। অনন্তর ক্বাথ, চুক্র, দধি, দুগ্ধ প্রভৃতি দ্বারা ক্রমে পাক করিতে থাকিবে এবং শেষ পাকের লক্ষণ সমূহ সম্যক প্রকাশ পাইলে নামাইয়া বস্ত্র দ্বারা ছাঁকিয়া লইবে। (৬) ॥ ৮৫ ॥

একাদশশতিকং প্রসারণীতৈলম্—

শাখামূলদলৈঃ প্রসারণিতুলা স্তিস্র কুরুণ্টাস্তুলে। ছিন্নায়াশ্চ তুলেতুলেরুবুকতো রাস্নাশিরীষাত্তুলাং। দেবাহ্বাচ্চসকেতকাদ্ ঘটশতৈর্নিঃক্বাথ্যকুম্ভাংশিকে। তোয়ে তৈলঘটং তুষাম্বুকলসৌ দত্ত্বাঢ়কং মস্তুনঃ ॥ শুক্তাচ্ছাগরসাদং[illegible] ক্ষীরাচ্চদত্ত্বাঢ়কং, পৃক্কা[illegible]বকা[illegible]বকসাকাকোলকাকস্তুরা। সূক্ষ্মৈলাঘনসারকুন্দ সরলাকাশ্মীরমাংসীনখৈঃ, কালীয়োৎপ[illegible]কাহ্ব[illegible]কঙ্কোলক[illegible]কৈঃ ॥ চাম্পেয়াভয়চোচপূগকটুকাজ্জাতীফলাভীরুভিঃ, শ্রীবাসামরদারুচন্দনবচা শৈলেয়সিন্দুদ্ভবৈঃ। তৈলাম্বোদকটম্ভরাজ্জিনলিকাবৃশ্চীরকচোরকৈঃ, কস্তূরীদশমূলকেতকনত ধ্যামাশ্বগন্ধাস্তুভিঃ ॥ কৌন্তীতার্ক্ষজশল্লকী ফলল-যুক্শ্যামাশতাহ্বামরৈঃ, উল্লাতত্রিফলা-স্তকেশর মহাশ্যামালবঙ্গান্বিতৈঃ। সবৈ[illegible] পাত্রেগ্নিনা, পানাভ্যঞ্জনবস্তিনস্যবিধিনাতন্মারুতং নাশয়েৎ ॥ সর্ব্বার্দ্ধাঙ্গগতং তথাবয়বগং সর্ব্বাস্থিমজ্জাশ্রিতং,

(৬) উক্ত তৈলে অনেক গুলি ক্বাথ প্রস্তুত করিতে হয় কিন্তু গ্রন্থকার সমস্ত ক্বাথই এক সঙ্গে করিতে আদেশ দিয়াছেন বস্তুতঃসমস্ত এক সঙ্গে হওয়া নিতান্ত অসম্ভব, কারণ, এরূপ বৃহৎ পাত্র পাওয়া ও সুকঠিন অতএব যেরূপ সুবিধা অর্থাৎ একটী বা দুটী এক সঙ্গে অথবা তিনটী ক্বাথ এক সঙ্গে করিয়া লইবে।

শ্লেষ্মাপ্রধানপৈত্তিকাংশ্চ শমনম্মানান্‌,
বিধ নাময়ান্‌। ধাতূনবৃংহয়তিস্থিরঞ্চ
কুরুতেপুংসাংনবং যৌবনং, বৃদ্ধস্যাপি
বলং করোতিসুমহদ্বন্ধ্যাঃ গর্ভপ্রদং॥
পীত্বাতৈলমিদং জরত্যপিসুতং সূতে-
হমুনাতরুহাঃ। সিক্তাঃ শোষমুপাগ-
তাশ্চফলিনঃ স্নিগ্ধাভবন্তিস্থিরাঃ তথা-
ঙ্গাঃ সুদৃঢ়ীভবন্তিমনুজাগাবোহয়া কু-
ঞ্জরাঃ ॥ ৮৬ ॥

শাখামূলদলৈর্বিভা দ।—অত্র তৃতীয়া সহার্থে বিশেষণে বা; কুরুণ্টকং পীতঝিণ্টী রাস্নাশিরীষয়োর্মিলিত্বা একা তুলা। দেবদারুকেতকয়োরপি মিলিত্বৈব তুলা। ঘটশত ইতি দ্রোণশতে. কৃত্বাং শি... দ্রোণ ... ... স্পর্শ... কুম্ভঃ স এবচ। অন্যে তু কাম্ভো-দ্রোণ মিত্যাহুঃ। বৃদ্ধ বাগ্ভটবচনাৎ কস্তশব্দোত্র দ্রোণপর্য্যায়ঃ কিন্তু ব্যবহারঃ পূর্ব্ব নৈব। অত-এব সমুদগ্রাদেকস্মিন্‌ পাত্রে ক্বাথোদ্ধরঃ, তেন দ্রব্যং বিভজ্য জলং তদনুসারেণ দত্বা কথনীয়ং। তৈলঘটং তৈলদ্রোণং তুষাম্বুকলসাবিতি কাঞ্জি-কস্য দ্রোণদ্বয়ম্‌। শুক্তাদীনাঞ্চক্ষীরান্তানাং প্রত্যে-কমাঢ়কং জীবকাদ্যং জীবনীয়দশকমষ্টবর্গো বা. কাকোল্যাঃ ভাগদ্বয়ং জীবনীয়গণেপ্যস্যাঃ পঠিত-ত্বাৎ, বিকসা মঞ্জিষ্ঠা কস্তুরা শূকশিম্বা, দুরাল ভেত্যন্যে। ঘনসারঃ কর্পূরং, কুন্দুঃ কুন্দুরুখোটিঃ সুগন্ধি গন্ধদ্রব্যং সরলা সরলকাষ্ঠং, নতু ত্রিবৃতা, সুগন্ধিদ্রব্যান্তঃ পঠিতত্বাৎ। এবং গ্রন্থিপর্ণী নতু পিপ্পলীমূলং। উৎপলমপ্যুৎপলপুষ্পং ন তু কুষ্ঠং, চাম্পেয়ং চম্পককলিকা নাগকেশরো বা, অভয়-মুণালং চোচংগুড়ত্বক পূগং পুগফলং পুগবৃক্ষত্ব-গিত্যন্যে, কটুকা লতাকস্তুরী, অভীরুঃ শতমূলী, শ্রীবাসো নবনীতখোটিঃ, চন্দনং শ্বেতচন্দনং তৈলং সিহ্লকং, কটম্বরা প্রসারণী বৃশ্চিকপত্রী বা তস্যা অঙ্ঘ্রি মূলং কচোরকো গন্ধশঠী ধ্যামং গন্ধতৃণং কৌন্তী রেণুকা তার্ক্ষ্যজং রসাঞ্জনং ফলং মদনফলং লঘু অগুরু শ্যামা প্রিয়ঙ্গু, মহাশ্যামা শ্যামলতা এষাং প্রত্যেকং ত্রিপলং ব্যোষস্য মি-লিত্বা ত্রিপলং গ্রাহ্যম্‌। অত্রকল্ক ভুয়স্ত্বাদেলাদি-তৈলবদধমৈর্গন্ধিদ্রব্যৈঃ প্রথমঃ পাকঃ; মধ্য-মৈস্তু দ্বিতীয়ঃ; উত্তমৈস্তু তৃতীয়ইতি। অত্র গন্ধ-শুদ্ধ্যর্থং কর্পূরকস্তুরীভ্যাং পত্রকল্কঃ। পত্রকল্ক-লক্ষণঞ্চাগ্রে বাচ্যং পত্রকল্কস্য মানমত্র তৈলানু-রূপত্বঞ্চ সুগন্ধি তৈলান্তরোক্তমানানুসারাদ্বা জ্ঞেয়ম্‌ ॥ ৮৬ ॥

মূল, পত্র ও শাখার সহিত গন্ধভাদা-লিয়া (গান্ধাইল) তিন শতপল অর্থাৎ ৩৭॥০ সের, পীতঝিণ্টী দুইশত পল অর্থাৎ ২৫ সের, গুড়ূচী ২৫ সের, এরণ্ডমূল ২৫ সের, রাস্না ও শিরীষ ১২॥০ সের, দেবদারু ও কেতকী ১২॥০ সের, এই সকল ক্বাথ্যদ্রব্য একশত দ্রোণ জলে সিদ্ধ করিয়া ২ দ্রোণ অবশিষ্ট ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ এবং কাঞ্জিক ২ দ্রোণ, দধিরমাত, শুক্ত (কাঞ্জিক বিশেষ), ছাগমাংসরস, ইক্ষুরস ও দুগ্ধ প্রত্যেকে ১৬ সের সহিত দ্রোণ পরি-মিত তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। কল্কদ্রব্য যথা—পৃক্কা (পিড়িংশাক), সমুদ্রকর্কটী, জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, বৃদ্ধি, মঞ্জিষ্ঠা, কাকোলী, শূকশিম্বী, ছোট এলাচ, কর্পূর, কুন্দুরখোটী (গন্ধদ্রব্য বিশেষ), সরলকাষ্ঠ, কুঙ্কুম, জটামাংসী, নখী, কালেয়কাষ্ঠ, উৎপল, পদ্মকাষ্ঠ হরিদ্রা, কক্কোল (গন্ধদ্রব্য বিশেষ), গেঠেলা চম্পককলিকা, বেণার মূল (বীরণমূল), দারুচিনি, শুপারি, লতাকস্তুরী, জাতিফল, শতমূলী, নবনীতখোটী, দেবদারু, শ্বেতচন্দন, বচ, শৈলজ, সৈন্ধবলবণ, শিলারস, মুথা, গন্ধভাদালিয়ার মূল, নালুকা, শ্বেতপুনর্নবা, গন্ধশঠী, কস্তুরী, বেলছাল শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল, চাকুন্দে, বৃহতী, কণ্টকারী, শালপাণি, গোক্ষুর, কেতকী, তগরপাদুকা, গন্ধতৃণ অশ্বগন্ধা, বালা, রেণুক, রসাঞ্জন শল্লকীত্বক, মদনফল (ময়নাফল), অগুরু, প্রিয়ঙ্গু, শটুলা, কুড়, তেলা, ত্রিফলা (হরীতকী, আমলকী,

বহেড়া) পদ্মকেশর শ্যামালতা, লবঙ্গ, ও ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), ইহাদিগের প্রত্যেকে ৩ পল অর্থাৎ ২৪ তোলা; এই সকল দ্রব্য উত্তমরূপ কুট্টিত করতঃ তৈলে প্রদান করিবে। এই তৈল কোন দৃঢ় সুবৃহৎ মৃৎপাত্রে মৃদু অগ্নিতে পাক করিবে। এই তৈল পান, মর্দ্দন, বস্তিশোধন ও নস্যরূপে ব্যবহার করিলে সর্ব্বাঙ্গ, অর্দ্ধাঙ্গ, অবয়বগত ও সন্ধি, অস্থি ও মজ্জাগত বাত রোগ এবং শ্লেষ্মজ ও পিত্তজ বিবিধ রোগ বিনষ্ট হয়। ইহা রোগীর ধাতুবর্দ্ধক স্থৈর্য্য ও অত্যন্ত বলকারক। ইহা দ্বারা বৃদ্ধ মনুষ্যও নবযুবার ন্যায় বলবান্ হয় এবং বন্ধ্যাদিগের ও গর্ভ গ্রহণ হইয়া থাকে। এই তৈল পান করিলে সুবিশীর্ণাস্ত্রীও সন্তান প্রসব করিয়া থাকে, এবং শুষ্ক বৃক্ষে এই তৈল সেচন করিলে বৃক্ষ ফলপুষ্পশালী, সুস্নিগ্ধ ও দৃঢ় হইয়া উঠে। মনুষ্য, গো, অশ্ব ও হস্তী প্রভৃতির ভগ্ন ও বিকলাঙ্গ এই একাদশশতিক ব্যবহারে দৃঢ় হয়। এই তৈলেও কাথ্যদ্রব্য অধিক সুতরাং পৃথক্ পৃথক্ যেরূপ সুবিধা হয় কাথ প্রস্তুত করিয়া লইবে এবং অন্যান্য দ্রবদ্রব্য দ্বারা এক সঙ্গে পাক অসম্ভব, অতএব ক্রমে ক্রমে পাক করিবে ॥ ৮৬ ॥

অষ্টাদশশতিকপ্রসারণীতৈলম্—

সমূলদলশাখায়াঃ প্রসারণ্যাঃ শতত্রয়ম্। শতমেকং শতাবর্য্যা অশ্বগন্ধাশতং তথা ॥ কেতকীনাং শতঞ্চৈকং দশমূলাচ্ছতং শতম্। শতং বাট্যালকস্যাপি শতং সহচরস্য চ ॥ জলদ্রোণশতং দত্ত্বা ভাগাবশেষিতং। তস্মেকৈকবারেণ কষায়ং দ্বিগুণেনচ ॥ সুব্যক্তেনারণালেন দধিমণ্ডকেনচ। ক্ষীরশুক্তেক্ষুনির্য্যাসচ্ছাগমাংসরসাঢ়কৈঃ। তৈলাৎ দ্রোণং সমাযুক্তং দৃঢ়ে পাত্রে নিধাপয়েৎ। দ্রব্যাণি যানি পেষ্যানি তানি বক্ষ্যাম্যতঃ পরম্ ॥ ভল্লাতকং নতং শুণ্ঠী পিপ্পলী চিত্রকং শটী। বচা পৃক্কা প্রসারণ্যাঃ [illegible]চ ॥ দেবদারুশতাহ্বা চ সূক্ষ্মৈলাত্বচবালকম্। কুঙ্কুমং মদমঞ্জিষ্ঠা তুরষ্কং নখিকাগুরু ॥ কর্পূরকুন্দুরুনিশা লবঙ্গধ্যামচন্দনম্। কক্কোলনলিকামুস্তং কালীয়োৎপলপত্রকম্ ॥ শটীহরেণুশৈলেয় শ্রীবাসগুসকেতকম্। ত্রিফলাকচ্ছুরাভীরু সরলাপদ্মকেশরম্ ॥ প্রিয়ঙ্গুশীরনলদং জীবকাদ্যং পুনর্নবা। দশমূল্যশ্বগন্ধেচ নাগপুষ্পং রসাঞ্জনম্ ॥ কটুকাজাতিপুগানাং [illegible]। ভাগান্ ত্রিপলিকান্ দত্ত্বা শনৈর্মৃদ্বগ্নিনাপচেৎ। বিস্তীর্ণেস্বদৃঢ়েপাত্রে পাক্যোষা তু প্রসারণী। প্রয়োগঃ ষড়্বিধশ্চাত্ররোগার্ত্তানাং বিধীয়তে ॥ অভ্যঙ্গাত্ত্বগ্গতং হন্তি পানাৎ কোষ্ঠগতং তথা। পক্বাশয়গতেবস্তির্নিরূহঃ সার্ব্বকায়িকে ॥ ভোজনাৎ সূক্ষ্মনাড়ীস্থানূনস্যাদূর্দ্ধগতং তথা। এতদ্বিবড়বাশ্বানাং কিশোরাণাং যথামৃতম্ ॥ এতদেবমনুষ্যাণাং কুঞ্জরাণাং গবামপি। অনেনৈবচতৈলেন শুষ্যমাণামহাদ্রুমাঃ ॥ সিক্তা পুনঃ প্ররোহন্তিভবন্তিফলশালিনঃ। বৃদ্ধোপ্যনেনতৈলেন পুনশ্চতরুণায়তে ॥ নপ্রসূতেচ যা নারী সাচ পীত্বাপ্রসূয়তে। অপ্রজঃ পুরুষো যস্তু সোপিপীত্বাসুতং লভেৎ ॥ অশীতিং বাতজান্ রোগান্শ্লৈষ্মিকান্ পিত্তজানপি। সন্নিপাতসমুত্থাংশ্চন-

শয়েৎ ক্ষিপ্রমেব তু ॥ এতেনাঙ্গক্ষ বৃষ্ণীনাং কুতং পুংসবনং পরং। কুত্বা বিশ্বোর্বলিপ্যাপি তৈলমেতৎ প্রয়োজয়েৎ ॥ কাথে তুলাদ্বয়ং রাস্নায়াঃ কিলিমস্যচদীয়তে। ভল্লাতকাসঃ স্বভুতংস্থানে রক্তচন্দনং ॥ ত্বক্‌পত্রম্ পত্রমধুরীকুষ্ঠচম্পকগৈরিকা। গ্রন্থিকোষেমরুবকমধিকন্ত্বনদীয়তে ॥ কর্পূরমদদানঞ্চশুভগন্ধোদকক্রিয়া। দ্রব্যশুদ্ধিঃ পাকবিধির্ভাবি প্রসারণীসমঃ ॥ ৮৭ ॥

সমূলদলেত্যাদি।—দশমূলাচ্ছতং শত মিতি দশমূলানাং প্রত্যেকং শতমিত্যর্থঃ। বৃদ্ধা অত্র কাথমধ্যে রাস্নাদেবদারুনোরপি প্রত্যেকং পঞ্চাশৎ পলানি প্রক্ষিপন্তি; অতএব চক্রোপি কাথেতুল্যার্দ্ধমিতি বক্ষ্যতি জলন্তু যথোক্তমেব দেয়ং নত্বধিকং। কষায়দ্বিগুণেনারণালেন দ্রোণদ্বয়েনেত্যর্থঃ। ক্ষীরাদীনাং প্রত্যেকমাঢ়কং, সমাযুক্তমিতি পদং কষায়েনেত্যাদিভিস্তুতীরান্বৈর্যোজ্যং প্রসারণ্যা অপি মূলমিত্যন্বয়ঃ। ত্বক্‌ গুড়ত্বক্‌ মদঃ কস্তূরী তুরুষ্কং সিহ্লকং নখচোরক মিতি পঠিত্বা অগুরুস্থানে চোরপুষ্পমিত্যাহুরেকে। উৎপলং উৎপলপুষ্পং ধ্যামং গন্ধতৃণং পত্রং তেজপত্রং শটী গন্ধশটী, শ্রীবাসং নবনীতখোটিঃ, সকেতকমিত্যত্র সেড়গজ মিতি পঠিত্বা এড়গজবীজমাহ গয়দাসঃ। কুঙ্কুমাশু [illegible] সরলং [illegible] পদ্মকেশরং পদ্মকিঞ্জল্কঃ নলদং মাংসী, জীবকাদ্যং জীবনীয়দশকং, নাগপুষ্পং নাগকেশরপুষ্পচূর্ণং কটুকা লতাকস্তূরীফলানীতি কটুকাদিভিস্ত্রিভিঃ সম্বধ্যতে। শল্লকী স্বনামখ্যাতা রসোগন্ধরসঃ; অত্রত্রিফলায়া মিলিত্বা পলত্রয়ং এবং জীবনীয়দশমূলয়োরপি, প্রত্যেকশস্তু ত্রিপলগ্রহণে কল্কস্যাতিবাহুল্যং স্যাতন্ অত্রাপি কল্কত্রয়ত্বাৎ অধমৈঃ সুগন্ধিদ্রব্যৈঃ প্রথমঃ পাকঃ মধ্যমৈস্তু দ্বিতীয়ঃ, উত্তমৈস্তৃতীয় ইতি। অত্রাপি তৃতীয়ঃ পাকঃ গন্ধোদকেন, কেচিত্তু দ্বিতীয়পাকোপি গন্ধোদকেনেত্যাহুঃ। অত্রোপ:দশাদনুকল্পপাধিকং গন্ধদ্রব্যং দেয়মিত্যাহ, ত্বক্‌পত্রেত্যাদি, ত্বক্‌পত্রং তেজপত্রং পত্রন্তু তেজপত্র সদৃশমেব পত্রান্তরং গ্রন্থিপর্ণ্ণ স্থিপর্ণং কোষো জাতিকোষঃ। কর্পূরাদিদানবিধিমাহ কর্পূরেত্যাদি ॥ ৮৭ ॥

মূল, পত্র ও শাখার সহিত গান্ধাইল ৫৭॥০ সাড়েসাইত্রিশ সের, শতমূলী ।২॥০ সাড়েবার সের, অশ্বগন্ধা ।২॥০ সাড়েবার সের, কেতকী ।২॥০ সাড়েবার সের, বেড়েলা ।২॥০ সাড়েবার সের, শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর, বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল, প্রত্যেকে ।২॥০ সাড়েবার সের, ঝিন্টী ।২॥০ সাড়েবার সের, এই সকল দ্রব্য একশত দ্রোণ জলে পাক করিয়া এক দ্রোণ অবশিষ্ট থাকিতে কাথ গ্রহণ করিবে। এই কাথ এবং কাঞ্জিক ২ দুই দ্রোণ, দধিমণ্ড, দুগ্ধ, শুক্ত (কাঞ্জিকবিশেষ), ইক্ষুরস, ছাগমাংসরস প্রত্যেকে ।৬ ষোল সেরের সহিত তৈল ৬৪ সের অত্যন্ত দৃঢ়পাত্রে সংস্থাপন পূর্ব্বক সাবধানে পাক করিবে। কল্কদ্রব্য যথা,—তেলা, তগরপাদুকা, শুঁঠ, পিপ্পলী, চিতা, শটী, বচ, পিড়িংশাক, গন্ধাইলেরমূল পিপ্পলীমূল, দেবদারু, শলুকা, ছোটএলাচ, দারুচিনি, বালা, কুঙ্কুম, কস্তূরী, মঞ্জিষ্ঠা, শিলারস, নখী, অগুরু, কর্পূর, কুন্দুরখোটী, হরিদ্রা, লবঙ্গ, গন্ধতৃণ, রক্তচন্দন, কক্কোল, নালুকা, মুথা, কালেয়কাষ্ঠ, উৎপল, তেজপত্র, শটী, রেণুক, শৈলজ, নবনীতখোটী, কেতকী, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), শূকশিম্বী, শঙ্খমূলী, সরলকাষ্ঠ, পদ্মকেশর, প্রিয়ঙ্গু, বেণারমূল (বীরণমূল), জটামাংসী, জীবক, ঋষভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, বৃদ্ধি, পুনর্নবা, অশ্বগন্ধা, নাগকেশর, রসাঞ্জন, লতাকস্তূরী, শল্লকীলতা, জাতিফল, শুপারি, গন্ধরস, এবং দশমূল অর্থাৎ বিল্ব, শ্যোণা, পারুল, গণিয়ারী ও গাম্ভারীত্বক্, শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর,

এই দ্রব্য সমূহ প্রত্যেকে ৩ তিন পল অর্থাৎ ২৪ চব্বিশ তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ তৈলে প্রদান করিবে। এই তৈল রোগীর অবস্থাদি বিবেচনায় ছয় প্রকারে প্রয়োগ করা যায়। চর্ম্মগত বাতরোগে মর্দ্দন, কোষ্ঠগত বাতরোগে পান, সূক্ষ্ম নাড়ীগত বাতরোগে ভোজন, উর্দ্ধগত বাতরোগে নস্য, পক্কাশয়গত বাতরোগে বস্তিকর্ম্ম, সর্ব্বশরীরগত বাতরোগে নিরুহণ করিলে উক্ত রোগ সকল বিনষ্ট হয়। এই তৈল বড়বা, কিশোরাশ্ব, মনুষ্য, হস্তী গো সকলের পক্ষেই অমৃতের ন্যায় হিতকর। এই তৈল সেচন করিলে শুষ্ক বৃক্ষেরও অঙ্কুর ও ফল পল্লবাদি উৎপন্ন এবং বৃদ্ধ ব্যক্তি যুবার ন্যায় হইতে পারে। যে নারীর সন্তান না জন্মে সে নারীও এই তৈল সেবনে সন্তান প্রসব করে এবং যে পুরুষের সন্তানোৎপাদনের শক্তি নাই তাহার এই তৈল পান করিলে পুত্রোৎপাদনের ক্ষমতা জন্মে। পূর্ব্বকালে এই তৈলদ্বারা অন্ধক বৃষ্ণিবংশের সুমহৎ বংশ বৃদ্ধি হইয়াছিল। বিষ্ণুর উপহার ও অর্চ্চনা করিয়া এই তৈল প্রয়োগ করিবে। এই তৈল ব্যবহারে বাতজ, পিত্তজ, শ্লেষ্মজ ও সন্নিপাতজ অশীতি প্রকার বাতরোগ নষ্ট হয়। এই তৈলের কাথ্য রাস্না ও দেবদারু প্রত্যেকে ৶৬।০ সোয়াছয় সের প্রদান করিবে। তৈল অসহ্য হইলে রক্তচন্দন দ্বারা তৈল পাক করিবে। দারুচিনি, তেজপত্র, এলাইচ, চম্পকপুষ্প, চোরখড়িকা, মউরী, কুড়, গ্রন্থিপর্ণী (গেঠেলা), জৈত্রী, নাগদানা, প্রভৃতি দ্রব্য সমূহ ও অতিরিক্ত দেওয়া যাইতে পারে। এই তৈলে কর্পূর ও মদ (কস্তূরী) প্রদান, শুক্ত ও গন্ধোদক প্রস্তুতপ্রণালী এবং দ্রব্যবৃদ্ধি ও পাক বিধি প্রভৃতি সমস্ত কার্য্যই মহারাজ প্রসারণী তৈলের ন্যায় জানিবে। ৮৭।

মহারাজপ্রসারণীতৈলম্—

শতত্রয়ং প্রসারণ্যা দ্বে চ পীত সহচরাৎ। অশ্বগন্ধেরণ্ড বলাবরীরাস্না পুনর্নবা॥ কেতকী দশমূলঞ্চ পৃথক্ ত্বক্ পারিভদ্রকঃ। প্রত্যেকমেষান্তু তুলাতুলার্দ্ধং কিলিমাত্তথা॥ তুলার্দ্ধং সাচ্ছিরীষাচ্চ লাক্ষায়াঃ পঞ্চবিংশতিঃ। পলানি লোধ্রাচ্চ তথা সর্ব্বমেকত্র সাধয়েৎ॥ জল পঞ্চাঢ়ক শতে স পাদে তত্র শেষয়েৎ। দ্রোণদ্বয়ং কাঞ্জিকঞ্চ ষড়্‌বিংশত্যাঢ়কৈরন্বিতং॥ ক্ষীরদধ্নোঃ পৃথক্ প্রস্থান্দশমস্ত্বাঢ়কস্তথা। ইক্ষোরসাঢ়কৌ চৈব ছাগমাংস তুলাত্রয়ে॥ জল পঞ্চচত্বারিংশৎ প্রস্থান্ পক্কে তু শোষয়েৎ সপ্তদশ রস প্রস্থান্ মঞ্জিষ্ঠা কাথ চ॥ কুড়বো নাড়িকেলানাং দ্রবৈরেতৈস্তু সাধয়েৎ। সুশুদ্ধতিলতৈলস্য দ্রোণং প্রস্থেন সংযুতং॥ কাঞ্জিকং মানতোদ্রোণং শুক্তেনাত্র বিধিয়তে॥ আদ্য এভি র্দ্রবৈঃ পাকঃ কল্কো ভল্লাতকং কণা। নাগরং মরিচঞ্চৈব প্রত্যেকং ষট্‌পলোন্মিতং॥ ভল্লাতকাসহস্ত্বেতু রক্তচন্দনমুচ্যতে। পথ্যাক্ষধাত্র্যঃ সরলং শতাহ্বা কর্কটৌ বচা। চোরপুষ্পী শটী মুস্তংদ্বয়ং পদ্মঞ্চ সোৎপলং॥ পিপ্পলীমূলমঞ্জিষ্ঠা সাশ্বগন্ধা পুনর্নবা। দশমূলং সমুদিতং চক্রমর্দ্দো রসাঞ্জনঃ। গজকৃষ্ণং হরিদ্রা চ জীবনীয়গণস্তথা। এষাং ত্রিপলিকৈর্ভাগৈরাদ্যঃ পাকো বিধীয়তে॥

দেবপুষ্পী বোলপত্রং শল্লকীরসশৈলজে। প্রিয়ঙ্গুশীর মধুরী মাংসী দারু বলা চলম্‌॥ শ্রীবাসো নলিকাখোটিঃ সূক্ষ্মৈলাকুন্দুরুর্নখা। নখীত্রয়ঞ্চ ত্বক্‌পত্রীস্পৃক্কাপূতিচম্পকং॥ মদনং রেণুকা পৃক্কা মরুবঞ্চ পলত্রয়ং। প্রত্যেকং গন্ধতোয়েন দ্বিতীয়ঃ পাক ইষ্যতে॥ গন্ধোদকন্তু ত্বক্‌পত্রীপত্রকোশীরমুস্তকং। প্রত্যেকং সরলামূলং পলানি পঞ্চবিংশতিঃ। কুষ্ঠার্দ্ধভাগোঽত্র জল প্রস্থাস্তু পঞ্চবিংশতিঃ। অর্দ্ধাবশিষ্টাঃ কর্ত্তব্যাঃ পাকে গন্ধাম্বুকর্ম্মণি॥ গন্ধাম্বু চন্দনাম্বুভ্যাং তৃতীয়ঃ পাক ইষ্যতে। কল্কোঽত্রকেশরং কুষ্ঠং ত্বক্‌ কালীয়ককুঙ্কুমং॥ ভদ্রশ্রিয়ং গ্রন্থিপর্ণং লতা কস্তূরিকা তথা। [illegible] জাতীকোষফলানি চ॥ এলা লবঙ্গ ছল্লী চ প্রত্যেকং ত্রিপলোন্মিতম্‌। কস্তূরী ষট্‌পলং চন্দ্রাৎ পলং সার্দ্ধঞ্চ গৃহ্যতে॥ বধার্থঞ্চ পুনশ্চন্দ্রমদো দেয়ৌ তথোন্মিতৌ। মহাপ্রসারণীসেয়ং রাজভোগ্যা প্রকীর্ত্তিতা॥ গুণান্‌ প্রসারণীনাস্তু [illegible]। কাঞ্জিকং মানতো দ্রোণঃ শুক্তেণাত্র বিধীয়তে॥ ৮৮॥

শতত্রয়মিত্যাদি।—দশমূলী পৃথক্‌শত মিত্যন্বয়ঃ তেন দশমূলস্য প্রত্যেকং শত পলং গ্রাহ্যং কিলিমং দেবদারু লোধ্রাচ্চ তথেতি পঞ্চবিংশতি পলানীত্যর্থঃ। জলপঞ্চাঢ়কশতে সপাদ ইত্যাঢ়কশতস্য পাদঞ্চ পঞ্চবিংশত্যাঢ়কস্তেন জলস্য পঞ্চবিংশত্যাঢ়কাধিকং পঞ্চশতাঢ়কমিত্যর্থঃ। অত্রনোষয়েদ্দ্রোণদ্বয়মিতি তেষু দ্রোণদ্বয়ং স্থাপ্যমিত্যর্থঃ। যদ্যপি কাঞ্জিকস্য ষড়্‌বিংশত্যাঢ়ক স্তথাপি কাঞ্জিকদ্রোণমাত্রেণ ব্যবহারঃ। অন্যথা কাঞ্জিকসৌরগন্ধং স্যাদতএব চক্রোবক্ষতি কাঞ্জিকং মানতো দ্রোণমিতি। মঞ্জিষ্ঠাক্কাথঃ কুম্ভবোনাঢ়কান্মান ইতি পঞ্চদশশরাবপরিমিতঃ। এভিস্তৈরিতি ক্কাথ কাঞ্জিকাদিভিঃ সর্ব্বৈঃ। নাগরং শুণ্ঠী, অত্র ভল্লাতক সহত্বেন্তু রক্তচন্দনং দেয়ং, অতএব বক্ষ্যতি ভল্লাতকেত্যাদি।—অক্ষং বিভীতকং পদ্মং পদ্মপুষ্পং উৎপলং নীলোৎপলং। দশমূলং সমুদিতমিতি, তেন দশমূলস্য মিলিত্বা পলত্রয়মিত্যর্থঃ। চক্রমর্দ্দো এড়গজবীজং। জীবনীয়োগণ ইতি জীবনীয় দশকং। দ্বিতীয় পাকমাহ দেবপুষ্পীত্যাদি।—দেবপুষ্পাদীনাং কল্কঃ দেবপুষ্পী চোরহুলী, বোলোগন্ধরসঃ শল্লকীরসঃ শল্লক্যাঃ রসঃ। অন্যেন্তু শল্লকীরস শব্দেন কুন্দুরুমাহুঃ যদুক্তং শব্দার্ণবে কুন্দুরুস্তীক্ষ্ণগন্ধঃস্যাৎ স্তীষণঃ শল্লকীরসঃ। তন্মতেভাগদ্বয়ং কুন্দুরোঃ। বলা বাট্যালকং। অচলং সিহ্লকং খোটিঃ কাষ্ঠখোটিঃ নখীত্রয়মিতি যদ্যপি গন্ধমধ্যোক্তবর্জ্জি যদুক্তং নখী পঞ্চবিধাচ্ছেদঃ গন্ধার্থং গন্ধতৎপরৈঃ। কাচিদ্বদর পত্রাভা তথোৎপলদলাপরা। কাচিদশ্বখুরাকারা গজকর্ণসমা পরা। বরাহকর্ণসঙ্কাশা পঞ্চমী পরিকীর্ত্তিতা। তথাপ্যত্রাদ্যাস্তত্তিষু মধ্যে নখত্রয়ং গ্রাহ্যং বরাহকর্ণিকা নিষিদ্ধত্বাৎ, যথা [illegible] নখং প্রযুঞ্জীত গন্ধযোগেষু। ধুপেষুবদরোৎপলপত্রং ন বরাহকর্ণমুক্তমত্রাপি। ত্বকপত্রী তেজপত্রং পূতিঃ খট্টাসী, চম্পকং চম্পককলিকা। প্রত্যেকং পলত্রয়মিত্যন্বয়ঃ। গন্ধোদকেত্বকপত্রী তেজপত্রং পত্রন্তু সুগন্ধিপত্রান্তরং তেজপত্রসদৃশং বাটিয়াপত্রমিতি খ্যাতং। বলামূলং বাট্যালকস্যমূলং। কুষ্ঠার্দ্ধভাগ ইতি কুষ্ঠস্যসার্দ্ধদ্বাদশপলামিত্যর্থঃ। গন্ধাম্বুচন্দনাম্বুভ্যামিতি গন্ধাম্বুগন্ধোদকং তচ্চোক্তমেব চন্দনাম্বু চন্দনমাত্রেনার্দ্ধশৃতং, অ[illegible] তু সুপিষ্ট শ্রীখণ্ডচন্দনমিশ্রং বারিমাত্রং বদন্তি। জাতীকোষ ফলানীতি জাতীকোষোরসসার তথা জাতীফলঞ্চেত্যর্থঃ। ভদ্রশ্রিয়ং শ্বেতচন্দনং লবঙ্গছল্লী লবঙ্গবল্কলং, চন্দ্রঃকর্পূরং বেধার্থং পত্রকল্কার্থং। অস্যতৈলস্য পত্রিকা লিখ্যতে। কৃষ্ণতিলতৈল শ ৬৮, ক্কাথার্থং গন্ধভাদালিয়া পল ৩০০, পীতঝিণ্টীমূল পল ২০০, অশ্বগন্ধা ১০০ পল, এরণ্ডমূল পল ১০০, বারিয়ালামূল ১০০ পল, শতমূল ১০০ পল, রাস্না ১০০ পল, পুনর্নবা ১০০ পল, কেতকী মূল ১০০ পল, দশমূল প্রত্যেক ১০০ পল, দেবদারু ৫০ পল, শিরীষ ছাল ৫০ পল, লাক্ষা ২৫ পল, লোধ ২৫ পল, পাকার্থ জল ৮৪০০ শরাব, শেষ ১২৮ শরাব, শুক্ত ৬৪ শরাব, দুগ্ধ ৪০ শরাব, দধি ৪০ শ, দধিমস্তু ১৬ শরাব, ইক্ষুরস ৩২ শরাব, ছাগমাংস ৩০০ পল, জল ১৮০ শরাব, শেষ ৬৮ শরাব, মঞ্জিষ্ঠা ৬০ পল, পাকার্থ জল ৬০ শরাব, শেষ শ ১৫। কল্কার্থং র[illegible]চন্দন ত্রিকটু এবাং চতুর্নাং প্রতি সের /২ হরীতকী বহেড়া আমলকী নরল মজুক সমুদ্র কর্কট কাকড়াশৃঙ্গীত্যন্যে, বচ চোরহুলী শটী নাগরমুথা কেড়ইমুথা পদ্মপুষ্প, নীলোৎপল,

পিপ্পলীমূল মঞ্জিষ্ঠা অশ্বগন্ধা পুনর্নবা এড়গজী রসাঞ্জন গন্ধতৃণ হরিদ্রা জীবক ঋষিভক মেদা মহামেদা কাকোলী ক্ষীরকাকোলী মুদ্গানী মাষানী জীবন্তী যষ্টিমধু এষাং প্রত্যেকং পল ৩ দশমূল মিলিত্বা পল ৩ প্রথমঃ পাকঃ। দ্বিতীয়পাকে কল্কার্থং দেবহুলী গন্ধরসঃ তেজপত্র শল্লকীরস শৈলজ প্রিয়ঙ্গুবীরণমূল মহুরী জটামাংসী দেবদারু বলামূল সিহ্লক নবনীত খোটি লামুকা কাষ্ঠখোটি ক্ষুদ্রৈলা কঙ্কুরু, মুরা বদরপত্র নখী অশ্বখুরনখী উৎপলপত্রনখী তেজপত্র পোয়ারা খট্টাসী চম্পককলিকা মদনক, রেণুকা পিড়িঙ্গমূল স্বল্পপত্রতুলসী এষাং প্রত্যেকং পল ৩। গন্ধোদকার্থং তেজপত্র বাটীয়াপত্র বীরণমূল মুথা বেরেলামূল এষাং প্রতি পল ২৫ কুষ্ঠ পল ১২ তোলা ৪ পাকার্থ জল ১০০ শরাব, শেষ ৫০ শরাব। অনেন গন্ধোদকেন দ্বিতীয়ঃ পাকঃ তৃতীয় পাকে কল্কার্থং নাগকেশর কুড় গুড়ত্বক্ কলম্বক কুঙ্কুম শ্বেতচন্দন পাটিয়ানা লতাকস্তুরী লবঙ্গ অগুরু কঙ্কোল রসবাস জাতীয় ফল এলাইচ লবঙ্গবাকল এষাং প্রত্যেক ৩ পল কস্তুরী পল ৬ কর্পূর তোলা ১২ চন্দনোদকার্থং শ্বেতচন্দন পল ৫০ পাকার্থ জল শ ৫০ শেষ শ ২৫। অথবা সুপিষ্টচন্দনং জলে গোলয়িত্বা চন্দনোদকং কার্য্যং দ্বিতীয় পাকোক্ত গন্ধোদক শ ২৫। ততস্তৃতীয়ঃ পাক বেধার্থং কর্পূর তোলা ১২ কস্তুরী সের /৬০ এবং সিদ্ধেতৈলে কর্পূরাদি পিষ্ট্বা তচ্চূর্ণং স্বল্পতৈলঞ্চ ভাজনে কৃত্বা মিশ্রনীয়ং তদনু সিদ্ধোক্ত সকল তৈলেন সম্যক্ মিশ্রয়িত্বা শরাবেন পিধায় স্থাপনীয়মিতি বেধনবিধিঃ॥ গুণান্ প্রসারণীনামিতি পূর্ব্বোক্ত প্রসারণী তৈলানাং যে গুণাস্তানেব বলোত্তমানি অধিকত্বেন বহুত্বেন ইত্যর্থঃ॥৮৮॥

গন্ধভাদালিয়া ৮৭৷৷০ সাড়েশাইত্রিশ সের, পীতঝিণ্টী ৷৷৫ পঁচিশ সের, অশ্বগন্ধা, এরণ্ড, বেড়েলা, শতমূলী, রাস্না, পুনর্নবা, কেতকী, বেল, শ্যোণা, গাম্ভারী, পারুলী, গণিয়ারী, শালপাণি (ছালানি), পৃশ্নিপর্ণী (পীঠানি), বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী, গোক্ষুর, পালিতামান্দার, ইহাদিগের প্রত্যেকে ৷২৷৷০ সাড়েবার সের, দেবদারু /৬৷০ সোয়াছয় সের, শিরীষ /৬৷০ সোয়াছয় সের, লাক্ষা (লাহা) ২৫ পঁচিশ পল, লোধ ২৫ পঁচিশ পল (অর্থাৎ /৩৷০ তিন সের অর্দ্ধ পোয়া), এই সকল একত্র ৫২৫ পাঁচশত পঁচিশ আঢ়ক জলে সিদ্ধ করিয়া দ্বিদ্রোণ অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথ এবং কাঞ্জিক ৬৪ চৌষট্টি সের, (৭) দুগ্ধ ৪০ চল্লিশ সের, দধি ৪০ চল্লিশ সের, দধিরমাত ৷১৬ ষোলসের, ইক্ষুরস ৮২ বত্রিশ সের, ছাগমাংস ৮৭৷৷০ সাড়েশাইত্রিশ সের, পাকার্থ জল ১৮০ একশত আশী সের, শেষ ৬৮ আটশট্টি সের, এবং মঞ্জিষ্ঠা ৬০ ষাট পল, জল ৬০ ষাট সের, শেষ ৷১৫ পোনর সের। এই সকল দ্রব এবং শোধিত ভেলা, পিপ্পলী, শুঁঠ ও মরিচ, ইহাদের প্রত্যেকে ৬ ছয় পল অর্থাৎ ৪৮ আট্‌চল্লিশ তোলা (ভেলার অসদ্ভাবে রক্তচন্দন প্রদান করিবে), হরীতকী, বহেড়া, আমলকী, সরলকাষ্ঠ, শুল্‌ফা, সমুদ্রকর্কট, বচ, চোরখড়িকা, শটী, মুথা, নাগরমুথা, পদ্মপুষ্প, উৎপল, পিপ্পলীমূল, মঞ্জিষ্ঠা, অশ্বগন্ধা, পুনর্নবা, দশমূল (বেলছাল, শোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল, শালপাণি, চাকুলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী, গোক্ষুর), চক্রমর্দ্দ, রসাঞ্জন, গন্ধতৃণ, হরিদ্রা, জীবক, ঋষিভক, মেদা, মহামেদা, কাকোলী, ক্ষীরকাকোলী, জীবন্তী, যষ্টিমধু, ঋদ্ধি, বৃদ্ধি, এই সকলের উত্তমরূপ কুট্টিতকল্ক প্রত্যেকে তিনপল (মিশ্রিত দশমূলও ৩ পল) সহিত বিশুদ্ধ তিলতৈল ৬৮ আটষট্টি সের যথাবিধি প্রথমতঃ পাক করিবে। সুপক্ক হইলে বস্ত্রপূত করিয়া লইবে।

(৭) মূলে ২৬ আঢ়ক কাঞ্জির উল্লেখ আছে, কিন্তু ঐরূপ কাঞ্জিক দিলে তৈলে অধিক কাঞ্জির গন্ধ হয় অতএব এস্থলে বৃদ্ধ বৈদ্যগণ মাত্রা কমাইয়া দ্রোণমাত্র কাঞ্জির বিধি দিয়া থাকেন; তদনুসারে ইহাই কাঞ্জিক ৬৪ সের লিখিত হইল।

অনন্তর লবঙ্গ, গন্ধবোল, তেজপত্র, শল্লকীরস, শৈলজ, প্রিয়ঙ্গু, বেণারমূল, মউরী, জটামাংসী, দেবদারু, বেড়েলা, সিহ্লক, নবনীতখোটী, নালুকা, কাষ্ঠখোটি, ছোট এলাচ, কুন্দুরখোটি, মুরামাংসী, ত্রিবিধ নখী (বদরপত্র নখী, অশ্বখুর নখী, উৎপলপত্র নখী), (৮) তেজপত্র, পোয়ারা, খট্টাসী, চম্পকপুষ্প, মদনক, রেণুক, পৃক্কশাক, স্বল্পপত্র তুলসী, প্রত্যেকে ৩ তিন পল, এই সকলের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক ও গন্ধোদক সহিত দ্বিতীয় পাক সম্পন্নকরিবে।

গন্ধোদক প্রস্তুতপ্রণালী যথা—তেজপত্র, পত্রক অর্থাৎ তেজপত্র সদৃশ পত্র বিশেষ অথবা বাটিয়া পত্র, বেণারমূল, মুথা, বেলোরমূল. এই সকল প্রত্যেকে ২৫ পঁচিশ পল, কুড় ১২॥০ সাড়েবার পল. জল ১০০ একশত সের, ৫০ পঞ্চাশ সের অবশিষ্ট থাকিতে গন্ধোদক গ্রহন করিবে।

নাগকেশর, কুড়, দারুচিনি, কলম্বক, কুঙ্কুম, শ্বেতচন্দন, গেঠেলা, লতাকস্তূরী, লবঙ্গ, অগুরু, কক্কোল, জায়ত্রী, জায়ফল, এলাচ, লবঙ্গবাকল, এই সকলের উত্তমরূপ কুট্টিত কল্ক প্রত্যেকে ৩ তিন পল, এবং চন্দনোদক ও গন্ধোদক সহিত তৃতীয় পাক বিধান করিবে। এবং কল্কের সহিত কস্তূরী ৬ ছয় পল ও কর্পূর ১২ বার তোলা প্রদান করিবে। এবং গন্ধ বৃদ্ধির জন্য তৈলের সহিত পুনর্ব্বার কস্তূরী তিনপোয়া ও কর্পূর ১॥০ দেড় পল প্রদান করিবে। এবং কাঞ্জিক স্থলে এক দ্রোণ শুক্ত বিধান করিবে।

এই মহাপ্রসারণী তৈল রাজভাগ্য। এই তৈলের গুণ পূর্ব্বোক্ত সকল প্রকার প্রসারণী তৈলের ন্যায়।

চন্দনোদক প্রস্তুত করিতে হইলে শ্বেতচন্দন ৫০ পঞ্চাশ পল অর্থাৎ /৬।০ সোয়াছয় সের, জল ৫০ পঞ্চাশ শরাব অর্থাৎ ৫০ পঞ্চাশ সের, শেষ অর্থাৎ অবশিষ্ট ২৫ পঁচিশ সের। অথবা শ্বেতচন্দন সুপিষ্ট করতঃ জলের সহিত মিশ্রিত করিলেই চন্দনোদক প্রস্তুত হয়॥ ৮৮॥

শুক্তকরণম্—

অত্র শুক্তবিধির্ম্মণ্ডপ্রস্থঃ পঞ্চাঢ়কোন্মিতম্। কাঞ্জিকং কুড়বং দধ্নো গুড়প্রস্থোম্লকাৎ॥ পলান্যষ্টৌ শোধিতার্দ্রাৎ পলষোড়শকস্তথা। কণাজীরকসিন্ধুত্থ হরিদ্রামরিচং পৃথক্॥ দ্বিপলং ভাবিতে ভাণ্ডে ঘৃতেনাষ্টদিনস্থিতম্। সিদ্ধং ভবতি তচ্ছুক্তং যদাবতার্য্য গৃহ্যতে॥ তদা দেয়ং চতুর্জাতং পৃথক্কর্ষত্রয়োন্মিতম্। পঞ্চপল্লবতোয়েন গন্ধানাং ক্ষালনন্তথা॥৮৯॥

কাঞ্জিক শব্দেনাত্রশুক্তং গ্রাহ্যমিত্যুক্তং অতঃ যথাকর্ত্তব্যং তদাহ তত্রেত্যাদি।—মণ্ডস্য ভক্তমণ্ডস্য প্রস্থঃ। কুড়বো দধ্ন ইতি দ্রবদ্বৈগুণ্যাচ্ছরাবদ্বয়ং। গুড়স্য প্রস্থ ইতি ষোড়শ পলানি। অম্লমূলকং কাঞ্জিকাধঃস্থিত তক্রকল্কভাগ ইতি ব্যবহরন্তি অন্যেতু কাঞ্জিকস্থং মূলকখণ্ড মাহুঃ। শোধিতার্দ্রাদিতি ত্বগ্রহিতার্দ্রকাৎ। ঘৃতভাণ্ড ইতি ঘৃতেন ভাবিতে ভাণ্ড ইত্যন্বয়ঃ। ইদং সর্ব্বং ভাণ্ডে কৃত্বা অষ্টদিনং যাবৎ স্থিতং সৎ শুক্তং সিদ্ধং ভবতি; অষ্টদিনান্তরং যদা তৈল উপযুজ্যতে তদা চাতুর্জাতং দত্বা তৈলে দেয়ং। অ-

(৮) নখী পাঁচ প্রকার নির্দ্দিষ্ট আছে, তন্মধ্যে তিন প্রকার নখী এই তৈলে ব্যবহার্য্য। পঞ্চ প্রকার নখী যথা;—

নখী পঞ্চবিধা জ্ঞেয়া গন্ধার্থং গন্ধতৎপরৈঃ।
বদরীদলবৎ ক্ষুদ্রা তথোৎপল দলা পরা।
অশ্বক্ষুরনিভাঃ গজকর্ণ সমাপরা।
বরাহকর্ণসঙ্কাশা পঞ্চমী পরিকীর্ত্তিতা।

ন্যেস্তু প্রস্থং তণ্ডুলতোয়ত ইত্যাদিনৈব শুক্তং কুর্য্যাত্ ॥ ৮৯ ॥

পূর্ব্বে যে কাঞ্জিকের কথা উল্লেখ করা হইয়াছে, সেই স্থলে সাধারণ কাঞ্জিক না দিয়া এক দ্রোণ অর্থাৎ ৬৪ চৌষট্টি সের শুক্ত দিতে হইবে ইহা পূর্ব্বেই বলা হইয়াছে। শুক্ত প্রস্তুত করিবার প্রণালী এই—অন্নমণ্ড /৪ চারি সের, কাঞ্জিক ৮০ আশি সের, দধি ২ দুই সের, গুড় ২ দুই সের, অম্লমূলক /১ একসের, আদা /২ দুই সের, পিপ্পলী, জীরা, সৈন্ধব, হরিদ্রা, মরিচ, এই সকল প্রত্যেকে ২ দুই পল গ্রহণ করতঃ একত্র ঘৃতভাবিত ভাণ্ডে আট্ দিবস পর্য্যন্ত রাখিয়া দিবে। অনন্তর শুক্ত প্রস্তুত হইলে পাত্র হইতে বাহির করিয়া বস্ত্রপূত করতঃ চাতুর্জ্জাত অর্থাৎ দারুচিনি, এলাচ, তেজপত্র ও নাগকেশর, এই সকলের চূর্ণ প্রত্যেকে ৬ তোলা মিশ্রিত করিয়া লইবে। ইহাকেই শুক্ত কহে, পূর্ব্বে যে সকল স্থানে শুক্ত উক্ত হইয়াছে সেই সকল স্থানে এইরূপ শুক্ত প্রদান করিতে হইবে।

কাঞ্জিকের অধোস্থিত যে গাঢ় পদার্থ থাকে তাহাকে অম্লমূলক বলা যায়। কেহ কেহ বলেন, কাঞ্জিক প্রস্তুত করিতে উহাতে যে মূলা দেওয়া হয় ঐ মূলা কাঞ্জিকের অধোদেশে পতিত হইয়া থাকে, ঐ মূলাকেই অম্লমূলক বলা যায় ॥ ৮৯ ॥

গন্ধদ্রব্যশুদ্ধিঃ—

শোধনঞ্চাপি সংস্কারো বিশেষশ্চাত্র বক্ষ্যতে। আম্রজম্বুকপিত্থানাং বীজপূরকবিল্বয়োঃ। গন্ধকর্ম্মণি সর্ব্বত্র পত্রাণি পঞ্চপল্লবং ॥ ৯০ ॥

অত্রান্তরে গন্ধদ্রব্য শুদ্ধ্যর্থং প্রকরণমাহ পঞ্চপল্লবতোয়েনেতি ॥ ৯০ ॥

অনন্তর গন্ধদ্রব্য শুদ্ধি বলা যাইতেছে। পঞ্চপল্লব (আম্, জাম, কদ্‌বেল, ছোলঙ্গলেবু বা টাবালেবু ও বিল্বপত্র) সিদ্ধজলে গন্ধদ্রব্য সকল ধৌত, শোধন ও সংস্কার কার্য্য বিশদরূপে সম্পন্ন করিবে। পঞ্চপল্লব জল প্রস্তুতের নিয়ম এইরূপ—আম, জাম, কদ্‌বেল, ছোলঙ্গলেবু ও বেল, এই পঞ্চ বৃক্ষের পল্লব অষ্টগুণ জলে সিদ্ধ করিয়া অর্দ্ধাবশিষ্টে জল গ্রহণ করিবে। ইহাকেই পঞ্চপল্লব তোয় বলে। সর্ব্বপ্রকার গন্ধদ্রব্য শুদ্ধিতে এই পঞ্চপল্লবক্বাথই ব্যবহার করিবে ॥ ৯০ ॥

নখীশুদ্ধিঃ—

চণ্ডী গোময়তোয়েন যদিবা তিন্তিড়ীজলৈঃ। নখং সংক্বাথয়েদেভিরভাবে মৃন্ময়েন তু ॥ পুনরুদ্ধৃত্যপ্রক্ষাল্য ভর্জ্জয়িত্বা নিষেচয়েৎ। গুড়পথ্যাম্বুনা হ্যেবং শুধ্যতে নাত্রসংশয়ঃ ॥ ৯১ ॥

নখশুদ্ধিমাহ চণ্ডীত্যাদি।—চণ্ডী মহিষী উক্তং হি মহিষী চোচ্যতে চণ্ডী সৌরভীব নিগদ্যত ইতি। অস্যাগোময়ং মলমিত্যর্থঃ। মহিষীমলং সলিলে নালোড্য নখোৎস্বেদনং কার্য্যমিত্যর্থঃ কিন্তু গোময়েনাপ্যুৎস্বেদ উক্তঃ। তিন্তিড়ীজলৈরিতি তিন্তিড়ীসলিলৈঃ। অলাভে মৃন্ময়েনাপি কৃষ্ণমৃত্তিকা মিশ্রিত জলেনেত্যর্থঃ। ক্বাথয়েৎ করজং কৃষ্ণমৃত্তিকামিশ্রিতে জলে। সমুদ্রকর্কটশুদ্ধি প্রকারোপ্যেবং তত্রৈবোক্তং অনেনৈব প্রকারেণ শুদ্ধিমায়াতি কর্কটঃ ॥ ৯১ ॥

এইক্ষণ নখীশুদ্ধি বলা যাইতেছে। মহিষীর বিষ্ঠা জলে মিশ্রিত করিয়া সেই জলে কিম্বা তিন্তিড়ীর (তেঁতুল) জলে নখী সিদ্ধ করিয়া লইবে। এই উভয় দ্রব্যের অভাবে কৃষ্ণবর্ণ মৃত্তিকা মিশ্রিত জলে নখী সিদ্ধ করিবে। অনন্তর উক্ত সিদ্ধ কৃত নখী ধৌত করিয়া কাঠখোলায় ভাজিয়া লইবে এবং পুনর্ব্বার গুড় ও হরীতকীর জলে সিক্ত করিবে। এইরূপ

করিলেই নখী বিশুদ্ধ হয়, এবং এই রূপ শোধিত নখীই ঔষধে ব্যবহার করিতে হইবে ॥ ৯১ ॥

বচাশুদ্ধিঃ—

গোমূত্রে চালম্বুষকে পক্ত্বা পঞ্চদলো-দকে। পুনঃ সুরভিতোয়েন বাষ্পস্বে-দেন স্বেদয়েৎ। গন্ধোগ্রা শুদ্ধ্যতেহে-বং রজনী চ বিশেষতঃ ॥ ৯২ ॥

বচাশুদ্ধিমাহ গোমূত্রইত্যাদি।—অলম্বুষক ইত্যাদি।—অলম্বুষাসরিতোদকে,অলম্বুষাচ মুণ্ডিরী সুরভীতোয়ং গন্ধোদকং। অনেনবাষ্পস্বেদঃ কার্য্যঃ। গন্ধোদকং স্থাল্যাং নিঃক্ষিপ্য তদুপরি সচ্ছিদ্রং স্থাল্যন্তরং দত্ত্বা মৃদা স্থালীদ্বয়াবকাশমা-লিপ্য সচ্ছিদ্র স্থালী মধ্যে বচাং নিঃক্ষিপ্য ততঃ শরাবেন পিধায়াধোজ্বালা দেয়া ইতি বাষ্পস্বেদ-বিধিঃ। গন্ধোগ্রা বচা রজনীচ বিনোক্ত ইত্যে-নেন হরিদ্রা শুদ্ধিমপি বচাশুদ্ধি বিধয়েব কুর্য্যা-দিতি বোধয়তি ॥ ৯২ ॥

গোমূত্রে, মুণ্ডিরির ক্বাথে এবং পঞ্চ-পল্লবের (আম্র, জাম, কদ্‌বেল, ছোলঙ্গ-লেবু ও বিল্বপত্র) ক্বাথে সিদ্ধ করতঃ পশ্চাৎ সুগন্ধ জলের বাষ্প স্বেদদ্বারা স্বিন্ন করিলে বচ শুদ্ধ হয়। উক্ত উপায় দ্বারা হরিদ্রাও শুদ্ধ হইয়া থাকে (১) ॥ ৯২ ॥

মুস্তকশুদ্ধিঃ—

মুস্তকন্তু মনাক্‌কুঞ্চং কাঞ্জিকে ত্রিদি-নোষিতম্। পঞ্চপল্লবপানীয়স্বিন্ন-মাতপশোষিতম্ ॥ গুড়াম্বুনা সিচ্য-মানং ভর্জ্জয়েচ্চূর্ণয়েত্ততঃ। আজ-শৈভাঞ্জনক্বাথৈর্ভাবয়েচ্চেতিশুদ্ধ্যতি।৯৩॥

মুস্তকশুদ্ধিমাহ মুস্তকমিত্যাদি।—মনাক্ কুঞ্চিতি কিঞ্চিৎ পেষিতং অজস্য ক্বলং মূত্রং ॥৯৩॥

মুথা কিঞ্চিৎ কুট্টিত করিয়া তাহাও তিন দিবস কাঞ্জিতে ভিজাইয়া রাখিবে। অনন্তর পঞ্চপল্লব তোয়ে সিদ্ধ করিয়া আতপে শুষ্ক করিবে এবং গুড়োদক সিক্ত করিয়া কাঠখোলায় ভাজিয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ ছাগমূত্র ও সজি-নার ক্বাথে পুনঃ পুনঃ ভাবনা দিলেই মুস্তক শুদ্ধ হয় ॥ ৯৩ ॥

শৈলজশুদ্ধিঃ—

কাঞ্জিকে ক্বথিতং শৈলং ভৃষ্ট্বা পথ্যা গুড়াম্বুনা। সিঞ্চেদেবংপুনঃ পুষ্পৈ-র্বিবিধৈরধিবাসয়েৎ ॥ ৯৪ ॥

শৈলজশুদ্ধিমাহ শৈলমিতি শৈলজং কাঞ্জিকে বিপা[illegible] পঞ্চপল্লবতোয়েন ক্ষালনমিত্যুপ-দেশঃ ॥ ৯৪ ॥

শৈলজ কাঞ্জিতে সিদ্ধ করিয়া লইবে। পরে কাঠখোলায় ভাজিয়া হরীতকীর ক্বাথ ও গুড়োদক সিক্ত করিবে। অন-ন্তর উহা নানাবিধ সুগন্ধি পুষ্পের সহিত একত্র রাখিয়া দিবে। এইরূপ করিলেই শৈলজ শুদ্ধি হয় ॥ ৯৪ ॥

খট্টাসীশুদ্ধি —

যথালাভমপামার্গসুহ্যাদি ক্ষারলে-পিতম্। বাষ্পস্বেদেন সংস্বিদ্য পূতিং নির্ম্মলতাং নয়েৎ ॥ দোলাপাকং পচেৎ পশ্চাৎ পঞ্চপল্লববারিণি। খলঃ সাধুমিবোৎপীড্য ততো নিঃস্নে-হতাং নয়েৎ ॥ আজশৈভাঞ্জনক্বাথৈ-র্ভাবয়েচ্চ পুনঃ পুনঃ। শিগ্রুমূলেচ কেতক্যাঃ পুষ্পপত্রপুটে চ তম্ ॥ পচে-দেবং বিশুদ্ধঃসনৃম্গনাভি সমোভ-বেৎ ॥ ৯৫ ॥

খট্টাসীশুদ্ধিমাহ যথা লাভমিত্যাদি।—দোলা-পাকমিতি খট্টাসী গুড়কং বস্ত্রেন পোট্টলীং বদ্ধা

(১) বাষ্পস্বেদ প্রণালী যথা।—সুগন্ধোদক একটী মৃৎপাত্রে রাখিয়া তাহার উপরে একটী স-চ্ছিদ্র মৃৎপাত্র রাখিবে। এবং উভয় মৃৎপাত্রের সন্ধিস্থান মৃত্তিকাদ্বারা লেপ দিয়া বন্ধ করিবে। এবং উপরিস্থিত সচ্ছিদ্রপাত্র মধ্যে বচ স্থাপন করিয়া একখানা শরাদ্বারা তাহা ঢাকিয়া রাখিবে। পরে নিম্নস্থপাত্রের নীচে অগ্নি তাপ দিবে। এই রূপ স্বেদকেই বাষ্পস্বেদ বলে।

পঞ্চপল্লবক্কাথ মধ্যে দোলাপলম্বমানাং পচেৎ তত আকৃষ্য নিপীড্যনিঃস্নেহতাং নয়েৎ, তদনু শোভাঞ্জনমূল কৃতে পিণ্ডে তন্নিধায় কেতকীপুষ্পপত্রৈর্বেষ্টয়িত্বা কুশেন বদ্ধা পঙ্কেনালিপ্য পুটকেন পচেৎ, তদনু জাত্যাদিকুসুমৈরধিবাসয়েদিত্যুপদেশঃ ।। ৯৫ ।।

অপামার্গ স্নুহী প্রভৃতির ক্ষারদ্বারা খট্টাসী লেপন করিয়া বাষ্পস্বেদ দ্বারা খট্টাসী লোমশূন্য হইলে পঞ্চপল্লব তোয়ে দোলাযন্ত্রে পাক করিবে। (১০) অনন্তর খলে মর্দ্দন করতঃ স্নেহশূন্য করিয়া ছাগমূত্র ও সজিনার ক্কাথদ্বারা বারম্বার ভাবনা করিবে। এবং শোভাঞ্জনমূলকৃত পিণ্ডে স্থাপন করতঃ কেতকীপুষ্প পত্রদ্বারা বেষ্টন এবং কুশদ্বারা বন্ধন ও কর্দ্দমদ্বারা লেপন করিয়া পুটপাকবৎ পাক করিবে। এইরূপে শোধিত খট্টাসী মৃগনাভি সদৃশ হইয়া থাকে ॥ ৯৫ ॥

তুরুষ্কং মধুনাভাব্যং কাশ্মীরঞ্চাপি সর্পিষা। রুধিরেণায়সং প্রাজ্ঞৈর্গোমূত্রৈর্গ্রন্থিপর্ণকং ॥ মধূদকেনমধুরীং পত্রকং তণ্ডুলাম্বুনা। ঈষৎক্ষারানুগন্ধাতু দগ্ধাযাতি নভস্মতাং ॥ পীতাকেতক্ গন্ধাঢ্যালঘুস্নিগ্ধামৃগোত্তমা। পক্কাৎকর্পূরতঃ প্রাহুরপক্কং গুণবত্তরম্ ॥ তত্রাপিস্যাদ্‌যদক্ষুদ্রং স্ফটিকাভং তদুত্তমং। পক্কঞ্চ সদলং স্নিগ্ধং হরিতদ্যুতিচোত্তমং ॥ ভঙ্গেমনাগপি নচেন্নিপতন্তিভতঃ কণাঃ। মৃগশৃঙ্গোপমং কুষ্ঠং চন্দনং রক্ত[illegible] ॥ কাকতুণ্ডাকৃতিস্নিগ্ধোগুরু[illegible]ত্তমো-গুরুঃ। স্নিগ্ধাম্লকেশরং ত্বস্রং শালি-[illegible] ॥ [illegible]প্রাক্তানাংসী পিঙ্গজটাকৃতিঃ। রেণুকামুদ্গাসংস্থানাশস্তমানূপজং ঘনং ॥ জাতীফলং সশব্দঞ্চস্নিগ্ধং গুরু চ শস্যতে। [illegible]য়ঙ্গুঃ শ্যামপাণ্ডুরা ॥ নখমশ্বখুরং হস্তিকর্ণৈশ্চৈব প্রশস্যতে। এতেষামপরেষাঞ্চ নবতাপ্রবলোগুণঃ ॥ ৯৬ ॥

সিহ্লকাদি শুদ্ধিমাহ তুরুষ্কমিত্যাদি তুরুষ্কং- সিহ্লকং রুধিরেণেতি কুঙ্কুমেন আয়সমিত্যগুরু ভাব্যমিতি সর্ব্বত্র যোজ্যং। ইদানীং গন্ধদ্রব্যানাং প্রশস্তানাং লক্ষণমাহ ঈষদিত্যাদি ঈষৎক্ষারগন্ধেনানুগত মৃগঃ মৃগমদঃ। রক্তপীতকামিতি কিঞ্চিদ্রক্তপীতসারং। অস্রমিতি কুঙ্কুমম্। শালিকঃখট্টাসী ।। ৯৬ ।।

অতঃপর নানাবিধ দ্রব্য শুদ্ধি বলা যাইতেছে। শিলারস মধুদ্বারা ভাবনা দিয়া শুদ্ধ করিতে হয়। কুঙ্কুম ঘৃতদ্বারা, অগুরু কুঙ্কুমোদকদ্বারা, গেঁঠেলা গোমূত্রদ্বারা, মউরী মধুমিশ্রিত জলদ্বারা তেজপত্র তণ্ডুলাম্বুদ্বারা ভাবনাদিয়া শোধন করতঃ তৈলে প্রয়োগ করিবে।

অগ্নিতে ভস্ম না হয় এরূপ পীতবর্ণ, ঈষদ্ ক্ষারানুগন্ধ, কেতকী গন্ধযুক্ত, লঘু, স্নিগ্ধ মৃগমদই (কস্তূরী) উৎকৃষ্ট। পক্ক কর্পূর হইতে অপক্ক কর্পূরের গুণ অধিক, তন্মধ্যে যাহা বড় বড় দানাবিশিষ্ট ও স্ফটিকের ন্যায় উজ্জ্বল তাহাই উৎকৃষ্ট। পক্ক কর্পূর যাহা পত্রবিশিষ্ট স্নিগ্ধ ও হরিতদ্যুতি তাহাই উত্তম। ভাঙ্গিলে কণা পতিত না হয় এবং মৃগশৃঙ্গের ন্যায় আকৃতিবিশিষ্ট কুড় ও রক্তপীতবর্ণ চন্দন ব্যবহার্য্য। যে অগুরু কাকতুণ্ডের ন্যায় আকৃতিবিশিষ্ট, স্নিগ্ধ ও ভারি তাহাই উত্তম। শালি দেশোৎ-

(১০) দোলা যন্ত্র—পাক প্রণালী যথা—একটী হাড়ীতে পঞ্চপল্লবজল রাখিয়া তাহার নিম্নে অগ্নি তাপ দিবে, ঐ হাড়ীর উপরে একখানা বাখারী রাখিয়া তাহার সহিত একগাছি সূত্র লম্বিত করতঃ ঐ সূত্রের অপর প্রান্তে ঔষধ বন্ধন করিয়া লম্বিত ভাবে ঐ হাড়িস্থিত জলে নিমগ্ন করিয়া রাখিবে। এইরূপে যে পাক হয় তাহাকেই দোলা যন্ত্র-পাক বলে।

পদ্ম, স্নিগ্ধ, স্বল্পকেশরবিশিষ্ট, রক্ত, মাংসল কুঙ্কুমই সর্ব্বোৎকৃষ্ট, অন্যথা নিকৃষ্ট। মুরামাংসী পীতবর্ণ, জটামাংসী পিঙ্গলজটার ন্যায় আকৃতিবিশিষ্ট হইলেই ঔষধে ব্যবহার্য্য। আনূপ দেশজাত মুথা ও মুগের ন্যায় আকৃতিবিশিষ্ট রেণুকাই প্রশস্ত। জাতীফল স্নিগ্ধ, সকোষ, গুরু ও শব্দযুক্ত হইলেই উত্তম। যে এলাচীর দানা অতি সূক্ষ্ম তাহাই উত্তম। প্রিয়ঙ্গু শ্যামবর্ণ ও পাণ্ডুবর্ণ প্রশস্ত, অশ্বখুরাকৃতি ও হস্তীকর্ণ সদৃশ নখীই ঔষধে গ্রাহ্য। উক্ত দ্রব্য সকল ও অন্যান্য ঔষধে বিহিত দ্রব্য সকল নূতন হওয়া উচিত, পুরাতন ঔষধ অপেক্ষা নূতন ঔষধের গুণ অধিক ॥৯৬॥

মহাসুগন্ধিলক্ষ্মীবিলাসতৈলম্—

জিঙ্গীচোরকদেবদারুসরলংব্যাঘ্রীবচাচেলক। ত্বক্‌পত্রৈঃ সহগন্ধকপত্রকশটী পথ্যাক্ষধাত্রীঘনৈঃ ॥ এতৈঃশোধিতসংস্কৃতৈঃপলযুগেত্যাখ্যাতয়াসংখ্যয়া তৈলপ্রস্থমবাম্বুভিঃস্থিরমতিঃকল্কৈঃপচেদ্দাম্ভিকং ॥

মাংসীমুরামদনচম্পক সুন্দরীত্বক্
গ্রন্থ্যম্বুকুষ্ঠনলদৈর্দ্বিপলোন্মিতৈঃ সপৃক্কৈঃ।
শ্রীবাসকুন্দুরনখীনলিকামিসীনাং
প্রত্যেকতঃ পলযুগার্দ্ধযুতৈঃ পচেত্তু ॥
এলালবঙ্গচল চন্দনজাতিপূতিঃ
কঙ্কোলকাগুরুলতাকুসুমৈঃ পলার্দ্ধৈঃ।
কস্তূরিকাক্ষপরিহতাংশমদাংশযুক্তৈঃ
পক্বাতুমন্দশিখিনৈব মহাসুগন্ধম্ ॥
পঞ্চাম্বিকেনচাক্ষেন মদাৎ কর্পূরমিষ্যতে। কর্পূরমদয়োরর্দ্ধং পত্রকল্কাদিহেষ্যতে ॥ পক্বপূতেপ্যুষ্ণএব সম্যক্ প্রেষণবর্জ্জিতম্। দীয়তেগন্ধবৃদ্ধ্যর্থং পত্রকল্কং তদুচ্যতে ॥ প্রাগুক্তৌ শুদ্ধিসংস্কারৌ গন্ধানামিহ তৈঃ পুনঃ। দ্বিগুণৈর্লক্ষ্মীবিলাসঃ স্যাদয়ং তৈলসত্তমঃ ॥ পঞ্চপত্রাম্বুনাচাদ্যো দ্বিতীয়ো গন্ধবারিণা। তৃতীয়োপি চতৈনৈব পাকোবধূপিতাম্বুনা ॥ তৈলযুগ্মমিদং তূর্ণং বিকারান্ বাতসম্ভবান্। ক্ষপয়েজ্জনয়েৎপুষ্টিং কান্তিং মেধাং ধিয়ম্ ॥ ৯৭ ॥

জিঙ্গীত্যাদি।—জিঙ্গী মঞ্জিষ্ঠা ব্যাঘ্রী বিহঙ্গেতি খ্যাতং সুগন্ধি দ্রব্যং নখীত্যন্যে। চেলকস্ত্বক্ গুবাকবৃক্ষস্য ত্বক্ পত্রং তেজপত্রং গন্ধপত্রং বাটিয়াপত্রং পলযুগস্তু প্রত্যেকং গন্ধৈকৈরিতি গন্ধবিদিতার্থৈঃ। এতৈঃকল্কৈঃ প্রথমঃ পাকঃ দ্বিতীয়পাকার্থং কল্কমাহ মাংসীত্যাদি সুন্দরী প্রিয়ঙ্গু ত্বক্ গুড়ত্বক্ গ্রন্থি গ্রন্থিপর্ণং অম্বু বালকং কুষ্ঠং নলিকা নালুকা মিসমধুরী গুয়ামোহরীতি লোকে। এতৈঃ কল্কৈর্দ্বিতীয়ঃ পাকঃ। তৃতীয়পাকার্থং কল্কমাহ এলেত্যাদি। কর্পূরং কিয়ন্মানং গ্রাহ্যমিত্যত আহ পঞ্চেত্যাদি মদানি কস্তূরিকা পঞ্চধাবিভক্তস্য কস্তূরাকস্যৈকো ভাগো রক্তিদ্বয়াধিক ত্রিমাষকো ভবতি তথা মানেন কর্পূরস্য ষোড়শভাগো গ্রাহ্য ইত্যর্থঃ। অতঃ কর্পূরস্য রক্তিচতুষ্টয়াধিকো মাষকষট্‌ক ইতি। পক্ষান্তরমাহ অক্ষেনেতি কস্তূরিকয়াপেক্ষয়া চাক্ষেন তেন কর্পূরস্যাষ্টৌ মাষকা ইত্যর্থঃ। ননু পত্রকল্কে কিয়ন্মানো কর্পূরমদৌদেয়াবিত্যত আহ কর্পূরমদয়োরিত্যাদি ইহতৈলকল্কে পত্রকল্কাৎ পত্রকল্কমানমপেক্ষ্য কর্পূরমদয়োরর্দ্ধমিতি তৈলকল্করূপতয়াযাবন্মানৌ কর্পূরমদাবুক্তৌ পত্রকল্কেতু তদপেক্ষয়া দ্বিগুণ কর্পূরমদো দেয়াবিতি পত্রকল্কমানমপি কথিতং ভবতি তেন পত্রকল্কে কর্পূরস্য কষদ্বয়ং কর্পূরস্যাষ্টরক্তিকাধিকাঃ দ্বাদশমাষকাঃ কিম্বা কষত্রয়মিতি। পত্রকল্কশব্দস্যার্থমাহ পক্বপূত ইত্যাদি। পূর্ব্বোক্তো গন্ধানাং শুদ্ধিসংস্কারাবত্রাপি কার্য্যো, তথা তৈঃ পূর্ব্বোক্ত মহাসুগন্ধি তৈলসাধনদ্রব্যৈঃ জিঙ্গ্যাদিভির্দ্বিগুণৈর্যদি তৈলমেতৎ সাধ্যতে তদা ইদমেব তৈলং লক্ষ্মীবিলাস সংজ্ঞকঞ্চ ভবতীত্যাহ প্রাগুক্তাবিত্যাদি। পাকার্থমুক্তয়োরপি তৈলয়োঃ ক্রমাৎ দ্রবদ্রব্যমাহ পঞ্চপত্রাম্বুনেত্যাদি আম্রপত্রং জম্বুপত্রং কপিত্থপত্রং বিল্বপত্রং বীজপূরকপত্রং, এতৎসর্ব্বমষ্টগুণজলে পক্ত্বা চার্দ্ধাবশেষং কুর্য্যাৎ। গন্ধবারিণা গন্ধোদকেন তচ্চোক্তমেব ধূপিতাম্বুনেতি, অগুর্ব্বাদি ধূপিত জলেনেত্যর্থঃ ॥ ৯৭ ॥

ইতিবাতব্যাধিচিকিৎসা।

মঞ্জিষ্ঠা, চোরকাঁচকী (কেহ কেহ চোরহুলী বলিয়া থাকেন), দেবদারু, সরলকাষ্ঠ, ব্যাঘ্রী, বচ, শুপারিবৃক্ষের ছাল, দারুচিনি, তেজপত্র, শ্বেততুলসী (মতান্তরে গন্ধতৃণ), শঠী, হরীতকী, বহেড়া, আমলকী ও মুথা, প্রত্যেকে ২ পল (অর্থাৎ ১৬ ষোলতোলা বা এক পোয়া), এই সকল গন্ধদ্রব্য শোধিত ও সংস্কৃত ও উত্তমরূপ কুট্টিত করিয়া লইবে। পরে উক্ত দ্রব্য সকলের সহিত তৈল /৪ সের যথারীতি পাক করিবে। ইহাই প্রথম পাক।

দ্বিতীয় পাকের কল্কদ্রব্য যথা,—জটামাংসী, মুরামাংসী, মদন, চম্পকপুষ্প, প্রিয়ঙ্গু, দারুচিনি, গেঠেলা, বালা, কুড়, মরুবকপুষ্প, পিড়িংশাক প্রত্যেকে ২ পল (অর্থাৎ ১৬ ষোল তোলা অথবা এক পোয়া), লোবান, কুন্দুরখোটি, নালুকা, মউরী, এই সকল প্রত্যেকে ১ পল (অর্থাৎ ৮ আট তোলা) লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ তৈলে প্রদানপূর্ব্বক দ্বিতীয় পাক সম্পন্ন করিবে।

তৃতীয় পাকার্থ কল্কদ্রব্য যথা,—এলাইচ, লবঙ্গ, শিলারস, শ্বেতচন্দন, জাতিফল, খট্টাসী, কক্কোল, অগুরু, লতাকস্তুরী ও কুঙ্কুম, এই সকল প্রত্যেকে ৪ তোলা, কস্তুরী ২ দুইতোলা এবং কর্পূর কস্তুরীর পাঁচভাগের দুই ভাগ অথবা অর্দ্ধেক প্রদান পূর্ব্বক মহা সুগন্ধি তৈলের তৃতীয় পাক সম্পন্ন করিবে। এবং পূর্ব্বোক্ত পরিমাণের দ্বিগুণ পরিমাণ কস্তুরী ও কর্পূর পত্র কল্করূপে প্রদান করিবে।

যথাবিহিত পক্ক তৈল বস্ত্রপূত করিয়া উষ্ণ থাকিতে, গন্ধ বিবর্দ্ধনার্থ দ্রব্য সমুদায় পেষণ করিয়া প্রদান করাকেই পত্র কল্ক বলা যায়।

এই তৈলের পঞ্চপল্লব—ক্বাথ দ্বারা প্রথম পাক, গন্ধোদক দ্বারা দ্বিতীয় পাক এবং অগুরু বাসিত জলদ্বারা অথবা গন্ধোদকদ্বারা তৃতীয় পাক সম্পন্ন করিবে। এই তৈল পাকে মহারাজপ্রসারণী তৈলের ন্যায় গন্ধদ্রব্য সকল শোধন ও সংস্কার করিয়া লইবে।

দ্বিগুণ পরিমাণে কল্কদ্রব্য প্রদানপূর্ব্বক এই তৈল পাক করিলে উক্ত তৈলসত্তমকে মহালক্ষ্মীবিলাস তৈল বলে। এই দ্বিবিধ তৈল নানাবিধ বাতরোগনাশক এবং শরীরের কান্তি, পুষ্টি, মেধা, ধারণাশক্তি ও বুদ্ধিবর্দ্ধক ॥ ৯৭ ॥

ইতি বাতব্যাধি চিকিৎসা।

অথ বাতরক্ত-চিকিৎসা।

বাহ্যংলেপাভ্যঙ্গসেকোপানাহৈর্ব্বাতশোণিতং। বিরেকাস্থাপনস্নেহপানৈর্গম্ভীরমাচরেৎ॥ দ্বয়োর্ম্মুক্তেদস্থশৃঙ্গসূচ্যালাবুজলৌকসা। দেশাদ্দেশং ব্রজেৎ স্রাব্যং শিরাভিঃ পুচ্ছনেন বা। অঙ্গগ্লানৌ চ ন স্রাব্যং রুক্ষেবাতোত্তরে তু যৎ॥ ১॥

বাতবিশেষত্বাদ্বাতরক্তচিকিৎসামাহ বাহ্যমিত্যাদি [illegible] অন্তরাশ্রয়ং মেদঃপ্রভৃতি ধাত্বাশ্রয়ং গম্ভীরং তথাচোক্তং [illegible] গম্ভীরন্ত্বন্তরাশ্রয়মিতি। দ্বয়োরিতি বাহ্যগম্ভীরয়োঃ। দেশাদ্দেশং ব্রজেদিতি স্থানান্তর প্রসরণশীলং ॥ ১ ॥

লেপন অভ্যঙ্গ, সেক ও উপনাহন দ্বারা ত্বঙ্মাংসাশ্রিত বাহ্য বাতরক্তের চিকিৎসা করা বিধেয়। এবং বিরেচন (দাস্ত), আস্থাপন ও স্নেহপান করাইয়া অন্তরাশ্রিত গম্ভীর বাতরক্তের চিকিৎসা

করিবে। বহির্গত ও অন্তর্গত এই উভয়-বিধ বাতরক্তে শৃঙ্গ, সূচী, অলাবু ও জলৌকাদি দ্বারা রক্তমোক্ষণ করিবে। বাতরক্ত প্রসরণশীল, সুতরাং সমস্ত শরীরে ব্যাপ্ত হইতে পারে অতএব শিরাবেধ বা পুচ্ছন করিয়া রক্তস্রাব করাইবে। বাতরক্তরোগে অঙ্গগ্লানি (অর্থাৎ শরীরের দুর্ব্বলতা প্রভৃতি) থাকিলে এবং রুক্ষ ও বাতপ্রধান ব্যক্তিকে রক্তমোক্ষণ করিবে না॥ ১॥

অমৃতনাগরধন্যাক কর্ষত্রয়েণ পাচনং সিদ্ধম্। জয়তি সরক্তং বাতং সামং কুষ্ঠান্যশেষাণি॥ ২॥

অমৃতেত্যাদি।—প্রত্যেকমেবকর্ষং গৃহীত্বা কর্ষত্রয়মিত্যর্থঃ॥ ২॥

গুলঞ্চ, শুঁঠ ও ধনিয়া; এই সকল প্রত্যেকে এককর্ষ পরিমাণে লইয়া ক্বাথ করিবে, এই ক্বাথ পান করিলে সরক্তবাত ও নানা প্রকার কুষ্ঠ নষ্ট হয়, এবং ইহা আমপাচক ও সামদোষ নাশক॥ ২॥

বৎসাদন্যুদ্ভবঃ ক্বাথঃ পীতো গুগ্‌গুলু-সংযুতঃ। সমীরণসমাযুক্তং শোণিতং সংপ্রসাধয়েৎ॥ ৩॥

বৎসাদনীত্যাদৌ।—পীতো গুগ্‌গুলু সংযুত ইতি শোধনার্থং প্রায়েণ গুগ্‌গুলোঃ কর্ষঃ. কর্ষার্দ্ধং বা, সংশমনার্থন্তু মাষকচতুষ্টয়মিতি এবং সর্ব্বত্র॥ ৩॥

গুলঞ্চ দুই তোলা গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে গুগ্‌গুলু প্রক্ষেপ দিয়া পান করিলে, বাত প্রধান বাতরক্ত রোগের শান্তি হয়॥ ৩॥

বাসাগুড়ূচী চতুরঙ্গুলানামেরণ্ডতৈলেন পিবেৎ কষায়ং। ক্রমেণ সর্ব্বাঙ্গজমপ্যশেষং জয়েদসৃগ্‌বাতভবং বিকারম্॥ ৪॥

বাসেত্যাদৌ।—চতুরঙ্গুলোঽত্র শোণাকঃ। তন্মাত্রসমাদাদেকক্বাথ্যাপেক্ষয়া দ্বিগুণমেরণ্ডতৈলং প্রক্ষেপ্যমিত্যাহুঃ॥ ৪॥

বাসক, গুলঞ্চ ও শোণালুফল, ইহাদিগের ক্বাথে এরণ্ডতৈল (১) প্রক্ষেপ দিয়া পান করিলে সর্ব্বাঙ্গাশ্রিত বাতরক্ত বিকারের শান্তি হয়। ইহাদিগের ক্বাথ ও পূর্ব্বোক্ত নিয়মে প্রস্তুত করিয়া লইতে হইবে॥ ৪॥

লীঢ়্বা মুণ্ডিতিকাচূর্ণং মধুসর্পিঃ সমাযুতম্। ছিন্নাক্বাথং পিবন্ হন্তি বাতরক্তং সুদুস্তরম্॥ ৫॥

লীঢ়্বেত্যাদৌ মুণ্ডীতিকা মুণ্ডীরীতি খ্যাতা॥ ৫॥

মুণ্ডিতিকাচূর্ণ মধু ও ঘৃতের সহিত লেহন করিয়া পশ্চাৎ গুলঞ্চের ক্বাথ পান করিলে দুস্তর বাতরক্ত রোগ নষ্ট হয়॥ ৫॥

ত্রিস্রোঽথবা পঞ্চগুড়েন পথ্যা
জগ্ধ্বা পিবেচ্ছিন্নরুহা কষায়ং।
তদ্বাতরক্তং শময়ত্যুদীর্ণ
মাজানুসংস্ফুটিতমপি ধ্রুবমাশু॥ ৬॥

ত্রিস্রোঽথবেতি পুরুষমপেক্ষ্য আকৃতিমানাত্তিস্রঃ পঞ্চ বা পিষ্ট্বা সমগুড়েন খাদেৎ তদনু গুড়ূচ্যাঃ কষায়মনুপেয়ং॥ ৬॥

তিনটী বা পাঁচটী হরীতকী তুল্যভাগ গুড়ের সহিত ভক্ষণ করিয়া গুলঞ্চের ক্বাথ পান করিলে আজানুস্ফুটিত উদ্ভিন্ন বাতরক্তের অবশ্য শান্তি হয়॥ ৬॥

ঘৃতেন বাতং সগুড়া বিবন্ধং
পিত্তং সিতাঢ্যা মধুনা কফঞ্চ।
বাতাসৃগুগ্রং রুবুতৈলমিশ্রা
শুণ্ঠ্যামবাতং শময়েদ্ গুড়ূচী॥ ৭॥

(১) অন্যান্য গ্রন্থের বচন প্রমাণ করিয়া এই স্থলে ক্বাথ্য দ্রব্যের দ্বিগুণ এরণ্ডতৈল ব্যবস্থেয়।

ঘৃতেনেত্যাদি।—ষড়্ যোগাঃ ॥ ৭ ॥

গুলঞ্চের ক্বাথ ঘৃতের সহিত পান করিলে বাতরোগ, গুড়ের সহিত পান করিলে বিবন্ধ, শর্করার সহিত পান করিলে পিত্তরোগ, মধুর সহিত পান করিলে কফরোগ, এরণ্ডতৈলের সহিত পান করিলে উগ্র বাতরক্ত, শুঁঠের সহিত পান করিলে আমবাতরোগের শান্তি হয় ॥ ৭ ॥

গুড়ূচ্যাঃ স্বরসং কল্কং চূর্ণং বা ক্বাথমেব বা। প্রভূত কালমাসেব্য মুচ্যতে বাতশোণিতাৎ ॥ ৮ ॥

গুড়ূচ্যাঃ স্বরসেন ক্বাথেন বা ॥ ৮ ॥

গুলঞ্চের স্বরস, কল্ক, চূর্ণ ও ক্বাথ অধিক দিন সেবন করিলে বাতরক্তরোগ হইতে মুক্ত হওয়া যায় ॥ ৮ ॥

দশমূলী শৃতং ক্ষীরং সদ্যঃ শূল নিবারণং। পরিষেকোঽনিলপ্রায়ে তদ্বৎ কোষ্ণেন সর্পিষা ॥ ৯ ॥

দশমূলীত্যাদি।—দশমূলীশৃতং ক্ষীরং পরিষেক ইতি যোজ্যং নতু পেয়ং শূলং বাতরক্তদেশে ব্যথা। তদ্বদিতি পরিষেকঃ ॥ ৯ ॥

বেলছাল, শোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল, শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর; এই সমস্ত দ্রব্যের সহিত পক্কদুগ্ধ বাতরক্তস্থলে সেচন করিলে সদ্যই শূল বিনষ্ট হয়, কিন্তু বাতান্বিত হইলে ঈষদুষ্ণ ঘৃত সেচন করিবে ॥ ৯ ॥

পটোল কটুকা ভীরু ত্রিফলামৃতসাধিতম্। ক্বাথং পীত্বা জয়েজ্জন্তুঃ সদাহং বাতশোণিতম্ ॥ ১০ ॥

পটোলেত্যাদৌ।—কটুকা কটুরোহিণী. অভীরুঃশতমূলী। অমৃতং গুড়ূচী। অয়ংযোগঃ পিত্তোত্তরে। ১০ ॥

পটোল, কট্‌কী, শতমূলী, হরীতকী, আমলকী, বহেড়া ও গুলঞ্চ; ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্থাৎ অবশিষ্ট অর্দ্ধ পোয়া। ইহাদিগের ক্বাথ পান করিলে পিত্তপ্রধান বাতরক্তরোগে গাত্রদাহের নিবৃত্তি হয় ॥ ১০ ॥

গোধূমচূর্ণাজপয়ো ঘৃতঞ্চ
সচ্ছাগদুগ্ধোরুবুবীজকল্কঃ।
লেপোবিধেয়ং শতধৌত সর্পিঃ
সেকে পয়শ্চাবিকমেব শস্তম্ ॥ ১১ ॥

গোধূমেত্যাদি।—গোধূমচূর্ণং ছাগদুগ্ধ ঘৃতাভ্যাং সন্ধায় কোষ্ণং কৃত্বা বাতোত্তরে লেপঃ, শীতং রক্তোত্তরে। বৃন্দে অস্মিন্‌যোগে ঘৃতং ন পঠ্যতে, তেন ঘৃতং বিনাপ্যয়ং যোগঃ। সঘৃতঃ পুনরয়ং চরকে পঠ্যতে যথা বাতে সরক্তে সঘৃতঃ প্রদেহো গোধূমচূর্ণং ছাগলী পয়শ্চ, ইতি। উভয়মপি প্রমাণং স্মৃতিদ্বৈধবৎ ॥ ১১ ॥

ছাগদুগ্ধ ও গোধূমচূর্ণ অথবা ছাগঘৃত কিম্বা ছাগদুগ্ধ ও এরণ্ডবীজ কল্ক লেপন অথবা শতধৌত ঘৃত কিম্বা ছাগদুগ্ধ দ্বারা গাত্রসেচন বাতরক্ত রোগে প্রশস্ত ॥ ১১ ॥

লেপঃ পিষ্টাস্তিলাস্তদ্বদ্‌ভৃষ্টাঃ পয়সি নির্বৃতাঃ ॥ ১২ ॥

লেপেত্যাদৌ।—তিলান্ দুগ্ধেন পিষ্ট্বা ততো ভৃষ্ট্বা, পুনর্দুগ্ধে নির্ব্বাপয়েদিত্যর্থঃ বৃন্দ বাভটসম্বাদাৎ কিন্তু খোলকে ভৃষ্টতিলান্ দুগ্ধে নির্ব্বাপিতান্ তেনৈব দুগ্ধেন পিষ্ট্বা লেপ ইতি ব্যবহরন্তি বৃদ্ধাঃ। তদ্বিদিত্যনেন পূর্ব্বোক্ত যোগফলমতিদিশ্যতে।১২।

বাতরক্ত রোগে, তিল দুগ্ধের সহিত পেষণ করিয়া তাহা ভর্জ্জন করিবে এবং তাহাতে পুনর্ব্বার দুগ্ধ মিশ্রিত করিয়া গাত্রে লেপন করিবে। বাভটাদি গ্রন্থকর্ত্তাদিগের এইরূপ মত, কিন্তু বৃদ্ধবৈদ্যগণের ব্যবহার এইরূপ নহে, তাঁহারা কাটখোলায় ভর্জ্জিত তিল দুগ্ধের সহিত পেষণ করিয়া অঙ্গে প্রলেপ দিতে ব্যবস্থা দিয়া থাকেন ॥ ১২ ॥

কটুকামৃত যষ্ট্যাহ্বং শুণ্ঠীকল্কং সমাক্ষিকম্। গোমূত্র পীতং জয়তি সকফং বাতশোণিতম্॥ ১৩॥

কটুকেত্যাদি।—কটুকাকটুরোহিণী এষাং চতুর্ণাং প্রত্যেকং মিনাষকং কল্কীকৃত্য গোমূত্র পলার্দ্ধেন পেয়ং॥ ১৩॥

কট্‌কী, গুলঞ্চ, যষ্টিমধু ও শুঁঠ; এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া তাহাতে মধু প্রক্ষেপ করতঃ গোমূত্রের সহিত পান করিবে। ইহাদ্বারা কফাধিক্য বাতরক্তরোগের নিবৃত্তি হয়॥ ১৩॥

ধাত্রীহরিদ্রামুস্তানাং কষায়ং বা কফাধিকে। কোকিলাক্ষামৃতাক্কাথে পিবেৎ কৃষ্ণাং কফাধিকে॥ পথ্যাভোজী ত্রিসপ্তাহান্মুচ্যতে বাতশোণিতাৎ। কফরক্ত প্রশমনং কচ্ছুবীসর্পনাশনম্॥ বাতরক্তপ্রশমনং হৃদ্যং গুড়ঘৃতং স্মৃতম্॥ ১৪॥

কোকিলাক্ষেত্যাদি।—কোকিলাক্ষ মূলং গ্রাহ্যং। হৃদ্যং গুড়ঘৃতমিতি, আহারং বিনায় ঘৃতেন সমস্তগেন সৌহিত্যং কর্ত্তব্যমিত্যাহুঃ। কচ্ছ্বাং দৃষ্টফলমেতৎ॥ ১৪॥

কফপ্রধান বাতরক্ত রোগে, আমলকী, মুথা ও হরিদ্রা; ইহাদের সমুদয়ে ২ দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইয়া পান করিবে। কোকিলাক্ষ ও গুলঞ্চ উভয়ে ২ দুই তোলা মাত্রায় গ্রহণ করতঃ কুট্টিত করিয়া অর্দ্ধ সের জলে সিদ্ধ করিবে এবং অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। উপযুক্ত পথ্যসেবী উক্ত কাথে উপযুক্ত পরিমাণ পিপুল চূর্ণ প্রক্ষেপ করিয়া পান করিলে, কফপ্রধান বাতরক্ত তিন সপ্তাহের মধ্যে বিনষ্ট হয়। সমানাংশ গুড় ঘৃত, কফরক্ত, কচ্ছু, বিসর্প, ও বাতরক্ত নিবারক এবং হৃদয়ের হিতজনক॥ ১৪॥

সংসর্গেষু যথোদ্রেকং মিশ্রং বা প্রতিকারয়েৎ। সর্ব্বেষু সগুড়াং পথ্যাং গুড়ূচীক্কাথমেব বা॥ পিপ্পলী বর্দ্ধমানস্বা শীলয়েৎ সুসমাহিতঃ॥ ১৫॥

সংসর্গেম্বিতি সংসর্গজেষু দ্বন্দ্বজেষু যথোদ্রেকমিত্যেকদোষোল্বণে, মিশ্রমিতি সম কুপিতে॥১৫॥

দ্বন্দ্বজরোগে উল্লিত এক দোষের অথবা মিলিত দোষের চিকিৎসা করিবে। সর্ব্বদোষ জনিত বাতরক্তে যথারীতি প্রস্তুত হরীতকী গুড়ের সহিত কিম্বা গুলঞ্চের কাথ অথবা পিপ্পলী বর্দ্ধমান প্রতি নিয়ত সেবন করিবে।

পিপ্পলী বর্দ্ধমান পূর্ব্বে উক্ত হইয়াছে॥ ১৫॥

গুড়ূচীতৈলম্—

গুড়ূচীক্কাথকল্কাভ্যাং পচেত্তৈলং তিলস্য চ। পয়সা চ সমং পাক্যা ভিষক্‌মন্দেন বহ্নিনা॥ হন্তিবাতং তথা রক্তং কুষ্ঠং জয়তি দুস্তরম্। ত্বগ্দোষং ব্রণবীসর্পকণ্ডুদদ্রুবিনাশনং॥ ১৬॥

গুলঞ্চের কাথ, কল্ক ও তৈলের সমান দুগ্ধ সহিতউপযুক্ত পরিমাণ তিলতৈল মন্দাগ্নিতে পাক করিবে। এই তৈল ব্যবহারে বাতরক্ত, কুষ্ঠ, চর্ম্মরোগ, ব্রণ, বীসর্প, কণ্ডু ও দদ্রুপ্রভৃতি রোগ বিনাশ প্রাপ্ত হয়॥ ১৬॥

নবকার্ষিকঃ—

[illegible] বচা কটুকরোহিণী। বৎসাদনী দারু নিশা কষায়ো নবকার্ষিকঃ॥ বাতরক্তং তথা কুষ্ঠং পামানং রক্তমণ্ডলং। কুষ্ঠং কাপালিকা কুষ্ঠং

পানাদেবাপকর্ষতি ॥ পঞ্চরক্তিক মাষেণ কার্য্যোঽয়ং নবকার্ষিকঃ। কিন্ত্বেবং সাধিতেক্বাথে যোগ্যমাত্রা প্রদীয়তে ॥ ১৭ ॥

নবকার্ষিকে দারুনিশা দারুহরিদ্রা পঞ্চরক্তিক মাষেণ মানেন ত্রিফলাদীনাং নব কর্ষান্ গৃহীত্বা অষ্টগুণে জলে ক্বাথঃ কিম্বা ব্যবহারিভিরেব নবকর্ষৈঃ ক্বাথঃ কার্য্যঃ পরং তদযোগমাত্রাপেক্ষয়া অধিকং বস্তুবতি তত্ত্যক্ত্যং এতদেবাহ পঞ্চরক্তিক মানেনেত্যাদিঃ অত্র জলমানার্থং বৃন্দেন কর্ষাদৌ তু পলং যাবদিত্যাদি পরিভাষালিখিতমিতৈব।১৭॥

ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), নিমছাল, মঞ্জিষ্ঠা, বচ, কট্‌কী, গুলঞ্চ ও দারুহরিদ্রা; এই সকল ঔষধ সমভাগে মিলিত ৯ নয় কর্ষ পরিমাণে উত্তমরূপ কুট্টিত করিয়া যথোপযুক্ত জলদ্বারা কষায় প্রস্তুত করিবে। ইহা পান করিলে বাতরক্ত, কুষ্ঠ, পামা, রক্তমণ্ডল, কণ্ডু, কাপালিকাকুষ্ঠ প্রভৃতি রোগের তৎক্ষণাৎ নিবৃত্তি হয়। পঞ্চরক্তিতে এক মাষা ধরিয়া এই ঔষধের মাত্রা স্থির করিবে। কিন্তু এরূপ পরিমাণে ক্বাথ প্রস্তুত করিলেও উপযুক্ত মাত্রায় প্রয়োগ করিবে ॥ ১৭ ॥

গুড়ূচীঘৃতম্—

গুড়ূচীক্বাথকল্কাভ্যাং সপয়স্কং শৃতং ঘৃতং ॥ হন্তিবাতং তথা রক্তং কুষ্ঠং জয়তি দুস্তরং ॥ ১৮ ॥

গুড়ূচীঘৃতে ক্বাথশ্চতুর্গুণঃ ক্ষীরঞ্চ স্নেহসমমিতি ব্যবহরতি ॥ ১৮ ॥

গুলঞ্চের ক্বাথ ও কল্কের সহিত ঘৃত পাক করিবে। পাককালে ঘৃতের সমান দুগ্ধ উহাতে প্রদান করিবে। এই ঘৃত সেবন করিলে বাতরক্ত ও দুস্তর কুষ্ঠরোগের শান্তি হয় ॥ ১৮ ॥

শতাবরীঘৃতম্—

শতাবরী কল্কগর্ভং রসে তস্যাশ্চতুর্গুণে। ক্ষীরতুল্যং ঘৃতংপক্বং বাতশোণিতনাশনম্ ॥ ১৯ ॥

এবং শতাবরীঘৃতং ॥ ১৯ ॥

উপযুক্ত পরিমাণ শতমূলীর কল্ক ও চতুর্গুণ শতমূলীর রসদ্বারা ঘৃত পাক করিবে। পাককালে ঘৃতের সমান দুগ্ধ উহাতে প্রদান করতঃ যথাবিধি পাক শেষ করিবে। এই ঘৃত সেবন করিলে বাতরক্ত বিনাশ প্রাপ্ত হয়॥১৯॥

অমৃতাদ্যং ঘৃতম্—

অমৃতা মধুকং দ্রাক্ষা ত্রিফলা নাগরং বলা। বাসারগ্বধ বৃশ্চীর দেবদারু ত্রিকণ্টকম্ ॥ কটুকা সবরী কৃষ্ণা কাশ্মর্য্যস্য ফলানি চ। রাস্নাক্ষুরক গন্ধর্ব্ব বৃদ্ধদার ঘনোৎপলৈঃ ॥ কল্কৈরেভিঃ সমৈঃকৃত্বা সর্পিঃ প্রস্থং বিপাচয়েৎ। ধাত্রীরস সমং দত্ত্বা বারি ত্রিগুণ সংযুতং ॥ সম্যক্ সিদ্ধন্তু বিজ্ঞায় ভোজ্য পানে চ প্রশস্যতে। বহুদোষান্বিতং বাতং রক্তেন সহ মূর্চ্ছিতং ॥ উত্তানঞ্চাপি গম্ভীরং ত্রিকজঙ্ঘোরুজানুজং। ক্রোষ্টুশীর্ষে মহাশূলে চামবাতে সুদারুণে ॥ বাতরোগোপসৃষ্টস্য বেদনাঞ্চাপি দুস্তরাং। মূত্রকৃচ্ছ্রমুদাবর্ত্ত প্রমেহং বিষমজ্বরং ॥ এতান্ সর্ব্বান্নিহন্ত্যাশু বাতপিত্তকফোদ্ভবান্। সর্ব্বকালোপযোগেন বর্ণায়ুর্ব্বলবর্দ্ধনং। অশ্বিভ্যাং নির্ম্মিতং শ্রেষ্ঠং ঘৃতমেদমনুত্তমং ॥ ২০ ॥

অমৃতেত্যাদৌ।—বরী শতাবরী তয়াসহবর্ত্তনানেতি সবরী, গন্ধর্ব্বঃ এরণ্ডঃ। উৎপলং নীলোৎপলং ॥ ২০ ॥

গুলঞ্চ, যষ্টিমধু, দ্রাক্ষা (কিস্‌মিস্), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), শুঁঠ, বেড়েলা, বাসক, শোণালু, শ্বেতপুনর্নবা, দেবদারু, গোক্ষুর, কট্‌কী,

পিপ্পলী, গাম্ভারীফল, তালমাখনা, রাস্না, এরণ্ড, বৃদ্ধদারক (বিস্তারক), মুথা, উৎপল; এই সকল কল্ক এবং ঘৃত তুল্য আমলকীরস ও ত্রিগুণ জল সহিত প্রস্থ পরিমিত ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিয়া লইবে। এই ঘৃত সুপক্ক হইলে পানীয় ও ভোজ্য বস্তুর সহিত প্রয়োগ করিবে। অশ্বিনী-কুমার নির্ম্মিত শ্রেষ্ঠ ও অনুত্তম এই ঘৃত উত্তান, গম্ভীর, ত্রিক, জানু ও জঙ্ঘাশ্রিত, বহুদোষ সমন্বিত, বাতরক্ত, সুদারুণ ক্রোষ্টুশীর্ষ, মহাশূল, আমবাত, বাতরোগোপসৃষ্ট দুস্তর বেদনা এবং বাতপিত্ত, কফোৎপন্ন মূত্রকৃচ্ছ্র, উদাবর্ত্ত, প্রমেহ, বিষমজ্বর, এই সকল রোগ শীঘ্র বিনষ্ট হয়। এই ঘৃত সর্ব্বদা সেবন করিলে বল, বর্ণ ও আয়ুর্বৃদ্ধি হয় ॥ ২০ ॥

দশপাকবলাতৈলম্—

বলাকষায়কল্কাভ্যাং তৈলং ক্ষীরচতুর্গুণং। দশপাকং ভবেদেতদ্বাতাসৃগ্বাতপিত্তজিৎ ॥ ধন্যং পুংসবনঞ্চৈব নরাণাং শুক্রবর্দ্ধনং। রেতোযোনিবিকারঘ্নমেতদ্বাত বিকারনুৎ ॥ ২১ ॥

দশ পাক বলাতৈলে বলাক্বাথশ্চতুর্গুণঃ চতুর্গুণক্ষীরসাহচর্য্যাৎ। তৈলমিদং যথোক্তমানেন দ্রবেন দশবারান্ পক্তব্যং। অনেন পাকেন স্নেহক্ষয়োপ্যত্রনাস্তি ক্ষীরগত স্নেহেন ন্যূনভাগপূরণাৎ অয়ঞ্চ বহুপাকোপদেশঃ প্রকৃতিসমবেত ব্যাধ্যভিপ্রায়েণ জ্ঞেয়স্তেনাপ্যত্রাপি প্রকৃতিসম সমবেতে ব্যাধৌ তৈলাদিদনুক্তোপি বহুপাকো বীর্য্যোৎকর্ষার্থং যুজ্যত এব। বিকৃতিসম সমবেতে তু যথোদ্দিষ্টমেব কার্য্যং সংযোগশক্তেরচিন্ত্যত্বাৎ তস্মাৎ বিকৃতিসম সমবেতে ব্যাধিহরমেব ভেষজং দীয়ত ইতি কৃত্বা যথোদ্দিষ্টমেব কার্য্যং। প্রকৃতিসম সমবেতে তু দোষক্ষয়াদেব ব্যাধিক্ষয়ে দোষহরমেব ভেষজং দীয়তে দোষপ্রত্যনীকতয়া অনুক্তমপি ক্রিয়ত এব। নচ ব্যাধিহরমেব দোষহরমেবেতি বাচ্যং বাতকারিনাঽপি খদিরেণ সর্ব্বকুষ্ঠোপশমপ্রসঙ্গাৎ খদিরং হি বাতজনকমপি অন্তাবাহ্যাতিকমপি কুষ্ঠমুপশময়তি ন তু বাতং। কিঞ্চ যদি দোষহরমেব ব্যাধিহরমিতি স্বীক্রিয়তে তদা প্রতিব্যাধৌ বহু প্রয়োগ কথনমপি মুনীনাং ব্যর্থং স্যাৎ তত্তদ্দোষপ্রত্যনীক ভেষজগণকথনেনৈবান্যথাসিদ্ধেঃ। তস্মাদ্ব্যাধিহরে সংযোগপ্রধানত্বাৎ ... মুক্তমানমেব কার্য্যং। দোষহরে তু বীর্য্যোৎকর্ষার্থ মুক্তোনুক্তো বা বহুধা পাকোপি দোষপ্রত্যনীকতয়া যুক্তমেবেত্যাহুঃ। কিঞ্চ বহুবিত্তব্যয়ায়াসসাধ্যত্বাৎ বৈদ্যৈর্নায়মপগম্যতে পন্থাঃ ॥ ২১ ॥

বেড়েলার ক্বাথ ও কল্ক এবং চতুর্গুণ দুগ্ধের সহিত তৈল পাক করিবে। এইরূপ ১০ দশবার পাক করিয়া লইবে। এই তৈল যথাবিধি পাক করিয়া ব্যবহার করিলে বাতরক্ত ও বাতপিত্তরোগ নষ্ট হয়। ইহা বল্য, পুত্রপ্রদ ও পুরুষের শুক্র বৃদ্ধিকারক। এবং রেতোদোষ, যোনিবিকার ও বাতবিকার প্রভৃতি রোগ নিবারক ॥ ২১ ॥

গুড়ূচ্যাদিতৈলম্—

গুড়ূচীক্বাথদুগ্ধাভ্যাং তৈলং দ্রাক্ষারসেন বা। সিদ্ধং মধুককাশ্মর্য্যরসৈর্ব্বা বাতরক্তনুৎ ॥ ২২ ॥

গুড়ূচীত্যাদি।—তৈলসমকল্কং ॥ ২২ ॥

গুলঞ্চের ক্বাথ ও দুগ্ধ, অথবা দ্রাক্ষা রস কিম্বা যষ্টিমধু ও গাম্ভারীর ক্বাথদ্বারা উপযুক্ত পরিমাণ তৈল পাক করিয়া ব্যবহার করিলে বাতরক্ত বিনষ্ট হয় ॥ ২২ ॥

খরুকপদ্মকতৈলম্—

পদ্মকোশীর যষ্ট্যাহ্ব রজনী ক্বাথসাধিতং। স্যাৎ পিষ্টৈঃ সর্জ্জমঞ্জিষ্ঠাবীরাকাকোলিচন্দনৈঃ ॥ খরুকপদ্মকমিদং তৈলং বাতাস্রদোষনুৎ ॥ ২৩ ॥

খরুকপদ্মক তৈলে বীরা ক্ষীরকাকোলী, খরুকপদ্মকং শ্বেতপদ্মং ॥ ২৩ ॥

শ্বেতপদ্ম, বেণারমূল (বীরণমূল), যষ্টিমধু ও হরিদ্রা. ইহাদিগের ক্বাথ এবং ধূনা, মঞ্জিষ্ঠা, ক্ষীরকাকোলী, কাকোলী

ও রক্তচন্দন, এই সকল কল্ক সহিত উপযুক্ত পরিমাণ তৈল পাক করিবে। এই খরুকপক্ক, তৈল যথাবিধি পাক করিয়া ব্যবহার করিলে বাতরক্ত রোগের নিবৃত্তি হয় ॥ ২৩ ॥

নাগবলাতৈলম্—

শুদ্ধাং পচেন্নাগবলাতুলান্তু
 বিস্রাব্য তৈলাঢ়কমত্র দদ্যাৎ।
অজাপয়স্তুল্য বিমিশ্রিতন্তু
 নতস্য যষ্টীমধুকস্য কল্কং ॥
পৃথক্ পচেৎ পঞ্চপলং বিপক্বং
 তদ্বাতরক্তং শময়ত্যুদীর্ণং।
বস্তিপ্রদানাদিহ সপ্তরাত্রাৎ
 পীতং দশাহাং করোত্যরোগং ॥
তুলাদ্রব্যে জলদ্রোণো দ্রোণে
 দ্রব্যতুলামতা ॥ ২৪ ॥

নাগবলাতৈলে নাগবলা গোরক্ষচাকুলিয়েতি খ্যাতা। আজপয়স্তৈলতুল্যং নতং তগরপাদিকা। ২৪ ॥

নাগবলা (গোরক্ষচাকুলে) ।২॥০ সাড়েবার সের উত্তমরূপ কুট্টিত করিয়া ৬৪ চৌষট্টি সের জলদ্বারা সিদ্ধ করতঃ পাদাবশেষ অর্থাৎ চতুর্থাংশ থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইয়া তাহার সহিত তৈল ।৬ ষোল সের পাক করিবে। তগরপাদুকা ও যষ্টিমধু প্রত্যেকে ৫ পাঁচ পল অর্থাৎ ৪০ চল্লিশ তোলা পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ উহাতে প্রদান পূর্ব্বক যথারীতি পাক শেষকরিবে। উক্ত তৈলদ্বারা বস্তিপ্রয়োগ করিলে সপ্ত দিবস এবং পান করিলে দশ দিবস মধ্যে উদীর্ণ বাতরক্ত প্রশমিত হয়।

এক তুলা অর্থাৎ ।২॥০ সাড়েবার সের কাথ্যদ্রব্যে একদ্রোণ জল এবং এক দ্রোণে জলে তুলা পরিমিত দ্রব্য প্রদান করিবে, এই পরিভাষা অনুসারেই এই তৈলে ৬৪ চৌষট্টি সের জলদ্বারা কাথ করিবে এইরূপ লিখিত হইল। জলের চতুর্থাংশ অর্থাৎ ।৬ ষোল সের অবশিষ্ট থাকিতে বস্ত্রপূত করতঃ কাথ গ্রহণ করিবে ॥ ২৪ ॥

পিণ্ডতৈলম্—

সমধূচ্ছিষ্টমঞ্জিষ্ঠং সসর্জ্জরসশারিবং।
পিণ্ডতৈলং তদভ্যঙ্গাদ্বাতরক্তরুজাপহং ॥ ২৫ ॥

মধূচ্ছিষ্টেত্যাদি।— মধূচ্ছিষ্টং মধুসিক্থকং সর্জ্জরসোধূপকঃ শারিবা অনন্তমূলং জলঞ্চাত্র চতুর্গুণং পিণ্ডতৈলভাষয়া চাত্র বস্ত্রপূতমেতত্তৈলং কর্ত্তব্যমিত্যাহুঃ। বৈদ্যাস্তুপূত্বৈব ব্যবহরন্তি কিন্তু চরকে মধূচ্ছিষ্টেত্যাদেঃ পূর্ব্বং, "আরণালাঢ়কে তৈলং পাদসর্জ্জরসং শৃতং প্রভূতং খজিতং তোয়ে জ্বরদাহার্ত্তিনুৎ পরং" ইত্যুক্তং। তেন আরণালাঢ়কে সাধ্যং তৈলমেব, সর্জ্জরসস্থানে মধূচ্ছিষ্টাদীনাং প্রক্ষেপাদপি পিণ্ডতৈলমুচ্যতে, ইতি চক্র। জতূকর্ণেপ্যুক্তং কাঞ্জিকে সর্জ্জরসং শৃতং খজিতং বহুনা জলেন দাহহিতং বিকসানন্তাসিক্থসর্জ্জরসৈর্যুক্তং মথিতম্বেতি ॥ ২৫ ॥

মধূচ্ছিষ্ট (মোম), ধুনা, মঞ্জিষ্ঠা, অনন্তমূল; এই সকলের সহিত যথাবিহিত নিয়মানুসারে উপযুক্ত পরিমাণ তৈল পাক করিবে। পাককালে তৈলের চতুর্গুণ জল উহাতে প্রদান করিবে। এই পিণ্ডতৈল অঙ্গে মর্দ্দন করিলে বাতরক্ত রোগ বিনষ্ট হয় ॥ ২৫ ॥

মহাপিণ্ডতৈলম্—

শারিবা সর্জ্জমঞ্জিষ্ঠা যষ্টীসিক্থৈঃ পয়োম্বিতৈঃ। তৈলং পক্বং বিমঞ্জিষ্ঠৈর্ব্বোর্দ্ধা বাতরক্তনুৎ ॥ ২৬ ॥

অপরপিণ্ডতৈলদ্বয়মাহ শারিবেত্যাদি —যষ্টি যষ্টিমধুকঃ পয়শ্চতুর্গুণং ইহ দ্রবান্তরাভাবাৎ। বিমঞ্জিষ্ঠৈরিত্যাদি।—তৃতীয়ং পিণ্ডতৈলং, বিমঞ্জিষ্ঠৈর্বিহিতৈঃ শারিবাদিভিঃ কল্কৈরুক্তৈরেবৈরগুসহ তৈলং চতুর্গুণং পয়সা সহ পক্বং সৎ অপরং পিণ্ডতৈলং ভবতীত্যর্থঃ। বিমঞ্জিষ্ঠমিতিপাঠে ক্রিয়া বিশেষণং ॥ ২৬ ॥

অনন্তমূল, ধুনা, মঞ্জিষ্ঠা, যষ্টিমধু ও মোম; এই সকলের কল্ক সহিত যথারীতি উপযুক্ত পরিমাণ তৈল পাক করিবে। পাককালে তৈলের চতুর্গুণ দুগ্ধ উহাতে প্রদান করিবে। মঞ্জিষ্ঠা ভিন্ন উক্ত ঔষধ ও দুগ্ধের সহিত এরণ্ডতৈল পাক করিলে অন্য প্রকার পিণ্ডতৈল প্রস্তুত হয়। এই তৈল সেবনে বাতরক্তরোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ২৬ ॥

কৈশোরকোগুগ্‌গুলুঃ—

বরমহিষ লোচনোদরসন্নিভ
বর্ণস্য গুগ্‌গুলোঃ প্রস্থং।
প্রক্ষিপ্য তোয়রাশৌ ত্রিফলাঞ্চ
যথোক্ত পরিমাণাং ॥
দ্বাত্রিংশচ্ছিন্নরুহায়াঃ পলানি
দেয়ানি তত্র যত্নেন।
বিপচেদ্ প্রমত্তো দর্ব্যা
সংঘট্টয়ন্ মুহুর্যাবৎ ॥

অর্দ্ধক্ষয়িতং তোয়ং জাতং জ্বলনস্য সম্পর্কাৎ। অবতার্য্য বস্ত্রপূতং পুনরপি সম্পাদয়েৎ পাত্রে ॥ সান্দ্রীভূতে তস্মিন্নবতার্য্য হিমোপল প্রখ্যে। ত্রিফলাচূর্ণার্দ্ধপলং ত্রিকটোশ্চূর্ণং ষড়ক্ষ পরিমাণং ॥ ক্রিমিরিপুচূর্ণার্দ্ধপলং কর্ষং কর্ষং ত্রিবৃদ্দন্ত্যোঃ। পলমেকঞ্চ গুড়ূচ্যা দত্ত্বা সংমূর্চ্ছ্য যত্নেন ॥ উপযুজ্য চানুপানং যূষং তোয়ং সুগন্ধি সলিলেন। ইচ্ছাহারবিহারী ভেষজমুপযুক্ত সর্ব্বকালমিদং ॥ তনুরোধি বাতশোণিতমেকজমথদ্বন্দ্বজং চিরোত্থঞ্চ।* জয়তিস্রুতং পরিশুষ্কং স্ফুটিতঞ্চাজানুজঞ্চাপি ॥ ব্রণকাসকুষ্ঠগুল্মং শ্বয়থূদরপাণ্ডুমেহাংশ্চ। মন্দাগ্নিঞ্চ বিবদ্ধং প্রমেহপীড়কাংশ্চ নাশয়ত্যাশু। সততং নিষেব্যমাণঃ কালবশাদ্ধন্তি সর্ব্বগদান্। অভিভূয় জরাদোষং যাতি কৈশোরকং রূপং ॥ প্রত্যেকং ত্রিফলাপ্রস্থো জলং তত্র ষড়াঢ়কং। গুড়ূবদ্গুগ্‌গুলোঃ পাকঃ সুগন্ধস্তু বিশেষতঃ ॥ ২৭ ॥

কৈশোরগুগ্‌গুলৌ বরমহিষলোচনোদরসন্নিভবর্ণস্যেতি লোহিতবর্ণস্যেত্যর্থঃ। ন তু কৃষ্ণস্য, লোহিতোমহিষলোচনোদরো ভবতীতি ত্রিফলাঞ্চ যথোক্তপরিমাণামিতি প্রত্যেকং প্রস্থমাণাং ছিন্নরুহা গুড়ূচী অস্যাঃ দ্বাত্রিংশৎপলানি এবং মিলিত্বাষন্নবতি পলানি ক্বাথ্যানি অত্র হি দ্রবদ্বৈগুণ্যাহ উৎসর্গসিদ্ধং জলং দীয়মানং ষন্নবতি শরাবপরিমিতং ভবতি। ষন্নবতিশরাবৈশ্চ ষড়াঢ়কা ভবন্তি এতৎ সর্ব্বমভিধায় বক্ষ্যতি প্রত্যেকং ত্রিফলাপ্রস্থ ইত্যাদি। অন্যেত্বাহুঃ ত্রিফলানাঞ্চ যথোক্তপরিমাণমিতি মিলিত্বা, নির্দ্দেশস্য মানপ্রধানত্বাৎ। তেন গুগ্‌গুলু প্রভৃতানি দ্রব্যাণি মিলিত্বা চতুঃষষ্টিপলানি ভবন্তি তত্র চোৎসর্গসিদ্ধং জলং চতুঃষষ্টি শরাবমেব চতুঃষষ্টিশরাবৈশ্চ দ্রোণো ভবতি তেনতোয়রাশিশব্দেনাত্র দ্রোণোবোধ্য ইতি। অত্র গুগ্‌গুলুঃ পুটকে বদ্ধা অপরৈঃ ক্বাথ্যৈসহ তোয়রাশৌ ক্বথনীয়ঃ পশ্চাৎ গুগ্‌গুলুং বিহায় ক্বাথ্যং ত্যক্ত্বা সিদ্ধে তদুষ্ণ ক্বাথে পুনস্তং গুগ্‌গুলুং সংমিশ্র্য পাচনীয়ং যাবৎ ঘনীভবতি দর্ব্বীপ্রলেপেঽবতার্য্য ত্রিফলাদিচূর্ণং প্রক্ষিপেদিতি এবং বক্ষ্যমাণামৃতাখ্য গুগ্‌গুলাবপি দ্রষ্টব্যং। হিমোপলাখ্য ইতি হিমশীলবৎ শীতে। অত্র চেথমেব শক্ত্যুৎকর্ষঃ বচনাদুন্নীয়তে। অন্যত্র তু কোষ্ঠেএব চূর্ণানাং দানং দৃশ্যতে। অত্র ত্রিফলা চূর্ণার্দ্ধপলং মিলিত্বৈব যুজ্যতে মানপ্রধানত্বাৎ নির্দ্দেশস্য, প্রত্যেকন্তু ব্যবহরন্তি ত্রিকটোশ্চূর্ণং ষড়ক্ষপরিমাণমিতি মিলিত্বা ক্রিমিরিপু বিড়ঙ্গঃ। যূষং তোয়মিত্যাদৌ বাশব্দোবোধ্যঃ। কৈশোরকং রূপমিতি কৈশোরো যে.বনোন্মুখাবস্থাবকঃ ॥ ২৭ ॥

মহিষ লোচনের ন্যায় রক্তবর্ণ উৎকৃষ্ট গুগ্‌গুল /২ সের, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) /২ সের, গুলঞ্চ /৪ সের; এই সকল ৯৬ সের জলে সিদ্ধ এবং বারম্বার দর্ব্বি চালন করিবে এবং ৪৮সের অবশিষ্টে নামাইয়া বস্ত্রদ্বারা ছাঁকিয়া লইবে। অনন্তর উক্ত ক্বাথের সহিত গুগ্‌গুলু মিশ্রিত করতঃ হিমোপলাখ্য লোহপাত্রে পুনর্ব্বার পাক

করিতে করিতে ঘনীভূত হইলে অর্থাৎ আসন্ন পাকে ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) চূর্ণ ৪ তোলা, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ) চূর্ণ ১২ তোলা, বিড়ঙ্গচূর্ণ ৪ তোলা, তেউড়ীচূর্ণ ২ দুই তোলা, দন্তীচূর্ণ ২ তোলা, গুলঞ্চচূর্ণ ৮ তোলা উহাতে প্রক্ষেপ করিয়া দণ্ডদ্বারা উত্তমরূপ আলোড়ন করিবে। এই ঔষধ যূষ, জল কিম্বা মুগন্ধবারি অনুপানে সেবন করিবে। ইচ্ছাহারবিহারী ব্যক্তি এই ঔষধ সর্ব্বদাই ব্যবহার করা উচিৎ। এই ঔষধ সেবনে একজ, দ্বন্দ্বজ ও চিরোত্থিত শুষ্ক কিম্বা পরিস্রাবী, আজানুস্ফুটিত, শরীর নাশক বাতরক্ত রোগের নিবৃত্তি হয়। এবং ব্রণ, কাস, গুল্ম, শোথ, উদরাময়, পাণ্ডু, শূল, মন্দাগ্নি, বিবন্ধ, প্রমেহ, প্রভৃতি রোগ সকল এই ঔষধ সেবনে শীঘ্র বিনষ্ট হয়। এবং বৃদ্ধত্ব দূর হইয়া কৈশোর রূপ অর্থাৎ যুবার ন্যায় শরীর প্রাপ্ত হয়। ত্রিফলা অর্থাৎ হরীতকী, আমলকী ও বহেড়া প্রত্যেকে ১ প্রস্থ ধরিয়া মিলিত ৩ প্রস্থ অর্থাৎ /৬ সের এবং জল ৬ আঢ়ক অর্থাৎ ৯৬ সের দিতে হইবে, ইহা পূর্ব্বেই লিখিত হইয়াছে। গুড় পাকের ন্যায়ই গুগ্গুলু পাক করিবে, তবে গুগ্গুলু পাকে বিশেষ এই, আসন্ন পাকে গুগ্গুলুগন্ধ অনুভূত হইয়া থাকে। চিকিৎসকগণ রোগীর বলাবল বিবেচনাপূর্ব্বক মাত্রা স্থির করতঃ প্রয়োগ করিবেন, কারণ ইহা অধিক মাত্রায় প্রযোজিত হইলে বিশেষ অনিষ্ট হইবার সম্ভাবনা। এস্থলে জানা আবশ্যক যে গুগ্গুলু প্রথমতঃ পুটলী করিয়া অন্যান্য ক্বাথের সহিত পাক করিবে। অনন্তর ক্বাথ ছাকা হইলে গুগ্গুলু পুটলী হইতে বাহির করিয়া ক্বাথের সহিত মিশ্রিত করিবে॥ ২৭॥

অমৃতাদ্যোগুগ্গুলুঃ—

প্রস্থমেকং গুডূচ্যাস্তু অর্দ্ধপ্রস্থঞ্চ-গুগ্গুলোঃ। প্রত্যেকং ত্রিফলায়াশ্চ তৎপ্রমাণং বিনির্দ্দিশেৎ। সর্ব্বমেকত্র সংক্ষুদ্য সাধয়েন্নল্বণেঽম্ভসি। পাদশেষং পরিস্রাব্য পুনরগ্নাবধিশ্রয়েৎ॥ তাবৎ পচেৎ কষায়ন্তু যাবৎ সান্দ্রত্বমাগতং। দন্তীব্যোষবিড়ঙ্গানি গুডূচী ত্রিফলাত্বচঃ॥ ততশ্চার্দ্ধপলং পৃতং গৃহ্নীয়াচ্চ প্রতি প্রতি। কর্ষন্তু ত্রিবৃতায়াস্তু সর্ব্বমেকত্রকারয়েৎ॥ তস্মিন্ সুসিদ্ধং বিজ্ঞায় কষায়ে প্রক্ষিপেদ্ বুধঃ। ততশ্চাগ্নিবলং জ্ঞাত্বা তস্যমাত্রাং প্রদাপয়েৎ॥ বাতরক্তং তথা-কুষ্ঠং গুদজান্যগ্নিসাদনং। দুষ্টং ব্রণ প্রমেহাংশ্চ সামবাতং ভগন্দরং॥ নাড্যাঢ্যবাতশ্বয়থূন্ সর্ব্বানেতান্ ব্যপোহতি। অশ্বিভ্যাং নির্ম্মিতঃ পূর্ব্বমমৃতাখ্যো হি গুগ্গুলুঃ। অর্দ্ধপ্রস্থং ত্রিফলায়াঃ প্রত্যেকমিহ গৃহ্যতে॥২৮॥

অমৃতাদ্যগুগ্গুলৌ তৎপ্রমাণমিতি প্রস্থার্দ্ধং ব্যোষস্যার্দ্ধপলমিতি প্রত্যেকং, ত্রিফলাত্বচ ইতি নিরুক্তি ত্রিফলায়াঃ প্রত্যেকমর্দ্ধপলং। তৎপ্রমাণমিতি পদস্যার্থমাহ অর্দ্ধপ্রস্থং ত্রিফলায়া ইত্যাদি। ২৮॥

গুলঞ্চ /২ সের, গুগ্গুলু /১ সের, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) প্রত্যেকে /১ সের; এই সকল কুট্টিত করিয়া ৬৪ সের জলে সিদ্ধ করিবে। এবং ।৬ সের অবশিষ্ট থাকিতে বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। উক্ত ক্বাথে পূর্ব্বোক্ত গুগ্গুলু পুনর্ব্বার মিশ্রিত করতঃ পুনঃ পাক করিবে। অনন্তর ঘনীভূত হইলে দন্তী, মরিচ পিপ্পলী, শুঁঠ, বিড়ঙ্গ, গুলঞ্চ, হরীতকী, আমলকী, বহেড়া, দারু-

চিনি, ইহাদের চূর্ণ প্রত্যেকে ৪ তোলা এবং তেউড়ীচূর্ণ ২ তোলা উহাতে প্রদান করতঃ উত্তমরূপ আলোড়ন করিয়া লইবে। ঔষধ সুসিদ্ধ হইলে কিঞ্চিৎ উষ্ণ থাকিতেই উক্ত চূর্ণ সকল প্রক্ষেপ করিতে হইবে। রোগীর অগ্নি ও বল বিবেচনা করিয়া এই ঔষধের মাত্রা স্থির করিবে, কেননা, অনুপযুক্ত মাত্রায় প্রযোজিত হইলে উপকার হওয়া দূরে থাক্ বিশেষ অপকার হইবার খুব সম্ভব। এই ঔষধ সেবনে বাতরক্ত, কুষ্ঠ, গুদজরোগ (অর্শঃ), অগ্নিমান্দ্য, দুষ্টব্রণ, নাড়ীব্রণ, প্রমেহ, আমবাত, ভগন্দর, আঢ্যবাত, শোথ প্রভৃতি রোগ নষ্ট হয়। এই অমৃতাদ্য গুগ্‌গুলু অশ্বিনীকুমারকর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছিল। ত্রিফলা প্রত্যেকে অর্দ্ধপ্রস্থ গ্রহণ করিবে, ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে ॥ ২৮ ॥

পুনর্নবা অমৃতাগুগ্‌গুলুঃ—

অমৃতায়াশ্চ দ্বিপ্রস্থং প্রস্থমেকঞ্চ গুগ্‌গুলোঃ। প্রত্যেকং ত্রিফলাপ্রস্থং বর্ষাভূপ্রস্থমেব চ॥ সর্ব্বমেতচ্চ সংক্ষুদ্যক্বাথয়েন্নল্বনেঽম্ভসি। পুনঃ পচেৎ পাদশেষং যাবৎ সান্দ্রত্বমাগতং॥ দন্তী চিত্রকমূলানাং কণা বিশ্বফলত্রিকং। গুড়ূচীত্বগ্‌বিড়ঙ্গানাং প্রত্যেকার্দ্ধপলোন্মিতং॥ ত্রিবৃতাকর্ষমেকন্তু সর্ব্বমেকত্র চূর্ণয়েৎ। সিদ্ধে চোষ্ণে ক্ষিপেত্তত্র অমৃতাগুগ্‌গুলোঃ পরং॥ যথাচাগ্নিবলং খাদেদম্লপিত্তী বিশেষতঃ। বাতরক্তং তথাকুষ্ঠং গুদজান্যগ্নিসাদনং॥ দুষ্টব্রণপ্রমেহাংশ্চ সামবাতং ভগন্দরং। নাড্যাঢ্যবাতং শ্বয়থূন্ হন্যাৎ সর্ব্বাময়ানয়ং। অশ্বিভ্যাং নির্ম্মিতঃ হ্যেষোঽমৃতাখ্যো গুগ্‌গুলুঃ পুরা॥ ২৯॥

পুনর্নবাগুগ্‌গুলৌ দ্বয়ং গুগ্‌গুলুকং। অমৃতা গুগ্‌গুলোঃ পরমিত্যনন্তরং মাত্রামিতি শেষঃ। তেন পরমিত্যনন্তরমমৃতাগুগ্‌গুলোর্মাত্রাং যথা বহ্নিবলং খাদেদিত্যর্থঃ। অমৃতাখ্যগুগ্‌গুলৌ পুরেতি অমৃতনির্ম্মিতত্বাদমৃতাখ্যঃ যদ্যপ্যমৃতাযোগাদ মৃতাদ্যগুগ্‌গুলু তথাপি পুনর্নবাযোগাৎ পুনর্নবাগুগ্‌গুলুরিতি নামান্তরং পূর্ব্বোক্তামৃতা গুগ্‌গুলোর্ব্যবচ্ছেদার্থং বা।। ২৯ ॥

গুলঞ্চ /৪ চারিসের, গুগ্‌গুলু ২ দুই সের, আমলকী /২ দুইসের, হরীতকী /২ দুইসের, বহেড়া /২ দুইসের, পুনর্নবা /২ দুইসের, এই সকল একত্র উত্তমরূপ কুট্টিত করতঃ ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ১৬ সের অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ বস্ত্রদ্বারা ছাকিয়া পূর্ব্বোক্ত গুগ্‌গুলু উত্তমরূপ মিশ্রিত করতঃ পুনর্ব্বার পাক করিবে। ঘনীভূত হইলে দন্তী, চিতার মূল (রক্তচিতারমূল), পিপ্পলী, শুঁঠ, ত্রিফলা (হরীতকী,আমলকী ও বহেড়া), গুলঞ্চ, দারুচিনী, বিড়ঙ্গ, এই সকল প্রত্যেকে ৪ তোলা এবং তেউড়ীচূর্ণ এক কর্ষ অর্থাৎ দুই তোলা পরিমাণে একত্র চূর্ণ করিয়া প্রক্ষেপ করিবে। পাক শেষে কিঞ্চিদুষ্ণ থাকিতেই উক্ত ঔষধ সকল প্রক্ষেপ করিতে হইবে। এই অমৃতা গুগ্‌গুলু রোগী মাত্রেই বিশেষতঃ অম্লপিত্ত রোগী বল ও অগ্নি বিবেচনায় মাত্রা স্থির করিয়া সেবন করিবে। এই অমৃতাগুগ্‌গুলু সেবন করিলে অম্লপিত্ত, বাতরক্ত, কুষ্ঠ, গুদজ রোগ (অর্শঃ), অগ্নিমান্দ্য, দুষ্টব্রণ, প্রমেহ, আমবাত, ভগন্দর, আঢ্যবাত, শোথ প্রভৃতি রোগ সকল নষ্ট হয়। উক্ত অমৃতাগুগ্‌গুলু পূর্ব্বকালে স্বর্গীয় বৈদ্য অশ্বিনীকুমার কর্ত্তৃক নির্ম্মিত হইয়াছিল ॥ ২৯ ॥

যোগসারামৃতঃ—

নারিকেল ৮ আট পল, শর্করা /২ দুই সের, নারিকেলের জল ৮ আটসের, ঘৃত ৫ পাঁচ পল, শুণ্ঠীচূর্ণ ৷৷০ অর্দ্ধ সের, দুগ্ধ /২দুই সের, এই সকল দ্রব্য একত্র করিয়া মৃদু অগ্নিতে যথারীতি পাক করিবে। বংশলোচন, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), মুথা, দারুচিনি, এলাইচ, তেজপত্র, মরিচ, ধনি পিপ্পলী, গজপিপ্পলী ও জীরা; এই সকলের অতি সূক্ষ্ম চূর্ণ প্রত্যেকে ২ দুই তোলা পরিমাণে উহাতে প্রক্ষেপ করিয়া নামাইবে। ঔষধ পাক করিয়া মৃৎপাত্রে রাখিয়া দিবে। এবং প্রতিদিন অর্দ্ধ তোলা পরিমাণে সেবন করিবে, এই ঔষধ সেবনে আহারাদির কোন নিয়ম নাই, যথেষ্ট আহারবিহার করিতে পারে। উক্ত ঔষধ সেবন করিলে ত্রিদোষ জন্য অর্থাৎ বাতজ, পিত্তজ ও কফজ শূল, আমবাত, পরিণাম শূল ও অম্লপিত্ত রোগ নষ্ট হয়। এবং ইহা বল্য, পুষ্টিকর, শ্রেষ্ঠ বাজিকরণ, এবং রক্তপিত্ত, ছর্দ্দি ও হৃদ্রোগনাশক, অগ্নিদীপক ও সর্ব্বরোগ নাশক ॥ ২৫ ॥

কফশূল চিকিৎসা—

শ্লেষ্মাধিকেচ্ছর্দ্দনলঙ্ঘনানি,
শিরোবিরেকং মধুশীধুপানং।
মধূনিগোধূমযবানরিষ্টান্
সেবেত রুক্ষান্ কটুকাংশ্চ সর্ব্বান্॥২৬॥

শ্লেষ্মাধিক ইতি মধুনাকৃতঃ শীধুর্মধুশীধুঃ। অরিষ্টান্ সন্ধান্ বিশেষান্ ॥ ২৬ ॥

কফজন্য শূলরোগে, বমন, লঙ্ঘন, শিরো বরেচন, মধু শীধু ও মধুপান এবং গোধূম, যব অরিষ্ট, নানা প্রকার রুক্ষ ও কটুদ্রব্য সেবন করা বিধেয় ॥ ২৬ ॥

পিপ্পলীপিপ্পলীমূলচব্যচিত্রকনাগরৈঃ।
যবাগূর্দীপনীয়াস্যাচ্ছূলঘ্নীতোয়সাধিতা ॥ ২৭ ॥

পিপ্পলীত্যাদি স্পষ্টং ॥ ২৭॥

পিপ্পলী পিপ্পলীমূল, চৈ, চিতা ও শুঁঠ ; এই সকলের দ্বারা যবাগূ প্রস্তুত করিয়া শূলরোগে সেবন করিবে। ইহা দ্বারা অগ্নির দীপ্তি এবং শূলরোগের নিবৃত্তি হয় ॥ ২৭ ॥

লবণত্রয়সংযুক্তং পঞ্চকোলং সরামঠং। সুখোষ্ণেনাম্বুনাপীতং কফশূলবিনাশনং ॥ ২৮ ॥

লবণত্রয়যুতমিতি লবণত্রয়ং সৌবর্চ্চলসৈন্ধববিড়ং, সমভাগচূর্ণমষ্টমাষকমূ ...দক পলেনালোড্য পেয়ং। চূর্ণবিষয়ে যোগোহয়ং ॥ ২৮ ॥

সৌবর্চ্চল, সৈন্ধব, বিটলবণ, পিপ্পলী, পিপ্পলীমূল; চৈ, চিতা, শুঁঠ ও হিঙ্গু ; এই সকল চূর্ণ ঈষদুষ্ণ জলের সহিত পান করিবে। ইহাদ্বারা শূলরোগ নষ্ট হয় ॥ ২৮ ॥

বিল্বমূলমথৈরণ্ডং চিত্রকং বিশ্বভেষজং। হিঙ্গুসৈন্ধবসংযুক্তং সদ্যঃশূলনিবারণং ॥ ২৯ ॥

বিল্বমূলমিত্যাদি অয়ং যোগঃ ক্বাথবিধিনা। ২৯।

বিল্বমূল, এরণ্ডমূল, চিতা, শুঁঠ, ইহাদের সমুদয়ে দুই তোলা গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জল দ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথে হিঙ্গু ও সৈন্ধব প্রক্ষেপ পূর্ব্বক পান করিলে তৎক্ষণাৎ শূল নিবারণ হয় ॥ ২৯ ॥

মুস্তং বচাং তিক্তকরোহিণীঞ্চ
তথাভয়াং নির্দ্দহনীঞ্চতুল্যাং।
পিবেত্তু ... ত্রযুতাং কফোত্থ
শূলে ...মস্য চ পাচনার্থং ॥৩০॥

মুস্তমিত্যাদৌ নির্দ্দহনীমূর্ব্বা, মুস্তাদি নির্দ্দহন্যন্ত ত্রকো যোগঃ। মুস্তকাদিকং পিষ্ট্বা গোমূত্রেণ পেয়ং ॥ ৩০ ॥

কফজনিত শূলরোগে আম পাচনার্থ মুথা, বচ, কটকী, মঞ্জিষ্ঠা, হরীতকী, মূর্ব্বা (গোড়াচক্র, অথবা বোড়াচক্র কিম্বা সূচীমুখী), এই সকলের সম পরিমাণ কল্ক গোমূত্রের সহিত পান করিবে ॥ ৩০ ॥

বচাব্দাগ্ন্যাভয়াতিক্তাচূর্ণং গোমূত্রসংযুতং। সক্ষারম্বাপিবেৎ ক্বাথং বিল্বাদেঃ কফশূলবান্ ॥ ৩১ ॥

বচেত্যাদৌ অগ্নিশ্চিত্রকঃ সক্ষারমিত্যাদিস্তু দ্বিতীয়ো যোগঃ। বিল্বাদের্দ্দশমূলস্য ক্বাথং, পিবেদিতি ॥ ৩১ ॥

বচ, মুথা, চিতা, হরীতকী, কটুকী ; এই সকলের চূর্ণ গোমূত্রের সহিত পান করিবে। অথবা বেলছাল, পারুলছাল, শোণাছাল, গণিয়ারীছাল ও গাম্ভারীছাল সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া লইবে এবং ইহাতে যবক্ষার প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা কফপ্রধান শূলরোগ নষ্ট হয় ॥ ৩১ ॥

মাতুলুঙ্গরসো বাপি শিগ্রুক্কাথ এব বা। পেয়ঃ। সক্ষারো মধুনা পীতঃ পার্শ্ব-হৃদ্বস্তি শূলনুৎ ॥ ৩২ ॥

মাতুলুঙ্গরস বস্তি। মাতুলুঙ্গমূলকাথঃ যোগদ্বয়েপি মধুযবক্ষারো প্রক্ষেপ্যো। ৩২।

মাতুলুঙ্গ (ছোলঙ্গ বা টাবালেবু) লেবুরমূলের ক্বাথে অথবা সজিনার মূলের ক্বাথে যবক্ষার ও মধু প্রক্ষেপ দিয়া পান করিলে পার্শ্ব, হৃদ্ ও বস্তিশূল বিনষ্ট হয়। ইহাদিগের কাথ ও পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিয়া লইবে ॥ ৩২ ॥

আমশূলে ক্রিয়াকার্য্যা কফশূল বিনাশিনী। সেব্যমামহরং সর্ব্বং যদগ্নিবলবর্দ্ধনং ॥ ৩৩ ॥

আমশূলমিতি আমহরং ভূত্বা যদগ্নি বৃদ্ধিকরং ভবতি পঞ্চকোলাদি তৎ সেব্যং নতু ঘৃতাদি।৩৩।

আমশূলে কফশূলবিনাশক চিকিৎসা করিবে এবং যে সকল ঔষধে আমদোষ বিনষ্ট হইয়া অগ্নিবৃদ্ধি হয় এইরূপ ঔষধ সমূহ সেবন করিতে দিবে ॥ ৩৩ ॥

হিঙ্গাদিঃ—

সহিঙ্গুতুম্বুরুব্যোষযমানীচিত্রকাভয়াঃ। সক্ষারলবণাশ্চূর্ণং পিবেৎ প্রাত সুখাম্বুনা। বিষ্টম্ভানিলশূলঘ্নং পাচনং বহ্নিদীপনং ॥ ৩৪ ॥

তুম্বুরু বণিগ্ দ্রব্যবিশেষঃ। ৩৪।

হিঙ্গু, তুম্বুরু (বণিকদ্রব্যবিশেষ), ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), যমানী, চিতা, হরীতকী, যবক্ষার ও সৈন্ধবলবণ, এই সকলের চূর্ণ প্রাতঃকালে ঈষদুষ্ণ জলের সহিত পান করিবে ইহা বিট্‌মূত্র এবং বাতজশূল নিবারক, আমপাচক ও অগ্নিদীপক ॥ ৩৪ ॥

ধাত্রীলৌহং—

ষট্পলং শুদ্ধমণ্ডূরং যবস্তকুড়বস্তথা। পাকায় নীরপ্রস্থার্দ্ধং চতুর্ভাগাবশেষিতং ॥ শতমূলীরসপ্রস্থৌ আমলক্যারসস্তথা। তথা দধি পয়োভূমিকুষ্মাণ্ডস্য চতুঃপলং ॥ চতুষ্পলং শর্করায়া ঘৃতস্যাচ চতুঃপলং। প্রক্ষেপং জীরকং ধান্যং ত্রিজাতং করিপিপ্পলীং ॥ মুস্তং হরীতকীঞ্চৈব অভ্রং লৌহং কটুত্রয়ং। রেণুকং ত্রিফলাঞ্চৈব তালীশং নাগকেশরং ॥ প্রত্যেকং কার্ষিকং চূর্ণং পেষয়িত্বা বিনিঃক্ষিপেৎ। ভোজনাদৌ তথা মধ্যে চান্তে চৈব সমাহিতঃ ॥ তোলৈকং ভক্ষয়েন্নিত্যমনুপানং পয়োথবা। শূলমষ্টবিধং হন্তি সাধ্যাসাধ্যমথাপিবা। বাতিকং পৈত্তিকঞ্চৈব শ্লৈষ্মিকং সান্নিপাতিকং। পরিণাম সমুত্থাংশ্চ অন্নদ্রব সমুদ্ভবান্ ॥ দ্বন্দ্বজান্ পংক্তিশূলাংশ্চ অম্লপিত্তং সুদারুণং। সর্ব্বরোগহরং শ্রেষ্ঠং ধাত্রীলৌহমিদং স্মৃতং ॥ ৩৫ ॥

বিশুদ্ধ মণ্ডুর ৬ পল, যব /॥০ অর্দ্ধসের, পাকার্থ জল /২ সের, শেষ /॥০ অর্দ্ধ সের, উক্ত ক্বাথ এবং শতমূলীরস /২ সের, আমলকীরস /২ দুই সের, দধি ৪ পল, দুগ্ধ ৪ পল, ভূমিকুষ্মাণ্ডের রস ৪ পল, শর্করা ৪ পল, ঘৃত ৪ পল অর্থাৎ ৩২ তোলা; এই সকল একত্র যথাবিধি পাক করিবে, এবং জীরা, ধনিয়া, দারুচিনি, এলাইচ, তেজপত্র, গজপিপ্পলী, মুথা, হরীতকী, অভ্র, লৌহ, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), রেণুক, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), তালীশপত্র, নাগকেশর; এই সকলের চূর্ণ প্রত্যেকে ২ তোলা পরিমাণে উহাতে প্রদান করিবে এই ঔষধ যথাবিধি পাক করিয়া ভোজনের আদি, মধ্য এবং অন্তে এক তোলা পরিমাণে দুগ্ধ অনুপানে প্রতিদিন সেবন করিবে। ইহাতে যেরূপ মা

লিখিত হইল ইহা আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নহে, সুতরাং চিকিৎসকগণ রোগীর বলাবল ভালরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা নিশ্চয় করিয়া প্রয়োগ করিবেন। ইহাদ্বারা সাধ্য ও অসাধ্য বাতশূল, পিত্তশূল, কফশূল, সান্নিপাতিকশূল, পরিণামশূল, অন্নদ্রবশূল, দ্বন্দ্বজ ও পংক্তিশূল, এই অষ্টবিধ শূল এবং সুদারুণ অম্লপিত্ত রোগ নষ্ট হয়। ইহার নাম ধাত্রীলৌহ। ইহা সর্ব্ববিধরোগ বিনাশেই অতি শ্রেষ্ঠ ॥ ৩৫ ॥

চিত্রকং গ্রন্থিকৈরণ্ডশুণ্ঠীধান্যং জলৈঃ শৃতং। শূলানাহবিবন্ধেষু সহিঙ্গুবিড়সৈন্ধবং ॥ ৩৬ ॥

চিত্রকমিত্যাদৌ গ্রন্থিকং পিপ্পলীমূলং সহিঙ্গুবিড়সৈন্ধবমিত্যত্র সহিঙ্গুবিড়দাড়িমমিতি কেচিৎ পঠন্তি ॥ ৩৬ ॥

চিতা, পিপ্পলীমূল, এরণ্ডমূল, শুঁঠ ও ধনিয়া ; এই সকল দ্রব্যের ক্বাথ প্রস্তুত করিয়া হিঙ্গু, বিটলবণ ও সৈন্ধবলবণ প্রক্ষেপ করতঃ পান করিবে। উক্ত ক্বাথ্য দ্রব্য সমূহ মোট ২ দুইতোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথ সেবন করিলে শূল, আনাহ ও বিবন্ধ রোগ বিনাশ প্রাপ্ত হয় ॥ ৩৬ ॥

দীপ্যকং সৈন্ধবং পথ্যানাগরঞ্চ চতুঃসমং। ভৃশং শূলং জয়ত্যাশুমন্দস্যাগ্নেশ্চদীপনং ॥ ৩৭ ॥

দীপ্যকং যমানী ॥ ৩৭ ॥

যমানী, সৈন্ধব, হরীতকী ও শুঁঠ ; এই সকলের সমভাগ চূর্ণ সেবন করিলে শূলরোগ নষ্ট ও অগ্নির উদ্দীপন হয় ॥ ৩৭ ॥

সমাক্ষিকং বৃহত্যাদিং পিবেৎ পিত্তানিলাত্মকে। ব্যামিশ্রঞ্চাবিধিং কুর্য্যাচ্ছূলে পিত্তানিলাত্মকে ॥ পিত্তজে কফজে বাপি যা ক্রিয়াকথিতা পৃথক্। একীকৃত্যপ্রযুঞ্জীত তাং ক্রিয়াং কফপিত্তজে ॥ ৩৮ ॥

সমাক্ষিকং বৃহত্যাদিমিতি বৃহত্যৌ গোক্ষুরৈরণ্ডেত্যাদিনা পূর্ব্বমুক্তং অন্যে তু সন্নিপাতজ্বরোক্তং বৃহত্যাদিকমাহ। ব্যবহারস্তু পূর্ব্বেনৈব দ্বন্দ্বজশূলচিকিৎসামাহ ব্যামিশ্রমিত্যাদি ॥ ৩৮ ॥

বাতপিত্তাত্মক শূলে তৎ তৎ শূল নাশক চিকিৎসা মিশ্রিত করিয়া অথবা সমধু বৃহত্যাদি যোগ সেবন করিবে। পিত্তজ ও কফজ শূলরোগে পৃথক্ পৃথক্ যে সকল ঔষধ উক্ত আছে পিত্তশ্লেষ্মজন্য শূলরোগে সেই সকল ঔষধ মিশ্রিত করিয়া সেবন করিবে ॥ ৩৮ ॥

পটোলত্রিফলারিষ্টশৃতং মধুযুতং পিবেৎ। পিত্তশ্লেষ্মজ্বরচ্ছর্দ্দিদাহশূলোপশান্তয়ে ॥ ৩৯ ॥

পটোলেত্যাদৌ অরিষ্টো নিম্বঃ ॥ ৩৯ ॥

পিত্তশ্লেষ্ম জন্য জ্বর, ছর্দ্দি (বমন), দাহ ও শূলরোগ শান্তির জন্য পটোল, ত্রিফলা, নিমছাল; ইহাদিগের ক্বাথ মধুর সহিত পান করিবে। পূর্ব্বলিখিত নিয়মানুসারে ইহাদিগের ক্বাথও প্রস্তুত করিতে হইবে ॥ ৩৯ ॥

রসোনং মদ্যসংমিশ্রং পিবেৎপ্রাতঃ প্রকাঙ্ক্ষিতঃ। বাতশ্লেষ্মভবং শূলং নিহন্তুং বহ্নিদীপনং ॥ ৪০ ॥

রসোনমিত্যাদি।—নিস্তুষরসোন মাষা ৬, মদ্যপল ১ ॥ ৪০ ॥

নিস্তুষ রসোন ৬ মাষা ও মদ্য একপল (অর্থাৎ ৮ আটতোলা) একত্র প্রাতঃকালে পান করিবে। ইহাদ্বারা বাতশ্লেষ্ম জন্য শূলরোগ বিনষ্ট হইয়া অগ্নির দীপ্তি হয় ॥ ৪০ ॥

বৃহদ্বিশ্বাদিঃ—

বিশ্বোরুবুকদশমূলযবাম্ভসা তু
দ্বিক্ষারহিঙ্গুলবণত্রয়পুষ্করাণাং।
চূর্ণং পিবেৎ হৃদয়পার্শ্বকটীগ্রহাম-
পক্বাশয়াং স ভূশব-কৃচ্ছর গুল্মশূলী॥
ক্বাথেন চূর্ণপানং যত্তত্র ক্বাথ প্রধান-
তা। প্রবর্ত্ততে ন তেনাত্র চূর্ণাপেক্ষী
চতুর্দ্রবঃ॥ ৪১॥

বিশ্বরুবুকেত্যাদি।—অম্ভসেতি ক্বাথেন। হিঙ্গু-সৌবর্চ্চলমিত্যাদি।—বক্ষ্যমাণযোগে সমুদিতদশমূলযবয়োর্দ্বয়োঃ প্রত্যেকং তুল্য ভাগেন বৃদ্ধানাং ব্যবহারদর্শনাদত্রাপি তথৈব মানমাহ শ্রীকণ্ঠঃ। তেন বিশ্বরুবুকদশমূলানাং মিলিতানামেকো ভাগঃ যবস্য চাপরো ভাগ ইতি। ব্যবহারোপি ইথমেব। দ্বিক্ষারাদয়স্তু প্রক্ষেপবিষয়ে প্রযোজ্যাঃ নতু পাতব্যশ্চ চতুর্দ্রবৈরিতি পরিভাষয়া পানবিষয়ে এবং বক্ষ্যমাণেষ্বপি। এতদেবাহ ক্বাথেন চূর্ণপানং যদিত্যাদি। অস্যার্থস্তু জ্বরাতীসারচিকিৎসায়ামেবোক্তঃ॥ ৪১॥

শুঁঠ, এরণ্ডমূল, বিল্ব, শোণা, পারুল, গাম্ভারী ও গণিয়ারী ছাল, শালপানি, চাকলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর ও যব; এই সকলের ক্বাথে হিঙ্গু, যবক্ষার, সাচিক্ষার, বিটলবণ, সৈন্ধবলবণ, উদ্ভিদ লবণ ও পুষ্করমূলের (অভাবে কুড়) চূর্ণ প্রক্ষেপ করতঃ পান করিবে। ইহা দ্বারা হৃদয়, পার্শ্ব ও কটিশূল, এবং আম, পক্বাশয়ের তীব্রবেদনা, জ্বর ও গুল্মশূল প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

ইহাদের ক্বাথ ও পূর্ব্বোক্ত নিয়মানুসারে প্রস্তুত করিয়া লইতে হইবে। এস্থলে জানা আবশ্যক যে, ক্বাথের সহিত চূর্ণ পান করিবে, এইরূপ লিখিত হইলে ক্বাথের প্রাধান্য লক্ষিত হয়, সুতরাং চূর্ণ প্রক্ষেপ করিবে, অন্যত্র চূর্ণের চতুর্গুণ দ্রব (জলীয় পদার্থ) প্রদান করিবে॥৪১॥

রুচকাদিঃ—

চূর্ণং সমং রুচকহিঙ্গুমহৌষধানাং
শুণ্ঠ্যম্বুনাকফসমীরণসম্ভবাসু।
হৃৎপার্শ্বপৃষ্ঠজঠরার্ত্তিবিসূচিকাসু
পেয়স্তথা যবরসেনতু বিড়্ বিবন্ধে॥
সমং শুণ্ঠ্যম্বুনেত্যেবং যোজনাক্রিয়তে
বুধৈঃ। তেনাল্পমানমেবাত্র হিঙ্গুসংপ-
রিদীয়তে॥ ৪২॥

চূর্ণং সমমিত্যাদি।—রুচকং সৌবর্চ্চলং। তীক্ষ্ণত্বেন শুণ্ঠ্যাঃ কর্ষার্দ্ধস্যাম্পস্য বা ক্বাথঃ। প্রক্ষেপঃ সৌবর্চ্চলমাষা ১ শুণ্ঠীচূর্ণমাষা ২ হিঙ্গুরতি ৬। এবং যবরসেনেতি। সমং শুণ্ঠ্যাম্ভসেত্যাদৌ সমশব্দস্য তুল্যার্থত্বে হিঙ্গুনো রুচকমহৌষধসমানত্বেন বহুমানতা স্যাদতঃ সমমিতি পদং সহার্থে॥ ৪২॥

সৌবর্চ্চল ১ মাষা, শুণ্ঠীচূর্ণ ২ মাষা, হিঙ্গু ৬ রতি; এই সকল চূর্ণ শুণ্ঠীর ক্বাথের সহিত পান করিলে কফবাতজন্য হৃদ্, পার্শ্ব, পৃষ্ঠ ও জঠরগত বেদনা এবং বিসূচিকা রোগ বিনষ্ট হয়। কোষ্ঠে সারকতা না থাকিলে উক্ত চূর্ণ স[illegible] যবের ক্বাথের সহিত পান ক[illegible] কিন্তু শুঁঠের ক্বাথের সহিত হিঙ্গু [illegible] মাত্রায় প্রদান করিবে॥ ৪২॥

হিঙ্গুসৌবর্চ্চলং পথ্যাবিড়সৈন্ধবতুম্বুরু। পৌষ্করঞ্চ পিবেৎ চূর্ণং দশমূলযবাম্ভসা॥ পার্শ্বহৃৎকটিপৃষ্ঠাংসশূলে তন্দ্রোপতানকে। শোথেশ্লেষ্মপ্রসেকেচ কর্ণরোগে চ শস্যতে॥ ৪৩॥

হিঙ্গুসৌবর্চ্চলেত্যাদৌ।—দশমূলযবয়োর্দ্বয়োঃ ক্বাথঃ তেন প্রত্যেকং দশমূল ১ মাষা ৭ রতি যবতণ্ডুল ১ কর্ষঃ পাকার্থং জলশরাব ১ শেষ ২ পল ভেদে বিবক্ষিতে হিঙ্গ্বাদীনাং প্রক্ষেপঃ॥ ৪৩।

হিঙ্গু, সৌবর্চ্চল, হরীতকী, বিটলবণ, সৈন্ধব, তুম্বুরু (বণিকদ্রব্যবিশেষ) ও পুষ্করমূল (অভাবে কুড়); এই সকলের চূর্ণ, দশমূল (শালপানি, চাকলে, বৃহতী কন্টকারী, গোক্ষুর, বেলছাল, শোণা

ছাল, পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল) ও যবের ক্বাথের সহিত পান করিবে। ইহাদ্বারা পার্শ্ব, হৃদ্, কটি, পৃষ্ঠ ও অংসশূল, তন্দ্রা (নিদ্রাবৎ ক্লান্তি), অপতানক, শোথ, শ্লেষ্মনির্গমন ও কর্ণরোগ প্রভৃতি বিনষ্ট হয়। উক্ত দশমূল ও যবের ক্বাথ ও পূর্ব্বোক্ত নিয়মানুসারে প্রস্তুত করিয়া লইবে॥ ৪৩॥

এরণ্ডসপ্তকং—

এরণ্ডবিল্ববৃহতীদ্বয়মাতুলুঙ্গ
পাষাণভিত্ত্রিকণ্টমূলকৃতঃ কষায়ঃ।
সক্ষারহিঙ্গু লবণোরুবুতৈলমিশ্রঃ,
শ্রোণ্যংসমেঢ্রহৃদয়স্তনরুক্ প্রণোদঃ॥৪৪॥

এরণ্ডেত্যাদৌ।—মাতুলুঙ্গংমাতুলুঙ্গস্য মূলং। পাষাণভিৎ পাষাণভেদী। ত্রিকণ্টো গোক্ষুর স্তস্য মূলং। লবণমত্র সৈন্ধবং নতুসৌবর্চ্চলং নাগার্জ্জুনসম্বাদাৎ অয়ং যোগ আমবাতে চক্রাটেন লিখিতঃ। অতস্তত্রাপি যুজ্যতে॥ ৪৪॥

এরণ্ডমূল, বিল্বমূল, বৃহতী, কণ্টিকারী, ছোলঙ্গ লেবুর (টাবালেবু) মূল, পাষাণভেদী ও গোক্ষুরমূল; ইহাদিগের ক্বাথে যবক্ষার, হিঙ্গু, সৈন্ধব ও এরণ্ডতৈল মিশ্রিত করিয়া পান করিলে কটি, অংস, মেঢ্র, হৃদ্ ও স্তন প্রভৃতি স্থানের শূলবেদনার নিবৃত্তি হয়। ক্বাথ্যদ্রব্য দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্থাৎ অবশিষ্ট অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে॥ ৪৪॥

হিঙ্গুত্রিকটুকং কুষ্ঠং যবক্ষারোহথসৈন্ধবং। মাতুলুঙ্গরসোপেতং প্লীহশূলাপহং রজঃ॥ ৪৫॥

হিঙ্গুত্রিকটুকমিত্যাদৌ।—মাতুলুঙ্গরসো মাতুলুঙ্গমূলকাথঃ। অন্যে তু মাতুলুঙ্গফলরস ইত্যাহুঃ॥ ৪৫॥

হিঙ্গু, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), কুড়, যবক্ষার ও সৈন্ধব; এই সকলের চূর্ণ ছোলঙ্গলেবুর মূলের ক্বাথের সহিত পান করিলে প্লীহশূলরোগ নষ্ট হয়। এস্থলেও পূর্ব্বোক্তরূপে ক্বাথ প্রস্তুত করিয়া লইবে, অর্থাৎ ক্বাথ্যদ্রব্য ২ দুইতোলা, জল অর্দ্ধসের, অবশিষ্ট অর্দ্ধপোয়া॥৪৫॥

দগ্ধমনির্গতধূমং মৃগশৃঙ্গং গোঘৃতেন-সহপীতং। হৃদয়নিতম্বজশূলং হরতি শিখীদারুনিবহমিব॥ ৪৬॥

দগ্ধমিত্যাদি।—মৃগশৃঙ্গং হরিণশৃঙ্গং তচ্চ চূর্ণীকৃত্যান্তর্ধূমং যথাস্যাত্তথা দগ্ধব্যমিত্যর্থঃ॥ ৪৬॥

হরিণের শৃঙ্গ চূর্ণ করিয়া তাহা অন্তর্ধূমে দগ্ধ করতঃ উক্ত চূর্ণ গব্যঘৃতের সহিত সেবন করিবে। অগ্নি যেমন কাষ্ঠরাশি দগ্ধ করে, এই ঔষধও সেইরূপ শূলরোগ বিনাশ করে॥ ৪৬॥

ক্রিমিরিপুচূর্ণং লীঢ়ং সহিতং স্বরসেন-বঙ্গসেনস্য। ক্ষপয়ত্যচিরান্নিয়তং লৌহজীর্ণোদ্ভবং শূলং॥ ৪৭॥

ক্রিমিরিপুচূর্ণমিত্যাদৌ।—বঙ্গসেনস্য বকপত্রস্য॥ ৪৭॥

বকপুষ্পের রসের সহিত বিড়ঙ্গ চূর্ণ লেহন করিলে লৌহ অজীর্ণজনিত শূল অতি সত্বর প্রশমিত হয়॥ ৪৭॥

বিদারীদাড়িমরসঃ সব্যোষলবণান্বিতঃ। ক্ষৌদ্রযুক্তোজয়ত্যাশু শূলং দোষত্রয়োদ্ভবং॥ ৪৮॥

বিদারীত্যাদি।—বিদারীপক্বদাড়িমফলয়োঃ স্বরসঃ ভূমিকুষ্মাণ্ডরসঃ কর্ষ ১, পক্বদাড়িমকর্ষ ১, ব্যোষপ্রমাণ॥ ৪৮॥

ভূমিকুষ্মাণ্ডের রস ও পক্বদাড়িমফলের রসে ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) চূর্ণ, এবং সৈন্ধব ও মধু, এইসমস্ত একত্র প্রক্ষেপ করিয়া পান করিলে ত্রিদোষজাত (বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত) শূলরোগ বিনষ্ট হয়॥ ৪৮॥

এরণ্ডাদ্যদশকং—

এরণ্ডফলমূলানি বৃহতীদ্বয়গোক্ষুরং। পর্ণিন্যঃ সহদেবা চ সিংহপুচ্ছীক্ষুরালিকা॥ তুল্যরেতৈঃ শৃতং তোয়ং যবক্ষারযুতং পিবেৎ। পৃথগ্দোষভবং শূলং হন্যাৎ সর্ব্বভবন্তথা॥ ৪৯॥

এরণ্ডেত্যাদি।—এরণ্ডস্য ফলং মূলঞ্চ পর্ণিন্যশ্চতস্রঃ। সহদেবা দণ্ডোৎপলভেদা। সিংহপুচ্ছী-পৃশ্নিপর্ণিভেদা, সা চ কলম্বপত্র সদৃশ দীর্ঘপত্রা কবিরা পুচ্ছীতি খ্যাতা। ইক্ষুরালিকা লটাইতি খ্যাতা। উন্মনস্তু ইক্ষুরালিকাস্থানে ইক্ষুরকং পঠতি। এবং সুশ্রুতমতানুবাদী চক্রোঽপি॥৪৯॥

এরণ্ডফল, এরণ্ডমূল, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী, গোক্ষুর, শালপর্ণী (ছালানি), পৃশ্নিপর্ণী (পিঠানি), মাষপর্ণী, মুদ্গপর্ণী, সহদেবা (দণ্ডোৎপল বিশেষ), সিংহপুচ্ছী (পৃশ্নিপর্ণী বিশেষ) ও খাগড়ী; এইসকল সমপরিমাণে লইয়া যথাবিধি ক্বাথ প্রস্তুত করতঃ যবক্ষার প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা একজ, দ্বন্দ্বজ ও ত্রিদোষজ শূলরোগের শান্তি হয়॥ ৪৯॥

গোমূত্রশুদ্ধমণ্ডূরং ত্রিফলাচূর্ণসংযুতং। বিলিহন্মধুসর্পির্ভ্যাং শূলংহন্তি ত্রিদোষজং॥ ৫০॥

গোমূত্রশুদ্ধমিত্যাদি।—গোমূত্রে সপ্তধা নির্ব্বাপনেন শুদ্ধং মণ্ডূরং মিলিত ত্রিফলাচূর্ণসমং পঞ্চষট্ সপ্তমাষকানামন্যতমমানেনোপযোজ্যং। ৫০।

গোমূত্র—শুদ্ধ মণ্ডূর ও ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) চূর্ণ একত্র মিশ্রিত করিয়া মধু ও ঘৃতের সহিত লেহন করিলে ত্রিদোষজ (বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত) শূলরোগ বিনষ্ট হয়॥ ৫০॥

শঙ্খচূর্ণং সলবণং সহিঙ্গুব্যোষসংযুতং। উষ্ণোদকেন তৎপীতং শূলং হন্তি ত্রিদোষজং॥ ৫১॥

শঙ্খচূর্ণমিত্যাদি।—মনাগদগ্ধস্য শঙ্খস্য চূর্ণং গৃহ্নন্তি। অস্য মাষকমেকং কিঞ্চিদধিকং বা। লবণব্যোষং মিলিত্বা মাষদ্বয়ং হিঙ্গুরক্তিদ্বয়ং ত্রয়ং বা পিবেদিত্যর্থঃ। অন্যে তু ভাগানুক্তেঃ সর্ব্বমেব সমমিতি বদন্তি। শ্লেষ্মোত্তরেঽয়ং যোগঃ॥ ৫১॥

শঙ্খচূর্ণ, সৈন্ধব, হিঙ্গু ও ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ); এই সকলের চূর্ণ উপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ উষ্ণজলের সহিত পান করিলে ত্রিদোষজন্য (বাতজনিত, পিত্তজনিত ও কফ বা শ্লেষ্মজনিত) শূলরোগ বিনষ্ট হয়॥ ৫১॥

তীক্ষ্ণায়শ্চূর্ণসংযুক্তং ত্রিফলাচূর্ণমুত্তমং। প্রযোজ্যং মধুসর্পির্ভ্যাং সর্ব্বশূলনিবারণং॥ ৫২॥

তীক্ষ্ণায় ইত্যাদি।—মারিতপুটিতবজ্র... চূর্ণং কর্ষ ১ মাষা ৮। ত্রিফলাচূর্ণং প্রমা ৮ ... লৌহচূর্ণাচ্চ গ্রাহ্যং রত্তি ৪, ঘৃতমধুনী ... লৌহমুদ্গরেণ সংমর্দ্দ্য ভক্ষণীয়ং। অন্যে ... ত্রিফলায়া একভাগসমং লৌহচূর্ণমিতি বদন্তি। ৫২॥

বিশুদ্ধ তীক্ষ্ণ লৌহচূর্ণ ও ত্রিফলাচূর্ণ একত্র মিশ্রিত করিবে। উক্ত মিশ্রিত চূর্ণ উপযুক্ত পরিমাণে লইয়া ঘৃত ও মধুর সহিত সেবন করিলে সকলপ্রকার অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত এবং মিলিত ত্রিদোষ (বায়ু, পিত্ত কফ) জনিত শূলরোগ প্রশমিত হয়॥ ৫২॥

মূত্রান্তঃপাচিতাং শুষ্কাং লৌহচূর্ণসমন্বিতাং। সগুড়ামভয়ামদ্যাৎ সর্ব্বশূলপ্রশান্তয়ে॥ ৫৩॥

মূত্রান্তঃ পাচিতামিতি গোমূত্রেণাৎ সিদ্ধাং। শুষ্কামিত্যাতপযোগাৎ। লৌহচূর্ণসমন্বিতামিতি লৌহচূর্ণঞ্চ হরীতকী চূর্ণসমং। সগুড়ামিতি চূর্ণদ্বয়সমগুড়াং। অন্যে তু লৌহচূর্ণগুড়হরীতকীনাং প্রত্যেকং সমানত্বমাহুঃ॥ ৫৩॥

হরীতকী গোমূত্রে সিদ্ধ করিয়া শুষ্ক করিবে, অনন্তর ঐ হরীতকীচূর্ণ, লৌহচূর্ণ ও পুরাতন গুড় উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র মিশ্রিত করিয়া সে-

বন করিলে সর্ব্বপ্রকার শূলরোগের শান্তি হয় ॥ ৫৩ ॥

দাধিকং ঘৃতম্—

পিপ্পলীনাগরং বিল্বং কারবীচব্যচিত্রকং। হিঙ্গুদাড়িমবৃক্ষাম্লবচাক্ষারাম্লবেতসং ॥ বর্ষাভূকৃষ্ণলবণ মজাজীবীজপূরকং। দধিত্রিগুণিতং সর্পিস্তৎসিদ্ধং দাধিকং ঘৃতং ॥ গুল্মার্শঃ প্লীহহৃৎপার্শ্বশূলযোনিরুজাপহং। দোষসংশমনং শ্রেষ্ঠং দাধিকং পরমং-স্মৃতং ॥ ৫৪ ॥

দাধিকঘৃতে বিল্বং বিল্বস্য মূলং কৃষ্ণলবণং সৌবর্চ্চলবিশেষঃ। বৃক্ষাম্লং মহার্দ্রকং বীজপূরং বীজপূরকমূলং। দধ্না ত্রিগুণেনৈব পাকঃ। স্বরসক্ষীরমাঙ্গল্যৈরিত্যাদি পরিভাষা তু চতুর্গুণজলদানার্থমুক্তং কিন্তু প্রায়ো ন সমাদ্রিয়ন্তে ॥ ৫৪ ॥

পিপ্পলী, শুঁঠ, বিল্বমূল, কাবেরী (কৃষ্ণজীরা), চৈ, চিতা, হিঙ্গু, দাড়িম, মহার্দ্রক, বচ, যবক্ষার, অম্লবেতস (থৈকুল), পুনর্নবা, কৃষ্ণলবণ, জীরা, ছোলঙ্গ লেবু (ছোলঙ্গলেবুরমূল), এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত বা পেষিত উপযুক্ত পরিমাণ কল্ক ও ত্রিগুণ দধি সহ যথারীতি ঘৃত পাক করিবে। ইহার নাম দাধিকঘৃত। এই ঘৃত সেবন করিলে গুল্ম, অর্শঃ, প্লীহা, পার্শ্বশূল, যোনিশূল, হৃদয়শূল প্রভৃতি বিনষ্ট হয় এবং দোষ শমনার্থ ইহা অতি শ্রেষ্ঠ ॥ ৫৪ ॥

কম্বলাবৃতগাত্রস্য প্রাণায়ামং প্রকুর্ব্বতঃ। কটুতৈলাক্তশক্তূনাং ধূপঃ শূলহরঃপরঃ ॥
ব্যায়ামং মৈথুনং মদ্যং লবণং কটুবৈদলং। বেগরোধং শুচং ক্রোধং বর্জ্জয়েৎ শূলবান্নরঃ ॥ ৫৫ ॥

কম্বলেতি প্রাণায়ামমিত্যুচ্ছ্বাসাবরোধনং ॥ ৫৫ ॥
ইতি শূলচিকিৎসা।

শূলরোগী কম্বলদ্বারা গাত্র আবৃত করিয়া শ্বাসরোধ পূর্ব্বক তৈলযুক্ত যবশক্তুর ধূম গ্রহণ করিবে। এইরূপ করিলে নিশ্চয় শূলরোগ প্রশমিত হয়।

শূলরোগী ব্যায়াম, মৈথুন, মদ্য, লবণ, কটুদ্রব্য (মরিচাদি), দাইল, মলমূত্রাদির বেগধারণ, শোক ও ক্রোধ, এই সকল অবশ্য পরিত্যাগ করিবে ॥ ৫৫ ॥

ইতি শূলরোগচিকিৎসা।

অথপরিণামশূল-চিকিৎসা।

বমনং তিক্তমধুরৈর্বিরেকশ্চাপি শস্যতে। বস্তয়শ্চ হিতাঃ শূলে পরিণাম সমুদ্ভবে ॥ ১ ॥

শূলবিশেষত্বাৎ পরিণামশূলমাহ বমন [illegible]-দি।—চকারাল্লঙ্ঘনমপি বোধ্যং। বস্ত[illegible]পি মাধুতৈলিকাদয়ঃ হত্র জ্ঞেয়াঃ। উক্তং হি লঙ্ঘনং বমনং শস্তং বিরেচনানুবাসনং। নিরূহো [illegible] ইতি। মাধুতৈলিকবস্তয়শ্চ মধুতৈল প্রধানাঃ। সুশ্রুতোক্তাঃ। উক্তং হি "যস্মান্মধুচ তৈলঞ্চ প্রাধান্যেন প্রদীয়তে। মাধুতৈলিকমিত্যেবং ভিষগ্‌ভির্বস্তিরুচ্যতে।" তত্রামাশয়স্থে দোষে লঙ্ঘনবমনে; পচ্যমানাশয়স্থে তু বিরেকনিরূহৌ পক্কাশয়স্থে চানুবাসনমিতি ॥ ১ ॥

পরিণামশূলরোগ তিক্ত মধুর প্রভৃতি দ্রব্যদ্বারা বমন, বিরেচন এবং লঙ্ঘন ও বস্তিশোধন, এই সকল কার্য্য করা কর্ত্তব্য ॥ ১ ॥

বিড়ঙ্গাদিমোদকঃ।

বিড়ঙ্গতণ্ডুলব্যোষং ত্রিবৃদ্দন্তীসচিত্রকং। সর্ব্বাণ্যেতানিসংহৃত্য শ্লক্ষ্ণচূর্ণানি কারয়েৎ ॥ গুড়েনমোদকং কৃত্বা ভক্ষয়েৎ প্রাতরুত্থিতঃ। উষ্ণোদকানুপানস্তু দদ্যাদগ্নিবিবর্দ্ধনং। জয়েৎ ত্রিদোষজং শূলং পরিণামসমুদ্ভবং ॥

নাগরগুড়তিলকল্কং পয়সাসংসাধ্যং

যঃ পুমানদ্যাৎ উগ্রং পরিণামশূলং ভস্মাপৈতি সপ্তরাত্রেণ ॥ ২ ॥

বিড়ঙ্গেত্যাদি।—বিড়ঙ্গতণ্ডুলং নিড়ঙ্গস্য নিস্তুষসারভাগঃ। মোদকত্বাদত্র দ্বিগুণোগুড়ঃ। নাগরেত্যাদি।—নাগরাদিকল্কমুৎকারিকাবৎ যবাগূবৎ বা ক্ষীরেণ সাধয়িত্বা ভক্ষয়েৎ। শুণ্ঠীচূর্ণং কর্ষ ১ পুরাতনগুড়ঃ কর্ষ ১ তিলচূর্ণপল ১ গব্যদুগ্ধ ২ শরাব ॥ ২ ॥

নিস্তুষ বিড়ঙ্গ, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), তেউড়ী, দন্তী, চিতা, এই সকলের অতি সূক্ষ্ম চূর্ণ করিবে; পরে এই সকল চূর্ণের সহিত দ্বিগুণ গুড় মিশ্রিত করিয়া মোদক প্রস্তুত করিবে। উক্ত মোদক প্রাতঃকালে উষ্ণ জল অনুপানে সেবন করিলে অগ্নিবৃদ্ধি হইয়া ত্রিদোষ জন্য পরিণামশূল রোগ বিনষ্ট হয়। ইহার মাত্রা রোগীর বলাবল প্রভৃতি বিবেচনাপূর্ব্বক স্থির করা কর্ত্তব্য। শুঁঠ, তিল ও গুড়, এই সকলের কল্ক সহিত উপযুক্ত পরিমাণ দুগ্ধ পাক করিয়া পান করিবে। সপ্তাহ পর্য্যন্ত এই রূপ দুগ্ধ পান করিলে অত্যুগ্রপরিণাম শূল বিনষ্ট হয় ॥ ২ ॥

শম্বূকজং ভস্মপীতং জলেনোষ্ণেন তৎক্ষণাৎ। পক্তিজং বিনিহন্ত্যেতচ্ছূলং বিষ্ণুরিবাসুরান্ ॥ ৩ ॥

শম্বূকজমিত্যাদি।—নির্ম্মাংসং স্বল্পাশম্বূকমেকং দ্বয়ং বা ভস্মীকৃত্য উষ্ণাম্বুনা গোলয়িত্বা ঘৃতাভাক্তমুখবস্ত্রেণ পেয়ং; অয়ংযোগঃ কফে। ৩ ॥

শম্বুকভস্ম চূর্ণ করিয়া উষ্ণ জলের সহিত পান করিবে। ইহাদ্বারা বিষ্ণুকর্ত্তৃক নিহত অসুরগণের ন্যায় পরিণাম শূল বিনষ্ট হইয়া থাকে ॥ ৩ ॥

অক্ষধাত্র্যভয়াকৃষ্ণাচূর্ণং মধুযুতং লিহেৎ। দধ্নাত্নূনসরেণাদ্যাৎ সতীলযবশক্তুকান্। অচিরাম্মুচ্যতেশূলান্নরো-ঽন্নপরিবর্ত্তজাৎ ॥ ৪ ॥

অক্ষেত্যাদৌ।—অনূনসরেণ অখণ্ডিত স্নিগ্ধভাগেন। সতীলো বর্ত্তুলকলায়ঃ। অন্নপরিবর্ত্তোঽন্নপরিণামঃ ॥ ৪ ॥

বহেড়া, আমলকী, হরীতকী, পিপুল, এই সকলের চূর্ণ মধুর সহিত লেহন করিবে এবং অনুদ্ধৃত সার (যে দধির সার অর্থাৎ নবনী (মাখম) উদ্ধৃত করা হয় নাই) দধির সরের সহিত বর্ত্তুলকলাই ও যবশক্তু সেবন করিবে। ইহাদ্বারা অচিরে পরিণামশূল বিনাশপ্রাপ্ত হয় ॥৪॥

তিলনাগরপথ্যানাং ভাগং শম্বূকভস্মনাং। দ্বিভাগং গুড়সংযুক্তং গুড়ীং কৃত্বাক্ষভাগিকাং। শীতাম্বুপানং পূর্ব্বাহ্ণে ভক্ষয়েৎ ক্ষীরভোজনঃ। সায়াহ্নেরসকং পীত্বা নরোমুচ্যতে দুর্জ্জয়াৎ। পরিণামসমুত্থাচ্চ শূলাচ্চিরভবাদপি ॥ ৫ ॥

তিলেত্যাদি।—তিলাদিনাং শম্বুকভস্মান্তানাং সমভাগঃ। মিলিতচূর্ণাপেক্ষয়া চ গুড়স্য ভাগদ্বয়ং। রসকমিতি মাংসরসঃ ॥ ৫ ॥

তিল, শুঁঠ, হরীতকী ও শম্বুকভস্ম, এইসকল চূর্ণের সহিত দ্বিগুণ গুড় মিশ্রিত করিয়া ২ তোলা পরিমাণ গুড়িকা প্রস্তুত করিবে। এই ঔষধ পূর্ব্বাহ্ণে সেবন করিবে, পরে শীতল জল পান করিয়া দুগ্ধের সহিত অন্ন ভোজন ও সায়াহ্নে মাংসরস পান করিবে। ইহাদ্বারা উদ্ভত পরিণামশূল এবং চিরোত্থিতশূল রোগ হইতে মুক্ত হইতে পারা যায়। ইহাতে দুই তোলা বটিকা প্রস্তুত করিয়া সেবন করিবে, এরূপ বিধি দিয়াছেন, কিন্তু এখনকার হীনবীর্য্য লোকের পক্ষে এত অধিক মাত্রা হওয়া

উচিত নয়, সুতরাং বিশেষ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিবে ॥ ৫ ॥

শম্বূকং ত্র্যূষণঞ্চৈব পঞ্চৈবলবণানিচ। সমাংশাং গুড়িকাং কৃত্বা কলম্বুকরসেন বা ॥ প্রাতর্ভোজনকালে বা ভক্ষয়েত্তু যথাবলং। শূলাদ্বিমুচ্যতে-জন্তুঃ সহসা পরিণামজাৎ ॥ যঃ পিবতিসপ্তরাত্রং শক্তূনেকান্ কলায়যূষেণ। সঞ্জয়তি পরিণামরুজং চিরজামপি কিমুতনূতনজাং ॥ ৬ ॥

শম্বূকমিত্যাদৌ।—কলম্বুক রসেনবেতি বাশব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া, শম্বূকাদিচূর্ণং কলম্বুকরসেন সংমর্দ্দ্য চতুর্মাষিকা বটিকা কার্য্যা। অত্র কেচিচ্ছম্বূকভস্ম গৃহ্নন্তি যুক্তঞ্চৈতৎ তন্ত্রান্তরসম্বাদাৎ। শক্তূনিতি যবশক্তূন্। একানিতি কেবলান্। কলায়যূষঃ বর্ত্তুলকলায়যূষঃ। অয়ং যোগঃ পিত্তশূলে যুক্তঃ ॥ ৬ ॥

শম্বূকভস্ম, ত্রিকটু, পঞ্চলবণ (সৈন্ধবলবণ, বিট্‌লবণ, সৌবর্চ্চল লবণ, সমুদ্র লবণ, উদ্ভিদলবণ), এই সকল সমান পরিমাণে গ্রহণ করতঃ কলম্বীর রস দ্বারা গুড়িকা প্রস্তুত করিবে। উক্ত গুড়িকা প্রাতঃকালে এবং ভোজনসময়ে বলানুসারে সেবন করিবে। ইহাদ্বারা পরিণাম শূল হইতে সহসা মুক্তি লাভ করিতে পারা যায়।

যে ব্যক্তি কলায়ের যূষের সহিত এক সপ্তাহকাল পর্য্যন্ত এক মাত্র যবশক্তু সেবন করে, সেই ব্যক্তি নূতন পরিণাম শূল কেন চিরকালজাত পরিণাম শূল হইতেও মুক্ত হইতে পারে ॥ ৬ ॥

লৌহচূর্ণং বরাযুক্তং বিলীঢ়ং মধুসর্পিষা। পরিণামশূলং শময়েত্তন্মলং বা প্রয়োজিতং ॥ ৭ ॥

লৌহচূর্ণমিত্যাদি।—বরা ত্রিফলা, লৌহচূর্ণস্যৈকো ভাগঃ। ত্রিফলায়াশ্চ প্রত্যেকং লোহসমভাগত্বং। তন্মলঞ্চেতি লৌহমলং তদপি বরাযুক্তমিতি বোধ্যং। লৌহমলস্য তু মিলিতত্রিফলাতুল্যভাগঃ। মারিতপুটিত লৌহচূর্ণং মা৮ ত্রিফলাচূর্ণপ্রমা ৮। অন্যেত্তু লৌহচূর্ণস্য মহাবীর্য্যত্বাৎ ব্যাধিপ্রত্যনীকত্বাচ্চ আধিক্যমতি কৃত্বা মিলিতত্রিফলাচূর্ণসমত্বমিত্যাহুঃ। তন্মতে লৌহচূর্ণ কর্ষ ১ তোলা ১ ত্রিফলাচূর্ণপ্রত্যেক ১ মিলিত চূর্ণ ৫ প্রথমতো রক্তিচতুষ্টয়ং গৃহীত্বা ঘৃত মধুভ্যাং সংমর্দ্দ্য লেহ্যং। লোহাভ্রবৎ ক্ষীরং চতুঃষষ্টিগুণং ষষ্টিগুণং [illegible] দিনত্রয়ানন্তরং রক্তিদ্বয়েন বৃদ্ধির্মাষকদ্বয়ং যাবৎ। সর্ব্বমপরং লোহাভ্রবৎ। তথাশোধিতমণ্ডূরপল ১ মিলিতত্রিফলাচূর্ণ পল ১ তৎ মিলিতচূর্ণাৎ ৮ মাষা মধুঘৃতাভ্যাং লেহ্যং ॥ ৭ ॥

বিশুদ্ধ লৌহ, হরীতকী, আমলকী ও বহেড়া, এই সকলের সমভাগ চূর্ণ মধু ও ঘৃতের সহিত লেহন করিলে এবং এইরূপ লৌহমল (মণ্ডুর) ও ত্রিফলা চূর্ণ লেহন করিলে ও পরিণামশূল প্রশমিত হইয়া থাকে ॥ ৭ ॥

কৃষ্ণাভয়ালোহচূর্ণং গুড়েন সহভক্ষয়েৎ। পক্তিশূলং নিহন্ত্যেতজ্জঠরাণ্যগ্নিমন্দতাং। আমবাতবিকারাংশ্চ স্থৌল্যঞ্চৈবাপকর্ষতি ॥ ৮ ॥

কৃষ্ণেত্যাদি।—প্রত্যেকং সমভাগ ইতি নিশ্চলঃ। অন্যে তু মিলিতসর্ব্বচূর্ণসমং লৌহচূর্ণমিত্যাহুঃ ॥ ৮ ॥

পিপ্পলী, হরীতকী, ও লৌহচূর্ণ, এই সকল সমপরিমাণে গ্রহণকরতঃ উপযুক্ত পরিমাণ গুড়ের সহিত সেবন করিবে। ইহাদ্বারা পরিমাণশূল, উদর ও অগ্নিমান্দ্য রোগের নিবৃত্তি হয়। এবং ইহাদ্বারা আমবাত বিকার ও শরীরের অতিশয় স্থূলতাও বিনষ্ট হয় ॥ ৮ ॥

পথ্যালোহরজঃ শুণ্ঠীচূর্ণং মাক্ষিকসর্পিষা। পরিণামরুজং হন্তি বাতপিত্তকফাত্মিকাং ॥ ৯ ॥

পথ্যেত্যাদি—পথ্যাদীনাং ত্রয়াণাং প্রত্যেকং সমভাগঃ ॥ ৯ ॥

হরীতকী চূর্ণ, শুণ্ঠীচূর্ণ ও লৌহচূর্ণ সমভাগে গ্রহণ করতঃ একত্র মিশ্রিত

করিয়া মধু ও ঘৃতের সহিত লেহন করিলে ত্রিদোষ জাত অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত পরিণামশূল বিনষ্ট হয়। ৯॥

সামুদ্রাদ্যং চূর্ণং—

সামুদ্রং সৈন্ধবং ক্ষারো রুচকং রৌমকং বিড়ং। দন্তীলৌহরজঃ কিট্টং ত্রিবৃৎসূরণকং সমং॥ দধিগোমূত্রপয়সা মন্দপাবকপাচিতং। তদযথাগ্নিবলং চূর্ণং পিবেদুষ্ণেন বারিণা॥ জীর্ণে হজীর্ণে তু ভুঞ্জীত মাংসাদিঘৃতসাধিতং। নাভিশূলং যকৃচ্ছূলং গুল্মপ্লীহকৃতঞ্চ যৎ॥ বিদ্রধ্যষ্ঠীলিকাং হন্তি কফবাতোদ্ভবং তথা। শূলানামপি সর্ব্বেষামৌষধং নাস্তিতৎপরং। পরিণামসমুত্থস্য বিশেষেণান্তকৃন্মতং॥১০॥

সামুদ্রেত্যাদি—সামুদ্রং করকচং রুচকং সৌবর্চ্চলং রৌমকং রুমানদীভবং তদভাবে সাম্ভারীলবণং। লৌহরজশ্চ মারিতং পুটিতং লৌহচূর্ণং। কিট্টঞ্চ গোমূত্রশোধিতমণ্ডূরচূর্ণং। দধিগোমূত্রপয়সেতি দধ্যাদিত্রয়ং মিলিত্বা চতুর্গুণং মিলিতচূর্ণসমং বা সর্ব্বচূর্ণমেকীকৃত্য পক্তব্যং ব্যবহারস্তু দধ্যাদিনা চতুর্গুণেনৈব॥ ১০॥

করকচ লবণ, সৈন্ধব, যবক্ষার, সৌবর্চ্চল, রোমকলবণ, বিট্‌লবণ, দন্তী, লৌহচূর্ণ, মণ্ডুরচূর্ণ, তেউড়ী ও ওল, এই সকল সম পরিমাণে গ্রহণ করতঃ দধি, গোমূত্র ও দুগ্ধের সহিত মন্দ মন্দ অগ্নিতে পাক করিবে। ইহা রোগীর অগ্নি, বল প্রভৃতি বিবেচনা করিয়া উষ্ণ জলের সহিত পান করিতে দিবে। ঔষধ জীর্ণ হইলে অথবা ঔষধ জীর্ণ না হইতেই ঘৃতপক্ক মাংস প্রভৃতি সেবন করিবে। এই ঔষধ সেবন করিলে নাভিশূল, যকৃৎশূল, গুল্মও প্লীহশূল, কফ বাতজনিত বিদ্রধি ও অষ্ঠীলা প্রভৃতি রোগ নষ্ট হয় এবং সর্ব্বপ্রকার অর্থাৎ বাতজ, পিত্তজ ও কফজ, সন্নিপাতজ যত প্রকার শূল আছে তাহা নিবারণার্থ এরূপ দ্বিতীয় ঔষধ আর প্রায় দেখা যায় না। বিশেষতঃ এই ঔষধ পরিণামশূলের অন্তকস্বরূপ॥ ১০॥

নারিকেলং সতোয়ঞ্চ লবণেন প্রপূরিতং। বিপক্কমগ্নিনা সম্যক্ পরিণামজশূলনুৎ। বাতিকং পৈত্তিকং চৈব শ্লৈষ্মিকং সান্নিপাতিকং॥ ১১॥

নারিকেলমিত্যাদি।—নারিকেলমিহসুপক্কং॥১১॥

একটি সুপক্ক সজল নারিকেল ফলের মুখ ছাড়াইয়া তন্মধ্যে সৈন্ধবলবণ পূর্ণ করিবে, তৎপরে মুখ বন্ধ করতঃ নারিকেলটি মৃত্তিকা দ্বারা লেপ দিয়া পুটপাকের ন্যায় অগ্নিতে দগ্ধ করিবে। অগ্নিতে উত্তমরূপ পাক হইলে নারিকেলের উপরিস্থিত মৃত্তিকা লেপ পরিত্যাগ করিয়া মধ্যগত নারিকেল গ্রহণ করিবে। এই ঔষধ সেবন করিলে ত্রিদোষজ (মিলিত বাতজ, পিত্তজ ও কফজ), এবং পৃথক্ বাতজ, পিত্তজ ও কফজ, পরিণামশূলের নিবৃত্তি হয়॥১১॥

সপ্তামৃতং লৌহং—

মধুকং ত্রিফলাচূর্ণ ময়োরজঃ সমং লিহন্। মধুসর্পির্যুতং সম্যক্ গব্যং ক্ষীরং পিবেদনু॥ ছর্দ্দিং সতিমিরাং শূলমম্লপিত্তং জ্বরং ক্লমং। আনাহং মূত্রসঙ্গঞ্চ শোথঞ্চৈব নিহন্তি সঃ॥ ১২॥

মধুকমিত্যাদি।—মিলিতচূর্ণসমং লৌহরজঃ। অন্যেত্বেকভাগসমং লৌহরজশ্চাহুঃ ব্যবহারস্তু পূর্ব্বৈনৈব॥ ১২॥

যষ্টিমধু ও ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), ইহাদিগের অতি সূক্ষ্ম চূর্ণ করিবে, এবং সকল চূর্ণসমান লৌহচূর্ণ একত্র মিশ্রিত করতঃ মধু ও ঘৃতের সহিত লেহন করিয়া দুগ্ধ অনুপান ক-

রিবে। ইহাদ্বারা ছর্দ্দি (বমন), শূল, তিমির, অম্লপিত্ত, জ্বর, আনাহ, মূত্রকৃচ্ছ্র, ক্লম ও শোথ প্রভৃতি রোগ নষ্ট হয়॥ ১২॥

গুড়পিপ্পলীঘৃতম্—

সপিপ্পলীগুড়ং সর্পিঃ পচেৎ ক্ষীরচতুর্গুণে। বিনিহন্ত্যম্লপিত্তঞ্চ শূলঞ্চ পরিণামজম্॥ ১৩॥

সপিপ্পলী গুড়মিতি, পিপ্পলীগুড়ৌ কল্কৌ।১৩।

পিপ্পলী ও পুরাতন গুড়ের কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিবে। এই ঘৃত সেবন করিলে অম্লপিত্ত ও পরিণামশূল নষ্ট হয়।

প্রথমতঃ উপযুক্ত পরিমাণ জল ও কল্কদ্রব্য সহিত ঘৃত পাক করিয়া পরে দুগ্ধসহ পাক করিবে। অনন্তর শেষ পাকের লক্ষণ সমূহ প্রকাশ পাইলে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে॥ ১৩॥

পিপ্পলীঘৃতং—

ক্কাথেন কল্কেন চ পিপ্পলীনাং
সিদ্ধংঘৃতং মাক্ষিকসংপ্রযুক্তং।
ক্ষীরানুপানশ্চ নিহন্ত্যবশ্যং
শূলং প্রবৃদ্ধং পরিণামসংজ্ঞং॥ ১৪॥

ক্বাথেত্যাদৌ।—মাক্ষিকসংপ্রযুক্তমিতি সিদ্ধশীতে মধুপাদিকং প্রক্ষেপ্যং॥ ১৪॥

পিপ্পলীর ক্বাথ ও কল্কদ্বারা যথারীতি ঘৃত পাক করিবে। এই ঘৃত মধুর সহিত সেবন করিয়া দুগ্ধানুপান করিবে। ইহাদ্বারা প্রবৃদ্ধ পরিণামশূলের নিবৃত্তি হয়।

বিশুদ্ধ গব্যঘৃত ৪ চারিসের, কল্কার্থ পিপুল ১ এক সের গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত করতঃ ঘৃতে প্রদান করিবে এবং যথাযোগ্য জলদ্বারা পাক করিবে। পরে ক্বাথার্থ পিপুল ৮ আট সের, জল ৬৪ সের, অবশিষ্ট ১৬ ষোল সের থাকিতে বস্ত্রপূত করিয়া ঘৃতে প্রদান করিবে॥ ১৪॥

কোলাদিমণ্ডূরং—

কোলাগ্রন্থিকশৃঙ্গবেরচপলাক্ষারৈঃ সমং চূর্ণিতং। মণ্ডূরং সুরভীজলেঽষ্টগুণিতে পক্বাথসান্দ্রীকৃতং॥ তৎখাদেদশনাদিমধ্যবিরতৌ প্রায়েণ দুগ্ধান্নভুক্। জেতুং বাতকফাময়ান্ পরিণতোশূলঞ্চ শূলানি চ॥ ১৫॥

কোলেত্যাদৌ।—কোলা চবী. চপলা পিপ্পলী. ক্ষারো যবক্ষারঃ। সমংচূর্ণিতং মণ্ডূরমিতি সর্ব্বচূর্ণসমং মণ্ডূরং সুরভীজলে গোমূত্রে। অষ্টগুণিতইতি মণ্ডূরাপেক্ষয়া। আসন্নপাকে। কোলাদিচূর্ণং প্রক্ষেপ্যং। সমুদিতচূর্ণাপেক্ষয়াষ্টগুণং গোমূত্রমত্যাহরন্যে। শূলং [illegible] শূলানি [illegible]দিজানি॥ ১৫॥

চৈ, পিপ্পলীমূল, শুঁঠ, পিপ্পলী, যবক্ষার, এই সকল সমপরিমাণে চূর্ণ করিবে এবং সর্ব্বচূর্ণ সমান মণ্ডূর একত্র মিশ্রিত করিয়া অষ্টগুণ গোমূত্রে ঘনীভূত হওয়া পর্য্যন্ত পাক করিবে। দুগ্ধান্নভোজী ভোজনের আদি, মধ্য ও অন্তে রোগের ও অগ্নির বলাবল ভালরূপ বিবেচনা পূর্ব্বর উক্ত ঔষধ সেবন করিবে। ইহাদ্বারা বাতকফ রোগ, পরিণামশূল ও শূল নষ্ট হয়॥ ১৫॥

ভীমবটকমণ্ডূরং—

কোলাগ্নিকসহিতৈর্বিশ্বৌষধমাগধীযবক্ষারৈঃ। প্রস্থদ্বয়োরজসাং পলিকাংশৈশ্চূর্ণিতৈর্মিশ্রৈঃ॥
অষ্টগুণমূত্রযুক্তং ক্রমপাকাৎ
পিণ্ডতাং নয়েৎ সর্ব্বং।
কোলপ্রমাণবটিকাং ভিক্ষ্যো
ভোজ্যাদিমধ্যবিরতৌচ॥
রসসর্পির্মূষপয়োমাংসৈরন্নৈরোনি-

বারয়তি। অম্লবিবর্ত্তমশূলং গুল্মং প্লীহাগ্নিসাদাংশ্চ ॥ ১৬ ॥

ভীমবটকমণ্ডুরে কোলপ্রমাণা ইতি মিলিত্বা-ষ্টমাষকমানাঃ। তেনাষ্টমাষকৈরেবেতি। তিস্রো বটকাঃ কার্য্যাঃ। ব্যবহারস্তু ত্রিচতুর্ম্মাষকৈরিতি। অত্রাপি মণ্ডুরস্যাষ্টগুণত্বং পূর্ব্ববৎ। অম্লবিবর্ত্তমশূলং পরিণামশূলং ॥ ১৬ ॥

চবী (চই), পিপ্পলীমূল, শুঁঠ, পিপ্পলী, যবক্ষার, এই সকলের চূর্ণ প্রত্যেকে ১ একপল অর্থাৎ ৮ আট্ তোলা গ্রহণ করিবে। অনন্তর মণ্ডুরচূর্ণ /২ দুই সের অষ্টগুণ গোমূত্রসহ পাক করিয়া ঘনীভূত হইলে পূর্ব্বোক্ত চবী প্রভৃতির চূর্ণ প্রক্ষেপ করিবে। পিণ্ডাকার হইলে কোল পরিমান বটিকা প্রস্তুত করিয়া ভোজনের আদি মধ্য ও অন্তে ক্রমে তিনটি বটী সেবন করিবে। এই ঔষধ সেবনান্তে মাংসরস, ঘৃত, যূষ, দুগ্ধ ও মাংস সহিত আহার করিবে। ইহাদ্বারা অম্লজ পরিণামশূল, গুল্ম, প্লীহা ও মন্দাগ্নি রোগ বিনষ্ট হয় ॥ ১৬ ॥

ক্ষীরমণ্ডুরং—

লৌহকিট্টপলান্যষ্টৌ গোমূত্রার্দ্ধাঢ়কে পচেৎ। ক্ষীরপ্রস্থেন তৎ সিদ্ধং পক্তিশূলহরং নৃণাং ॥ ১৭ ॥

ক্ষীরমণ্ডুরং স্পষ্টং ॥ ১৭ ॥

মণ্ডুর ৮ আট্ পল প্রথমতঃ ৮ আট সের গোমূত্রের সহিত পাক করিবে। পরে পুনর্ব্বার ৪ চারি সের দুগ্ধসহ পাক করিয়া গাঢ় করিবে। ইহা পরিণামশূল নাশক ॥ ১৭ ॥

মণ্ডুরবটিকা—

লৌহকিট্টপলান্যষ্টৌ গোমূত্রেঽষ্টগুণে পচেৎ। চবিকানাগরক্ষারপিপ্পলীমূলপিপ্পলীঃ ॥ সংচূর্ণ্য নিক্ষিপেত্তস্মিন্ পলাংশাঃ সান্দ্রতাং গতে। গুড়িকাঃ কল্পয়েত্তেন পক্তিশূলনিবারিণীঃ ॥ ১৮॥

চবিকাদি মণ্ডুরং স্পষ্টং ॥ ১৮ ॥

লৌহমল (মণ্ডুর) ৮ আট পল অর্থাৎ ৬৪ তোলা (১ একসের) /৮ আটসের গোমূত্রসহ পাক করিবে। আসন্ন পাকে অর্থাৎ পাক করিতে করিতে ঘন হইয়া আসিলে উহাতে চৈ, শুঁঠ, যবক্ষার, পিপ্পলীমূল, পিপ্পলী, এই সকলের প্রত্যেকে ১ এক পল (৮ আট তোলা) পরিমাণে অতি সূক্ষ্ম চূর্ণ প্রক্ষেপ করিবে। পাক শেষ হইলে বটিকা প্রস্তুত করিয়া পীড়ার বলাবল ভালরূপ বিবেচনাপূর্ব্বক উপযুক্ত মাত্রায় সেবন করিবে। ইহাদ্বারা পরিণামশূল নষ্ট হয় ॥ ১৮ ॥

শতাবরীমণ্ডুরং—

মণ্ডূরং শোধিতং পাত্রীং লোহজাং বা গুড়েন তু। ভক্ষয়েন্মুচ্যতে শূলাৎ পরিণামসমুদ্ভবাৎ ॥ ১৯ ॥

মণ্ডুরেত্যাদৌ।—লোহজা পাত্রী বজ্রপাত্রজা সামান্যলোহজা বা পাত্রীপুটাদি শোধিতা গ্রাহ্যা ॥ ১৯ ॥

শোধিত মণ্ডুরপাত্রী কিম্বা লৌহপাত্রী যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ উপযুক্ত পরিমাণ গুড়ের সহিত সেবন করিলে পরিণামশূল রোগ হইতে মুক্ত হইতে পারা যায় ॥ ১৯ ॥

সংশোধ্য চূর্ণিতং কৃত্বা মণ্ডুরস্য পলাষ্টকং। শতাবরীরসস্যাষ্টৌ দধ্নস্তু পয়সস্তথা ॥ পলান্যাদায় চত্বারি তথাগব্যস্য সর্পিষঃ। বিপচেৎ সর্ব্বমেকত্র্য যাবৎ পিণ্ডত্বমাগতং ॥ সিদ্ধন্তু ভক্ষয়েন্মধ্যে ভোজনস্যাদ্যতোপি বা। বাতাত্মকং পিত্তভবং শূলঞ্চ পরিণা-

মজং। নিহন্ত্যেবহি যোগোহয়ং মণ্ডূরস্য ন সংশয়ঃ ॥ ২০ ॥

শতাবরী মণ্ডূরে। অগ্রাত্তাংপিবেদিতি বা শব্দঃ সমুচ্চয়ে তেন ভোজনান্তে ভোজন মধ্যে ভোজনস্যাগ্রত ইতি ॥ ২০ ॥

শোধিত মণ্ডুর চুর্ণ ৮ পল, শতাবরী রস ৮ পল, দধি ৮ পল, দুগ্ধ ৮ পল (অর্থাৎ ৬৪ তোলা বা ১ এক সের), গব্য ঘৃত ৪ পল (অর্থাৎ ৩২ তোলা বা অর্দ্ধ সের), এই সকল একত্র পাক করিবে এবং পিণ্ডাকার হইলে ঔষধ গ্রহণ পূর্ব্বক ভোজনের আদি ও মধ্যে, অগ্নির বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রাস্থির করতঃ সেবন করিবে। ইহাদ্বারা বাত পিত্তজন্য পরিণাম শূল নিশ্চয় বিনষ্ট হয় ॥ ২০ ॥

তারামণ্ডূরগুড়ঃ—

বিড়ঙ্গং চিত্রকং চব্যং ত্রিফলাত্র্যূষণানি চ। নবভাগানি চৈতানি লৌহকিট্টং সমানি চ॥ গোমূত্রং দ্বিগুণং দত্ত্বা মূত্রার্দ্ধিক গুড়ান্বিতং। শনৈর্ম্মৃদ্বগ্নিনা পক্ত্বা সুসিদ্ধং পিণ্ডতাং গতং॥ স্নিগ্ধেভাণ্ডে বিনিক্ষিপ্য ভক্ষয়েৎ কোলমাত্রয়া। প্রাগ্মধ্যাদিক্রমেণৈব ভোজনস্য প্রযোজিতঃ॥ যোগোহয়ং শময়ত্যাশু পক্তিশূলং সুদারুণং। কামলাংপাণ্ডুরোগঞ্চ শোথং মন্দাগ্নিতামপি॥ অর্শাংসি গ্রহণীদোষং ক্রিমিগুল্মোদরাণি চ। নাশয়েদম্লপিত্তঞ্চ স্থৌল্যঞ্চৈবাপকর্ষতি॥ বর্জ্জয়েচ্ছুষ্কশাকানি বিদাহ্যম্লকটূনি চ। পক্তিশূলান্তকো হ্যেষ গুড়োমণ্ডূরসংজ্ঞকঃ। শূলার্ত্তানাং কৃপাহেতোস্তারয়া পরিকীর্ত্তিতঃ॥ ২১॥

তারামণ্ডূরে নবভাগানি চৈতানি বিড়ঙ্গাদীনাং প্রত্যেকমেকভাগতয়া নবভাগা গ্রাহ্যাঃ বৃদ্ধ-ব্যবহারাৎ তে চাসমপাকে প্রক্ষেপ্যাঃ। লৌহকিট্টেনমানিকেতি। লৌহকিট্টস্যাপি নবভাগত্বং। গোমূত্রং দ্বিগুণমিতি মিলিতচূর্ণাৎ। অত্র পলোন্মেশগত মানত্বাত্তথৈব ব্যবহারায় দ্বৈগুণ্যং। মূত্রার্দ্ধিক গুড়ান্বিতমিতি সর্ব্বচূর্ণসমো গুড়ঃ। কোলমাত্রয়েতি অষ্টমাষকমানেন ॥ ২১ ॥

বিড়ঙ্গ, চিতা, চৈ, হরীতকী, আমলকী, বহেড়া, মরিচ, পিপ্পলী ও শুঁঠ, ইহারা প্রত্যেকে ১পল হিসাবে ৯ পল (অর্থাৎ ৭২ তোলা) এবং লৌহমল (মণ্ডুর) ৯ পল, এই সমুদয় একত্র গ্রহণ করতঃ ১৮ পল অর্থাৎ ১৪৪ তোলা (২ দুইসের ১৬ ষোল তোলা) গোমুত্র ও ৯ পল গুড় সহিত মৃদু অগ্নি সন্তাপে শনৈঃ শনৈঃ পাক করিবে। এবং পাক শেষে ঘৃতাদি স্নিগ্ধভাণ্ডে রাখিয়া দিবে। উক্ত ঔষধ পীড়ার অবস্থা ও বলাবল বিবেচনা করিয়া কোল অর্থাৎ ৮ মাষা পরিমাণে ভোজনের আদি মধ্য ও অন্তে সেবন করিবে। এই ঔষধ সেবনে সুদারুণ পরিণাম শূলের শান্তি হয়, এবং ইহাদ্বারা কামলা, পাণ্ডু, শোথ, মন্দাগ্নি, অর্শঃ গ্রহণী, ক্রিমি, গুল্ম, উদরাময় ও অম্লপিত্ত প্রভৃতি অতি সত্বর বিনষ্ট হইয়া থাকে। এবং ইহা স্থৌল্য অপকর্ষক। উক্ত ঔষধ সেবন করিয়া শুষ্কশাক, বিদাহ ও কটুরস প্রধান দ্রব্য পরিত্যাগ করিবে। শূল পীড়িত রোগীদিগের প্রতি কৃপা পরবশ হইয়া পরিণাম শূলের অন্তক স্বরূপ এই মণ্ডূরগুড় তারা উপদেশ করিয়াছিলেন ॥ ২১ ॥

বশিরং শ্বেতবাট্যালং মধুপর্ণী ময়ূরকং। তণ্ডুলীয়ঞ্চ কর্ষার্দ্ধং দত্ত্বাবশ্চোর্দ্ধমেব চ। পাক্যং সুজীর্ণমণ্ডূরং গোমূত্রেণ দিনদ্বয়ং। অন্তর্দ্ধাপ্যমদগ্ধঞ্চ তথা স্থাপ্যং দিনত্রয়ং। বিচূর্ণ্যদ্বিগুণেনৈব গুড়েন সুবিমর্দ্দিতং। ভোজনস্যাদিমধ্যান্তে ভক্ষ্যং কর্ষং ত্রিভা-

গতঃ ॥ তক্রানুপানং বর্জ্জ্যঞ্চ বার্ক্ষমম্লকমত্র তু। অম্লপিত্তেচ শূলেচ হিতমেতদ্ যথামৃতং ॥ ২২ ॥

বশিরমিত্যাদি।—বশিরং সুর্য্যাবর্ত্তঃ, মধুপর্ণী গুড়ূচী, ময়ূরকোঽপামার্গঃ। পাক্যং সুজীর্ণ মণ্ডূরমিতি গোমূত্রমল্পামল্পং দত্ত্বা দিনত্রয়ং পক্তব্যং যথা মণ্ডূরং ন দহ্যতে। গোমূত্রন্ত্বেকদা বহুতরং ন দেয়ং তথাসত্যুত্তান ধারণং কর্ত্তুমশক্যমিতি। অবতার্য্য শরাবেন পিধায় দিনত্রয়ং স্থাপ্যং তদনু প্রক্ষাল্য শোধয়িত্বা গ্রাহ্যং তক্ষ্যং কর্ষং ত্রিভাগত ইতি কর্ষমেবভাগত্রয়ং কৃত্বা খাদ্যং ব্যবহারন্তু মাষকচতুষ্টয়েন। বার্ক্ষাম্লমিতি বদরীতিন্তিড়ীকাদিকং। রামকৃতন্ত্বাত্রাম মণ্ডূরং ॥ ২২ ॥

শুইলটা, শ্বেতবেড়েলা, গুলঞ্চ, অপামার্গ (আপাঙ্গ), চাপানইটা (ক্ষুইদাল-ইটা) ও পুনর্নবা, এইসকল দ্রব্য পুরাতন মণ্ডূরের নিম্নে ও উপরে বিন্যস্ত করতঃ গোমূত্র সহিত (ধূম নির্গত হইতে না পারে এইরূপ ভাবে শরাবাদি দ্বারা আচ্ছাদন করিয়া অর্থাৎ অন্তর বাষ্পে) তিনদিন পর্য্যন্ত পাক করিবে এবং পাকান্তে ঐরূপ অবস্থাতেই তিন দিবস রাখিয়া দিবে। অনন্তর উহা হইতে বাহির করিয়া চূর্ণ করতঃ দ্বিগুণ গুড়ের সহিত মিশ্রিত করিয়া লইবে। পরে উক্ত ঔষধ এক কর্ষ অর্থাৎ দুই তোলা তিন ভাগে বিভক্ত করতঃ অথবা রোগীর বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া ভোজনের আদিতে মধ্যে ও অন্তে প্রয়োগ করিবে। এবং তক্র অনুপান করিবে, কিন্তু উদ্ভিদ্ অম্ল (বদরী তেঁতুল প্রভৃতি) পরিত্যাগ করিবে। ইহা অম্লপিত্ত ও শূলরোগে অমৃতের ন্যায় হিতকর ॥ ২২ ॥

বৃহচ্ছতাবরীমণ্ডূরম্—

শতাবরীরসপ্রস্থে প্রস্থে চ সুরভীজলে। অজায়াঃ পয়সঃপ্রস্থে প্রস্থে-ধাত্রীরসস্তচ ॥ লৌহকিট্টপলান্যষ্টৌ শর্করায়াশ্চষোড়শ। দত্ত্বাস্যকুড়বঞ্চৈব পচেন্মৃদ্বগ্নিনা শনৈঃ ॥ সিদ্ধশীতে-ঘটে নীতে চূর্ণানীমানিদাপয়েৎ। বিড়ঙ্গত্রিফলাব্যোষ যমানীগজপিপ্পলী ॥ দ্বিজীরকঘনানাঞ্চ শ্লক্ষ্ণান্যক্ষসমানি চ। খাদেদগ্নিবলাপেক্ষী ভোজনাদৌবিচক্ষণঃ ॥ নিহন্তি পরিণামশূলঞ্চ অম্লপিত্তং সুদারুণং। রক্তপিত্তং শূলঞ্চৈব পাণ্ডুরোগহলীমকং ॥ ২৩ ॥

শতমূলী রস /৪ সের, গন্ধোদক /৪ সের, ছাগদুগ্ধ /৪ সের, আমলকী রস /৪ সের ও শর্করা ১২ পল, এই সকল দ্রব্যের সহিত মণ্ডূর চূর্ণ ৮ পল, মৃদু অগ্নিতে ক্রমশঃ পাক করিবে। পাকশেষে নিম্নলিখিত চূর্ণ সকল প্রক্ষেপ করিবে। বিড়ঙ্গ, ত্রিফলা (হরিতকী আমলকী ও বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপুল শুঁঠ), যমানী, গজপিপ্পলী, জীরা, কৃষ্ণজীরা ও মুথা; এই সকল প্রত্যেকে ২ তোলা। এই ঔষধ রোগীর অগ্নিবল প্রভৃতি বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া ভোজনের পূর্ব্বে সেবন করাইবে। ইহাদ্বারা পরিণামশূল, অম্লপিত্ত, রক্তপিত্ত, শূল, পাণ্ডু ও হলীমক প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ২৩ ॥

রসমণ্ডূরং—

কুড়বং পথ্যাচূর্ণং দ্বিপলং গন্ধাশ্মলোহকিট্টঞ্চ। শুদ্ধরসস্যার্দ্ধপলং ভৃঙ্গস্যরসঞ্চ কেশরাজস্য ॥ প্রস্থোন্মিতঞ্চদত্ত্বালৌহেপাত্রেঽথদণ্ডসংঘৃষ্টং। শুষ্কং-ঘৃতমধুযুতং মৃদিতং স্থাপ্যঞ্চ ভাণ্ডেস্নিগ্ধে ॥ উপযুক্তমেতদচিরান্নিহন্তি কফপিত্তজান্‌রোগান্। শূলং তথাম্লপিত্তং গ্রহণীঞ্চকামলামুগ্রাং ॥২৪॥

কুড়বমিত্যাদৌ।— গন্ধাশ্মশোধিতলৌহমলঞ্চ প্রত্যেকং দ্বিপলমিত্যর্থঃ। রসগন্ধকৌ কজ্জলীকৃত্য হরীতকীমণ্ডূরচূর্ণাভ্যাং সহ মিশ্রীকৃত্য ভৃঙ্গরাজস্বরসং কেশরাজস্বরসঞ্চ প্রত্যেকং প্রস্থমানং দত্ত্বা তাবদ্ঘর্ষণীয়ং লৌহপাত্রে লৌহদণ্ডেনৈব যাবচ্চূর্ণপ্রায়ং ভবতি ততঃ প্রথমতঃ রক্তিচতুষ্টয়ং গৃহীত্বা ঘৃতমধুভ্যাং সংমর্দ্দ্য লেহ্যং ক্ষীরাদিকমনুপেয়ং। দ্ব্যন্তরং রক্তিদ্বয়ং কৃত্বা বৃদ্ধির্ম্মাষকদ্বয়ং যাবৎ॥ ২৪॥

হরীতকী চূর্ণ /॥০ অর্দ্ধ সের, শোধিত গন্ধক ২ দুই পল, মণ্ডূরচূর্ণ ২ দুই পল (অর্থাৎ ১৬ ষোল তোলা বা ১ এক পোয়া) ও পারদ ৪ চারি তোলা পরিমাণে গ্রহণ করিয়া প্রথমতঃ গন্ধক ও পারদ একত্র মর্দ্দন করতঃ কর্জ্জলী প্রস্তুত করিবে। তৎপরে হরীতকী চূর্ণ ও মণ্ডূর চূর্ণ একত্র মিশ্রিত করিয়া ভৃঙ্গরাজরস /৪ চারি সের ও কালীকেশুরের রস /৪ চারি সের দিয়া লৌহপাত্রে লৌহ দণ্ডদ্বারা মর্দ্দন করিবে। এইরূপে মর্দ্দন করিতে করিতে জলভাগ শুষ্ক হইয়া চূর্ণবৎ হইলে নামাইয়া ঘৃত ও মধু মিশ্রিত করতঃ কোন স্নেহ লিপ্ত পাত্রে রাখিয়া দিবে। এবং প্রতি দিবস ৪ চারি রতি পরিমিত চূর্ণ ঘৃত ও মধুর সহিত লেহন করিয়া দুগ্ধ অনুপান করিবে। প্রথমতঃ ৪ রতি পরিমিত চূর্ণ সেবন করিবে, তৎপর ২ রতি করিয়া ক্রমে বৃদ্ধি করতঃ দুই মাষা পর্য্যন্ত এই ঔষধের মাত্রা বৃদ্ধি করিবে। এই ঔষধ সেবনে কফপিত্ত জন্য রোগ, শূল, বাতজ, পিত্তজ, কফজ, সন্নিপাতজ, (অর্থাৎ ত্রিদোষজ) গ্রহণী, অম্লপিত্ত ও কামল প্রভৃতি রোগের নিবৃত্তি হয়॥২৪॥

ত্রিফলালৌহং—

অক্ষামলকশিবানাং স্বরসৈশ্চপক্বং সুলোহজ চূর্ণং। সগুড়ং ষট্পলভুক্তে শূলং হন্তি ত্রিদোষজং শূলং॥ ২৫॥

অক্ষামলকেত্যাদৌ।— স্বরসৈরিতি মিলিত্বা চতুর্গুণৈঃ প্রত্যেকমিত্যন্যে। পরেণ ব্যাখ্যাতং। স্বরসাভাবে ক্কাথঃ। সগুড়মিতি সমগুড়ং। পাকশ্চাস্য মুদ্রয়া তদ্রূপং—গুড়াদি প্রবিশেদ্ যত্র তত্র পাকশ্চ মুদ্রয়া। লৌহাস্তরবর্দ্ধিধিরত্র॥ ২৫॥

বহেড়া, আমলকী ও হরীতকী, ইহাদের স্বরসে সমভাগ লৌহচূর্ণ ও পুরাতন গুড় যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। ইহাদ্বারা ত্রিদোষজ (বায়ু, পিত্ত ও কফজ) শূলরোগ বিনষ্ট হইয়া থাকে॥ ২৫॥

লৌহগুড়িকা—

লৌহস্য রজসোভাগ স্ত্রিফলায়াস্ত্রয়স্তথা। গুড়স্যাষ্টৌ তথা ভাগা গুড়াম্মূত্রং চতুর্গুণং॥ এতৎ সর্ব্বঞ্চ বিপচেদ্ গুড়পাক বিধানবিৎ। লিহেচ্চতদ্ যথাশক্তি ক্ষয়েশূলেচপাকজে॥ ২৬॥

লৌহস্যেত্যাদি।—ভাগইত্যেকোভাগঃ ত্রিফলায়াস্ত্রয় ইতি মিলিত্বা লিহেচ্চ রক্তিচতুষ্টয়াদিক্রমেণেত্যাহুঃ॥ ২৬॥

লৌহচূর্ণ ১ ভাগ, ত্রফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) চূর্ণ ৩ ভাগ, পুরাতন গুড় ৮ ভাগ, গোমূত্র ৩২ ভাগ, এই সকল একত্র গ্রহণ করতঃ গুড় পাক বিধানে পাক করিবে। এবং রোগীর শক্তি অনুসারে মাত্রা স্থির করিয়া লেহন করিতে দিবে। এই লৌহগুড়িকা ক্ষয়রোগ ও অন্ন পরিণাম শূলরোগে প্রশস্ত॥ ২৬॥

ধাত্রীলৌহম্—

ধাত্রীচূর্ণস্যাষ্টৌপলানি চত্বারিলৌহচূর্ণস্য। যষ্টীমধুকরজশ্চ দ্বিপলং দদ্যাদ্দুপলেঘৃষ্টং॥ অমৃতাক্কাথৈনৈতচ্চূর্ণং ভাব্যঞ্চ সপ্তাহং। চণ্ডাতপেষু শুষ্কং

ভূয়ঃ পিষ্ট্বা নবেঘটে স্থাপয়ম্ ॥ ঘৃত-মধুনা সহযুক্তং ভুক্তাদৌ মধ্যতোঽন্তেচ। ত্রীনপি বারান্ খাদেৎ পথ্যং দোষানুবন্ধেন ॥ ভক্ষ্যাদৌ নাশয়তি ব্যাধীন্ পিত্তানিলোদ্ভবান্। মধ্যেঽম্ববিষ্টম্ভং জয়তি নৃণাং বিদহ্যতেনান্নং॥ পানান্নকৃতান্ দোষান্ ভুক্ত্যন্তেশীলিতং জয়তি। এবং জীর্য্যতিচান্নেশূলং নৃণাং সুকষ্টমপি॥ হরতিসহসাযুক্তো-যোগশ্চায়ং জরৎপিত্তং। চক্ষুষ্যঃ পলিতঘ্নঃ কফপিত্তসমুদ্ভবান্ জয়েদ্রোগান্। প্রসাদয়ত্যপিরক্তং পাণ্ডুত্বং কামলাং জয়তি ॥ ২৭ ॥

ধাত্রীত্যাদি।— অমৃতাকাথেনামলকীকাথেন। অন্যোন্ত্বমৃতাং গুড়ূচীমাহুঃ। ব্যবহারস্তু পূর্ব্বেণৈব। জরৎপিত্তমম্লপিত্তং ॥ ২৭ ॥

আমলকীচূর্ণ ৮ পল (৬৪ তোলা বা ১ এক সের), লৌহচূর্ণ ৪ পল (৩২তোলা বা অর্দ্ধ সের) ও যষ্টিমধু চূর্ণ ২ দুই পল অর্থাৎ ১৬ ষোল তোলা, এই সকল একত্র শিলাতে পেষণ করিয়া আমলকীর (মতান্তরে গুলঞ্চের) কাথে সপ্তাহ পর্য্যন্ত ভাবনা দিবে। পরে প্রচণ্ড আতপে শুষ্ক করতঃ পুনর্ব্বার পেষণ করিয়া নূতন ঘটে রাখিয়া দিবে। এই ঔষধ ঘৃত ও মধু সহযোগে ভোজনের আদি মধ্য অন্তে তিনবার সেবন করিবে। এবং দোষের প্রবলতা বিবেচনায় পথ্যাপথ্য বিধান করিবে। আহারের পূর্ব্বে সেবন করিলে বাত পিত্তজনিত রোগ সমূহের শান্তি হয়। আহারের মধ্যে সেবন করিলে বিষ্টম্ভ (অজীর্ণ বিশেষ) বিনষ্ট হয় পরন্তু অন্ন বিদগ্ধ হয় না। এবং আহারের পরে সেবন করিলে পান (পানীয়) ও অন্নকৃত দোষ সমূহ বিনষ্ট হয়। এইরূপে ঔষধ সেবন করিলে সুকষ্টদায়ক পরিণামজশূল ও জরৎপিত্ত (অম্লরোগ) সহসা বিনষ্ট হয়। উক্ত ঔষধ চাক্ষুষ্য, পলিত ও কফপিত্তজনিত রোগনাশক, রক্তপরিষ্কারকারক, পাণ্ডু ও কামলারোগ বিনাশক ॥ ২৭ ॥

লৌহামৃতং—

তনূনি লোহপাত্রাণি তিলোৎসেধসমানিচ। কশিকামূলকল্কেন সংলিপ্য সর্ষপেণ বা ॥ বিশোষ্যসূর্য্যকিরণৈঃ [illegible]পয়েৎ। ত্রিফলায়াজলেধ্মাতং বাপয়েচ্চ পুনঃ পুনঃ ॥ ততঃ সংচূর্ণিতং কৃত্বা কর্পটেনতু ছানয়েৎ। ভক্ষয়েন্মধুসর্পির্ভ্যাং যথাগ্নোতৎ প্রয়োজয়েৎ॥ মাষকং ত্রিগুণং বাথচতুর্গুণ মথাপিবা। ছাগস্যপয়সঃ কুর্য্যাদনুপান মভাবতঃ॥ গবাং ঘৃতেন দুগ্ধেন চতুঃষষ্টিগুণেন চ। পক্তিশূলং নিহন্ত্যেতন্মাসেনৈকেন নিশ্চিতং॥ লোহামৃতমিদং শ্রেষ্ঠং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। ককারপূর্ব্ব[illegible] যচ্চ যচ্চাম্লংপরিকীর্ত্তিতং। সে[illegible] ভস্মভবেদত্র মাংসং চানূপ[illegible]স্তবং ॥২৮॥

তনূনীত্যাদি।—কশিকামূলকল্কেন শ্বেতার্কমূলকল্কেন তথা শ্বেতসর্ষপকল্কেন পরিলিপ্য চাতপে সংশোষ্য ততোদগ্ধ্বা ত্রিফলাকাথে নির্ব্বাপণং তাবৎ কার্য্যং যাবৎ সর্ব্বলোহস্য জারণং। ততঃ প্রক্ষাল্য সংশোষ্য চূর্ণীকৃত্য রক্তিচতুষ্টয়াদিক্রমেণ ন [illegible] যোগঃ। কচিচ্চ পরিলিপ্য পুনঃ পুনরিতি পাঠো গুরুঃ ॥ ২৮ ॥

একটি (তিলোৎসেধ তুল্য) সূক্ষ্ম লৌহপত্রী শ্বেত আকন্দমূল কিম্বা শ্বেত সর্ষপমূলের কল্কদ্বারা লেপন করি[illegible] রৌদ্রে শুষ্ক করিবে এবং অগ্নিতে দগ্ধ [illegible] ত্রিফলার (হরীতকী, আমলকী ও [illegible] হেড়া) কাথে ধৌত করিবে। যাবৎকা[illegible] পর্য্যন্ত লৌহপত্রী জারিত না হয় তাব[illegible]

কাল পর্য্যন্ত পুনঃ পুনঃ লেপ, শুষ্ক, দগ্ধ ও ধৌত করিতে হইবে। লৌহপত্রী উত্তমরূপ জারিত হইলে চূর্ণ করিয়া বস্ত্রখণ্ডে ছাকিয়া লইবে। অগ্নি ও বল বিবেচনায় এক মাষা, দুই মাষা কিম্বা চারি মাষা পরিমিত মধু ও ঘৃতের সহিত মিশ্রিত করিয়া লেহন করিবে। এই ঔষধ সেবন করিয়া ছাগদুগ্ধ অনুপান করিবে। ছাগদুগ্ধের অভাবে ঔষধের ৬৪ চৌষট্টি গুণ গোদুগ্ধ অথবা গোঘৃত পান করিবে। উক্ত ঔষধ এক মাস সেবন করিলে পরিণামশূল নিশ্চয় বিনষ্ট হয়। ইহার নাম লৌহামৃত। স্বয়ং ব্রহ্মা পূর্ব্বকালে ইহার সৃষ্টি করিয়াছেন। এই ঔষধ সেবন করিয়া কাকারাদি নামক কোন বস্তু ও অম্লসমূহ সেবন করিবে না এবং জলজাত পশু পক্ষীর মাংস পরিত্যাগ করিবে ॥ ২৮ ॥

খণ্ডামলকী—

স্বিন্নপীড়িত কুষ্মাণ্ডতুলার্দ্ধং ভৃষ্টমাজ্যতঃ। প্রস্থার্দ্ধেখণ্ডতুল্যন্তু পচেদামলকীরসাৎ ॥ প্রস্থে সুস্বিন্নকুষ্মাণ্ডরসপ্রস্থে বিঘট্টয়ন্। দর্ব্ব্যাপাকং গতে তস্মিংশ্চূর্ণীকৃত্য বিনিঃক্ষিপেৎ ॥ দ্বেদ্বেপলে কণাজাজীশুণ্ঠীনাং মরিচস্যচ। পলং তালীশধন্যাক চাতুর্জ্জাতকমুস্তকং ॥ কর্ষপ্রমাণং প্রত্যেকং প্রস্থার্দ্ধং মাক্ষিকস্যচ ॥ পক্তিশূলং নিহন্ত্যেতদ্দোষত্রয়ভবঞ্চ যৎ ॥ ছর্দ্দ্যম্লপিত্তমূর্চ্ছাশ্চ কাসশ্বাসাবরোধকং। হৃচ্ছূলং রক্তপিত্তঞ্চ পৃষ্ঠশূলঞ্চ নাশয়েৎ ॥ রসায়নমিদং শ্রেষ্ঠং খণ্ডামলকসংজ্ঞিতং ॥ ২৯ ॥

খণ্ডামলক্যাং খণ্ডতুল্যমিতি খণ্ডস্য পঞ্চাশৎপলানি। মরিচস্য পলমিত্যন্বয়ঃ। তালীশাদিকঞ্চ প্রত্যেকং কর্ষমানমিত্যর্থঃ ॥ ২৯ ॥

সুপক্ব পুরাতন কুষ্মাণ্ড কিঞ্চিৎ সিদ্ধ করিয়া নিষ্পীড়ন করতঃ রস পরিত্যাগ করিবে। এইরূপ কুষ্মাণ্ড /৬।০ সের /২ সের ঘৃতে ভাজিয়া লইবে। পরে তাহার সহিত খণ্ড অভাবে শর্করা /৬।০ সের, আমলকীর রস /৮ সের ও কুষ্মাণ্ড রস /৮ সের মিশ্রিত করিয়া পাক করিবে এবং দর্ব্বীদ্বারা বারম্বার সংঘট্টন করিতে থাকিবে। যখন পাক প্রায় শেষ হইয়া আসিবে অর্থাৎ আসন্নপাকে পিপ্পলী, জীরা, শুঁঠ প্রত্যেকে ২ পল (১৬ষোলতোলা অথবা এক পোয়া), মরিচ ১ পল (৮ আট তোলা), তালীশপত্র, ধনিয়া, দারুচিনি, তেজপত্র, এলাইচ, নাগকেশর ও মুথা প্রত্যেকে ২ তোলা, এই সকলের চূর্ণ উহাতে নিক্ষেপ করিয়া উত্তমরূপ মিশ্রিত করিয়া লইবে। পাক শেষে শীতল হইলে মধু /২ সের প্রক্ষেপ করিবে। রসায়ন শ্রেষ্ঠ এই খণ্ডামলকী সেবন করিলে পরিণামশূল, ত্রিদোষ জন্য (বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত) শূল এবং ছর্দ্দি (বমন), অম্লপিত্ত, মূর্চ্ছা, শ্বাস, কাস, অরুচি, হৃদ্‌শূল, রক্তপিত্ত ও পৃষ্ঠশূল প্রভৃতি বিনষ্ট হয় ॥ ২৯ ॥

নারিকেলখণ্ড—

কুড়বমিতমিহস্যান্নারিকেলং সুপিষ্টং
পলপরিমিতসর্পিঃ পাচিতং খণ্ডতুল্যং।
নিজপয়সিতদেতৎ প্রস্থমাত্রে বিপক্বং
গুড়বদথসূক্ষ্মীকৃত্যমেতেভ্যো নিক্ষিপেচ্চ ॥
ধন্যাককপিপ্পলীপয়োদতুগাদ্বিজীরান্
শাণং [illegible] বিচূর্ণ্য।
হন্ত্যম্লপিত্তমরুচিং ক্ষয়মস্রপিত্তং
শূলং বমিং সকলপৌরুষকারি হারি॥৩০॥

কুড়বমিত্যাদি।—অত্র কেচিন্নারিকেলস্যার্দ্রত্বেন দ্বৈগুণ্যমিচ্ছন্তি অত এবোক্তং—অষ্টৌ

শকরাদি কুড়বো নারিকেলে তথৈব চ হৃতি। যে চ বৈগুণ্যমিচ্ছন্তি তেষামভিপ্রায়ো নারিকেল স্যাষ্টপলত্বে খণ্ডস্যাপ্যষ্টপলত্বং খণ্ডতুল্যমিতি বচনাৎ। অতশ্চাত্র নারিকেলোদকপ্রস্থস্য দ্রব্যত্বেনোপাদানাৎ পাকস্য দ্বৈগুণ্যং প্রসজ্যেত চতুর্গুণত্বং সর্বসিদ্ধঃ কিন্তু তন্ত্রান্তরে—চাতুর্গুণ্যমুক্তং যথা কুড়বং নারিকেলস্য মঙ্কং দৃশাদি পেষিতং। শুদ্ধখণ্ডস্য কুড়বং সর্বমেতচ্চতুর্গুণে। আলোড্য নারিকেলস্য জলে মৃদ্বগ্নিনা পচেদিতি। অস্মিন্ বচনে শর্করায়া অপি কুড়বমুক্তং অত্র চ ন দ্বৈগুণ্যং। গ্রাহ্যাস্তৎফলাবেন ন দ্বিগুণিতা যে চেক্ষুজাতা ঘনা ইত্যুক্তেঃ। অত্র চ খণ্ডতুল্যমিতি পঠ্যতে। তথাচ নারিকেলস্য শস্যকুড়বাদ্বৈগুণ্যেন পলমনয়োর্নারিকেলখণ্ডয়োঃ সমতা স্যাৎ। নান্যথেতি তেন দ্বৈগুণ্যাভাবপক্ষএব সাধুঃ। নারিকেলং তথৈব চেতি বাক্যং নাদরণীয়মিত্যনার্ষত্বেনাহুঃ। ত্বগ্‌ বংশলোচনা নাগকেশরসহিতং ত্রিজাতং মিলিত্বা শাণমাত্রং পুনঃ শাণমিত্যুক্তেঃ। পৌরুষং শুক্রং হারি মনোহারি॥ ৩০॥

সুপক্ক নারিকেল ফল পেষণ করিয়া তাহার রস পরিত্যাগ করিবে। এইরূপ নারিকেল ৵॥০ অর্দ্ধসের ১ পল (আট তোলা) ঘৃতে ভাজিয়া উহার সহিত শর্করা ৵॥০ অর্দ্ধসের ও নারিকেল জল ৪ সের মিশ্রিত করতঃ পাক করিতে থাকিবে। পাক শেষে শীতল হইলে ধনিয়া, পিপ্পলী, মুথা, বংশলোচন, জীরা, কৃষ্ণজীরা, প্রত্যেকে অর্দ্ধতোলা এবং দারুচিনি, এলাইচ, তেজপত্র ও নাগকেশর ইহাদের চূর্ণ সমুদয়ে অর্দ্ধতোলা পরিমাণে উহাতে নিক্ষেপ করিবে। এই ঔষধ সেবনে অম্লপিত্ত, অরুচি, ক্ষয়রোগ, রক্তপিত্ত, শূল ও বমিপ্রভৃতি রোগ বিনষ্ট হয়, এবং ইহা শুক্রকর ও প্রীতিপ্রদ॥ ৩০॥

কলায়চূর্ণভাগৌ দ্বৌ লৌহচূর্ণস্তথাপরঃ। কারবেল্লপলাশানাং রসেনৈব বিমর্দ্দিতঃ॥ কর্ষমাত্রাং ততশ্চৈকাং গুড়িকাং ভক্ষয়েৎ নরঃ। মণ্ডাম্বুপানাজ্জয়তি জরৎ পিত্তং সুদুর্জ্জয়ং॥৩১॥

কলায়েত্যাদি।—কলায়ো বর্ত্তুলকলায়ঃ, লৌহচূর্ণস্যাপরঃ ইত্যেকো ভাগঃ। পলাশানামিতি পত্রাণাং; মণ্ডোঘর্মণ্ডঃ, জরৎপিত্তমম্লপিত্তং॥ ৩১॥

কলায়চূর্ণ ২ ভাগ ও লৌহচূর্ণ ১ ভাগ গ্রহণ করতঃ একত্র করলার রসে ও পলাশ দানার রসে মর্দ্দন করিয়া ২ তোলা পরিমাণ গুড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা মণ্ড অনুপানে সেবন করিলে দুর্জ্জয় অম্লপিত্ত রোগ প্রশমিত হয়।

ইহাতে দুই তোলা মাত্রায় সেবনের বিধি দিয়াছেন, কিন্তু আধুনিক লোকের পক্ষে দুই তোলা মাত্রা উপযুক্ত নয়, উক্ত দুই তোলা মাত্রায় সেবন করিলে বিশেষ অনিষ্ট হইবার সম্ভব, অতএব বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করা কর্ত্তব্য॥ ৩১॥

লিহ্যাদ্বাত্রৈফলং চূর্ণময়শ্চূর্ণসমন্বিতং। যষ্টীচূর্ণেন বা যুক্তং লিহ্যাৎ ক্ষৌদ্রেণ তদ্ধাতে॥ পিত্তান্তং বমনং কৃত্বা কফান্তেঽবিরেচনং॥ ৩২॥

লিহ্যাদিত্যাদি।—মিলিতত্রিফলাচূর্ণস্য চূর্ণসমত্বং। অন্যে তু ত্রিফলায়াঃ প্রত্যেকং লৌহচূর্ণসমত্বমাহুঃ। তদ্‌গদ ইতি জরৎপিত্তে॥৩২॥

জরৎপিত্ত রোগে ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) চূর্ণের সহিত লৌহ চূর্ণ কিম্বা যষ্টিমধুচূর্ণ মিশ্রিত করিয়া মধুর সহিত লেহন করিবে। জরৎপিত্ত পিত্তজনিত হইলে বমন এবং কফজ হইলে বিরেচন প্রদান করা কর্ত্তব্য॥ ৩২॥

অম্লদ্রবে চ তৎকার্য্যং জরৎপিত্তে যদীরিতং। আমপক্বাশয়ে শুদ্ধে গচ্ছেদম্লদ্রবং শমং। মাষেণ্ডরী তুম্বিকা বিম্বা সর্পিষু ভাহিতা॥ ৩৩॥

পিত্তাবিনিত্যাদো।—অম্লদ্রব ইতি, তু জরৎপিত্তজাতে বা যক্কৃন্নমুপষায়েত ইত্যাদিনোক্ত

শূলবিশেষঃ। মাষেণ্ডরী সতুষিকেতি সতুষমাষ-কৃতমাষেণ্ডরী মাষপিষ্টকনিবৃত্তির্ভক্ষ্যবিশেষঃ ॥৩৩॥

জরৎপিত্তে যে সকল ক্রম বলা হইল অন্নদ্রব শূলে ও সেই সকল আচরণ করিবে। বমন ও বিরেচনদ্বারা আমাশয় ও পক্কাশয় বিশুদ্ধ হইলেই অন্নদ্রব শূলের শান্তি হয়। সিদ্ধ সতুষ মাষেণ্ডরী (১) ঘৃতপক্ক করিয়া সেবন করিলে অন্নদ্রব শূলরোগে উপকার দর্শে ॥৩৩॥

গোধূমমণ্ডকং তত্র সর্পিষা গুড়সংযুতং। সসিতং শীতদুগ্ধেন মৃদিতং বা হিতং মতং॥ শালিতণ্ডুলমণ্ডশ্চ কবোষ্ণং সিক্থবর্জ্জিতং। বাট্যং ক্ষীরেণসংসিদ্ধং ঘৃতপূরং সশর্করং ॥ ৩৪ ॥

গোধূমমণ্ডকো গোধূমকৃতো ভক্ষ্যবিশেষঃ পশ্চিমদেশে প্রসিদ্ধঃ। মৃদিতং বা হিতং মতমিতি, মৃদিতং সংযানাকৃতির্লেহঃ। বাট্যং যবমণ্ডং। ঘৃতপূরো ভক্ষ্যবিশেষঃ ॥ ৩৪ ॥

গোধূম মণ্ডক (২) ঘৃত, গুড়, চিনি ও শীতল দুগ্ধ মিশ্রিত করিয়া সেবন করিলে অন্নদ্রবশূল রোগের উপশম হয়। পরিণাম শূলে শালিতণ্ডুলের সিক্থবিবর্জ্জিত ঈষদুষ্ণ মণ্ড অথবা দুগ্ধ সাধিত যবমণ্ড কিম্বা ঘৃত, চিনি সমন্বিত পুর (খাদ্যদ্রব্য বিশেষ) সেবন করিবে ॥ ৩৪ ॥

শর্করাং ভক্ষয়িত্বা বা ক্ষীরমুৎকথিতং পিবেৎ। পটোলপত্রযূষেণ খাদেচ্চণকশক্তুকান্॥ অন্নদ্রবে জরৎপিত্তে বহ্নির্মন্দো ভবেদ্যতঃ। তস্মাদত্রান্নপানানি মাত্রাহীনানি কল্পয়েৎ ॥৩৫॥

পটোলেত্যাদৌ—যূষোযুক্তযোগাৎ কিম্বা ক্বাথঃ ॥ ৩৫ ॥

ইতি পরিণামশূলচিকিৎসা।

(১) তুষের সহিত নির্ম্মিত মাষকলায়ের পিষ্টকাকার ভক্ষ্য দ্রব্য বিশেষ।

(২) গোধুম নির্ম্মিত ভক্ষ্য দ্রব্য বিশেষ, ইহা পশ্চিম দেশে প্রস্তুত হইয়া থাকে।

অন্নদ্রব শূলে প্রথমতঃ শর্করা সেবন করিয়া পক্কদুগ্ধ পান করিবে এবং পটোল পত্রের যূষের সহিত ছোলার ছাতু সেবন করিবে।

অন্নদ্রবশূল ও জরৎপিত্তে সর্ব্বদা মন্দাগ্নি হইয়া থাকে অতএব আহার ও পানীয় অল্প পরিমাণে সেবন করিবে॥৩৫॥

ইতি পরিণামশূল চিকিৎসা।

অথোদাবর্ত্ত-চিকিৎসা।

ত্রিবৃৎ[illegible]ক
[illegible]সর্দ্দর[illegible]ং।
অ[illegible]ষ্টানিলমূত্রবিড্ভি
রদ্যাৎ প্রসন্না গুড়সীধুপায়ী ॥
আস্থাপনং মারুতজে স্নিগ্ধস্বিন্নস্য শস্যতে। পুরীষজে তু কর্ত্তব্যো বিধিরানাহিকস্তু যঃ ॥ ১ ॥

পরিণামং বিনা ভাবসাধর্ম্ম্যাৎ শূলানন্তরমুদাবর্ত্তঃ। উদাবর্ত্তে হি সর্ব্বত্র শূলবদবশ্যম্ভাবী বায়ুঃ। যদুক্তং সুশ্রুতে—সর্ব্বেষ্বেতেষু বিধিবদুদাবর্ত্তেষু কৃৎস্নশঃ। বায়োঃ ক্রিয়াঃ বিধাতব্যা স্বমার্গপ্রতিপত্তয় ইতি। উদ্ভূতেন বেগবিধারণেনাবৃতস্য নিরুদ্ধবায়োরাবর্ত্তনমুদাবর্ত্ত ইতি নিরুক্তিরস্য। ত্রিবৃদিত্যাদি।—ত্রিবৃৎস্নুহ্যোঃ পত্রং আদিশব্দাৎ সপ্তলাদিপত্রপরিগ্রহঃ। অন্যৈরিতি বিন্মূত্রাদ্যনুলোমনৈঃ ক্ষারাদিভিঃ। প্রসন্না মদিরাবিশেষঃ গুড়কৃতসীধু। আস্থাপনমিত্যাদি সুশ্রুতস্য মারুতজে ইতি মারুতবেগবিঘাতজে এবং পুরীষজ ইত্যত্রাপি ব্যাখ্যেয়ং। বিধিরানাহিক ইতি ফলবর্ত্ত্যাদিঃ ॥ ১ ॥

উদাবর্ত্ত (মলমূত্রের বদ্ধতা) রোগপীড়িত ব্যক্তি প্রসন্না, গুড় ও শীধু সেবন করিয়া তেউড়ী, মনসা ও তিল প্রভৃতির শাক এবং গ্রাম্য, আনুপ ও ঔদক জন্তুর মাংস রস এবং অন্যান্য বিন্মূত্রাদির অনুলোমক বিবিধ দ্রব্যের সহিত যবান্ন সেবন করিবে।

বায়ুবেগ রোধ জন্য উদাবর্ত্ত রোগে স্নিগ্ধ স্বেদ করিয়া আস্থাপন (বস্তিকর্ম্ম-বিশেষ) করিবে।

মলবেগ রোধ জন্য উদাবর্ত্তে ফল-বর্ত্তি প্রভৃতি আনাহ রোগোক্ত চিকিৎসা কর্ত্তব্য ॥ ১ ॥

ক্ষারবৈতরণৌবস্তী যুঞ্জ্যাত্তত্র চিকিৎসকঃ। শ্যামাদন্তীদ্রবন্তীত্বক্‌মহাশ্যামাস্নুহীত্রিবৃৎ ॥ সপ্তলাশঙ্খিনীশ্বেতা-রাজবৃক্ষঃ সতিল্বকঃ। কম্পিল্লকৃকরঞ্জশ্চ স্বর্ণক্ষীরীত্যয়ংগণঃ ॥ সর্পিস্তৈল-রজঃ ক্বাথকল্কেষ্বন্যতমেষু চ। উদাবর্ত্তোদরানাহ বিষগুল্ম বিনাশনঃ ॥২॥

আস্থাপনং বিবৃণোতি ক্ষারবৈতরণাবিত্যাদি শ্যামেত্যাদি।—শ্যামা শ্যামমূলা ত্রিবৃৎ দ্রবন্তী মুষিকপত্রা দন্তী অস্যাস্ত্বক্ অত্র স্নুগিতি পাঠে সীজুভেদো বা কিন্তু স্তত্রুতে বাভটে চ স্নুহীদ্বয়ং ন পঠ্যতে। মহাশ্যামা বৃদ্ধদারকঃ ত্রিবৃদিত্যরুণমূলা ত্রিবৃৎ। সপ্তলা চর্ম্মকষা নীলবৃহ্নেত্যেকে। শঙ্খিনী শ্বেতবুহ্না শ্বেতা শ্বেতাপরাজিতা কটভী বা রাজবৃক্ষঃ শোণালুফলং তিল্বকঃ সাবরলোধ্রঃ কম্পিল্লো গুণ্ডারোচনী হেমক্ষীরী কক্ষুষ্ঠঃ। অন্যতমেনেতি সর্পিরাদি কল্পমধ্যে চৈকতমেন কল্পেন প্রযুক্ত ইতি শেষঃ।। ২ ।।

উদাবর্ত্ত রোগে সুচিকিৎসক বৈতরণ ক্ষারবস্তি প্রয়োগ করিবেন। শ্যামামুল তেউড়ী, দন্তীত্বক, বৃদ্ধদারক (বিস্তারক), অরুণমুল তেউড়ী, দ্রবন্তী (ইন্দুরকানি), মনসাসিজ, চর্ম্মকষা (কেহ কেহ ইহাকে নীলবুহ্নাও বলিয়া থাকেন), শ্বেতবুহ্না, শ্বেতঅপরাজিতা,শোনালু, সাবর লোধ, কম্পিল্লক (গুণ্ডারোচনী অথবা কমর্লাগুড়ী), ডহরকরঞ্জা, স্বর্ণক্ষীরী, এই সকল ঔষধের সহিত পক্কঘৃত বা তৈল কিম্বা উক্ত ঔষধ সকলের চুর্ণ, কল্ক বা ক্বাথ সেবন করিলে উদাবর্ত্ত, উদরাময়, আনাহ ও বিষগুল্ম রোগ বিনষ্ট হয়।

কল্ক প্রস্তুত করিতে হইলে উক্ত ঔষধ সমূহ গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ পেষণ করিয়া লইতে হইবে। এবং ক্বাথ পস্তুত করিতে হইলে উক্ত ঔষধ সমূহ দুইতোলা গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসেরের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে। চূর্ণ প্রস্তুত করিতে হইলে উক্ত দ্রব্যগুলি শুষ্ক করতঃ সূক্ষ্মচূর্ণ করিয়া লইবে। এবং ঘৃত বা তৈল প্রস্তুত করিতে হইলে যথা বিধি অনুসারে পাক করিয়া লইবে ॥ ২ ॥

ত্রিবৃৎ কৃষ্ণাহরীতক্যো দ্বিচতুঃপঞ্চভাগিকাঃ। গুড়িকা গুড়তুল্যাস্তা বিড়্বিবন্ধগদাপহাঃ ॥ ৩ ॥

ত্রিবৃদিত্যাদৌ।—দ্বিচতুঃপঞ্চভাগিকা ইতি যথ ক্রমং। গুড়তুল্যা ইতি সমুদিত[illegible] ভাগঃ।। ৩।।

তেউড়ী ২ ভাগ, পিপ্পলী ৪ [illegible] ও হরীতকী ৫ ভাগ, এই সকলের [illegible] গুড়দ্বারা গুড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা সেবন করিলে বিড়্বিবন্ধ রোগ বিনষ্ট হয় ॥ ৩ ॥

হরীতকীযবক্ষার পীলুনী ত্রিবৃতা তথা। ঘৃতৈশ্চূর্ণমিদং পেয়মুদাবর্ত্ত-বিনাশনং ॥ ৪ ॥

হরীতকীত্যাদৌ।—পীলুনীতি মূর্ব্বা পীলুনীতি পাঠান্তরে পীলুনী ঔত্তরপথিকফলং ইদমেব যুক্তং স্রংসকত্বাৎ।। ৪।।

হরীতকী, যবক্ষার, পীলু (ঔত্তরপথজাত বৃক্ষবিশেষ) ও তেউড়ী, এই সকলের চুর্ণ, ঘৃতের সহিত পান করিলে উদাবর্ত্ত রোগ বিনষ্ট হয় ॥ ৪ ॥

হিঙ্গুকুষ্ঠবচাস্বর্জ্জী বিড়ঞ্চেতিদ্বিরু-

ত্বরং। পীতং মদ্যেন তচ্চূর্ণমুদাবর্ত্ত বিনাশনং॥ ৫॥

হিঙ্গ্বিত্যাদি।—সুশ্রুতস্য।—স্বর্জী স্বর্জীক্ষারঃ। বিড়ুত্তরমিতি যথোত্তরং দ্বিগুণং॥ ৫॥

হিঙ্গু ২ ভাগ, কুড়, ৪ ভাগ, বচ ৮ আট ভাগ, শাচিক্ষার ১৬ ভাগ, বিট-লবণ ৩২ ভাগ, এই সকলের চূর্ণ উপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ মদ্যের সহিত পান করিলে উদাবর্ত্ত রোগ নষ্ট হয় ॥৫॥

নারাচচূর্ণম্—

খণ্ডপলং ত্রিবৃতাসমমুপকুল্যাকর্ষ চূর্ণিতং শ্লক্ষ্ণং। প্রাগ্‌ভোজনে চ সমধু-বিড়ালপদকং লিহেৎপ্রাজ্ঞঃ॥ এতৎ-গাঢ়পুরীষে পিত্তে কফে চ বিনি-যোজ্যং। সুস্বাদুর্পযোগ্যোঽয়ং চূর্ণোনারাচকোনাম্না॥ ৬॥

নারাচচূর্ণে ত্রিবৃতাসমমিতি ত্রিবৃচ্চূর্ণস্যাপি পলং উপকুল্যা পিপ্পলী প্রাগ্‌ভোজন ইতি পরিণামে ভোজনসন্নিধানে বা॥ ৬॥

খণ্ড (গুড় মধ্যগত পদার্থ বিশেষ) অভাবে চিনি ১ পল, তেউড়ী ২তোলা, পিপ্পলী ২ তোলা একত্র অতি সূক্ষ্ম চূর্ণ করিবে। এই চূর্ণ ভোজনের পূর্ব্বে ২ তোলা পরিমাণে লইয়া মধুর সহিত লেহন করিলে উদাবর্ত্তরোগের শান্তি হয়। এই ঔষধ অতি স্বাদু; ইহা মলবদ্ধ ও কফ ও পিত্তরোগে প্রয়োগ করিবে। ইহার নাম নারাচচূর্ণ, এই চূর্ণ রাজ-যোগ্য। ইহাতে ২ তোলা মাত্রায় সেবনের বিধি দিয়াছেন কিন্তু আধুনিক হীনবীর্য্য লোকের পক্ষে ঐরূপ মাত্রা উপযুক্ত নহে অতএব চিকিৎসকগন রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিবেন। অযথা মাত্রায় ব্যবহার করিলে রোগ প্রশমিত হওয়া দূরে থাক, অন্যান্য উৎকট রোগ সকলও জন্মিবার বিশেষ সম্ভাবনা॥ ৬॥

রসোনং মদ্যসংমিশ্রং পিবেৎপ্রাতঃ প্রকাঙ্ক্ষিতঃ। গুল্মোদাবর্ত্তশূলঘ্নং দীপনঞ্চ বলবর্দ্ধনং॥ ৭॥

রসোনমিত্যাদি।—যদ্যপ্যয়ং যোগঃ শূলাধিকারে পূর্ব্বমুক্তমেব তথাপ্যুদাবর্ত্তেঽপি হিতত্বাৎ পুনরপ্যত্র লিখিতঃ॥ ৭॥

হিতাকাঙ্ক্ষী রসুন ও মদ্য একত্র মিশ্রিত করিয়া প্রাতঃকালে পান করিলে গুল্ম, উদাবর্ত্ত ও শূলরোগের নিবৃত্তি হয় এবং ইহা অগ্ন্যুদ্দীপক ও বলবর্দ্ধক॥ ৭॥

হিঙ্গুমাক্ষিকসিন্ধূত্থৈঃ পক্ত্বা বর্ত্তিং সুনির্ম্মিতাং। ঘৃতাভ্যক্তাং গুদে দদ্যাদুদাবর্ত্ত বিনাশিনীং॥ ৮॥

হিঙ্গুমাক্ষিকেত্যাদি।—হিঙ্গুমাষা ৪, সৈন্ধব-কর্ষ ১, মধুপল ১ এবং ব্যবহারাদ্ গৃহীত্বা পক্ত্বা চ ফলবর্ত্তিং কুর্য্যাৎ। হিঙ্গুসৈন্ধবসমে বর্ত্তিকরণোচিতং মধু দেয়মিত্যন্যে। গুড়পাকবদস্য পাকঃ তয়ৈব বর্ত্তিঃ কর্ত্তব্যা ততো ঘৃতেনাভ্যজ্য গুদেৎক্ষিপেৎ॥ ৮॥

হিঙ্গু, মধু ও সৈন্ধব, এই সকল একত্র পাক করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তি ঘৃত মিশ্রিত করিয়া গুহ্যদেশে প্রবেশ করাইলে উদাবর্ত্ত রোগ বিনষ্ট হয়॥ ৮॥

মদনং পিপ্পলীকুষ্ঠং বচাগৌরাশ্চ সর্ষপাঃ। গুড়ক্ষারসমাযুক্তা ফলবর্ত্তিঃ প্রশস্যতে॥ ৯॥

মদনমিত্যাদৌ।—গুড়োমিলিতচূর্ণসমঃ গুড়ক্ষমনাক্‌জলং দত্ত্বা পক্ত্বা চ বর্ত্তিং কুর্য্যাদিত্যর্থঃ॥ ৯॥

মদনফল (ময়নাফল), পিপ্পলী, কুড়, বচ, যবক্ষার, শ্বেতসর্ষপ, এই সকলের সমান গুড় সহিত একত্র পাক করিয়া

ফলবর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তি উদা-বর্ত্ত রোগে প্রশস্ত ॥ ৯ ॥

আগারধূমসিন্ধূত্থ তৈলযুক্তাম্লমূলকং। ক্ষুণ্ণং নিগুণ্ডিপত্রং বা স্বিন্নে পায়ৌ ক্ষিপেদ্বুধঃ ॥ ১০ ॥

আগারধূমেত্যাদি।—আগারধূমোঽলক্ষুঃ অম্লমূলকং কাঞ্জিকমূলকং সিক্থকমিতি আগারধূমকাঞ্জিকসিক্থকমক্ষুণ্ণনিতং শঙ্কুংবিধায় সৈন্ধবতৈলেম্রক্ষিতং স্বিন্নে গুদে প্রক্ষিপ্তবাং। নিগুণ্ডী সিন্ধুবারঃ। তৎপত্রমপি চূর্ণীকৃত্য ... ধূমাদিম্রক্ষিতং স্বিন্নে গুদে নিক্ষেপ্যং ॥১০।

উদাবর্ত্ত রোগে গুহ্য স্থানে স্বেদ দিয়া আগার ধূম (ঘরের ঝুল), সৈন্ধব, তৈল, অম্লমূলক (কাঁজির নিম্নস্থ পদার্থবিশেষ) একত্র পেষণ করিয়া গুহ্যদ্বারে প্রয়োগ করিবে অথবা কুট্টিত নিসিন্দা পত্র, আগার ধূম, সৈন্ধব ও তৈল একত্র করিয়া স্বিন্ন গুহ্যে প্রয়োগ করিবে। অম্ল মূলক-কাঞ্জির নিম্নে যে গাঢ় পদার্থ পতিত হয় তাহাকে অথবা কাঞ্জিতে যে মূলক (মূলা) দেওয়া হয় সেই মূলক কাঞ্জির নীচে পড়িয়া থাকে তাহাকেই অম্ল মূলক বলিয়া থাকেন ॥ ১০ ॥

সৌবর্চ্চলাঢ্যাং মদিরাং মূত্রেস্বভিহতে পিবেৎ। এলাম্বাপ্যথমদ্যেন ক্ষীরবারি পিবেচ্চ সঃ ॥ ১১ ॥

সৌবর্চ্চলেত্যাদি সুশ্রুতস্য।—অত্র সিক্থজরণাদ্যস্তু শাণিকা চেত্যত্রাদিপদেন সংগ্রহীতত্বাৎ সৌবর্চ্চলস্য মাষকচতুষ্টয়ং মদিরা চাহারদ্রব্যত্বাৎ প্রচুরা গ্রাহ্যা। ব্যবহারস্তু মদিরা পলদ্বয়েন। এলাং বাপ্যথ মদ্যেনেতি এলা চূর্ণস্যাষ্টৌ মাষকাঃ মদ্যস্য পলদ্বয়মিত্যাহুঃ। ক্ষীরবারীতি সমক্ষীরেণ মিশ্রিতং বারীত্যর্থঃ ॥১১॥

মূত্রাভিঘাত জন্য উদাবর্ত্তে ২ পল মদ্যের সহিত সৌবর্চ্চল ৪ মাষা মিশ্রিত করিয়া পান করিবে। কিম্বা এলাইচচূর্ণ ৮ মাষা ও মদ্য ২ পল একত্র মিশ্রিত করিয়া অথবা দুগ্ধ মিশ্রিত জল পান করিবে ॥ ১১ ॥

দুস্পর্শাস্বরসং বাপি কষায়ং ককুভস্য চ। এর্ব্বারুবীজং তোয়েন পিবেদ্বা-লবণীকৃতং ॥ ১২ ॥

দুস্পর্শেত্যাদি সুশ্রুতস্য।—দুস্পর্শা দুরালভা দুস্পর্শাস্বরসমিতি পাঠে দুস্পর্শা কণ্টকারীত্যন্যে। ককুভোঽর্জ্জুনঃ। এর্ব্বারুঃ গ্রীষ্মভবা কর্কটী-ত্বালুনঃ আলবণীকৃতমিতি সৈন্ধবযোগাদীষল্লবণী-কৃতমিতি। এতচ্চ এর্ব্বারুবীজমিত্যনেনৈব ... ধ্যতে ন তু পূর্ব্বেণ ॥ ১২ ॥

দুরালভারস্বরস, কিম্বা অর্জ্জুন বৃক্ষের ক্বাথ অথবা এর্ব্বারুবীজ (ফুটিবীজ) কিঞ্চিৎ সৈন্ধব সংযুক্ত করিয়া জলের সহিত পান করিবে। অর্জ্জুন বৃক্ষের ছাল ২ দুই তোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নাবাইয়া বস্ত্র পূত করিয়া লইবে ॥ ১২ ॥

পঞ্চমূলীশৃতং ক্ষীরং দ্রাক্ষারসমথাপিবা। সর্ব্বেষ্বেবোপযুঞ্জীত মূত্রকৃচ্ছ্রা-শ্মরীবিধিং ॥ ১৩ ॥

পঞ্চমূলীতি।—পঞ্চমূলী সমানতন্ত্রভোজনসম্বাদাদ্ যথা লঘুনা পঞ্চমূলেন শৃতং ক্ষীরং পিবেন্নর ইতি। শ্রীকণ্ঠদত্তস্তু কুশপঞ্চমূলীত্যাহ। সর্ব্বথৈব কার্ৎস্নেন সুশ্রুতেঽপি ... নিরবশেষ ইত্যুক্তং ॥ ১৩ ॥

শালপাণি (ছালানী), চাকুলে, বৃহতী (ব্যাকুড়), কন্টকারী, গোক্ষুর সহিত দুগ্ধপাক করিয়া সেই দুগ্ধ অথবা দ্রাক্ষারস এবং মূত্রকৃচ্ছ্র ও অশ্মরী চিকিৎসা সর্ব্বথা প্রয়োগ করিবে ॥ ১৩ ॥

স্নেহস্বেদৈরুদাবর্ত্তং জৃম্ভজং সমুপক্রমেৎ। অশ্রুমোক্ষোঽশ্রুজে কার্য্যঃ স্বপ্নোমদ্যং প্রিয়াঃ কথাঃ ॥ ক্ষবজে ক্ষবপত্রেণ ঘ্রাণস্তেনানয়েৎ ক্ষবং। তথোর্দ্ধজত্রুগেঽভ্যঙ্গঃ স্বেদোধূমঃ সনাবনঃ ॥ হিতং বাতঘ্নমাদ্যঞ্চ ঘৃত-ক্ষৌত্তরভক্তিকং। উদ্গারজে ক্রমোপেতং স্নৈহিকং ধূমমাচরেৎ ॥ ১৪ ॥

জৃম্ভজনিতি জৃম্ভবেগবিঘাতজং এবমুত্তরত্রাপি। [illegible] তচ্চ তীক্ষ্ণাঞ্জনাদিনা। ক্ষবপত্রেণেতি হাঞ্চিয়াপত্রেণ। ঊর্দ্ধজক্রগোঽভ্যঙ্গ ইতি ঊর্দ্ধজত্রুদেশগতোঽভ্যঙ্গঃ কার্য্যঃ। আনাং ভক্ষ্যং। ক্রমোপেতমিতি স্নৈহিকধূমপানোক্তক্রমযুক্তং ॥ ১৪ ॥

জৃম্ভনের বেগরোধ জনিত উদাবর্ত্ত রোগে স্নিগ্ধ স্বেদ, এবং অশ্রু বেগরোধ জনিত উদাবর্ত্তে তীক্ষ্ণ অঞ্জনাদি প্রয়োগ করিয়া অশ্রু মোক্ষণ, নিদ্রা ও মদ্য সেবন এবং প্রিয়বাক্য প্রয়োগ দ্বারা চিকিৎসা করিবে।

হাঁচির বেগরোধ জন্য উদাবর্ত্ত রোগে হাঞ্চিয়া পত্রের নস্য গ্রহণ করতঃ যাহাতে অধিক হাঁচি হয় এই রূপ করিবে এবং ঊর্দ্ধজত্রু দেশে অভ্যঙ্গ ও স্বেদ প্রয়োগ এবং ধূম পান, নস্য, বাতঘ্ন ঘৃত ও উত্তর ভক্তিক ঘৃত প্রয়োগ করিবে। উদ্গারবোধ জনিত উদাবর্ত্তে স্নৈহিক ধূমপানোক্ত চিকিৎসা বিধি আচরণ করিবে ॥ ১৪ ॥

ছর্দ্যাঘাতং যথাদোষং নস্যস্নেহাদিভির্জয়েৎ। ভুক্ত্বা প্রচ্ছর্দনং ধূমং লঙ্ঘনং রক্তমোক্ষণং। রুক্ষান্নপানং [illegible]বিরেকশ্চাপ্রশস্যতে ॥ ১৫ ॥

ছর্দ্দ্যাঘাতমিত্যাদি।— ছর্দ্দ্যাবেগবিঘাতজং কুষ্ঠবিসর্পাদিকং কার্য্যকারণয়োরভেদোপচারাৎ এবং ক্ষুদ্বিঘাত ইত্যাদ্যেপি ব্যাখ্যেয়ং। যথাদোষমিতি [illegible] ছর্দ্দিবিঘাতজরোগে [illegible] ॥ ১৫ ॥

ছর্দ্দির (বমন) বেগ বিঘাত জন্য উদাবর্ত্ত রোগে দোষ বিবেচনায় নস্য ও স্নেহাদি ঔষধ দ্বারা সেই সেই দোষের শান্তি করিবে। এবং ভোজন করাইয়া বমন করাইবে। ইহা ভিন্ন ইহাতে ধূমপান, উপবাস, রক্তমোক্ষণ, রুক্ষান্ন ও পানীয় দ্রব্য সেবন, ব্যায়াম ও বিরেচন প্রভৃতিও প্রশস্ত ॥ ১৫ ॥

বস্তিশুদ্ধিকরাবাপং চতুর্গুণজলং পয়ঃ। আ বারিনাশাৎ ক্বথিতং পীতবন্তং প্রকামতঃ। রময়েয়ুঃ প্রিয়ানার্য্যঃ শুক্রোদাবর্ত্তিনং নরং ॥ অত্রাভ্যঙ্গাবগাহাশ্চ মদিরাশ্চরণায়ুধাঃ। শালিঃ পয়োনিরূহাশ্চ হিতং মৈথুনমেব চ ॥ ১৬ ॥

বস্তিশুদ্ধিকরাবাপমিত্যাদি।—বস্তিশুদ্ধিকরাণীহ তৃণপঞ্চমূলবীরতরাদীনি আবাপ ইতি ক্ষীরসাধনার্থং কল্কঃ। রময়েয়ুঃ মৈথুনে যোজয়েয়ুঃ অবগাহো বাতপিত্তহরদ্রব্যক্বাথে কোষ্ণে। চরণায়ুধাঃ কুক্কুটাঃ। নিরূহাশ্চেতি উত্তরবস্তিশ্চেতি চকারাৎ ॥ ১৬ ॥

পঞ্চমূলী, বিরতরাদি ও বস্তিশোধক দ্রব্যের কল্ক এবং চতুর্গুণ জলসহ দুগ্ধ পাক করিবে, জলভাগ শুষ্ক হইলে শুক্রোদাবর্ত্ত পীড়িত রোগীকে যথেচ্ছা সেবন করাইয়া মনোজ্ঞা কামিনীর সহিত রমণ করিতে দিবে।

উক্ত শুক্ররোধজনিত উদাবর্ত্তরোগে অভ্যঙ্গ, বাতপিত্তহর দ্রব্যের উষ্ণ ক্বাথে অবগাহন, মদ্যপান, কুক্কুট প্রভৃতির মাংস রসপান, শালিধান্য ভোজন, দুগ্ধ পান, নিরূহণ ও মৈথুন, এই সকল কার্য্য করিবে ॥ ১৬ ॥

ক্ষুদ্বিঘাতে হিতং স্নিগ্ধমুষ্ণমল্পঞ্চ ভোজনং। তৃষ্ণাঘাতেপিবেন্মন্থং যবাগূং [illegible] শীতলাং ॥ র[illegible]নাদ্যাৎ সুবিশ্রান্তঃ [illegible]নরঃ। নিদ্রাঘাতেপিবেৎ ক্ষীরং স্বপ্নঃসম্বাহনানি চ ॥ ১৭ ॥

সুবিশ্রান্ত ইতি বিরতক্রিয়ঃ। নিদ্রাঘাতইত্যাদৌ।—ক্ষীরমিহ মাহিষং [illegible]। অন্যে তু প্রধানকল্পতয়া গোক্ষীরং অতএব তন্ত্রান্তরং—নিদ্রাঘাতে পিবেৎ ক্ষীরং গোঃ সুপ্যাদথ মানব ইতি ॥ ১৭ ॥

ক্ষুধা [illegible] করিলে যে উদাবর্ত্ত রোগ জন্মে তাহাতে স্নিগ্ধ, উষ্ণ ও অল্প ভোজন হিতকর বলিয়া জানিবে।

তৃষ্ণা (পিপাসা) নিরোধ জন্য উদাবর্ত্ত রোগে মন্থ এবং শীতল যবাগূ পান করিবে।

পরিশ্রান্ত ব্যক্তির শ্বাসরোধজনিত ব্যাধি হইলে সেই ব্যক্তি সুবিশ্রাম করিয়া মাংস রসের সহিত ভোজন করিবে।

নিদ্রাবিঘাতজন্য উদাবর্ত্তরোগে ক্ষীর পান, নিদ্রা ও সম্বাহন হিতকর ॥ ১৭ ॥

ইতি উদাবর্ত্তরোগ-চিকিৎসা ॥

অথানাহ-চিকিৎসা।

উদাবর্ত্তক্রিয়ানাহে সামে লঙ্ঘনপাচনং।
দ্বিরুত্তরা হিঙ্গুবচা সকুষ্ঠা
সুবর্চ্চিকা চেতি বিড়ঙ্গচূর্ণং।
সুখাম্বুনানাহবিসূচিকার্ত্তি-
হৃদ্রোগগুল্মোর্দ্ধসমীরণঘ্নং ॥১॥

আনাহচিকিৎসামাহ। উদাবর্ত্তেত্যাদি।—দ্বিরুত্তরা ইত্যাদি।—যথোত্তরদ্বিগুণা ইত্যর্থঃ। সুখাম্বুনেত্যনন্তরং পীতমিতি শেষঃ ॥ ১ ॥

সাম (অপক্ব) আনাহ রোগে উদাবর্ত্ত-রোগোক্ত চিকিৎসা এবং লঙ্ঘন ও পাচন বিধান করিবে।

হিঙ্গু ১ ভাগ, বচ ২ ভাগ, কুড় ৪ ভাগ, সাচিক্ষার ৮ ভাগ, বিট্ লবণ ১৬ ভাগ, এই সকলের চূর্ণ ঈষদুষ্ণ জলের সহিত যথোপযুক্ত মাত্রায় পান করিলে আনাহ, বিসূচিকা, বেদনা, হৃদ্রোগ, গুল্ম ও ঊর্দ্ধবাত প্রভৃতি রোগ নষ্ট হয় ॥ ১ ॥

বচাভয়াচিত্রকযাবশূকান্
সপিপ্পলীকাতিবিষান্ সকুষ্ঠান্।
উষ্ণাম্বুনানাহবিমূঢ়বাতান্
পীত্বা জয়েদাশু হিতোদনাশী ॥ ২ ॥

বচ, হরীতকী, যবক্ষার, চিতা, পিপ্পলী, আতইচ, কুড়, এই সকলের চূর্ণ উষ্ণ জলের সহিত পান করিয়া হিতাহারী হইলে অতি সত্বরই আনাহ ও মূঢ়বাত প্রশমিত হইয়া থাকে ॥ ২ ॥

ত্রিবৃদ্ধরীতকীশ্যামাঃ স্নুহীক্ষীরেণ ভাবয়েৎ। বটিকামূত্রপীতাস্তাঃ শ্রেষ্ঠাশ্চানাহভেদিকাঃ ॥ ৩ ॥

ত্রিবৃদিত্যাদি।—ত্রিবৃদিত্যরুণমূলা [illegible]ৎ শ্যামা শ্যামমূলা ত্রিবৃৎ। বটিকেয়ং [illegible]য়েন ব্যবহৃতা। [illegible]ত্রবকোষ্ঠে ॥ ৩ ॥

রক্তমূল তেউড়ী, হরীতকী, শ্যামমূল তেউড়ী, এই সকলের উপযুক্ত পরিমাণ চূর্ণ মনসাসিজের ক্ষীরদ্বারা ভাবনা দিয়া বটিকা প্রস্তুত করিবে। এই বটিকা গোমূত্রের সহিত সেবন করিবে। ইহা আনাহরোগে শ্রেষ্ঠ ভেদক ॥ ৩ ॥

ফলঞ্চ মূলঞ্চ বিরেচনোক্তং
হিঙ্গ্বর্কমূলং দশমূলমগ্র্যং।
স্নুকৃচিত্রকৌ চৈব পুনর্নবা চ
তুল্যানি সর্ব্বৈর্লবণানি পঞ্চ ॥
স্নেহৈঃ সমূত্রৈঃ সহ জর্জ্জরাণি
শরাবসন্ধৌ বিপচেৎ সুলিপ্তে।
পক্বং সুপিষ্টং লবণং তদন্নৈঃ
পানৈস্তথানাহরুজাঘ্নমগ্র্যং ॥ ৪ ॥

ফলঞ্চেত্যাদৌ।—বিরেচনোক্তমিতি দীর্ঘঞ্জীবিতীয়েঽপামার্গতণ্ডুলীয়ে বা বিরেচনকল্পে বা বিরেচনকর্ম্মণি যদুক্তং। হিঙ্গুস্থানে হিংস্রেতি পাঠান্তরং। শরাবসন্ধাবিতি। অন্তঃস্থভেষজস্থালীশরাবসন্ধাবিত্যর্থঃ। বিপচেদিতি দহেৎ। পক্বমিতি দগ্ধং অগ্র্যমিতি শ্রেষ্ঠং ॥ ৪ ॥

বিরেচনাধ্যায়োক্ত দ্রব্য সমূহের ফল ও মূল এবং হিঙ্গু, আকন্দমূল, বেলছাল, শ্যোণাছাল (নাউশোণা), পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল, শালপাণি (ছালানী), চাকলে, বৃহতী (ব্যাকুর), কণ্টকারী, গোক্ষুর, মনসাসিজ, চিতা,

পুনর্নবা, পঞ্চলবণ (সৈন্ধবলবণ, বিট্‌-লবণ, সৌবর্চ্চললবণ, সমুদ্রলবণ ও উ-ভিদলবণ), এই সকল দ্রব্য সমভাগে গ্র-হণ করতঃ স্নেহ ও গোমুত্রের সহিত পেষণ করিয়া একখানা শরাতে রাখিয়া অন্য একখানা শরাদ্বারা ঢাকিতে হইবে, এবং মৃত্তিকার লেপ দিয়া শরার সন্ধি-স্থান আবদ্ধ করতঃ বিল-ঘুঁঠার অগ্নিতে পাক করিবে। পাক হইলে উক্ত ঔষধ পেষণ করিয়া লইবে এবং অন্নপানাদির সহিত সেবন করিবে। ইহা আনাহ ও বেদনা নিবারণার্থ অতি শ্রেষ্ঠ ঔষধ ॥৪॥

রাঠধূমবিড়ব্যোষগুড়মূত্রৈর্বিপাচিতা।
গুদেঽঙ্গুষ্ঠসমা বর্ত্তির্দেয়ানাহশূলনুৎ ॥ ৫ ॥

রাঠেত্যাদি।—রাঠোমদনফলং ধূমোগৃহধূমঃ যাবতা গুড়েন মূত্রেণ চ পাকাদ্‌বর্ত্তিং কর্ত্তুং শক্যতে তাবদুভয়ং দেয়মিতি। ৫॥

মদনফল (ময়নাফল), গৃধূম, বিট্‌-লবণ, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) ও গুড়, এই সকল দ্রব্য গোমুত্রের সহিত পাক করিয়া এক অঙ্গুষ্ঠসদৃশ বর্ত্তি প্রস্তু-ত করিবে। এই বর্ত্তি গুহ্যদেশে প্রয়োগ করিলে আনাহশূল বিনষ্ট হয় ॥ ৫ ॥

বর্ত্তিস্ত্রিকটুকসৈন্ধবসর্ষপগৃহধূমকুষ্ঠমদনফলৈঃ। মধুনি গুড়ে বা পক্কা পায়ীরিতা চাঙ্গুষ্ঠপরিমাণা ॥ বর্ত্তিরিয়ং দৃষ্টফলা শনৈঃ শনৈঃ প্রণিহিতা ঘৃতাভ্যক্তা। আনাহোদাবর্ত্তপ্রশমনী জঠরগুল্মবিনাশিনী ॥ ৬ ॥

বর্ত্তিরিত্যাদি।—মিলিত্বা ত্রিকটাদীনাং কর্ষ ১ মধুপল ১ গুড়কর্ষ ১ ইত্যেকে। যুক্ত্যা ত্রিকটুকাদিকং গৃহীত্বা বর্ত্তিঃ কর্ত্তব্যেত্যন্যে। গুড়েবেতি বাশব্দোঽপি পূর্ব্বযোগাপেক্ষয়া সমুচ্চয়ে বা দ্রষ্টব্যঃ ॥ ৬॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), সৈন্ধব, সর্ষপ, গৃহধূম, কুড়, মদনফল (ময়নাফল), এই সকল দ্রব্য প্রত্যেকে ২ তোলা, মধু ১ পল অর্থাৎ ৮ আট তোলা ও গুড় ২ তোলা, সমুদায় একত্র পাক করিয়া অঙ্গুষ্ঠ পরিমাণ বর্ত্তি প্রস্তুত করিবে। এই দৃষ্টফলবর্ত্তি ঘৃতসিক্ত করিয়া গুহ্যদেশে শনৈঃ শনৈঃ প্রয়োগ করিলে আনাহ, উদাবর্ত্ত, গুল্ম ও জঠররোগ বিনষ্ট হয় ॥ ৬ ॥

শুষ্কমূলকাদ্যং ঘৃতং—

মূলকং শুষ্কমাত্রঞ্চ বর্ষাভূমূলপঞ্চকং।
আরেবতফলঞ্চাপি পিষ্ট্বা তেন পচেদ্‌ঘৃতং। তৎপীতমাত্রং শময়েদুদাবর্ত্তমসংশয়ং ॥ ৭ ॥

মূলকমিত্যাদি সুশ্রুতস্য।—শুষ্কমিতি মূলকবিশেষণং। আর্দ্রকমিত্যার্দ্রকন্দঃ। উদ্ধমস্তু শুষ্কমিতি মূলকার্দ্রয়োর্বিশেষণমাহ। পঞ্চমূলকমিতি বিম্বাদিপঞ্চমূলং কঙ্কবাতহস্তুত্বাদিতি জেজ্জরঃ স্বল্পপঞ্চমূলমিতি ভানুমতী। আরেবতফলং আরগ্বধস্য ফলং। অকল্কমিদং ঘৃতং।৭।

শুষ্কমূলা, আদা, পুনর্নবা, পঞ্চমূল অর্থাৎ বেলছাল, পারলছাল, শোণাছাল (নাউশোনা), গাম্ভারীছাল (গামাইর), গণিয়ারীছাল, শোণাফল, এই সকল দ্রব্যের কাথ সহিত যথারীতি ঘৃত পাক করিবে। এই ঘৃত পান করিলে নিশ্চয় উদাবর্ত্ত রোগ বিনষ্ট হয় ॥ ৭ ॥

স্থিরাদ্যং ঘৃতং—

স্থিরাদিবর্গস্য পুনর্নবায়াঃ
সম্পাকপূতীককরঞ্জয়োশ্চ।
সিদ্ধঃ কষায়ো দ্বিপলাংশিকানাং
প্রস্থোঘৃতাৎ স্যাৎ প্রতিরুদ্ধবাতে ॥৮॥

স্থিরাদীত্যাদি।—স্থিরাদিবর্গস্য শালপর্ণ্যাদিপঞ্চমূলস্য। সম্পাকঃ শোণালুফলং। দ্বিবচনবলাৎ। পূতিকেতি করঞ্জফলবিশেষণং তেন লাটাকরঞ্জ ইত্যর্থঃ ॥ ৮ ॥

ইতি আনাহ-চিকিৎসা।

স্বল্পপঞ্চমূল অর্থাৎ শালপানি (ছালা-

নী), চাকলে, বৃহতী (বাকুর), কণ্টকারী, গোক্ষুর, এবং পুনর্নবা, শোণালুফল, করঞ্জা ; এই সকল দ্রব্য প্রত্যেকে ২ পল পরিমাণে লইয়া চতুর্গুণ জলসহ পাক করতঃ পাকাবশেষে অর্থাৎ চারিভাগের একভাগ থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথের সহিত যথারীতি প্রস্থোপরিমিত অর্থাৎ ৪ চারিসের ঘৃত পাক করিবে। এই ঘৃত প্রতিবন্ধবাতে প্রশস্ত ॥ ৮॥

ইতি আনাহ চিকিৎসা।

অথ গুল্ম-চিকিৎসা।

লঘ্বন্নং দীপনং স্নিগ্ধমুষ্ণং বাতানুলোমনং। বৃংহণং যদ্ভবেৎ সর্ব্বং তদ্ধিতং সর্ব্বগুল্মিনাং॥ স্নিগ্ধস্য ভিষজা স্বেদঃ কর্ত্তব্যো গুল্মশান্তয়ে। স্রোতসাং মার্দ্দবং কৃত্বা জিত্বা মারুতমুল্বণং। ভিত্ত্বা বিবদ্ধং স্নিগ্ধস্য স্বেদো গুল্মমপোহতি ॥ ১ ॥

গুল্মেঽপ্যানাহো ভবতীত্যানাহানন্তরং গুল্মঃ ॥১॥

সর্ব্বপ্রকার গুল্মরোগে লঘু আহার এবং দীপক, স্নিগ্ধ ও উষ্ণবীর্য্য দ্রব্য, হিতকর, অপর যাহাতে বায়ুর অনুলোমন হয় এইরূপ এবং ধাতু (রস, মাংস, রক্ত প্রভৃতি) পুষ্টিকারক, ঔষধাদি প্রয়োগ দ্বারা চিকিৎসা করিবে।

গুল্মরোগ শান্তির জন্য সুচিকিৎসক প্রথমতঃ পীড়িত ব্যক্তিকে স্নিগ্ধ করিয়া স্বেদ ব্যবস্থা করিবেন। যেহেতু স্বেদ স্নিগ্ধ রোগীর স্রোতঃ সকলের মৃদুতা সম্পন্ন করে এবং উল্বণ বায়ু নিবারণ ও বিবদ্ধ ভিন্ন করিয়া গুল্মরোগকে বিনষ্ট করিয়া থাকে ॥ ১ ॥

কুম্ভীপিণ্ডেষ্টকাস্বেদান্ কারয়েৎ কুশলো ভিষক্। উপনাহাশ্চ কর্ত্তব্যাঃ সুখোষ্ণাঃ শাল্বনাদয়ঃ ॥ ২ ॥

কুম্ভীত্যাদি।—সুস্নিগ্ধস্য।—বাতহরক্বাথাদিভিঃ স্বেদনং। তথা উৎস্বিন্নমাষাদিপিণ্ডৈর্ব্বস্ত্রবদ্ধৈঃ স্বেদঃ। ইষ্টকয়া তপ্তয়া বাতহরক্বাথসিক্তয়া স্বেদঃ। শাল্বনাদয় ইত্যাদি [illegible] বেশবারাদিপরিগ্রহঃ ॥ ২॥

অন্তর্ব্বাষ্পপূর্ণ বাতহর উষ্ণ [illegible]দির কুম্ভ ও সিদ্ধ বস্ত্রবদ্ধ মাষাদির পিণ্ডদ্বারা স্বেদ প্রদান করিবে। অথবা কুশল চিকিৎসকগণ ইষ্টক অগ্নিতে তপ্ত করিয়া তাহা বাতহারক (দশমূলাদি) ক্বাথে সিক্ত করতঃ স্বেদ দিবেন এবং শাল্বনাদি ঈষদুষ্ণ করিয়া উপনাহন করিবেন।

শাল্বনাদি বাতব্যাধি অধিকারে উক্ত হইয়াছে ॥ ২ ॥

স্থানাবসেকো রক্তস্য বাহুমধ্যে শিরাব্যধঃ। স্বেদানুলোমনঞ্চৈব প্রশস্তং সর্ব্বগুল্মিনাং ॥ ৩ ॥

স্থানাবসেকো রক্তস্যেতি।—স্থিরগুল্মে গুল্মস্থানে রক্তাবসেকঃ। বাহুমধ্যে শিরাব্যধ ইতি সন্ধেরধস্তাৎ স্বল্পশিরাব্যধো ন তু মধ্যে ন বা মহতী তস্যা মর্ম্মত্বাৎ। শিরাব্যধশ্চ যস্মিন্ পার্শ্বে গুল্মস্তৎপার্শ্বস্থবাহৌ অয়ঞ্চ বিধির্দোষচিকিৎসা গুল্মস্যাপ্রশমনে স্বেদাদিনা চ শোণিতদুষ্টৌ সত্যাং বোধ্যঃ। স্বেদেত্যাদিকঞ্চার্দ্ধং পদ্যং [illegible] ॥ ৩ ॥

স্থিরগুল্মে গুল্মস্থান হইতে রক্ত মোক্ষণ, এবং যে পার্শ্বে গুল্ম সেই পার্শ্বের বাহুসন্ধির অধোদেশে ক্ষুদ্র শিরাবেধ করিবে।

স্বেদ ও অনুলোমন ক্রিয়া সর্ব্বপ্রকার গুল্মরোগেই প্রশস্ত ॥ ৩ ॥

পেয়াবাতহরৈঃ সিদ্ধাঃ কৌলত্থা ধন্বজা রসাঃ। খড়াঃ সপঞ্চমূলাশ্চ গুল্মিনাং ভোজনে হিতাঃ ॥ ৪ ॥

আহারবিধিমাহ পেয়েত্যাদি।—বাতহরৈর্দশমূলাদিভিঃ। পঞ্চমূলকেহ বৃহৎপঞ্চমূলং উষ্ণবীর্য্যতয়া বিশেষেণ বাতহরত্বাৎ ॥ ৪ ॥

গাম্ভারিছাল, গণিয়ারিছাল, বেলছাল, পারুলছাল, শ্যোণাছাল, চাকুলে, শালপাণি, বৃহতী, গোক্ষুর, কণ্টকারী, এই সকলের ক্বাথে সিদ্ধকৃত পেয়া, এবং বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল ও গাম্ভারীছাল, এই সকলের ক্বাথে সিদ্ধকৃত খড়যূষ, কোলথযূষ, মাংসরস সকল সর্ব্বপ্রকার গুল্মরোগীরই ভোজনে প্রশস্ত ॥ ৪ ॥

বাতগুল্মচিকিৎসা।

মাতুলুঙ্গরসোহিঙ্গুদাড়িমং বিড়সৈন্ধবং। সুরামণ্ডেন পাতব্যং বাতগুল্মরুজাপহং ॥ ৫ ॥

মাতুলুঙ্গেত্যাদি।—মাতুলুঙ্গরসাদিকং প্রক্ষিপ্য সুরামণ্ডঃ পেয়ঃ। সুরামণ্ডস্যাহারদ্রব্যত্বাৎ প্রভূতো গ্রাহ্যঃ ন চ চূর্ণচতুর্গুণঃ এবমন্যত্রাপি সুরয়া ভেষজপানে জ্ঞেয়ং ॥ ৫ ॥

ছোলঙ্গলেবুররস, হিঙ্গু, দাড়িম, বিটলবণ ও সৈন্ধব, এই সকল প্রক্ষেপ করিয়া সুরামণ্ড পান করিবে। ইহাদ্বারা বাতগুল্ম নষ্ট হয় ॥ ৫ ॥

নাগরার্দ্ধপলং পিষ্টং দ্বেপলে লুঞ্চিতস্যচ। তিলস্যৈকং গুড়পলং ক্ষীরেণোষ্ণেন বা পিবেৎ। বাতগুল্মমুদাবর্ত্তং যোনিশূলঞ্চ নাশয়েৎ ॥ ৬ ॥

নাগরেত্যাদৌ।—লুঞ্চিতস্যেতি নিস্তুষীকৃতস্যেতি। অত্র ভূরিমানৌষধোপযোগো ব্যাধিনাশৈনৈব ভবতীতি জ্ঞেয়ং। বাভটে পুনরেতদর্দ্ধমানেনায়ং যোগঃ পঠ্যতে। যথা—শুণ্ঠ্যাঃ কর্ষং গুড়স্য দ্বৌ ধৌতাৎ কৃষ্ণতিলাৎ পলং। খাদেদেকত্র সঞ্চূর্ণ্য কোষ্ণক্ষীরানুভোজয়েদিতি। অন্যে তু নাগরার্দ্ধপলমিতি পুরুষস্য বলাবলং বুদ্ধা, হীনপুরুষে তু তৃতীয়ভাগেন কর্ত্তব্যং ॥ ৬ ॥

শুণ্ঠ ৪ তোলা, নিস্তুষতিল ২ পল, (অর্থাৎ ১৬ ষোলতোলা বা একপোয়া) ও গুড় ১ একপল (৮ আট তোলা), এই সকল দ্রব্য উষ্ণ দুগ্ধের সহিত পান করিবে। ইহাদ্বারা বাতগুল্ম, উদাবর্ত্ত ও যোনিশূল নষ্ট হয় ॥ ৬ ॥

পিবেদেরণ্ডতৈলং বা বারুণীমণ্ডমিশ্রিতং। তদেবতৈলং পয়সা বাতগুল্মী পিবেন্নরঃ ॥ ৭ ॥

পিবেদিত্যাদি।—যোগদ্বয়ং পূর্ব্বযোগঃ কফানুবন্ধবায়ৌ দ্বিতীয়স্তু পিত্তানুগে। উক্তং হি চরকে "পূর্ব্বং কফানুবন্ধে চ হিতং পিত্তানুগেঽপর মিতি" পূর্ব্বমিতি বারুণীসংযুক্তমেরণ্ডতৈলং পরমিতি পয়ঃসংস্কৃতমেরণ্ডতৈলং ॥ ৭ ॥

বাতগুল্মরোগী এরণ্ডতৈল মিশ্রিত বারুণী মণ্ড অথবা দুগ্ধের সহিত এরণ্ডতৈল পান করিবে। ইহাদ্বারা বাতগুল্ম নষ্ট হয় ॥ ৭ ॥

সাধয়েচ্ছুদ্ধ শুষ্কস্য রসোনস্য চতুঃপলং। ক্ষীরোদকেঽষ্টগুণিতে ক্ষীরশেষঞ্চ পায়য়েৎ ॥ বাতগুল্মমুদাবর্ত্তং গৃধ্রসীং বিষমজ্বরং। হৃদ্রোগং বিদ্রধিং শোষং নাশয়ত্যাশু তৎ পয়ঃ ॥ এবং তু সাধিতে ক্ষীরে স্তোকমপ্যত্র দীয়তে ॥ ৮ ॥

সাধয়েদিত্যাদি।—নিস্তুষতয়া শুদ্ধঃ আপূর্ণবীর্য্যতয়া চ শুষ্ক ইত্যর্থঃ। ক্ষীরোদকেঽষ্টগুণিত ইতি ক্ষীরোদকয়োশ্চ সমাসকরণাম্মিলিত্বৈবাষ্টগুণত্বং জ্ঞেয়ং ভাগান্নির্দ্দেশশ্চ সমত্বমিতি। তেন রসোনচতুঃপলাপেক্ষয়া ক্ষীরনীরয়োঃ প্রত্যেকং চাতুর্গুণ্যান্মিলিত্বা দ্বাত্রিংশৎপলানি স্যুঃ। অনয়োশ্চ দ্রবত্বেঽপি ন দ্বৈগুণ্যং পক্বোল্লেখগতমানত্ববিধানাৎ। জলক্ষয়াদবশিষ্টং ক্ষীরং। যদ্যপি ষোড়শপলত্বেন বহু ভবতি তথাপি দীপ্তাগ্নয়ো মহাকায়া ইত্যাদি বচনাদগ্নেরস্য বহুমাত্রাভিত্বয়া ষোড়শপলক্ষীরপানমপি ন দোষাবহমিতি কিম্বা অগ্ন্যপেক্ষতয়াৎ স্তোকং পেয়ং অতএবোক্তং এবঞ্চ সাধিত ইতি। দুগ্ধরসোনয়োশ্চাত্র ন যোগবিরুদ্ধমাশঙ্কনীয়ং ব্যাধিপ্রভাবাদ্মহর্ষিবচনাচ্চেত্যর্থঃ ॥ ৮ ॥

বিশুদ্ধ রসোন শুষ্ক করিয়া তাহার ৪ পল অর্থাৎ ৩২ বত্রিশ তোলা (অর্দ্ধ

প্রত্যেকং কর্ষাংশাঃ। পটোলত্রিবৃতাপলে ইতি দ্বিবচনাৎ প্রত্যেকং পলমেকং। অষ্টগুণে ঘৃতাদিতি যোজ্যং ঘৃতং চতুঃপলমেবোক্তং তেন ঘৃতেন সংমূর্চ্ছিতমেকীকৃতং এতেন কাথঘৃতাভ্যাং মিলিত্বাষ্টৌ পলানি। ইয়ঞ্চমাত্রা ব্যাধিমহিম্না ন দোষাবহেতি এতদেবাহ দীপ্তাগ্নয় ইত্যাদি। ১৩॥

কটুরোহিণী, নিম্ব, যষ্টিমধু, হরীতকী, আমলকী, বহেড়া ও বলা প্রত্যেকে ২ তোলা, পটোল (পটোললতা) ও তেউড়ী প্রত্যেকে ১ এক পল ও মসূর ২ পল, জল অষ্টগুণ, শেষ ৪ পল; এই ক্বাথের সহিত ঘৃত ৪ পল (৩২ তোলা অথবা অর্দ্ধসের) একত্র মিশ্রিত করিয়া লইবে। ইহা পান করিলে পৈত্তিক গুল্ম, জ্বর, তৃষ্ণা, শূল, ভ্রমি, মূর্চ্ছা ও বমন প্রভৃতি রোগ নষ্ট হয়॥ ১৩॥

দীপ্তাগ্নয়ো মহাকায়াঃ স্নেহসাত্ম্যাশ্চ যে নরাঃ। গুল্মিনঃ সর্পদষ্টাশ্চ বীসর্পোপহতাশ্চ যে। জ্যেষ্ঠাং মাত্রাং পিবেয়ুস্তে পলান্যষ্টৌবিশেষতঃ॥ ১৪॥

উত্তমরূপ প্রদীপ্ত অগ্নি, মহাকায়, স্নেহাভ্যস্ত ও মহাবলবান্ ব্যক্তি এবং গুল্মরোগী, সর্পদংষ্ট ও বীসর্পরোগী শ্রেষ্ঠ মাত্রায় ৮ পল অর্থাৎ ৬৪ তোলা (১ এক সের) পান করিবে।

পূর্ব্বকালের লোকের পক্ষে উক্তরূপ মাত্রা নির্দ্দিষ্ট ছিল, কিন্তু আধুনিক লোকের পক্ষে ঐরূপ মাত্রা কখনই উপযুক্ত নহে অতএব চিকিৎসকগণ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া লইবেন॥ ১৪॥

কফগুল্ম চিকিৎসা।

লঙ্ঘনোল্লেখনস্বেদে কৃতেঽগ্নৌ সম্প্রধুক্ষিতে। ঘৃতং সক্ষারকটুকং পাতব্যং কফগুল্মিনা॥ মন্দোঽগ্নির্বেদনা-মন্দাগুরুস্তিমিতকোষ্ঠতা। সোৎক্লেশাচারুচির্যস্য সগুল্মীবমনোপগঃ॥১৫॥

লঙ্ঘনেত্যাদৌ।—ঘৃতং সক্ষারকটুকমিতি যব-ক্ষারত্রিকটুকল্কনাধিতমিত্যর্থঃ। বমনোপগ ইতি বমনেনোপগম্যতে উপচর্য্যতে যঃ স বমনোপগঃ। পূর্ব্বং বাতিক ইতি গুল্ম এবাবস্থায়াং বমনযুক্তং ইহ তু কফগুল্ম এবেতি ন পৌনরুক্ত্যং॥ ১৫॥

কফগুল্মে লঙ্ঘন, বমন ও স্বেদাদিদ্বারা অগ্নি প্রদীপ্ত হইলে যবক্ষার ও ত্রিকটুর (মরিচ, পিপুল ও শুঁঠ) কল্কদ্বারা ঘৃত পাক করিয়া পান করিবে।

যে গুল্মরোগীর মন্দাগ্নি, অল্প বেদনা, গুরু ও স্তিমিত কোষ্ঠ, বমনোৎক্লেশ (অর্থাৎ সর্ব্বদা বমনেচ্ছা) ও অরুচি আছে তাহাকেও বমন করাইবে॥১৫॥

মন্দেঽগ্নাবনিলে মূঢ়ে জ্ঞাত্বাসস্নেহমাশয়ং। গুড়িকাশ্চূর্ণনির্যূহাঃ প্রযোজ্যাঃ কফগুল্মিনাং। ক্ষারারিষ্টগণশ্চাপি দাহঃ শেষে বিধীয়তেঃ॥১৬॥

মূঢ় ইত্যাবৃতে। গুড়িকাদয় ইহৈবোক্তাঃ ক্ষারারিষ্টগণ ইতি [illegible] তয়া শল্যতন্ত্র এব তদভিধানং জ্ঞেয়ং। পানীয় ক্ষারশ্চাত্রাপি [illegible] অরিষ্টাশ্চ গ্রহণ্যর্শশ্চিকিৎসিতোক্তাঃ। [illegible] হি যত্রৈব গ্রহণীদোষে ক্ষারাস্তে কফগু[illegible]। অরিষ্টযোগাঃ সিদ্ধাশ্চ গ্রহণ্যর্শশ্চিকিৎসি[illegible] ইতি। দাহস্তু শরলোহাদিভিঃ। উক্তং হি তস্য দাহকৃতে রক্তে শরলোহাদিভির্হিতমিতি। দাহঃ শেষ ইতি দাহস্য দারুণত্বাৎ ক্রিয়ান্তরাসিদ্ধৌ শেষ এব কর্ত্তব্যতা যুক্তা॥ ১৬॥

কফগুল্মে মন্দাগ্নি ও মূঢ়বাত দৃষ্ট হইলে স্নেহপান করাইয়া চূর্ন, ক্বাথ ও গুড়িকা ঔষধ প্রয়োগ করিবে। এবং ঘন্টাপারল্যাদির ক্ষার, গ্রহণী ও অর্শোরোগোক্ত অরিষ্টগণ প্রভৃতি দ্বারা কোন উপকার না হইলে শরলোহ শলাকাদি দ্বারা দাহ করিবে॥ ১৬॥

পঞ্চমূলীশৃতং তোয়ং পুরাণং বারুণীরসং। কফগুল্মী পিবেৎ কালে জীর্ণং মাধ্বীকমেব বা॥ ১৭॥

পঞ্চমূলীত্যাদি।—পঞ্চমূলী মহতী বৃহৎপঞ্চমূলী। মাধ্বীকং মধু॥ ১৭॥

কফ গুল্মরোগী বিল্বাদি পঞ্চমূলীর ক্বাথ, পুরাতন বারুণী মদ্য ও মাধ্বীক মদ্য যথাসময়ে পান করিবে।

বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল ও গণিয়ারীছাল, এই পাঁচটীকে বৃহৎ পঞ্চমূল বলিয়া থাকেন॥ ১৭॥

তিলৈরণ্ডাতসীবীজসর্ষপৈঃ পরিলিপ্য বা। শ্লেষ্মগুল্মাময়ঃ পাত্রৈঃ সুখোষ্ণৈঃ স্বেদয়েদ্ ভিষক্॥ যমানীচূর্ণিতং তক্রং বিড়েন লবণীকৃতং। পিবেৎ সন্দীপনং বাতমূত্রবর্চোনুলোমনং॥ ব্যামিশ্রদোষে ব্যামিশ্রঃ সর্ব্ব এবক্রিয়াক্রমঃ। সন্নিপাতোদ্ভবে গুল্মে ত্রিদোষঘ্নো বিধির্হিতঃ। যথোক্তেন সদাকুর্য্যাৎ ভিষক্ তত্র সমাহিতঃ॥ ১৮॥

স্বেদমাহ তিলেত্যাদি।—গুল্মমিতি গুল্মস্থানং। ত্রিদোষঘ্নো বিধিরিতি বাতাদুক্তযোগা একীকৃত্য যোজ্যাঃ প্রকৃতিসম সমবেতত্বাৎ বিকৃতিবিষমসমবেতস্য চরকেঽসাধ্যতোক্তেঃ॥ ১৮॥

কফগুল্মে তিল, তিসী, এরণ্ডবীজ ও সর্ষপ, এই সকল পেষণ করিয়া গুল্ম স্থানে লেপন করিয়া ঈষদুষ্ণ লৌহপাত্র দ্বারা স্বেদ দিবে।

যমানী চূর্ণের সহিত বিটলবণ মিশ্রিত করতঃ তক্রের সহিত পান করিবে। ইহা অগ্ন্যুদ্দীপক, বাত, মূত্র ও পুরীষের অনুলোমনকারক।

মিশ্র অর্থাৎ দ্বন্দ্বজ (মিলিত বাত পিত্ত অথবা মিলিত বাতশ্লেষ্ম কিম্বা মিলিত পিত্ত শ্লেষ্মা ইত্যাদি) গুল্মরোগে পূর্ব্বোক্ত সমুদয় চিকিৎসা মিশ্রিত করিয়া অর্থাৎ বাতগুল্মোক্ত, পিত্তগুল্মোক্ত ও কফগুল্মোক্ত পৃথক্ পৃথক্ ঔষধসমূহ মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে। সন্নিপাত জন্য গুল্মরোগে ত্রিদোষ (বায়ু, পিত্ত ও কফ) নাশক ঔষধদ্বারা চিকিৎসা করিবে॥ ১৮॥

বচাবিড়াভয়া শুণ্ঠীহিঙ্গুকুষ্ঠাগ্নিদীপ্যকাঃ। দ্বিত্রিষট্ চতুরেকাষ্ট সপ্তপঞ্চাংশিকাঃ ক্রমাৎ॥ চূর্ণং মদ্যাদিভিঃ পীতং গুল্মানাহোদরাপহং। শূলার্শঃ কাসশ্বাসঘ্নং গ্রহণীদীপনং পরং॥১৯॥

বচেত্যাদৌ।—অভয়া হরীতকী, অগ্নিশ্চিত্রকঃ, দীপ্যকোযমানী, আদিশব্দাদুষ্ণোদকাদীনাং গ্রহণং॥ ১৯॥

বচ ২ ভাগ, বিটলবণ ৩ ভাগ, হরীতকী ৬ ভাগ, শুঁঠ ৪ ভাগ, হিঙ্গু ১ভাগ, কুড় ৮ ভাগ, চিতা ৭ ভাগ ও যমানী ৫ ভাগ, এই সকল চূর্ণ মদ্য, উষ্ণজল প্রভৃতির সহিত পান করিবে। ইহা দ্বারা গুল্ম, আনাহ, উদরাময়, শূল, অর্শঃ, শ্বাস, কাস প্রভৃতি রোগ বিনষ্ট হয় এবং গ্রহণী উদ্দীপ্ত হয়॥ ১৯॥

যমানীহিঙ্গুসিন্ধূত্থ ক্ষারসৌবর্চ্চলাভয়াঃ। সুরামণ্ডেন পাতব্যা গুল্মশূলনিসূদনাঃ॥ ২০॥

যমানীত্যাদৌ।—ক্ষারো যবক্ষারঃ। যোগোঽয়ং বৃক্ষায়ুনা প্রচরতি॥ ২০॥

যমানী, হিঙ্গু, সৈন্ধব, যবক্ষার, সৌবর্চ্চল ও হরীতকী, এই সকল চূর্ণ সুরামণ্ডের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক যথোপযুক্ত মাত্রায়) পান করিলে গুল্মশূল বিনষ্ট হয়॥ ২০॥

হিঙ্গ্বাদ্যং চূর্ণম্—

হিঙ্গুত্রিকটুকং পাঠাং হবুষামভয়াং শটীং। অজমোদাজগন্ধে চ তিন্তিড়ীকাম্লবেতসৌ॥ দাড়িমং পৌষ্করং ধান্য

মজ্জাজীং চিত্রকং বচাং। দ্বৌক্ষারৌ লবণেদ্বে চ চব্যাঞ্চৈকত্র চূর্ণয়েৎ॥ চূর্ণমেতৎ প্রয়োক্তব্য মন্নপানেম্বনত্যয়ং। প্রাগ্‌ভুক্ত মথবাপেয়ং মদ্যেনোষ্ণোদকেন বা॥ পার্শ্বহৃদ্বস্তিশূলেষু গুল্মে বাতকফাত্মকে। আনাহে মূত্রকৃচ্ছে চ গুদযোনিরুজাসু চ॥ গ্রহণ্যর্শোবিকারে চ প্লীহপাণ্ডাময়েরুচৌ। উরোবিবন্ধে হিক্কায়াং কাসে শ্বাসে গলগ্রহে॥ ভাবিতং মাতুলুঙ্গস্য চূর্ণমেতদ্রসেন বা। বহুশোগুড়িকাঃ কার্য্যাঃ কার্ম্মকাঃ স্যু স্ততোঽধিকং॥২১॥

হিঙ্গ্বাদিচূর্ণে।—অজমোদা যমানী, অজগন্ধা ক্ষেত্রযমানী, তিন্তিড়ীকং মহার্দ্রকং দ্বৌক্ষারৌ যবক্ষারস্বর্জিকাক্ষারৌ লবণে দ্বে সৈন্ধবসৌবর্চ্চলে। প্রাগ্‌ভুক্তমিতি ভোজনস্য প্রাক্ পরিণামে ভোজনাদ্যন্তপূর্ব্বকালে বা। প্রকারান্তর মাহ ভাবিতমিত্যাদি বহুশ ইতি সপ্তাহং মাতুলুঙ্গরসেন সপ্তদিনান্যাতপে ভাব্যং তদনুচাষ্টমাষকমিতা বটিকাঃ কার্য্যাঃ। একাং খাদিত্বা তপ্তজলাদ্যনুপেয়মিতি কার্ম্মকাঃ কর্ম্মকারকাঃ॥ ২১॥

হিঙ্গু, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), আকনাদি, হবুষা, হরীতকী, শটী, যমানী, বনযমানী, মহার্দ্রক, অম্লবেতস (থৈকুল), দাড়িম, পুষ্করমূল (অভাবে কুড়), ধনিয়া, জীরা, চিতা, বচ, যবক্ষার, সাচিক্ষার, বিটলবণ, সৈন্ধবলবন, সৌবর্চ্চললবণ ও চৈ, এই সকল একত্র চূর্ণ করিবে। এই চূর্ণ অন্ন পানাদির সহিত প্রয়োগ করিবে অথবা ভোজনের আদি, মধ্য ও অন্তে মদ্য কিম্বা উষ্ণজলের সহিত (রোগের বলাবল ভাল রূপ বিবেচনা পূর্ব্বক) প্রয়োগ করিবে। ইহাদ্বারা পার্শ্ব, হৃদয় ও বস্তিশূল, বাতকফাত্মক গুল্ম, আনাহ, মূত্রকৃচ্ছ্র, গুহ্য ও যোনিবেদনা, গ্রহণী, অর্শঃ প্লীহা, পাণ্ডু, অরুচি, উরোবিবন্ধ, হিক্কা, কাস, শ্বাস ও গলগ্রহরোগের শান্তি হয়। এই চূর্ণ মাতুলুঙ্গ লেবুররসে সপ্তাহ ভাবনা দিয়া গুড়িকা প্রস্তুত করতঃ প্রত্যহ সেবন করিবে। ইহা বহুগুণপ্রদ ও কার্য্য সাধক॥ ২১॥

পূতীকপত্রগজচির্ভিটি চব্য বহ্নি
ব্যোষং চ সংস্তরচিতং লবণোপধানং।
দগ্ধ্বাবিচূর্ণ্য দধিমস্তুযুতং প্রযোজ্যং
গুল্মোদরশ্বয়থু পাণ্ডুগদোদ্ভবেষু॥২২॥

পূতীকপত্রেত্যাদি।—পূতীকোলাটাকরঞ্জঃ, গজচির্ভিটী গোরক্ষকর্কটী, বহ্নিশ্চিত্রকঃ, সংস্তরচিতমিতি সংস্তররূপতয়া বিহিতং। লবণোপধানং সৈন্ধবগর্ভং। সৈন্ধবপূতীকপত্রাদিকং সমং গ্রাহ্যং। পূতীকপত্রাদি সংস্তরে সৈন্ধবং দত্ত্বা তদুপরি পুনঃ পূতীকপত্রাদিকং বিভজ্য চান্তর্ধূমং দগ্ধব্যং॥ ২২॥

লাটাকরঞ্জার পত্র, গোরকচাউলিয়া, চৈ, চিতা, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) ও সৈন্ধবলবণ, এই সকল একত্র অন্তর্ধূমে দগ্ধ করিবে। অনন্তর চূর্ণ করিয়া দধিরমাতের সহিত গুল্ম, উদরাময়, শোথ ও পাণ্ডুরোগে প্রয়োগ করিবে।

কোন একটী পাত্রে উক্ত দ্রব্যসমূহ যথারীতি বিন্যস্ত করতঃ পাত্রের মুখ আবদ্ধ করিয়া অগ্নি সন্তাপ লাগাইবে॥ ২২॥

হিঙ্গুপুষ্করমূলানি তুম্বুরূণিহরীতকীং। শ্যামাবিড়ং সৈন্ধবঞ্চ যবক্ষারং মহৌষধং॥ যবক্কাথোদকেনৈতদ্ ঘৃতভৃষ্টন্তু পায়য়েৎ। তেনাস্য ভিদ্যতে গুল্মঃ সশূলঃ সপরিগ্রহঃ॥ ২৩॥

হিঙ্গ্বিত্যাদৌ।—তুম্বুরু স্বনামখ্যাতং শ্যাম ত্রিবৃৎ। হিঙ্গুপ্রভৃতীনাং চূর্ণং প্রভূতং কৃত্বা স্থাপ্য ততো যোগ্যাং মাত্রাং গৃহীত্বা যবক্কাথে প্লাবয়িত্বা ঘৃতে পরিভর্জ্য পায়য়েদিত্যর্থঃ। যবক্কাথোদকে যবক্কাথেনোষ্ণোদকেনেত্যর্থঃ। অস্মিন্ প্রয়োগে হি বৈদ্যপ্রসারকে উষ্ণোদকমেরণ্ডতৈলঞ্চাধিক পঠিতং। তদ্‌যথা উষ্ণোদকেন পাতব্যমেতৎ সরুবুতৈলকমিতি। অন্যে তু উদকশব্দোঽয়ং দ্রবচনঃ তেন যবক্কাথরূপেণ দ্রবেণেত্যাহুঃ।

ক্ষারোদকং পাঠান্তরমসঙ্গতং বৃন্দবাভটে যবক্কাথস্যোক্তত্বাৎ। ভিদ্যতে বিলীয়তে ন তু পাকং সম্ভেদং গচ্ছতি। সপরিগ্রহ ইতি বাস্তুপরিগ্রহসহিতঃ সোপদ্রব ইতি বা।। ২৩।।

হিঙ্গু, পুষ্করমূল (অভাবে কুড় প্রয়োগ করিতে পারা যায়), তুম্বুরু, হরীতকী, তেউড়ী, বিটলবণ, সৈন্ধব, যবক্ষার, শুঁঠ,এইসকল দ্রব্য চূর্ণ করিয়া লইবে। অনন্তর উক্ত চূর্ণ উপযুক্তমাত্রায় লইয়া যবক্কাথের সহিত মিশ্রিত করতঃ ঘৃতে ভর্জ্জন করিবে। এবং পীড়ার ও অগ্নির বলাবল বিশেষ রূপ বিবেচনা করতঃ সেবন করিবে। ইহাদ্বারা সশূল গুল্মপিণ্ড সর্ব্বাংশেই ভিন্ন হয়॥ ২৩॥

বচাদ্যং চূর্ণম্—

বচাহরীতকীহিঙ্গু সৈন্ধবং সাম্লবেতসং। যবক্ষারং যমানীঞ্চ পিবেদুষ্ণেন বারিণা॥ এতদ্ধিগুল্মনিচয়ং সশূলং সপরিগ্রহং। ভিনত্তিসপ্তর ত্রেণ বহ্নের্ব্বৃদ্ধিং করোতি চ॥ ২৪॥

বচেত্যাদি।—হারীতস্য।—ইদং যোগং ভোজনাদিমধ্যাবসানেঽপি কারয়ন্তীতি নিশ্চলঃ। তন্ন হারীতে হি শাম্যতে যোগরাজেন ত্রিঃপ্রযুক্তেন যোগস্য ইত্যেবোক্তং ন তু ভোজনাদিমধ্যাবসানেঽপীতি।। ২৪।।

বচ, হরীতকী, হিঙ্গু, সৈন্ধব, অম্লবেতস (থৈকুল), যবক্ষার ও যমানী, এই সকলের চূর্ণ উষ্ণজলের সহিত পান করিবে। এই চূর্ণ যথোপযুক্ত মাত্রায় সপ্তাহ সেবন করিলে অবয়ব পরিগৃহীত সশূল গুল্ম ভিন্ন হইয়া অগ্নির দীপ্তি হয়॥ ২৪॥

পিপ্পলীপিপ্পলীমূলং চিত্রকাজাজী সৈন্ধবৈঃ। যুক্তাপীতা সুরাহন্তি গুল্মনাশু সুদুস্তরং॥ ২৫॥

পিপ্পলীত্যাদি।—অয়ং যোগো বাতশ্লেষ্মণি জ্ঞেয়ঃ।। ২৫।

পিপ্পলী, পিপ্পলীমূল, চিতা, কৃষ্ণজীরা, সৈন্ধব, এই সকলের চূর্ণ মদ্যের সহিত যথোপযুক্ত মাত্রায় (রোগের অবস্থা ভালরূপ বিবেচনা পূর্ব্বক) পান করিলে অতি কঠিন বাতশ্লেষ্মজন্য গুল্মরোগ বিনষ্ট হয়॥ ২৫॥

নাদেয়ীকুটজার্ক শিগ্রুবৃহতী স্নুখিল্ল-ভল্লাতক। [illegible]-জটাপামার্গনীপাগ্নিকং॥ বাসামুস্তকপাটলাঃ সলবণাদগ্ধাজলেপাচিতং। হিঙ্গ্বাদিপ্রতিবাপমেতদুদিতং গুল্মোদরাষ্ঠীলিনু॥ ২৬॥

নাদেয়ীত্যাদি।—নাদেয়ী ভূমিজম্বুকা ব্যাঘ্রী কণ্টকারী কিংশুকঃ পলাশঃ পারিভদ্রকজটা পারিভদ্রমূলং অগ্নিশ্চিত্রকং সলবণাঃ সসৈন্ধবাঃ লবণা জ্যোতিষ্মতীত্যেকে। নাদেয়ীপ্রভৃতীন্ দগ্ধা ক্ষারঃ কার্য্যঃ। অস্যাঢ়কং পলশতং বা পানীয়ক্ষারবিধিনা চতুর্গুণে ষড়্গুণে বা উদকে পক্ত্বা চতুর্ভাগাবশেষে কল্কমপনীয় একবিংশতিবারান্ পারস্রাব্য স্থাপয়েৎ। অস্য কর্ষমর্দ্ধপলং বা হিঙ্গ্বাদিচূর্ণপাদিকং দত্ত্বা মাংসঘৃতক্ষীরাণামন্যতমেষু প্রক্ষিপ্য পিবেৎ মাংসরসাদিভিশ্চ ভোক্তব্যমোজোরক্ষণার্থং। অন্যেত্বাহুঃ একদা বিপচ্য স্থাপিতে ক্ষারোদকেঽম্লত্বাদি দোষশঙ্কা স্যাৎ অতঃ ক্ষারাদ্যপেক্ষয়া পলাদিপরিমিতং ক্ষারং গৃহীত্বা প্রত্যহমস্তরোক্তক্কাথবিধিনা ক্ষারোদকং কার্য্যমিতি হিঙ্গ্বাদিপ্রতিবাপমিতি হিঙ্গ্বাদেঃ পাদিকস্য প্রতিবাপঃ প্রক্ষেপো যত্র তত্তথা। এতদিতি ক্কাথক্ষারজলং যস্য তন্ত্রস্যায়ং প্রয়োগস্তত্রোক্ত হিঙ্গ্বাদ্যং পরিজ্ঞানাৎ বক্ষ্যমাণহিঙ্গ্বাদিষ্বনন্তরং পঠিতত্বাৎ সংগ্রহকারস্যাভিমতো লক্ষ্যতে। ২৬।।

ভূমিজম্ব, কুটজ, আকন্দ, সজিনা, বৃহতী (ব্যাকুড়), সিজ, বেলমূল, ভেলা, কণ্টকারী, পলাশবীজ, পালিতামান্দারের মূল, অপামার্গ (আপাঙ্গ), কদম্বমূল, চিতা, বাসক, ঘণ্টাপারলি ও সৈন্ধবলবণ, এই সমস্ত দ্রব্য অন্তর্ধূমে অর্থাৎ কোন একটী হাড়িতে স্থাপন পূর্ব্বক মুখ রুদ্ধ করতঃ দগ্ধ করিবে।

পরে পানীয় ক্ষারোক্ত বিধানে জলে পাক করিবে। সুপক্ক হইলে উহাতে হিঙ্গ্বাদি চূর্ণ প্রক্ষেপ করিয়া লইবে। (হিঙ্গ্বাদি নিম্নে বলা যাইতেছে) উক্ত ঔষধ পান করিলে গুল্ম ও অষ্ঠীলাপ্রভৃতি রোগের শান্তি হয় ॥ ২৬ ॥

হিঙ্গ্বাদি—

হিঙ্গূগ্রগন্ধাবিড়শুণ্ঠ্যজাজী
হরীতকী পুষ্করমূলকুষ্ঠং।
ভাগোত্তরং চূর্ণিতমেতদিষ্টং
গুল্মোদরাজীর্ণবিসূচিকাসু ॥২৭॥

হিঙ্গ্বাদৌ।—উগ্রগন্ধা বচা ভাগোত্তরমুত্তরোত্তরমেকভাগবৃদ্ধিঃ। উষ্ণাম্বুনাস্য-পান মুপদিশন্তি ॥ ২৭ ॥

হিঙ্গু ১ ভাগ, বচ ২ ভাগ, বিটলবণ ৩ ভাগ, শুণ্ঠী ৪ ভাগ, জীরা ৫ ভাগ, হরীতকী ৬ ভাগ, পুষ্করমূল (অভাবে কুড়) ৭ ভাগ, কুড় ৮ ভাগ, এই সকল চূর্ণ গুল্ম, উদরাময়, অজীর্ণ ও বিসূচিকারোগে সেবন করিবে ॥ ২৭ ॥

ত্রিফলাকাঞ্চনক্ষীরী সপ্তলা নীলিনী-বচা। [illegible] সৈন্ধবপিপ্পলীঃ ॥ পিবেদ্বিচূর্ণ্য মূত্রোষ্ণবারিমাংসরসাদিভিঃ। সর্ব্বগুল্মোদরপ্লীহকুষ্ঠার্শঃ শোথপীড়িতঃ ॥২৮॥

ত্রিফলেত্যাদৌ।—কাঞ্চনক্ষীর্য্যা অভাবে কঙ্গুষ্ঠমাহুঃ। সপ্তলা চর্ম্মকষা নিলিনী নীলবুহ্না বিরেকার্থোঽয়ং যোগঃ ॥ ২৮ ॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), স্বর্ণক্ষীরী, চর্ম্মকষা, নীলবুহ্না, বচ, বলাডুমুর, হবুষা, কট্‌কী, তেউড়ী, সৈন্ধব, পিপ্পলী, এই সকলের চূর্ণ উষ্ণোদক, গোমূত্র, কিম্বা মাংসরসের সহিত পান করিবে। ইহাদ্বারা গুল্ম, উদরাময়, কুষ্ঠ, অর্শঃ ও শোথরোগ বিনষ্ট হয় ॥ ২৮ ॥

কাঙ্কায়ণগুড়িকা—

শটীপুষ্করমূলঞ্চ দন্তীং চিত্রকমাঢ়কীম্। শৃঙ্গবেরং বচাঞ্চৈব পলিকানি সমাহরেৎ ॥ ত্রিবৃতায়াঃ পলঞ্চৈব কুর্য্যাৎ ত্রীণি চ হিঙ্গুনঃ। যবক্ষারপলে দ্বে চ দ্বে পলে চাম্লবেতসাৎ ॥ যমান্যজাজীমরিচং ধান্যকঞ্চেতি কার্ষিকম্। উপকুঞ্চ্যজমোদাভ্যাং তথা চাষ্টমিকামপি ॥ মাতুলুঙ্গরসেনৈব গুড়িকাঃ কারয়েদ্ভিষক্। তাসামেকাং পিবেদ্ দ্বে চ তিস্রো বাপি সুখাম্বুনা ॥ অম্লৈশ্চ মদ্যৈর্যূষৈশ্চ ঘৃতেন পয়সাথবা। এষা কাঙ্কায়ণেনোক্তা গুড়িকা গুল্মনাশিনী ॥ অর্শোহৃদ্রোগশমনী ক্রিমীণাঞ্চ বিনাশিনী। গোমূত্রযুক্তা শময়েৎ কফগুল্মং চিরোত্থিতম্ ॥ ক্ষীরেণ পিত্তগুল্মঞ্চ মদ্যৈরম্লৈশ্চ বাতিকম্। ত্রিফলারসমূত্রৈশ্চ নিয়চ্ছেৎ সান্নিপাতিকম্। রক্তগুল্মে চ নারীণামুষ্ট্রীক্ষীরেণ পায়য়েৎ ॥ ২৯ ॥

শটীত্যাদি।—যমান্যাদীনাং প্রত্যেকং কর্ষঃ উপকুঞ্চী কৃষ্ণজীরকং অজমোদা যমানী অনয়োঃ প্রত্যেকং অষ্টমিকামর্দ্ধপলমিত্যর্থঃ ॥ ২৯ ॥

শটী, পুষ্করমূল (অভাবে কুড় প্রয়োগ করিবে), দন্তী, চিতা, অড়হর, শুঁঠ, বচ, তেউড়ী, এই সকল দ্রব্য প্রত্যেকে ১ পল অর্থাৎ ৮ আটতোলা, হিঙ্গু ৩ পল অর্থাৎ ২৪ তোলা, যবক্ষার ২ পল, অম্লবেতস্ (থৈকুল) ২ পল, যমানী, জীরা, মরিচ ধনিয়া, এই সকল দ্রব্য প্রত্যেক ২ তোলা, সূক্ষ্ম কৃষ্ণজীরা ও জীরা প্রত্যেক অর্দ্ধপল অর্থাৎ ৪ চারি তোলা, এই সকলের চূর্ণ প্রস্তুত করিয়া মাতুলুঙ্গ লেবুর (ছোলঙ্গনেবু অথবা টাবানেবুর) রস দ্বারা গুড়িকা প্রস্তুত

করিবে। এই গুড়িকা একটী, দুইটী, বা তিনটী ঈষদুষ্ণ জল, কাঞ্জিক, মদ্য, যূষ, ঘৃত অথবা দুগ্ধ অনুপানে সেবন করিবে। কাঙ্কায়নোক্ত এই গুড়িকা (রোগীর বলাবল বিবেচনাপূর্ব্বক) সেবন করিলে গুল্ম, অর্শঃ, হৃদ্রোগ ও ক্রিমি বনষ্ট হয়। এবং উষ্ণ গোমূত্রের সহিত সেবন করিলে চিরকালজাত কফগুল্ম, দুগ্ধের সহিত সেবন করিলে পিত্তগুল্ম, মদ্য ও কাঞ্জিক সহিত সেবন করিলে বাতগুল্ম, ত্রিফলার ক্বাথ ও গোমূত্রের সহিত সেবন করিলে সান্নিপাতিক (অর্থাৎ বাত, পিত্ত ও কফ জনিত) গুল্ম এবং স্ত্রীদুগ্ধ বা উষ্ট্রীদুগ্ধের সহিত সেবন করিলে রক্তগুল্ম প্রশমিত হয়॥ ২৯ ॥

হবুষাদ্যং ঘৃতম্—

হবুষা[illegible]।
সাজাজীপিপ্পলীমূলদীপ্যকৈর্বিপচেদ্
ঘৃতম্॥ সকোলমূলকরসং সক্ষীরং
দধিদাড়িমম্। তৎপরং বাতগুল্মঘ্নং
শূলানাহবিবন্ধনুৎ। যোন্যর্শোগ্রহণী-
দোষশ্বাসকাসাঽরুচিজ্বরম্। পার্শ্ব-
হৃদ্বস্তিশূলঞ্চ ঘৃতমেতদ্ব্যপোহতি॥৩০॥

হবুষেত্যাদি।—হবুষা স্বনামখ্যাতা পৃথ্বীকা কৃষ্ণজীরকং হিঙ্গুপত্রিকেত্যন্যে দীপ্যকো যমানী। সকোলমূলকরসমিতি কোলং শুষ্কবদরং তস্য ক্বাথঃ মূলকস্যাপি শুষ্কস্য ক্বাথঃ। ন পুনর্নবস্য স্বরসঃ তস্য তু গুল্মে নিষিদ্ধত্বাৎ। দাড়িমস্যাপ্যত্র স্বরসঃ দ্রবসাহচর্য্যাৎ। বিশ্বামিত্রেণাপি দাড়িমরসএবোক্তঃ। এবং পঞ্চভির্দ্রবৈঃ প্রত্যেকং স্নেহসমৈঃ পাকঃ॥ ৩০॥

হবুষা, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), কৃষ্ণজীরা, চৈ, চিতা, সৈন্ধব, জীরা, পিপ্পলামূল ও যমানী, ইহাদিগের কল্ক এবং বদরী ও শুষ্কমূলার ক্বাথ, দুগ্ধ, দধি ও দাড়িমের স্বরস, এই পঞ্চ প্রকার দ্রব্যের সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। এই ঘৃত (পীড়ার অবস্থাদি বিবেচনাপূর্ব্বক) সেবন করিলে বাতগুল্ম, শূল, আনাহ, বিবন্ধ, যোনিরোগ, অর্শঃ, গ্রহণী, শ্বাস, কাস, অরুচি ও জ্বর এবং পার্শ্ব, হৃদয় ও বস্তিশূল প্রভৃতি রোগ নষ্ট হয়॥ ৩০ ॥

পঞ্চপলকং ঘৃতম্—

পিপ্পল্যাঃ পিচুরধ্যর্দ্ধো দাড়িমাদ্
দ্বিপলং পলম্। ধান্যাৎ পঞ্চঘৃতাচ্
ছুণ্ঠ্যাঃ কর্ষঃ ক্ষীরং চতুর্গুণম্॥ সিদ্ধ-
মেতৈর্ঘৃতং সদ্যো বাতগুল্মং চিকিৎ-
সতি। যোনিশূলং শিরঃশূলমর্শাংসি
বিষমজ্বরান্॥ ৩১ ॥

পিপ্পল্যা ইত্যাদি।—পিচুরধ্যর্দ্ধ ইতি সার্দ্ধকর্ষঃ পলং ধান্যাদিতি যোজ্যং। পঞ্চঘৃতাদিতি পঞ্চপলানীত্যর্থঃ। ক্ষীরং চতুর্গুণমিতি ঘৃতপঞ্চপলাপেক্ষয়া বিংশতিপলানি ক্ষীরস্যেত্যর্থঃ॥ ৩১ ॥

পিপ্পলী ৩ তোলা, দাড়িম ২ পল, ধনিয়া ১ পল, ঘৃত ৫ পল (অর্থাৎ ৪০ তোলা), শুঁঠ ২ তোলা, দুগ্ধ ২০ পল, (অর্থাৎ ১৬০ তোলা), এই সকল দ্রব্য একত্র যথাবিধি পাক করিয়া সেবন করিলে বাতগুল্ম এবং যোনিশূল, শিরঃশূল, অর্শঃ ও বিষমজ্বর প্রভৃতি বিনষ্ট হয়। ৩১

ত্র্যূষণাদ্যং ঘৃতম্—

ত্র্যূষণত্রিফলাধান্য বিড়ঙ্গচব্যচিত্রকৈঃ।
কল্কীকৃতৈঃ ঘৃতং সিদ্ধং সক্ষীরং
বাতগুল্মনুৎ॥ ৩২ ॥

ত্র্যূষণাদিঘৃতে সক্ষীরমিতি চতুর্গুণক্ষীরসহিতং দ্রবান্তরাভাবাৎ॥ ৩২॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), ধনিয়া, বিড়ঙ্গ, চৈ ও চিতা, এই সকলের কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত ঘৃত

পাক করিবে। এই ঘৃত (রোগের ও অগ্নির বলাবল প্রভৃতি বিবেচনা পূর্ব্বক) সেবন করিলে বাতগুল্ম বিনষ্ট হয় ॥৩২॥

ত্রায়মাণাদ্যং ঘৃতম্—

জলেদশগুণেসাধ্যং ত্রায়মাণাচতুঃপলং ॥ পঞ্চভাগস্থিতং পূতং কল্কৈঃ সংযোজ্যকার্ষিকৈঃ ॥ রোহিণীকটুকা-মুস্তত্রায়মাণাদুরালভা। কল্কৈস্তামলকী বীরা জীবন্তীচন্দনোৎপলৈঃ ॥ রসস্যামলকীনাঞ্চ ক্ষীরস্য চ ঘৃতস্য চ। পলানি পৃথগষ্টাষ্টৌ দত্ত্বা সম্যগ্বিপাচয়েৎ ॥ পিত্তগুল্মং রক্তপিত্তং বীসর্পং পৈত্তিকং জ্বরং। হৃদ্রোগং কামলাং কুষ্ঠং হন্যাদেতদ্ঘৃতোত্তমং ॥ পলোল্লেখাগতেমানে ন দ্বৈগুণ্যমিহেষ্যতে। চত্বারিংশৎপলং তেন তোয়ং দশগুণং ভবেৎ ॥ ৩৩ ॥

জলইত্যাদৌ।—পঞ্চভাগস্থিতমিতি পঞ্চভাগাবশিষ্টং তেন ক্বাথস্যাষ্টৌ পলানীত্যর্থঃ। কল্কৈ [illegible] সম্বধ্যতে ন কেবলমেতৈঃ কল্কৈঃ কটুরোহিণ্যাদয়শ্চ কল্কা ইতি যোজনা। বীরা ক্ষীরকাকোলী। পলোল্লেখগতমানত্বাদিহ ন দ্বৈগুণ্যমিত্যাহ পলেত্যাদি ॥৩৩॥

বলাডুমুর ৪ পল, জল ৪০ পল (অর্থাৎ ৩২০ তোলা বা ৫ পাঁচসের), শেষ ৮ পল (অর্থাৎ ১ এক সের)। কল্কদ্রব্য যথা—কটকী, মুথা, বলাডুমুর, দুরালভা, ভূম্যামলকী, ক্ষীরকাকোলী, জীবন্তী, চন্দন ও উৎপল, এই সকল দ্রব্যের কল্ক প্রত্যেকে ২ তোলা, আমলকীর রস ৮ পল, ঘৃত ৮ পল ও দুগ্ধ ৮ পল অর্থাৎ ৬৪ তোলা (এক সের) একত্র যথাবিহিত নিয়মানুসারে পাক করিয়া (বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) সেবন করিবে। ইহাদ্বারা পিত্তগুল্ম, রক্তপিত্ত, বীসর্প, পৈত্তিকজ্বর, হৃদ্রোগ, কামলা ও কুষ্ঠ প্রভৃতি রোগ নষ্ট হয়। যেস্থলে ক্বাথ্য দ্রব্যের পরিমাণে পল উক্ত হইবে সেই স্থলে দ্রব দ্রব্যের দ্বৈগুণ্য বিধান নাই, অতএব উক্ত ঔষধে ক্বাথের দশগুণ অর্থাৎ ৪০ পল জলে ক্বাথ সিদ্ধ করিয়া লইবে ॥ ৩৩ ॥

দ্রাক্ষাদ্যং ঘৃতম্—

দ্রাক্ষামধুকখর্জ্জুরং বিদারীং সশতাবরীং ॥ পরূষকাণিত্রিফলাং সাধয়েৎ পলসম্মিতাং ॥ জলাঢকে পাদশেষে রসমামলকস্য চ। ঘৃতমিক্ষুরসং ক্ষীরমভয়াকল্কপাদিকং ॥ সাধয়েত্তু ঘৃতং সিদ্ধং শর্করাক্ষৌদ্রপাদিকং। প্রয়োগাৎপিত্তগুল্মঘ্নং সর্ব্বপিত্তবিকারণুৎ। সহচর্য্যাদিহ পৃথগ্ঘৃতাদেঃ ক্বাথতুল্যতা ॥ ৩৪ ॥

দ্রাক্ষেত্যাদৌ।—মধুকং যষ্টিমধু। শর্করাক্ষৌদ্রপাদিকমিতি মিলিত্বা। অত্র ক্বাথশেষস্য প্রস্থমানস্য [illegible] প্রস্থমানত্বমিত্যাহ সাহচর্য্যাদিত্যাদি ॥ ৩৪ ॥

দ্রাক্ষা (কিসমিস্), যষ্টিমধু, পিণ্ডখর্জ্জুর, ভূমিকুষ্মাণ্ড, শতমূলী, পরূষক ফল, ত্রিফলা, এই সকল দ্রব্য প্রত্যেকে ১ পল অর্থাৎ ৮ আটতোলা, জল ১৬ সের, শেষ /৪ সের, আমলকীর রস /৪ সের, ঘৃত /৪ সের, ইক্ষুরস /৪ সের, দুগ্ধ /৪ সের, অভয়া (হরীতকী) কল্ক /১ সের, এই সকল দ্রব্য যথারীতি একত্র পাক করিবে। শীতল হইলে মধু ও শর্করা /১ সের মিশ্রিত করিবে। এই ঘৃত (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া) সেবন করিলে পিত্তগুল্ম ও সর্ব্ব প্রকার পিত্তবিকার নষ্ট হয় ॥ ৩৪ ॥

ক্ষীরষট্পলকং ঘৃতম্—

পিপ্পলীপিপ্পলীমূলচব্যচিত্রকনাগরৈঃ। পলিকৈঃ সযবক্ষারৈঃ সর্পিঃপ্রস্থং বি-

পাচয়েৎ॥ ক্ষীরপ্রস্থেন তৎসর্পির্হন্তি-গুল্মং কফাত্মকং। গ্রহণীপাণ্ডুরো-গঘ্নং প্লীহকাসজ্বরাপহং॥ ৩৫॥

ক্ষীরষট্পলকে ঘৃতে।—ক্ষীরপ্রস্থেনৈব কেবলেন ঘৃতমনেন পাক ইতি ব্রুবতে অন্যে তু ত্রিগুণং জলং দদতি তন্ন সর্ব্বথা দ্রবান্তুক্তৌ হি জলং দ্রবং ভবতীত্যাহ চক্রঃ॥ ৩৫॥

পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা, শুঠ ও যবক্ষার, এই সকল দ্রব্যের কল্ক প্রত্যেকে ১ পল, ঘৃত /৪ সের, দুগ্ধ /৪ সের যথারীতি একত্র পাক করিয়া (বিবেচনার সহিত মাত্রাদি স্থির করতঃ) সেবন করিলে কফগুল্ম, গ্রহণী, পাণ্ডু, প্লীহা, কাস ও জ্বর নষ্ট হয়॥ ৩৫॥

ধাত্রীষট্পলকং ঘৃতম্—

ধাত্রীফলানাং স্বরসে ষড়ঙ্গং বিপচেদ্ঘৃতং। শর্করাসৈন্ধবোপেতং তদ্ধি-তং সর্ব্বগুল্মিনাং॥ ৩৬॥

ধাত্রীত্যাদি।—সুশ্রুতস্য। ধাত্রীস্বরসশ্চতুর্গুণঃ। ষড়ঙ্গমিতি যবক্ষারসহিতপঞ্চকোল কল্কং প্রত্যেকং পলিকং। উক্তং হি "পঞ্চকোলৈর্ঘৃতং ক্ষীরৈঃ প্রত্যেকং পলিকৈঃ পচেৎ। ক্ষীরে ধাত্রীরসে বাপি সিতাসৈন্ধবযোজিতং"। শর্করাসৈন্ধবোপেতমিতি শর্করা সৈন্ধবয়োর্মিলিত্বা পাদিকয়োঃ প্রক্ষেপঃ। অত্রাপি শর্করাপাদত্রয়ং সৈন্ধবস্যৈকপাদ ইতি বদন্তি॥ ৩৬॥

আমলকীর স্বরসের সহিত পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা, শুঁঠ ও যবক্ষার, ইহাদের প্রত্যেকে ১ পল অর্থাৎ ৮ আট তোলা পরিমাণ কল্ক করিয়া যথা-বিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। পাক শেষে শর্করা ও সৈন্ধব প্রক্ষেপ দিয়া (বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) সেবন করিবে। ইহাদ্বারা সর্ব্বপ্রকার অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত, কফজনিত, দ্বিদোষ জনিত, সন্নিপাত (ত্রিদোষ) জনিত ও রক্তজনিত গুল্ম রোগ নষ্ট হয়। ৩৬॥

ভার্গীষট্পলকং ঘৃতম্—

ষড়্ভিঃ পলৈর্মগধজাজলমূলচব্য বিশ্বৈর্যবক্ষজনযাবককল্কপক্কং। প্রস্থং ঘৃতস্য দশমূলরুবকভার্গী ক্বাথেপ্যথোপয়সি দধ্নি চ ষট্পলাখ্যং॥ গুল্মোদরারুচি ভগন্দরবহ্নিসাদ কাসজ্বরক্ষয়শিরঃগ্রহণীবিকারান্। সদ্যঃ শমংনয়তি যে চ কফানিলোত্থ ভার্গীষট্পলমিদং প্রবদন্তি-বৈদ্যাঃ॥ ৩৭॥

ষড়্ভিঃ পলৈরিত্যাদি।—মগধজা পিপ্পলী তস্যাঃ জলং মূলঞ্চ জলমশ্চিত্রকঃ যাবকো যবক্ষারঃ। যাবজেতি পাঠে স এবার্থঃ। অত্র ক্ষীরং স্নেহসমং দ্রবান্তরেণ যোগে হি ক্ষীরং স্নেহসমং ভবেদিত্যুক্তেঃ। দধিক্বাথৌ তু মিলিত্বা ত্রিগুণৌ অত্র চতুর্গুণঃ পাকঃ। একেনাপি চাতুর্গুণ্যং প্রত্যেকমপি চাতুর্গুণ্যং ত্রিভিরপিচাতুর্গুণ্যমিতি বচনাৎ। অন্যে তু ক্বাথোদ্বিগুণঃ ক্ষীরং দধি চ প্রত্যেকং স্নেহসমমিত্যাহুঃ। নিশ্চলস্তু ক্বাথশ্চতুর্গুণঃ দধি তু চতুর্গুণং ক্ষীরন্তু স্নেহসমমিত নবগুণঃ পাক ইত্যাহ। অন্যে তু দধিক্বাথৌ মিলিত্বা চতুর্গুণৌ ক্ষীরন্তু স্নেহসমমিতি পঞ্চগুণঃ পাক ইত্যাহুঃ॥ ৩৭॥

পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, শুঁঠ, চিতা ও যবক্ষার, এই সকলের প্রত্যেকে ১ পল পরিমাণ কল্ক এবং ঘৃতের তুল্য দুগ্ধ ও চতুর্গুণ দধি এবং দশমূলী, এরণ্ডমূল ও ব্রহ্মযষ্টির চতুর্গুণ ক্বাথসহ ঘৃত /৪ সের যথানিয়মানুসারে পাক করিবে। এই ঘৃত (অবস্থাদি বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিলে, উদরাময়, অরুচি, ভগন্দর, কাস, জ্বর, ক্ষয়রোগ, শিরোরোগ, গ্রহণীবিকার এবং অগ্নিমান্দ্য, গুল্ম ও বাতকফজ রোগের সদ্য শান্তি হয়। এই ঘৃতকে আয়ুর্ব্বেদজ্ঞ পণ্ডিতগণ ভার্গীষট্পল ঘৃত বলেন।

বেল, শ্যোণা, পারুল, গণিয়ারী ও গাম্ভারীছাল এবং শালপাণি (ছালানি),

চাকলে, বৃহতী (ব্যাকুর), কন্টকারী, গোক্ষুর, ইহাদিগকে দশমূল বলা যায় ॥ ৩৭ ॥

ভল্লাতকং ঘৃতম্—

ভল্লাতকানাং দ্বিপলং পঞ্চমূলং পলোন্মিতং। সাধ্যং বিদারীগন্ধাদ্যমাপোথ্য সলিলাঢকে ॥ পাদাবশেষে পূতে চ পিপ্পলীং নাগরং বচাং। বিড়ঙ্গং সৈন্ধবং হিঙ্গুযাবশূকং বিড়ং শটীং ॥ চিত্রকং মধুকং রাস্নাং পিষ্ট্বা কর্ষসমান্ ভিষক্। প্রস্থঞ্চ পয়সোদত্ত্বা ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ ॥ এতদ্ভল্লাতকং নামকফগুল্মহরং পরং। প্লীহপাণ্ড্বাময়শ্বাসগ্রহণীকাসগুল্মনুৎ ॥ ৩৮ ॥

ভল্লাতকঘৃতং দ্বিগুণদ্রবৈনৈব পক্তব্যং নির্দ্দিষ্টে তদ্দেবহীতি বচনাৎ পঞ্চমূলং স্বল্পং তদেব বিদারীগন্ধাদ্যং প্রত্যেকং পলোন্মিতং। ভল্লাতকং নামেত্যনন্তরং সর্পিরিতি শেষঃ চরকে তু এতদ্ভল্লাতকঘৃতং কফগুল্মহরং পরমিত্যেব পাঠঃ ॥ ৩৮ ॥

ভেলা ২ পল, স্বল্পপঞ্চমূল অর্থাৎ শালপাণি, চাকলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর প্রত্যেকে ১ পল ও বিদারী গন্ধাদি প্রত্যেকে এক এক পল অর্থাৎ ৮ আটতোলা, এই সকল দ্রব্য ।৬ সের জলে সিদ্ধ করিয়া /৪ সের অবশিষ্টে ক্কাথ বস্ত্রপূত করিয়া লইবে। কল্কদ্রব্য যথা—পিপ্পলী, শুঁঠ, বচ, বিড়ঙ্গ, সৈন্ধব, হিঙ্গু, যবক্ষার, বিট্‌লবণ, শটী, চিতা, যষ্টিমধু, রাস্না, ইহাদের প্রত্যেকে ২ তোলা কল্ক এবং পূর্ব্বোক্ত ক্কাথ ও দুগ্ধ /৪ সের সহিত ঘৃত /৪ সের যথা বিহিত নিয়মানুসারে পাক করিবে। এই ভল্লাতক ঘৃতদ্বারা কফগুল্ম, প্লীহা, পাণ্ডু, শ্বাস, গ্রহণী, কাস ও গুল্মরোগ বিনষ্ট হয়।

বিদারি গন্ধাদিগণ যথা—শালপর্ণী, বিদারী (ভূঁইকুমড়), সহদেবা (বেড়েলা), বিশ্বদেবা (গোরক চাকলে), শ্বদংষ্ট্রা (গাক্ষুর), পৃথক্‌পর্ণী (চাকলে), শতাবরী (শতমূলী), সারিবা (অনন্তমূল), কৃষ্ণসারিবা (শ্যামালতা), জীবন্তী, ঋষভক, সহা (মুগাণি), মহাসহা (মাষাণী), বৃহতী, কন্টকারী, পুনর্নবা, এরণ্ড, হংসপদী, বৃশ্চিকালী, ঋষভী (আলকুশী) ॥ ৩৮ ॥

রসোনাদ্যং ঘৃতম্—

রসোনস্বরসে সর্পিঃ পঞ্চমূলরসান্বিতং। সুরারণালদধ্যম্লমূলকঃ স্বরসৈঃ সহ ॥ ব্যোষদাড়িমবৃক্ষাম্ল যমানীচব্যসৈন্ধবৈঃ। হিঙ্গু [illegible] [illegible] ॥ সিদ্ধং গুল্মগ্রহণ্যর্শঃশ্বাসোন্মাদক্ষয়জ্বরান্। কাসাপস্মার [illegible] য়েৎ ॥ ৩৯ ॥

রসোনেত্যাদৌ।—পঞ্চমূলং মহৎপঞ্চমূলং বাতকফহরত্বাৎ তস্য রসঃ ক্কাথঃ। রসোনস্বরসাদীনাং ষন্নাং স্নেহসমত্বং দীপ্যকং ক্ষেত্র যমানী ॥ ৩৯ ॥

রসোনের স্বরস, মহৎ পঞ্চমূলের ক্কাথ, সুরা, কাঞ্জিক, দধি ও অম্লমূলক (কাঞ্জির নিম্নস্থ পদার্থবিশেষ), এই সকল দ্রব্য প্রত্যেকে /৪ সের ও ঘৃত /৪ সের একত্র পাক করিবে। এবং নিম্নলিখিত কল্ক প্রদান করিবে। কল্কদ্রব্য যথা—ত্রিকটু, দাড়িম, মহাদা, হিঙ্গু, যমানী, চৈ, সৈন্ধব, থৈকুল, জীরা, যমানী, এই সকল প্রত্যেকে ১ পল। এই ঘৃত যথাবিধি পাক করিয়া সেবন করিলে গুল্ম, গ্রহনী, অর্শঃ, উন্মাদ, শ্বাস, ক্ষয়রোগ, জ্বর, কাস, অপস্মার, মন্দাগ্নি, প্লীহা, বায়ু ও শূলরোগ প্রশমিত হয়।

মহৎ পঞ্চমূল যথা—বেলছাল, পারুল-

ছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল ও শ্যোণাছাল ॥ ৩৯ ॥

দন্তীহরীতকী—

জলদ্রোণে বিপক্তব্যা বিংশতিঃ পঞ্চ-চাভয়াঃ। দন্ত্যাঃ পলানি তাবন্তি চি-ত্রকস্য তথৈব চ ॥ তেনাষ্টভাগশেষেণ পচেদন্তী সমংগুড়ং। তাশ্চাভয়া-ত্রিবৃচ্চূর্ণাত্তৈলাচ্চাপি চতুঃপলং ॥ পলমেকং কণাশুণ্ঠ্যোঃ সিদ্ধেলেহে শীতলে। ক্ষৌদ্রং তৈলসমং দত্ত্বা চাতুর্জ্জাত পলন্তথা ॥ ততোলেহপলং লীঢ়া জগ্ধ্বা চৈকাং হরীতকীং। সুখং বিরিচ্যতে স্নিগ্ধো দোষপ্রস্থমনা-ময়ঃ ॥ প্লীহশ্বয়থুগুল্মার্শোহৃৎপাণ্ডু-গ্রহণীগদাঃ। শাম্যন্তি হৃন্মনোদ্বেগবিষম-জ্বরকুষ্ঠান্যরোচকাঃ ॥ ৪০ ॥

জলদ্রোণ-ইত্যাদৌ।—বিংশতিঃপঞ্চচাভয়া ইত্যাকৃতিমানাৎ। হরীতকীফলানি কর্পটে পোট্টলীং বদ্ধা অগস্ত্যহরীতকীবৎ ক্বথনীয়ানি। তৈলাৰ্দ্ধকুড়বমিতি পলচতুষ্টয়মিত্যর্থঃ তৈলমুৎ-স্বিন্নহরীতকীভর্জ্জনার্থং ন তু ত্রিবৃচ্চূর্ণপরিভর্জ্জ-নার্থং ভর্জনেন বিরেচনশক্ত্যপকর্ষপ্রসঙ্গাৎ। পল-মেকং কণাশুণ্ঠ্যোর্মিলিত্বা এবং চাতুর্জাতপল-মিতি। প্রস্থমত্র দোষস্য সার্দ্ধত্রয়োদশপলরূপং উক্তং হি ভোজে—বমনে চ বিরেকে চ তথা শোণিতমোক্ষণে। সার্দ্ধত্রয়োদশপলং প্রস্থমাহু-র্মনীষিণ ইতি ॥ ৪০ ॥

অভয়া (হরীতকী) ২৫টী, দন্তী ২৫ পল, চিতা ২৫ পল অর্থাৎ ২০০ দুই শত তোলা (/৩ সের ও আট তোলা), এই সকল দ্রব্য একত্র ৬৪ সের জলে সিদ্ধ করিয়া /৮ সের শেষ থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। উক্ত হরীতকী ২৫টী ৪ পল তৈলে ভাজিয়া লইয়া পূর্ব্বোক্ত ক্বাথ ও ২৫ পল গুড় সহিত পাক ক-রিবে। এবং আসন্ন পাকে অর্থাৎ গাঢ় হইলে তেউড়ীচূর্ণ ৪ পল, পি-প্পলী ১ পল ও শুঁঠ ১ পল প্রক্ষেপ ক-রিবে। শীতল হইলে মধু ৪ পল, দারু-চিনি এলাইচ, তেজপত্র ও নাগকেশর ১ পল মিশ্রিত করিবে। এই লেহ ১ পল ও হরীতকী একটী সেবন করিবে। ইহাদ্বারা অক্লেশে স্নিগ্ধ রোগীর প্রস্থ পরিমিত (অর্থাৎ সার্দ্ধ ত্রয়োদশ পল) দোষ বিরেচন হয় এবং প্লীহা, শোথ, গুল্ম, অর্শঃ, হৃদ্রোগ, পাণ্ডু, গ্রহণী, হৃ-মনোদ্বেগ, বিষমজ্বর, কুষ্ঠ ও অরুচি প্রভৃতি রোগের শান্তি হয়।

ইহাতে যে মাত্রার বিষয় লিখিত হইয়াছে উহা আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়, আধুনিক লোকে ঐরূপ মাত্রায় সেবন করিলে উপকার হওয়া দূরে থাক বিশেষ অনিষ্ট হইবার সম্ভা-বনা। অতএব বিশেষ বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া লইবে ॥ ৪০ ॥

বৃশ্চীরাদ্যরিষ্টঃ—

বৃশ্চীরমুরুবূকঞ্চ বর্ষাহ্বং বৃহতীদ্বয়ং। চিত্রকঞ্চজলদ্রোণে পচেৎ পাদাব-শেষিতং ॥ মাগধীচিত্রকক্ষৌদ্র লিপ্ত-কুম্ভে নিধাপয়েৎ। মধুনঃ প্রস্থমা-বাপ্য পথ্যাচূর্ণার্দ্ধসংযুতং ॥ বুষো-ষিতং দশাহঞ্চ জীর্ণভক্তঃ পিবেন্নরঃ। অরিষ্টোঽয়ং জয়েদ্গুল্ম মবিপাকং সুদুস্তরং ॥ ৪১ ॥

বৃশ্চীর-মিত্যাদি।—বৃশ্চীরঃ শ্বেতপুনর্নবা বৃশ্চী-রাদীনাং মিলিত্বা পলশতং দ্রোণে দ্রব্যতুলাম-তেতি বচনাৎ অন্যে ত্বাঢ়কমাহুঃ। মাগধী পিপ্পলী মধুনঃ প্রস্থমিতি শরাবচতুষ্টয়ং পথ্যাচূ-র্ণার্দ্ধসংযুতমিতি হরীতকীচূর্ণপ্রস্থার্দ্ধমষ্টৌ পলানি তেন সংযুতং। বুষোষিতং তুষধান্যরাশিমধ্যে স্থিতং। জীর্ণভক্তঃ পরিণতাহারঃ লঘুকোষ্ঠ ইত্যর্থঃ। অস্য পলমর্দ্ধপলং বা প্রাতরুপ-যোজ্যং ॥ ৪১ ॥

শ্বেতপুনর্নবা, এরণ্ডমূল, পুনর্নবা, বৃহতী, কণ্টকারী ও চিতা, এই সমুদায়

দ্রব্য ।২॥০ সের, ৩৪ সের জলে পাক করিয়া ।৮ সের অবশিষ্টে যথানিয়মানুসারে কাথ গ্রহণ করিবে। অনন্তর পিপ্পলী, চিতা ও মধুদ্বারা কলসীর মধ্যভাগ লেপন করতঃ তাহাতে উক্ত ক্কাথ রাখিয়া দিবে। এবং মধু /৪ সের ও হরীতকী চূর্ণ অর্দ্ধ সের উহাতে মিশ্রিত করতঃ দশদিবস পর্য্যন্ত (ধান্যরাশি মধ্যে) রাখিয়া দিবে। ইহা আহার সম্পূর্ণরূপ জীর্ণ হইলে অর্থাৎ শূন্যোদরে (রোগীর অবস্থাদি বিবেচনা পূর্ব্বক মাত্রাস্থির করতঃ) পান করিবে। ইহাদ্বারা দারুণ অপক্ক গুল্মরোগ নষ্ট হয় ॥ ৪১ ॥

রৌধিরস্য চ গুল্মস্য গর্ভকালে ব্যতিক্রমে। স্নিগ্ধস্বিন্নশরীরায়ৈ দদ্যাৎ স্নিগ্ধং বিরেচনং ॥ ৪২ ॥

রৌধিরস্যেত্যাদৌ।—গর্ভকালব্যতিক্রম ইতি গর্ভকালস্য দশমাসরূপকালস্য ব্যতিক্রমে। সময় নিয়মং রক্তগুল্মস্যৌষধার্থসময়প্রদর্শনার্থমেবোক্তং জ্বরে সপ্তদিবসাৎ পাচনবৎ। ন তু গর্ভশঙ্কানিরাসার্থং দশমাসাতিক্রমেণাপি গর্ভাবস্থাদর্শনাৎ উক্তং হি-তং স্ত্রী প্রসূতে সুচিরেণ গর্ভং পুষ্টো যদা বর্ষগণৈরপি স্যাদিতি। তথা পিণ্ডিত স্পন্দনমস্য গর্ভলক্ষণাৎ বিরুদ্ধলক্ষণমুক্তং যঃ স্পন্দতে পিণ্ডিত এব নাঙ্গৈরিতি এতেন দশমাসাদর্ব্বাগপি শোণিত গুল্মাবধারণং ভবত্যেব তস্মাদ্ ব্যাধিমহিম্না অস্য দশমাসাতিক্রমে সত্যেব সুখচিকিৎসত্বপ্রদর্শনার্থং অর্ব্বাক্ চিকিৎসায়ান্তু শোণিতাতিক্রান্তৌ গর্ভাশয়োপঘাতাদিকং স্যাদিতি ॥ ৪২ ॥

রক্তগুল্মে গর্ভকাল অতিক্রম করিয়া অর্থাৎ দশম মাস অতীত হইলে স্নিগ্ধ স্বিন্নরোগিনীকে এরণ্ডতৈলাদি দ্বারা স্নিগ্ধ বিরেচন প্রদান করিবে ॥ ৪২ ॥

শতাহ্বাচিরবিল্বত্বগ্দারু ভার্গীকণোদ্ভবঃ। কল্কঃপীতোহরেদ্গুল্মং তিলক্কাথেন রক্তজং ॥ ৪৩ ॥

শতাহ্বেত্যাদি।—শতাহ্বাদিকণান্তানাং প্রক্ষেপঃ চিরবিল্বত্বক্ নাটাকারঞ্জত্বক্। তিলক্কাথেনেতি তিলফলক্কাথেনেত্যর্থঃ এবমুত্তরযোগেঽপি তিলফলস্যৈব ক্কাথঃ কেচিত্তু তিলনালকৃতক্ষারোদকেনাপি ব্যবহরন্তি। রক্তজমিত্যার্ত্তবজং। ৪৩।

শতাহ্বা, নাটাকরঞ্জার ছাল, দারুহরিদ্রা, ব্রহ্মযষ্টী (বামুনহাটী), ও পিপ্পলী, এই সকলের কল্কপ্রক্ষেপ করিয়া তিলের ক্কাথ পান করিলে রক্তগুল্ম বিনাশ প্রাপ্ত হয় ॥ ৪৩ ॥

তিলক্কাথোগুড়ব্যোষ হিঙ্গুভার্গীযুতো-ভবেৎ। পানং রক্তভবে গুল্মে নষ্টেপুষ্পেচ যোষিতাং ॥ ৪৪ ॥

তিলক্কাথেত্যাদৌ।—গুড়াদয়ঃ প্রক্ষেপ্যাঃ নষ্টপুষ্প ইত্যদৃষ্টার্ত্তবে ॥ ৪৪ ॥

রক্তগুল্মরোগে ও স্ত্রীরজঃ অদৃশ্য হইলে গুড়, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), হিঙ্গু ও বামনহাটী, ইহাদিগের সহিত তিলের ক্কাথ পান করিবে। তিলের ক্কাথ পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিয়া লইবে ॥ ৪৪ ॥

সক্ষারং ত্র্যুষণং মদ্যং প্রপিবেদস্কৃগুল্মিনী। পলাশক্ষারতোয়েন সিদ্ধং সর্পিঃ পিবেচ্চ সা ॥ ৪৫ ॥

সক্ষারেত্যাদৌ।—ক্ষারোঘণ্টাপারুল্যাদিকৃতঃ অন্যে তু যবক্ষার ইত্যাহুঃ। পলাশক্ষারতোয়েনেত্যাদি।—অকল্কমিদং ঘৃতং। পলাশস্য ক্ষারস্যাড়কমুদকাঢ়কৈঃ সংগৃহ্যাগ্নৌ সাধনীয়ং। তত্রাচ্ছপৈচ্ছিল্যাদিলক্ষণোদয়ে তৃতীয়ভাগেঽবশিষ্টে ত্রিঃ সপ্তবারান্ পরিস্রাব্য ক্ষারোদকং ঘৃতাচ্চতুর্গুণং গ্রাহ্যং তেন ঘৃতস্য পাক ইতি চক্রঃ। অন্যে তু পানীয়ক্ষারবিধিনা স্রাবিত ক্ষারাম্বুনা ঘৃতপাকং কুর্ব্বন্তি ॥ ৪৫ ॥

রক্তগুল্মে যবক্ষার ও ত্রিকটুর (মরিচ, পিপুল, শুঁঠ) সহিত মদ্য পান করিবে. অথবা পলাশক্ষার—জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিয়া পান করিবে ॥ ৪৫ ॥

উষ্ণৈর্ব্বাভেদয়েদ্ভিন্নে বিধিরাসৃগ্দরোহিতঃ। ন প্রভিদ্যেত যদ্যেবং দদ্যাদ্যোনিবিশোধনং॥ ক্ষারেণযুক্তং পললং সুধাক্ষীরেণ বা পুনঃ। রুধিরেঽতিপ্রবৃত্তে তু রক্তপিত্তহরীক্রিয়া ॥৪৬॥

উষ্ণৈর্ব্বেতি।—উষ্ণৈরুষ্ণবীর্য্যৈঃ সুরামণ্ডাদিভিঃ। ক্ষারেণেত্যাদি।—পলাশক্ষারেণ সহ পললং তিলচূর্ণং কিঞ্চিজ্জলং দত্ত্বা বর্ত্তিং বিধায় যোন্যভ্যন্তরে দদ্যাৎ। অথবা পলাশাদিক্ষারতিলচূর্ণঃ সীজক্ষীরেণ মিশ্রণীয়ং তেন সূক্ষ্মবস্ত্রং ম্রক্ষয়িত্বা বর্ত্তিঃ কার্য্যা সা চ যোন্যভ্যন্তরে দেয়া। রুধিরেত্যাদি স্পষ্টং॥ ৪৬॥

উষ্ণ বীর্য্য ঔষধি (মদ্য প্রভৃতি) দ্বারা গুল্ম ভিন্ন হইলে অসৃগ্দর (রক্তপিত্ত-রোগ) বিহিত চিকিৎসা করিবে। গুল্ম ভিন্ন না হইলে যোনি বিশোধন করিবে। এবং তিলচূর্ণ ও পলাশক্ষারদ্বারা বর্ত্তি প্রস্তুত করিয়া অথবা পলাশক্ষার ও তিলচূর্ণ সীজের দুগ্ধে মর্দ্দন করিয়া বর্ত্তি প্রস্তুত করতঃ যোনিদেশে প্রবেশ করাইবে। অত্যন্ত রক্তস্রাব হইলে রক্তপিত্ত নিবারক চিকিৎসা বিধান করা কর্ত্তব্য॥ ৪৬॥

ভল্লাতকঘৃতম্—

ভল্লাতকাৎ কল্ককষায়পক্বং
সর্পিঃপিবেৎ শর্করয়া বিমিশ্রং।
তদ্রক্তপিত্তং বিনিহন্তিপীতং
বলাসগুল্মং মধুনাসমেতং॥ ৪৭॥

ভল্লাতকাদিত্যাদি।—অত্র পাদিকশর্করাপ্রক্ষেপঃ এবং মধ্বপি কল্কবন্মধুশর্করেত্যুক্তেঃ। বলাসঃ কফঃ কফগুল্মে শর্করাস্থানে মধু দেয়মিত্যর্থঃ॥ ৪৭॥

যথাবিহিত নিয়মানুসারে ভেলার ক্বাথ ও কল্কদ্বারা ঘৃত পাক করিয়া তাহাতে শর্করা প্রক্ষেপ করতঃ (রোগের অবস্থাদি ভাল রূপ বিবেচনা পূর্ব্বক) যথা মাত্রায় পান করিলে রক্তপিত্ত এবং শর্করার পরিবর্ত্তে মধু প্রক্ষেপ করিয়া পান করিলে কফগুল্ম রোগ বিনাশ প্রাপ্ত হয়॥ ৪৭॥

বল্লূরং মূলকং মৎস্যান্ শুষ্কশাকানি বৈদলং। নখাদেচ্চালুকং গুল্মী মধুরাণি ফলানি চ॥ ৪৮॥

বল্লূরমিত্যাদি।—সুশ্রুতস্য। বল্লূরং শুষ্কমাংসং মূলকমার্দ্রং শুষ্কং বাতহরত্বাৎ পথ্যত্বাৎ। বৈদলং মুদ্গাদি আলুকং পিণ্ডালুকং। মধুরাণি ফলানি ক্ষীরিবৃক্ষফলানি ক্ষারপাণৌ ন্যগ্রোধাদিফলবর্জ্জনস্যোক্তত্বাৎ। চকারাৎ হরীতকীবর্গোপলক্ষণং গুল্মে হরীতকীবর্গস্যাপ্যহিতত্বাৎ॥ ৪৮॥

ইতি গুল্মচিকিৎসা।

গুল্মরোগী শুষ্কমাংস, শুষ্কমূলা, মৎস্য, শুষ্কশাক, দাইল, আলু ও সুস্বাদু ফল প্রভৃতি কখনো সেবন করিবে না॥৪৮॥

ইতি গুল্ম-চিকিৎসা।

অথ হৃদ্রোগ-চিকিৎসা।

বাতোৎসৃষ্টে হৃদয়ে বাময়েৎ স্নিগ্ধমাতুরং। দ্বিপঞ্চমূলীকাথেন সস্নেহলবণেন চ॥ পিপ্পল্যেলাবচাহিঙ্গুযবক্ষারোঽথসৈন্ধবং। সৌবর্চ্চলমথো শুণ্ঠী অজমোদাবচূর্ণিতং॥ ফলধান্যাম্ল কৌলত্থদধিমস্ত্বাসবাদিভিঃ। পায়য়েৎ শুদ্ধদেহঞ্চ স্নেহেনান্যতমেন বা॥১

গুল্মস্য হৃদয়ং স্থানমুক্তং অতঃ স্থানসামান্যাৎ হৃদ্রোগ উচ্যতে। বাতোপসৃষ্ট ইত্যাদি সুশ্রুতস্য। অত্রানুক্তমপি মদনফলাদিচূর্ণং বোধ্যং বমনযোগত্বাৎ। বাতজেঽপি বমনবিধানং হৃদয়স্য কফস্থানত্বাৎ এবং পিত্তজে বমনং বোধ্যং চরকে হৃদ্রোগিণো যদ্যপ্যবম্যা উক্তাস্তথাপি কফোৎক্লেশে বলীয়সি সর্ব্বত্রৈব বমনং জ্ঞেয়ং। পিপ্পলীত্যাদ্যন্যতমেনবেত্যন্তং সুশ্রুতস্য। ফলাম্লং মাতুলুঙ্গং দাড়িমাদি। হৃদ্যত্বাৎ তস্য রসোগ্রাহ্যঃ। ধান্যাম্লং কাঞ্জিকং কৌলত্থঃ কুলত্থযূষঃ। স্নেহেনান্যতমেনেতি ঘৃতাদীনামন্যতমেন॥ ১॥

বাতপ্রধান হৃদ্রোগে অর্থাৎ হৃদয় বায়ুকর্ত্তৃক দূষিত হইলে প্রথমতঃ স্নেহ

প্রয়োগ করতঃ স্নেহ লবণ মিশ্র দশমূলীর ক্বাথ পান করাইয়া রোগীকে বমন করাইবে।

শুদ্ধ দেহ রোগীকে মাতুলঙ্গ (ছোলঙ্গলেবু) দাড়িম প্রভৃতির রস, কাঞ্জিক, কুলত্থকলাইর যূষ, মদ্য, মাংসরস, ইহাদের যে কোনটীর সহিত পিপ্পলী, এলাইচ, বচ, হিঙ্গু, যবক্ষার, সৈন্ধব, সৌবর্চ্চল, শুণ্ঠী ও যমানী, এই সকলের চূর্ণ পান করাইবে।

বেলছাল, পারুলছাল, গাম্ভারীছাল, শোণাছাল, গণিয়ারীছাল, শালপানি, চাকুলে, বৃহতী (ব্যাকুড়), কন্টকারী, গোক্ষুর, ইহাদিগকে দশমূলী বলা যায় ॥ ১ ॥

নাগরম্বাপিবেদুষ্ণং কষায়ঞ্চাগ্নিবর্দ্ধনং।
কাসশ্বাসানিলহরং শূলহৃদ্রোগনাশনং ॥ ২ ॥

নাগরমিত্যাদি।—নাগরং নাগরকৃতকষায়ং পিবেৎ। বাশব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া ॥ ২ ॥

ঈষদুষ্ণ শুণ্ঠীর ক্বাথ পান করিলে অগ্নিবৃদ্ধি হয় এবং শ্বাস, কাস, বায়ু, শূল ও হৃদ্রোগ বিনষ্ট হয়।

শুঁঠ ২ দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ২ ॥

শ্রীপর্ণীমধুকক্ষৌদ্র সিতাগুড়জলৈর্ব্বমেৎ। পিত্তোপসৃষ্টে হৃদয়ে সেবেত মধুরৈঃ শৃতং ॥ ঘৃতং কষায়াংশ্চোদ্দিষ্টান্ পিত্তজ্বর বিনাশনান্ ॥ ৩ ॥

পৈত্তিকচিকিৎসামাহ শ্রীপর্ণীত্যাদি।—সুশ্রুতস্য। শ্রীপর্ণী গাম্ভারীফলং। শ্রীপর্ণীমধুকয়োরেব যৌগিকত্বাৎ জলমর্দ্ধশৃতত্বাৎ। অত্র ক্ষৌদ্রসিতাগুড়ান্ প্রক্ষিপ্য পিত্তাক্ত বমেৎ। কিম্বা জলস্য শ্রীপর্ণ্যাদিভিঃ সম্বন্ধাৎ পঞ্চযোগাঃ। অত্রানুক্তমপি মদনফলাদি বোধ্যং। উল্বনন্ত সিতোৎপলবৃন্তৈরিতি পঠিত্বা উৎপলং কুষ্ঠমিতি ব্যাচষ্টে। মধুরৈঃ শৃতং ঘৃতমিতি কাকোল্যাদিগণক্বাথকল্কসাধিতং ঘৃতং ॥ ৩ ॥

পিত্তদূষিত হৃদ্রোগে গাম্ভারী ফল ও যষ্টিমধু, এইদ্রব্যদ্বয়ের অর্দ্ধাবশিষ্ট ক্বাথে গুড়, মধু ও শর্করা প্রক্ষেপ দিয়া পান করাইয়া বমন করাইবে। এবং পিত্তজন্য হৃদ্রোগে কাকোল্যাদিগণের কল্ক ও ক্বাথদ্বারা সাধিত ঘৃত পান করাইবে।

কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক (অভাবে বংশলোচন), মুদ্গপর্ণী (মুগানী), মাষপর্ণী (মাসানী), মেদা (অভাবে অশ্বগন্ধা), মহামেদা (অভাবে শ্যামালতা), গুলঞ্চ, কাকড়াশৃঙ্গী, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ডরিয়াবৃক্ষ, ঋদ্ধি ও বৃদ্ধি (অভাবে বলা), দ্রাক্ষা (কিস্‌মিস্), জীরকদ্বয় ও যষ্টিমধু; ইহাদিগকে কাকোল্যাদিগণ কহে ॥ ৩ ॥

ঘৃতং কষায়াংশ্চোদ্দিষ্টান্
পিত্তজ্বর বিনাশনান্।
শীতাঃপ্রদেহাঃ পরিষেচনানি
তথাবিরেকো হৃদিপিত্তদুষ্টে ॥
দ্রাক্ষাসিতাক্ষৌদ্রপরূষকৈঃ স্যাৎ
শুদ্ধে চ পিত্তাপহমন্নপানং।
পিষ্টাং পিবেদ্বাপিসিতাজলেন
যষ্ট্যাহ্বাং তিক্তকরোহিণীঞ্চ ॥ ৪ ॥

শীতা ইত্যাদৌ।—দ্রাক্ষাদিভির্যুক্তমন্নপানং মণ্ডযূষাদপানমিতি কেচিৎ। অন্যে তু—পিত্তে দ্রাক্ষেক্ষুনির্য্যাসসিতাক্ষৌদ্রপরূষকৈঃ। যুক্তো বিরেকোহৃদ্যঃ স্যাদিতি তন্ত্রান্তরদর্শনাৎ দ্রাক্ষাদিভির্যুক্তো বিরেকইত্যাহুঃ। সিতাজলেনেতি শর্করামিশ্রিতজলেনেত্যর্থঃ ॥ ৪ ॥

পিত্তজ্বর নাশক ঘৃত কষাদি পান, শীত প্রদেহ, পরিষেচন ও বিরেচন, এই সকল পিত্তপ্রধান হৃদ্রোগে ব্যবস্থা করিবে।

বমন ও বিরেচনাদিদ্বারা দেহ শুদ্ধ

হইলে মধু, দ্রাক্ষা, শর্করা ও পরূষক ফল, এই সকল দ্রব্যযুক্ত পিত্তনাশক অন্ন পানাদি সেবন করিবে। এবং যষ্টিমধু ও কট্‌কী পেষণ করিয়া সরবতের সহিত পান করিবে ॥ ৪ ॥

অর্জ্জুনস্য ত্বচাসিদ্ধং ক্ষীরং যোজ্যং হৃদাময়ে। সিতয়াপঞ্চমূল্যা বা বলয়া মধুকেন বা ॥

ঘৃতেনদুগ্ধেন গুড়াম্ভসা বা
পিবন্তিচূর্ণং ককুভত্বচো যে।
হৃদ্রোগজীর্ণজ্বররক্তপিত্তং
হত্বা ভবেয়ুশ্চিরজীবিনস্তে ॥৫॥

অর্জ্জুনস্যেতি।—ক্ষীরপাকপরিভাষয়া অর্জ্জুনত্বগাদিভিঃ প্রত্যেকং সাধিতং সিতয়া সহ পেয়মিতি চত্বারোযোগাঃ। কেচিত্তু বারিসাধিতক্ষীরে সিতাপ্রক্ষেপাদিতি পঞ্চযোগানাহুঃ। পঞ্চমূলীচাত্র স্বল্পা। এতে চ যোগাবাতপিত্তে জ্ঞেয়াঃ ॥ ৫ ॥

অর্জ্জুন বল্কল; স্বল্পপঞ্চমূলী; বেড়েলা; যষ্টিমধু; ইহাদিগের যে কোন টীর কল্কসহ বিপক্ক ও শর্করা মিশ্রিত দুগ্ধ হৃদ্রোগ নাশক। ঘৃত, দুগ্ধ অথবা গুড়জলের সহিত অর্জ্জুন বল্কল চূর্ণ পান করিলে, হৃদ্রোগ, জীর্ণজ্বর ও রক্তপিত্ত বিনষ্ট হয় এবং আয়ুর্বৃদ্ধি হয়। স্বল্পপঞ্চমূলী যথা—শালপাণি, চাকলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর ॥ ৫ ॥

বচানিম্বকষায়াভ্যাং বান্তং হৃদিকফোত্থিতে। বাতহৃদ্রোগহৃচ্চূর্ণং পিপ্পল্যাদিঞ্চ যোজয়েৎ ॥ ৬ ॥

বচেত্যাদি।—স্পষ্টস্তস্য। বচাকষায়েন নিম্বকষায়েন বা বমনং কিম্বা বচাকল্কো মিম্বস্য কষায়স্তাভ্যাং মিলিত্বা বমনং; হৃদিতি হৃদ্রোগে। বাতহৃদ্রোগহৃচ্চূর্ণং পিপ্পল্যাদকেতি। অত্রৈব বাতহৃদ্রোগে পিপ্পল্যাদিনা যচ্চূর্ণমুক্তং তৎ পায়য়েদিত্যর্থঃ বাতকফমবাধাৎ। বাতহৃচ্চূর্ণং পিপ্পল্যাদিকং কৃত্বা পিপ্পল্যাদিমপুং পায়য়েদিত্যাহুরন্যে ॥ ৬ ॥

কফজন্য হৃদ্রোগে বচ ও নিমের ক্বাথ পান করিয়া বমন করিবে। এবং বাতহৃদ্রোগোক্ত পিপ্পল্যাদি চূর্ণ সেবন করিবে ॥ ৬ ॥

ত্রিদোষজেলঙ্ঘনমাদিতঃ স্যা
দন্নঞ্চ সর্বেষু হিতং বিধেয়ং।
হীনাধিমধ্যত্বমবেক্ষ্য চৈব
কার্য্যন্ত্রয়াণামপিকর্ম্মশস্তং ॥ ৭ ॥

ত্রিদোষজ ইত্যাদি।—লঙ্ঘনবিধানং কফস্য কফস্থানতয়া। ত্রিদোষজে উল্বণদোষচিকিৎসামাহ হীনাধীত্যাদি।—অধিশব্দোঽধিকবাচী, অধিকত্বমিত্যর্থঃ ॥ ৭ ॥

ত্রিদোষ (বাতজনিত, কফজনিত ও পিত্তজনিত) জন্য হৃদ্রোগে প্রথমতঃ লঙ্ঘন করিয়া তৎপরে সর্ব্ব দোষের হিতকর অন্ন পানাদি বিধান করিবে। এবং দোষের বলাবল বিবেচনা করিয়া ত্রিদোষনাশক চিকিৎসা করিবে। অর্থাৎ ত্রিদোষের (বায়ু, পিত্ত, কফ) চিকিৎসা করিবে ॥ ৭ ॥

চূর্ণং পুষ্করজং লিহ্যাম্মাক্ষিকেন সমাযুতং। হৃচ্ছূলং শ্বাসকাসঘ্নং ক্ষয়হিক্কানিবারণং ॥ ৮ ॥

চূর্ণমিত্যাদি স্পষ্টং ॥ ৮ ॥

পুষ্করমূলের (অভাবে কুড় প্রয়োগ করা যাইতে পারে) চূর্ণ মধুর সহিত লেহন করিলে হৃচ্ছূল, শ্বাস, কাস, ক্ষয় ও হিক্কারোগ বিনষ্ট হয় ॥ ৮ ॥

তৈলাজ্যগুড়বিপক্কং চূর্ণং গোধূমপার্থজং বাপি। পিবতি পয়োঽনুচ যঃ স ভবতিজিতসকলহৃদাময়ঃ পুরুষঃ ॥ ৯ ॥

তৈলাজ্যেত্যাদি:—তৈলাজ্যগুড়ান্ মিলিত্বা পাদিকান্ কৃত্বা গোধূমপার্থচূর্ণং শ্লোকমাত্রেণ তোয়েনোৎকারিকাবৎপাচ্য ভক্ষ্যং। কিম্বা গোধূমপার্থচূর্ণময়ো ভক্ষ্যঃ। তৈলাজ্যেষু সংস্কারার্থং শ্লোকমাত্রে। পার্থোঽর্জ্জুনবৃক্ষঃ। বালকঃ পূর্ব্বযোগাপেক্ষয়া ॥ ৯ ॥

গোধূমচূর্ণ ও অর্জ্জুন বল্কল চূর্ণ সমভাগ এবং উভয় চূর্ণের চতুর্থাংশ গুড়, তৈল ও ঘৃত একত্র মিশ্রিত করতঃ কিঞ্চিৎ জল প্রদান করতঃ যথানিয়মানুসারে পাক করিয়া পিণ্ডাকার করিবে। ইহা রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ সেবন করিয়া পরে দুগ্ধ পান করিলে সর্ব্বপ্রকার হৃদ্রোগ প্রশমিত হয় ॥ ৯ ॥

গোধূমককুভচূর্ণং ছাগপয়োগব্যসর্পিষাবিপক্কং। মধুশর্করাসমেতং শময়তি হৃদ্রোগমুদ্ধতং পুংসাং ॥ ১০ ॥

গোধূমেত্যাদি।—ককুভোঽর্জ্জুনঃ। অত্রাপি যোগে সর্পির্ম্মধুশর্করাণাং পূর্ব্ববন্মানং গৃহীত্বা ছাগক্ষীরেণোৎকারিকাবৎ পাকঃ। শীতে মধু দেয়ম্ ॥ ১০॥

গোধূম ও অর্জ্জুন বল্কল চূর্ণের চতুর্থাংশ গব্যঘৃত, মধু ও শর্করা একত্র মিশ্রিত করতঃ ছাগদুগ্ধ সহিত যথারীতি পাক করিয়া (উপযুক্ত মাত্রায়) সেবন করিলে অতি কঠিন হৃদ্রোগেরও শান্তি হইয়া থাকে ॥ ১০ ॥

মূলং নাগবলায়াস্তু চূর্ণং দুগ্ধেনপায়য়েৎ। হৃদ্রোগশ্বাসকাসঘ্নং ককুভস্য চ বল্কলং ॥ রসায়নং পরং বল্যং বাতজিন্মাসযোজিতং। সম্বৎসরপ্রয়োগেণ জীবেদ্বর্ষশতদ্বয়ং ॥ ১১ ॥

মূলং নাগবলায়া ইতি মূলং চূর্ণরূপং মূলমিত্যর্থঃ। ককুভস্য বল্কলমিতি ককুভত্বক্ চূর্ণমপি দুগ্ধেন পেয়ং। যোগদ্বয়মেতৎ ॥ ১১ ॥

নাগবলা মূলের চূর্ণ দুগ্ধের সহিত (যথাযোগ্য মাত্রায়) পান করিলে হৃদ্রোগ, শ্বাস ও কাসরোগ নষ্ট হয়।

যথোপযুক্ত মাত্রায় অর্জ্জুন বৃক্ষের বল্কলের চূর্ণ দুগ্ধের সহিত পান করিলেও উক্তরূপ ফল হইয়া থাকে।

উক্ত ঔষধ একমাস রীতিমত সেবন করিলে শরীরের বল, পুষ্টি ও বায়ু বিনষ্ট হয়। এবং এক বৎসর পর্য্যন্ত সেবন করিলে শতবর্ষ পরমায়ুঃ লাভ হয় ॥ ১১ ॥

হিঙ্গুগ্রগন্ধাবিড়বিশ্বকৃষ্ণা
কুষ্ঠাভয়াচিত্রকযাবশূকং।
পিবেচ্চসৌবর্চ্চল পুষ্করাঢ্যং
যবাম্ভসা শূলহৃদাময়েষু ॥ ১২ ॥

হিঙ্গিত্যাদি।—পুষ্করস্যাভাবাৎ কুষ্ঠস্যে ভাগদ্বয়ং হিঙ্গ্বাদিপুষ্করান্তানাং চূর্ণং যবক্কাথে প্রক্ষিপ্য পিবেৎ ॥ ১২ ॥

হিঙ্গু, বচ, বিটলবণ, শুঁঠ, পিপ্পলী, কুড়, হরীতকী, চিতা, যবক্ষার, সৌবর্চ্চল ও পুষ্করমূল (অভাবে কুড় ব্যবহার করা যাইতে পারে), এই সকলের চূর্ণ প্রক্ষেপ দিয়া যবের ক্বাথ পান করিলে শূল ও হৃদ্রোগ নষ্ট হয়।

উক্ত ক্বাথদ্রব্য সমূহ মোট দুইতোলা, জল অর্দ্ধসের দ্বারা সিদ্ধ করিয়া এক পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ১২ ॥

দশমূলীকষায়ন্তু লবণক্ষারসংযুতং। শ্বাসং কাসঞ্চ হৃদ্রোগং গুল্মশূলঞ্চ নাশয়েৎ ॥ পাঠাম্বচাং যবক্ষারমভয়াং সাম্লবেতসাং। দুরালভাং চিত্রকঞ্চ ত্র্যূষণঞ্চ ফলত্রয়ং ॥ শটীং পুষ্করমূলঞ্চ তিন্তিড়ীকং সদাড়িমং। মাতুলুঙ্গস্য মূলানি শ্লক্ষ্ণ চূর্ণানি কারয়েৎ ॥ সুখোদকেন মদ্যৈর্বা চূর্ণান্যেতানি পায়য়েৎ। অর্শঃ শূলঞ্চ হৃদ্রোগং গুল্মঞ্চাশু ব্যপোহতি ॥ ১৩ ॥

বিল্ব, শ্যোণা, পারুল, গনিয়ারী গাম্ভারীত্বক এবং শালপানি, চাকলে, বৃহতী (ব্যাকুর), কন্টকারী ও গোক্ষুর, এই সকল দ্রব্যের ক্বাথে সৈন্ধব ও যবক্ষার

প্রক্ষেপ দিয়া পান করিলে শ্বাস, কাস, শূল, গুল্ম ও হৃদ্রোগ নষ্ট হয়।

আকনাদি, বচ, যবক্ষার, হরীতকী, অম্লবেতস (থৈকুল), দুরালভা, চিতা, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), শটী, পুষ্করমূল (অভাবে কুড়), মহার্দ্রক, দাড়িম, ছোলঙ্গ লেবুর মূল, এই সকল দ্রব্য সমভাগে উত্তমরূপ চূর্ণ করিয়া উষ্ণ জল বা মদ্যের সহিত যথাযোগ্য মাত্রায় পান করিবে। ইহাদ্বারা অর্শঃ, শূল, হৃদ্রোগ ও গুল্ম নষ্ট হয়॥ ১৩॥

পুটদগ্ধং মশ্মপিষ্টং হরিণবিষাণন্তু
সর্পিষাপিবতঃ। হৃৎপৃষ্ঠ শূলমুপশ
মুপযাত্যচিরেণকষ্টমপি॥ ১৪॥

পুটেত্যাদি।—হরিণশৃঙ্গং কুশেন সংবেষ্ট্য মৃদা প্রলিপ্য গোময়াগ্নৌ নির্ধূমাঙ্গারে বা দগ্ধা শিলাপিষ্টং ঘৃতেন পেয়মিতি॥ ১৪॥

হরিণের শৃঙ্গ যথারীতি অন্তর্ধূমে দগ্ধ করিবে, অনন্তর উহা শিলাতে পেষণ করিয়া ঘৃতের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক যথোপযুক্ত মাত্রায়) পান করিলে সুকাষ্টদায়ক হৃদ্‌শূল ও পৃষ্ঠশূল অতি শীঘ্র বিনষ্ট হয়॥ ১৪॥

ক্রিমিহৃদ্রোগিণং স্নিগ্ধং ভোজয়েৎ
পিশিতৌদনং দধ্না চ পললোপেতং
ত্র্যহং পশ্চাদ্বিরেচয়েৎ। সুগন্ধিভিঃ
সলবণৈর্যোগৈঃ সাজাজি শর্করৈঃ॥
বিড়ঙ্গং গাঢ় ধান্যাম্লং পায়য়েদ্ধিত
মুত্তমং॥ ১৫॥

ক্রিমীত্যাদি।—পিশিতপ্রধানমোদনং পিশিতৌদনং তচ্চ দধ্না পললেন সংযুক্তং ত্র্যহং ভোজয়েৎ। পললং তিলচূর্ণং। এতচ্চাপি শীতোদকেন যোজ্যং ক্রিমীণামুৎক্লেশার্থং। পশ্চাদিতি ক্রিম্যুৎক্লেশানন্তরং বিরেচয়েৎ। কৈর্ব্বিরেচয়েদিত্যাহ সুগন্ধিভিরিত্যাদি।—যোগৈরিতি বিরেচনযোগৈঃ। কীদৃশৈঃ সুগন্ধিভিশ্চাতুর্জাতকযোগৈরিতি শেষঃ। সৌগন্ধ্যকরণঞ্চ বান্তিশঙ্কানিরা- সার্থং। বমনঞ্চ ক্রিমিহৃদ্রোগে নিষিদ্ধং ক্রিমিজর্জ্জরিতহৃদয়ত্বাৎ। সলবণৈরিত্যত্র সপললৈরিতি পঠিত্বা সগুড়তিলচূর্ণৈরিতি ব্যাখ্যানয়ন্তি কেচিৎ পীতবিরেকস্যানুপানমাহ বিড়ঙ্গগাঢ়মিত্যাদি।—বিড়ঙ্গগাঢ়ং বিড়ঙ্গচূর্ণোৎকটং; ধান্যাম্লমিতি কাঞ্জিকং। বিড়ঙ্গগাঢৈরিতি পাঠে যোগৈরিত্যস্য বিশেষণং॥ ১৫॥

ক্রিমিজন্য হৃদ্রোগে রোগীকে তিল চূর্ণ, দধি ও মাংস রসের সহিত স্নিগ্ধ অন্ন তিন দিবস ভোজন করাইবে পরে ছোট এলাইচ, তেজপত্র, নাগকেশর, সৈন্ধব, জীরা, ও শর্করা, ইহাদিগের সহিত বিরেচনোক্ত ঔষধ সেবন করাইয়া হিতকর বিড়ঙ্গ চূর্ণ মিশ্রিত কাঞ্জিক অম্ল পান করাইয়া বিরেচন করাইবে॥ ১৫॥

ক্রিমিজে চ পিবেন্মূত্রং বিড়ঙ্গাময়
সংযুতং॥ হৃদিস্থিতাঃ পতন্ত্যেব মধ-
স্তাৎ ক্রিময়ো নৃণাং। যবান্নং বিতরে-
চ্চাস্মৈ সবিড়ঙ্গ মতঃপরং॥ ১৬॥

বিরেচনযোগান্তরমাহ ক্রিমিজে চেত্যাদি।—বিড়ঙ্গকুষ্ঠচূর্ণং প্রক্ষিপ্য গোমূত্রং বিরেকার্থং পিবেৎ। বিরেচনানন্তরমগ্নিসন্ধুক্ষণার্থং পরিশিষ্টক্রিমিবিনাশার্থঞ্চাহ যবান্নমিত্যাদি।—যবান্নমিতি যবপেয়াদিকং। সবিড়ঙ্গমিতি বিড়ঙ্গবিধিনা বিড়ঙ্গকষায়সাধিতং। অতঃপরমিতি বিরেককাস্তরমিত্যর্থঃ॥ ১৬॥

বিড়ঙ্গ ও কুড়চূর্ণ মিশ্রিত গোমূত্র যথাযোগ্য মাত্রায় পান করিবে। ইহা দ্বারা হৃদিস্থিত ক্রিমি অধোগামী হইয়া পতিত হয়। অতঃপর বিড়ঙ্গচূর্ণ সহিত যবান্ন ভোজন করিবে॥ ১৬॥

বল্লভঘৃতম্—

মুখ্যং শতার্দ্ধঞ্চ হরীতকীনাং
সৌবর্চ্চলস্যাপি পলদ্বয়ঞ্চ।
পক্বং ঘৃতং বল্লভকেতিনাম্না
হৃচ্ছ্বাসশূলোদর মারুতঘ্নং॥ ১৭॥

বল্লভঘৃতে।—মুখ্যমিতি শ্রেষ্ঠং হরীতকীসৌবর্চ্চলঞ্চ কল্কং ঘৃতস্য প্রস্থঃ জলেন চ পাকঃ॥ ১৭॥

উৎকৃষ্ট হরীতকী ৫০ টী ও সৌবর্চ্চল ২ পল কল্ক সহ বিপক্ব ঘৃত যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে, হৃদ্রোগ, শ্বাস, শূল, উদরাময় ও বাত (বায়ু) রোগ নষ্ট হয় ॥ ১৭ ॥

শ্বদংষ্ট্রাদ্যং ঘৃতম—

শ্বদংষ্ট্রোশীর মঞ্জিষ্ঠা বলাকাশ্মর্য্য কর্ত্তৃণং। দর্ভমূলং পৃথক্‌পর্ণী পলাশর্ষভকৌ স্থিরা ॥ পলিকান্ সাধয়েত্তেষাং রসে ক্ষীরে চতুর্গুণে। কল্কৈঃ স্বগুপ্তর্ষভকমেদাজীবন্তিজীবকৈঃ ॥ শতাবর্য্যৃদ্ধিমৃদ্বীকা শর্করা শ্রাবণী-বিসৈঃ। প্রস্থঃ সিদ্ধোঘৃতাদ্বাত পিত্ত হৃদ্রোগশূলনুৎ ॥ মূত্রকৃচ্ছ্র প্রমেহার্শঃশ্বাসকাসক্ষয়াপহঃ। ধন্বঃস্ত্রীমদ্যভারাধ্ব ক্ষীণানাং বলমাংসদঃ ॥ ১৮ ॥

শ্বদংষ্ট্রাদ্যো।—পলাশঃ কিংশুকঃ, তস্য মূলং। অন্যে তু পলাশং শটীতি। এতস্মিন্নেকাদশপলে ক্কাথোঽষ্টগুণং জলমেকাদশশরাবং দত্ত্বা ক্কাথঃ কার্য্যঃ। পাদশেষশ্চ পাদোনশরাবত্রয়ং এতচ্চতুর্গুণং ক্ষীরমেকাদশশরাবমিতি কিঞ্চিদূনচতুর্গুণঃ পাকঃ। অন্যে তু একাদশপলে ক্কাথ্য এবাদ্ধকং জলং শেষঃ প্রস্থঃ অতশ্চতুর্গুণং ক্ষীরমাঢ়কং এবং পঞ্চগুণঃ পাকঃ। বাবভারোপীথমের। শ্রাবণী মুণ্ডিতকা। বিসং মৃণালং। ১৮॥

গোক্ষুর, বেণারমূল (বীরণমূল), মঞ্জিষ্ঠা, বেড়েলা, গাম্ভারী, গন্ধতৃণ, দর্ভমূল, পৃশ্নিপর্ণী (পিঠানী), পলাশমূল, ঋষিভক (অভাবে বংশলোচন প্রয়োগ করিতে পারা যায়), শালপানি, এই সকল দ্রব্য প্রত্যেকে ১ পল অর্থাৎ ৮ আটতোলা, ।৬ সের জলে পাক করিয়া /৪ সের অবশিষ্ট থাকিতে ক্কাথ গ্রহণ করিবে। উক্ত ক্কাথ ও ।৬ সের দুগ্ধের সহিত ঘৃত /৪ সের পাক করিবে। কল্ক দ্রব্য যথা—ত্বকশিখী, ঋষবক, মেদা, জীবন্তী, জীরা, শতাবরী, ঋদ্ধি, দ্রাক্ষা, শর্করা, মুণ্ডিরী ও মৃণাল, এই সকল পেষণ করিয়া তৈলে প্রদান করিবে। ইহা যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে, বাতপিত্তজন্য হৃদ্রোগ, শূল, মূত্রকৃচ্ছ্র, প্রমেহ, অর্শঃ, শ্বাস, কাস ও ক্ষয়রোগ নষ্ট হয়। এবং ধন্ব, স্ত্রী, মদ্য, ভার ও পথশ্রম জন্য ক্ষীণকায় ব্যক্তির মাংস ও বল বৃদ্ধি হয় ॥ ১৮ ॥

বলাদ্যং ঘৃতম্—

ঘৃতং বলানাগবলার্জ্জুনাম্বু-
সিদ্ধং সযষ্টীমধুপাদ কল্কং।
হৃদ্রোগশূলক্ষত রক্তপিত্তং
কাসানিলাসৃক্ শময়ত্যুদীর্ণং ॥১৯॥

নাগবলাঘৃতে।—নাগবলা গোরক্ষতণ্ডুলা ॥১৯॥

বেড়েলা, গোরক্ষচাকলিয়া ও অর্জ্জুনবৃক্ষের ত্বক্, ইহাদিগের ক্কাথ ও ঘৃতের চতুর্থাংশ যষ্টিমধুর কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে ঘৃতপাক করিবে। উক্ত ঘৃত সেবন করিলে উদীর্ণ হৃদ্রোগ, শূল, ক্ষত, রক্তপিত্ত, কাস ও বাতরক্ত রোগের শান্তি হয় ॥ ১৯ ॥

অর্জ্জুনঘৃতম্—

পার্থস্যকল্ক স্বরসেন পক্বং
শস্তং ঘৃতং সর্ব্বহৃদাময়েষু ॥২০॥

অর্জ্জুনঘৃতং স্পষ্টং ॥ ২০ ॥

ইতি হৃদ্রোগ-চিকিৎসা।

অর্জ্জুন বৃক্ষের কল্ক ও স্বরসে যথাবিহিত নিয়মানুসারে পক্ব ঘৃত সর্ব্বপ্রকার হৃদ্রোগে প্রশস্ত ॥ ২০ ॥

ইতি হৃদ্রোগ-চিকিৎসা।

অথ মূত্রকৃচ্ছ্র-চিকিৎসা।

বাতমূত্রকৃচ্ছ্রে—

অভ্যঞ্জনং স্নেহনিরূহবস্তি
স্বেদোপনাহোত্তর বস্তিসেকান্।
স্থিরাদিভির্ব্বাতহরৈশ্চ সিদ্ধান্
দদ্যাদ্রসাংশ্চানিলমূত্রকৃচ্ছ্রে ॥১॥

সপ্তোত্তরে মর্ম্মশতে ত্রীণি মর্ম্মাণি শিরোহৃদবস্তয়ঃ প্রধানানি। তত্র হৃদ্রোগচিকিৎসামভিধায় বস্তিরোগচিকিৎসামাহ অভ্যঞ্জনেত্যাদি।—স্থিরাদিভিরিতি শালপর্ণ্যাদিভিঃ পঞ্চমূলৈঃ। বাতহরৈরিতি বাতহরত্বেনোক্তৈঃ ॥ ১ ॥

বাতপ্রধান মূত্রকৃচ্ছ্র রোগে অভ্যঞ্জন, স্নেহ, নিরূহণ, বস্তিশোধন, স্বেদ, প্রলেপ, উত্তরবস্তি, অবসেচন এবং বাতহর শালপর্ণ্যাদিসহ সিদ্ধ মাংসরস প্রভৃতি বিশেষ হিতকর বলিয়া জানিবে ॥ ১ ॥

অমৃতা নাগরং ধাত্রী বাজিগন্ধা ত্রিকন্টকান্। প্রপিবেদ্বাতরোগার্ত্তঃ সশূলী মূত্রকৃচ্ছ্রবান্ ॥ ২ ॥

অমৃতেত্যাদি।—যোগোঽয়ং কাথেন ॥ ২ ॥

গুলঞ্চ, শুঁঠ, আমলকী, অশ্বগন্ধা ও গোক্ষুর, ইহাদিগের কাথ বাতপ্রধান সশূল মূত্রকৃচ্ছ্র রোগে পান করিবে।

ইহারা সমুদয়ে দুইতোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ২ ॥

পিত্তমূত্রকৃচ্ছ্রে—

সেকাবগাহাঃ শিশিরাঃ প্রদেহা-
গ্রৈষ্মো বিধির্বস্তি পয়োবিকারাঃ।
দ্রাক্ষাবিদারীক্ষুরসৈর্ঘৃতৈশ্চ
কৃচ্ছ্রেষু পিত্তপ্রভবেষু কুর্য্যাৎ ॥৩॥

দ্রাক্ষাবিদারীক্ষুরসৈর্ঘৃতৈশ্চেতি সহার্থে তৃতীয়া ॥ ৩ ॥

পিত্তপ্রধান মূত্রকৃচ্ছ্র রোগে সেক, অবগাহন, শীতল প্রদেহ, গ্রীষ্মকালীয় আচরণ, বস্তিকর্ম্ম, দুগ্ধ বিকৃতি এবং ঘৃতের সহিত দ্রাক্ষা (কিস্‌মিস্), ভুমিকুষ্মাণ্ড ও ইক্ষুরস প্রভৃতি বিশেষ উপকারী বলিয়া জানিবে ॥ ৩ ॥

কুশঃ কাশঃ শরো দর্ভ ইক্ষুশ্চেতি তৃণোদ্ভবং। পিত্তকৃচ্ছ্রহরং পঞ্চমূলং বস্তি বিশোধনং। এতৎ সিদ্ধং পয়ঃ পীতং মেঢ়্রগং হন্তিশোণিতং ॥ ৪ ॥

কুশইত্যাদৌ।—তৃণোদ্ভবং পঞ্চমূলমিতি যোজ্যং ॥ ৪ ॥

কুশ, কাশ, শর, দর্ভা ও ইক্ষু, ইহাদিগের মূলের কাথ পান করিলে পিত্ত মূত্রকৃচ্ছ্র রোগ বিনষ্ট হয় এবং বস্তিশোধন হইয়া থাকে।

উক্ত পঞ্চমূলের সহিত দুগ্ধ পাক করিয়া সেবন করিলে মেঢ্রগত শোণিত স্রাব নষ্ট হয়।

উক্ত কুশাদির কাথ করিতে হইলে উহারা দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে ॥ ৪ ॥

শতাবরী কাশকুশশ্বদংষ্ট্রা
বিদারি শালীক্ষুকশেরুকাণাং।
কাথং সুসিদ্ধং মধুশর্করাক্তং
পিবন্ জয়েৎ পৈত্তিক মূত্রকৃচ্ছ্রং॥৫॥

শতাবরীত্যাদৌ।— শালীতি শালীধান্যমূলং ॥ ৫ ॥

শতমূলী, কাশ, কুশ, গোক্ষুর, ভুমিকুষ্মাণ্ড, শালীধান্যমূল, ইক্ষুমূল ও কেশুর, ইহাদিগের কাথ শীতল হইলে মধু ও শর্করা মিশ্রিত করিয়া পান করিবে। ইহাদ্বারা পিত্ত জন্য মূত্রকৃচ্ছ্র রোগ বিনষ্ট হয়।

ইহাদিগের কাথও পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিতে হইবে অর্থাৎ কাথদ্রব্য

সমূহ মোট ২ তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধপোয়া ॥ ৫ ॥

হরীতকী গোক্ষুররাজবৃক্ষ
পাষাণভিদ্বিল্বযবাসকানাং।
ক্বাথং পিবেন্মাক্ষিক সংপ্রযুক্তং
কৃচ্ছ্রে সদাহে সরুজে বিবন্ধে ॥৬॥

হরীতকীত্যাদৌ।—রাজবৃক্ষঃ শোনালুকফলং ॥৬॥

পাষাণভেদী, হরীতকী, গোক্ষুর, শোনালু, বিল্ব ও দুরালভা, ইহাদিগের ক্বাথ মধু প্রক্ষেপ দিয়া সদাহ, সবিবন্ধ ও সশূল মূত্রকৃচ্ছ্র রোগে পান করিবে। এই সকল দ্রব্যের ক্বাথ ও পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিয়া লইবে ॥ ৬ ॥

গুড়েনামলকং বৃষ্যং শ্রমঘ্নং তর্পণং পরং। পিত্তাসৃগ্দাহ শূলঘ্নং মূত্রকৃচ্ছ্র বিনাশনং ॥ ৭ ॥

গুড়েনেতি গুড়ামলকফলে তুল্যমানে ॥ ৭ ॥

গুড়ের সহিত আমলকী যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে শরীরের বলবৃদ্ধি হয় এবং পরিশ্রম জনিত ক্লেশ, পিত্ত-রক্ত, দাহ, শূল ও মূত্রকৃচ্ছ্র প্রভৃতি বিনষ্ট হয়। এবং ইহা তৃপ্তিকর বলিয়া জানিবে ॥ ৭ ॥

এর্ব্বারুবীজং মধুকঞ্চ দার্ব্বীং
পৈত্তে পিবেত্তণ্ডুলধাবনেন।
দার্ব্বীংভথৈবামলকীরসেন
সমাক্ষিকাং পৈত্তিক মূত্রকৃচ্ছ্রে ॥৮॥

এর্ব্বারুঃ কর্কটী। সমাক্ষিকামিত্যস্য দার্ব্বীমিত্যনেনৈব সম্বন্ধঃ ন তু পূর্ব্বেণ ॥ ৮ ॥

পৈত্তিক মূত্রকৃচ্ছ্র রোগে ফুটীবীজ, যষ্টিমধু ও দারুহরিদ্রা, এই সকলের চূর্ণ তণ্ডুলধৌত জলের সহিত যথাযোগ্য মাত্রায় পান করিবে, অথবা মধু ও দারুহরিদ্রা চূর্ণ আমলকী রসের সহিত যথাযোগ্য পরিমাণে পান করিবে ॥৮॥

কফমূত্রকৃচ্ছ্রে।—

ক্ষারোষ্ণতীক্ষ্ণৌষণমন্নপানং
স্বেদো যবান্নং বমনং নিরূহাঃ।
তক্রং তিক্তৌষধ সিদ্ধতৈলা-
ন্যভ্যঙ্গপানং কফমূত্রকৃচ্ছ্রে ॥ ৯ ॥

ক্ষারেত্যাদি।—কফকৃচ্ছ্রে ভেষজং ক্ষারাদিভির্যুক্তমন্নপানং, ঊষণং ত্রিকটুকমিতি চক্রঃ অত্রত্র ঔষধমিতি পাঠে শুদ্ধএব। বাভটেঽপি কফে বমনস্বেদৌ তীক্ষ্ণোষ্ণকটুতৈলমিত্যুক্তম্‌।

কফজন্য মূত্রকৃচ্ছ্র রোগে ক্ষার প্রয়োগ, তীক্ষ্ণ এবং উষ্ণ গুণযুক্ত ঔষধ ও অন্নপানীয়, স্বেদ, যবান্ন, বমন, নিরূহণ, তক্র, তিক্ত ঔষধের সহিত পক্ক তৈল অভ্যঙ্গ ও পান, এই সকল কার্য্য বিশেষ উপকারী বলিয়া জানিবে॥ ৯ ॥

মূত্রেণ সুরয়াবাপি কদলীস্বরসেন বা। কফকৃচ্ছ্র বিনাশায় শ্লক্ষ্ণং পিষ্ট্বা-ত্রুটিং পিবেৎ ॥ ১০ ॥

মূত্রেণেত্যাদৌ।—ত্রুটিঃ সূক্ষ্মৈলা বাভটসম্বাদাৎ। কদলীস্বরসেনেতি কদলীমূলস্বরসেন চ।১০।

কফজাত মূত্রকৃচ্ছ্র রোগ বিনাশার্থ ছোট এলাইচ পেষণ করিয়া উপযুক্ত পরিমাণ গোমূত্র, সুরা অথবা কদলীমূল স্বরসের সহিত (যথোপযুক্ত মাত্রায়) পান করিবে ॥ ১০ ॥

তক্রেণযুক্তং শিতিমারকস্য
বীজং পীবেৎকৃচ্ছ্র বিনাশহেতোঃ।
পিবেত্তথা তণ্ডুল ধাবনেন
প্রবালচূর্ণং কফমূত্রকৃচ্ছ্রে ॥
শ্বদংষ্ট্রা বিশ্বতোয়শ্চ কফকৃচ্ছ্র বিনাশনং ॥ ১১ ॥

তক্রেণেত্যাদৌ।—শিতিমারঃ শালিঞ্চঃ প্রবালো-বিক্রমঃ ॥ ১১ ॥

কফপ্রধান মূত্রকৃচ্ছ্র রোগ বিনাশার্থ সালিঞ্চশাকের বীজ তক্রের সহিত যথোপযুক্ত মাত্রায় পান করিবে। এই

রূপ প্রবালচূর্ণ তণ্ডুল ধৌত জলের সহিত (যথাযোগ্য পরিমাণে) পান করিলেও কফপ্রধান মূত্রকৃচ্ছ্র রোগের শান্তি হয়। অথবা কফকৃচ্ছ্র বিনাশার্থ গোক্ষুর ও শুণ্ঠীর ক্বাথ পান করিবে।

গোক্ষুর ও শুঁঠ ২ দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জল দ্বারা পাক করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ ক্বাথ গ্রহণ করিবে॥ ১১॥

সর্ব্বং ত্রিদোষ প্রভবে তু বায়োঃ
স্থানানুপূর্ব্ব্যা প্রসমীক্ষ্য কার্য্যং।
ত্রিভ্যোধিকে প্রাগ্বমনং কফেস্যাৎ
পিত্তেবিরেকঃ পবনেতু বস্তিঃ॥১২॥

সমকুপিতদোষত্রয়ারব্ধমূত্রকৃচ্ছ্র চিকিৎসামাহ সর্ব্বমিত্যাদি।—বাতজাদিমূত্রকৃচ্ছ্র নির্দ্দিষ্টং ভেষজং সর্ব্বং সমত্রিদোষজে মূত্রকৃচ্ছ্রে মিলিতং কার্য্যং। তচ্চ বায়োঃ স্থানানুপূর্ব্ব্যা কর্ত্তব্যং ন তু ত্রিদোষজজ্বর ইব কফস্থানানুপূর্ব্ব্যা সমত্রিদোষজারব্ধমূত্রকৃচ্ছ্রস্য বাতস্থানত্বত্বেন প্রথমং চিকিৎসা কার্য্যা স্থানত্বাদিতি। বিষমসন্নিপাতকৃচ্ছ্র চিকিৎসামাহ ত্রিভ্যইত্যাদি।—ত্রিভ্য ইতি ছান্দসত্বাৎ ষষ্ঠ্যর্থে পঞ্চমীত্যাহুঃ। তেন ত্রয়াণাং মধ্য ইত্যর্থঃ॥ ১২॥

সান্নিপাত মূত্রকৃচ্ছ্রে বায়ুর অবস্থান আনুপূর্ব্বিক অবগত হইয়া বাতাদি মূত্রকৃচ্ছ্রোক্ত ঔষধাদি দ্বারা চিকিৎসা করিবে। এবং বায়ু, পিত্ত ও কফ, এই তিনের মধ্যে কফের প্রবলতা দৃষ্ট হইলে বমন, পিত্তাধিক্যে বিরেচন ও বায়ুর প্রবলতায় বস্তিপ্রয়োগ করিবে॥ ১২॥

বৃহতী ধাবনীপাঠা যষ্টীমধু কলিঙ্গকাঃ। পাচনীয়ো বৃহত্যাদিঃ কৃচ্ছ্র-দোষত্রয়াপহঃ॥ ১৩॥

বৃহতীত্যাদৌ।—ধাবনী কণ্টকারী। কৃচ্ছ্র দোষত্রয়াপহ ইতি কৃচ্ছ্র জনকদোষত্রয়াপহ ইত্যর্থঃ॥ ১৩॥

বৃহতী, কণ্টকারী, আকনাদি, যষ্টিমধু ও ইন্দ্রযব, ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথ পান করিলে মূত্রকৃচ্ছ্র জনক দোষত্রয় (অর্থাৎ বায়ু, পিত্ত ও কফ) বিনষ্ট হয় এবং ইহা পাচক॥ ১৩॥

তথাভিঘাতজে কুর্য্যাৎ সদ্যোব্রণ-চিকিৎসিতং। মূত্রকৃচ্ছ্রে সদাচাস্য কার্য্যা বাতহরী ক্রিয়া॥ স্বেদচূর্ণ ক্রিয়াভ্যঙ্গ বস্তয়ঃ স্যুঃ পুরীষজে। ক্বাথং গোক্ষুরবীজস্য যবক্ষারযুতং পিবেৎ। মূত্রকৃচ্ছ্রং শকৃজ্জঞ্চ পীতঃ শীঘ্রং বিনাশয়েৎ॥ ১৪॥

বাতহরীক্রিয়েতি আনাহোক্তা ক্রিয়া। স্বেদেত্যাদৌ।—চূর্ণক্রিয়েতি ফলবর্ত্তিঃ কিম্বা বিরেচনদ্রব্যচূর্ণং দত্বা গুদে নলিকয়া ফুৎকরণং॥ ১৪॥

অভিঘাত জন্য মূত্রকৃচ্ছ্রে, সদ্য ব্রণাধিকারোক্ত চিকিৎসা করিবে।

পুরীষজন্য মূত্রকৃচ্ছ্রে, সর্ব্বদাই বাত নিবারক ক্রিয়া এবং স্বেদ, ফলবর্ত্তি, অভ্যঙ্গ (মর্দ্দন) ও বস্তিক্রিয়া, এই সকল কার্য্য করিবে।

গোক্ষুর বীজের ক্বাথে যবক্ষার প্রক্ষেপ দিয়া পান করিলে পুরীষ জন্য মূত্রকৃচ্ছ্র রোগের শান্তি হয়।

গোক্ষুর ২ দুইতোলা, উত্তম রূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ ক্বাথ গ্রহণ করিবে॥১৪॥

ক্রিয়াহিতা ত্বশ্মরিশর্করায়াং
যা মূত্রকৃচ্ছ্রে কফমারুতোথে।
লেহ্যং শুক্রবিবন্ধোথে শিলাজতু সমাক্ষিকং। বৃষ্যৈর্বৃংহিতধাতোশ্চ বিধেয়াঃ প্রমদোত্তমাঃ॥ ১৫॥

অশ্মরীশর্করাজমূত্রকৃচ্ছ্র চিকিৎসামাহ ক্রিয়েত্যাদি।— অশ্মরীশর্করাভ্যামিতি চরকে পাঠঃ॥ ১৫॥

কফ বাত জন্য মূত্রকৃচ্ছ্রে, যে সকল চিকিৎসা উক্ত হইল, অশ্মরি ও শর্করা জন্য মূত্রকৃচ্ছ্র রোগেও সেইরূপ চিকিৎসা করিবে।

শুক্রবিবন্ধ জন্য মূত্রকৃচ্ছ্রে, মধুর সহিত শিলাজতু (রোগের বলাবল বিবেচনা করিয়া যথাযোগ্য মাত্রায়) লেহন করিবে। বলমাংসাদি প্রবল ব্যক্তির শুক্র পরিবর্দ্ধিত হইয়া মূত্রকৃচ্ছ্র রোগোৎপন্ন হইলে উত্তমা স্ত্রীসম্ভোগ করা বিধেয় ॥ ১৫ ॥

এলাহিঙ্গু যুতং ক্ষীরং সর্পির্মিশ্রং পিবেন্নরঃ মূত্রদোষবিশুদ্ধ্যর্থং শুক্রদোষহরঞ্চ তৎ ॥ ১৬ ॥

এলেত্যাদি।—এলাহিঙ্গুনী প্রক্ষিপ্য সসর্পিঃ ক্ষীরং পিবেদিত্যর্থঃ ॥ ১৬ ॥

মূত্রদোষ বিশোধন ও শুক্রদোষ নিবারণার্থ এলাইচ ও হিঙ্গু প্রক্ষেপিত ঘৃত মিশ্রিত দুগ্ধ যথোপযুক্ত মাত্রায় পান করিবে ॥ ১৬ ॥

যন্মূত্রকৃচ্ছ্রে, বিহিতন্তু পৈত্তে
তৎকারয়েচ্ছোণিতমূত্রকৃচ্ছ্রে,।
ত্রিকণ্টকারগ্বধ দর্ভকাশ
দুরালভা পর্ব্বতভেদ পথ্যাঃ ॥
নিঘ্নন্তিপীতা মধুনাশ্মরীঞ্চ
সংপ্রাপ্ত মৃত্যোরপি মূত্রকৃচ্ছ্রং ॥১॥

ত্রিকণ্টকেত্যাদে।—পর্ব্বতভেদঃ পাষাণভেদঃ। এষাং কষায়ে মধু প্রক্ষেপ্যং। অয় ইত্যাদি মারিতপুটিতবজ্রাদিলোহচূর্ণং রতি ৫ মধুমাত্রেণ লোহপাত্রে মর্দ্দয়িত্বা লেহ্যং। রক্তিকাক্রমেণ মাষকত্রয়পর্য্যন্তং। ত্রিভির্লেহৈরিতি দিনত্রয়েণেত্যর্থঃ ॥ ১৭ ॥

পৈত্তিক মূত্রকৃচ্ছ্রে, যে সকল ঔষধ উক্ত হইয়াছে রক্তমূত্রকৃচ্ছ্রে, ও সেই সকল ঔষধ প্রয়োগ করিবে। গোক্ষুর, শোনালু দর্ভা, কাশ, দুরালভা, পাষাণভেদি ও হরীতকী, এই সকলের ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে অশ্মরী ও মৃত্যুপ্রদ মূত্রকৃচ্ছ্র রোগের শান্তি হয়।

ক্বাথ্যদ্রব্য সমূহ ২ দুইতোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জল দ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া ক্বাথ গ্রহণ করিবে ॥ ১৭ ॥

কষায়োঽতি বলামূলসাধিতঃ সর্ব্বকৃচ্ছ্রজিৎ ॥ ১৮ ॥

কষায়েত্যাদৌ।—অতিবলা শ্বেতবলা ॥ ১৮ ॥

শ্বেতবেড়েলামূলের ক্বাথ পান করিলে সর্ব্বপ্রকার মূত্রকৃচ্ছ্র রোগ বিনষ্ট হয়। ইহার ক্বাথ ও পূর্ব্বোক্ত নিয়মানুসারে প্রস্তুত করতঃ বস্ত্রপূত করিয়া লইবে ॥ ১৮ ॥

এলাশ্মভেদক শিলাজতু পিপ্পলীনাং
চূর্ণা ন তণ্ডুলজলৈ লুলিতানি পীত্বা!
যদ্বা গুড়েন সহিতান্যবলিহ্যমানা
স্যাসন্নমৃত্যোরপি জীবিত মূত্রকৃচ্ছ্রী ॥১৯॥

এলাদিচূর্ণানি তণ্ডুলজলেন পাতব্যানি কিম্বা গুড়েন লেহ্যানীতি ॥ ১৯ ॥

এলাইচ, পাষাণভেদী, শিলাজতু ও পিপ্পলী, এই সকলের চূর্ণ তণ্ডুলোদকের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া) পান অথবা গুড়ের সহিত লেহন করিবে। ইহাদ্বারা আসন্ন মৃত্যু মূত্রকৃচ্ছ্র রোগীও জীবিত হইতে পারে ॥ ১৯ ॥

অয়োরজঃ শ্লক্ষ্ণপিষ্টং মধুনাসহ যোজিতং। মূত্রকৃচ্ছ্রং নিহন্ত্যাশু ত্রিভির্লেহৈর্নসংশয়ঃ ॥ সিতাতুল্যো যবক্ষারঃ সর্ব্বকৃচ্ছ্রবিনাশনঃ। নিদিগ্ধিকারসোবাপি সক্ষৌদ্র কৃচ্ছ্রনাশনঃ ॥ ২০ ॥

নিদিগ্ধিকাস্বরস ইতি।—কন্টকারীস্বরসঃ। উক্তং হি স্বরসং কন্টকার্য্যা বা—পাদ্যেষ্মাক্ষিকান্বিত মিতি॥ ২০॥

লৌহচূর্ণ উত্তমরূপ পেষণ করিয়া মধুর সহিত (রোগের বলাবল বিবেচনা করতঃ মাত্রাদি স্থির করিয়া) লেহন করিবে। এইরূপ তিন দিবস উক্ত লেহ সেবন করিলে মূত্রকৃচ্ছ্র রোগ নিশ্চয় নষ্ট হয়।

যবক্ষার ও চিনি সমভাগে সেবন করিলে অথবা কন্টকারীর রসে মধু প্রক্ষেপ দিয়া (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা পূর্ব্বক যথোপযুক্ত মাত্রায়) পান করিলে সর্ব্বপ্রকার কৃচ্ছ্র রোগের নিবৃত্তি হয়॥ ২০॥

শতাবরীঘৃতং ক্ষীরঞ্চ—

শতাবরী কাশকুশশ্বদংষ্ট্রা
বিদারিকেক্ষ্বামলকেষু সিদ্ধং।
সর্পিঃ পয়োবাপি তথাবিমিশ্রং
কৃচ্ছ্রেষু পিত্তপ্রভবেষু যোজ্যং॥ ২১॥

শতাবরীত্যাদি।—ঘৃতসাধনপক্ষে শতাবর্য্যাদীনাং কল্কং জলং চতুর্গুণং শর্করা তু প্রক্ষেপ্যা॥ ২১॥

শতমূলী কাশ, কুশ, গোক্ষুর, ভূমিকুষ্মাণ্ড, ইক্ষুমূল ও আমলকী, ইহাদিগের সহিত সিদ্ধকৃত দুগ্ধে বা ঘৃতে শর্করা প্রক্ষেপ দিয়া (রোগের অবস্থাদি উত্তম রূপ বিবেচনা করতঃ যথাযোগ্য পরিমাণে) পান করিলে পিত্তজন্য কৃচ্ছ্র-রোগ নষ্ট হয়।

ঘৃতপাককালে শতমূলী প্রভৃতির কল্ক ও চতুর্গুণ জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে পাক করিতে হইবে॥ ২১॥

ত্রিকন্টাদ্যং ঘৃতম্—

ত্রিকন্টকৈরণ্ড কুশাদ্য ভীরু
কর্কারুকেক্ষু স্বরসেন সিদ্ধং।
সর্পিগুড়ার্দ্ধাংশযুতং প্রপেয়ং
কৃচ্ছ্রাশ্মরীমূত্র বিঘাত হেতো॥ ২২॥

ত্রিকন্টকেত্যাদৌ।—কুশাদিতৃণপঞ্চমূলং অভীরু শতাবরী। কর্কারুঃ কুষ্মাণ্ডভেদঃ কুষ্মাণ্ডাকৃতিঃ উৎকলে প্রসিদ্ধঃ। ত্রিকন্টকাদীনাং সর্ব্বেষাং স্বরসঃ, তদভাবে কষায়ঃ। গুড়ার্দ্ধাংশযুক্তমিতি ঘৃতাপেক্ষয়া অর্দ্ধাংশোগুড় ইতি ষোড়শপল ইত্যর্থঃ, গুড়শ্চ প্রক্ষেপ্যঃ। অন্যে তু গুড়ং দত্বা এব পাক ইত্যাহুঃ॥ ২২॥

গোক্ষুর, এরণ্ডমূল, কুশ, কাশ, শর, দর্ভা, উলুমূল, কর্কারু ও ইক্ষুমূল, এই সকলের স্বরসে অথবা ক্বাথে যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করতঃ চতুর্থাংশ গুড় মিশ্রিত করিয়া (যথোপযুক্ত মাত্রায়) পান করিবে। ইহাদ্বারা মূত্রকৃচ্ছ্র, অশ্মরী ও মূত্র বিঘাত প্রভৃতি রোগ নষ্ট হয়॥ ২২॥

সুকুমারকুমারকঘৃতম্—

পুনর্নবামূলতুলা দশমূলং শতাবরী।
বলা তুরগগন্ধাচ তৃণমূলং ত্রিকন্টকং॥
বিদারীগন্ধানাগাহ্ব গুড়ূচ্যতিবলা তথা। পৃথগ্দশপলান্ ভাগান্ জলদ্রোণে বিপাচয়েৎ॥ তেনপাদাবশেষেণ ঘৃতস্যার্দ্ধাঢ়কং পচেৎ। মধুকং শৃঙ্গবেরঞ্চ দ্রাক্ষাসৈন্ধবপিপ্পলীঃ॥ দ্বিপলিকাঃ পৃথগ্দদ্যাদ্যমান্যাঃকুড়বস্তথা। ত্রিংশদ্গুড়পলান্যত্র তৈলস্যৈরণ্ডজস্য চ॥ প্রস্থং দত্বা সমালোড্য সম্যঙ্মৃদ্বগ্নিনা পচেৎ। এতদীশ্বরপুত্রাণাং প্রাগ্‌ভোজন মনিন্দিতং॥ রাজ্ঞাং রাজসমানাঞ্চ বহুস্ত্রীপতয়শ্চ যে। মূত্রকৃচ্ছ্রে কটীস্তম্ভে তথাগাঢ় পুরীষিণাং॥ মেঢ্রবংক্ষণশূলেচ যোনিশূলে প্রশস্যতে। যথোক্তানাঞ্চ গুল্মানাং বাতশোণিতকাশ্চ যে॥ বল্যং রসায়নং শ্রীমৎ সুকুমারকুমা-

রকং। পুনর্নবা শতে দ্রোণোদ্দেয়ো-ছন্যেষু তথাপরঃ ॥ ২৩ ॥

পুনর্নবেত্যাদৌ।—দশমূলস্য মিলিত্বা দশপলানি, তৃণমূলং তৃণপঞ্চমূলং এতদপি মিলিত্বা দশপলমানং বিদারিগন্ধা শালপর্ণী নাগাহ্বা নাগবলা গোরক্ষতণ্ডুলা ইত্যর্থঃ। অতিবলা শ্বেতবলা। দ্রোণ ইতি দ্রব্যতুলাদ্বয়ে প্রত্যেকং দ্রোণ ইত্যর্থঃ। দ্বিপলিকা ইতি পলদ্বয়মানা ইতি। গুড়মেরগুতৈলঞ্চ দত্ত্বৈব পাকঃ। দেয়োঽন্যেষু তথাপর ইতি অন্যেষু দশমূলাদিষ্বপরদ্রোণ ইত্যর্থঃ। সুকুমারেতি সুকুমারাঃ সুখিনঃ কুমারাঃ শিশবঃ তয়োর্হিতত্বাৎ সুকুমারকুমারকসংজ্ঞা ॥ ২৩ ॥

ইতি মূত্রকৃচ্ছ্রচিকিৎসা।

পুনর্নবারমূল ।২॥০ সের এবং দশমূল, শতমূলী, বেড়েলা, অশ্বগন্ধা, তৃণপঞ্চমূল, গোক্ষুর, শালপর্ণী, গোরক্ষচাকলিয়া, গুলঞ্চ ও শ্বেতবেড়েলা, এই সকল দ্রব্য প্রত্যেকে ১০ পল অর্থাৎ ৮০ তোলা (/১।০ সোয়া সের), ২ দুই দ্রোণ জলসহ পাক করিয়া চতুর্থ ভাগাবশেষ থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। অনন্তর এই ক্বাথ, নিম্নলিখিত কল্কদ্রব্য ও /৪ চারিসের এরণ্ডতৈল সহিত ঘৃত /৮ সের পাক করিবে। কল্কদ্রব্য যথা—যষ্টিমধু, আদা, দ্রাক্ষা, সৈন্ধব, পিপ্পলী প্রত্যেকে ২ পল (অর্থাৎ ১৬ ষোলতোলা বা একপোয়া) যমানী /॥০ অর্দ্ধসের, এই সমুদায় কল্ক প্রদান করিয়া একত্র মন্দ অগ্নিতে যথা নিয়মানুসারে পাক করিবে। এবং পাক শেষে পুরাতন গুড় ৩০ পল অর্থাৎ ২৪০ তোলা (/৩৴ তিনসের তিনপোয়া) উহাতে মিশ্রিত করিয়া লইবে। ধনি পুত্র, রাজা বা রাজতুল্য এবং বহু পত্নিক পুরুষ আহারের আদিতে সেবন করিবে। মূত্রকৃচ্ছ্র, কটিস্তম্ভ, গাঢ় পুরীষ এবং মেঢ়, বংক্ষণ ও যোনিশূল, গুল্ম, বাতিকজ প্রভৃতি রোগেও এই ঘৃত প্রশস্ত। এই সুকুমার কুমার ঘৃত, বলকারক, রসায়ন ও শীতল।

ক্বাথ প্রস্তুত করিতে ২ দ্রোণ জল বলার কারণ এই, প্রথম পুনর্নবা শত পলে এক দ্রোণ ও অন্যান্য দ্রব্যসমূহে ১ এক দ্রোণ সুতরাং এই ২ দুইদ্রোণ জলে ক্বাথ প্রস্তুত করিবে।

বেলছাল. গণিয়ারীছাল, গাম্ভারীছাল, শ্যোণাছাল, পারুলছাল, শালপাণি (ছালানী), চাকলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী, গোক্ষুর, এই দ্রব্য সমূহকে দশমূল বলা যায়। এবং কুশমূল, কাশমূল, দর্ভামূল, শরমূল ও ইক্ষুমূল, এই পাঁচটীকে তৃণ পঞ্চমূল বলা যায় ॥ ২৩ ॥

অথ মূত্রাঘাত-চিকিৎসা।

মূত্রাঘাতান্ যথাদোষং মূত্রকৃচ্ছ্রহরৈর্জয়েৎ। বস্তিমুত্তরবস্তিঞ্চ দদ্যাৎ স্নিগ্ধং বিরেচনং॥ কল্কমের্ব্বারুবীজানাং অক্ষমাত্রং সসৈন্ধবং। ধান্যাম্লযুক্তং পীত্বৈব মূত্রাঘাতাদ্বিমুচ্যতে ॥ ১ ॥

মূত্রগতবিকারসাধর্ম্ম্যাদনন্তরং মূত্রাঘাতারম্ভঃ। মূত্রস্যাঘাতোবিবন্ধঃ। মূত্রাঘাতমূত্রকৃচ্ছ্রয়োশ্চায়ং ভেদঃ। মূত্রকৃচ্ছ্রে কৃচ্ছ্রত্বমধিকমীষদ্বিবন্ধঃ, মূত্রাঘাতেষু বিবন্ধোমহান্ কৃচ্ছ্রত্বমল্পমিতি। কল্কমিত্যাদি।—সুশ্রুতস্য। এর্ব্বারুঃ শীষকর্কটীত্রপুষং ধান্যাম্লং কাঞ্জিকং। ১ ॥

মূত্রাঘাত রোগে দোষের বলাবল বিবেচনায় মূত্রকৃচ্ছ্রনাশক ঔষধদ্বারা চিকিৎসা করিবে এবং বস্তি, উত্তর বস্তি ও স্নিগ্ধ বিরেচন ব্যবস্থা করিবে।

কাকরোলের বীজ ২ তোলা সৈন্ধব সহিত পেষণ করিয়া কাঞ্জিকের সহি-

পান করিলে মূত্রাঘাত হইতে মুক্ত হইতে পারা যায় ॥ ১ ॥

পাটল্যাযাবশূকাচ্চ পারিভদ্রাত্তিলাদপি। ক্ষারোদকেন মদিরাং ত্বগেলোষণসংযুতাং। পিবেদ্গুড়োপদংশাম্বা লিহ্যাদেতান্ পৃথক্ পৃথক্ ॥ ২ ॥

পাটল্যা ইত্যাদি।—সুশ্রুতস্য। তিলাদিতি তিলনালাৎ। ইহাপি বক্ষ্যমাণং পৃথক্ পৃথগিতি সম্বন্ধনীয়ং তেন পৃথক্ পাটল্যাদীনাং ক্ষারস্রাবোদকেন সমাং মদিরাং ত্বগেলোষণং প্রক্ষিপ্য পিবেৎ। উষণং মরিচং অন্যে তু পাটলীযাবশূকয়োর্ম্মিলিতা ক্ষারঃ কেবলযবক্ষারস্যাদৃষ্টত্বাৎ অতএব বাভটে—আয়ুর্ব্বেদসারে চ পাটলীযাবশূকাভ্যাং মিলিত্বা পচ্যতে ইত্যাহুঃ। অরুণদত্তোপ্যেবং ব্যাখ্যাতবান্। কার্ত্তিকস্তু মদিরামিত্যস্য স্থানে মতিমানিতি পাঠং স্বীকৃত্য চূর্ণিতমিতি চাধ্যাহৃত্য ব্যাচষ্টে। পাটল্যাদীনাং চূর্ণং ক্ষারোদকেন মুষ্ককক্ষারবারিণা পিবেদিতি বিশ্বামিত্রবচনাৎ। উত্থনস্তু মতিমানিত্যত্র মদিরামিতি পাঠং তথা গুড়েন মিশ্রান্ গুড়োপদংশানিতি পাঠং চানার্ষমাহ ॥ ২ ॥

পারুলি, যবক্ষার, পালিতামান্দার ও তিলনাল, ইহাদিগের ক্ষার-জলের সহিত মদ্য মিশ্রিত করিয়া এবং উহাতে দারুচিনি, এলাইচ ও মরিচ প্রক্ষেপ দিয়া (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) পান করিবে। অথবা উক্ত পারুলি প্রভৃতির ক্ষার পৃথক্ পৃথক্ গুড়ের সহিত যথোপযুক্ত মাত্রায় লেহন করিবে। ইহাদ্বারা মূত্রাঘাত রোগের শান্তি হয় ॥ ২ ॥

ত্রিফলাকল্কসংযুক্তং লবণং বাপি পায়য়েৎ। নিদিগ্ধিকায়াঃ স্বরসং পিবেদ্বাতাম্বরস্রুতং ॥ ৩ ॥

ত্রিফলেত্যাদি।—সুশ্রুতস্য। অত্রাপি পানং ক্ষারোদকেনেত্যনুবর্ত্তয়তি কার্ত্তিকঃ। অন্যে তু অভয়ামলকাক্ষাণাং কল্কং বদরসম্মিতং। অস্রুসা লবণোপেতং পিবেন্মূত্ররুজাপহমিতি বচনং মূত্রকৃচ্ছ্রপ্রতিষেধে সুশ্রুতেনোক্তং। অতস্তদর্শনাদত্রাপ্যুক্তৈব পানং তথা দ্বিলিম্বাষ্টিনাষকং বানকেত্যাহুঃ ত্রিফলাকল্কমাষা ২ সৈন্ধবমাষা ২। দ্বিতীয় যোগে তাম্বরস্রুতমিতি বস্ত্রগালিতং মধুযোগাদপ্যয়ং যোগঃ পেয়ঃ। যদাহ বাভটঃ— স্বরসং কণ্টকার্য্যা বা পায়য়েন্মাক্ষিকান্বিতমিতি ॥ ৩ ॥

ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) কল্ক সৈন্ধব লবণসংযুক্ত করিয়া (যথাযোগ্য মাত্রায়) পান করিবে, অথবা কণ্টিকারীর স্বরস বস্ত্রপূত করিয়া যথোপযুক্ত পরিমাণে পান করিবে। ইহা দ্বারা মূত্রাঘাত রোগের নিবৃত্তি হয় ॥ ৩ ॥

জলেকুঙ্কুমকল্কস্যাসক্ষৌদ্রমুষিতং নিশি। সতৈলং পাটলাভস্মক্ষারবদ্ধা পরিস্রুতং ॥ ৪ ॥

জল ইত্যাদি।—সুশ্রুতস্য। অত্র কুঙ্কুমং কল্কং শীতকষায়বিধিনা জলে পর্য্যুষিতং প্রাতর্ব্বস্ত্রস্রুতং সক্ষৌদ্রং পিবেৎ। পিবন্ কুঙ্কুমকর্ষং বা মধূদকসমায়ুতং। রাত্রিপর্য্যুষিতং প্রাতস্তথা সুখমবাপ্নুয়াদিতি পাঠান্তরং সুশ্রুতটীকাকৃতঃ পঠন্তি ব্যাখ্যানয়ন্তি চ। কুঙ্কুমকর্ষং মধূদকাভ্যামাপ্লাব্য রাত্রৌ স্থাতব্যং ততঃ পানমিতি। স তৈলমিত্যাদি দ্বিতীয়োযোগঃ সুশ্রুতস্যৈব বা শব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া। ক্ষারবদ্ধা পরিস্রুতমিতি সুশ্রুতেঽপি মূত্রকৃচ্ছ্র প্রতিষেধে—পলাশক্ষারমাশ্রিত্য সপ্তকৃত্বঃ পরিস্রুতমিতি। স্তোকং তৈলং দত্ত্বা যথামাত্রাং খাদেদবুভুক্ষিত ইতি ॥ ৪ ॥

কুঙ্কুম পেষণ করিয়া পূর্ব্ব দিবস রাত্রিতে শীতকষায় বিধানে জলের সহিত মিশ্রিত করিয়া রাখিবে। পর দিবস প্রাতঃকালে পারুলির ক্ষার মিশ্রিত করতঃ ঐ জল সাতবার বস্ত্রপূত করিয়া তৈল প্রক্ষেপ করতঃ (রোগীর বলাবল সম্যক্ বিবেচনা পূর্ব্বক উচিৎ মাত্রায়) পান করিবে। ইহাদ্বারা মূত্রাঘাত রোগের শান্তি হয় ॥ ৪ ॥

সুরাং সৌবর্চ্চলবতীং মূত্রাঘাতী পিবেন্নরঃ। দাড়িমাম্বুযুতং মুখ্যমেলাবীজং স নাগরং। পিত্বাসুরাং সলবণাং মূত্রাঘাতাদ্বিমুচ্যতে ॥ ৫ ॥

সুরামিত্যাদি।—সুশ্রুতস্য। পিবেন্নর ইত্যন্ত

এক এবায়ং যোগঃ। বাভটেঽপিসৌবর্চ্চলাঢ্যাং মদিরাং পিবেন্মূত্ররুজাপহামিত্যেবোক্তং। দাড়িমেত্যাদি।— নাগরাম্ভোদ্বিতীয়োযোগঃ। দাড়িমাম্লযুতমিতি দাড়িমরসযুতং। রসাভাবে তু ক্বাথঃ। মুখ্যমিত্যেলাবীজবিশেষণং। পীত্বা সুরাং সলবণামিতি সসৈন্ধবাং। বস্তুতস্তু দাড়িমাম্লযুতাং মুখ্যামেলাবীজকনাগরৈরিত্যনেন সম্বধ্যতে মুখ্যাং সুরামিতি টৈপেক্ষিকীং। ৫॥

মূত্রাঘাতরোগী সৌবর্চ্চল প্রক্ষেপিত সুরা (উপযুক্ত পরিমাণে) পান করিবে। অথবা দাড়িমের রসে এলাইচ ও শুণ্ঠীচূর্ণ প্রক্ষেপ করিয়া (উপযুক্ত মাত্রায়) পান করিবে এবং সৈন্ধব লবণের সহিত সুরা পান করিলেও মূত্রাঘাত রোগ হইতে মুক্ত হওয়া যায়॥ ৫॥

পিবেচ্ছিলাজতু ক্বাথে গণে বীরতরাদিকে। রসং দুরালভায়া বা কষায়ং বাসকস্য বা॥ ৬॥

পিবেদিত্যাদৌ।—বীরতরাদিগণক্বাথে শিলাজতু প্রক্ষিপ্য পিবেদিত্যর্থঃ। অত্র ব্যাধৌ শিলাজতুনোঽত্যন্তযৌগিকত্বেন দুরালভা ক্বাথে বাসকক্বাথেঽপি শিলাজতু প্রক্ষিপ্যন্তি॥ ৬॥

মূত্রাঘাতরোগে বীরতরাদিগণের ক্বাথে শিলাজতু প্রক্ষেপ দিয়া পান করিবে। অথবা দুরালভার ক্বাথে কিম্বা বাসকের ক্বাথে শিলাজতু প্রক্ষেপ দিয়া পান করিবে।

ক্বাথ্যদ্রব্য ২ দুইতোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। শর, পীতঝিণ্টী, নীলঝিণ্টী, উলু, পরগাছা, নলিকা, গুলঞ্চ, কাশ, কুশ, পাষাণভেদী, ইক্ষুমূল, শ্যোণাক, হাতিশুড়া, শুইলতা (মতান্তরে গজপিপুল), আকন্দ, গণিয়ারী, শতমূলী, গোক্ষুর, কড়ইবৃক্ষ, এই সকলকে বীরতরাদিগণ বলা যায়॥ ৬॥

ত্রিকন্টকৈরণ্ড শতাবরীভিঃ
সিদ্ধং পয়ো বা তৃণপঞ্চমূলৈঃ।
গুড়প্রগাঢ়ং সঘৃতং পয়ো বা
রোগেষু কৃচ্ছ্রাদিষু শস্যতে তৎ॥

ত্রিকন্টকেত্যাদি।—যোগত্রয়ং। গুড়প্রগাঢ়মিতি পূর্ব্বেণ যোগদ্বয়েন সম্বধ্যতে। ত্রিকন্টকাদিসিদ্ধং বা তৃণপঞ্চমূলসিদ্ধং পয়োগুড়প্রগাঢ়িতং। সঘৃতং পয় ইতি তৃতীয়োযোগঃ॥ ৭॥

গোক্ষুর, এরণ্ড ও শতমূলী, ইহাদিগের সহিত অথবা তৃণপঞ্চমূলের সহিত দুগ্ধ পাক করিয়া তাহাতে গুড় অথবা ঘৃত প্রক্ষেপ দিয়া যথোপযুক্ত মাত্রায় পান করিবে। ইহা মূত্রকৃচ্ছ্রাদি রোগে প্রশস্ত।

কুশ, কাশ, নল, দর্ভ ও ইক্ষুমূল, ইহাদিগকে তৃণপঞ্চমূল বলে॥ ৭॥

নলকুশকাশেক্ষুশিফাং ক্বথিতাং
প্রাতঃসুশীতলাং সশীতাং।
পিবতঃ প্রয়াতি নিয়তং মূত্রগ্রহ
ইত্যুবাচ কচঃ॥ গোধাবত্যামূলং ক্বথিতং ঘৃততৈলগোরসৈর্মিশ্রং। পীতং
নিরুদ্ধমচিরাদ্ভিনত্তি মূত্রস্য সংঘাতং॥ ৮॥

নলেত্যাদৌ।—শিফা মূলং তচ্চ নলাদিভিপ্রত্যেকং সম্বধ্যতে। কচঃ বৃহস্পতেঃ পুত্রঃ গোধাবতী গোহালিয়া ইতি খ্যাতা। গোরসোঽত্র তক্রং॥ ৮॥

নল, কুশ, কাশ ও ইক্ষু, ইহাদিগের মূলের ক্বাথ শীতল হইলে শর্করা প্রক্ষেপ করতঃ প্রাতঃকালে পান করিবে ইহাদ্বারা মূত্রাঘাত রোগের নিবৃত্তি হয়। উক্ত ঔষধ বৃহস্পতিতনয় কচ বলিয়াছেন।

ক্বাথ্যদ্রব্য দুই তোলা, জল অর্দ্ধ সের, অর্দ্ধ পোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে।

মুড়মুড়িয়ার (গোয়ালিয়া) মূলের ক্বাথে ঘৃত, তৈল ও তক্র মিশ্রিত

করিয়া পান করিলে অতি শীঘ্র নিরুদ্ধ মূত্রাঘাত রোগের শান্তি হয়।

উক্ত গোয়ালিয়ার মূল ২ দুইতোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া ক্বাথ গ্রহণ করিবে ॥ ৮ ॥

জলেনখদিরীবীজং মূত্রাঘাতাশ্মরী-হরং। মূলং রুদ্রজটায়াশ্চ তক্রপীতং তদর্থকৃৎ ॥ ৯ ॥

জলেনেত্যাদৌ।— খদিরীবীজমশোকবীজমিত্যাহুঃ ॥ ৯ ॥

অশোকের বীজ জলের সহিত যথোপযুক্ত মাত্রায় পান করিলে মূত্রাঘাত ও অশ্মরী রোগ নষ্ট হয়।

শিবজটার মূল তক্রের সহিত (রোগীর বলাবল বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া) পান করিলেও উক্ত রূপ ফল হইয়া থাকে ॥ ৯ ॥

মূত্রেবিবন্ধে কর্পূরচূর্ণং লিঙ্গেপ্রবেশয়েৎ। শৃতশীতপয়োহ্নাশী চন্দনং তণ্ডুলাম্বুনা। পিবেৎ সশর্করং শ্রেষ্ঠ-মুষ্ণবাতে সশোণিতে। শীতোবগাহ আ বস্তিরুষ্ণবাতনিবারণঃ। কুষ্মাণ্ড-করসশ্চাপি পীতঃ সক্ষারশর্করং ॥১০॥

মূত্র ইত্যাদৌ।—লিঙ্গ ইতি লিঙ্গরন্ধ্রে মঙ্কচূর্ব্বাকাণ্ডাদিনা চ কর্পূররজঃ প্রক্ষেপঃ। এবং স্ত্রীযোনাবপি। লিঙ্গবচনস্য সামান্যবচনত্বাৎ। শৃতেত্যাদৌ।—শ্রেষ্ঠং চন্দনমিতি যোজ্যং তেন শ্বেতচন্দনমিত্যর্থঃ। শৃতশীতপয়সান্নভোজনশীলঃ। আ বস্তীতি বস্তিভাগপর্য্যন্তং। কুষ্মাণ্ডরসঃ কুষ্মাণ্ডমঞ্জিকাবরসঃ ॥ ১০ ॥

মূত্রাঘাত রোগে কর্পূর চূর্ণ লিঙ্গমধ্যে প্রবেশিত করিবে।

সশোণিত উষ্ণবাতে পক্ব দুগ্ধ শীতল করতঃ অন্নের সহিত ভোজন করিয়া তণ্ডুলোদকের সহিত শ্বেতচন্দনের কল্ক ও শর্করা মিশ্রিত করিয়া যথাযোগ্য মাত্রায় পান করিবে।

মূত্রাঘাত রোগে বস্তিদেশ পর্য্যন্ত শীতাবগাহন করিবে অথবা কুষ্মাণ্ডের রসে শর্করা ও যবক্ষার প্রক্ষেপ দিয়া (রোগীর বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিলে উষ্ণবাত বিনষ্ট হইয়া থাকে ॥ ১০ ॥

স্ত্রীণামতিপ্রসঙ্গেন শোণিতং যস্য-সিচ্যতে। মৈথুনোপরমস্তস্য বৃংহণীয়ো হিতোবিধিঃ ॥ ১১ ॥

মূত্রদোষপ্রসঙ্গেন মূত্রমার্গপ্রবর্ত্তস্য রক্তস্যাপি বিধানমুপদিশন্নাহ স্ত্রীণামিত্যাদি।—সুশ্রুতস্য। সুশ্রুতেঽমুং গ্রন্থং কার্ত্তিককুণ্ডো ন পঠতি। শুক্রক্ষয়লিঙ্গেনৈবোক্তত্বাৎ। জেজ্জড়স্তু প্রকরণান্তরত্বাৎ শিষ্যহিতৈষিতয়া পঠতি ॥ ১১ ॥

অধিক স্ত্রীসম্ভোগে যাহার রক্ত মোক্ষণ হয় সেই ব্যক্তি কিছু দিন রতিক্রিয়া পরিত্যাগ করতঃ বলকারক ঔষধ সেবন করিবে ॥ ১১ ॥

শ্বদংষ্ট্রাফলমৃদ্বীকাকৃষ্ণেক্ষুরসিতারজঃ। সমাংশমর্দ্ধভাগানি ক্ষীরক্ষৌদ্র ঘৃতানিচ॥ সর্ব্বং সম্যগ্বিমথ্যাক্ষমানং লীঢ়া পয়ঃ পিবেৎ। হন্তি শুক্রাশ্মরোত্থাংশ্চ দোষান্ বক্ষ্যাসুতপ্রদং ॥১২॥

শ্বদংষ্ট্রেত্যাদৌ।—শ্বদংষ্ট্রাফলং শূকশিম্বীবীজং মৃদ্বিকা দ্রাক্ষা। কৃষ্ণা পিপ্পলী ন তু কৃষ্ণেক্ষুরকঃ। সুশ্রুতে পিপ্পলীপাঠাৎ। ইক্ষুরকঃ কোকিলাক্ষকস্য বীজং। সিতা শর্করা রজশ্চূর্ণং। অর্দ্ধভাগানি ক্ষীরক্ষৌদ্রঘৃতানি চেতি সম্মিতং চূর্ণাৎ ক্ষীরাদীনি প্রত্যেকমর্দ্ধভাগানি। সুশ্রুতে পুনরয়ং যোগোঽন্যথা পঠ্যতে। ক্ষৌদ্রার্দ্ধভাগঃ কর্ত্তব্যোভাগঃ স্যাৎ ক্ষীরসর্পিষোঃ। শর্করায়াশ্চ চূর্ণানি দ্রাক্ষাচূর্ণক তৎসমং। স্বয়ং গুপ্তফলস্যৈব তথৈবেক্ষুরকস্য চ। পিপ্পলীনাস্তথা চূর্ণমর্দ্ধভাগং প্রদাপয়েদিতি ॥ ১২ ॥

শূকশিম্বীবীজ, দ্রাক্ষা, পিপ্পলী, তালমাখনা বীজ ও শর্করা, এই সকল দ্র-

দুগ্ধ প্রত্যেকে উক্ত চূর্ণের চতুর্থাংশ একত্র উত্তমরূপ আলোড়ন করতঃ দুই তোলা পরিমাণে লেহন করিয়া দুগ্ধানু পান করিবে। উক্ত ঔষধ সেবনে শুক্রাশয়োত্থ দোষ নষ্ট হয় এবং বন্ধ্যানারীর পুত্র প্রসব হয়।

ইহাতে ২ দুই তোলা মাত্রায় ঔষধ সেবন করিতে আদেশ করিয়াছেন, কিন্তু ঐরূপ মাত্রা আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়, সুতরাং বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া রোগীকে সেবন করিতে দিবে ॥ ১২ ॥

চিত্রকাদ্যং ঘৃতম্—

চিত্রকং শারিবাচৈব বলা কালানুশারিবা। দ্রাক্ষাবিশালা পিপ্পল্য স্তথা চিত্রফলাভবেৎ॥ তথৈব মধুকং দদ্যাদ্দদ্যাদামলকানি চ। ঘৃতাঢকং পচেদেভিঃ কল্কৈরক্ষসমন্বিতৈঃ॥ ক্ষীরদ্রোণে জলদ্রোণে তৎসিদ্ধমবতারয়েৎ। শীতং পরিস্রুতঞ্চৈব শর্করাপ্রস্থসংযুতং॥ তুগাক্ষীর্য্যাশ্চ তৎসর্ব্বং মতিমান্ প্রতিমিশ্রয়েৎ। ততোমিতং পিবেৎ কালে যথাদোষং যথাবলং॥ বাতরেতাঃ পিত্তরেতাঃশ্লেষ্মরেতাশ্চ যো ভবেৎ। রক্তরেতাঃ গ্রন্থিরেতাঃ পিবেদিচ্ছন্নরোগতাং॥ জীবনীয়ঞ্চ বৃষ্যঞ্চ সর্পিরেতন্মহাগুণং। প্রজাহিতঞ্চ ধন্যঞ্চ সর্ব্বরোগাপহং শিবং॥ সর্পিরেতৎ প্রযুঞ্জানা স্ত্রী গর্ভং লভতেচিরাৎ। অসৃগ্দোষান্ জয়েচ্চাপি যোনিদোষাংশ্চ সংহতান্। মূত্রদোষেষু সর্ব্বেষু কুর্য্যাদেতৎ চিকিৎসিতং ॥ ১৩ ॥

চিত্রমিত্যাদি।—সুবহতস্য। কালানুশারিবা তগরপাদিকা। বিশালা গোরক্ষকর্কটী। চিত্রফলা গোরক্ষকর্কটীভেদঃ। তুগাক্ষীর্য্যা ইত্যত্র প্রস্থসংযুতমিত্যেতৎ সমাসপ্রবিষ্টমপ্যাকৃষ্য সম্বন্ধনীয়ং। কালে-জীর্ণান্নলক্ষণে। যথাদোষং যথাবলমিতি মিলিতদোষাগ্নি বলানুরূপং ॥ ১৩ ॥

ইতিমূত্রাঘাতচিকিৎসা।

চিতা, শারিবা (অনন্তমূল), বেড়েলা, তগরপাদুকা, দ্রাক্ষা, গোরক্ষচাকলিয়া, পিপ্পলী, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), চিত্রফলা (গোরক্ষচাকলে বিশেষ), যষ্টিমধু, আমলকী, এই সকলের প্রত্যেকে ২ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত কল্ক সহিত ঘৃত ।৬ সের পাক করিবে। এবং পাককালে দুগ্ধ ৬৪ সের ও জল ৬৪ সের উহাতে প্রদান করিবে। পাক শেষে শীতল হইলে বস্ত্রদ্বারা ছাকিয়া লইয়া শর্করা /২ সের ও বংশলোচন /২ সের মিশ্রিত করিবে। আরোগ্যার্থী বাতরেতা, পিত্তরেতা, শ্লেষ্মরেতা, রক্তরেতা ও গ্রন্থিরেতা যথাকালে (বয়স, কাল ও বল বিবেচনা করিয়া মাত্রা স্থির করতঃ) সেবন করিবে। উক্ত মহাফলপ্রদ ঘৃত আয়ুষ্কর, ধাতুপোষক, পুত্রপ্রদ, ধনোপার্জ্জনকারক, সর্ব্বব্যাধি বিনাশক ও মঙ্গলজনক। এই ঘৃত স্ত্রীগণ সেবন করিলে গর্ভবতী হয় এবং এই ঔষধ রক্তদোষ ও যোনিদোষ বিনষ্ট কারক। সর্ব্বপ্রকার মূত্রদোষ চিকিৎসার্থ ইহা প্রশস্ত ॥ ১৩ ॥

ইতি মূত্রাঘাত-চিকিৎসা।

অথাশ্মরী-চিকিৎসা।

বরুণস্যত্বচং শ্রেষ্ঠাং শুণ্ঠীগোক্ষুর সংযুতাং। যবক্ষারগুড়ং দত্ত্বা ক্বাথয়িত্বা পিবেদ্ধিতাং। অশ্মরীং বাতজাং হন্তি চিরকালানুবন্ধিনীং ॥ ১ ॥

মূত্রবিরোধিক্রমাবান্যাকশ্মরীচিকিৎসিতমুচ্যতে বরুণস্যেত্যাদি।—শ্রেষ্ঠামিতি কাটাদ্যনুপহতাং। যবক্ষারগুড়ৌ প্রক্ষেপ্যৌ॥ ১॥

বরুণবৃক্ষের ছাল, শুঁঠ ও গোক্ষুর, ইহারা দুইতোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে যবক্ষার ও গুড় প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা চিরকালানুবন্ধিবাতজন্য অশ্মরী রোগ নষ্ট হয়॥ ১॥

বীরতরাদিগণম্—

বীরতরঃ সহচরৌ দর্ভৌবৃক্ষাদনী-নলঃ। গুন্দ্রাকাশ কুশাবশ্মভেদ মোরটটুন্টুকাঃ॥ কুরুন্টিকা চ বশিরো বসুকঃসাগ্নিমন্থকঃ॥ ইন্দীবরীশ্বদংষ্ট্রা চ তথা কাপোতবক্তকঃ॥ বীরতরাদিরিত্যেষগণোবাতবিকারনুৎ। অশ্মরী শর্করামূত্রকৃচ্ছ্রাঘাত রুজাপহঃ॥ ২॥

বীরতর ইত্যাদি।—বীরতরঃ শরঃ সহচরৌ ঝিন্টীদ্বয়ং পীতনীলপুষ্পভেদাৎ। দর্ভ উলুয়া তৃণং বৃক্ষাদনী বন্দাকঃ। গুন্দ্রা গুন্দ্রকঃ, মোরট মিক্ষুমূলং টুন্টুকঃ শ্যোনাকঃ, কুরুন্টিকা শ্রীহস্তিনী, বশিরঃ সূর্য্যাবর্ত্তভেদঃ, বসুকোসসুরউঃ, কপোতবক্তুকঃ কড়ই ইতি খ্যাতঃ স চ শিরীষসদৃশঃ স্বল্পপত্রঃ স্বল্পবিটপঃ গণস্থাদনেন সর্ব্বকল্পনা॥ ২॥

শর, পীতঝিন্টী, নীলঝিন্টী, উলু, পরগাছা, নলিকা, গুলঞ্চ, কাশ, কুশ, পাষাণভেদী, ইক্ষুমূল, শ্যোণা, হাতিশুঁড়া, শুইলতা (মতান্তরে গজপিপ্পলী), বসুহট্ট, গণিয়ারী, শতমূলী, গোক্ষুর, কড়ইবৃক্ষ, এই সকল ঔষধকে বীরতরাদিগণ বলে। ইহা বাতবিকার, অশ্মরী, শর্করা, মূত্রকৃচ্ছ্র, মূত্রাঘাত ও বেদনা বিনাশক॥ ২॥

শুণ্ঠ্যগ্নিমন্থপাষাণশিগ্রুবরুণ গোক্ষুরৈঃ। অভয়ারগ্বধফলৈঃ ক্বাথং কুর্য্যাদ্বিচক্ষণঃ॥ রামঠক্ষারলবণচূর্ণং দত্ত্বা পিবেন্নরঃ। অশ্মরী মূত্রকৃচ্ছ্রঘ্নং পাচনং দীপনং পরং। হন্যাৎ কোষ্ঠাশ্রিতং বাতং কট্যূরুগুদ মেঢ্রগং॥৩॥

শুণ্ঠীত্যাদৌ।—পাষাণং পাষাণভেদী॥ ৩॥

শুঁঠ, গণিয়ারী, পাষাণভেদী, শজিনা, বরুণছাল, গোক্ষুর, হরীতকী ও শোনালুফল, বিচক্ষণ ব্যক্তি এই সকল দ্রব্য সমুদায়ে দুই তোলা পরিমাণ লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জল দ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া হিঙ্গু, যবক্ষার ও সৈন্ধব চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিতে দিবে। ইহাদ্বারা অশ্মরী ও মূত্রকৃচ্ছ্র রোগ নষ্ট হয়, অপর ইহা আমপাচক, অগ্ন্যুদ্দীপক এবং কোষ্ঠ, কটি, উরু, গুহ্য ও মেঢ্রগত বাতনাশক॥ ৩॥

পাষাণাদ্যং ঘৃতম্—

পাষাণভেদো বসুকোবশিরোঽশ্মন্তকস্তথা। শতাবরী শ্বদংষ্ট্রা চ বৃহতী কণ্টকারিকা॥ কপোতবক্তার্ত্তগল কাঞ্চনোশীরগুন্দ্রকাঃ। বৃক্ষাদনী ভল্লূকশ্চ বরুণঃ শাকজং ফলং॥ যবাঃ কুলত্থাঃ কোলানি কতকস্য ফলানি চ। ঊষকাদি প্রতীবাপমেষাং ক্বাথেশৃতং ঘৃতং॥ ভিনত্তিবাতসম্ভূতামশ্মরীং ক্ষিপ্রমেবতু। ক্ষারান্ যবাগূঃ পেয়াশ্চ কষায়াণি পয়াংসি চ। ভোজনানি চ কুর্ব্বীত বর্গেঽস্মিন্ বাতনাশনে॥ ৪॥

পাষাণভেদ ইত্যাদি সুশ্রুতস্য। অশ্মন্তকোঽম্ললোটকঃ কোবিদারসদৃশপত্রঃ, আর্ত্তগলঃ আসর ইতিখ্যাতঃ, গুন্দ্রিকা গুন্দ্রকঃ। কতকং তোয়প্রসাদনফলং প্রায়োমগধে কথিত। ঊষকাদিপ্রতিবাপমিতি ঊষকাদিস্থ বক্ষ্যমাণস্তৎকল্কঃ। এষামিতি পাষাণভেদাদীনাং। ঘৃতসাধনে যববর্গেণ ক্ষারাণ্যাণি আধায় ইত্যাহ। ক্ষারানিতি পানীয়-

ক্ষারান্। যদি চূর্ণাবাপঃ ক্ষারঃ পীয়তে তদা বস্তি-শোধনদ্রবেণ মদ্যাদিনা। ক্ষারোদকপক্ষে তু ক্ষারস্য কর্ষদ্বয়ং ত্রয়ং বা ষড়্গুণেন জলেন বহুশঃ পরিস্রাব্য শৃতং পেয়ং। পেয়া ইতি যবাগ্বাদীনি, পেয়াংশ্চেতি পাঠোঽপি যবাদী-নিত্যর্থঃ। যবাংশ্চেতাঽপি পাঠান্তরং ; পেয়াং-শ্চেতি তু পাঠঃ সুশ্রুতপুস্তকেষু ন দৃশ্যতে টীকাকৃতদ্ভিশ্চ ন ব্যাখ্যাতঃ। ভোজনানীতি রিক্তপীতক্ষুৎপদত্বানি যবাদ্যাশ্চ পৃথগুপাদানং প্রাধান্যখ্যাপনার্থং। বর্গেঽস্মিন্ বাতনাশন ইতি পাষাণভেদাদিকোলান্তকাথাস্য দ্রব্যবর্গে, উষকাদিকল্ক প্রতীবাপদ্রব্যং কফহরমিতি শক্তি-বিশেষসাধনার্থং সংযোজ্যমানং ক্ষারাদিষেব প্রক্ষেপবিষয়া দেয়মিত্যাহঃ। অয়মর্থো বৃন্দে-নাপ্যুক্তো যথা।—কুর্য্যাৎ ক্ষারাদিকং ক্বাথ্যে তস্মিন্ ক্ষেপমবাপকৈরিতি। ক্ষেপমিতি প্রক্ষে-পং অবাপকৈরিতি কল্কদ্রব্যৈরিত্যর্থঃ ; ছন্দো-ভঙ্গানুরোধাৎ স্বল্পং। এবং বর্গেঽস্মিন্ পিত্ত-নাশন ইত্যাদাবপি ব্যাখ্যেয়ং॥ ৪॥

পাষাণভেদী, বসুহট্, গজপিপুল আমরুলী, শতমূলী, গোক্ষুর, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী, কড়ুই, হোগল, কাঞ্চন, বেণারমূল, (বীরণমূল), পরগাছা, গুলঞ্চ, শোনাক, বরুণত্বক, শাকজফল (সেকুনেরফল), যব, কুলথকলাই, বদরী ও নির্ম্মলীফল, এই সকলের ক্বাথ ও উষকাদিগণের কল্ক দ্বারা যথা বিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিয়া (যথা যোগ্য মাত্রায়) সেবন করিলে বাতজন্য অশ্মরী শীঘ্র ভিন্ন হয়।

বাতঘ্নগণের সহিত পানীয়, ক্ষার, যবাগূ, পেয়া, কষায়াদি ও দুগ্ধ প্রভৃতি পাক করিয়া পান ও আহারার্থ ব্যবস্থা করিবে।

উষকাদি যথা ক্ষারমৃত্তিকা, সৈন্ধব, হিঙ্গু, কাশীশদ্বয়, গুগ্গুলু, শিলাজতু ও তুঁতিয়া॥ ৪॥

উষকাদিগণম্।

উষকং সৈন্ধবং হিঙ্গুকাশীশদ্বয় গুগ্-গুলুঃ। শিলাজতুঃ তুথকঞ্চ উষকাদিঃ কফং হন্তি গণো মেদোবিশোধনঃ। অশ্মরী শর্করামূত্রশূলঘ্নং কফগুল্মনুৎ॥ ৫॥

উষকাদিবর্গমাহ উষকমিত্যাদি।—সুশ্রুতস্য। উষকং ক্ষারমৃত্তিকা। কাশীশদ্বয়মিতি ধাতুকা-শীশং পুষ্পকাশীশঞ্চ তত্রাদ্যং ভস্মসদৃশং কিঞ্চি-দম্লং লবণরসং দ্বিতীয়স্ত্বীষৎপীতং কষায়-রসং॥ ৫॥

ক্ষারমৃত্তিকা, সৈন্ধব, হিঙ্গু, দ্বিবিধ হিরাকশ (পুষ্পকাশীশ ও ধাতুকা-শীশ), গুগ্গুলু, শিলাজতু ও তুঁতিয়া, এই সকলকে উষকাদিগণ বলে। উষ-কাদিগণ কফ বিশেষতঃ মেদো নাশক, এবং অশ্মরী, শর্করা, মূত্রশূল ও কফগুল্ম প্রভৃতি রোগনাশক॥ ৫॥

কুশাদ্যং ঘৃতম্—

কুশঃ কাশঃ শরোগুন্দ্র উৎকরোমো-রটোঽশ্মভিৎ। দর্ভো বিদারী বারা-হীশালিমূলং ত্রিকণ্টকঃ॥ ভল্লূকঃ পাটলীপাঠা পত্তুরোঽথ কুরুণ্টকাঃ পুনর্নবে শিরীষশ্চ কথিতাস্তেষু সা-ধিতং॥ ঘৃতং শিলাহ্বমধুকবীজৈ-রিন্দীবরস্য চ। ত্রপুষৈর্ব্বারুকাণাং বা বীজৈশ্চাবাপিতং শৃতং॥ ভিনত্তি পিত্তসম্ভূতা মশ্মরীং ক্ষিপ্রমেব চ। ক্ষারান্ যবাগূঃ পেয়াশ্চ কষায়াণিপ-য়াংসি চ। ভোজনানি প্রকুর্ব্বীত বর্গেঽস্মিন্ পিত্তনাশনে॥ ৬॥

কুশইত্যাদৌ।—মোরট ইক্ষুমূলং গুন্দ্রঃ গুন্দ্রকঃ, বারাহী বারাহীকন্দস্তদভাবে চর্ম্মকারা-লুকং। ভল্লূকঃ শ্যোনাকঃ, পত্তূরঃ শালিঞ্চঃ, পুনর্নবে পুনর্নবাদ্বয়ং। এষাং সর্ব্বেষাং ক্বাথঃ শিলাহ্বাদীনাং কল্কঃ। শিলাহ্বমধুকবীজৈ-রিত্যত্র বীজপদং সমাসপ্রবিষ্টমপি ইন্দীবরস্যে-ত্যনেন সহ সম্বন্ধনীয়ং ন তু বীজো বীজকঃ পীত-শালঃ বাস্তটসম্বাদাৎ। তথা পিষ্টৈন ত্রপুষা-দীনাং বীজেনেন্দীবরস্য চ। মধুকেন শিলাহ্বেন তৎপিত্তাশ্মরীনাশনং। ইন্দীবরক তুঁষাকঃ

গ্রন্থেন মধুকঃ কৃত্তক্রম্বজামণী-ফাবীজক উচ্যতে ইত্যপি বৃন্দবচনমবোধবিন্যস্তমেব। অস্যার্থঃ হ্রস্বনধুকশব্দেন যষ্টিমধুকমেবোচ্যতে ন তু মধুক-তরুস্তস্য বীজমব্যবহারাৎ বীজোবীজক ইতি। আবাপিতং কল্কিতঃ ॥ ৬ ॥

কুশ, কাশ, শর, গুলঞ্চ, ইকড় ও ইক্ষু ইহাদিগের মূল, পাষাণভেদী, উলুমূল, ভূমিকুষ্মাণ্ড, বরাহক্রান্তা, শালীধান্যমূল, গোক্ষুর, শোনা, পারুলী, আকনাদি, সাঁচিশাক, পীতঝিণ্টী, পুনর্নবাদ্বয় (রক্তপুনর্নবা ও শ্বেতপুনর্নবা) ও শিরীষ, এই সকলের ক্বাথ ও নিম্নলিখিত কল্ক দ্রব্য সহিত উপযুক্ত পরিমাণ ঘৃত পাক করিবে। কল্কদ্রব্য যথা—শিলাজতু, যষ্টিমধু, পদ্মবীজ, খিরাইবীজ ও ফুটীবীজ, এই সকল দ্রব্য পেষণ করিয়া তৈলে প্রদান করিবে। যথাবিধি পাক করিয়া (রোগের বলাবল বিবেচনা করতঃ যথাযোগ্য মাত্রায়) সেবন করিলে, পিত্তজন্য অশ্মরীরোগ শীঘ্র বিনষ্ট হয়

উক্ত পিত্তনাশকগণে ক্ষার, যবাগূ, পেয়া, কষায় ও দুগ্ধ এবং আর অন্যান্য আহারীয় দ্রব্য সমূহ যথাবিধানানুসারে পাক করিয়া লইবে ॥ ৬ ॥

বরুণাদ্যং ঘৃতম্—

গণে বরুণকাদৌ চ গুগ্‌গুল্বেলা হরেণুভিঃ। কুষ্ঠমুস্তাহ্বমরিচচিত্রকৈঃ সসুরাহ্বয়ৈঃ ॥ এতৈঃ সিদ্ধমজাসর্পিঃ-রূষকাদিগণেন চ। ভিনত্তি কফসম্ভূতামশ্মরীং ক্ষিপ্রমেবতু। ক্ষারান্ যবাগূঃ পেয়াশ্চ কষায়াণি পয়াংসি চ। ভোজনানি প্রকুর্ব্বীত বর্গেঽস্মিন্ কফনাশনে ॥ ৭ ॥

গণ ইত্যাদি—স্ফুজ্যম্য। অত্র বরুণাদিগণেন ক্বাথঃ শেষেণ কল্কঃ, উষকাদিগণেন কল্করূপেণ সিদ্ধমিত্যর্থঃ। অজাসর্পিরিত্যত্র বাতটে তু ঘৃতমেবোক্তং ॥ ৭ ॥

বরুণাদিগণের ক্বাথ এবং গুগ্‌গুলু, এলাইচ, রেণুকা, কুড়, মুথা, মরিচ, চিতা ও দেবদারু এবং উষকাদিগণের কল্ক সহিত যথারীতি ছাগঘৃত পাক করিবে। এই ঘৃত পান করিলে কফজন্য অশ্মরীরোগ শীঘ্র বিনষ্ট হয়।

উক্ত কফনাশকগণের সহিত পানীয় ক্ষার, যবাগূ, পেয়া, কষায়াদি, দুগ্ধ ও অন্যান্য আহারীয় দ্রব্য প্রস্তুত করিবে ॥ ৭ ॥

বরুণাদিগণঃ—

বরুণার্ত্তগলঃ শিগ্রুতর্কারীমধুশিগ্রুকাঃ। মেষশৃঙ্গীকরঞ্জৌ চ বিম্বাগ্নিমন্থমোরটাঃ ॥ শৈরীয়ৌ বশিরো দর্ভো-বরীবস্থকচিত্রকৌ। বিল্বৈশ্বোজশৃঙ্গী চ বৃহতীদ্বয় মেব চ ॥ বরুণাদিগণোহ্যেষ কফমেদো নিবারণঃ। বিনির্হন্তি শিরঃশূলং গুল্মাভ্যন্তর বিদ্রধিং ॥

বরুণত্বক্‌কষায়স্তু পীতস্তু গুড়সংযুতঃ। অশ্মরীং পাতয়ত্যাশু বস্তিশূলবিনাশনঃ ॥ ৮ ॥

আর্ত্তগলোহোগল ইতি ভানুমতিঃ। তর্কারী জয়ন্তী তন্মূলং মধুশিগ্রু রক্তশোভাঞ্জনং, করঞ্জৌ করঞ্জলাটাকরঞ্জৌ মোরটা ইক্ষুমূলং, অঙ্কোল মূলমিতি ভানুমতিঃ, হস্তিকর্ণপলাশ ইত্যন্যে। শৌরীয়ৌ পীতনীলপুষ্পঝিণ্টীদ্বয়ং দর্ভঃ কুশঃ বরী শতাবরী, বস্তকোনস্থুৎভ্তু ইতি খ্যাতঃ, অজশৃঙ্গী আবর্ত্তলিকা ॥ ৮ ॥

বরুণত্বক্‌, হোগল, শজিনা, জয়ন্তীমূল, রক্তশজিনা, অজশৃঙ্গী, ডহরকরঞ্জা, লাটাকরঞ্জা, তেলাকুচ, গণিয়ারী, ইক্ষুমূল, নীলপুষ্পঝিণ্টী, পীতপুষ্পঝিণ্টী, গজপিপুল, উলু, শতমূলী, বস্তুক (বকপুষ্প), চিতা, বেলছাল, অজশৃঙ্গী, বৃহতী (ব্যাকুড়) ও কণ্টকারী, এই সকল

কফ, মেদোরোগ, শিরঃশূল, গুল্ম, অন্তর্বিদ্রধি বিনাশক।

বরুণছালের ক্বাথে গুড়সংযুক্ত করিয়া পান করিলে অশ্মরী পতিত হইয়া বস্তিশূল শীঘ্র বিনষ্ট হয়।

বরুণছাল ২ দুই তোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে॥ ৮॥

যবক্ষারগুড়োপেতং পিবেৎ পুষ্পফলোদ্ভবং। রসং মূত্রবিবন্ধঘ্নং শর্করাশ্মরিনাশনং॥ ৯॥

পুষ্পফলোদ্ভবং রসমিতি পুরাণকুষ্মাণ্ডরসং। ৯॥

পুরাতন কুষ্মাণ্ডের রসে যবক্ষার ও গুড় মিশ্রিত করিয়া (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) পান করিলে মূত্রবিবন্ধ, শর্করা ও অশ্মরী রোগ বিনষ্ট হয়॥ ৯॥

পিবেদ্বরুণমূলত্বক্ ক্বাথং তৎকল্ক সংযুতং। ক্বাথশ্চ শিগ্রুমূলোত্থঃ কদুষ্ণোঽশ্মরীনাশনঃ॥ ১০॥

পিবেদিত্যাদি।—পিবেদশ্মরীভেদনমিত্যন্তং স্পষ্টং॥ ১০॥

বরুণবৃক্ষমূলবল্কলের ক্বাথে বরুণবৃক্ষমূলবল্কলের উপযুক্ত পরিমাণ কল্ক মিশ্রিত করতঃ (যথাযোগ্য মাত্রায়) পান করিবে অথবা শজিনামূলের ঈষদুষ্ণ ক্বাথ পান করিবে। ইহাদ্বারা অশ্মরী রোগ বিনষ্ট হয়।

ইহাদিগের ক্বাথও পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিয়া বস্ত্রপূত করতঃ গ্রহণ করিবে॥ ১০॥

নাগরবরুণগোক্ষুরপাষাণভেদকপোতবঙ্কজঃক্বাথঃ। গুড়যাবশূকমিশ্রঃ পীতোহন্ত্যশ্মরীমুগ্রাং॥ বরুণত্বক্শিলাভেদশুণ্ঠীগোক্ষুরকৈঃ কৃতঃ।

কষায়ঃ ক্ষারসংযুক্তঃ শর্করাঞ্চ ভিনত্ত্যপি॥ শ্বদংষ্ট্রৈরণ্ডপত্রাণি নাগরং বরুণত্বচং। এতৎ ক্বাথবরং প্রাতঃ পিবেদশ্মরিভেদনং॥ ১১॥

শুঁঠ, বরুণবৃক্ষের ছাল, গোক্ষুর, পাষাণভেদী, কড়ইবৃক্ষেরছাল, ইহারা সমুদয়ে ২ দুই তোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে গুড় ও যবক্ষার মিশ্রিত করিয়া পান করিলে অতি উৎকট অশ্মরীরোগ বিনষ্ট হয়।

বরুণবৃক্ষের ছাল, পাষাণভেদী, শুঁঠ ও গোক্ষুর, ইহাদিগের ক্বাথ পূর্ব্বোক্তরূপে প্রস্তুত করিয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে যবক্ষার সংযুক্ত করিয়া পান করিলে অশ্মরী ও শর্করা ভিন্ন হয়।

গোক্ষুর, এরণ্ডপত্র, শুঁঠ ও বরুণবৃক্ষের ছাল, ইহারা সমুদয়ে দুই তোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে। এই শ্রেষ্ঠ ক্বাথ প্রাতঃকালে পান করিলে অশ্মরী ভিন্ন হয়॥ ১১॥

মূলং শ্বদংষ্ট্রেক্ষুরকোরুবূকাৎ
ক্ষীরেণপিষ্টং বৃহতীদ্বয়াচ্চ।
আলোড্যদধ্নামধুরেণ পেয়ং
দিনানিসপ্তাশ্মরি ভেদনার্থং॥১২॥

মূলমিত্যাদি বৃহতীদ্বয়াচ্চ একোযোগঃ। ইক্ষুরকঃ কোকিলাক্ষঃ সর্ব্বং মিলিত্বা মাষকচতুষ্টয়ং দুগ্ধেন পিষ্ট্বা অনম্লদধ্না পেয়ং॥ ১২॥

গোক্ষুর, তালমাখনা, এরণ্ড, বৃহতী, কন্টকারী, ইহাদিগের মূল দুগ্ধের সহিত পেষণ করিয়া মধুর দধি সহিত আলোড়ন করতঃ (রোগের বলাবল বিবেচনা

পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া) পান করিবে। এইরূপ সাতদিন সেবন করিলে অশ্মরীরোগ বিনাশপ্রাপ্ত হয় ॥ ১২ ॥

পক্কেক্ষাকুরসঃ ক্ষারঃ সিতাযুক্তোঽশ্মরীহরঃ। পাষাণরোগপীড়াং সৌবর্চ্চলযুক্তা সুরা জয়তি। তদ্বন্মধুদুগ্ধযুক্তা ত্রিরাত্রং তিলনালভূতিশ্চ ॥ ১৩॥

পক্কেত্যাদৌ—ইক্ষ্বাকুস্তিক্তালাবুস্তদ্রসঃ মক্ষিকা স্বরসঃ পাষাণরোগোঽশ্মরী, তিলনালভূতিস্তিলনালক্ষারঃ ॥ ১৩ ॥

পক্ক তিতলাউর রসে যবক্ষার ও চিনি সংযুক্ত করিয়া যথোপযুক্ত মাত্রায় পান করিলে অশ্মরীরোগ প্রশমিত হয়।

সৌবর্চ্চলযুক্ত সুরা সেবন করিলেও অশ্মরী বিনষ্ট হয়।

তিলনালের ক্ষার মধু ও দুগ্ধের সহিত (রোগের অবস্থাদি বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) তিন দিবস পর্য্যন্ত পান করিলে অশ্মরীরোগ বিনষ্ট হয় ॥ ১৩ ॥

এলাদিঃ—

এলোপকুল্যা-মধুকাশ্মভেদ-
কৌন্তীশ্বদংষ্ট্রাবৃষকোরুবূকৈঃ।
ক্বাথং পিবেদশ্মজতু প্রগাঢ়ং
সশর্করে সাশ্মরি মূত্রকৃচ্ছ্রে ॥১৪॥

এলেত্যাদৌ—উপকুল্যা পিপ্পলী; অত্র শোধিতশিলাজতুনো মাষকত্রয়ং চতুষ্টয়ং বা প্রক্ষেপ্যমিত্যাহুঃ ॥ ১৪ ॥

এলাইচ, পিপ্পলী, যষ্টিমধু পাষাণভেদী, রেণুকা, গোক্ষুর, বাসক ও এরণ্ড, ইহারা সমুদয়ে দুই তোলা অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে উপযুক্ত পরিমাণ শিলাজতু প্রক্ষেপ করিয়া শর্করা, অশ্মরী ও মূত্রকৃচ্ছ্র রোগে পান করিবে ॥ ১৪ ॥

ত্রিকণ্টকস্যবীজানাং চূর্ণং মাক্ষিক সংযুতং। অবীক্ষীরেণ সপ্তাহং পিবেদশ্মরি নাশনং। শুক্রাশ্মর্য্যান্তু সামান্যো বিধিরশ্মরি নাশনঃ ॥ ১৫ ॥

শুক্রাশ্মর্য্যান্তু সামান্যোবিধিরিতি অশ্মরীমাত্রসাধারণবিধিঃ ॥ ১৫ ॥

গোক্ষুরবীজ চূর্ণ মধু সংযুক্ত করিয়া মেষদুগ্ধের সহিত (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা করতঃ মাত্রাদি স্থির করিয়া) পান করিলে অশ্মরীরোগ নষ্ট হয়।

শুক্রাশ্মরী রোগে, অশ্মরী রোগোক্ত সাধারণ চিকিৎসা করিবে ॥ ১৫ ॥

পাষাণভেদাদ্যং চূর্ণং ঘৃতঞ্চ—

পাষাণভেদং বৃষকং শ্বদংষ্ট্রা
পাঠাভয়াব্যোষ শটীনিকুম্ভাঃ ॥
হিংস্রাখরাশ্বাসিতিমারকাণা-
মের্ব্বারুকাচ্চ ত্রপুষাচ্চবীজং ॥
উপকুঞ্চিকাহিঙ্গু সবেতসাম্লং
স্যাদ্দ্বেবৃহত্যৌহবুষা বচা চ।
চূর্ণং পিবেদশ্মরিভেদিপক্বং
সর্পিশ্চ গোমূত্র চতুর্গুণং তৈঃ ॥১৬॥

পাষাণভেদমিত্যাদৌ।—নিকুম্ভা দন্তী, খরাশ্বা অজমোদা, সিতিমারঃ শালিঞ্চঃ, উপকুঞ্চিকাকৃষ্ণজীরকং। চূর্ণং পিবেদিতি বিশেষানভিধানাজ্জলেনৈব। তৈঃ পাষাণভেদাদিভিরেব কল্করূপৈঃ পক্বং সর্পিশ্চ পেয়মিত্যন্বয়ঃ ॥ ১৬ ॥

পাষাণভেদী, বাসক, গোক্ষুর, আকনাদি, হরীতকী, ত্রিকটু, শটী, দন্তী, কালিয়াওকড়া, খোরাসানী যমানী, সাঁচিশাক, পিপুল, ফুটিবীজ, খিরাইবীজ, কৃষ্ণজীরা, হিঙ্গু, অম্লবেতস (থৈকুল), বৃহতী, কণ্টিকারী, হবুষা, বচ, এই সকল দ্রব্যের চূর্ণ (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) জলের সহিত পান করিবে অথবা পাষাণভেদাদির কল্ক ও চতুর্গুণ গোমূত্রের

সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃতপাক করিয়া সেবন করিবে। উক্ত ঘৃত যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে অশ্মরী ভিন্ন হয়॥ ১৩॥

কুলথাদ্যং ঘৃতম্—

কুলথসিন্ধূথ বিড়ঙ্গসারং
সশর্করং শীতলিযাবশূকং।
বীজানি কুষ্মাণ্ডক গোক্ষুরাভ্যাং
ঘৃতং পচেন্নাবরুণস্য তোয়ে॥
দুঃসাধ্য সর্ব্বাশ্মরিমূত্রকৃচ্ছ্রং
মূত্রাভিঘাতঞ্চ সমূত্রবন্ধং।
এতানি সর্ব্বাণি নিহন্তিশীঘ্রং
প্রকচবৃক্ষানিব বজ্রপাতঃ॥ ১৭॥

কুলথঘৃতে শীতলী শিয়ালীচোপরঃ. অন্যে তু শীতলী যাবশূকং শিয়তি যবক্ষারঃ স তু স্ফটিকসৈন্ধবসংকাশ ইত্যর্থঃ ব্যবহারস্তু পূর্ব্বেণৈব। শর্করা তু কল্করূপা।। ১৭।।

কুলথকলাই, সৈন্ধব, বিড়ঙ্গ, শর্করা, শিয়ালীছোপড়, যবক্ষার, কুষ্মাণ্ডবীজ ও গোক্ষুরবীজ, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক ও বরুণ ছালের ক্বাথ সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। এই ঘৃত (রোগের বলাবল উত্তমরূপ বিবেচনা করতঃ মাত্রাদি স্থির করিয়া) পান করিলে সর্ব্ব প্রকার দুঃসাধ্য অশ্মরী, মূত্রকৃচ্ছ্র, মূত্রাভিঘাত ও মূত্র বিবন্ধ, এই সকল রোগ প্রকচ বৃক্ষে বজ্র পাতের ন্যায় বিনষ্ট হইয়া থাকে।

ইহা এক সিকি হইতে ২ দুই তোলা মাত্রায় পর্য্যন্ত ব্যবহৃত হইতে দেখা যায়॥ ১৭॥

শরাদি পঞ্চমূলাদি ঘৃতম্—

শরাদিপঞ্চমূল্যা বা কষায়েণ পচেদ্ঘৃতং। প্রস্থং গোক্ষুরকল্কেন সিদ্ধমদ্যাৎ সশর্করং। অশ্মরীমূত্রকৃচ্ছ্রঘ্নং
রেতোমার্গরুজাপহং॥ ১৮॥

শরাদিপঞ্চমূলমিত্যত্র।—শরাদীতি বিশেষণাৎ চরকোক্তং তৃণপঞ্চমূলং গ্রাহ্যং যথা—শরেক্ষুদর্ভকাশানাং শালীনাং মূলমেব চেতি। অত্র শর্করা প্রক্ষেপ্যা বাশব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া।। ১৮।।

শর, ইক্ষু, উলু, কাশ ও ধান্য, ইহাদিগের মূলের ক্বাথ এবং গোক্ষুরের কল্ক সহিত যথা বিহিত নিয়মানুসারে এক প্রস্থ অর্থাৎ /৪ চারি সের ঘৃত পাক করিবে। এই ঘৃতে শর্করা প্রক্ষেপ করিয়া সেবন করিলে অশ্মরী ও মূত্রকৃচ্ছ্র, এবং রেতোমার্গ বেদনা প্রশমিত হয়॥ ১৮॥

বরুণঘৃতম্—

বরুণস্যতুলাং ক্ষুণ্ণাং জলদ্রোণে বিপাচয়েৎ। পাদশেষং পরিস্রাব্য ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ॥ বরুণং কদলীবিল্বং তৃণজং পঞ্চমূলকং॥ অমৃতাচাশ্মজং দেয়ং বীজঞ্চ ত্রপুষোদ্ভবং॥ শতপর্ব্বতিলক্ষারং পলাশক্ষার মেব চ। যূথিকায়াশ্চ মূলানি কার্ষিকাণি-সমাবপেৎ॥ অস্যমাত্রাং পিবেজ্জন্তু র্দেশকালাদ্যপেক্ষয়া। জীর্ণেতস্মিন্ পিবেৎ পূর্ব্বং গুড়ং জীর্ণস্তু মস্তুনা। অশ্মরীং শর্করাঞ্চৈব মূত্রকৃচ্ছ্রঞ্চ নাশয়েৎ॥ ১৯॥

বরুণাদিঘৃতে।—কদল্যাঃ ফলমাসং মূলস্বা, অশ্মজং শিলাজতু ত্রপুষং মায়াফলং, শতপর্ব্বাবংশস্তস্য নেলী মূলং বা। অস্মিন্নিতি ঘৃতে, পূর্ব্বমিতি ভোজনাৎ পূর্ব্বং।। ১৯।।

বরুণবৃক্ষের ছাল ।২॥০ সের কুট্টিত করিয়া দ্রোণ অর্থাৎ ৬৪ সের জলদ্বারা সিদ্ধ করিয়া ।৬ সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করতঃ ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথ ও নিম্নলিখিত কল্কদ্রব্য সহিত ঘৃত /৪ সের পাক করিবে। কল্কদ্রব্য যথা—বরুণত্বক, কদলির অপক্বফল বেলছাল, কুশমূল,

কাশমূল, ইক্ষুমূল, শরমূল, দর্ভমূল, গুড়-লঞ্চ, শিলাজতু, শশাবীজ, বাঁশেরমূল, তিলের ক্ষার, পলাশের ক্ষার ও যূথিকামূল; এই সকল দ্রব্য প্রত্যেকে দুই তোলা পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ ঘৃত প্রদান করিবে এবং সুপক্ক হইলে দেশকাল ও রোগীর অবস্থা বিবেচনা করিয়া মাত্রা স্থির করতঃ পান করিবে। এবং ঘৃত জীর্ণ হইলে আহারের পূর্ব্বে দধির মাতের সহিত পুরাতন গুড় সেবন করিবে। ইহাদ্বারা অশ্মরী, শর্করা ও মূত্রকৃচ্ছ্র রোগের শান্তি হয়॥ ১৯।

বীরতরাদ্যং তৈলম্—

ব্রধ্নাধিকারে যত্তৈলং সৈন্ধবাদ্যং প্রকীর্ত্তিতং। তৎতৈলং দ্বিগুণং ক্ষীরং পচেৎ বীরতরাদিনা॥ ক্বাথেন পূর্ব্বকল্কেন সাধিতন্তু ভিষগ্বরৈঃ। এতত্তৈলবরং শ্রেষ্ঠমশ্মরীণাং বিনাশনং॥ মূত্রাঘাতে মূত্রকৃচ্ছ্রে পিচ্ছিতে মথিতেপিবা। ভগ্নে শ্রমাভিপন্নে চ সর্ব্বথৈব প্রশস্যতে॥ ২০॥

ব্রধ্নাধিকার ইত্যাদি।—তত্তৈলমিতি ব্রধ্নাধিকারোক্তবিধিনা সিদ্ধং তৈলং পুনরপি দ্বিগুণং ক্ষীরং দত্ত্বা বীরতরাদিক্বাথেন চতুর্গুণেন দ্বিগুণেন বা, পূর্ব্বকল্কেনেতি সৈন্ধবাদ্যকল্কেন পচেৎ। অন্যে তু কেবলং তৈলমেব ক্ষীরাদিনা পচেদিতি পঠন্তি তত্তু ন ব্যবহারসিদ্ধং। যদ্যপি সৈন্ধবাদ্যে তিলতৈলমেরণ্ডতৈলঞ্চোক্তং তথাপ্যত্র উত্তরবস্ত্যাদৌ তিলতৈলস্যৈব সূক্ষ্মস্রোতোনুসারিত্বেন [illegible] গ্রহণমিত্যাহুঃ। পিচ্ছিত ইত্যাগন্তুকব্রণবিশেষে, মথিত ইতি চূর্ণিতে॥ ২০॥

ব্রধ্নচিকিৎসোক্ত সৈন্ধবাদি তৈলে দ্বিগুণ দুগ্ধ ও বিরতরাদির ক্বাথ এবং পূর্ব্বোক্ত কল্কদ্রব্য সমূহ প্রদান করতঃ সুবিজ্ঞ চিকিৎসক যথারীতি পাক করিবেন। এই শ্রেষ্ঠ তৈলদ্বারা অশ্মরী, মূত্রাঘাত ও মত্রকৃচ্ছ প্রশমিত হয়। ইহা পিচ্ছিত, মথিত ও ভগ্নরোগে এবং শ্রমাতুর ব্যক্তিকে ও সর্ব্বদা প্রয়োগ করিবেন।

শর, পীতঝিণ্টী, নীলঝিণ্টী, উলু, পরগাছা, নীলিকা, গুলঞ্চ, কাশ, কুশ, পাষাণভেদী, ইক্ষুমূল, শ্যোনাক, শুই-লতা (মতান্তরে গজপিপুল), আকন্দ, গণিয়ারী, শতমূলী, গোক্ষুর, কণ্টাই-বৃক্ষ, এই সকলকে বীরতরাদিগণ বলা যায়॥ ২০॥

বরুণাদ্যং তৈলম্—

ত্বক্‌পত্র পুষ্পমূলস্য বরুণাৎ সত্রিকণ্টকাৎ। কষায়েণ পচেত্তৈলং বস্তিনাস্থাপনেন চ। শর্করাশ্মরিশূলঘ্নং মূত্রকৃচ্ছ্র বিনাশনং॥ ২১॥

ত্বকপত্রেত্যাদি।—ক্বাথার্থবরুণকস্য যথালাভং ত্বকপত্রমূলপুষ্পং পল ৩২, গোক্ষুর পল ৩২, জল ৭৪, শেষ ১৬, অকল্কমিদং তৈলং॥ ২১॥

ত্বক্, পত্র, মূল ও পুষ্প সহিত বরুণ ও গোক্ষুরের ক্বাথে যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। (এই তৈলে কোন কল্ক দ্রব্যের বিধান নাই) এই তৈলদ্বারা বস্তিকর্ম্ম ও আস্থাপন করিবে। ইহাদ্বারা শর্করা, অশ্মরী, শূল ও মূত্রকৃচ্ছ্র রোগ বিনষ্ট হয়॥ ২১॥

শল্যবিজ্ঞানশাসন্তীং প্রত্যাখ্যায় সমুদ্ধরেৎ। পায়ুক্ষিপ্তাঙ্গুলিভ্যান্তু গুদমেঢ়ান্তরে কৃতাং॥ সেবন্যাঃ সব্যপার্শ্বে চ যবমাত্রং বিমুচ্যতু। ব্রণং কৃত্বাশ্মরীমাত্রং কর্ষেত্তাং শাস্ত্রকর্ম্মবিৎ॥ ভিন্নেপিবস্তৌত্বজ্ঞানাম্ ত্যুং স্যাদশ্মরীং বিনা। নিঃশেষামশ্মরীং কুর্য্যাৎ বস্তৌরক্তঞ্চ নির্হরেৎ॥ হৃতাশ্মরী কদুষ্ণাম্বু গাহয়েজ্জোজয়েচ্চ তং। গুড়ং মত্রবিশুদ্ধ্যর্থং মধ্বাজ্যাক্তং ব্রণন্ততঃ॥

দদ্যাৎ সাহ্ন্যাং ত্র্যহং পেয়াং সাধিতাং মূত্রশোধিভিঃ। আদশাহং ততো-দদ্যাৎ পয়সামৃদুমোদনং॥ স্বেদয়েৎ-যবমধ্বাঢ্যং কষায়ৈঃ ক্ষালয়েদ্ব্রণং। প্রপৌণ্ডরীকমঞ্জিষ্ঠা যষ্টীলোধ্রৈশ্চ লে-পয়েৎ॥ এতৈশ্চ সনিশৈঃ সিদ্ধং ঘৃতমভ্যঞ্জনে হিতং। অপ্রশান্তে তু সপ্তাহাৎ ব্রণেদাহোপিচেষ্যতে। দৈবাল্লাড্ডে তু বা লগ্না তাং বিপাট্যা-পকর্ষয়েৎ॥ ২২॥

সব্যপার্শ্ব ইতি।—বামপার্শ্বে নিঃশেষমশ্মরীং কুর্য্যাদিতি পুনরশ্মর্য্যাবৃদ্ধিসম্ভবাৎ। বস্তৌ রক্তং নির্হরেদিতি বস্তিগতরক্তমিত্যর্থঃ। তথা সতি বস্তিরশূন্যা প্রপূর্য্যত ইতি ভাবঃ। অতা-শ্মরীমিত্যাদৌ গুড়ং ভোজয়েদিত্যন্বয়ঃ। মত্রশো-ধিভিরিতি তৃণপঞ্চমূলাদিভিঃ। তত ইতি ত্র্যহা-দূর্দ্ধং আদশাহং দশাহপর্য্যন্তং॥ পয়সা দুগ্ধেন মৃদুভোজনং কোমলতণ্ডুলং দদ্যাৎ তথাস্বেদয়েচ্চ দশাহাভ্যন্তর এব স্বেদোপ্যুক্তঃ। দশরাত্রং তৈল-মপ্রমত্তং স্বেদয়েদিতি। স চ স্নেহদ্রবস্বেদঃ রক্ত-পিত্তানুগতত্বাদ্বায়োরিতি গয়দাসঃ। যবমধ্বা-ঢ্যমিতি মৃদুমোদনমিত্যস্য বিশেষণং যবকৃত-ভক্ষ্যপ্রধানং মধুপ্রধানঞ্চেত্যর্থঃ। কষায়ৈঃ ক্ষালয়েদ্ব্রণমিতি দশাহাদূর্দ্ধমেব ক্ষীরীবৃক্ষ কষায়ৈঃ ক্ষালনং বোধ্যং ভোজসম্বাদাৎ। সনিশৈরিতি ঘৃতসাধনদ্রব্যং সম্বধ্যতে ন তু লেপ ইতি সুশ্রুতসম্বাদাৎ॥ ২২॥

ইতি অশ্মরীরোগচিকিৎসা।

পূর্ব্বোক্ত তৈল ঘৃতাদিদ্বারা অশ্মরীরো-গের শান্তি না হইলে শাস্ত্রবিদ্ চিকিৎ-সক উহা (অপ্রশান্ত অশ্মরী) পরিত্যাগ করিয়া চিকিৎসা করিবেন।

মলদ্বার হইতে দুই অঙ্গুলী পরিমিত স্থান পরিত্যাগ করিয়া মেঢ় ও মল-দ্বারের মধ্যস্থ সেবনীর বামপার্শ্বস্থ যব পরিমিত স্থান অথবা অশ্মরী পরিমাণা-নুসারে ছেদন করিয়া অস্ত্রবেত্তা চিকিৎ-সক অশ্মরী আকর্ষণ করিবেন।

অতি সতর্কতার সহিত অস্ত্র প্রয়োগ করিবে, অজ্ঞানতা বশতঃ বস্তিদেশ ভিন্ন হইলে রোগীর মৃত্যু হইতে পারে।

উক্তরূপে অশ্মরী নিঃশেষ হইলে ব-স্তিস্থরক্ত নির্গত করিয়া ফেলিবে, অ-শ্মরী সম্যক্‌রূপে নিঃশেষ না হইলে পুন-র্ব্বার উহা উৎপন্ন হইতে পারে।

অশ্মরী সম্যক্‌রূপ হৃত হইলে [illegible] দুগ্ধ জলে অবগাহন করাইয়া মূত্র [illegible]-নার্থ গুড় সেবন করিতে দিবে [illegible] এবং ক্ষতস্থানে মধু ও ঘৃত লেপন [illegible]বে। তৎপরে তিন দিবস পর্য্যন্ত মূত্র শোধক তৃণপঞ্চমূলের ক্বাথে পেয়া প্রস্তুত করিয়া ঘৃতের সহিত পান করিতে দিবে।

তৃণপঞ্চমূল যথা—শরমূল, কুশমূল, দর্ভমূল, ইক্ষুমূল, নলমূল।

তদনন্তর দশদিন পর্য্যন্ত দুগ্ধের সহিত যবচূর্ণ ও মধুপ্রধান লঘু ভোজন করিতে দিবে, এবং ব্রণস্থানে স্নেহ দ্রব স্বেদ প্রদান করিবে।

দশাহের পর ব্রণনাশক বটাদি ক্ষীরীবৃক্ষেরক্বাথ করিয়া তদ্দ্বারা ক্ষতস্থান ধৌত করিবে। এবং পুণ্ডরিয়া, ম-ঞ্জিষ্ঠা, যষ্টিমধু ও লোধ, এই সকল দ্রব্য পেষণ করিয়া ক্ষতস্থানে প্রলেপ দিবে অথবা পুণ্ডরিয়া মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, লোধ ও হরিদ্রা, এই সকল দ্রব্যের সহিত সিদ্ধকৃত ঘৃতদ্বারা সর্ব্বদা অভ্যঞ্জন করিবে।

এইরূপে ক্ষত প্রশান্ত না হইলে ক্ষতস্থান দাহ করিয়া দিবে। দৈবাৎ অশ্মরী নাড়ী সংলগ্ন হইলে উহা ছেদন-পূর্ব্বক উৎপাটন করিয়া ফেলিবে॥২২॥

ইতি অশ্মরীশর্করা-চিকিৎসা।

অথ প্রমেহ-চিকিৎসা।

কুশাবলেহঃ—

বীরণশ্চকুশঃ কাশঃ কৃষ্ণেক্ষুঃ খাগড়স্তথা। এষাং দশপলান্ ভাগান্ জলদ্রোণে বিপাচয়েৎ॥ অষ্টভাগাবশেষন্তু কষায়মবতারয়েৎ। খণ্ডপ্রস্থং সমালোড্য লেহবৎ সাধুসাধয়েৎ॥ অবতার্য্যততঃ পশ্চাচ্চূর্ণানীমানি দাপয়েৎ। মধুকং কর্কটীবীজং কর্কারুং ত্রপুষন্তথা॥ শুভামলকপত্রাণি এলাত্বঙ্নাগকেশরং। বরুণামৃতপ্রিয়ঙ্গূনাং প্রত্যেকং চাক্ষসম্মিতং॥ প্রমেহান্ বিংশতিঞ্চৈব মূত্রাঘাতং তথাশ্মরীং। বাতিকং পৈত্তিকঞ্চৈব শ্লৈষ্মিকং সান্নিপাতিকং। হন্ত্যরোচকমেবোগ্রং তুষ্টিপুষ্টিকরন্তথা॥ ১॥

অশ্মর্য্যনন্তরং বস্তিবিকৃতিসামান্যাৎ প্রমেহপ্রতিকার-উচ্যতে॥ ১॥

বেণারমূল, কুশ, কাশ, কৃষ্ণেক্ষু, খাগড়ী, ইহাদিগের প্রত্যেকে দশপল অর্থাৎ ৮০ তোলা (১।০ সোয়াসের), ৬৪ সের জলে পাক করিয়া ৴৮ সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। অনন্তর উক্ত কাথে খণ্ড (অভাবে চিনি) ৴২ সের দিয়া উত্তমরূপ আলোড়ন করতঃ পাক করিবে, লেহবৎ হইলে নিম্নলিখিত দ্রব্যসমূহ প্রক্ষেপ করিবে। যষ্টিমধু, ফুটি, কুমড়া ও শশা, ইহাদিগের বীজ, আমলকীপত্র, এলাইচ, দারুচিনি, নাগকেশর, বরুণছাল, গুলঞ্চ ও প্রিয়ঙ্গু, এই সকল দ্রব্যের চূর্ণ প্রত্যেকে ২ তোলা প্রক্ষেপ করতঃ আলোড়ন করিয়া লইবে। উক্ত লেহ দেশ, কাল এবং রোগের বলাবল প্রভৃতি বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া সেবন করিলে বিংশতি প্রকার প্রমেহ, অশ্মরী, মূত্রাঘাত, মূত্রকৃচ্ছ্র এবং বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক ও সান্নিপাতিক প্রভৃতি অতি কঠিন অরুচি বিনষ্ট হয়। ইহা তুষ্টিকর ও পুষ্টিকারক॥ ১॥

শ্যামাককোদ্রবোদ্দাল গোধূমচণকাঢ়কী। কুলত্থাশ্চ হিতাভোজ্যে পুরাণামেহিনাং সদা। জাঙ্গলং তিক্তশাকানি যবান্নঞ্চ প্রমোমধু॥ ২॥

শ্যামাকেত্যাদি।—উদ্দালো বনকোদ্রবঃ, আঢ়কী তুবরী; যবান্নমিতি যবশক্ত্বাদিকং॥ ২॥

পুরাতন শ্যামাক, কোদ্রু, বনকোদ্রু, গোধূম, ছোলা, অড়হর ও কুলত্থকলাই, এই সকল দ্রব্য প্রমেহ রোগীর পথ্য বিধান করিবে এবং জাঙ্গল পশুরমাংস, তিক্তশাক, যবান্ন (যবশক্তু প্রভৃতি) ও মধু, এই সকল সেবন এবং পরিশ্রম প্রমেহ রোগে বিশেষ হিতকর বলিয়া জানিবে॥ ২॥

পারিজাতজয়ানিম্ববহ্নিগায়ত্রিণং পৃথক্। পাঠায়াঃ সাগুরোঃ পীতাদ্বয়স্য শারদস্য চ॥ জলেক্ষুমদ্যসিকতাশনৈর্লবণপিষ্টকান্। সান্দ্রমেহান্ ক্রমাদ্ঘ্নন্তি চাষ্টৌকাথাঃ সমাক্ষিকাঃ॥ ৩॥

পারিজাতেত্যাদি।—পারিজাতঃ পারিভদ্রকঃ; জয়া জয়ন্তী; বহ্নিশ্চিত্রকঃ; গায়ত্রী খদিরঃ। পাঠায়াঃ সাগুরোরিত্যেকঃ কাথঃ। পীতাদ্বয়ং হরিদ্রাদ্বয়ং। অয়মপ্যেকঃ। শারদঃ সপ্তপর্ণঃ। পারিভদ্রেত্যাদয়োঽষ্টৌ কাথাঃ জলাদ্যষ্টৌ মেহান্ ক্রমদত্তৌব্যয়ঃ॥ ৩॥

পালিতামান্দার, জয়ন্তী, নিম্ব, চিতা, খদিরকাষ্ঠের কাথ এবং গুড় প্রক্ষেপিত আকনাদি, হরিদ্রা, দারুহরিদ্রা, ছাতিমের কাথ, এই অষ্ট প্রকার দ্রব্যের পৃথক্ পৃথক্ কাথে মধু প্রক্ষেপ করিয়া পান করিলে যথাক্রমে জল, ইক্ষু, মদ্য,

সিকতা, শলৈঃ, লবণ; পিষ্টক ও স.ন্দ্র-মেহ রোগ নষ্ট হয়।

ইহাদিগের মধ্যে যে দ্রব্যের ক্বাথ প্রস্তুত করিতে হইবে, তাহারই দুই তোলা গ্রহণ পূর্ব্বক অর্দ্ধসের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্র-পূত করিয়া লইবে ॥ ৩ ॥

দূর্ব্বাকশেরুপূতীককুন্তীকপ্লবশৈবলং। জলেন ক্বথিতং পীতং শুক্রমেহহরং পরং॥ ত্রিফলারগ্বধদ্রাক্ষাকষায়ো মধুসংযুতঃ। পীতোনিহন্তি ফেণাখ্যং প্রমেহং নিয়তং নৃণাং ॥ ৪ ॥

দূর্ব্বেত্যাদৌ।—পূতিকঃ করঞ্জস্য ত্বক্‌। কুম্ভীকঃ পাহ্ল; প্লবঃ কৈবর্ত্তমুস্তং। যোগে মধু ক্ষিপন্তি বৃদ্ধাঃ শুক্রতসম্বাদাৎ। ত্রিফলেত্যাদি স্পষ্টং ॥ ৪ ॥

দূর্ব্বা, কেশুর, করঞ্জারছাল, পাহ্ল, কৈবর্ত্তমুস্তক, শৈবাল, এইসকল দ্রব্যের ক্বাথ করিয়া পান করিলে শুক্রমেহ বিনষ্ট হয়।

ইহাদিগের ক্বাথ ও পূর্ব্বোক্তরূপে প্রস্তুত করিয়া লইতে হইবে।

ত্রিফলা, শোনালু ও দ্রাক্ষা, এই সকল দ্রব্যের ক্বাথ মধুর সহিত পান করিবে। ইহাদ্বারা ফেণাখ্য প্রমেহ নিশ্চয় নষ্ট হয়।

পূর্ব্বোক্তরূপে ক্বাথ প্রস্তুত করিয়া লইবে। অর্থাৎ ক্বাথ্য দ্রব্যসমূহ মোট ২ দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধ পোয়া ॥ ৪ ॥

লোধ্রাভয়াকট্‌ফল মুস্তকানাং
বিড়ঙ্গপাঠার্জ্জুনধন্বকানাং।
কদম্বশালার্জ্জুনদীপ্যকানাং
বিড়ঙ্গধাত্রীবহ্নশল্যকানাং।
চত্বারএতেমধুনাকষায়াঃ
কফপ্রমেহেষু নিষেবনীয়াঃ ॥ ৫ ॥

লোধ্রেত্যাদি।—যোগদ্বয়ং বাভটস্য। কদম্বে-ত্যাদি যোগদ্বয়ং চরকস্য চক্রেণ প্রতিসংস্কৃত্য লিখিতং। ধন্বনোধামনী; দীপ্যকোযমানী; শল্যকঃ খদিরঃ; বহ্নশল্য ইতি খদিরস্য সংজ্ঞা উক্তং হি—বহুশল্যশ্চ সংপ্রোক্তো যাজ্ঞিকঃ কুষ্ঠনাশন ইতি। তেনৈকদেশেঽপি সংজ্ঞিনং গময়তি যথা ভীমো ভীমসেনঃ। উক্তং হি চরকে দার্ব্বীং বিড়ঙ্গং খদিরোধবশ্চেতি। বাভটে ২প্যুক্তমেবং অন্যে তু শল্যকং মদনফল-মাহুঃ ॥ ৫ ॥

লোধ, হরীতকী, কটফল (কায়ফল) ও মুথ, অথবা বিড়ঙ্গ, আকনাদি, অর্জ্জুন ত্বক্‌ ও ধামনী, কিম্বা কদম্ব, শালকাষ্ঠ, অর্জ্জুনবৃক্ষ ও যমানী, অথবা বিড়ঙ্গ, আমলকী ও খদিরকাষ্ঠ, এই চতুর্ব্বিধ যোগের (পূর্ব্বোক্তরূপে) ক্বাথ প্রস্তুত করিয়া মধুর সহিত কফপ্রমেহী পান করিবে ॥ ৫ ॥

অশ্বত্থচতুরঙ্গুলন্যগ্রোধাদেঃ ফল-ত্রয়াৎ। সজ্জিরক্তসারাচ্চ ক্বাথাঃ পঞ্চসমাক্ষিকাঃ॥ নীলহারিদ্রশুক্লা-খ্যক্ষার মঞ্জিষ্ঠবাহ্বয়ান্। মেহান্ হন্যুঃ ক্রমাদেতে সক্ষৌদ্রা রক্তমে-হজিৎ। ক্বাথঃ খর্জ্জুরকাশ্মর্য্যতিন্দু-কাস্থ্যমৃতাকৃতঃ ॥ ৬ ॥

পিত্তমেহস্য যাপ্যত্বেন যাপনার্থং চিকিৎসিত-মাহ অশ্বত্থাদিত্যাদি।—নীলাদিষু পঞ্চসুমেহেষু ক্রমেণ এতে পঞ্চ যোগা বোধ্যাঃ। অত্র অশ্বত্থ ক্বাথেনৈক যোগঃ। চতুরঙ্গুল্যাদিতি দ্বিতীয়ঃ ন্যগ্রোধাদেরিতি তৃতীয়ঃ। ন্যগ্রোধাদিশ্চ গণোত্র সৌশ্রুতঃ। যথান্যগ্রোধোডুম্বরাশ্বত্থ প্লক্ষ মধুক ককুভ-জম্বুকদ্বয় পিয়াল-মধুক-রোহিণী-বঞ্জুল-কদম্ব-তিন্দুক-শল্লকী-লোধ্র-ভল্লাতক-পলাশ-নন্দীবৃক্ষা-শ্চেতি অত্র প্লক্ষোলাকইরঃ ককুভোঽর্জ্জুনঃ নন্দী-বৃক্ষোগর্দ্দভুণ্ডঃ। অন্যে তু ন্যগ্রোধাদিশব্দেন পঞ্চবল্কলমাহুঃ। ফলত্রয়াদিতি চতুর্থঃ। সজ্জি-জীরক্তসারাদিতি।—জিঙ্গী মঞ্জিষ্ঠা, রক্তসার রক্ত-চন্দনং। অয়ন্তু পঞ্চমঃ। হন্যুরিতি যাপয়েয়ুরি-ত্যর্থঃ। কিম্বা অনত্যন্তমেদোদুষ্টত্বাৎ পিত্তজানা-মপি সাধ্যত্বং, সাধ্যাস্তু মেদো যদি ন প্রদুষ্টমিতি চরকবচনাৎ। ক্ষারাখ্যমেহোঽম্লমেহঃ। সুশ্রুতে কালমেহস্থানেঽম্লমেহঃ পঠ্যতে। রক্তমেহচিকি-ৎসামাহ সক্ষৌদ্র ইত্যাদি।—অত্র খর্জ্জুরকাশ্ম-র্য্যয়োঃ ফলং; তিন্দুকস্য ফলাস্থি ॥ ৬ ॥

অশ্বত্থের ক্বাথ, শোণালুর ক্বাথ, বটের ক্বাথ, ত্রিফলার ক্বাথ এবং মঞ্জিষ্ঠা ও রক্তচন্দনের ক্বাথ ; এই পঞ্চ প্রকার ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা যথাক্রমে নীলমেহ, হারিদ্রমেহ, শুক্রমেহ, ক্ষারমেহ ও মাঞ্জিষ্ঠমেহ প্রশমিত হয়।

পিণ্ডীখর্জ্জুর, গাম্ভারীফল, গাবফলের বীজ ও গুলঞ্চ, এই সকল দ্রব্যের ক্বাথ মধুর সহিত পান করিলে রক্তমেহ নষ্ট হয়।

ক্বাথ্যদ্রব্য ২ দুইতোলা, জল অর্দ্ধসের দ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ৬ ॥

লোধ্রার্জ্জুনোশীরকুচন্দনানা
মরিষ্টসেব্যামলকাভয়ানাং।
ধাত্র্যর্জ্জুনারিষ্টক বৎসকানাং
নীলোৎপলানাং তিনিশার্জ্জুনানাং।
চত্বার এতে বিহিতাঃ কষায়াঃ
পিত্তপ্রমেহে মধুসংপ্রযুক্তাঃ ॥৭॥

লোধ্রেত্যাদি।—কুচন্দনং রক্তচন্দনং ; অরিষ্টোনিম্বঃ ; সেব্যমুশীরং। নীলোৎপলানামিত্যত্র নীলোৎপলৈলা ইতি পাঠান্তরং ; তিনিশ অস্থক: ॥ ৭ ॥

লোধ, অর্জ্জুনত্বক্‌, বেণারমূল (বীরণমূল) ও রক্তচন্দনের ক্বাথ ; নিম্ব, বেণারমূল, আমলকী ও হরীতকীর ক্বাথ ; আমলকী, অর্জ্জুনত্বক্‌, নিম্ব ও কুরচির ছালের ক্বাথ এবং নীলোৎপল, এলাইচ, তিনিশ (আছক) ও অর্জ্জুনবল্কলের ক্বাথ ; মধুযুক্ত এই চতুর্ব্বিধ ক্বাথ পিত্ত প্রমেহে প্রয়োগ করিবে।

ইহা জানা আবশ্যক যে ইহাদিগের ক্বাথও পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত করিতে হইবে ॥ ৭ ॥

ছিন্নার্কাহ্বকষায়েণ পাঠাকুটজরামঠং।
তিক্তাং কুষ্ঠঞ্চ সঞ্চূর্ণ্য সর্পির্মেহে
পিবেন্নরঃ ॥ কদরখদির পূগক্বাথং
ক্ষৌদ্রাহ্বয়ে পিবেৎ। অগ্নিমন্থকষায়ন্তু বসামেহে প্রয়োজয়েৎ ॥ ৮ ॥

ইদানীমসাধ্যেষ্বপি বাতিকমেহেষু যাপনার্থং যোগানাহ ছিন্নেত্যাদি।—বহ্নিশিত্রকঃ। পাঠাদিকুষ্ঠান্তানাং চূর্ণং গুড়ূচীচিত্রককষায়ে প্রক্ষিপ্য পিবেৎ। কদরো বিট্‌খদিরঃ ; খদিরস্তু তদিতরঃ ; পূগং পূগফলং ॥ ৮ ॥

সর্পির্মেহ রোগে গুলঞ্চ ও চিতার ক্বাথে আকনাদি, কুরচির ছাল, হিঙ্গু, কট্‌কী ও কুড়, এই সকল দ্রব্যের চূর্ণ প্রক্ষেপ করিয়া পান করিবে।

পূর্ব্ব নিয়মে ইহাদিগেরও ক্বাথ প্রস্তুত করিয়া লইতে হইবে।

বিট্‌খদির, খদির, গুপারিফল, এই সকল দ্রব্যের (পূর্ব্বোক্ত রূপে প্রস্তুত) ক্বাথ মধুমেহরোগে পান করিবে। বসামেহে গণিয়ারীর ক্বাথ প্রয়োগ করিবে ॥ ৮ ॥

পাঠাশিরীষদুস্পর্শমূর্ব্বাকিংশুকতিন্দুকং। কপিত্থানাং ভিষক্‌ক্বাথং হস্তিমেহে প্রয়োজয়েৎ ॥ ৯ ॥

পাঠেত্যাদৌ।—তিন্দুককপিত্থয়োঃ ফলং ; তিন্দুকঞ্চ কেন্দুকফলং ॥ ৯ ॥

আকনাদি, শিরীষবৃক্ষ, দুরালভা, মূর্ব্বা (সূচীমুখী বা গোড়াচক্র অথবা বোড়াচক্র), পলাশ, গাবফল ও কদ্‌বেল, এই সকল দ্রব্যের পূর্ব্বোক্ত রূপে ক্বাথ প্রস্তুত করিয়া হস্তিমেহরোগে প্রয়োগ করিবে ॥ ৯ ॥

কম্পিল্লকসপ্তচ্ছদশালজানি
বৈভীতরৌহীতক কৌটজানি।
কপিত্থপুষ্পাণি চ চূর্ণিতানি
ক্ষৌদ্রেণলিহ্যাৎ কফপিত্তমেহী ॥১০॥

কম্পিল্লকেত্যাদৌ।—চূর্ণিতানীতি বিশেষণপদং দ্রষ্টব্যং এবং বৈভীতকেত্যাদাবপীতি কেচিৎ। অন্যে তু কপিত্থপুষ্পাণি চেতি চকারাৎ কম্পিল্লা-

নীনাং কুসুমমিত্যেবোক্তবন্তঃ। কফপিত্তমেহী-তি কফমেহী পিত্তমেহী চেত্যর্থঃ ॥ ১০ ॥

গুণ্ডারোচনী (কমলাগুড়ী), ছাতিম, শালপুষ্প, বহেড়া, রোহিতক (রয়না), কুরচিরছাল ও কদ্বেলের পুষ্প, এই সকল দ্রব্যের চূর্ণ যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ মধুর সহিত লেহন করিবে। ইহাদ্বারা কফমেহ ও পিত্তমেহ প্রশমিত হয় ॥ ১০ ॥

সর্ব্বমেহহরো ধাত্র্যারসঃ ক্ষৌদ্রনিশা-যুতঃ। কষায়স্ত্রিফলাদারুমুস্তকৈ রথ-বাক্কৃতঃ ॥ ১১ ॥

সর্ব্বমেহেত্যাদি।—অয়ং যোগোবাস্তিবিরেকাদিস্কন্ধে জ্ঞেয়ঃ সুশ্রুতসম্বাদাৎ। ধাত্র্যারসঃ স্বরস এব ব্যবহারাৎ নতু ক্বাথেত্যাহুঃ। কষায় ইত্যাদি।—দ্বিতীয়যোগেঽপি ক্ষৌদ্রনিশাযুক্তমিতি সম্বন্ধনীয়ং ॥ ১১ ॥

আমলকীর রসে মধু ও হরিদ্রা চূর্ণ মিশ্রিত করিয়া পান করিলে সর্ব্বপ্রকার মেহরোগের শান্তি হয়।

ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), দেবদারু ও মুথার ক্বাথ পান করিলেও সকল প্রকার মেহরোগ নিবারণ হইয়া থাকে।

ক্বাথ্যদ্রব্য দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া ॥ ১১ ॥

ফলত্রিকং দারুনিশাং বিশালাং
মুস্তঞ্চনিকাথ্যনিশাংশকল্কং।
পিবেৎ কষায়ং মধুসংপ্রযুক্তং
সর্ব্বপ্রমেহেষু সমুত্থিতেষু ॥ ১২ ॥

ফলত্রিকমিত্যাদৌ।—দারুনিশা দারুহরিদ্রা; বিশালা গোরক্ষকর্কটী; নিশাংশকল্কমিতি নিশাভাগকল্কং তৎসহিতমেব ত্রিফলাদিদ্রব্যং নিকাথ্য পিবেদিত্যেকে। অন্যে তু অংশশব্দা-র্দ্ধাভিধায়ী তেন ত্রিফলাদীনাং সম্মিলিতানাং একোভাগঃ নিশায়াশ্চাপরো ভাগঃ। এতদ্ভাগদ্বয়ং নিকাথ্য কষায়ং পিবেদিত্যর্থঃ। অপরে ... শায়া অংশশ্চতুর্থোভাগঃ সম্মিলিতঃ ক্বাথ্যঃ পেক্ষয়া স এব কল্কঃ প্রক্ষেপরূপশ্চূর্ণো বত্র তত্রথেতি ব্যাচক্ষতে ব্যবহারস্তুনৈবৈব ॥ ১২ ॥

ত্রিফলা, দারুহরিদ্রা, রাখালশশা ও মুথা, ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া হরিদ্রা চূর্ণ প্রক্ষেপ করতঃ মধুর সহিত পান করিবে। ইহাদ্বারা সর্ব্বপ্রকার মেহরোগের নিবৃত্তি হয় ॥ ১২ ॥

কটঙ্কটেরীমধুক ত্রিফলাচিত্রকৈঃ সমৈঃ। সিদ্ধঃ কষায়ঃ পাতব্যঃ প্রমেহানাং বিনাশনঃ ॥ ত্রিফলাদারুদার্ব্ব্যব্দক্বাথঃ ক্ষৌদ্রেণমোহহা। কুটজাশনদার্ব্ব্যব্দফলত্রয় কৃতোঽথবা ॥ ১৩ ॥

কটঙ্কটেরী দারুহরিদ্রা। কুটজাশনেত্যাদাবপি ক্ষৌদ্রেণেত্যনুবর্ত্তনং অশনঃ পীতশালঃ দার্ব্বী দারুহরিদ্রা অব্দোমুস্তকং নিশ্চলস্তু অব্দস্থানে অগ্নীতি পঠতি ব্যবহারস্তু মুস্তকেনৈব ॥ ১৩ ॥

দারুহরিদ্রা, যষ্টিমধু, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ও চিতা, এই সকল দ্রব্য সমভাগে গ্রহণ করতঃ ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে সর্ব্বপ্রকার মেহরোগ বিনষ্ট হয়।

পূর্ব্বোক্ত রূপে ইহাদের ক্বাথ প্রস্তুত করিয়া লইতে হইবে।

ত্রিফলা, দেবদারু, দারুহরিদ্রা, মুথা এই সকল দ্রব্যের ক্বাথ মেহ নাশক অথবা মেহরোগ প্রশমনার্থ কুরচিছাল, পীতশাল, দারুহরিদ্রা, মুথা, ত্রিফলা, ইহাদিগের ক্বাথ পান করিবে।

ক্বাথ্যদ্রব্য দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ১৩ ॥

ত্রিফলালৌহশিলাজতুপথ্যাচূর্ণঞ্চ লীঢ়মেকৈকং। মধুনামরাম্বরসইব সর্ব্বা-ন্মেহান্নিবারয়তি ॥ ১৪ ॥

ত্রিফলেত্যাদি। —সর্ব্বত্রিফলাদিকং ত্যাগঃ, তেন চত্বারোযোগাঃ। অমরা। হরীতকী অময়া পঞ্চযোগঃ॥ ১৪॥

ত্রিফলা, লৌহ, শিলাজতু, হরীতকী, এই সকলের চূর্ণ পৃথক্ পৃথক্ মধুর সহিত অথবা গুলঞ্চের স্বরসের সহিত যথোপযুক্ত মাত্রায় লেহন করিলে সর্ব্বপ্রকার মেহ রোগের নিবৃত্তি হয়॥ ১৪॥

শালকম্পকককম্পিল্ল কল্কমক্ষসমং পিবেৎ। ধাত্রীরসেন সক্ষৌদ্রং সর্ব্বমেহহরং পরং॥ ১৫॥

শালেত্যাদি। —শালস্য সারঃ স্কন্ধো ঘণ্টা পারুলী তস্যা মূলং। কম্পিল্লস্য ত্বক্॥ ১৫॥

শালসার, ঘণ্টাপারুলীরমূল ও কম্পিল্লরোচনী (কমলাগুড়ী), এই সকল দ্রব্য ২ তোলা পরিমাণে গ্রহণ করতঃ পেষণ করিয়া যথাযোগ্য পরিমাণ আমলকীর রস ও মধুর সহিত পান করিবে। ইহা দ্বারা সর্ব্বপ্রকার মেহরোগের শান্তি হয়॥ ১৫॥

ন্যগ্রোধাদ্যং চূর্ণম্—

ন্যগ্রোধোডুম্বরাশ্বত্থ শ্যোণাকারগ্বধাশনং। আম্রজম্বুকপিত্থঞ্চ পিয়ালং ককুভং ধবং॥ মধুকোমধুকং লোধ্রং বরুণং পারিভদ্রকং। পটোলং মেষশৃঙ্গীচ দন্তীচিত্রক মাঢ়কী॥ করঞ্জত্রিফলাশক্র ভল্লাতক ফলানি চ। এতানি সমভাগানি শ্লক্ষ্ণচূর্ণানি কারয়েৎ॥ ন্যগ্রোধাদ্যমিদং চূর্ণং মধুনা-সহ লেহয়েৎ। ফলত্রয় রসঞ্চানুপিবেন্মূত্রং বিশুদ্ধ্যতি॥ এতেন বিংশতির্মেহা মূত্রকৃচ্ছ্রাণি যানি চ। প্রশমং যান্তি যোগেন পিড়কা নচ জায়তে। ন্যগ্রোধাদ্যমিদং তত্র চাম্রজম্বাস্থি গৃহ্যতে॥ ১৬॥

ন্যগ্রোধাদিচূর্ণে। —ন্যগ্রোধো বটঃ; অশনঃ পীতশালঃ। আম্রজম্বুকপিত্থেতি আম্রজম্বোঃ ফলাস্থি কপিত্থস্য ফলমিত্যাদি। অর্জ্জুনঃ; ধবঃ ধবনামধ্যাতঃ; মধুকোমধুকসারঃ; আঢ়কী তুবরী করঞ্জঃ কলিং শক্রঃ কুটজঃ॥ ১৬॥

বট, যজ্ঞডুম্বুর, অশ্বত্থ, শ্যোণা, শোণালু, পীতশাল, আম, জাম, কদ্‌বেল, পিয়াল, অর্জ্জুনত্বক্, খদিরকাষ্ঠ, মউলপুষ্প, যষ্টিমধু, লোধ্র, বরুণত্বক্, পালিতামান্দার, পটোলপত্র, অজশৃঙ্গী, দন্তী, চিতা, অড়হর, ডহরকরঞ্জা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), শক্র (কুটজছাল) ও শোধিত ভেলা, এই সকল দ্রব্য সমভাগে লইয়া অতি সূক্ষ্ম চূর্ণ করিবে।

ইহার নাম ন্যগ্রোধাদ্য চূর্ণ। এই চূর্ণ মধুর সহিত যথোপযুক্ত মাত্রায় লেহন করিবে। এই চূর্ণ সেবন করিয়া ত্রিফলার (হরীতকী, আমলকী, বহেড়া) রস বা ক্বাথ অনুপান করিবে। ইহাদ্বারা মূত্র বিশুদ্ধ হয় এবং বিংশতি প্রকার মেহ ও মূত্রকৃচ্ছ্রাদি রোগের শান্তি হয়। অপর পীড়কাদি উৎপন্ন হইতে পারে না।

এই ন্যগ্রোধাদ্য চূর্ণে আম ও জামের আঠির শস্য গ্রহণ করিবে॥ ১৬॥

ত্রিকণ্টকাদ্যং ঘৃতং তৈলং যমকঞ্চ—

ত্রিকণ্টকাশ্মন্তক সোমবল্কৈ-
ভল্লাতকৈঃ সাতিবিষৈঃ সলোধ্রৈঃ।
বচাপটোলার্জ্জুন নিম্বমুস্তৈ-
র্হরিদ্রয়াদীপ্যক পদ্মকৈশ্চ॥
মঞ্জিষ্ঠা পাঠাগুরুচন্দনৈশ্চ
সর্ব্বৈঃ সমস্তৈঃ কফবাতজেষু।
মেহেষু তৈলং বিপচেদ্ ঘৃতন্তু
পৈত্তেষু মিশ্রং ত্রিষু লক্ষণেষু॥ ১৭॥

ত্রিকণ্টকেত্যাদৌ। —অশ্মন্তকোমহুআক ইতি খ্যাতঃ। সোমবল্কঃ খদিরঃ সর্ব্বৈরিত্যাকৈঃ পৃথগপি কল্কৈঃ স্নেহ সাধনং স্যাদত আহ

সমস্তৈরিতি মিলিতৈরিত্যর্থঃ যথালাভপরিগ্রহার্থমিতি। বাতকফজেষু মেহেষু তৈলং পৈত্তিকে ঘৃতং মিশ্রং ত্রিষু লক্ষণেষ্বিতি দোষত্রয়লক্ষণপ্রাদুর্ভাবে সতি মিশ্রং ঘৃততৈলং যমকং পচেদিত্যর্থঃ। ত্রিদোষজঞ্চ কফপিত্তপ্রমেহেষ্বেবানুবন্ধানুবন্ধকৃতং মন্তব্যং কিম্বা সর্ব্বেষামেব মেহানাং ত্রিদোষজত্বাদুক্তং তদ্দোষা বর্দ্ধনাঃ কদাচিদ্ভবতীতি জ্ঞেয়ং॥ ১৭॥

গোক্ষুর, আমরুল, খদিরকাষ্ঠ, শোধিত ভেলা, আতইচ, লোধ্র, বচ, পটোলপত্র, অর্জ্জুনত্বক্, নিম্ব, মুথা, হরিদ্রা, পদ্মকাষ্ঠ, যমানী, মঞ্জিষ্ঠা, আকনাদি, অগুরুচন্দন, এই সমুদয় দ্রব্যের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক সহিত যথানিয়মানুসারে তৈল কিম্বা ঘৃত পাক করিবে।

কফ ও বাতজন্য মেহরোগে তৈল, পিত্তজন্য মেহ রোগে ঘৃত, ত্রিদোষ (বাত, পিত্ত, কফ) জন্য মেহরোগে তৈল ও ঘৃত উভয় একত্র পাক করিয়া (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিবে॥ ১৭॥

কফমেহে হরক্কাথসিদ্ধং সর্পিঃ কফেহিতং। পিত্তমেহঘ্ননির্য্যূহসিদ্ধং পিত্তেহিতং ঘৃতং॥ ১৮॥

কফমেহেত্যাদৌ কাথনির্য্যূহেতি পদোপাদানাদকল্কত্বং বোধ্যং॥ ১৮॥

কফপ্রধান প্রমেহে কফনাশক দ্রব্যের কাথে এবং পিত্তপ্রধান মেহরোগে পিত্তনাশক দ্রব্যের কাথে যথা বিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিয়া (যথাযোগ্য মাত্রায়) সেবন করিবে॥ ১৮॥

ধান্বন্তরং ঘৃতম্—

দশমূলং করঞ্জৌ দ্বৌ দেবদারু হরীতকী। বর্ষাভূর্বরুণোদন্তী চিত্রকং সপুনর্নবং॥ সুধানীপকদম্বাশ্চ বিল্বভল্লাতকানি চ। শটীপুষ্করমূলঞ্চ পিপ্পলীমূলমেব চ॥ পৃথগ্দশপলান্ ভাগান্ তত স্তোয়ার্ম্মণে পচেৎ। কোলকুলথানাং প্রস্থং প্রস্থঞ্চ ... য়েৎ॥ তেন পাদাবশেষেণ ... প্রস্থং বিপাচয়েৎ। নিচুলং ত্রি... ভার্গী রোহিষং গজপিপ্পলী॥ ... বেরং বিড়ঙ্গানি বচা কম্পিল্লক... তথা। গর্ভেণানেন তৎসিদ্ধং পায়য়েত্তু যথাবলং॥ এতদ্ধান্বন্তরং নামবিখ্যাতং সর্পিরুত্তমং। কুষ্ঠং গুল্মপ্রমেহাংশ্চ শ্বয়থুং বাতশোণিতং॥ প্লীহোদরং তথার্শাংসি বিদ্রধিং পিড়কাশ্চ যাঃ। অপস্মারং তথোন্মাদং সর্পিরেতন্নিযচ্ছতি॥ পৃথক্ তোয়ার্মণে তত্র পচেৎ দ্রব্যাচ্ছতং শতং। শতত্রয়াধিকে তোয়মুৎসর্গঃ ক্রমতো ভবেৎ॥ ১৯॥

দশমূলেত্যাদৌ।—করঞ্জয়োঃ ফলং নতু মূলং, মেহতন্ত্রত্বং ফলস্যৈবেতি যদুক্তং করঞ্জকিংশুকারিষ্টফলং জন্তুপ্রমেহনুদিতি। সুধা স্নুহী তস্যা মূলং; নীপকদম্বৌ স্বল্পবৃহৎকদম্বৌ কিম্বা কদম্বোভূকদম্বঃ স চালম্বুষঃ; তন্ত্রান্তরে ভূকদম্বপাঠাৎ; নীপস্থানে কাপি কদম্বঃ পঠ্যতে। পৃথগ্দশপলান্ ভাগানিতি দশমূলং প্রত্যেকং দশপলং; অত্র প্রতিশতং তোয়ার্ম্মণদানং শতত্রয়াধিকে দ্রব্যে পুনরুৎসর্গসিদ্ধমষ্টগুণমেব জলং দেয়ং অতএব বক্ষ্যতি, পৃথক্ তোয়ার্ম্মণ ইত্যাদি, অর্ম্মণো দ্রোণঃ, বৃন্দস্ত্বাহ পাঠান্তরমতং তোয়ং কাথ্যাদষ্টগুণমিষ্যতেতি। অস্যার্থঃ এতদেব ঘৃতং তন্ত্রান্তরেঽন্যথা পঠ্যতে তত্র কাথার্থমষ্টগুণস্তোয়মুক্তং, তৎ প্রামাণ্যাদিহাপ্যষ্টগুণং তোয়ং দেয়ং। ব্যবহারস্ত্বধুনা চক্রমতেনৈব। নিচুল ইজ্জলঃ; রোহিষং গন্ধতৃণং॥ ১৯॥

বেল, শ্যোণা, গাম্ভারী, পারুলী, গণিয়ারী, শালপাণি, পৃশ্নিপর্ণী, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর, লাটাকরঞ্জা ও ডহরকরঞ্জার ফল, দেবদারু, হরীতকী, পুনর্নবা, বরুণত্বক্, দন্তী, চিতা, শ্বেতপুনর্নবা, মনসাসিজ, ভূমিকদম্ব, কদম্ব, বেলছাল, শোধিত ভেলা, শটী, পুষ্করমূল

(অভাবে কুড় প্রযোজ্য) ও পিপ্পলীমুল, এই সকল দ্রব্য প্রত্যেকে ১০ পল অর্থাৎ ৮০ তোলা (১।০ সোয়াসের) এবং যব, কুল ও কুলথকলাই প্রত্যেকে /২ সের গ্রহণ করিবে এবং প্রত্যেক শত পল অর্থাৎ।২॥০ সাড়েবার সের দ্রব্য দ্রোণ পরিমিত অর্থাৎ ৬৪ সের জল দ্বারা সিদ্ধ করিয়া পাদাবশেষ অর্থাৎ চতুর্থ ভাগাবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। কিন্তু তিনশত পলের অধিক দ্রব্যগুলির যথারীতি ক্বাথ প্রস্তুত করিয়া লইবে। এবং উক্ত ক্বাথের সহিত ঘৃত /৪ সের পাক করিবে।

কল্কদ্রব্য যথা—হিজলফল, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), বামন হাটী (ব্রহ্মযষ্টি), গন্ধতৃণ, গজপিপ্পলী, শুঁঠ, বিড়ঙ্গ, বচ, কম্পিল্লক (ঙগুরোচনী অথবা কমলাগুড়ী), এই সকলদ্রব্য যথোক্ত পরিমাণে গ্রহণ করতঃ উত্তম রূপ কুট্টিত করিয়া ঘৃতে প্রদান করিবে। এই ঘৃত রোগীর বলাবল বিবেচনা করিয়া উপযুক্ত মাত্রায় সেবন করিতে দিবে।

ইহার নাম 'ধান্বন্তরঘৃত' এই ঘৃত সেবন করিলে কুষ্ঠ, গুল্ম, প্রমেহ, শোথ, বাতরক্ত, প্লীহা, বাতজ, পিত্তজ ও কফজ উদরাময়, অর্শঃ, বিদ্রধি, পিড়কা, অপস্মার, উন্মাদ প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

এই ঘৃত একসিকি হইতে অর্দ্ধতোলা, একতোলা অথবা দুইতোলা পর্য্যন্ত ও আধুনিক চিকিৎসকগণ ব্যবহার করিয়া থাকেন ॥ ১৯ ॥

দাড়িমাদ্যং ঘৃতম্—

দাড়িমস্য ফলপ্রস্থং যবপ্রস্থৌ তথৈব চ। কুলথকুড়বঞ্চাপি ক্বাথয়িত্বা যথাবিধি ॥ তেন পাদাবশেষেণ ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। চতুঃষষ্টিপলং ক্ষীরং ক্ষীরতুল্যং বরীরসং ॥ মত্বা মৃদ্বগ্নিনা কল্কৈরক্ষমাত্রাযুতৈঃ সহ। দ্রাক্ষাখর্জ্জুর কাকোলী দন্তী দাড়িমজীরকৈঃ ॥ তথামেদা মহামেদা ত্রিফলা দারুরেণুকৈঃ। বিশালারজনীদারুহরিদ্রাবিকষাময়ৈঃ। ক্রিমিঘ্নভূমিকুষ্মাণ্ড শ্যামৈলাভির্ভিষগ্বরঃ। পানে ভোজ্যে প্রদাতব্যং সর্ব্বর্ত্তষু চ মাত্রয়া ॥ প্রমেহান্ বিংশতিঞ্চৈব মূত্রাঘাতাংস্তথাশ্মরীং। কৃচ্ছ্রং মূত্রাকৃপ্ৰঞ্চৈব হন্যাদেতদ্রসায়নং॥ শূলমষ্টবিধং হন্তি জ্বরমষ্টবিধন্তথা। কামলা পাণ্ডুরোগাংশ্চ হলীমকমথারুচিং ॥ শ্লীপদঞ্চ বিশেষেণ ঘৃতেনানেন নশ্যতি। ইদমায়ুষ্যমোজস্যং সর্ব্বরোগহরং পরং। দাড়িমাদ্যমিদং নাম অশ্বিভ্যাং নির্ম্মিতং মহৎ ॥ ২০ ॥

দাড়িম্বফল /২ সের, যব /৪ সের, কুলথকলাই /॥০ অৰ্দ্ধসের, এই সকল দ্রব্য উপযুক্ত জলে সিদ্ধ করিয়া চতুর্থাংশ অর্থাৎ চারিভাগের একভাগ থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথের সহিত ঘৃত /৪ সের যথাবিহিত নিয়মে মৃদু অগ্নিতে পাক করিবে। পাককালে দুগ্ধ /৮ সের ও শতমূলীরস /৮ সের প্রদান করিবে।

কল্কদ্রব্য যথা—দ্রাক্ষা (কিস্‌মিস্), খর্জ্জুর, কাকোলী, দন্তী, দাড়িম, জীরা, মেদা, মহামেদা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), দেবদারু, রেণুকা, রাখালশশা, হরিদ্রা, দারুহরিদ্রা, মঞ্জিষ্ঠা, কুড়, বিড়ঙ্গ, ভূমিকুষ্মাণ্ড, শ্যামালতা ও এলাচি ...

প্রত্যেকের ২ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত কল্ক উহাতে প্রদান করিবে।

ইহা (রোগের অবস্থাদি ভাল রূপ বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া) পানীয় ও ভোজ্যবস্তুর সহিত প্রয়োগ করিবে।

উক্ত ঘৃত সর্ব্বঋতুতেই সেবন করা যাইতে পারে। সেবন করিলে বিংশতি প্রকার প্রমেহ, মূত্রাঘাত, অশ্মরী, মূত্রকৃচ্ছ্র, অষ্টবিধ শূল, অষ্টবিধ জ্বর, কামলা, পাণ্ডু, হলীমক, অরুচি ও শ্লীপদ প্রভৃতি রোগের শান্তি হয়। এই ঘৃত বলকারক ও আয়ুর্ব্বৃদ্ধিকারক। ইহার নাম 'দাড়িমঘৃত" অশ্বিনীকুমার এই রসায়ন নির্ম্মাণ করিয়াছেন ॥ ২০ ॥

ত্র্যূষণাদি গুড়িকা—

ত্রিকটুত্রিফলাচূর্ণ তুল্য যুক্তস্তু গুগ্গুলুঃ। গোক্ষুরকাথসংযুক্তং গুড়িকাং কারয়েদ্ভিষক্ ॥ দোষকালবলাপেক্ষী ভক্ষয়েচ্চানুলোমিকীং। ন চাত্র পরিহারোঽস্তি কর্ম্ম কুর্য্যাৎ যথেপ্সিতং। প্রমেহাশ্মূত্রঘাতাংশ্চ বাতরোগোদরং জয়েৎ ॥ ২১ ॥

ত্রিকটুকেত্যাদি।—ত্রিকটু ত্রিফলাচূর্ণং কীদৃশং তুল্যগুগ্গুলুযুতং, পুনঃ কীদৃশং গোক্ষুরকাথেন সম্যগ্যুক্তং ভাবিতং এবং কৃত্বা গুড়িকাং কারয়েদিত্যর্থঃ। মিলিতত্রিফলাচূর্ণ পল ১, মিলিতত্রিকটুচূর্ণ পল ১, গুগ্গুলু পল ২, চূর্ণযুক্ত গুগ্গুলুভাবনার্থং গোক্ষুরঃ পল ৪, কাথার্থং পাকজল ৪ শেষজল ১, এবং সপ্তাহমাতপে ভাবয়েৎ তদনু মড়ষ্টমাষকমিতাবটিকাঃ কার্য্যাঃ ॥ ২১ ॥

ত্রিকটুচূর্ণ (মরিচ, পিপুল ও শুঁঠ) ১ পল, ত্রিফলাচূর্ণ (হরিতকী, আমলকী, বহেড়া) ১ পল, গুগ্গুলু ২ পল, এই সকল দ্রব্য একত্র মিশ্রিত করিয়া সপ্তাহ পর্য্যন্ত গোক্ষুরের কাথে ভাবনা দিয়া গুড়িকা প্রস্তুত করিবে। দোষ, কাল ও বল প্রভৃতি বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া এই গুড়িকা সেবন করিবে। এই গুড়িকা সেবন করিয়া কোন বিষয়ই পরিত্যাজ্য নহে, ইচ্ছামত সমস্ত কর্ম্মই করিতে পারিবে। ইহা দ্বারা প্রমেহ, মূত্রাঘাত, বাতরোগ ও উদরপীড়া প্রভৃতি রোগ প্রশমিত হয়। এবং ইহা অনুলোমক।

ভাবনার্থ কাথ প্রস্তুত করিবার নিয়ম এই, যথা—গোক্ষুর ৪ চারিপল অর্থাৎ ৩২ তোলা (অর্দ্ধসের), পাকার্থ জল /৪ চারিসের ১ শেষ এক সের ॥ ২১ ॥

শিলাজতু প্রয়োগঃ।

শালসারাদিতোয়েন ভাবিতং যচ্ছিলাজতু। পিবেত্তেনৈব সংশুদ্ধদেহঃ পিষ্টং যথাবলং ॥ জাঙ্গলানাং রসৈঃ সার্দ্ধং তস্মিন্ জীর্ণে চ ভোজনং। কুর্য্যাদেবং তুলাং যাবদুপযুঞ্জীত মানবঃ ॥ মধুমেহং বিহায়াসৌ শর্করামশ্মরীন্তথা। বপুর্ব্বর্ণবলোপেতঃ শতং জীবত্যনাময়ঃ। মাক্ষিকং ধাতুমপ্যেবং যুঞ্জ্যাত্তস্যাপ্যয়ং গুণঃ ॥ শালসারাদিবর্গস্য কাথেতু ঘনতাং গতে। দন্তীলোধ্রশিবাকান্তলৌহতাম্রজঃ ক্ষিপেৎ। ঘনীভূতমদগ্ধঞ্চ প্রাশ্য মেহান্ ব্যপোহতি ॥ ব্যায়ামজাতামখিলং ভজন্ মেহান্ ব্যপোহতি। পাদত্রচ্ছত্র রহিতো ভিক্ষাশী মুনিবদ্যতঃ ॥ যোজনানাং শতং গচ্ছে দথবা খনেৎ কূপং নিরন্তরং। মেহান্ জেতুং বনেবাপি নীবারামলকাশনঃ ॥ ২২ ॥

শালসারাদিতোয়েনেত্যাদি।—বক্ষ্যমাণরসায়নবিধিনা জ্ঞেয়ং। তেনৈবেতি শালসারাদিতোয়েনৈব পিবেৎ। সংশুদ্ধদেহইতি বমনবিরেচনা; পিষ্টমিতি চূর্ণিতং; তুলাং যাবদুপযুঞ্জীত ইতি প্রতিদিনমর্দ্ধকর্ষাদিমাত্রয়া। শালসারাদিবর্গস্য

চতুর্থভাগাবশিষ্টে ক্বাথে পুনঃ পাকাদ্ঘনীভূতে দন্ত্যাদীনাং মিলিতানাং চূর্ণং পাদিকং প্রক্ষেপ্যং কুটজলেহবৎ। শিবা হরীতকী, মাক্ষিকপুটিত-কান্তলৌহাদিচূর্ণং তস্য সর্ব্ববিধিলৌহান্তরবৎ। ব্যায়ামজনিতমিতি মল্লযুদ্ধাদিজনিতং। নীবা-রেত্যুপলক্ষণং তেন শ্যামাকাদিকমপি বোধ্যং যদাহ সুশ্রুতঃ—মতাবনে বা শ্যামাক-নিবারামলক [illegible] সহ বসেদিতি ॥ ২২ ॥

বমন এবং বিরেচনাদি দ্বারা শুদ্ধদেহ ব্যক্তি সুশ্রোক্ত [illegible] ক্বাথে ভাবিত শিলাজতু উক্ত শালসারাদিগণের ক্বাথের সহিত পেষণ করতঃ বলানু-সারে লেহন করিবে॥ ঔষধ জীর্ণ হ-ইলে জাঙ্গল মাংসরস সহিত অন্নাহার করিবে।

উক্ত ঔষধ অর্দ্ধকর্ষ (অর্থাৎ ১ এক-তোলা) মাত্রায় প্রতি দিবস সেবন করিয়া ক্রমে তুলা অর্থাৎ ।২॥০ সারে বাড়সের ঔষধ সমষ্টিতে সেবন করিবে। ইহাদ্বারা মধুমেহ, শর্করা ও অশ্মরীরোগ প্রশমিত হয়। ইহা শরীর. বল ও বর্ণ বর্দ্ধক। ইহা সেবনে নিরাময় (নির্ব্ব্যাধি) হইয়া শতবর্ষ পর্য্যন্ত জীবিত থাকা যায়। ধাতু মাক্ষিক ও উক্ত প্রণালিতে সেবন করিলে পূর্ব্বোক্তরূপ ফল হইয়া থাকে।

শালসার (ধুনা), অজকর্ণ, খদির, শ্বেতখদির. কালস্কন্দ (গাব) ক্রমুক (রক্তলোধ), ভূর্জ্জ, মেষশৃঙ্গী, তিনিশ-বৃক্ষ, চন্দন, শিংশপাশিরীষ, অসনধব. অর্জ্জুন, তালমূলী, ডহরকরঞ্জ নাটা-করঞ্জ,অশ্বকর্ণ,শাল, অগরু ও পীতকাষ্ঠ, ইহাদিগকে শালসারাদিগণ বলিয়া থা-কেন।

শালসারাদিগণের চতুর্ভাগাবশিষ্ট ক্বাথ করিয়া তাহা পুনর্ব্বার পাক ক-রিবে। ঘনীভূত হইলে দন্তী, লোধ, হরীতকী, লৌহচূর্ণ. তাম্রচূর্ণ. এই স-কল প্রক্ষেপ করিবে। যখন কুটজ লেহা-দির ন্যায় উত্তম রূপ ঘনীভূত হইবে, অথচ দগ্ধ হইবে না তখন পাক হই-য়াছে নিশ্চয় করিয়া চুল্লী হইতে অব-তরণ করিবে। এই ঔষধ (রোগের বলাবল বিবেচনাপূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া) সেবন করিলে প্রমেহরোগ বি-নষ্ট হয়।

ব্যায়াম অর্থাৎ মল্লযুদ্ধাদিতে যে মেহরোগ জন্মে তাহাও উক্ত ঔষধ (যথোপযুক্ত মাত্রায়) সেবনে নিবৃত্তি হয়।

উক্ত ঔষধ সেবন করিয়া পাদুকা ও ছত্র রহিত, ভিক্ষার্থী, সংযতমনা মুনি-গণের ন্যায় প্রতি দিবস শত যোজন বা ততোধিক পথ গমন করিবে। অথবা মেহরোগ জয় করিতে হইলে বনে গমন করিয়া নীবারাদি ও আমলকী মাত্র ভক্ষণ করিয়া থাকিবে॥ ২২॥

শরাবিকাদ্যাঃ পীড়কাঃ সাধয়েচ্ছো-থবদ্ভিষক্। পক্কাশ্চিকিৎসেদ্ব্রণব-ত্তাসাং পানে প্রশস্ততে॥ ক্বাথং বন-স্পতের্ব্বাস্তং মূত্রঞ্চ ব্রণশোধনং। এলাদিকেন কুর্ব্বীত তৈলঞ্চ ব্রণরো-পণং॥ আরগ্বধাদিনা কুর্য্যাৎ ক্বাথ-মুদ্বর্ত্তনানি চ। শালসারাদিসেকঞ্চ ভোজ্যাদিঞ্চ কণাদিনা॥ সৌবীরকং সুরাংশুক্তং তৈলং ক্ষীরং ঘৃতং গুড়ং। অম্লেক্ষুরসপিষ্টান্নানূপমাংসানি বর্জ্জ-য়েৎ॥ প্রমেহিনাং যদামূত্র মনাবি-লমপিচ্ছিলং। বিশদংকটুতিক্তঞ্চ তদারোগ্যং প্রচক্ষতে॥ ২৩॥

প্রমেহপীড়কাচিকিৎসামাহ শরাবিকাদ্যা ইতি। শোথবদিতি ব্রণশোধবদিতি। বনস্পতের্বাস্ত [illegible]টাদেঃ; বস্তমূত্রং ছাগমূত্রং। এলাদিকেনে-ত্যাদি —এলাদিগণশ্চ সুশ্রুতঃকল্পকাপাদনি-[illegible]

পণসা ক্বাথঃ কল্কশ্চ। অন্যে ত্বেলাদিগণস্য কল্কো জলং চতুর্গুণমিত্যাহুঃ। আরগ্বধাদিঃ সৌশ্রুতগণঃ। ক্বাথমিতি পানার্থং পরিষেকার্থঞ্চ। ভোজ্যাদিরিত্যাদি শব্দাৎ পানমপি বোধ্যং কণাদিনেতি পিপ্পল্যাদিগণেন সৌশ্রুতেন। নিদানপরিবর্জ্জনমাহ সৌবীরমিত্যাদি ॥ ২০ ॥

ইতি প্রমেহপীড়কা-চিকিৎসা।

অনন্তর প্রমেহরোগে শরাবিকা প্রভৃতি যে পিড়কা জন্মে এস্থলে তাহারই চিকিৎসার বিষয় কথিত হইতেছে। বিচক্ষণ বৈদ্যগণ শোথোক্ত প্রণালীতে শরাবিকাদি পিড়কার চিকিৎসা করিবে। কিন্তু শরাবিকাদি পিড়কা পক্ক হইলে ব্রণবৎ চিকিৎসা করিবে এবং বটাদির ক্বাথ ও ছাগ মূত্র পান করিতে দিবে। অথবা সুশ্রুতোক্ত এলাদিগণের ক্বাথও কল্ক সাধিত তৈলদ্বারা ব্রণ রোপণ করিবে। আরগ্বধাদির ক্বাথে পিড়কা ধৌত এবং উক্ত ক্বাথ পান করিবে। শালসারাদিগণ দ্বারা সেক ও পিপ্পল্যাদিগণ সহ সাধিত আহারাদি প্রদান করিবে।

প্রমেহরোগী কাঞ্জিক, সুরা, শুক্ত (কাঞ্জিক বিশেষ), তৈল, দুগ্ধ, ঘৃত, গুড়, অম্ল, ইক্ষুরস, পিষ্টক এবং আনূপ অর্থাৎ জল সন্নিহিতস্থ পশুর মাংস পরিত্যাগ করিবে।

প্রমেহ রোগীর মূত্র নির্ম্মল, অপিচ্ছিল, পরিষ্কৃত, কটু ও তিক্ত রসবিশিষ্ট হইলে রোগী আরোগ্য হইয়াছে বলিয়া নিশ্চয় করিবে (১) ॥ ২৩ ॥

ইতি মেহ-মধুমেহ-পিড়কা-চিকিৎসা।

অথ স্থৌল্য-চিকিৎসা।

শ্রমচিন্তা ব্যবায়াধ্বক্ষৌদ্রজাগরণপ্রিয়ঃ। হন্ত্যবশ্যমতিস্থৌল্যং যবশ্যামাকভোজনঃ॥ অস্বপ্নঞ্চ ব্যবায়ঞ্চ ব্যায়ামং চিন্তনানি চ। স্থৌল্যমিচ্ছন্ পরিত্যক্তুং ক্রমেণাতি প্রবর্দ্ধয়েৎ॥ প্রাতর্ম্মধুযুতং বারি সেবিতং স্থৌল্যনাশনং। উষ্ণমন্নস্য মণ্ডম্বাপি পিবন্ কৃশতনুর্ভবেৎ॥ ১॥

প্রমেহবৎ স্থৌল্যস্যাপি ব্যায়ামসাধ্যত্বাৎ তথা দুষ্টমেদোজন্যত্বাচ্চ প্রমেহানন্তরং স্থৌল্যচিকিৎসামাহ শ্রমেত্যাদি।—মধুযুতং বারি ইতি মধুবারি অত্র সস্কারিত্বেন কৌপং জলমেব যৌগিকমিতি বৃদ্ধাঃ॥ ১॥

পরিশ্রম, চিন্তা, ব্যবায়, পথপর্য্যটন, মধু পান ও জাগরণ প্রিয়তা ইত্যাদি দ্বারা অতি স্থূলতা অবশ্য বিনষ্ট হয়। এবং যব ও শ্যামাক (ধান্য বিশেষ) ভোজন করিলেও স্থূলতা বিনষ্ট হয়।

স্থূলতা পরিত্যাগ করিতে ইচ্ছুক ব্যক্তি অনিদ্রা, মৈথুন, ব্যায়াম ও চিন্তা এই সকল ক্রমে বৃদ্ধি করিবে।

---

(১) আরগ্বধ (সোঁদালি), মদন (ময়নাফল), গোপঘণ্টা (সেয়াকুল), কুটজ (কুড়চী), পাঠা (নিমুখলতা), কণ্টকী (গোক্ষুরী), পাটলা (পারুল), মূর্ব্বালতা, ইন্দ্রযব, সপ্তপর্ণ (ছাতিম), নিম্ব, কুরুণ্টক (পীত ঝিণ্টী), হরিদ্রা (হলুদ), দ্বিতা, মহাকরঞ্জ, ভরকরঞ্জ, নাসীকুরুণ্টক (নীলঝাঁটী), পটোল, চিরতা এবং কৃষ্ণজারা; ইহাদিগকে আরগ্বধাদিগণ কহে।

পিপ্পল্যাদিগণ—পিপ্পলী, পিপ্পলীমূল, চই চিতে, আদা, মরিচ, গজপিপ্পলী, হরেণু, এলাইচ, বনযমানী, ইন্দ্রযব, আকনাদি, জীরে, সর্ষপ, মহানিম্ব (ঘোড়ানিম), হিঙ্গু, ভার্গী (বামুনহাটী), মধুর (শোলুফা), অতিবিষা (আতইচ), বচ, বিড়ঙ্গ, কটুকী; ইহাদিগকে পিপ্পল্যাদিগণ কহে।

এলাদিগণ।—এলাইচ, তগরপাদুকা, কুড়, জটামাংসী, গন্ধতৃণ, দারুচিনী, তেজপত্র, নাগকেশর, প্রিয়ঙ্গু, রেণুকা, ব্যাঘ্রনখী (গন্ধদ্রব্য বিশেষ), নখী, চোর (গন্ধদ্রব্য বিশেষ), গেঁঠেলা, সরলকাষ্ঠ, চোঁর-খড়িকা, রাস্না, গুগ্গুল, মুরা, শিলারস, কুন্দুরুখোটি, অগুরু, স্পৃক্কা (পিড়িংশাক), বেণারমূল, ভদ্রদারু কুঙ্কুম, পুন্নাগ (বকুল); ইহাদিগকে এলাদিগণ কহে।

পণসা ক্বাথঃ কল্কশ্চ। অন্যে স্তেলাদিগণস্য কল্কো জলং চতুর্গুণমিত্যাহুঃ। আরগ্বধাদিঃ সৌশ্রুতগণঃ। ক্বাথমিতি পানার্থং পরিষেকার্থঞ্চ। তোক্যাদিরিত্যাদি শব্দাৎ পানমপি বোধ্যং কণাদিনেতি পিপ্পল্যাদিগণেন সৌশ্রুতেন। নিদানপরিবর্জ্জনমাহ সৌবীরমিত্যাদি ॥ ২০ ॥

ইতি প্রমেহপীড়কা-চিকিৎসা।

অনন্তর প্রমেহরোগে শরাবিকা প্রভৃতি যে পিড়কা জন্মে এস্থলে তাহারই চিকিৎসার বিষয় কথিত হইতেছে। বিচক্ষণ বৈদ্যগণ শোথোক্ত প্রণালীতে শরাবিকাদি পিড়কার চিকিৎসা করিবে। কিন্তু শরাবিকাদি পিড়কা পক্ক হইলে ব্রণবৎ চিকিৎসা করিবে এবং বটাদির ক্বাথ ও ছাগ মূত্র পান করিতে দিবে। অথবা সুশ্রুতোক্ত এলাদিগণের ক্বাথও কল্ক সাধিত তৈলদ্বারা ব্রণ রোপণ করিবে। আরগ্বধাদির ক্বাথে পিড়কা ধৌত এবং উক্ত ক্বাথ পান করিবে। শালসারাদিগণ দ্বারা সেক ও পিপ্পল্যাদিগণ সহ সাধিত আহারাদি প্রদান করিবে।

প্রমেহরোগী কাঞ্জিক, সুরা, শুক্ত (কাঞ্জিক বিশেষ), তৈল, দুগ্ধ, ঘৃত, গুড়, অম্ল, ইক্ষুরস, পিষ্টক এবং আনূপ অর্থাৎ জল সন্নিহিতস্থ পশুর মাংস পরিত্যাগ করিবে।

প্রমেহ রোগীর মূত্র নির্ম্মল, অপিচ্ছিল, পরিষ্কৃত, কটু ও তিক্ত রসবিশিষ্ট হইলে রোগী আরোগ্য হইয়াছে বলিয়া নিশ্চয় করিবে (১) ॥ ২৩ ॥

ইতি মেহ-মধুমেহ-পিড়কা-চিকিৎসা।

---

(১) আরগ্বধ (সোঁদালি), মদন (ময়নাফল), গোপঘণ্টা (সেয়াকুল), কুটজ (কুড়চী), পাঠা (নিমুখলতা), কন্টকী (গোক্ষুরী), পাটলা (পারুল), মূর্ব্বালতা, ইন্দ্রযব, সপ্তপর্ণ (ছাতিম), নিম্ব, কুরুণ্টক (পীত ঝিণ্টী), গুড়ূচী (গুলঞ্চ) চিতা, কুঠা-

অথ স্থৌল্য-চিকিৎসা।

শ্রমচিন্তাব্যবায়াধ্বক্ষৌদ্রজাগরণপ্রিয়ঃ। হন্ত্যবশ্যমতিস্থৌল্যং যবশ্যামাকভোজনঃ॥ অস্বপ্নঞ্চ ব্যবায়ঞ্চ ব্যায়ামং চিন্তনানি চ। স্থৌল্যমিচ্ছন্ পরিত্যক্তুং ক্রমেণাতি প্রবর্দ্ধয়েৎ॥ প্রাতর্মধুযুতং বারি সেবিতং স্থৌল্যনাশনং। উষ্ণমন্নস্য মণ্ডঞ্চাপি পিবন্ কৃশতনুর্ভবেৎ॥ ১॥

প্রমেহবৎ স্থৌল্যস্যাপি ব্যায়ামসাধ্যত্বাৎ তথা দুষ্টমেদোজন্যত্বাচ্চ প্রমেহানন্তরং স্থৌল্যচিকিৎসামাহ শ্রমেত্যাদি।—মধুযুতং বারি ইতি মধুবারি অত্র সংস্কারিত্বেন কৌপং জলমেব যৌগিকমিতি বৃদ্ধাঃ॥ ১॥

পরিশ্রম, চিন্তা, ব্যবায়, পথপর্য্যটন, মধু পান ও জাগরণ প্রিয়তা ইত্যাদি দ্বারা অতি স্থূলতা অবশ্য বিনষ্ট হয়। এবং যব ও শ্যামাক (ধান্য বিশেষ) ভোজন করিলেও স্থূলতা বিনষ্ট হয়।

স্থূলতা পরিত্যাগ করিতে ইচ্ছুক ব্যক্তি অনিদ্রা, মৈথুন, ব্যায়াম ও চিন্তা এই সকল ক্রমে বৃদ্ধি করিবে।

করঞ্জ, ভরকরঞ্জ, দাসীকুরুণ্টক (নীলঝাঁটী), পটোল, চিরতা এবং কৃষ্ণজারা; ইহাদিগকে আরগ্বধাদিগণ কহে।

পিপ্পল্যাদিগণ—পিপ্পলী, পিপ্পলীমূল, চই চিতে, আদা, মরিচ, গজপিপ্পলী, হরেণু, এলাইচ, বনযমানী, ইন্দ্রযব, আকনাদি, জীরে, সর্ষপ, মহানিম্ব (ঘোড়ানিম), হিঙ্গু, ভার্গী (বামুনহাটী), মধুর (পোলুকা), অতিবিষা (আতইচ), বচ, বিড়ঙ্গ, কটুকী; ইহাদিগকে পিপ্পল্যাদিগণ কহে।

এলাদিগণ।—এলাইচ, তগরপাদুকা, কুড়, জটামাংসী, গন্ধতৃণ, দারুচিনী, তেজপত্র, নাগকেশর, প্রিয়ঙ্গু, রেণুকা, ব্যাঘ্রনখী (গন্ধদ্রব্য বিশেষ), নখী, চোর (গন্ধদ্রব্য বিশেষ), গেঁঠেলা, সরলকাষ্ঠ, চোঁর-খড়িকা, রাস্না, গুগ্গুল, ধুনা, শিলারস, কুন্দুরুখোটি, অগুরু, স্পৃক্কা (পিড়িংশাক), বেণামূল, ভদ্রদারু কুঙ্কুম, পুন্নাগ (বকুল); ইহাদিগকে এলাদিগণ কহে।

প্রাতঃকালে মধুমিশ্রিত জল পান করিলে স্থূলতা রোগ নষ্ট হয়। উষ্ণ অন্নমণ্ড পান করিলে অতি স্থূল ব্যক্তি কৃশ হইতে পারে॥ ১॥

সচব্যজীরকং ব্যোষহিঙ্গু সৌবর্চ্চলানলাঃ। মস্তুনাশক্তবঃ পীতামেদোঘ্নাঃ বহ্নিদীপনাঃ॥ ২॥

সচব্যেত্যাদৌ।—অনলশ্চিত্রকঃ। শক্তব ইহ বক্ষ্যমাণব্যোষাদিশক্তু প্রয়োগন্যায়াৎ সর্ব্বচূর্ণাৎ ষোড়শগুণাঃ। অনেন একবারং ভোজনমাহারূপত্বাদিত্যাহুঃ॥ ২॥

চৈ, জীরা, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), হিঙ্গু, সৌবর্চ্চল ও চিতা, ইহাদিগের চূর্ণ এবং সমস্ত চূর্ণের ষোড়শ গুণ যবশক্তু, এই সকল দ্রব্য দধি ও মণ্ড সহিত যথোপযুক্ত মাত্রায় সেবন করিবে। ইহাদ্বারা শরীরগত মেদঃ নষ্ট হয় এবং অগ্নির দীপ্তি হয়॥ ২॥

বিড়ঙ্গাদ্যং চূর্ণম্।

বিড়ঙ্গনাগরক্ষার কাললোহরজোমধু। যবামলক চূর্ণন্তু প্রয়োগঃ স্থৌল্যনাশনঃ॥ ৩॥

বিড়ঙ্গেত্যাদৌ।—ক্ষারোযবক্ষারঃ কাললৌহং বজ্রাদি, অন্য চূর্ণং মারণপুটমানম্পামত্বং গ্রাহ্যং অত্র সর্ব্বচূর্ণমেব সমভাগং গ্রাহয়ন্তি কিন্তু লৌহস্য মহাবীর্য্যত্বেন প্রাধান্যাদিত্যমিলিতচূর্ণসমত্বং মধুনা চাত্রাবলেহ ইত্যপ্যাহুঃ॥ ৩॥

বিড়ঙ্গ, শুঠ, যবক্ষার, যব ও আমলকী, এই সকল দ্রব্যের চূর্ণ সমানাংশ এবং সমস্ত চূর্ণের তুল্য কাললৌহ (বজ্রাদিলৌহ) চূর্ণ একত্র মিশ্রিত করতঃ মধুর সহিত (যথাযোগ্য পরিমাণে) লেহন করিলে স্থূলতা বিনষ্ট হয়॥ ৩॥

বিড়ঙ্গাদ্যং লৌহম্।

বিড়ঙ্গত্রিফলামুস্তৈঃ কণানাগরকেণ চ। বিল্বচন্দন হ্রীবেরঃ পাঠোশীরং তথা-বলা॥ এষাং সর্ব্বসম লৌহ ... বটিকাং কুরু। ঘৃতযোগেন কর্ত্তব্যা-মাষৈকা বটিকা শুভা॥ অনুপানং প্রয়োক্তব্যং লোহমষ্টগুণং পয়ঃ। সর্ব্ব-মেহহরং বল্যং কান্ত্যায়ুর্ব্বলবর্দ্ধনং॥ অগ্নিসন্দীপনকরং বাজীকরণমুত্তমং। সোমরোগং নিহন্ত্যাশু ভাস্করস্তিমিরং যথা। বিড়ঙ্গাদ্যমিদং লৌহং সর্ব্ব-রোগনিসূদনং॥ ৪॥

বিড়ঙ্গ, ত্রিফলা, মুথা, পিপ্পলী, শুঁঠ, বেলশুঠ, রক্তচন্দন, বালা, আকনাদি, বেণারমূল (বীরণমূল) ও বেড়েলা, এই সকল দ্রব্যের চূর্ণ সমভাগ এবং সর্ব্বচূর্ণ সমান লৌহচূর্ণ গ্রহণ করতঃ একত্র জলে পেষণ করিয়া ঘৃত সহযোগে এক মাষা প্রমাণ বটিকা প্রস্তুত করিবে। দুগ্ধের সহিত এই বটিকা সেবন করিয়া লোহের অষ্টগুণ দুগ্ধ অনুপান করিবে। ইহা সেবন করিলে সর্ব্ব প্রকার প্রমেহ-রোগ নষ্ট হয় এবং শরীরের কান্তি, আয়ুঃ ও বলবৃদ্ধি হয়। অগ্ন্যুদ্দীপক এই বটিকাদ্বারা সূর্য্যকিরণে বিলয়প্রাপ্ত অন্ধকারের ন্যায় সোমরোগ বিনষ্ট হইয়া থাকে। ইহার নাম বিড়ঙ্গাদি লৌহ। ইহাদ্বারা সমস্ত রোগই বিনষ্ট হইয়া থাকে।

ইহা রোগের অবস্থাদি বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া সেবন করিবে॥ ৪॥

ব্যোষাদ্যশক্তুপ্রয়োগঃ—

ব্যোষং বিড়ঙ্গশিগ্রূণি ত্রিফলাং কটুরোহিণীং। বৃহত্যৌ দ্বে হরিদ্রে দ্বে পাঠামতিবিষাং স্থিরাং॥ হিঙ্গুকেবুকমূলানি যমানীধান্যচিত্রকং। সৌবর্চ্চলমজাজীঞ্চ হবুষাঞ্চেতি চূর্ণয়েৎ॥ চূর্ণতৈল ...

শক্তুনাং ষোড়শগুণোভাগঃ সন্তর্পণং পিবেৎ॥ প্রয়োগাত্তস্য শাম্যন্তি রোগাঃ সন্তর্পণোত্থিতাঃ। প্রমেহা মূঢ়বাতাশ্চ কুষ্ঠান্যর্শাংসি কামলাঃ। প্লীহপাণ্ডাময়ঃ শোথো মূত্রকৃচ্ছ্র মরোচকঃ। হৃদ্রোগোরাজযক্ষা চ কাসশ্বাসৌ গলগ্রহঃ॥ ক্রিময়ো গ্রহণীদোষাঃ শৈত্যং স্থৌল্যমতীব চ। নরাণাং দীপ্যতেচাগ্নিঃ স্মৃতির্বুদ্ধিশ্চ বর্দ্ধতে॥ ৫॥

ব্যোষবিড়ঙ্গেত্যাদৌ। তৈলঘৃতক্ষৌদ্রাণাং প্রত্যেকং মিলিতচূর্ণসমত্বং শক্তুনাঞ্চ ষোড়শগুণোভাগঃ সম্বন্দিতচূর্ণাপেক্ষয়া। সন্তর্পণমিতি জলালোড়িতশক্তুস্বরূপতয়া তেন সন্তর্পণসংজ্ঞস্যাপ্যসন্তর্পণত্বং জ্ঞেয়ং। মাত্রা চাস্য আহারদ্রব্যপ্রধানত্বাদন্নবৎ। ঋত্যাঃ স্থিরত্বং॥ ৫॥

ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), বিড়ঙ্গ, শজিনা, ত্রিফলা (হরীতকী, আমলকী, ও বহেড়া), কটকী, বৃহতী, কণ্টকারী, হরিদ্রা, দারুহরিদ্রা, আকনাদি, আতইচ, শালপাণি (ছালানি), হিঙ্গু, কেতকীমূল, যমানী, ধনিয়া, চিতা, সৌবর্চ্চল, জীরা ও হবুষা, এই সকল দ্রব্য সমানাংশ গ্রহণ পূর্ব্বক চূর্ণ করিবে, পরে চূর্ণ সমষ্টির সমান পরিমাণ ঘৃত, তৈল ও মধু এবং চূর্ণ সমষ্টির ষোড়শগুণ যবশক্তু একত্র মিশ্রিত করতঃ সন্তর্পণ রূপে পান করিবে। এই ঔষধ পান করিলে সন্তর্পণোত্থিত রোগ সমূহ বিনষ্ট হয়। প্রমেহ, মূঢ়বাত, কুষ্ঠ, অর্শঃ, কামলা, প্লীহা, পাণ্ডু, শোথ, মূত্রকৃচ্ছ্র, অরুচি, হৃদ্রোগ, রাজযক্ষা, কাস, শ্বাস, গলগ্রহ, ক্রিমি, গ্রহণী, শিত্র ও অতিস্থূলতা প্রভৃতি রোগ নষ্ট হয়। এবং ইহাদ্বারা অগ্নির দীপ্তি, স্মরণশক্তি ও বুদ্ধি বর্দ্ধিত হয়॥ ৫॥

বদরীপত্রকল্কেন পেয়া কাঞ্জিকসাধিতা। স্থৌল্যন্নুৎস্যাৎ সাগ্নিমন্থরসঃ পাপি শিলাজতু॥ ৬॥

বদরীত্যাদি।—বদরীপত্রং পলং পিষ্ট্বা কাঞ্জিকদ্রবেণ পেয়া সাধ্যা। সাগ্নিমন্থেত্যাদি—দ্বিতীয়োযোগঃ রসঃ ক্বাথঃ শিলাজতু প্রক্ষেপ্যং॥ ৬॥

বদরীপত্রের কল্ক ও কাঞ্জিসহ পেয়া প্রস্তুত করিবে। এই পেয়া যথাযোগ্য মাত্রায় পান করিলে স্থূলতা বিনষ্ট হয়। এবং (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) শিলাজতু প্রক্ষেপিত গণিয়ারীর ক্বাথ পান করিলেও উক্ত রোগ নষ্ট হয়॥ ৬॥

অমৃতাদ্যগুগ্‌গুলুঃ—

অমৃতাত্রুটি বেল্লবৎসকং
কলিঙ্গপথ্যামলকানি গুগ্‌গুলুঃ।
ক্রমবৃদ্ধমিদং মধুপ্লুতং পিড়কা স্থৌল্যভগন্দরং জয়েৎ॥ ৭॥

অমৃতেত্যাদৌ।—ত্রুটিঃ সূক্ষ্মৈলা; বেল্লোবিড়ঙ্গঃ; কলিঙ্গো ইন্দ্রযবঃ কেচিচ্ছন্দোভঙ্গভয়াৎ কালিপাঠং কুর্ব্বন্তি তন্মতে কালিঃ বিভীতকং কিন্তু মহেশ্বরপত্রিকায়ামপি ইন্দ্রযব এব ব্যাখ্যাতঃ। তস্মাদনন্তরমাচ্ছন্দোমার্গাণাং মাত্রচ্ছন্দোভঙ্গদোষ আশঙ্কনীয়ঃ। ক্রমবৃদ্ধমিতি অমৃতায়া একোভাগঃ দ্বৌ ত্রুটেরিত্যাদি মধুনা আলোড্য পেয়ং॥ ৭॥

গুলঞ্চ, ছোটএলাইচ, বিড়ঙ্গ, কুরচিরছাল, ইন্দ্রযব, হরীতকী, আমলকী, ও গুগ্‌গুলু, এই সমুদয় দ্রব্য ক্রমশঃ এক এক ভাগ বর্দ্ধিত করিয়া অর্থাৎ গুলঞ্চ ১ভাগ, ছোটএলাইচ ২ভাগ ইত্যাদি পরিমাণে গ্রহণ করিয়া মধুর সহিত (অগ্নির ও পীড়ার বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিবে। ইহাদ্বারা পিড়কা, স্থূলতা ও ভগন্দর প্রভৃতি রোগ বিনষ্ট হয়॥ ৭॥

নবকগুগ্গুলুঃ—

ব্যোষাগ্নিত্রিফলামুস্ত বিড়ঙ্গৈর্গুগ্গুলুং সমং। খাদন্ সর্বান্ জয়েদ্ব্যাধীন্ মেদঃশ্লেষ্মামবাতজান্ ॥ ৮ ॥

ব্যোষেত্যাদৌ।—অগ্নিশ্চিত্রকঃ ॥ ৮ ॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), চিতা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), মুথা, বিড়ঙ্গ, এই সকল দ্রব্য সমভাগ এবং সমুদয়ের তুল্য গুগ্গুলু একত্র মিশ্রিত করতঃ যথোপযুক্ত মাত্রায় সেবন করিবে। ইহাদ্বারা মেদঃ শ্লেষ্মা, আম ও বাতজনিত সকল প্রকার পীড়া বিনষ্ট হয় ॥ ৮ ॥

লৌহরসায়নম্—

গুগ্গুলুং তালমূলী চ ত্রিফলাখদিরং বৃষং। ত্রিবৃতালম্বুষামুণ্ডী চ নির্গুণ্ডী-চিত্রকং সটী ॥ এষাং দশপলান্ ভাগান্ তোয়েপঞ্চাঢ়কে পচেৎ। পাদশেষস্ততঃ কৃত্বা কষায়মবতারয়েৎ ॥ পলং দ্বাদশকং দেয়ং তীক্ষ্ণলোহং সুচূর্ণিতং। পুরাণ সর্পিষঃ প্রস্থং শর্করাষ্টপলোন্মিতং ॥ পচেত্তাম্রময়েপাত্রে সুশীতে চাবতারিতে। প্রস্থার্দ্ধং মাক্ষিকং দেয়ং শিলাজতু পলদ্বয়ং ॥ এলাত্বচোঃ পলার্দ্ধঞ্চ বিড়ঙ্গানি পলত্রয়ং। মরিচং চাঞ্জনং কৃষ্ণা-দ্বিপলং ত্রিফলান্বিতং ॥ পলদ্বয়ন্তু কাশীশং শ্লক্ষ্ণচূর্ণীকৃতং বুধৈঃ। চূর্ণং দত্বা সুমথিতং স্নিগ্ধে ভাণ্ডে নিধাপয়েৎ ॥ ততঃ সংশুদ্ধদেহস্তু ভক্ষয়েদক্ষমাত্রকং। অনুপানং পিবেৎ ক্ষীরং জাঙ্গলানাং রসস্তথা ॥ বাতশ্লেষ্মহরং শ্রেষ্ঠং কুষ্ঠমেহোদরাপহং। কামলাং পাণ্ডুরোগঞ্চ শ্বয়থুং সভগন্দরং ॥ মূর্চ্ছা [illegible] গরানি [illegible]মিচ। স্থুলানাং কর্ষণং শ্রেষ্ঠং মেহঘ্নং পরমৌষধং ॥ [illegible] কুক্ষিং প্রাতাভ্রসন্নিভং। বলাং [illegible] মেধ্যং বাজীকরণমুত্তমং ॥ শ্রীকরং পুত্রজননং বলীপলিতনাশনং। নাশ্নীয়াৎ কদলীং কন্দং কাঞ্জিকং করমর্দ্দকং। করীরং কারবেল্লঞ্চ ষট্‌ককারানিবর্জ্জয়েৎ ॥ ৯ ॥

গুগ্গুলুরিত্যাদি।—অত্র পিণ্ডিতস্য গুগ্গুলোঃ শোধিতস্য চ [illegible] প্রক্ষেপঃ। অলম্বুষা মুণ্ডিরী। পুরাণসর্পির্দ্দশবর্ষস্থিতং যদুক্তমুগ্রগন্ধমিত্যাদি। শিলাজতু পলদ্বয়ন্তু শোধিতং ভাবিতঞ্চ গ্রাহ্যং। এলাত্বচোর্মিলিত্বা পলার্দ্ধং; মরিচাদীনাং প্রত্যেকং পলদ্বয়ং অঞ্জনং রসাঞ্জনং মধুনস্তু দিনান্তরে প্রক্ষেপ্যং মধুনঃ প্রস্থার্দ্ধং ষোড়শপলানি খণ্ডলোহবদস্য পাকঃ লৌহান্তরবদস্য মর্দ্দনাদিক্রিয়া বোধ্যা ॥ ৯ ॥

গুগ্গুলু, তালমূলী, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), খদিরকাষ্ঠ, বাসক, তেউড়ী, মুণ্ডিরী, নিসিন্দা, চিতা, শটী, এই সমুদায় দ্রব্য প্রত্যেকে ১০ পল অর্থাৎ ৮০ তোলা (/১।০ সোয়া সের) গ্রহণ করতঃ পাঁচ আঢ়ক জলসহ সিদ্ধ করতঃ চতুর্থ ভাগ অবশিষ্ট থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। এই ক্বাথে লৌহচূর্ণ ১২ পল, পুরাতন ঘৃত /৪ চারি সের, শর্করা ৮ পল অর্থাৎ ৬৪ তোলা (/১ সের) একত্র মিশ্রিত করতঃ তাম্রপাত্রে পাক করিবে। পাক শেষে শীতল হইলে মধু /২ সের, শিলাজতু ২ পল, এলাইচ ও দারুচিনি মিলিত অর্দ্ধপল অর্থাৎ ৪ তোলা, বিড়ঙ্গ ৩ পল, মরিচ ২ পল, রসাঞ্জন ২ পল, পিপুল ২ পল, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ৬ পল, হিরাকস ২ পল এই সকল দ্রব্যের অতি সূক্ষ্ম চূর্ণ [illegible]

পরে উত্তমরূপে আলোড়ন করিয়া ঘৃতাদি স্নিগ্ধ পাত্রে রাখিয়া দিবে।

রোগী বমন বিরেচনাদিদ্বারা শুদ্ধ শরীর হইয়া দুগ্ধ ও জাঙ্গলপশুর মাংস, রস অনুপানে এই ঔষধ ২ তোলা পরিমাণে সেবন করিবে।

উক্ত ঔষধ শ্রেষ্ঠ বাতশ্লেষ্মাপহারক এবং কুষ্ঠ, উদর ও মেদরোগ বিনাশক। ইহা সেবন করিলে কামলা, পাণ্ডুরোগ, শোথ, ভগন্দর, মূর্চ্ছা, মোহ, বিষোন্মাদ, বিবিধ প্রকার গরদোষ, নষ্ট হয়। ইহা স্থূল রোগীর মেদোঽতিকর্ষক ও মেদুর পীড়ার প্রধান ঔষধ। ইহাদ্বারা মেদঃ এত কর্ষিত হয় যে, কুক্ষি পাতালের সদৃশ হয়। ইহা রসায়ন, বলকর, শুক্রকারক, মেধাজনক, সম্পত্তিজনক, পুত্রপ্রদ এবং বলীপলিতাদি বৃদ্ধত্বনাশক।

এই ঔষধ সেবন করিয়া কদলী, কন্দ, কাঞ্জিক, করমর্দ্দক (পানি আমলা বা ডম্বুর), করীর (বাঁশের কোঁড়ক) ও করলা, এই ষট্‌প্রকার ককারাদি নামক দ্রব্য পরিত্যাগ করিবে।

উহাতে দুই তোলা মাত্রায় সেবনের বিধি দিয়াছেন, কিন্তু উহা আধুনিক লোকের পক্ষে অনুপযুক্ত, সুতরাং বিশেষ বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া লইবে। অযথামাত্রায় সেবন করিলে বিশেষ অনিষ্টপাতের সম্ভব ॥ ৯ ॥

ত্রিফলাদ্যংতৈলম্—

ত্রিফলাতিবিষামূর্ব্বা ত্রিবৃচ্চিত্রকবাসকৈঃ। নিম্বারগ্বধ ষড়্‌গ্রন্থা সপ্তপর্ণ নিশাদ্বয়ৈঃ॥ গুড়ূচীন্দ্রসুরাকৃষ্ণাকুষ্ঠসর্ষপনাগরৈঃ। তৈলমেভিঃ সমং পক্বং সুরসাদিরসাপ্লুতং॥ পানাভ্যঞ্জনগণ্ডূষনস্তবস্তিষু যোজিতং। স্থূলতালস্যকণ্ডাদীন্ জয়েৎ কফকৃতান্ গদান্ ॥ ১০ ॥

ত্রিফলাতৈলে ইন্দ্রসুরা গোরক্ষকর্কটী নির্গুণ্ডী বা।—সুরসাদিরসাপ্লুতমিতি সুশ্রুতোক্তসুরসাদিগণস্য কাথশ্চতুর্গুণঃ॥ ১০ ॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), আতইচ, মূর্ব্বা (সূচীমুখী বা গোড়াচক্র অথবা বোড়াচক্র), তেউড়ী, চিতা, বাসক, নিম্ব, শোণালু, বচ, ছাতিম, হরিদ্রা, দারুহরিদ্রা, রাখালশশা, গুলঞ্চ, কুটজ, পিপ্পলী, কুড়, সর্ষপ ও শুঁঠ, এই সকলের কল্ক ও সুরসাদিগণের ক্বাথে (১) যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। অভ্যঞ্জন, গণ্ডূষধারণ, নস্যগ্রহণ ও বস্তিকর্ম্ম, এই সকল কার্য্যে উক্ত তৈল ব্যবহার করিবে। ইহাদ্বারা স্থূলতা, আলস্য ও কণ্ডুপ্রভৃতি এবং কফজনিত রোগের শান্তি হয় ॥ ১০ ॥

শিরীষলামজ্জক হেমলোধ্রৈ
ত্বগ্দোষসংস্বেদহরঃ প্রঘর্ষঃ।
পত্রাম্বুলোহাভয়চন্দনানি
শরীরদৌর্গন্ধ্যহরঃ প্রদেহঃ॥
বাসাদলরসো লেপাচ্ছঙ্খচূর্ণেন সংযুতঃ। বিল্বপত্ররসৈর্ব্বাপি গাত্রদৌর্গন্ধ্যনাশনঃ॥ ১১ ॥

মেদোদোষজন্যয়োঃ স্বেদদৌর্গন্ধ্যয়োশ্চিকিৎসামাহ শিরীষেত্যাদি।—লামজ্জকমুশীরং, হেমনাগকেশরচূর্ণং, পত্রং তেজপত্রং তমালপত্রমি-

(১) সুরসাদিগণো যথা—

সুরসশ্চ কপিত্থশ্চ দেবকট্‌ ফণিজ্জক ফলে।
কাসমর্দ্দো বিড়ঙ্গশ্চ কবকোলস্তুষস্তথা।
কাকজানুস্তথাদন্তী নির্গুণ্ডী কণ্টকারিকাঃ।
পুনর্নবাদ্বয়ভার্গীলজ্জালুরীতিকীর্ত্তিতঃ।
সুরসাদিগণশ্চাবাত পিত্তশ্লেষ্ম বিনাশকঃ।
সুরসঃ পল্লাশক্ষেত্রঃ রক্তদ্রুমশ্চীতি কেচিৎ।
কট্‌তৃণং গন্ধতৃণং কবকো ভূধিয়া ইতিলোকে।
অলম্বুষা কাকমাচী কাকজাম কা—কা গন্ধিকা।

ত্যন্যে, অম্বু বালকং, লৌহমধ্বঙ্ক, চন্দনং শ্বেত-চন্দনং। শঙ্খচূর্ণেন সংযুক্তমিতি দগ্ধশঙ্খচূর্ণেন এবং বিল্বপত্ররসোঽপি॥ ১১॥

শিরীষ, বেণারমূল, নাগকেশর, লোধ, ইহাদের চূর্ণ গাত্রে ঘর্ষণ করিলে ত্বগ্দোষ ও অতি ঘর্ম্ম নষ্ট হয়। এবং তেজপত্র, বালা, হরীতকী, অগুরু ও শ্বেতচন্দন, এই সকল দ্রব্যদ্বারা যথোপযুক্ত মাত্রায় শরীরে প্রলেপ দিলে শরীরের দৌর্গন্ধ্য নষ্ট হয়।

বাসকপত্রের রস অথবা বিল্বপত্রের রসে যথোপযুক্ত পরিমাণ দগ্ধ শঙ্খ চূর্ণ মিশ্রিত করিয়া গাত্রে লেপন করিলে গাত্রদৌর্গন্ধ্য নষ্ট হয়॥ ১১॥

হরীতকীলোধ্রমরিষ্টপত্রং
চূতত্বচোদাড়িম বল্কলঞ্চ।
এষোঽঙ্গরাগঃ কথিতোঽঙ্গনানাং
জঙ্ঘাকষায়শ্চ নরাধিপানাং ॥১২॥

হরীতকীত্যাদৌ।—অরিষ্টপত্রং নিম্বপত্রং; দাড়িমবল্কলং বৃক্ষস্য ফলস্য বা; অঙ্গরাগোবর্ণ-প্রসাদঃ। জঙ্ঘাকষায় ইতি গজবাজিবাহনেন বিবর্ণয়োর্জ্জঙ্ঘয়োর্ব্বর্ণপ্রসাদনার্থং কষায়োবিলে-পনমিত্যর্থঃ। যদুক্তং মেদিনীকরকোষে "কষা-য়োরসভেদে চ নির্য্যাসে চ বিলেপনে" ইতি॥১২॥

হরীতকী, লোধ, নিম্বপত্র, আম্রবৃক্ষের ছাল ও দাড়িম্ব বৃক্ষের ছাল, এই সকল দ্রব্য যথাযোগ্য পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া অঙ্গে প্রলেপ দিবে। ইহাদ্বারা গাত্রের দৌর্গন্ধ্য নষ্ট হয়।

উক্ত প্রলেপ যুবতীগণের প্রধান অঙ্গ রাগ এবং রাজন্য বর্গের ঘোটকাদি আরোহণ জনিত জঙ্ঘার বিবর্ণতা বিনাশক ॥১২॥

গোমূত্রপিষ্টং বিনিহন্তিকুষ্ঠং
[illegible]

কক্ষাদিদৌর্গন্ধ্যহরং পয়োভিঃ
সত্ত্ববশীকৃদ্রজনীদ্বয়েন॥ ১৩॥

গোমূত্রমিত্যাদি।—যোগান্তরং বর্ণোজ্জ্বলং হরিতালং কল্ক ইত্যন্যে। হরিতালং গোমূত্র-পিষ্টং কুষ্ঠং হন্তি গোপয়সা যুক্তমিতি পিষ্টং তদেব দৌর্গন্ধ্যহরং, তথা রজনীদ্বয়েন মিলিতং তদেব হরিতালং পয়োভিঃ ক্ষীরৈঃ পিষ্ট্বা তিলকদানং বশীকরণং ভবতীত্যর্থঃ॥ ১৩॥

গোমূত্রের সহিত হরিতাল পেষণ করিয়া অঙ্গে প্রলেপ দিলে কুষ্ঠরোগ বিনষ্ট হয়।

হরিতাল গব্যদুগ্ধের সহিত পেষণ করিয়া শরীরে প্রলেপ করিলে, কক্ষাদির দুর্গন্ধ বিনষ্ট হয়।

হরিতাল, হরিদ্রা ও দারুহরিদ্রা একত্র গব্যদুগ্ধে পেষণ করিয়া কপালে তিলক করিলে বশীকরণ হয়॥ ১৩॥

চিঞ্চাপত্রস্বরসম্রক্ষিতং কক্ষাদিযো-
জিতং জয়তি। পুটদগ্ধহরিদ্রোদ্বর্ত্তন-
মচিরাদ্দেহদৌর্গন্ধ্যং॥ ১৪॥

চিঞ্চেত্যাদি।—চিঞ্চাপত্রস্বরসেন ম্রক্ষণং কক্ষয়োস্তদনন্তরং পুটদগ্ধহরিদ্রাং পিষ্ট্বা উদ্বর্ত্তনং কার্য্যমিত্যর্থঃ॥ ১৪॥

তেঁতুল পাতার স্বরস যথাযোগ্য মাত্রায় গ্রহণ করতঃ কক্ষাদিতে ম্রক্ষণ করিয়া পুট দগ্ধ হরিদ্রাদ্বারা গাত্রোদ্বর্ত্তন করিলে, অচিরে গাত্রের দুর্গন্ধ বিনষ্ট হইয়া সৌগন্ধ্য বৃদ্ধি হয়॥ ১৪॥

দলজললঘুমলয়াম্ভয় বিলেপনং হর-
তিদেহদৌর্গন্ধ্যং। বিমলারণালস-
হিতং পীতমিবালম্বুষাচূর্ণং॥ হস্তপাদ-
স্রুতৌ যোজ্যং গুগ্‌গুলুং পঞ্চতি-
ক্তকং। অথবা পঞ্চতিক্তাখ্যং ঘৃতং
খাদেদতন্দ্রিতঃ॥ ১৫॥

জলদলেত্যাদি।—দলং তেজপত্রং; জলং বালকং; লঘু অগুরু; মলয়জং শ্বেতচন্দনং, অম্বুমুশীরং, অলম্বুষা মুণ্ডিরী॥১৫॥

তেজপত্র, বালা (গন্ধবালা), অগুরু, শ্বেতচন্দন ও বেণারমূল (বীরণমূল), এই সকল দ্রব্য পেষণ করিয়া গাত্রে লেপন করিলে শরীরের দুর্গন্ধ বিনষ্ট হয়। নির্ম্মল কাঞ্জিক সহিত মুণ্ডিরীচূর্ণ যথোপযুক্ত মাত্রায় পান করিলেও উক্ত রূপ ফল হয়।

হস্তপাদ হইতে নিরন্তর ঘর্ম্ম নিঃসৃত হইলে, পঞ্চতিক্ত গুগ্গুলু অথবা পঞ্চতিক্ত ঘৃত যথারীতি সেবন করিবে ॥১৫॥

ইতি স্বেদাদ্যদৌর্গন্ধ্য-চিকিৎসা।

অথোদররোগ-চিকিৎসা।

উদরে দোষসম্পূর্ণে কুক্ষৌ মন্দো ভবতোনলঃ। তস্মাদ্ভোজ্যানি যোজ্যানি দীপনানি লঘূনি চ॥
রক্তশালীন্ যবান্মুদ্গান্
জাঙ্গলাংশ্চ মৃগান্ দ্বিজান্।
পয়োমূত্রাসবারিষ্টমধুসীধুং তথা-
পিবেৎ॥ ১ ॥

উদরোৎসেধসাধর্ম্ম্যাৎ স্থৌল্যানন্তরমুদরচিকিৎসামাহ উদর ইত্যাদি।—উদরে উদররোগে॥১॥

উদররোগে, কুক্ষিদেশে দোষের (বায়ু, পিত্ত ও কফ) সঞ্চয় হইলে অগ্নিহীন বল হয়, অতএব অগ্নির উদ্দীপক অথচ লঘুপাকী এইরূপ ভোজ্যদ্রব্য আহার করিবে।

উদররোগে রক্তশালী (ধান্যবিশেষ), যব, মুগ, জাঙ্গলপক্ষী ও জাঙ্গলপশুর মাংসযূষ, দুগ্ধ, গোমূত্র, মদ্য, অরিষ্ট, মধু সীধু (মদ্যবিশেষ), এই সকল দ্রব্য সেবন করিবে॥ ১ ॥

বাতোদরং বলবতঃ পূর্ব্বং স্নৈহৈরুপা-

স্নেহ বিরেচনং হৃতে দোষে পরিম্লানং বস্ত্রৈর্বাসসোদরং। তথাস্যানবকাশত্বাদ্বায়ুর্নাধ্মাপয়েৎ পুনঃ॥ ২ ॥

বাতোদর মিত্যাদি।—ননু বিসর্জয়েৎ স্নেহপানমজীর্ণীচোদরী ইত্যভিহিত বচনাৎ, স্নেহপানং ন সিদ্ধং তথা নোদরী নাতিসারীচেত্যাদিনা স্বেদোনিষিদ্ধঃ তৎ কথমত্র স্নেহস্বেদোপদেশঃ উচ্যতে স্বতন্ত্রয়োর্নিষেধো বাচ্যঃ নতু শোধনার্থয়োঃ অন্যথা দোষহরণস্য দুষ্করত্বাৎ। পরিম্লানং কৃশং তথৈতি বস্ত্রবেষ্টনেন॥ ২॥

বাতোদরে বলবান্ ব্যক্তিকে প্রথমতঃ স্নেহ সেবন করিতে দিবে, পরে স্নিগ্ধ ব্যক্তিকে স্বেদ দিয়া স্নেহ বিরেচন (তৈলাদিদ্বারা বিরেচন) প্রয়োগ করিবে। বিরেচনাদিদ্বারা উদরের দোষ নির্গত হইলে অর্থাৎ উদর কোমল হইলে বস্ত্রদ্বারা উদর বেষ্টন করিয়া রাখিবে। বস্ত্র বেষ্টনে উদরে অবকাশ না থাকাতে পুনর্ব্বার বায়ু উদর পূর্ণ করিতে পারে না। অর্থাৎ যাহাতে বায়ু স্থান পাইয়া পুনর্ব্বার উদরাধ্মান না করিতে পারে এরূপ ভাবে বেষ্টন করিয়া রাখিবে॥ ২ ॥

দোষাতিমাত্রোপচয়াৎ স্রোতোমার্গবিরোধনাৎ। সম্ভবত্যুদরং তস্মান্নিত্যমেনং বিরেচয়েৎ॥ বিরিক্তে চ যথাদোষহরৈঃ পেয়া শৃতা হিতা। বাতোদরী পিবেত্তক্রং পিপ্পলীলবণান্বিতং। শর্করামরিচোপেতং স্বাদু পিত্তোদরী পিবেৎ॥ ৩ ॥

উদরে পুনঃ পুনঃ শোধনোপপত্তিমাহ দোষাতিমাত্রেত্যাদি।—স্রোতোমার্গং স্রোতোমুখং মার্গশব্দোহত্র মুখরূপমার্গবাচী। যথাদোষহরৈরিতি।—যস্মিন্নুদরে যো দোষ উক্তস্তত্র তদ্দোষপ্রত্যনীকৈর্দ্রব্যৈঃ শৃতাদিভিঃ॥ ৩॥

উদরে দোষের অধিক সঞ্চয় হেতু স্রোতোবাহী নাড়ী সকলের মুখরোধ হইয়া উদররোগ জন্মে, অতএব উদর

রোগে শর্করা বিরেচন বিধেয়। উত্তম রূপ বিরেচন হইলে দোষের বলাবল বিবেচনা করতঃ তত্তদ্দোষনাশক দশ-মূলাদি ঔষধদ্বারা পেয়া প্রস্তুত করিয়া পান করিতে দিবে।

বাতোদর রোগে (অর্থাৎ বাতজনিত উদর রোগে) পিপ্পলী ও সৈন্ধবলবণের সহিত যথোপযুক্ত মাত্রায় তক্রপান করিবে।

পিত্তোদর রোগে শর্করা ও মরিচের সহিত উপযুক্ত মাত্রায় সুস্বাদু তক্র (ঘোল) পান করিবে॥ ৩॥

যমানীসৈন্ধবাজাজী ব্যোষযুক্তং কফোদরী। পিবেন্মধুযুতং তক্রং ব্যক্তাম্লং নাতিপেলবং॥ ৪॥

যমানীত্যাদি।— নাতিপেলবমিত্যত্রৈকো-যোগঃ. নাতিপেলবং নাতিতনুঃ। অন্যে তু কফোদরীত্যন্তেন একএবাহুঃ। তন্ন যমানীসৈন্ধ-বাজাজী মধুব্যোষৈঃ কফোদরীতি বাভটবিরো-ধাৎ॥ ৪॥

কফোদর রোগে যমানী, সৈন্ধব, জীরা ও ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), এই সকল দ্রব্যের চূর্ণের সহিত মধু ও অনতি গাঢ় ঈষদম্ল তক্র মিশ্রিত করিয়া যথোপযুক্ত মাত্রায় পান করিবে॥৪॥

মধুতৈলবচাশুণ্ঠী শতাহ্বাকুষ্ঠসৈন্ধবৈঃ। যুক্তং প্লীহোদরীজাতং সব্যোষন্তু দকোদরী॥ বদ্ধোদরীতু হবুষা দীপ্যকাজাজী সৈন্ধবৈঃ। পিবেচ্ছিদ্রোদরী তক্রং পিপ্পলীক্ষৌদ্র সংযুতং॥ ত্র্যূষণক্ষার লবণৈর্যুক্তন্তু নিচয়োদরী। গৌরববারোচকার্ত্তানাং সমন্দাগ্ন্যতিসারিণাং। তক্রং বাতকফার্ত্তানামমৃতত্বায় কল্প্যতে॥ ৫॥

* মধুতৈলেত্যাদৌ—প্লীহোদরী-ত্যেবং, যুক্তমিতি... সব্যোষন্তু দকোদরীতি... দকোদরী তু সব্যোষং তক্রং পিবেদিত্যর্থঃ। দীপ্যকং যমানী। নিচয়োদরী সন্নিপাতোদরী। গৌরব ইত্যাদি অসংস্কৃতস্য কেবলতক্রস্যায়ং গুণ ইতি॥ ৫॥

প্লীহোদররোগী, মধু, তৈল, বচ, শুঁঠ, শুল্ফা, কুড় ও সৈন্ধব, এই সকলের সহিত তক্র (দধি সম্ভূত তক্র) পান করিবে।

দকোদর রোগী ত্রিকটুর (মরিচ, পিপুল ও শুঁঠ) সহিত যথোপযুক্ত মাত্রায় দধিসমুৎপন্ন তক্র পান করিবে।

উদর বদ্ধ হইয়া থাকিলে (অর্থাৎ বদ্ধোদরে হবুষা (স্বনাম খ্যাত), যমানী, জীরা ও সৈন্ধবের সহিত তক্র উপযুক্ত মাত্রায় পান করিবে।

ছিদ্রোদর রোগে পিপ্পলী ও মধুর সহিত তক্র পান করা বিধেয়।

সন্নিপাতোদরে (অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত উদরে) ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) সৈন্ধব ও যবক্ষারের সহিত উপযুক্ত মাত্রায় তক্র পান করিবে।

গুরুতা, অরুচি ও মন্দাগ্নি পীড়িত, অতীসারী ও বাতকফার্ত্ত ব্যক্তির পক্ষে তক্র অমৃতের ন্যায় উপকার করে। বাস্তবিক উক্ত রোগের পক্ষে তক্র যে কত হিতকর তাহা বলা বাহুল্য॥ ৫॥

বাতোদরে পয়োভ্যাঃসো নিরূহো দশমূলিকঃ। সোদাবর্ত্তে বাতঘ্নাম্লশৃতৈরণ্ডানুবাসনঃ॥ ৬॥

বাতোদর ইত্যাদি।—পয়োঽভ্যাস ইতি ক্রমেণ বলার্থং বলজননানন্তরং পয়োনিবর্ত্তনীয়ং। নিরূহো দশমূলিক ইতি দশমূলকাথেন নিরূহঃ কার্য্য ইত্যর্থঃ। অয়ঞ্চ তীক্ষ্ণবিরেচনদ্রব্যযুক্তঃ কার্য্যঃ চরকপ্রমাণাৎ। সোদাবর্ত্তে বাতোদর ইত্যন্বয়ঃ। বাতঘ্নাম্লশৃতৈরণ্ডানুবাসন ইতি বাতঘ্নদ্রব্যৈস্তথা অম্লৈশ্চ কাঞ্জিকাদিভিঃ শৃতমেরণ্ডমিত্যেরণ্ডতৈলমনুবাসনং যস্য কর্ত্তুঃ স তথা ইতি, অনুবাসনস্য স্নেহরূপত্বাৎ এরণ্ডপদেনৈরণ্ডতৈলমুচ্যতে। অ-

বাতোদররোগে ক্রমশঃ দুগ্ধ পান অভ্যাস করিবে এবং দশমূলের ক্বাথে নিরূহণ বিধেয়।

উদাবর্ত্তের সহিত উদররোগে বাতঘ্ন দ্রব্য ও কাঞ্জিকসহিত এরণ্ড তৈল পাক করিয়া অনুবাসন করিবে।

দশমূল যথা—বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল, শালপাণি (ছালানি), চাকলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী ও গোক্ষুর॥ ৬॥

সামুদ্রাদ্যং চূর্ণম্—

সামুদ্রসৌবর্চ্চলসৈন্ধবানি,
ক্ষারং যবানামজমোদকঞ্চ।
সপিপ্পলীচিত্রক শৃঙ্গবেরং,
হিঙ্গুং বিড়ঞ্চেতি সমানি কুর্য্যাৎ॥
এতানি চূর্ণানি ঘৃতপ্লুতানি,
ভুঞ্জীত পূর্ব্বং কবলং প্রশস্তং।
বাতোদরং গুল্মমজীর্ণভুক্তং,
বায়ুপ্রকোপং গ্রহণীঞ্চ দুষ্টাং।
অর্শাংসি দুষ্টানি চ পাণ্ডুরোগং,
ভগন্দরঞ্চেতি নিহন্তি সদ্যঃ॥৭॥

সামুদ্রেত্যাদি।—যবানাং ক্ষারঃ যবক্ষারঃ। অস্য হিঙ্গুষ্টকবদুপযোগঃ। চূর্ণানীত্যন্তরং সংমিশ্রাণীতি শেষঃ॥ ৭॥

করকচলবণ, সৌবর্চ্চললবণ, সৈন্ধবলবণ, যবক্ষার, যোয়ান, বনযোয়ান, পিপ্পলী, চিতা, শুঁঠ, হিঙ্গু ও বিটলবণ, এই সকল দ্রব্য সমভাগে চূর্ণ করিবে। এই চূর্ণ ঘৃতের সহিত মিশ্রিত করতঃ যথোপযুক্ত মাত্রায় আহারের প্রথম গ্রাসের সহিত সেবন করিবে। এই চূর্ণ সেবন করিলে বায়ুজন্য উদর পীড়া, গুল্ম, অজীর্ণ, বায়ুপ্রকোপ, গ্রহণী, অর্শঃ, পাণ্ডু ও ভগন্দর প্রভৃতি রোগ নষ্ট হয়॥ ৭॥

পিত্তোদরেষু বলিনং পূর্ব্বমেব বিরেচয়েৎ। অনুবাস্যাবলং ক্ষীরবস্তিশুদ্ধং বিরেচয়েৎ॥ পয়সা সত্রিবৃৎ কল্কেনোরুবূক শৃতেন বা। শাতলাত্রায়মাণাভ্যাং শৃতেনারগ্বধেন বা॥ ৮॥

পিত্তোদরেষ্বিত্যাদি।—ক্ষীরপ্রধানোবস্তিঃ ক্ষীরবস্তিঃ, অত্র বলিনং পুরুষং পূর্ব্বমিতি অনুবাসনমকৃত্বৈব বিরেচয়েৎ। অবলং পুনরনুবাসনেন [illegible] অতঃ ক্ষীরবস্তিশুদ্ধং বিরেচয়েৎ। বি[illegible]গ্নিবলজননান্তরমেব কার্য্যতঃ। উক্তং হি বাভটে—দুর্ব্বলং ত্বনুবাস্যাদৌ শোধয়েৎ ক্ষীরবস্তিভিঃ। যাতে চাগ্নিবলং স্নিগ্ধং তথা ভূয়োবিরেচয়েদিতি। কেন বিরেচয়েদিত্যাহ পয়সেত্যাদি।—অত্রোরুবূকবৃক্ষস্য ফলং গ্রাহ্যং বিরেচকত্বাৎ এবং আরগ্বধস্যাপি ফলং সাতলা চর্ম্মকষা পয়সেতি সর্ব্বত্র সংবধ্যতে। সত্রিবৃৎকল্কেন পয়সেত্যেকোযোগঃ; উরুবূকশৃতেনেতি দ্বিতীয়ঃ সাতলাদিরারগ্বধান্তস্তৃপরঃ ক্বাভুকর্ণসম্বাদাৎ। অন্যে তু স ত্রিবৃৎ [illegible] তথা সত্রিবৃৎকল্কেন সাতলারগ্বধাভ্যেন তু দ্বিতীয়োযোগ ইত্যাহুঃ॥ ৮॥

পিত্তোদর রোগে রোগী বলবান থাকিলে পূর্ব্বেই বিরেচন প্রদান করিবে। কিন্তু রোগী দুর্ব্বল হইলে রোগীকে অনুবাসন্ করতঃ ক্ষীরবস্তিদ্বারা শুদ্ধ করিয়া তৎপরে বিরেচন দিতে হইবে।

যে সকল দ্রব্যদ্বারা বিরেচন দেওয়া কর্ত্তব্য তাহা নিম্নে বলা যাইতেছে, যথা—দুগ্ধের সহিত তেউড়ী অথবা এরণ্ডবীজের সহিত কিম্বা চর্ম্মকষা, বলাডুম্বুর বা শোণালুফলের সহিত সিদ্ধ কৃত দুগ্ধ দ্বারা বস্তিপ্রয়োগ করিলে বিশেষ উপকার হইয়া থাকে॥ ৮॥

কফোদরিণং শুদ্ধং কটুক্ষারান্ন ভোজিতং। মূত্রারিষ্টারস্কৃতিভির্যোজয়েচ্চ কফাপহৈঃ॥ ৯॥

কফাদিত্যাদি।—শুদ্ধমিতি বমনব্যতিরিক্তশোধনেন বিশুদ্ধমিত্যর্থঃ বমনস্যোদরে নিষিদ্ধত্বাৎ কটুক্ষারান্নভোজিতমিতি কটুক্ষারযুক্তৈর্যবৈঃ পেয়াদিভিঃ। কৃতসংসর্জ্জনমিত্যর্থঃ। অয়স্কৃ-

. ত্রির্ব্বাধ্মনাদিঃ ... কিম্বা রস্য তয়োরসায়নোক্তলৌহ প্রয়োগান্তরকোক্তাঃ জ্ঞেয়াঃ ॥ ৯ ॥

কফপ্রধান উদররোগে রোগীকে বমনভিন্ন বিরেচনাদিদ্বারা শুদ্ধ করিয়া কটু দ্রব্য ও ক্ষারাদিযুক্ত পেয়াদি অন্ন সেবন করাইবে এবং কফনাশক গোমূত্র, অরিষ্ট, রসায়নোক্ত লৌহপ্রভৃতি দ্বারা চিকিৎসা করিবে ॥ ৯ ॥

সন্নিপাতোদরে সর্ব্বা যথোক্তাঃ কারয়েৎ ক্রিয়াঃ। প্লীহোদরে প্লীহহরং কর্ম্মোদর হরস্তথা ॥ ১০ ॥

সন্নিপাতোদর ইত্যাদৌ।—সর্ব্বাযথোক্তা ইতি প্রত্যেকং বাতোদরাদিবিহিতাঃ সর্ব্বাএব সন্নিপাতোদরে কার্য্যাঃ। প্লীহোদর ইত্যাদৌ।—প্লীহহরং কর্ম্মবক্ষ্যমাণং তথোদরহরমিতি প্লীহোদরহরং। প্লীহোদরচিকিৎসা চ বাচ্যা ॥ ১০ ॥

সন্নিপাতিক উদররোগে দোষের বলাবল বিবেচনা করতঃ ত্রিদোষ (বাত, পিত্ত ও কফ) নাশক সকল প্রকার প্রক্রিয়া করিবে।

প্লীহোদরে প্লীহানাশক এবং নিম্নোক্ত প্লীহোদরঘ্ন ঔষধ ও প্রক্রিয়া দ্বারা চিকিৎসা করিতে হইবে ॥ ১০ ॥

স্বিন্নায় বদ্ধোদরিণে মূত্রতীক্ষ্ণৌষধাম্বিতং। সতৈলং লবণং দদ্যান্নিরুহং সানুবাসনং ॥ পরিস্রংসীনি চান্নানি তীক্ষ্ণঞ্চৈব বিরেচনং। ছিদ্রোদরমৃতে স্বেদাৎ শ্লেষ্মোদর বদাচরেৎ ॥ ১১ ॥

স্বিন্নায়েত্যাদি।—নিরূহস্য উৎসর্গত এব সতৈল লবণত্বে সিদ্ধে সতৈললবণমিতি পদং তৈললবণয়োরত্রাধিক্যমানোপদর্শনার্থং। বদ্ধগুদোদরাণাক বদ্যপ্যাস্থাপনং নিষিদ্ধং তথাপ্যবস্থাবিশেষে নিরূহমাবশিষ্ট জ্ঞেয়ং। পরিস্রংসীনি অনুলোমীনি। ছিদ্রোদরমিত্যাদি।—বাতজস্য। যদ্যপি প্রায়োক্তত্বাভাবায় ছিদ্রাক্ষক্ষোদরং রূপামিত্যনেন ছিদ্রোদরমসাধ্যমুক্তং তথাপি প্রায়ঃ শব্দেন তত্রাসাধ্যতাব্যভিচারস্য দর্শিতত্বাৎ চিকিৎসিতমিদং স্থাপনার্থং। ঋতে স্বেদাদনেন স্বেদঃ ছিদ্রোদরে শ্লেষ্মোক্তার্থ-কফকৃতয়া নিষেধঃ ॥ ১১ ॥

বদ্ধোদরে রোগীর উদরে স্বেদ দিয়া গোমূত্রের সহিত তীক্ষ্ণ ঔষধ যথোপযুক্ত মাত্রায় সেবন করিতে দিবে এবং স তৈল লবণদ্বারা নিরূহণ ও অনুবাসন করাইবে। এবং পিত্তাদির অনুলোমনকারক ভোজন ও তীক্ষ্ণ বিরেচন দিবে। ছিদ্রোদররোগে স্বেদ ব্যতীত কফোদরোক্ত অন্যান্য চিকিৎসা করিবে ॥ ১১ ॥

জাতং জাতং জলং স্রাব্যং শাস্ত্রোক্তং শস্ত্রকর্ম্ম চ। জলোদরে বিশেষেণ দ্রবসেবাং বিবর্জ্জয়েৎ ॥ ১২ ॥

শাস্ত্রোক্তমিতি শল্যশাস্ত্রোক্তং ॥ ১২ ॥

জলোদরে জলোৎপন্ন মাত্রেই শল্যশাস্ত্রোক্ত [illegible] জল বহির্গত করিয়া ফেলিবে। বিশেষতঃ দ্রববস্তু সেবন একেবারে পরিত্যাগ করিবে, কেননা দ্রব বস্তু সেবন করিলে পুনর্ব্বার জল সঞ্চয় হইবার খুব সম্ভব ॥ ১২ ॥

দেবদারু[illegible] শ [illegible] সুপিপ্পলী শিগ্রুকৈঃ। সাশ্বগন্ধৈঃ সগোমূত্রৈঃ প্রদিহ্যাদুদরং শনৈঃ ॥ মূত্রাণ্যষ্টাবুদরিণাং সেকে পানে চ যোজয়েৎ। স্নুহীপয়োভাবিতানাং পিপ্পলীনাং পয়োহশনঃ। সহস্রঞ্চ প্রযুঞ্জীত শক্তিতোজঠরাময়ী ॥ ১৩ ॥

দেবদার্ব্বিত্যাদৌ।—পলাশঃ কিংশুকস্তস্য ফলং গ্রাহ্যং উদরহস্তস্তাৎ ॥ স্নুহীপয়ইত্যাদি।—অত্র একবিংশতিবারান্ ভাবয়েৎ কারণান্তরসম্ভবাৎ। ব্যবহারস্ত সপ্তবারভাবনয়া। এতাদ্ পিপ্পলীগুড়িকাং ত্রিংশত্তুঃ পক্ক বা কোষ্ঠানুরূপং প্রত্যহমেকাস্তরং দ্ব্যন্তরং বা বিরেচনার্থং ক্ষীরেণ। পিবেৎ সহস্রস্ত প্রযুঞ্জীতেতি উপযুজ্যাৎ পিপ্পলীগণনয়া বা[illegible] কালেন সম্ভবং পূর্ব্বোক্ত[illegible] ... সহস্রাবর্ত্তাগণি বোধ্যঃ ॥ ১৩ ॥

জলোদর রোগে দেবদারু, পলাশেরদানা, আকন্দ, গজপিপ্পলী, সজিনা,

অশ্বগন্ধা, এই সকল দ্রব্য গোমূত্রের সহিত পেষণ করিয়া উদরে শনৈ শনৈঃ প্রলেপ দিবে।

উদররোগে অষ্টপ্রকার মূত্রদ্বারা (১) সেক করিবে এবং উহা পানার্থ প্রয়োগ করিবে। এবং দুগ্ধান্নসেবী মনসাসিজের ক্ষীরে সাতবার (মতান্তরে ২১ বার) ভাবনা দিয়া পিপ্পলী সেবন করিবে। রোগীর শক্তি বিবেচনায় প্রতি দিন একটী, দুইটী কিম্বা তিনটী করিয়া সহস্র পিপ্পলী পর্য্যন্ত সেবন করিবে ॥ ১৩ ॥

শিলাজতুনাং মূত্রাণাং গুগ্‌গুলোস্ত্রৈ-ফলস্য চ। স্নুহীক্ষীর প্রয়োগশ্চ শময়ত্যুদরাময়ং ॥ ১৪ ॥

শিলাজতুনামিত্যাদৌ।—ত্রৈফলস্যেতি গুগ্‌গুলোর্বিশেষণং। সমাসান্তর্গতমপি প্রয়োগ-পদং চকারাচ্ছিলাজত্বাদিভিঃ প্রত্যেকং সম্বধ্যতে ॥ ১৪ ॥

শিলাজতু, গোমূত্র, ত্রিফলাগুগ্‌গুলু, ও মনসাসিজের ক্ষীর, এই সকল দ্রব্য উপযুক্ত মাত্রায় সেবন করিলে উদর-রোগের শান্তি হয় ॥ ১৪ ॥

স্নুকৃপয়সা পরিভাবিত তণ্ডুলচূর্ণৈ র্নির্ম্মিতঃ পূপঃ। উদরমুদারং হিংস্যা-দেষাগোঽয়ং সপ্তরাত্রেণ ॥ পিপ্পলী-বর্দ্ধমানস্থা কল্পদৃষ্টং প্রয়োজয়েৎ। জঠরাণাং বিনাশায় নাস্তি তেন সমং-ভুবি ॥ ১৫ ॥

স্নুগিত্যাদৌ।—পূপঃ পিষ্টকং ; উদারমিতি প্রবৃদ্ধং কল্পদৃষ্টমিতি চরকোক্তরসায়নবিধি-দৃষ্টং ॥ ১৫ ॥

মনসাসিজের ক্ষীরে তণ্ডুল ভাবনা করতঃ সেই তণ্ডুলের চূর্ণদ্বারা পিষ্টক প্রস্তুত করিয়া সেবন করিবে। এইরূপ পিষ্টক সাত দিবস পর্য্যন্ত (যথোপযুক্ত পরিমাণে) সেবন করিলে উদর রোগ নষ্ট হয়।

উদরীরোগে চরকোক্ত রসায়ন বিধি অনুসারে পিপ্পলী বর্দ্ধমান প্র-য়োগ করিবে। উদররোগ বিনাশার্থ এই রূপ দ্বিতীয় ঔষধ ভূতলে আর নাই ॥ ১৫ ॥ (২)

পটোলাদ্যং চূর্ণং।

পটোলমূলং রজনী বিড়ঙ্গং ত্রিফলা-ত্বচং। কম্পিল্লকং নীলিনীঞ্চ ত্রিবৃতা-ঞ্চেতি চূর্ণয়েৎ ॥ ষড়াদ্যান্ কার্ষিকা-নস্ত্যাং স্ত্রীংশ্চ দ্বিত্রিচতুর্গুণান্। কৃ-ত্বাচূর্ণং ততোমুষ্টিং গবাং মূত্রেণপি বেৎ ॥ বিরিক্তোজাঙ্গলরসৈ ভুঞ্জীত মৃদুমোদনং। মণ্ডং পেয়াঞ্চ পীত্বা চ সব্যোষং ষড়হং পয়ঃ ॥ শৃতং পিবেত্তু তচ্চূর্ণং পিবেদেবং পুনঃ পুনঃ। হন্তি সর্ব্বোদরাণ্যেতচ্চূর্ণং জাতোদ-কান্যপি। কামলাং পাণ্ডুরোগঞ্চ শ্বয়থুঞ্চাপকর্ষতি ॥ ১৬ ॥

পটোলমূলমিত্যাদৌ।—ত্বচ ইতি নিরস্থিত্রি-ফলাগ্রহণার্থং। ষড়াদ্যান্ কার্ষিকানিতি পটো-লমূলাদীনাং ষন্নাং প্রত্যেকং কর্ষভাগা ইত্যর্থঃ। ত্রীংশ্চ দ্বিত্রিচতুর্গুণানিতি কম্পিল্লাদয়স্ত্রয়ঃ ক্রমাৎ কার্ষিকভাগাপেক্ষয়া দ্বিত্রিচতুর্গুণা ইত্যর্থঃ।

---

(১) অষ্ট প্রকার মূত্র যথা—
অবীমূত্র মজামূত্র গোমূত্রং মাহিষক যৎ।
হস্তিমূত্র মথোষ্ট্রস্য হয়স্যচ খরস্যচ।

(২) ক্রমবৃদ্ধ্যাদশাহানি দশপিপ্পলিকং দিনম্।
বর্দ্ধয়েৎ পয়সা সার্দ্ধং তথৈবাপনয়েৎপুনঃ।
জীর্ণে জীর্ণে চ ভুঞ্জীত ষষ্টিকং ক্ষীর সর্পিষা।
পিপ্পলি নাম প্রযোগোঽয়ংসহস্রস্য রসায়নঃ।
দশপৈপ্পলিকঃ শ্রেষ্ঠো মধ্যমঃ ষট্ প্রকীর্ত্তিতঃ।
যস্ত্রিপিপ্পলি পর্য্যন্তঃ প্রয়োগঃ সোঽবরঃ স্মৃতঃ।
বৃংহণং বৃষ্যমায়ুষ্যং প্লীহোদরং বিনাশনং।
বয়সঃ স্থাপনং মেধ্যং পিপ্পলানাং রসায়নং।
পঞ্চ পিপ্পলিকশ্চাপি দৃশ্যতে বর্দ্ধমানকঃ।
পিষ্টাস্তাবালস্ত্রিঃ পেয়াঃ শৃতা মধ্যা যতৈর্ম বৈঃ।
শীতীকৃত্যাত্রুষবলৈ র্দ্দেহ দোষাজয়ান প্রতি॥

নীলিনী নিলবুহ্বা তস্যাশ্চ ফলং বৃহ্বাতটসম্বা দাৎ। মুষ্টিরিতি পলং বিরিক্তোজাঙ্গলরসৈরিত্যাদি।—বিরেচনদিনে জীর্ণে ভেষজে মৃদ্বোদনমণ্ডপেয়ানামন্যতমমগ্নিবলাপেক্ষয়া উপযোজ্যং। ততউর্দ্ধং ষড়হং যথোক্তং পয়ঃ, ততঃ সপ্তমেঽহনি পুনঃ পটোলাদিচূর্ণঃ পেয়ঃ এবং পুনঃ পুনঃ কার্য্যঃ॥ ১৬॥

পটোল মুল, হরিদ্রা, বিড়ঙ্গ, হরীতকী, আমলকী ও বহেড়া, এই সকল দ্রব্য প্রত্যেকে ২ তোলা, গুণ্ডারোচনী ৪ চারি তোলা, নীলবুহ্বা ৬ ছয় তোলা, তেউড়ী ৮ আট তোলা সমস্ত একত্র মিশ্রিত করিয়া এই চূর্ণ ৮ আটতোলা পরিমাণে গ্রহণ করতঃ গোমূত্রের সহিত পান করিবে। এই চূর্ণ সেবন করিলে বিরেচন হইবে। বিরেচনান্তে পুরাতন তণ্ডুলের অন্ন অতি সুস্ফুটিত করিয়া জাঙ্গল পশুর মাংসরসের সহিত পথ্য করিবে। কিম্বা মণ্ড অথবা পেয়া সেবন করিবে। অনন্তর ছয় দিবস পর্য্যন্ত ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) মিশ্রিত পক্ক দুগ্ধ পান করিবে। এবং সপ্তম দিবসে পুনর্ব্বার চূর্ণ সেবন করিবে। যত দিন পর্য্যন্ত রোগ নিঃশেষ না হয় ততদিন উক্ত চূর্ণ ও পথ্য সেবন করিতে হইবে। এই চূর্ণ সর্ব্ব প্রকার উদররোগ, জলোদর, কামলা ও পাণ্ডুরোগ নাশক॥ ১৬॥

নারায়ণচূর্ণম্—

যমানীহবুষাধান্যং ত্রিফলাসোপকুঞ্চিকা। কারবীপিপ্পলীমূল মজগন্ধাশঠীবচা॥ শতাহ্বাজীরকং ব্যোষং স্বর্ণক্ষীরীসচিত্রকা। দ্বৌক্ষারৌপৌষ্করং মূলং কুষ্ঠং লবণপঞ্চকং॥ বিড়ঙ্গঞ্চ সমাংশানি দন্ত্যাভাগত্রয়ন্তথা। ত্রিবৃদ্বিশালে দ্বিগুণে সাতলাস্যাচ্চতুর্গুণা॥ এষনারায়ণোনাম চূর্ণোরোগগণাপহঃ। নৈনং প্রাপ্যাভিবর্ত্তন্তে রোগা বিষ্ণু মিবাসুরাঃ॥ তক্রেণোদরিভিঃ পেয়ো গুল্মিভর্বদরাম্বুনা। আনদ্ধবাতে সুরয়া বাতরোগেপ্রসন্নয়া॥ দধিমণ্ডেন বিট্সঙ্গে দাড়িমাম্বুভিরর্শসৈঃ॥ পরিকর্ত্তে চ বৃক্ষাম্লৈরুষ্ণাম্বুভিরজীর্ণকে॥ ভগন্দরে পাণ্ডুরোগে কাসে শ্বাসে গলগ্রহে। হৃদ্রোগে গ্রহণীদোষে কুষ্ঠেমন্দানলে জ্বরে॥ দংষ্ট্রাবিষে মূলবিষে সগরে কৃত্রিমেবিষে। যথার্হং স্নিগ্ধ.কাষ্ঠেন পেয়মেতাদ্বিরেচনং॥ ১৭॥

যমানীত্যাদৌ।—উপকুঞ্চিকা কৃষ্ণজীরকঃ; কারবী ঈষৎকৃষ্ণক্ষুদ্রজীরকং জীরকশব্দেন চ প্রসিদ্ধং মহজ্জীরকং অজগন্ধা অজমোদা স্বর্ণক্ষীরী কঙ্কুষ্টঃ দন্ত্যাভাগত্রয়মাদ্যভাগাপেক্ষয়া এবং ত্রিবৃদ্বিশালয়োরপ্যাদ্যভাগাপেক্ষয়া প্রত্যেকং দ্বৈগুণ্যং সাতলা চর্ম্মকষা। নারায়ণসংজ্ঞানিমিত্তমাহ নৈনমিত্যাদি এতেন নারায়ণসাধর্ম্ম্যান্নারায়ণসংজ্ঞাযুক্তং ভবতি। যথার্হমিতি বচনাদন্যৈরপি দোষব্যাধিবিপরীতৈর্দ্রব্যৈঃ পানমিদং দর্শয়তি॥ ১৭॥

যমানী, হবুষা, ধনিয়া, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), কৃষ্ণজীরা, ঈষদকৃষ্ণ ক্ষুদ্রজীরক, পিপ্পলীমূল, অজগন্ধা, শটী, বচ, শুল্ফা, বৃহজ্জীরা, স্বর্ণক্ষীরী, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), চিতা, যবক্ষার, সাচিক্ষার, পুষ্করমূল (অভাবে কুড় প্রয়োগ করা যাইতে পারে), কুড় ও পঞ্চলবন (বিট্লবন, সৌবর্চ্চললবন, সমুদ্রলবন সৈন্ধবলবন ও উদ্ভিদলবন), এই সকল সমভাগ, দন্তী ৩ তিন ভাগ, তেউড়ী ৬ ছয় ভাগ, রাখালশশা ৬ ছয় ভাগ, চর্ম্মকষা ১২ বারো ভাগ, এই সকল দ্রব্য চূর্ণ করিয়া একত্র মিশ্রিত করিবে। ইহার নাম 'নারায়ণচূর্ণ'। সমস্ত রোগ নাশক এই চূর্ণ (উপযুক্ত মাত্রায়) সেবন করিলে বিষ্ণু কর্ত্তৃক নি-

হৃত অসুরগণের ন্যায় ইহাদ্বারা কোন রোগই পরিবর্দ্ধিত হইতে পারে না। উক্ত চূর্ণ উদর রোগে তক্রের সহিত, গুল্ম রোগে বদরীর ক্বাথের সহিত; আবদ্ধবাতে সুরার সহিত, বাতরোগে প্রসন্নার (মদ্যবিশেষ) সহিত, কোষ্ঠবদ্ধতায় দধি মণ্ডের সহিত, অর্শঃ রোগে দাড়িমের রসের সহিত; পরিকর্ত্তক রোগে বৃক্ষাম্লের সহিত, অজীর্ণরোগে উষ্ণ জলের সহিত পান করিবে। ইহা ভগন্দর, পাণ্ডুরোগ, কাস, শ্বাস, গলগ্রহ, হৃদ্রোগ, গ্রহণী, কুষ্ঠ, মন্দাগ্নি, জ্বর, দংষ্ট্রবিষ, মূলবিষ, গর ও কৃত্রিম বিষ রোগে (উপযুক্ত পরিমাণে) এই বিরেচন ঔষধ স্নিগ্ধ কোষ্ঠ রোগী পান করিবে ॥ ১৭ ॥

দন্তীবচা গবাক্ষী চ শঙ্খিনী তিল্বকং ত্রিবৃৎ। গোমূত্রেণ পিবেদেতৎ কল্কং জঠরামযনাশনং ॥ ১৮ ॥

দন্তীত্যাদৌ।—গবাক্ষী গোরক্ষকর্কটী শঙ্খিনী শ্বেতবুহ্না ॥ ১৮ ॥

দন্তী, বচ, মামালাড়ু, শ্বেতবুহ্না, তিলঘাস ও তেউড়ী, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া গোমূত্রের সহিত (যথোপযুক্ত মাত্রায়) পান করিলে উদর রোগ নষ্ট হয় ॥ ১৮ ॥

সক্ষীরং মাহিষং মূত্রং নিরাহারঃ পিবেন্নরঃ। শাম্যত্যনেন জঠরং সপ্তাহাদিতিনিশ্চয়ঃ ॥ গবাক্ষীশঙ্খিনী দন্তী নীলিনীকল্কসংযুতং। সর্ব্বোদর বিনাশায় গোমূত্রং পাতুমাচরেৎ ॥ অর্কপত্রং সলবণমন্তর্ধূমং দহেত্ততঃ ॥ মস্তুনা তৎ পিবেৎ ক্ষারং গুল্মপ্লীহোদরাপহং ॥ ১৯ ॥

সক্ষীরমিত্যাদৌ—মাহিষং মূত্রং পলমেকং দ্বয়ং বা পীত্বা বিরেকে সতি গোক্ষীরমেব পীত্বা স্বাতব্যমিত্যুপদিশন্তি। অর্কপত্রং সলবণমিতি সৈন্ধবেন তুল্যং পরিণতার্কপত্রং গৃহ্ণন্তি ॥ ১৯ ॥

নিরাহারী ব্যক্তি (উপযুক্ত পরিমাণে) মহিষ মূত্র পান করিয়া বিরেচন হইলে গব্য দুগ্ধ (যথোপযুক্ত মাত্রায়) পান করিবে, অন্য কিছু আহার বা পান করিবে না। এইরূপ সপ্তাহ সেবন করিলে নিশ্চয় উদররোগের শান্তি হয়।

মামালাড়ু, শ্বেতবুহ্না, দন্তী, নীলবুহ্না, এই সকল দ্রব্য পেষণ করিয়া গোমূত্রের সহিত (যথোপযুক্ত মাত্রায়) পান করিলে সর্ব্ব প্রকার উদররোগ বিনষ্ট হয়।

আকন্দের পত্র ও সৈন্ধবলবণ একত্র অন্তর্ধূমে দগ্ধ করিয়া (রোগের অবস্থাদি ভাল রূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) উক্ত ক্ষার দধির মাতের সহিত পান করিবে। ইহাদ্বারা গুল্ম, প্লীহা ও উদররোগ বিনষ্ট হয় ॥ ১৯ ॥

পীতঃ প্লীহোদরং হন্যাৎ পিপ্পলীমরিচান্বিতঃ। অম্লবেতসসংযুক্তঃ শিগ্রুক্বাথঃ সসৈন্ধবঃ ॥ যস্ত গৃহীত্বা সংজ্ঞাং দুঃস্পর্শাং [illegible]বারুণীমূলং। প্রক্ষিপ্যাতে সুদূরে শাম্যেৎ প্লীহোদরং তস্য ॥ রোহীতকাভয়াক্ষোদ ভাবিতং মূত্রমস্তু বা। পীতং সর্ব্বোদরপ্লীহমেহার্শঃ ক্রিমিগুল্মনুৎ ॥ ২০ ॥

পীত ইত্যাদৌ।—পিপ্পল্যাদিদ্রব্যচতুষ্টয়ং প্রক্ষেপ্যং। রোহিতকহরীতক্যোশ্চূর্ণকর্ষেণ পলদ্বয়পরিমিতং গোমূত্রমস্তু বা ভাব্যমিতি কেচিৎ অন্যে তু রোহিতকহরীতক্যোঃ ক্ষোদৈঃ খণ্ডখণ্ডরূপৈঃ শিলায়াং কিঞ্চিদবকুট্টৈঃ সপ্তাহং ভাবিতং মূত্রমস্তু বেত্যাহুঃ। বাভটপ্রামাণ্যাৎ ॥ ২০ ॥

শজিনার ক্বাথে পিপ্পলী, মরিচ, অম্লবেতস (থৈকুল) ও সৈন্ধবলবণ প্রক্ষেপ

দিয়া (উপযুক্ত মাত্রায়) পান করিলে প্লীহোদররোগ নষ্ট হয়।

রোগীর নাম উচ্চারণপূর্ব্বক রাখাল-শশার মূল, উৎপাটন করিয়া দূরে নিক্ষেপ করিবে। ইহাদ্বারা রোগীর প্লীহোদর রোগের শান্তি হইয়া থাকে।

রোহীতক (রয়না) ও হরীতকী চূর্ণ গোমূত্র কিম্বা জলসহ ভাবনা করিয়া উপযুক্ত পরিমাণে পান করিলে সর্ব্ব প্রকার উদররোগ, প্লীহা, প্রমেহ, অর্শঃ গুল্ম ও ক্রিমি রোগ নষ্ট হয়॥ ২০॥

দেবদ্রুমং শিগ্রুময়ূরকঞ্চ
গোমূত্র পিষ্টামথবাশ্বগন্ধাং।
পীত্বাশুহন্যাদুদরং প্রবৃদ্ধং
ক্রিমীন্ সশোথানুদরঞ্চ দূষ্যং॥২১॥

ইদানীং উদরোপদ্রবভূতশোথসম্বন্ধে সতি চিকিৎসাবিশেষমাহ দেবদ্রুমমিত্যাদি।—ময়ূরক-মপামার্গং। মূত্রমত্র যোগদ্বয়েঽপি, মূত্রেণ পেষণং পানঞ্চেত্যাহুঃ। বৃন্দটীপ্পনিকায়ান্তু দেবদ্রুমাদি অশ্বগন্ধান্ত একোযোগঃ অথবা শব্দোঽপি পূর্ব্ব-যোগাপেক্ষয়া ইত্যুক্তং ব্যবহারস্তু যোগদ্বয়ে-নেতি॥ ২১॥

দেবদারু, শজিনা, অপামার্গ অথবা অশ্বগন্ধা, গোমূত্রের সহিত (যথোপযুক্ত মাত্রায়) পান করিলে শীঘ্র প্রবৃদ্ধ উদর রোগ, ক্রিমি, শোথ ও দূষ্যোদর বিনষ্ট হয়॥ ২১॥

দশমূলদারুনাগরচ্ছিন্নরুহা পুনর্নবা-
ভয়াকাথঃ। জয়তিজলোদরশোথ
শ্লীপদগলগণ্ডবাতরোগাংশ্চ॥ ২২॥

দশমূলেত্যাদৌ।—কাথ ইত্যত্র যুক্ত ইতি পাঠে কাথ ইতি শেষঃ॥ ২২॥

শ্যোণা, বিল্ব, পারুল, গাম্ভারী ও গণিয়ারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর, দেবদারু, শুঁঠ, গুলঞ্চ, পুনর্নবা ও হরীতকী, এই সকল দ্রব্যের কাথ পান করিলে জলোদর, শোথ, প্লীহা, শ্লীপদ, গলগণ্ড ও বাত রোগ নষ্ট হয়।

কাথ্য দ্রব্য মোট ২ দুইতোলা, জল অর্দ্ধসের শেষ, অর্দ্ধ পোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে॥ ২২॥

হরীতকীনাগরদেবদারু-
পুনর্নবাচ্ছিন্নরুহাকষায়ঃ।
সগুগ্গুলুর্মূত্রযুতস্তপেয়ঃ
শোথোদরাণাং প্রবরঃ প্রয়োগঃ॥
এরণ্ডতৈলং দশমূলমিশ্রং
গোমূত্রযুক্তস্ত্রিফলারসোবা।
নিহন্তিবাতোদরশোথশূলং
কাথ সমূত্রোদশমূলজশ্চ॥২৩॥

হরীতক্যাদৌ।—প্রতিদিনোপযোগে গুগ্গুলোর্মাষকচতুষ্টয়ং গোমূত্রস্যার্দ্ধপলং কর্ষো বা প্রক্ষেপঃ। বিরেচনে তু কর্ত্তব্যে প্রচুরত্বমনয়োঃ। অত্যন্তবদ্ধকোষ্ঠে তু গোমূত্রেণৈব কাথং কৃত্বা গুগ্গুলুমাত্রং প্রক্ষিপ্য ব্যবহরন্তি। এরণ্ডতৈল-প্রক্ষেপাদ্দশমূল ইত্যেকোযোগঃ; গোমূত্রপ্রক্ষে-পাত্রিফলাকাথ ইতি দ্বিতীয়ঃ অত্যন্তবদ্ধকোষ্ঠে গোমূত্রেণৈব ত্রিফলাকাথ ইতি বদন্তি। এবং গোমূত্রপ্রক্ষেপাদ্গোমূত্রেণ দশমূলকাথং কৃত্বা-ঽপি চেত্যাহুঃ॥ ২৩॥

হরীতকী, শুঁঠ, দেবদারু, পুনর্নবা ও গুলঞ্চ, ইহারা সমুদয়ে কুট্টিত ২ দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট অর্দ্ধ পোয়া। এই এই কাথে গুগ্গুলু ও গোমূত্র প্রক্ষেপ করিয়া পান করিবে॥ ইহাদ্বারা শোথ ও উদররোগ বিনষ্ট হয়।

বিল্ব, পারুল, শ্যোণা, গাম্ভারী ও গণিয়ারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী, কন্টকারী, গোক্ষুর, ইহাদিগের কাথে এরণ্ডতৈল প্রক্ষেপ করিয়া অথবা ত্রিফলার কাথে গোমূত্র প্রক্ষেপ করিয়া কিম্বা পূর্ব্বোক্ত দশমূলের কাথে গোমূত্র মিশ্রিত করিয়া পান করিলে বাতোদর, শোথ ও শূলরোগ বিনষ্ট হয়॥ ২৩॥

পুনর্নবানিম্ব পটোলশুণ্ঠী
তিক্তামৃতা দার্ব্বভয়াকষায়ঃ।
সর্ব্বাঙ্গ শোথোদরকাসশূল
শ্বাসান্বিতং পাণ্ডুগদং নিহন্তি॥
পুনর্নবাদার্ব্বভয়াং গুড়ূচীং
পিবেৎ সমূত্রাং মহিষাক্ষযুক্তাং।
ত্বগ্দোষশোথোদর পাণ্ডুরোগ
স্থৌল্য প্রসেকোর্দ্ধকফাময়েষু॥
গোমূত্রযুক্তং মহিষীপয়ো বা
ক্ষীরং গবাম্বাত্রিফলাবিমিশ্রং।
ক্ষীরান্নভুক্ কেবলমেব গব্যং
মূত্রং পিবেদ্বাশ্বয়থূদরেষু॥ ২৪॥

পুনর্নবেত্যাদি।—পুনর্নবাদীনাং চূর্ণং গুগ্গুলুসংযুক্তং গোমূত্রেণ পেয়ং তথাচ তন্ত্রান্তরে—পিবেদ্গুগ্গুলুসংযুক্তং শোথোদরবিনাশনমিতি। অত্র হরীতকী গুগ্গুলুশ্চ মিলিতচূর্ণ সম ইত্যাহুঃ অন্যে তু পুনর্নবাদীনাং ক্বাথে গোমূত্রং গুগ্গুলুঞ্চ প্রক্ষিপ্য ব্যবহরন্তি। ক্ষীরং গবাং বা ত্রিফলাবিমিশ্রমিতি ত্রিফলায়াঃ ক্বাথঃ কল্কো বা। ক্ষীরান্নভুগিতি ক্ষীরমাত্রেণান্নভুক্॥ ২৪॥

পুনর্নবা, নিম্ব, পটোল, শুঁঠ, কট্‌কী, গুলঞ্চ, দেবদারু ও হরীতকী, ইহারা সমুদয়ে ২ দুইতোলা, জল অর্দ্ধসের, অবশিষ্ট অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। ইহা পান করিলে সর্ব্বাঙ্গ শোথ, উদর, কাস, শ্বাস, শূল ও পাণ্ডুরোগ বিনষ্ট হয়।

পুনর্নবা, দেবদারু, হরীতকী ও গুলঞ্চ, এই সকল দ্রব্যের ক্বাথের সহিত যথোপযুক্ত পরিমাণ গোমূত্র ও গুগ্গুল মিশ্রিত করিয়া পান করিবে। ইহাদ্বারা চর্ম্মরোগ, শোথ, উদররোগ, পাণ্ডু, স্থৌল্য, প্রসেক ও উর্দ্ধকফরোগ বিনষ্ট হয়।

শোথ ও উদরীরোগে গোমূত্রের সহিত মহিষীর দুগ্ধ অথবা ত্রিফলার সহিত (রোগের বলাবল উত্তম রূপ বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া) গব্যদুগ্ধ কিম্বা ক্ষীরান্নভোজী কেবল (যথোপযুক্ত মাত্রায়) গোমূত্র পান করিবে॥ ২৪॥

পুনর্নবাদার্ব্বমৃতা পাঠাবিল্বং শ্বদংষ্ট্রিকা। বৃহত্যৌ দ্বে রজন্যৌ দ্বে পিপ্পল্যশ্চিত্রকং বৃষং॥ সমভাগানি চূর্ণানি গবাং মূত্রেণবাপিবেৎ। বহুপ্রকারং শ্বয়থুং সর্ব্বগাত্রবিসারিণং। হন্তি-শোথোদরাণ্যষ্টৌ ব্রণাংশ্চবোদ্ধতানপি॥ পুরাণং মাণকং পিষ্ট্বা দ্বিগুণী কৃততণ্ডুলং। সাধিতং ক্ষীরতোয়াভ্যামভ্যসেৎ পায়সন্তু তৎ॥ হন্তিং বাতোদরং শোথং গ্রহণীং পাণ্ডুতামপি। সিদ্ধোভিষগ্‌ভিরাখ্যাতঃ প্রয়োগোঽয়ং নিরত্যয়ঃ॥ ২৫॥

পুনর্নবেত্যাদৌ।—বিল্বস্য মূলং শোথোদরাণ্যষ্টাবিতি [illegible]। পুরাণমিত্যাদি পুরাণমাণকস্য মূলং পলমাত্রং দরদলিততণ্ডুলস্য পলদ্বয়ং ক্ষীরতোয়াভ্যাং সমাভ্যাং সাধয়িত্বা পায়সঃ কার্য্যঃ অস্যোপযোগেঽপরমন্নব্যঞ্জনং নাশ্নীয়াদিত্যাহুঃ যোগোঽয়ং শোথমাত্রেঽপি প্রভবতি॥ ২৫॥

পুনর্নবা, দেবদারু, গুলঞ্চ, আকনাদি বিল্বমূল, গোক্ষুর, বৃহতী, কাণ্টকারী, হরিদ্রা, দারুহরিদ্রা, পিপ্পলী, চিতা, বাসক, এই সকল দ্রব্য সমভাগে চূর্ণ করিয়া গোমূত্রের সহিত (রোগের অবস্থাদি বিবেচনা পূর্ব্বক উপযুক্ত মাত্রায়) পান করিবে। ইহাদ্বারা বহু প্রকার সর্ব্বাঙ্গ ব্যাপ্ত শোথ, শূল, আট্ প্রকার উদররোগ এবং উদ্ধত ব্রণ নষ্ট হইয়া থাকে।

পুরাতন মাণকচুর চূর্ণ ১ এক পল, তণ্ডুল চূর্ণ ২ দুই পল একত্র লইয়া যথোপযুক্ত দুগ্ধ ও জলদ্বারা পায়স পাক করিয়া সেবন করিবে, অন্য কোন প্রকার অন্ন ব্যঞ্জনাদি সেবন করিবে

না। ইহাদ্বারা বাতোদর, শোথ, গ্রহণী ও পাণ্ডুরোগ প্রভৃতি নষ্ট হইয়া থাকে। রোগ নাশক সিদ্ধ ফলপ্রদ এই বিখ্যাত ঔষধ প্রাচীন চিকিৎসকগণ কর্ত্তৃক উক্ত হইয়াছিল ॥ ২৫ ॥

দশমূলষট্পলকং ঘৃতম্—

দশমূলতুলার্দ্ধরসে সক্ষারৈঃ পঞ্চকোলৈঃপলিকৈঃ। সিদ্ধং ঘৃতার্দ্ধপাত্রং দ্বিমস্তকমুদরগুল্মঘ্নং ॥ ২৬ ॥

দশমূলষট্পলকে।—দশমূলস্য তুলার্দ্ধং পঞ্চাশৎপলানি তস্য ক্বাথ ইত্যর্থঃ ঘৃতস্যার্দ্ধপাত্রমর্দ্ধাঢকং প্রস্থদ্বয়মিত্যর্থঃ। দ্বিমস্তুকমিতি ঘৃতমপেক্ষ্য দ্বিগুণং মস্তুত্যর্থঃ। চরকোক্তদশমূলষট্পলকে দ্বিশব্দঃ প্রস্থেন তথার্দ্ধপলিকৈরিত্যনেন চ যোজ্যঃ তেন পিপ্পল্যাদীনাং দ্বিরিতি দ্বিগুণার্দ্ধপলৈঃ ষট্পলানীতি ভবন্তি তথা প্রস্থেন চ দ্বিসপ্তকাৎ প্রস্থদ্বয়ং ভবতীতি একবাক্যতা বোধ্যা ॥ ২৬ ॥

বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, ইহারা /৬।০ সের, জল ৩২ সের, শেষ /৮ সের। এই ক্বাথ এবং উপযুক্ত পরিমাণ পঞ্চকোল ও যবক্ষারের কল্ক ও।৬ সের দধির মাত সহ /৮ আট সের ঘৃত বিধি পূর্ব্বক পাক করিবে। এই ঘৃত সেবন করিলে উদর ও গুল্মরোগ নষ্ট হয় ॥ ২৬ ॥

চিত্রকঘৃতম্—

চতুর্গুণে জলে মূত্রে দ্বিগুণে চিত্রকাৎ পলে। কল্কেসিদ্ধং ঘৃতপ্রস্থং সক্ষারং জঠরী পিবেৎ ॥ ২৭ ॥

চতুর্গুণেত্যাদি।—অত্র ক্ষার ইত্যনেন ক্ষারস্যাপি চিত্রকস্যাপি চ পলমেকং দেয়ং অত্রার্থে তন্ত্রান্তরং যথা অগ্নিক্ষারপলাভ্যাং দ্বিমূত্রং চতুর্জ্জলঞ্চ ঘৃতপ্রস্থমিতি। ২৭ ॥

জল।৬ সের, গোমূত্র /৮ সের, কল্কার্থ চিতা ১ পল ও যবক্ষার ১ পল, এই সকল দ্রব্যের সহিত ঘৃত /৪ সের যথাবিধি পাক করিয়া জঠররোগী (রোগের অবস্থা বিবেচনা পূর্ব্বক উপযুক্ত মাত্রায়) পান করিবে ॥ ২৭ ॥

বিন্দুঘৃতম্—

অর্কক্ষীরপলে দ্বেচ স্নুহীক্ষীরপলানি ষট্। পথ্যাকম্পিল্লকং শ্যামাসম্পাকং গিরিকর্ণিকা ॥ নীলিনীত্রিবৃতাদন্তী শঙ্খিনীচিত্রকস্তথা। এতেষাং পলিকৈ র্ভাগৈর্ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ ॥ অথাস্যমলিনে কোষ্ঠে বিন্দুমাত্রং প্রদাপয়েৎ। যাবতোঽস্যাপিবেদ্বিন্দূন্ তাবদ্বারান্ বিরিচ্যতে ॥ কুষ্ঠং গুল্মমুদাবর্ত্তং শ্বয়থুং সভগন্দরং। শময়ত্যুদরাণ্যষ্টৌ বৃক্ষমিন্দ্রাশনির্যথা। এতদ্বিন্দুঘৃতং নাম যেনাভ্যক্তো বিরিচ্যতে ॥ ২৮ ॥

অর্কক্ষীরেত্যাদি।—শ্যামা শ্যামমূলা ত্রিবৃৎ। গিরিকর্ণিকা শ্বেতাপরাজিতা; নীলিনী নীলবুহ্ণা অত্র পাকার্থং জলং চতুর্গুণং দেয়ং, অতএব কচিৎ বৃন্দসংগ্রহে দৃশ্যতে স্নুহার্কয়োস্তু পয়সা পাকস্যানুপপত্তিতঃ। জলং চতুর্গুণং দেয়ং পাকার্থং বিন্দু সর্পিষীতি। মাত্রা তু কোষ্ঠানুরূপা মাষকমেকং দ্বয়ং বা প্রচরতি মলিন ইতি মলবহুলে। ২৮ ॥

আকন্দের ক্ষীর ২ পল, মনসাসিজের ক্ষীর ৬ পল, হরীতকী, গুণ্ডারোচনী (কম্পিল্লক বা কমলাগুড়ী), শ্যামমূল তেউড়ী, শোণালু ফলের মজ্জা, শ্বেতাপরাজিতারমূল, নীলবুহ্, রক্তমূল তেউড়ী, দন্তী, শঙ্খপুষ্পী, চিতা, ইহাদিগের প্রত্যেকে ১ পল পরিমাণ কল্ক সহিত ঘৃত /৪ সের পাক করিবে। উদররোগে মলবহুল কোষ্ঠে এই ঘৃত এক বিন্দুমাত্র প্রদান করিবে। যত বিন্দু ঘৃত পান করিবে ততবারই বিরেচন হইবে। ইহাদ্বারা কুষ্ঠ, গুল্ম, উদাবর্ত্ত,

শোথ, ভগন্দর ও আট প্রকার উদর-রোগ বজ্রাহত বৃক্ষের ন্যায় বিনষ্ট হইয়া থাকে। ইহার নাম "বিন্দুঘৃত" এই ঘৃত সেবন মাত্রেই বিরেচন (দাস্ত) হইয়া থাকে ॥ ২৮ ॥

দধিমণ্ডাদ্যং ঘৃতম্—

দধিমণ্ডাঢকে সিদ্ধাৎ স্নুক্‌ক্ষীরপরিকল্কিতাৎ। ঘৃতপ্রস্থাৎ পিবেন্মাত্রাং তদ্বজ্জঠরশান্তয়ে ॥ তথাসিদ্ধং ঘৃতপ্রস্থং পয়স্যষ্টগুণে পিবেৎ। স্নুক্‌ক্ষীরপলকল্কেন ত্রিবৃতা ষট্ পলেন চ ॥ ২৯ ॥

দধিমণ্ডেত্যাদি।—তদ্বদিতি পূর্ব্বোক্তপ্রকারে-ণোত্থিতাদ্‌ঘৃতাৎ। চরকে হি ক্ষীরদ্রোণং সুধা-ক্ষীরপ্রস্থার্দ্ধসহিতং। দধীতি পূর্ব্বযোগে ক্ষীর দ্রোণে সুধাক্ষীরপ্রস্থার্দ্ধং প্রক্ষিপ্য দধি করণীয়ং ততঃ তদ্দধি মথিত্বা ঘৃতং সম্পাদনীয়মিতি প্রকার উক্ত ইতি। তথা সিদ্ধমিত্যাদি।—অত্রাপি পূর্ব্বোক্তপ্রকারনিষ্পাদিতদধিমন্থনসিদ্ধং ঘৃতমিতি তথা শব্দার্থঃ। এতয়োর্দ্ধ্বয়োরনুপানং তথা বিরেকান্তরীয়োবিধিশ্চ চরকোক্ত এবানুসরণীয় ইতি ॥ ২৯ ॥

দধির মাত ।৬ সের, কল্কার্থ সিজের ক্ষীর ১ পল, দধিমথিত (১) ঘৃত /৪ সের একত্র যথাবিধি পাক করিয়া উদর রোগ প্রশমনার্থ (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক যথা মাত্রায়) পান করিবে।

পূর্ব্বরূপ দধিমথিত ঘৃত /৪ সের, দুগ্ধ ৩২ সের, কল্কার্থ সিজের ক্ষীর ১ পল ও তেউড়ী ৬পল, এই সকল একত্র পাক করিয়া উদররোগে (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া) পান করিবে ॥ ২৯ ॥

(১) দুগ্ধ ৩২ সের, মনসাসিজের ক্ষীর /২ সের একত্র মিশ্রিত করিয়া দধি প্রস্তুত করিবে। এই দধি মন্থন করিলে যে ঘৃত উত্থিত হইবে সেই ঘৃতই গ্রহণ করিবে।

নারাচঘৃতম্—

স্নুক্‌ক্ষীর দন্তীত্রিফলাবিড়ঙ্গ-সিংহীত্রিবৃচ্চিত্রককল্কযুক্তং।
ঘৃতং বিপক্কং কুড়বপ্রমাণং তোয়েনতস্যাক্ষমথার্দ্ধকর্ষং ॥
পীত্বোষ্ণমম্ভোঽনুপিবেদ্বিরিক্তে পেয়াং সুখোষ্ণাং বিতরেদ্বিধিজ্ঞঃ।
নারাচমেতজ্জঠরাময়ানাং যুক্তোপযুক্তং শমনং প্রদিষ্টং ॥৩০॥

স্নুক্‌ক্ষীরেত্যাদৌ।—সিংহী কণ্টকারী; যুক্তোপযুক্তমিতি কোষ্ঠাদ্যগ্নিবলাপেক্ষয়া ইত্যর্থঃ ॥৩০॥

ইত্যুদর-চিকিৎসা।

সিজের ক্ষীর, দন্তী, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), বিড়ঙ্গ, কন্টকারী, তেউড়ী, চিতা, এই সকল দ্রব্যের কল্কসহ কুড়ব পরিমিত ঘৃত পাক করিবে। এই ঘৃত রোগীর বলাবল বিবেচনায় ২ তোলা বা ১ তোলা পরিমাণে গ্রহণ করতঃ জলের সহিত পান করিয়া উষ্ণ জল অনুপান করিবে। ইহাদ্বারা বিরেচন হইলে ঈষদুষ্ণ পেয়া সেবন করিবে। ইহার নাম 'নারাচঘৃত' এই ঘৃত পান করিলে উদররোগের শান্তি হয় ॥ ৩০ ॥

ইতি সর্ব্বোদর-চিকিৎসা।

অথ প্লীহা-চিকিৎসা।

যমানিকা চিত্রকযাবশূক
ষড়গ্রন্থিদন্তীমগধোদ্ভবানাং।
প্লীহানমেতদ্বিনিহন্তি চূর্ণ
মুষ্ণাম্বুনা মস্তুসুরাসবৈর্ব্বা ॥ ১ ॥

প্লীহবৃদ্ধ্যা উদরসম্বন্ধাদনন্তরং প্লীহচিকিৎসামাহ যমানীত্যাদি।—ষড়্‌গ্রন্থিঃ পিপ্পলীমূলং উক্তং হি রত্নকোষে—"গ্রন্থিকং পিপ্পলীমূলং ষড়্‌গ্রন্থি চটিকা শিবং" ইতি ॥ ১ ॥

যমানী, চিতা, যবক্ষার, পিপুলমূল, দন্তী, পিপ্পলী, এই সকল দ্রব্যের চূর্ণ উষ্ণ জল, দধিরমাত, সুরা, আসব (মদ্য বিশেষ), ইহাদের যে কোনটীর সহিত (রোগের অবস্থা বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) পান করিলে প্লীহারোগ বিনষ্ট হয়॥ ১॥

পিপ্পলীং কিংশুকক্ষারভাবিতাং সংপ্রযোজয়েৎ। গুল্ম প্লীহাপহাং বহ্নিদীপনীঞ্চ রসায়নীং॥ ২॥

পিপ্পলীমিত্যাদি।—কিংশুকঃ পলাশঃ তৎক্ষারোদকে সপ্তধা ভাবিতাং পিপ্পলীং। পিপ্পলীবর্দ্ধমান-ক্রমেণ যোজয়েৎ দুগ্ধপানমপ্যত্রোপাদশন্তি বৃদ্ধাঃ॥ ২॥

পলাশক্ষার-জলদ্বারা ভাবিত পিপুল উপযুক্ত মাত্রায় (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক) সেবন করিবে। এই ঔষধ সেবন করিলে গুল্ম ও প্লীহা বিনষ্ট হয়। ইহা অগ্নুদ্দীপক ও রসায়ন॥ ২॥

বিড়ঙ্গাগ্ন্যাগ্নিসিন্ধূত্থ শক্তূন্ দগ্ধা বচান্বিতান্। পিবেৎ ক্ষীরেণসংচূর্ণ্য গুল্মপ্লীহোদরাপহান্॥ ৩॥

বিড়ঙ্গেত্যাদি।—বিড়ঙ্গাদীনাং চূর্ণং ঘৃতাক্তং কৃত্বা অন্তর্ধূমং দহেদিত্যর্থঃ। ততঃ সংচূর্ণ্য ক্ষীরেণ পিবেৎ। অন্যে তু কপালে কৃত্বা এবমেব দাহং ন পুনরন্তর্ধূমমিত্যাহুঃ। ব্যবহারস্তু পূর্ব্বেবৈব॥ ৩॥

বিড়ঙ্গ, চিতা, সৈন্ধবলবণ, বচ, ও যবশক্তু (যবের ছাতু), এই সকল দ্রব্যের চূর্ণ ঘৃত মিশ্রিত করিয়া অন্তর্ধূমে দগ্ধ করিবে। পরে পুনর্ব্বার চূর্ণ করিয়া দুগ্ধ অনুপানে (রোগের অবস্থাদি উত্তমরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) পান করিবে। ইহাদ্বারা গুল্ম, প্লীহা ও উদররোগ নষ্ট হয়॥ ৩॥

তালপুষ্পভবঃ ক্ষারঃ সগুড়ঃ প্লীহনাশনঃ। রোহীতকাভয়াক্বাথঃ কণাক্ষারসমন্বিতঃ॥ ক্ষারস্থা বিড়কৃষ্ণাভ্যাং পূতিকস্যাম্লনিস্রুতং। প্লীহযকৃৎ প্রশান্ত্যর্থং পিবেৎ প্রাতর্যথাবলং॥ পাতব্যো যুক্তিতঃ ক্ষারঃ ক্ষীরেণোদধিশুক্তিজঃ। পয়সা বা প্রয়োক্তব্যাঃ পিপ্পল্যঃ প্লীহশান্তয়ে॥ ৪॥

তালপুষ্পেত্যাদাবন্তর্ধূমক্ষার ইতি। সগুড়ঃ সমগুড়ঃ। ক্ষারস্য চ মাষকচতুষ্টয়েন ব্যবহারঃ। ক্ষারং বেত্যাদি।—পূতিকস্য লটাকরঞ্জস্য মূলক্ষারং। অম্ল ইতি কাঞ্জিকং নিস্রুতমিতি সপ্তধা পরিস্রুতং অম্লপরিস্রুতং পূতিকরঞ্জক্ষারং বিড়লবণপিপ্পলীপ্রক্ষেপেণ পায়যেদিত্যাহুঃ তেন অম্বুনি জলে নিস্রুতমসদর্থ এব বাশব্দঃ পূর্ব্বযোগাপেক্ষয়া উদধিশুক্তিজঃ মুক্তাস্ফোটঃ। যুক্তিত ইতি বয়োবলাদ্যপেক্ষয়া পয়সা বেত্যাদি শ্লোকার্দ্ধো বৃন্দেন পঠ্যতে তদ্দর্শনাচ্চক্রসংগ্রহেঽপি কেচিৎ পঠন্তি কিন্তু বৃন্দে পিপ্পলীবর্দ্ধমানং ন পঠ্যতে। তত্র তৎ পাঠো ন যুজ্যত এব ইহ তু অগ্রে বর্দ্ধমানং ব্যক্তমেবেতি তস্মাৎ পয়সেতি শ্লোকার্দ্ধমত্র ন পঠনীয়মেবেতি॥ ৪॥

তালপুষ্প অন্তর্ধূমে দগ্ধ করিয়া উক্ত ক্ষার গুড়ের সহিত (উপযুক্ত পরিমাণে) সেবন করিলে প্লীহারোগ বিনষ্ট হয়।

রোহীতক (রয়না) ও হরীতকীর ক্বাথে পিপ্পলীচূর্ণ ও যবক্ষার প্রক্ষেপ দিয়া (যথোপযুক্ত মাত্রায়) পান করিলে প্লীহা নষ্ট হয়।

লাটাকরঞ্জার মূলের ক্ষার কাঞ্জির সহিত মিশ্রিত করিয়া ক্রমশঃ সাতবার বস্ত্রপূত করিয়া লইবে পরে বিটলবণ ও পিপ্পলীচূর্ণ প্রক্ষেপ করিয়া পান করিবে। এই ঔষধ (রোগের বলাবল বিবেচনা করতঃ মাত্রা স্থির করিয়া) প্রাতঃকালে পান করিবে। ইহাদ্বারা প্লীহা ও যকৃৎরোগের শান্তি হয়।

প্লীহারোগ প্রশমনার্থে (রোগের বলাবল বিবেচনা করতঃ উপযুক্ত মাত্রায়)
[illegible]

করিবে অথবা দুগ্ধের সহিত পিপ্পলী সেবন করিবে ॥ ৪ ॥

ভল্লাতকাভয়াজাজী গুড়েন সহ মোদকঃ। সপ্তাহাদিনিহন্ত্যাশু প্লীহং ময়তিদারুণং ॥ ৫ ॥

ভল্লাতকেত্যাদি।—স্পষ্টং ॥ ৫ ॥

শোধিত ভেলা, হরীতকী ও কৃষ্ণজীরা, এই সকল দ্রব্যের চূর্ণ ও গুড়ের সহিত মোদক প্রস্তুত করিবে। এই মোদক সপ্তাহ সেবন করিলে অতি দারুণ প্লীহারোগ বিনষ্ট হয় ॥ ৫ ॥

শোভাঞ্জনকনির্যূহং সৈন্ধবাগ্নিকণান্বিতং। পলাশক্ষারযুক্তং বা যবক্ষারং প্রয়োজয়েৎ ॥ তিলান্ সলবণাংশ্চৈব ঘৃতং ষট্পলকং তথা। প্লীহোর্দিষ্টাং ক্রিয়াং সর্ব্বাং যকৃতঃ সংপ্রযোজয়েৎ ॥ ৬ ॥

শোভাঞ্জনেত্যাদৌ।—নির্যূহঃ ক্বাথঃ, অগ্নিশ্চিত্রকঃ. পলাশক্ষারযুক্তং বেতি পলাশক্ষারোদকযুক্তং সুশ্রুত সম্বাদাৎ। তিলান্ সলবণানিতি কৃষ্ণতিলা এব সসৈন্ধবা ভক্ষ্যাঃ অন্যে তু তিলনালক্ষারোদকং সলবণং পেয়মিত্যাহুঃ ব্যবহারস্তু পূর্ব্বেণৈব ঘৃতং ষট্পলকমিতি জ্বরোক্তং ॥ ৬ ॥

শজিনার ক্বাথে সৈন্ধব, চিতা ও পিপ্পলীচূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিবে। ক্বাথ্য দ্রব্য দুই তোলা জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে।

যকৃৎরোগে যবক্ষার সমন্বিত পলাশের ক্ষারজল. কিম্বা কৃষ্ণতিল সংযুক্ত সৈন্ধব, জ্বরাধিকারোক্ত ষট্পল ঘৃত এবং প্লীহাধিকারোক্ত সমস্ত ঔষধ প্রয়োগ করিবে ॥ ৬ ॥

লশুনং পিপ্পলীমূলং অভয়াঞ্চৈব ভক্ষয়েৎ। পিবেদ্গোমূত্রগণ্ডূষং প্লীহরোগবিবৃদ্ধয়ে। প্লীহজিচ্ছরপুঙ্খায়াঃ কল্কস্তক্রেণ সেবিতঃ। শরপুঙ্খো সকঙ্কুষ্ঠা জঙ্ঘা পেয়া ভুক্তাথবা ॥ শর্ঙ্খিনির্যূহঃ সসৈন্ধবচিত্রকতিন্তিড়ীকমহার্দ্রকমিশ্রঃ। প্লীহরুপরমে যোগঃ পক্বাম্ররসো২থবা সমধুঃ ॥ রোহীতকাভয়াক্ষোদ ভাবিতং মূত্রমম্বুনা। পীতং সর্ব্বোদরপ্লীহমেহার্শঃ ক্রিমিগুল্মনুৎ ॥ ৭ ॥

লশুনমিত্যাদৌ।— গোমূত্রগণ্ডূষেণানুপানং। শরপুঙ্খায়া ইত্যাদি শরপুঙ্খামূলস্য, শর্ঙ্খিষ্ঠা কাকজঙ্ঘা শুষ্কা বা। তিন্তিড়ীকং মহার্দ্রকং। পক্বাম্ররসঃ মধুনা বাতোল্বনে। রোহিতকেত্যাদৌ।—ক্ষোদশ্চূর্ণং গোমূত্রং বিরেকার্থং অম্বু তু শমনার্থমিতি ব্যবস্থা ॥ ৭ ॥

প্লীহারোগ শান্তির জন্য গোমূত্র অনুপানে রসুন্দ, পিপ্পলীমূল ও হরীতকী অথবা গোমূত্র সহিত মণ্ডূর পান করিবে।

প্লীহরোগ নিবারণার্থ শরপুঙ্খামূল পেষণ করিয়া তক্রের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) পান করিবে। অথবা পেয়া সেবন করিয়া শরপুঙ্খামূল যথোপযুক্ত পরিমাণে চর্ব্বণ করিয়া সেবন করিবে।

প্লীহরোগে কাকজঙ্ঘামূলের ক্বাথে সৈন্ধব ও মহার্দ্রক মিশ্রিত করিয়া পান করিবে। প্লীহা নিবৃত্তির জন্য পক্ক আম্র রসে মধু মিশ্রিত করিয়া (উপযুক্ত মাত্রায়) পান করিবে।

রোহীতক (রয়না) ও হরীতকী কুট্টিত করতঃ গোমূত্রে কিম্বা জলে ভাবনা করিয়া সেবন করিলে সর্ব্বপ্রকার অর্থাৎ বাতজনিত, পিত্তজনিত, কফজনিত ও ত্রিদোষ (মিলিত বাত, পিত্ত ও কফ) জনিত সর্ব্ব প্রকার উদর, প্লীহা, প্রমেহ, অর্শঃ, ক্রিমি, ও গুল্মরোগের নিবৃত্তি হয় ॥ ৭ ॥

দক্ষা ভুজবতো বামবাহুমধ্যে শিরাং ভিষক্। বিধ্যেৎ প্লীহাবনাশায় যকৃ-

মাণায় দক্ষিণে। প্লীহানং মর্দ্দয়ে-
দ্দাঢ়ং দুষ্টরক্তপ্রবৃত্তয়ে ॥ ৮ ॥

দধ্যন্ত্যাদৌ।—দধিভোজনং শোণিতোৎক্লেশার্থং বামবাহ্বন্তমধ্যে কুর্পরসন্ধেরধস্তাৎ ক্ষেতয়ে দারপত্র কার্য্যৌ স্বল্পসম্বাদাৎ প্লীহানং মর্দ্দয়েদিতি শিরায়াং বিদ্ধায়াং তেন প্লীহোদুষ্টরক্তং নিঃসরতি ॥ ৮ ॥

রোগীকে পূর্ব্ব দিবস দধিসহ ভোজন করাইয়া প্লীহারোগ বিনাশার্থ বাম বাহুর এবং যকৃৎ বিনাশের নিমিত্ত দক্ষিণ বাহুর কুর্পর সন্ধির অধোস্থানস্থ ক্ষুদ্র শিরাবেধ করিয়া প্লীহাতে দৃঢ়রূপে মর্দ্দন করিবে। ইহাতে দুষ্টরক্ত নিঃসৃত হইয়া প্লীহা ও যকৃতের পক্ষে বিশেষ উপকার হয় ॥ ৮ ॥

মাণাদ্যা গুড়িকা—

মাণমার্গ [illegible] বাসা স্থিরাচিত্রকসৈন্ধবং। নাগরং তালমূলঞ্চ প্রত্যাগ্রস্ত ত্রিকার্ষিকং ॥ বিড়সৌবর্চ্চলক্ষার [illegible] কার্ষিকং। এতচ্চূর্ণীকৃতং সর্ব্বং গোমূত্রস্যাঢ়কে পচেৎ ॥ সান্দ্রীভূতে গুড়ীং কুর্য্যাদ্দত্ত্বা ত্রিপলমাক্ষিকং। যকৃৎ প্লীহোদরহরো [illegible] র্শোগ্রহণীহরঃ। যোগঃ পরিকরো নাম্না অগ্নিসন্দীপনঃ পরঃ ॥ ৯ ॥

মাণেত্যাদৌ।—[illegible] স্থিরাশালপর্ণী, প্রত্যগ্রমিত্যভিনবং। ত্রিকার্ষিকমিতি প্রত্যেকং। পরিকরো নাম্না ইতি পরিকরো বিরেকঃ ॥ ৯ ॥

মান, অপামার্গ (আপাঙ্গ), শুলঞ্চ, বাসক, শালপাণি, চিতা, সৈন্ধব, শুঁঠ, নূতন তালজটা প্রত্যেকে ৬ তোলা; বিট্‌লবণ, সৌবর্চ্চল, যবক্ষার, পিপ্পলী এই সকল দ্রব্য প্রত্যেকে ২ দুইতোলা, সমুদয় দ্রব্যের চূর্ণ একত্র করিয়া ।৬ ষোল সের গোমূত্রসহ পাক করিবে, ঘনীভূত হইলে অর্থাৎ আসন্নপাকে মধু ৩ তিন পল অর্থাৎ ২৪ চব্বিশতোলা মিশ্রিত করতঃ বটিকা প্রস্তুত করিবে। এই গুড়িকা (রোগের বলাবল বিবেচনাপূর্ব্বক উপযুক্ত মাত্রায়) সেবন করিলে যকৃৎ, প্লীহা, উদর, গুল্ম, অর্শঃ ও গ্রহণীরোগ নষ্ট হয় এবং ইহা অগ্নি সন্দীপক ॥ ৯ ॥

পিপ্পলীনাগরং দন্তী সমাংশং দ্বিগুণাভয়ং। চূর্ণং পীতং বিড়ার্দ্ধাংশং প্লীহঘ্নমুষ্ণবারিণা ॥ ১০ ॥

পিপ্পলীমিত্যাদৌ।—দ্বিগুণাভয়া ইত্যেকস্তাগাপেক্ষয়া দ্বৈগুণ্যং এবং বিড়লবণস্যাপ্যেকভাগাপেক্ষয়ার্দ্ধভাগত্বং জ্ঞেয়ং ॥ ১০ ॥

পিপ্পলী, শুঁঠ ও দন্তী এই সকল সমভাগ, হরীতকী ২ দুই ভাগ, বিড়লবণ অর্দ্ধভাগ, এই সকলের চূর্ণ করিয়া উষ্ণ জলের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ) পান করিলে প্লীহারোগ নষ্ট হয় ॥ ১০

পিপ্পলীবর্দ্ধমানানি—

ক্রমবৃদ্ধ্যা দশাহানি দশপিপ্পলিকং দিনং। বর্দ্ধয়েৎ পয়সা সার্দ্ধং তথৈবাপনয়েৎ পুনঃ ॥ জীর্ণে জীর্ণে চ ভুঞ্জীত ষষ্টিকং ক্ষীরসর্পিষা। পিপ্পলীনাং সহস্রস্য প্রয়োগোঽয়ং রসায়নঃ ॥ দশপিপ্পলিকঃ শ্রেষ্ঠো মধ্যমঃ ষট্‌প্রকীর্ত্তিতঃ। যস্ত্রিপিপ্পলিপর্য্যন্তঃ প্রয়োগঃ সোঽবরঃ স্মৃতঃ ॥ বৃংহণং বৃষ্যমায়ুষ্যং প্লীহোদরবিনাশনং। বয়সঃ স্থাপনং মেধ্যং পিপ্পলীনাং রসায়নং ॥ পঞ্চপিপ্পলিকশ্চাপি দৃশ্যতে বর্দ্ধমানকঃ। পিষ্টাস্তা বলিভিঃ পেয়াঃ শৃতা মধ্যবলৈর্নরৈঃ। শীতীকৃতা হ্রস্ববলৈ দেহদোষাময়ান্ প্রতি ॥ ১১ ॥

পিপ্পলীবর্দ্ধমানমাহ ক্রমেত্যাদি।— দশপিপ্পল্যা যত্র বর্দ্ধতে তদ্দিনং দশপিপ্পলিকং তেন দশপিপ্পল্যাঃ প্রত্যহং বর্দ্ধনীয়া ইত্যর্থঃ। উক্তং হি "দশভির্দশভিঃ শতং পিপ্পলীভিঃ বর্দ্ধয়েদিতি।"

অতন্দ্রোনবিংশতিদিনে বৃদ্ধিহ্রাসক্রমেণ সহস্রং পূর্ণং ভবতি। পয়সা সার্দ্ধমিত্যনেন পয়সোঽপি বৃদ্ধিরিত্যাহুঃ। কেচিত্তু, চূর্ণীকৃতা ইত্যত্র শীতীকৃতা ইতি পঠিত্বা শীতকষায়ীকৃতা ইতি ব্যাখ্যানয়ন্তি। পিপ্পলীবর্দ্ধমানস্য ত্রৈবিধ্যমাহ দশপৈপ্পলিকইত্যাদি। ষট্প্রকীর্ত্তিতা ইতি ষড়্‌বৃদ্ধ্যা আচার্য্যোক্তা ইত্যর্থঃ ত্রিপিপ্পলীপর্য্যন্ত ইতি ত্রিভিঃ পিপ্পল্যঃ পর্য্যন্তো যস্য স তথা তেন পিপ্পলীত্রয়েণ যত্র বৃদ্ধিঃ প্রয়োগ উচ্যতে তত্রৈব প্রয়োগসমাপ্তৌ পিপ্পলীত্রয়াবস্থানাৎ। পঞ্চভিঃ পিপ্পলীভিস্তু ব্যবহার ইতি প্রতিপাদয়িতুং চক্রঃ স্ববচনং বিন্যস্যতি পঞ্চপিপ্পলিক ইত্যাদি।—বিদেহেঽপ্যুক্তং—দশভির্দ্দশভিঃ শশ্বৎ পিপ্পলীভিস্তু বর্দ্ধয়েৎ। পঞ্চভিঃ পঞ্চভির্ব্বাপি শতাদবতরেৎ পুনরিতি।। ১১ ।।

প্রথম দিবসে ১০ দশটী পিপ্পলী পেষণ করিয়া যথোপযুক্ত দুগ্ধের সহিত সেবন করিবে, দ্বিতীয় দিবসে ২০ বিশটী, তৃতীয় দিবসে ৩০ ত্রিশটী, এই রূপ দশ দিবস পর্য্যন্ত প্রতি দিন ক্রমে দশ দশটী করিয়া পিপ্পলী বৃদ্ধি করতঃ দুগ্ধের সহিত সেবন করিবে।

যেরূপে পিপ্পলী বৃদ্ধি হইবে তদ্রুপ যুক্ত দুগ্ধও বৃদ্ধি করিতে হইবে। তৎপর একাদশ দিনে ৯০ নব্বইটী, দ্বাদশ দিনে ৮০ আশীটী, এই প্রকারে দশ দশটী করিয়া ক্রমে হ্রাস করিবে।

উক্ত ঔষধ জীর্ণ হইলে ষষ্টিধান্যের অন্ন, দুগ্ধ ও ঘৃত সহিত ভোজন করিবে। এইরূপে সহস্র পিপ্পলী সেবন করাই রসায়ন। এই পিপ্পলী বর্দ্ধমানযোগ শরীরের পুষ্টিকারক।

পিপ্পলী বর্দ্ধমানযোগ ত্রিবিধ যথা—শ্রেষ্ঠ, মধ্যম ও অধম। দশটী করিয়া বৃদ্ধি করিলে শ্রেষ্ঠ, ৬ ছয়টী করিয়া বৃদ্ধি করিলে মধ্যম এবং তিনটী করিয়া বৃদ্ধি করিলে তাহাকে অধম বলা যায়।

এই পিপ্পলী রসায়ন ধাতুপোষক, শুক্র ও আয়ুষ্কর, প্লীহোদর নাশক, বয়ঃস্থাপক ও মেধাজনক।

পাঁচটী করিয়া পিপ্পলী বৃদ্ধিও দৃষ্ট হয়; ইহাই চক্রপাণি দত্তের মত। বলবান্ ব্যক্তি পিপ্পলী পেষণ করিয়া, মধ্যবলী ব্যক্তি কষায় করিয়া ও হীনবলী ব্যক্তি পিপ্পলী দ্বারা শীত কষায় প্রস্তুত করিয়া সেবন করিবে।

যে রূপ মাত্রায় পিপুল বৃদ্ধি করিবার আদেশ করিয়াছেন তাহা আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়। সুতরাং বিবেচনাপূর্ব্বক ব্যবহার করিতে হইবে ॥ ১১ ॥

চিত্রকঘৃতম্—

পিপ্পলীং চিত্রকান্ মূলং পিষ্ট্বা সমাগ্বিপাচয়েৎ। ঘৃতং চতুর্গুণং ক্ষীরং যকৃৎ প্লীহোদরাপহং ॥ ১২ ॥

পিপ্পলীত্যাদি —অত্র পিপ্পলী চ চিত্রকশ্চেতি সমাসো ন কার্য্যঃ; তথা সতি পিপ্পলীমূলস্যৈব গ্রহণং স্যাৎ তচ্চ ন ব্যবহারসিদ্ধং ।। ১২ ।।

পিপ্পলী ও চিতারমূলের কল্ক করিয়া চতুর্গুণ দুগ্ধের সহিত যথাবিহিত নিয়মে (উপযুক্ত পরিমাণ) ঘৃত পাক করিবে। এই ঘৃত উপযুক্ত মাত্রায় সেবন করিলে যকৃৎ, প্লীহা ও উদর রোগ নষ্ট হয় ॥ ১২ ॥

লোকনাথরসঃ—

শুদ্ধসূতং দ্বিধাগন্ধং খল্লেকুর্য্যাচ্চকজ্জলীং। সূততুল্যং জারিতাভ্রং সংমর্দ্দ্য কন্যকাম্বুনা ॥ গোলং কুর্য্যাত্ততো লৌহং তাম্রঞ্চদ্বিগুণীকৃতং। কাকমাচীরসৈঃ পিষ্ট্বা গোলং তাভ্যাঞ্চ বেষ্টয়েৎ ॥ বরাটিকায়াস্তস্মাথ রসতস্ত্রিগুণং ক্ষিপেৎ। ততশ্চন্দম্পুটং কৃত্বা মূষামধ্যে প্রকল্পয়েৎ ॥ তন্মধ্যে গোলকং কৃত্বা শরাবেণ পিধাপয়েৎ। পটেনৈকাক্রপট্টে বিধান সাজলীতং সমু-

জ্বরেৎ ॥ শিবং সম্পূজ্য যত্নেন দ্বিজাংশ্চ পরিতোষয়েৎ। খাদেদ্রক্তিদ্বয়ং চূর্ণং মূত্রঞ্চাপি পিবেদনু ॥ মধুনা পিপ্পলীচূর্ণং সগুড়াম্বু হরীতকীং। অজাজীম্বাগুড়েনৈব ভক্ষয়েদন্নমানতঃ ॥ যকৃদ্গুল্মোদরপ্লীহ শ্বয়থুজ্বরনাশনঃ। বহ্নিমান্দ্যপ্রশমনং সর্ব্বান্ ব্যাধীন্ নিযচ্ছতি ॥ ১৩ ॥

বিশুদ্ধ পারদ ও তাহার দ্বিগুণ গন্ধক একত্র খলে পেষণ করিয়া কজ্জলী প্রস্তুত করিবে, পরে উহার সহিত পারদের সমান জারিত অভ্রচূর্ণ মিশ্রিত করতঃ ঘৃতকুমারীর রসে মর্দ্দন করিয়া পিণ্ডাকার করিবে এবং দ্বিগুণ তাম্র ও লৌহ কাকমাচীরসে পেষণ করিয়া তদ্দ্বারা উক্ত পিণ্ড বেষ্টন করিয়া রাখিবে। তৎপর পারদের তিনগুণ কড়িভস্ম উহার সহিত মিশ্রিত করিয়া মুষা মধ্যে স্থাপন করতঃ অপর শরাবদ্বারা আচ্ছাদন করিয়া গজপুটে দগ্ধ করিবে। শীতল হইলে উহা উদ্ধৃত করিয়া লইবে।

মহাদেবের অর্চ্চনা ও ব্রাহ্মণদিগকে পরিতুষ্ট করিয়া গোমূত্র অনুপানে দুই রতি পরিমাণ ঔষধ সেবন করিবে, পরে মধুর সহিত পিপ্পলীচূর্ণ কিম্বা গুড়ের সহিত হরীতকী অথবা গুড়ের সহিত জীরার চূর্ণ সেবন করিবে।

উক্ত ঔষধ সেবনে যকৃৎ, গুল্ম, উদরী, প্লীহা, শোথ ও সর্ব্বপ্রকার জ্বর অর্থাৎ বাত জনিত, পিত্তজনিত, কফজনিত এবং দ্বন্দ্বজ ও ত্রিদোষ (মিলিত বাত, পিত্ত ও কফ) প্রভৃতি জ্বর নষ্ট হয় এবং মন্দাগ্নি ও সর্ব্বপ্রকার ব্যাধিরই নিবৃত্তি হয় ॥ ১৩ ॥

পিপ্পলীঘৃতম্—

পিপ্পলীকল্কসংযুক্তং ঘৃতং ক্ষীরচতুর্গুণং। পিবেৎ প্লীহাগ্নিসাদাদি যকৃদ্রোগহরং পরং ॥ ১৪ ॥

পিপ্পলীঘৃতং স্পষ্টং ॥ ১৪ ॥

পিপ্পলীর কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত যথাবিধি (যথোপযুক্ত পরিমাণ) ঘৃত পাক করিবে। এই ঘৃত যথা পরিমাণে পান করিলে প্লীহা, অগ্নিমান্দ্য ও যকৃৎ রোগ বিনষ্ট হয় ॥ ১৪ ॥

চিত্রকঘৃতম্—

চিত্রক তুলাক্বাথে ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। আরণালং তদ্দ্বিগুণং দধিমণ্ডং চতুর্গুণং ॥ পঞ্চকোলকতালীশক্ষারৈর্লবণসংযুতৈঃ। দ্বিজীরক নিশাযুগ্মৈর্ম্মরিচং তত্রদাপয়েৎ। প্লীহগুল্মোদরাধ্মান পাণ্ডুরোগারুচিজ্বরান্। বস্তিহৃৎপার্শ্বকট্যূরুশূলোদাবর্ত্ত পীনসান্ ॥ হন্যাৎ পীতং তদর্শোঘ্নং শোথঘ্নং বহ্নিদীপনং। বলবর্ণকরঞ্চাপি ভস্মকঞ্চ নিযচ্ছতি ॥১৫॥

চিত্রকঘৃতে তুলাক্বাথ ইতি ষষ্ঠীতৎপুরুষঃ। আরণালস্তু দ্বিগুণমিতি ঘৃতাপেক্ষয়া এবং দধিমণ্ডস্যাপি চাতুর্গুণ্যং, দধিমণ্ডোদধিমস্তু, ক্ষারো যবক্ষারঃ, লবণং সৈন্ধবং, অন্যে তু যবক্ষারঃ সাচিক্ষারঃ, লবণং পঞ্চলবণমাহুঃ ॥ ১৫ ॥

চিতা ।২॥০ সের, জল ৬৪ সের, শেষ ।১৬সের। এই ক্বাথের সহিত /৪সের ঘৃত পাক করিবে, পাককালে কাঞ্জিক /৮ সের ও দধির মাত ।৬ সের এবং নিম্নলিখিত কল্কদ্রব্য সমূহ প্রদান করিবে। কল্কদ্রব্য যথা—পিপুল, পিপুলমূল, চৈ, চিতা, শুঁঠ, তালিশপত্র, যবক্ষার, সৈন্ধব, জীরা, কৃষ্ণজীরা, হরিদ্রা, দারুহরিদ্রা ও মরিচ; এই সকল উত্তমরূপ পেষণ

করিয়া তৈলে প্রদান করিবে। এই ঘৃত যথাবিধি পাক করিয়া (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিলে প্লীহা, গুল্ম, উদরাধ্মান, পাণ্ডুরোগ, অরুচি, জ্বর এবং বস্তি, হৃদয়, পার্শ্ব, কটি ও উরুশূল, উদাবর্ত্ত, পীনস, অর্শঃ ও শোথ প্রভৃতি রোগ নষ্ট হয়, এবং বল, বর্ণ বর্দ্ধিত ও অগ্নি প্রদীপ্ত হয় এবং ভস্মক রোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ১৫ ॥

রোহিতকং ঘৃতম্—

রোহীতকত্বচঃ শ্রেষ্ঠাঃ পলানাং পঞ্চবিংশতিঃ। কোলদ্বিপ্রস্থসংযুক্তং কষায়মুপকল্পয়েৎ ॥ পলিকৈঃ পঞ্চকোলৈশ্চ তৈঃ সর্ব্বৈশ্চাপি তুল্যয়া। রোহীতকত্বচা পিষ্টৈর্ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ ॥ প্লীহাভিবৃদ্ধিং শময়েদেতদাশু প্রয়োজিতং। তথা গুল্ম জ্বরশ্বাসক্রিমিপাণ্ডুত্ব কামলাঃ ॥ ১৬ ॥

রোহিতকেত্যাদি—বাভটস্য শ্রেষ্ঠা ইত্যত্র কুষ্ঠেতি বাভটে পঠ্যতে রোহিতকো রোহর ইতি খ্যাতস্তস্য পঞ্চবিংশতিপলৈঃ কোলপ্রস্থদ্বয়েন মিলিত্বা সপ্তপঞ্চাশৎপলানি কাথ্যানি স্যুঃ তেষ্বষ্টগুণং জলমুৎসর্গসিদ্ধং দেয়ং পাদশেষশ্চ কষায়ো দ্বিপলাধিকচতুর্দ্দশশরাবাঃ বৈদ্যপ্রসারকে তু ষোড়শগুণ জলমুক্তং ॥ ১৬ ॥

রয়নাবৃক্ষের ছাল ২৫ পল ও বদরী /৪ সের, জল ৫৭ সের, শেষ ।৪।০ পোয়া চৌদ্দ সের ; এই কাথের সহিত পঞ্চকোল অর্থাৎ পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা ও শুঁঠ এবং রয়নার ছাল প্রত্যেকে এক পল পরিমাণ কল্ক করিয়া ঘৃত /৪ সের যথা বিহিত নিয়মানুসারে পাক করিবে। এই ঘৃত যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে অতি প্রবৃদ্ধ প্লীহা ও অতি শীঘ্র প্রশমিত হয়। এবং ইহাদ্বারা গুল্ম, জ্বর, শ্বাস, ক্রিমি, পাণ্ডু ও কামলারোগ বিনষ্ট হয় ॥ ১৬ ॥

মহারোহীতকঘৃতম্—

রোহীতকাৎ পলশতং ক্ষোদয়েদ্বদরাঢ়কং। সাধয়িত্বা জলদ্রোণে চতুর্ভাগাবশেষিতে ॥ ঘৃতপ্রস্থং সমাবাপ্য ছাগক্ষীরঞ্চতুর্গুণং। তস্মিন্ দদ্যাদিমান্ কল্কান্ সর্ব্বাংস্তানক্ষসম্মিতান্ ॥ ব্যোষং ফলত্রিকং হিঙ্গুযমানীং তুম্বুরুং বিড়ং। অজাজীং কৃষ্ণলবণং দাড়িমং দেবদারু চ ॥ পুনর্নবাং বিশালাঞ্চ যবক্ষারং সপৌষ্করং। বিড়ঙ্গং চিত্রকঞ্চৈব হপুষাঞ্চবিকাং বচাং ॥ এতদ্ঘৃতং বিপক্কন্তু স্থাপয়েদ্ভাজনে শুভে। পায়য়েত্ত্রিপলাং মাত্রাং ব্যাধিং বলমবেক্ষ্য চ ॥ রসকেনাথযূষেণ পয়সাবাপি ভোজয়েৎ। উপযুক্তে ঘৃতে তস্মিন্ ব্যাধীন্ হন্যাদিমান্বহূন্ ॥ যকৃৎ প্লীহোদরঞ্চৈব প্লীহশূলং যকৃৎ তথা। কুক্ষিশূলঞ্চহৃচ্ছূলং পার্শ্বশূলমরোচকং ॥ বিবন্ধশূলং শময়েৎ পাণ্ডুরোগং সকামলং ॥ ছর্দ্দ্যতীসার শমনং তন্দ্রাজ্বরবিনাশনং। মহারোহীতকং নাম্না প্লীহঘ্নন্তু বিশেষতঃ ॥ ১৭ ॥

মহারোহিতকঘৃতে বদরচূর্ণস্য আঢ়কং চতুঃষষ্টিপলানি অত্র একেনৈব জলদ্রোণেন বদরচূর্ণাঢ়কসহিতস্য রোহিতকপলশতস্য ক্কাথঃ করণীয়ঃ তথৈব নির্দ্দিষ্টত্বাৎ। তন্ত্রান্তরেঽপি—রোহিতকশতং ক্ষুন্নং কোলচূর্ণাঢ়কান্বিতং। নিঃক্কাথ্য সলিলে দ্রোণে চতুর্ভাগস্থিতে রস ইতি। অন্যে তু জলস্য পোড়শাংশং দ্রোণপাদমাদৃত্য রোহিতকপলশতমিত্যনেন চ প্রত্যেকং যোজ্যং এতেনৈকেন জলদ্রোণেন রোহিতকপলশতস্য ক্কাথঃ। অপরেণ বদরাঢ়কস্য চ ক্কাথ ইত্যাহুঃ। বাবহারস্তুনৈনৈব। কৃষ্ণলবণমত্র সৌবর্চ্চলং আয়ুর্ব্বেদসারে রুচকপাঠাদিতি ॥ ১৭ ॥

ইতি প্লীহযকৃচ্চিকিৎসা।

উত্তমরূপ কুট্টিত বরুনা বল্কল ১২॥০ সের, বদরী /৮ সের একত্র ৬৪ সের জলে পাক করতঃ চতুর্থভাগ অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিয়া তাহার সহিত ঘৃত /৪ সের যথারীতি পাক করিবে। পাককালে ছাগদুগ্ধ /৬ সের ও নিম্নলিখিত কল্কদ্রব্য সমূহ প্রদান করিবে। কল্কদ্রব্য যথা,—ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ) ও ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), হিঙ্গু, যমানী, তুম্বুরু, বিটলবণ, জীরা, পিপুল, সৌবর্চ্চল, দাড়িম, দেবদারু, পুনর্ন্নবা, রাখালশশা, যবক্ষার, পুষ্করমূল (অভাবে কুড় প্রয়োগ করিবে), বিড়ঙ্গ, চিতা, হবুষা, চৈ, বচ ইহাদের প্রত্যেকে দুই তোলা গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত করতঃ তৈলে প্রদান করিবে। এই ঘৃত যথাবিধি পাক করিয়া স্নিগ্ধ ভাণ্ডে রাখিয়া দিবে। উক্ত ঘৃত রোগীর ব্যাধি ও বল প্রভৃতি বিবেচনা পূর্ব্বক ত্রিপল পরিমাণে সেবন করিতে দিবে। এই ঘৃত সেবন করিয়া মাংসরস, যূষ, অথবা দুগ্ধ সহ ভোজন করিবে। যথাবিধি উপযুক্ত পরিমাণে ঘৃত সেবন করিলে যকৃৎ, প্লীহা, উদর, প্লীহশূল, যকৃৎশূল, কুক্ষিশূল, হৃদয়শূল, পার্শ্বশূল, অরুচি, বিবন্ধশূল, পাণ্ডুরোগ, কামলা, ছর্দ্দি, অতীসার, তন্দ্রা ও জ্বররোগ প্রভৃতি বিনষ্ট হয়। ইহার নাম 'মহারোহীতকঘৃত' প্লীহানাশকতা ইহার বিশেষ গুণ ॥ ১৭ ॥

ইতি যকৃৎপ্লীহোদর-চিকিৎসা।

অথ শোথ-চিকিৎসা।

শুণ্ঠী পুনর্নবৈরণ্ড পঞ্চমূলশৃতং জলং। বাতিকে শ্বয়থৌ শস্তং পানাহারপরিগ্রহে। দশমূলং সর্ব্বথা চ বাতশোথে বিশেষতঃ ॥ ১ ॥

উৎসেধসাধর্ম্ম্যাদনন্তরং শোথঃ। শুণ্ঠ্যাদৌ—পঞ্চমূলং মহৎপঞ্চমূলং বৃদ্ধব্যবহারাৎ। পানাহারপরিগ্রহ ইতি জলপানসংস্কারে। সর্ব্বথেতি কল্কক্বাথাদিবিধয়া ॥ ১ ॥

শুঁঠ, পুনর্নবা, এরণ্ড ও মহৎ পঞ্চমূল, এই সকল দ্রব্যের সহিত জল সিদ্ধ করিয়া বাতিক (বাতজনিত) শোথে উক্ত জল পানার্থ এবং উহার সহিত আহারীয় দ্রব্য প্রস্তুত করিয়া আহারার্থ প্রদান করিবে।

দশমূলের ক্বাথ ও কল্ক সর্ব্বপ্রকার শোথরোগ বিশেষতঃ বাত শোথ নাশক।

পঞ্চমূল বিল্বছাল, শোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল ও গাম্ভারীছাল, এই পাঁচটীকে মহৎ পঞ্চমূল এবং ইহাতে শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর যোগ করিলে দশমূল হয় ॥ ১ ॥

ক্ষীরাশনঃ পিত্তকৃতেঽথ শোথে
ত্রিবৃদ্গুড়ূচী ত্রিফলা কষায়ং।
পিবেদ্গবাং মূত্রবিমিশ্রিতং বা
ফলত্রিকাচ্চূর্ণমথাক্ষমাত্রং।
পৃশ্নিপর্ণী ঘনোদীচ্য শুণ্ঠীসিদ্ধন্তু
পৈত্তিকে ॥ ২ ॥

ক্ষীরেত্যাদি।—যোগদ্বয়ং। গবামিত্যাদি দ্বিতীয়োযোগঃ ॥ ২ ॥

পৈত্তিক শোথরোগে দুগ্ধপান করিয়া তেউড়ী, গুলঞ্চ ও ত্রিফলার ক্বাথ অথবা ২ তোলা পরিমাণ ত্রিফলার চূর্ণ মিশ্রিত গোমূত্র পান করিবে।

কাথ্যদ্রব্য দুই তোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধ পোয়া।

চাকুলে, মুথা, বালা ও শুঁঠ; এই সকল দ্রব্যের সহিত জল সিদ্ধ করিয়া পৈত্তিক শোথরোগে পান করিতে দিবে ॥ ২ ॥

অভয়াদারুমধুকং তিক্তা দন্তী সপিপ্পলী। পটোলং চন্দনং দার্ব্বী রাস্নাগেন্দ্রবারুণী ॥ এষাং ক্বাথং সসর্পিষ্কং শ্বয়থু জ্বরদাহহা। বিসর্পতৃষ্ণাসন্তাপ সন্নিপাতবিষাপহা ॥ ৩ ॥

অভয়েত্যাদৌ।—সর্পিঃ প্রক্ষেপ্যং ॥ ৩ ॥

হরীতকী, দেবদারু, যষ্টিমধু, কট্‌কী, দন্তী, পিপ্পলী, পটোলপত্র, রক্তচন্দন, দারুহরিদ্রা, বড়ডুম্বর, রাখালশশা, ইহারা সমুদয়ে দুই তোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। উক্ত ক্বাথে ঘৃত প্রক্ষেপ দিয়া পান করিলে শোথ, জ্বর, দাহ, বীসর্প, তৃষ্ণা, সন্তাপ, সন্নিপাত ও বিষদোষ নষ্ট হয় ॥ ৩ ॥

শীতবীর্য্যৈর্হিমজলৈরভ্যঙ্গাদীংশ্চকারয়েৎ ॥ ৪ ॥

শীতবীর্য্যৈরিতি শীতবীর্য্যাঃ কাকোল্যাদি শারিবাদ্যুৎপলাদিগণাঃ তৎকৃতৈঃ স্নেহাদিভিরভ্যঙ্গাদীন্ কল্পয়েৎ। হিমজলৈরিতি শীতলজলৈঃ ॥ ৪ ॥

শোথরোগে শীতবীর্য্য অর্থাৎ শারিবাদি, কাকোল্যাদি ও [illegible] কৃত স্নেহাদি এবং শীতল জলে অভ্যঙ্গ করিবে ॥ ৪ ॥

পুনর্নবা বিশ্বত্রিবৃৎগুড়ূচী
শম্পাক পথ্যামরদারুকল্কং।
শোথে কফোত্থে মহিষাক্ষযুক্তং
মূত্রং পিবেদ্বা সলিলং তথৈবাং ॥ ৫ ॥

শ্লৈষ্মিকশোথচিকিৎসামাহ পুনর্নবেত্যাদি।—পুনর্নবাদীনাং কল্কং গুগ্‌গুলুযুক্তং গোমূত্রেণ পিবেৎ। সলিলং তথৈবামিতি এষাং পুনর্নবাদীনাং ক্বাথং, গুগ্‌গুলুং গোমূত্রঞ্চ প্রক্ষেপ্য পিবেদিতি মহিষাক্ষো গুগ্‌গুলুঃ ॥ ৫ ॥

শ্লৈষ্মিকশোথে পুনর্নবা, শুঁঠ, তেউড়ী গুলঞ্চ, শোনাকুফলের মজ্জা, হরীতকী ও দেবদারু, এই সকল দ্রব্য পেষণ করিয়া গুগ্‌গুলু ও গোমূত্রের সহিত পান করিবে। অথবা উক্ত পুনর্নবাদির যথানিয়মে ক্বাথ প্রস্তুত করিয়া উহাতে গুগ্‌গুল ও গোমূত্র মিশ্রিত করিয়া পান করিবে ॥ ৫ ॥

কফেতু কৃষ্ণাসিকতাপুরাণ
পিণ্যাক শিগ্রুত্বগুমা প্রলেপঃ।
কুলত্থশুণ্ঠীজলমূত্রসেক-
শ্চ গুরুভ্যামনুলেপনঞ্চ ॥ ৬ ॥

কফেত্যাদৌ।—সিকতাবালুকা, পুরাণপিণ্যাকঃ পুরাণসর্ষপখলিঃ, উমা অতসী এভির্মূত্রপিষ্টৈঃ লেপঃ তথা কুলত্থশুণ্ঠীক্বাথেন তথা গোমূত্রেণ কুলত্থশুণ্ঠীসিদ্ধেন সেকঃ কার্য্যঃ। চণ্ডা চোরপুষ্পী, অনুলেপনং স্নানানন্তরমেব লেপনমিতি চক্রঃ ॥ ৬ ॥

কফশোথে পিপ্পলী, বালুকা, পুরাতন সর্ষপের খৈল, শজিনার ছাল ও তিসি (মসিনা), এই সকল দ্রব্য গোমূত্র সহ পেষণ করিয়া শরীরে লেপন করিবে। কুলথকলাই ও শুঠীর যথাবিধি ক্বাথ প্রস্তুত করিয়া কিম্বা গোমূত্র সহ সিদ্ধ উহার ক্বাথে শরীর ধৌত করিয়া চোরপুষ্পী ও অগুরু পেষণ করতঃ শরীর লেপন করিবে ॥ ৬ ॥

অজাজি পাঠা ঘনপঞ্চকোল
ব্যাঘ্রীরজন্যঃ সুখতোয়পীতাঃ।
শোথং ত্রিদোষং চিরজং প্রবৃদ্ধং
নিঘ্নন্তি ভূনিম্বমহৌষধে চ ॥ ৭ ॥

অজাজীত্যাদি।—বাতচিত্যং এবাং চূর্ণমুষ্ণোদকেন পেয়ং। এবং ভূনিম্বমহৌষধয়োরপি। ব-

দ্যপি চরকেঽস্মিন্ যোগে চবিকাস্থানে গজপিপ্পলী পঠ্যতে তথাপ্যত্র চবিকৈব গ্রাহ্যা গজপিপ্পলীশব্দেন চবিকাভিধানাৎ যদুক্তং নির্ঘণ্টে—"চবিকা কোলবল্লী চ হস্তিপিপ্পল্যপীষ্যতে" ইতি। জতূকর্ণেনাপি চবিকৈব পঠ্যতে তস্মাৎ চব্যেব যুক্তা এতেন পিপ্পল্যাদিগজোনাম্নাচবিকে পঠ্যতে দ্বয়ং। যোগেঽত্র চবিকাস্থানে গ্রাহ্যা নাতজপিপ্পলীতি বৃন্দোক্তমত্রমপাস্তং। নমু চরকে ত্রিদোষজশোথস্যাসাধ্যত্বেনোক্তত্বাৎ কথং ত্রিদোষজং শোথং হন্তীত্যুক্তং নৈবং চরকে অহীনমাংসস্যেত্যাদিনা গ্রন্থেনৈকদোষজস্য তথা দ্বিজস্য চ সুখসাধ্যত্বাভিধানে দ্বিদোষত্রিদোষজয়োস্তথা চিরজস্য চ কৃচ্ছ্রসাধ্যত্বমুক্তং মাংসহীনে পুনরসাধ্যত্বমিতি॥ ৭॥

জীরা, আকনাদি, মুথা, পিপুল, পিপুলমূল, চৈ, চিতা, শুঁঠ, কন্টিকারী, হরিদ্রা, এই সকল দ্রব্যের চূর্ণ ঈষদুষ্ণ জলের সহিত পান করিবে। ইহাদ্বারা ত্রিদোষজন্য (বাতজনিত, পিত্তজনিত, কফজনিত) ও চিরকালজাত প্রবৃদ্ধ শোথের নিবৃত্তি হয়, এইরূপ চিরতা ও শুঠীচূর্ণ সেবনেও উক্ত প্রকার ফল হয়॥ ৭॥

পুনর্নবা নিম্বপটোলশুণ্ঠী
তিক্তামৃতা দার্ব্বভয়া কষায়ঃ।
সর্ব্বাঙ্গশোথোদরকাসশূলং
শ্বাসান্বিতং পাণ্ডুগদং নিহন্তি॥
আর্দ্রকস্য রসঃ পীতঃ পুরাণগুড় মিশ্রিতঃ। অজাক্ষীরাশিনাং শীঘ্রং সর্ব্বশোথহরো ভবেৎ॥ পুনর্নবাদারুশুণ্ঠীক্বাথে মূত্রে চ কেবলে। দশমূলরসেবাপি গুগ্গুলুঃ শোথনাশনঃ॥ ৮॥

পুনর্নবেত্যাদি।—তিক্তা কটুকী দারু দেবদারু বৃন্দেঽয়ং যোগঃ শোথোদরে পঠ্যতে॥ ৮॥

পুনর্নবা, নিম্ব, পটোলপত্র, শুঁঠ, কটুকী, গুলঞ্চ, দেবদারু, হরীতকী; ইহারা সমুদয়ে দুইতোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া ক্বাথ গ্রহণ করিবে। এই ক্বাথ সেবনে সর্ব্বাঙ্গ শোথ, কাস, উদর, শূল, শ্বাস ও পাণ্ডুরোগ বিনষ্ট হয়।

ছাগল-দুগ্ধ সেবী আদার স্বরস পুরাতন গুড়ের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিলে শীঘ্র সর্ব্ববিধ শোথরোগ নষ্ট হয়।

পুনর্নব, দেবদারু ও শুণ্ঠীর ক্বাথে অথবা শুধু গোমূত্রে কিম্বা দশমূলের (পূর্ব্বোক্ত নিয়মে প্রস্তুত) ক্বাথে গুগ্গুলু মিশ্রিত করিয়া সেবন করিলে শোথরোগ বিনষ্ট হয়।

শ্যোণ, বেল, পারুল, গণিয়ারী ও গাম্ভারীছাল, শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর, ইহারা দশমূল॥ ৮॥

বিল্বপত্ররসং পূতং সোষণং শ্বয়থৌ ত্রিজে। বিট্‌সঙ্গে চৈব দুর্নাম্নি বিদধ্যাৎ কামলাস্বপি॥ গুড়পিপ্পলী শুণ্ঠীনাং চূর্ণং শ্বয়থুনাশনং। আমাজীর্ণ প্রশমনং শূলঘ্নং বা ঃশোধনং॥ পুরোমূত্রেণ সেব্যেত পিপ্পলী বা পয়োম্বিতা। গুড়েনবাভয়া তুল্যা বিশ্বং বা শোথরোগিণাং॥ ৯॥

গুড়েত্যাদি।—গুড় একভাগসমঃ। পুরুং গুগ্গুলুঃ। পিপ্পলী বা পয়োম্বিতেতি পিপ্পলীবর্দ্ধমানন্যায়েন ইত্তরকল্কবধা পিপ্পলীকল্কঃ পয়সা সেব্যঃ। বিশ্বং বেতি গুড়েন তুল্যমিত্যত্রাপি যোজ্যং॥ ৯॥

ত্রিদোষজন্য (বাতজনিত, পিত্তজনিত ও কফজনিত) শোথ, বিট্‌সঙ্গ, অর্শঃ ও কামলা রোগে বিল্বপত্রের রসের সহিত মরিচচূর্ণ মিশ্রিত করিয়া পান করা বিধেয়।

পুরাতন গুড়, পিপ্পলী ও শুঁঠ, এই সকল দ্রব্যের চূর্ণ, শোথ, আমাজীর্ণ

ও শূলরোগ বিনাশক ও বস্তি বিশুদ্ধকারক।

গোমূত্রের সহিত সমানাংশ গুগ্গুলু, দুগ্ধের সহিত সমানাংশ পিপ্পলী, গুড়ের সহিত সমানাংশ হরীতকী, অথবা গুড়ের সহিত তুল্যাংশ শুণ্ঠী; এই চতুর্ব্বিধ যোগ শোথরোগীর যথোপযুক্ত মাত্রায় পান করা কর্ত্তব্য ॥ ৯ ॥

গুড়ার্দ্রকম্বা গুড়নাগরম্বা
গুড়াভয়াম্বা গুড়পিপ্পলীং বা।
কর্ষাভিবৃদ্ধ্যা ত্রিপলপ্রমাণং
খাদেন্নরঃ পক্ষমথাপি মাসং ॥
শোথপ্রতিশ্যায় গলাস্য রোগান্
সশ্বাসকাসারুচিপীনসাদীন্।
জীর্ণজ্বরার্শোগ্রহণীবিকারান্
হন্যাৎ তথান্যান্ কফবাতরোগান্॥১০॥

গুড়ার্দ্রকং বেত্যাদি গুড়ার্দ্রকাদয়শ্চত্বারোযোগা একে তুল্যভাগাঃ সন্তঃ প্রতিদিনং মিলিত্বা বর্দ্ধয়িতব্যাঃ। এবং দ্বাদশভির্দ্দিনৈস্ত্রিপলং পূর্য্যতে ততস্ত্রিপলং কৃত্বা প্রত্যহং পক্ষং মাসং বা যাবৎ খাদেৎ কিম্বা প্রথমদিনে কর্ষমেকং খাদেৎ ততঃ কতিচিদ্দিনানি কর্ষস্যৈবাভ্যাসঃ ততঃ পরমপরকর্ষং বর্দ্ধয়েৎ তস্যাপি পুনরভ্যাসঃ। এবং কর্ষেণ কর্ষেণাভিবৃদ্ধ্যা যথা পক্ষেণ মাসেন বা ত্রিপলং ভবতি তথা কার্য্যং। অন্যে তু ব্রুবতে পক্ষশব্দোঽপ্যথাপিশব্দো মাসমিত্যন্তরং জ্ঞেয়ং স চ সমুচ্চয়ার্থঃ তেন পক্ষং মাসঞ্চ ব্যাপ্য সার্দ্ধং মাসং ব্যাপ্যেত্যর্থঃ সার্দ্ধমাসেন ত্রিপলং কর্ষোপযোগাৎ প্রভৃতি প্রত্যহং মাসচতুষ্টয়াধিকবিধিনা ভবতি অস্মিন্ ব্যাখ্যানে কর্ষাদারভ্য মাসচতুষ্টয়মেব বৃদ্ধির্নাধিকং ব্যবহারোঽপীদমেব ॥ ১০ ॥

গুড় ও আদা, গুড় ও শুণ্ঠী, গুড় ও হরীতকী এবং গুড় ও পিপ্পলী, এই চতুর্ব্বিধযোগ সমানাংশে ২ তোলা হইতে আরম্ভ করিয়া প্রতিদিন ২ তোলা করিয়া বৃদ্ধি করতঃ তিনপল অর্থাৎ ২৪ তোলা পর্য্যন্ত বৃদ্ধি করিবে।

উক্ত ঔষধ সেবন করিবার প্রণালী এই—প্রথম দিবস সমভাগে ২ তোলা পরিমাণে তৎপর দিবস ৪ তোলা পরিমাণে ঔষধ সেবন করিবে। এই রূপে ২ দুইতোলা পরিমাণে বৃদ্ধি করিয়া দ্বাদশ দিবসে ৩ পল ঔষধ সেবন করিবে। ইহার পর উক্ত তিনপল অর্থাৎ ২৪ তোলা মাত্রায় প্রত্যহ ভক্ষণ করিয়া একপক্ষ অথবা একমাস পর্য্যন্ত ভক্ষণ করিবে। অথবা প্রথম দিবস দুই তোলা সেবন করিয়া কিছুদিন ঐ দুই তোলাই সেবন করিবে এবং পুনর্ব্বার দুইতোলা বৃদ্ধি করিবে এইরূপে থাকিয়া থাকিয়া দুইতোলা বৃদ্ধি করতঃ এক পক্ষ বা একমাস পর্য্যন্ত সেবন করিবে। অর্থাৎ ঐ রূপে যত দিনে তিনপল পূর্ণ হয় ততঃ দিন পর্য্যন্ত সেবন করিবে। ইহাদ্বারা শোথ, প্রতিশ্যায়, গলরোগ, মুখরোগ, শ্বাস, কাস, অরুচি, পীনস, জীর্ণজ্বর, অর্শঃ, গ্রহণী-বিকার এবং কফ বাতজাত অন্যান্য রোগ সকল নষ্ট হয় ॥ ১০ ॥

স্থলপদ্মময়ং কল্কং পয়সালোড্য পায়য়েৎ। প্লীহাময়হরঞ্চৈব সর্ব্বাঙ্গৈকাঙ্গশোথজিৎ ॥ ১১ ॥

স্থলপদ্মময়ং কল্কমিতি স্থলপদ্মং মাণকন্দঃ স চ পুরাণোগ্রাহ্যঃ কল্কমিতি চূর্ণং ॥ ১১ ॥

পুরাতন মাণের মূল-কল্ক দুগ্ধের সহিত আলোড়িত করিয়া পান করিলে প্লীহা ও সর্ব্বাঙ্গ কিম্বা একাঙ্গ জাত শোথরোগ নষ্ট হয় ॥ ১১ ॥

দারুগুগ্গুলু শুণ্ঠীনাং কল্কো মূত্রেণ শোথজিৎ। বর্ষাভূ শৃঙ্গবেরাভ্যাং কল্কো বা সর্ব্বশোথজিৎ ॥ সিংহাস্যামৃতভণ্ডাকীকাথং কৃত্বা সমাক্ষিকং। পীত্বা শোথং জয়েজ্জন্তুঃ কাসং শ্বাসং জ্বরং বমিং ॥ ১২ ॥

দার্ব্বিত্যাদি।—স্পষ্টং। বর্ষাভেত্যাদি চরক-যোগো মূত্রেণৈব পানং। সিংহাস্যং বাসকমূলং ভণ্ডাকী কণ্টকারী ॥ ১২ ॥

দেবদারু, গুগ্গুলু ও শুণ্ঠী, এই সকল দ্রব্য পেষণ করিয়া গোমূত্রের সহিত যথোপযুক্ত মাত্রায় পান করিলে অথবা পুনর্নবা ও শুণ্ঠীর কল্ক (পীড়ার অবস্থাদি বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া) সেবন করিলে সর্ব্বপ্রকার শোথরোগ প্রশমিত হয়।

বাসকেরমূল, গুলঞ্চ ও কন্টিকারী, এই সকল দ্রব্যের ক্বাথ মধুর সহিত পান করিলে শোথ, কাস, শ্বাস, জ্বর ও বমিরোগ বিনষ্ট হইয়া থাকে। বাসক প্রভৃতি ক্বাথ্যদ্রব্য দুইতোলা, জল অর্দ্ধসের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া ক্বাথ গ্রহণ করিবে ॥ ১২ ॥

ভূনিম্ববিশ্বকল্কং জগ্ধ্বা পেয়ঃ পুনর্নবাক্বাথঃ। অপহরতি নিয়তমাশু শোথং সর্ব্বাঙ্গগং নৃণাং ॥ ১৩ ॥

ভূনিম্বেত্যাদৌ।—পয়ঃ পুনর্নবাক্বাথ ইত্যনুপানমিদং এতচ্চ পুনর্নবামূলকর্ষং নিঃক্বাথ্য কার্য্যং। ততোঽধিকমাত্রাকরণে ভূরিভেষজত্বেনাগ্নিবধাদিদোষঃ স্যাদিতিভাবঃ এবং সর্ব্বত্র ক্বাথেনানুপানং জ্ঞেয়ং ॥ ১৩ ॥

চিরতা ও শুঁঠের কল্ক (রোগের অবস্থাদি বিবেচনাপূর্ব্বক মাত্রা স্থির পূর্ব্বক) সেবন করিয়া উহার ক্বাথ অনুপান করিলে সর্ব্বাঙ্গ শোথ শীঘ্র বিনষ্ট হইয়া থাকে ॥ ১৩ ॥

শোথনুৎ কোকিলাক্ষস্য ভস্ম মূত্রেণ বাম্ভসা। ক্ষীরং শোথহরং দারু বর্ষাভূনাগরৈঃ শৃতং। পেয়ম্বা চিত্রকব্যোষ ত্রিবৃদ্দারুপ্রসাধিতং ॥ ১৪ ॥

শোথনুদিত্যাদি।—অম্ভসেত্যত্র একোযোগঃ মূত্রেণ করে, অম্ভসা পিতে। শৃতমিত্যত্রো দ্বিতীয়ঃ। চিত্রকেত্যাদি তৃতীয়ঃ, অত্রাপি ক্ষীরমিতি যোজ্যং ॥ ১৪ ॥

তালমাখনা বৃক্ষ ভস্ম করিয়া সেই ভস্ম গোমূত্র কিম্বা জলের সহিত পান করিবে, অথবা দেবদারু, পুনর্নবা ও শুঁঠ, ইহাদিগের সহিত দুগ্ধ পাক করিয়া পান করিবে কিম্বা চিতা, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), তেউড়ী ও দেবদারু, এই সকল দ্রব্যের সহিত দুগ্ধ পাক করিয়া (উপযুক্ত মাত্রায়) পান করিবে। ইহাদ্বারা শোথরোগ নষ্ট হয় ॥ ১৪ ॥

পুনর্নবামূলকপিত্থদারু
ছিন্নোদ্ভবা চিত্রকমূলসিদ্ধাঃ।
রসা যবাগ্বশ্চ পয়াংসি যূষাঃ
শোথে প্রদেয়া দশমূলগর্ভাঃ ॥ ১৫ ॥

পুনর্নবেত্যাদৌ।—কপিত্থস্য ফলং পুনর্নবাদীনাং ক্বাথেনশৃতং কৃত্বা দশমূলস্যানুরূপং কল্কং দত্বা রসাদয়ঃ সাধ্যা ইত্যর্থঃ ॥ ১৫ ॥

পুনর্নবার মূল, কদ্‌বেল, দেবদারু, গুড়ুচী ও চিতামূল, এই সকল দ্রব্যের অর্দ্ধাবশিষ্ট ক্বাথে বিল্ব, শ্যোণা, পারুল, গাম্ভারী ও গণিয়ারীছাল এবং শালপাণি, চাকুলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুরের কল্ক প্রদান করতঃ মাংসরস, যবাগূ, দুগ্ধ ও যূষ প্রভৃতি প্রস্তুত করিয়া শোথ রোগীর আহারার্থ প্রদান করিবে ॥ ১৫ ॥

ক্ষারদ্বয়ং স্যাল্লবণানি চ-
ত্বার্য্যয়ো রজোব্যোষফলত্রিকে চ।
সপিপ্পলীমূল বিড়ঙ্গসারং
মুস্তাজমোদামরদারু বিল্বং ॥
কলিঙ্গক শ্চিত্রকমূল পাঠে
যষ্ট্যাহ্বয়ং সাতিবিষং পলাংশং।
সহিঙ্গুকর্ষং তদ্ধ শুষ্কচূর্ণং
দ্রোণং ভবেৎ মূলকশুণ্ঠিকানাং ॥

স্থাপ্যমনস্থং সলিলেন সাধ্য
মালোড্য যাবদ্ঘনমপ্যদগ্ধং ।
স্ত্যানং ততঃ কোলসমাঞ্চ মাত্রাং
কৃত্বাম্বশুষ্কাং বিধিনা প্রযুঞ্জ্যাৎ ॥
প্লীহোদরশ্বিত্রহলীমকার্শঃ
পাণ্ডাময়ারোচক শোথশোষান্ ।
বিশূচিকা গুল্মগরাশ্মরীশ্চ
সশ্বাসকাসান্ প্রণুদেৎ সকুষ্ঠান্ ॥
সৌবর্চ্চলং সৈন্ধবঞ্চ বিড়মৌদ্ভিদমেব চ ।
চতুর্লবণমত্র স্যাৎ জলমষ্টগুণংভবেৎ ॥১৬॥

ক্ষারেত্যাদি ।—ক্ষারদ্বয়ং যবক্ষারসর্জ্জিক্ষারৌ লবণানি চত্বারি ইতি সামুদ্রবর্জ্জানি অয়োরজঃ লৌহচূর্ণং মারিতপুটিতং গ্রাহ্যং । পলাংশমিতি প্রত্যেকং, তনুশুষ্কমিতি শুষ্কসূক্ষ্মচূর্ণমিত্যর্থঃ । তচ্ছলিলেনেতি ক্ষারদ্বয়াদিচূর্ণাপেক্ষয়া চতুর্গুণেন অন্যে ত্বষ্টগুণমাহুঃ । অত্র মলকভস্মদ্রোণে ষড়্দ্রোণং বা জলং দত্ত্বা ত্রিভাগাবশিষ্টমর্দ্ধভাগাবশিষ্টং বা কার্য্যং ততঃ পরিস্রাব্য ততঃ ক্ষারদ্বয়াদিচূর্ণাপেক্ষয়া চতুর্গুণং ক্ষারজলং গৃহীত্বা পক্তব্যং পাকাচ্চ ঘনীভূতে জাতে ক্ষারদ্বয়াদিচূর্ণপ্রক্ষেপ ইত্যাহুঃ । ১৬ ॥

যবক্ষার, সাচিক্ষার, চারি প্রকার লবণ, লৌহচূর্ণ, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), পিপ্পলী মূল, বিড়ঙ্গ, মুথা, যমানী, দেবদারু, বেলশুঁঠ, ইন্দ্রযব, চিতারমূল, আকনাদি, যষ্টিমধু আতইস, এই সকল দ্রব্য প্রত্যেকে ১ পল, হিঙ্গু ২ তোলা লইয়া সমুদয় দ্রব্যের অতি সূক্ষ্ম চূর্ণ করিয়া লইবে । পরে শুষ্কমূলা ভস্ম করিয়া তাহা ৩২ বত্রিশ সের গ্রহণ করতঃ যথোপযুক্ত জলে সিদ্ধ করিয়া ত্রিভাগ অবশিষ্ট কাথ করিবে । উক্ত কাথ বস্ত্রপূত করিয়া পুনর্ব্বার পাক করিবে, ঘনীভূত হইলে পূর্ব্বকৃত চূর্ণ সকল প্রক্ষেপ করিয়া উত্তমরূপ আলোড়ন করিয়া লইবে । যথাবিধি পাক শেষ হইলে ২ দুই তোলা প্রমাণ বটিকা প্রস্তুত করিয়া শুষ্ক করিবে । উক্ত বটিকা বিধিপূর্ব্বক সেবন করিলে প্লীহা, উদর, শ্বিত্র, হলীমক, অর্শঃ, পাণ্ডু, অরুচি, শোষ, শোথ, বিসূচিকা, গুল্ম, গর, অশ্মরী, শ্বাস ও কাস ও কুষ্ঠ প্রভৃতি রোগ বিনষ্ট হয় ।

উক্ত ঔষধে যে চারি প্রকার লবণের কথা বলা হইয়াছে তাহা এই—সৌবর্চ্চললবণ, সৈন্ধবলবণ, বিটলবণ ও উদ্ভিদলবণ । পূর্ব্বোক্ত ক্ষার অষ্টগুণ জলে সিদ্ধ করিয়া লওয়াই বিধেয় ॥১৬॥

পুনর্নবাদ্যং ঘৃতম্—

পুনর্নবা চিত্রক দেবদারু
পঞ্চোষণক্ষার হরীতকীনাং ।
কল্কেন পক্কং দশমূলতোয়ে
ঘৃতোত্তমং শোথ নিসূদনঞ্চ ॥১৭॥

পুনর্নবেত্যাদৌ ।—পঞ্চোষণং পঞ্চকোলং ।।১৭

পুনর্নবা, চিতা, দেবদারু, পিপ্পলী, পিপ্পলীমূল, চৈ, চিতা, শুঁঠ, যবক্ষার ও হরীতকী, এই সকল দ্রব্যের কল্ক ও দশমূলের কাথ সহিত যথাবিহিত নিয়মানুসারে উপযুক্ত পরিমাণ ঘৃত পাক করিবে, এই ঘৃত শ্রেষ্ঠ শোথ রোগ নাশক ।

বিল্ব, পারুল, গণিয়ারী, শ্যোণা, ও গাম্ভারী ছাল এবং শালপানি, চাকলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর, ইহারা দশমূল ॥ ১৭ ॥

স্বল্পপুনর্নবাঘৃতম্—

পুনর্নবাক্বাথকল্কসিদ্ধং শোথহরং ঘৃতং ॥ ১৮ ॥

পুনর্নবার কাথ এবং পুনর্নবার কল্ক-সহ উপযুক্ত পরিমাণ ঘৃত পাক করিয়া যথোপযুক্ত মাত্রায় (যথাবিহিত নিয়মে) সেবন করিলে শোথরোগ বিনষ্ট হয় ॥ ১৮ ॥

পঞ্চকোলাদ্যং ঘৃতম্—

রসে বিপাচয়েৎ সর্পিঃ পঞ্চকোল-কুলথয়োঃ। পুনর্নবায়াঃ কল্কেন ঘৃতং শোথবিনাশনং॥ ১৯॥

রস ইত্যাদি।—রসঃ ক্বাথ ইত্যর্থঃ। পঞ্চকোলকুলথয়োরিতি দ্বিবচননির্দ্দেশাৎ পঞ্চকোলস্য মিলিত্বা একোভাগঃ অপরশ্চ কুলথস্যেতি ব দন্তি॥ ১৯॥

পঞ্চকোল (অর্থাৎ পিপ্পলী, পিপ্পলী-মূল, চৈ, চিতা ও শুঁঠ) এবং কুলথ-কলাইর ক্বাথে পুনর্নবার কল্ক প্রদান করিয়া (যথোপযুক্ত মাত্রায়) যথাবিধি ঘৃতপাক করিবে। এই ঘৃত উপযুক্ত মাত্রায় সেবন করিলে শোথ রোগ বিনষ্ট হয়॥ ১৯॥

শুণ্ঠীঘৃতম্—

বিশ্বৌষধস্য কল্কেন দশমূলজলে শৃতং। ঘৃতং নিহন্ত্যাশু শ্বয়থুং গ্রহণীং পাণ্ডুতাময়ং॥ ২০॥

পাণ্ডুতাময়মিতি পাণ্ডুরোগং॥ ২০॥

উত্তমরূপ কুট্টিত শুঁঠের কল্ক এবং বিল্ব, পারুল, গণিয়ারী, গাম্ভারী ও শ্যোণাছাল এবং শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুরের ক্বাথ সহ পক্ব ঘৃত সেবন করিলে শোথ, গ্রহণী ও পাণ্ডুরোগ বিনষ্ট হয়॥ ২০॥

চিত্রকাদ্যং ঘৃতম্—

সচিত্রকধান্যযমানিপাঠাঃ
সদীপ্যক ত্র্যূষণ বেতসাম্লাঃ।
বিল্বাৎ ফলং দাড়িমযাবশূকং
সপিপ্পলীমূলমথাপি চব্যং॥
পিষ্ট্বাক্ষমাত্রাণি জলাঢকেন
পক্ত্বা ঘৃতপ্রস্থমথোপযুক্তাৎ।
অর্শাংসি গুল্মান্ শ্বয়থুঞ্চ কৃচ্ছ্রং
নিহন্তি বহ্নিঞ্চ করোতি দীপ্তং॥ ২১॥

সচিত্রকেত্যাদৌ।—দীপ্যকং জীরকং বেতসাম্লোঽম্লবেতসঃ বিল্বাৎ ফলমিত্যত্র বিল্বাৎ শলামিতি ন পাঠঃ বাতটে বালবিল্বং কর্ষাংশমিত্যুক্তত্বাৎ॥ ২১॥

চিতা, ধনিয়া, যমানী, আকনাদি, জীরা, ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), থৈ-কুল, বেল, দাড়িম্ব, যবক্ষার, পিপ্পলী-মূল ও চৈ, এই সকল দ্রব্যের প্রত্যেকের ২ দুই তোলা পরিমাণ কল্ক করতঃ /১৬ ষোল সের জলের সহিত ঘৃত /৪ চারি সের পাক করিয়া যথোক্ত বিধানে সেবন করিবে। ইহাদ্বারা অর্শঃ, গুল্ম, শোথ ও মূত্রকৃচ্ছ্র প্রভৃতি রোগ বিনষ্ট এবং জঠরাগ্নি প্রদীপ্ত হয়॥ ২১॥

চিত্রকঘৃতম্—

ক্ষীরং ঘটে চিত্রককল্কলিপ্তে
দধ্যাগতং সাধুবিমথ্য তেন।
তজ্জং ঘৃতং চিত্রকমূলকল্কং
তক্রেণ সিদ্ধং শ্বয়থুঘ্নমগ্র্যং।
অর্শোতীসারানিল গুল্মমেহান্
তজ্জন্তি সংবর্দ্ধয়তে চ বহ্নিং॥ ২২॥

ক্ষীরমিত্যাদৌ।—দধ্যাগতমিতি দধিভাবেন পরিণতং তেনেহ যথোক্তং দধিমথনজনিতেন তক্রেণেত্যন্বয়ঃ। তজ্জং ঘৃতমিতি যথোক্তদধিভবং ঘৃতমিতি॥ ২২॥

চিতার মূল পেষণ করিয়া কোন একটী মৃৎপাত্রের মধ্যভাগ লেপন করিবে। ঐ পাত্রে দুগ্ধ রাখিয়া দধি প্রস্তুত করিবে। উক্ত দধি মন্থন করিলে যে ঘৃত উৎপন্ন হইবে, সেই ঘৃত যথোপযুক্ত চিতার মূলের কল্ক ও চতুর্গুণ তক্রের (যথোক্ত দধির তক্র গ্রহণ করিবে) সহিত যথারীতি পাক করিবে। এই ঘৃত যথোপযুক্ত মাত্রায় সেবন করিলে শোথ, অর্শঃ, অতিসার, বায়ু, গুল্ম ও মেহপ্রভৃতি রোগ বিনষ্ট ও অগ্নি প্রদীপ্ত হয়॥ ২২॥

মাণকঘৃতম্—

মাণককাথকল্কাভ্যাং ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। একজং দ্বন্দ্বজং শোথং ত্রিদোষঞ্চ ব্যপোহতি ॥ ২৩ ॥

মাণকঘৃতে মাণককাথার্থমষ্টগুণং জলং দেয়ং ন তু দ্বিগুণাক চতুর্গুণং তথা সতি যবাগূবৎ ক্ষীণঃ স্যাৎ অন্যে তক্কাক্তচতুর্গুণাৎ মাণকস্য পলদ্বয়ং তোয়দ্রোণে পক্কা গৃহ্নন্তি ব্যবহারশ্চ পূর্ব্বেণ। মাণকন্দং চাত্রৈমেব গৃহ্নন্তি বৃদ্ধাঃ ॥ ২৩ ॥

মাণ মূলের কাথ ও কল্ক সহিত ঘৃত /৪ চারি সের পাক করিবে। যথাবিধি পাক হইলে ইহা সেবন করিবে। ইহাদ্বারা একজ (এক দোষজ), দ্বন্দ্বজ (দ্বিদোষজ) এবং ত্রিদোষজ শোথরোগ নষ্ট হয় ॥ ২৩ ॥

স্থলপদ্মঘৃতম্—

স্থলপদ্মপলান্যষ্টৌ ত্র্যষণস্য চতুঃপলং। ঘৃতপ্রস্থং পচেদেভিঃ ক্ষীরং দত্ত্বা চতুর্গুণং। পঞ্চকাসান্ হরেচ্ছীঘ্রং শোথঞ্চৈব সুদুস্তরং ॥ ২৪ ॥

স্থলপদ্মঘৃতে স্থলপদ্মং মাণকন্দমেব ত্র্যষণস্য মিলিত্বা চতুঃপলং ॥ ২৪ ॥

স্থলপদ্ম (মাণ) ৮ পল, মরিচ, পিপ্পলী ও শুঁঠ, এই সকল দ্রব্যের মিলিত ৪ পল অর্থাৎ ৩২ তোলা (অর্দ্ধ সের) কল্ক করিয়া ঘৃত /৪ সের যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। পাককালে ঘৃতের চতুর্গুণ দুগ্ধ উহাতে প্রদান করিবে। যথাবিধি পাক করিয়া সেবন করিলে পঞ্চ প্রকার (বাতজ, পিত্তজ, কফজ, ক্ষয়জ, ও ক্ষতজ) কাস ও দুস্তর শোথ শীঘ্র নষ্ট হয় ॥ ২৪ ॥

শৈলেয়াদ্যং তৈলম্।

শৈলেয় কুষ্ঠাগুরুদারুকৌন্তী
ত্বক্পদ্মকৈলাম্বু পলাশমুস্তৈঃ।
প্রিয়ঙ্গুস্থৌনেয়ক হেমমাংসী
তালীশপত্র প্লবপত্র ধান্যৈঃ ॥
শ্রীবেষ্টকধ্যামকপিপ্পলীভিঃ
পৃক্কানখৈশ্চাপি যথোপলাভং ॥
বাতান্বিতে হভ্যঙ্গমুষন্তি তৈলং
সিদ্ধং সুপিষ্টৈরপি চ প্রদেহং ॥২৫।

শৈলেয়েত্যাদৌ।—কৌন্তী রেণুকং পলাশং শটী স্থোনেয়ং গ্রন্থিপর্ণং ছাগলন্ত্রাদত্র সকারস্য লোপঃ। হেম নাগকেশরং প্লবঃ কৈবর্ত্তমুস্তকং শ্রীবেষ্টকো নবনীতখোটী, ধ্যামকং গন্ধতৃণং এষাং কল্কং জলং চতুর্গুণমর্থাৎ। যথোপলাভমিতি যথালাভং তৈলসিদ্ধং সুপিষ্টৈরিতি শৈলেয়াদিভিঃ সুপিষ্টৈস্তৈলং সিদ্ধমুষন্তি তথা তৈরেব সুপিষ্টং প্রদেহং চোষন্তি কথয়ন্তি ॥২৫।

শৈলজ, কুড়, অগুরু, দেবদারু, রেণুক, দারুচিনি, পদ্মকাষ্ঠ, এলাইচ, বালা, শটী, মুথা, প্রিয়ঙ্গু গেঁঠেলা, নাগকেশর, জটামাংসী, তালীশপত্র, কৈবর্ত্তমুস্তক, তেজপত্র, ধনিয়া, নবনীতখোটি, গন্ধতৃণ, পিপ্পলী, পৃক্কাশাক ও নখী উক্তরূপ কুট্টিত এই সকল দ্রব্যের কল্ক ও তৈলের চতুর্গুণ অর্থাৎ ১৬ ষোল সের জল সহিত ৪ চারিসের তৈল যথরীতি পাক করিয়া বাতশোথ রোগ অভ্যঙ্গ করিবে। অথবা শৈলজপ্রভৃতি দ্রব্য সকল একত্র পেষণ করিয়া যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ শোথে প্রলেপ দিলেও উক্তরূপ ফল হয় ॥২৫॥

শুষ্কমূলাদ্যং তৈলম্—

শুষ্কমূলকবর্ষাভূদারু রাস্নামহৌষধৈঃ। পক্কমভ্যঞ্জনাত্তৈলং সশূলং শ্বয়থুং জয়েৎ ॥ ২৬ ॥

শুষ্কমূলা, পুনর্নবা, দেবদারু, রাস্না ও শুঁঠ, এই সকল দ্রব্যের কল্ক সহিত তৈল পাক করিয়া শরীরে মর্দ্দন করিলে সশূল শোথরোগ বিনষ্ট হয় ॥ ২৬ ॥

পুনর্নবাবলেহম্—

পুনর্নবাবৃত্তাদারু দশমূলরসাঢ়কে।

আর্দ্রকস্বরসেপ্রস্থে গুড়স্তু তুলাং পচেৎ ॥ তৎসিদ্ধং ব্যোষপত্রৈলাত্বক্‌চব্যৈঃ কার্ষিকৈঃ পৃথক্। চূর্ণীকৃতৈঃ ক্ষিপেচ্ছীতে মধুনঃ কুড়বং লিহেৎ ॥ লেহঃ পৌনর্নবোনাম শোথশূল নিসূদনঃ। শ্বাসকাসারুচিহরো বলবর্ণাগ্নিবর্দ্ধনঃ ॥ ২৭ ॥

পুনর্নবেত্যাদৌ।—পুনর্নবাদীনাং দশমূলান্তানাং মিলিত্বা চতুঃষষ্টিপলানি জলস্য চতুঃষষ্টিশরাবাঃ শেষন্তু আঢ়কঃ। ব্যোষেত্যাদি।—সহার্থে উপলক্ষণে বা তৃতীয়া। মধুনঃ কুড়বমষ্টৌ পলানি। শূলশোথনিসূদন ইতি পাঠান্তরং আয়ুর্ব্বেদানুসারেঽপি কফশোথবিনাশন ইত্যুক্তঃ ॥ ২৭ ॥

পুনর্নবা, শুলঞ্চ, দেবদারু, বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল ও গাম্ভারীছাল, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর; এই সমুদয় দ্রব্য ৬৪ পল, জল ৬৪ সের, শেষ ।৬ সের। এই ক্বাথ এবং আদার স্বরস /৪ সের ও পুরাতন গুড় ।২॥০ সের একত্র পাক করিবে। পাক শেষে অর্থাৎ লেহবৎ হইলে মরিচ, পিপ্পলী, শুঁঠ, তেজপত্র, এলাইচ, দারুচিনি ও চৈ, এই সকল দ্রব্য প্রত্যেকে ২ তোলা পরিমাণে চূর্ণ করিয়া উহাতে প্রক্ষেপ করিবে। শীতল হইলে মধু এক সের মিশ্রিত করিয়া লইবে।

ইহার নাম 'পুনর্নবাবলেহ' রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক উপযুক্ত মাত্রায় এই লেহ লেহন করিয়া সেবন করিলে শোথ, শূল, শ্বাস, কাস, অরুচি, বিনষ্ট হইয়া থাকে। এবং বল, বর্ণ ও অগ্নি বৃদ্ধি হয় ॥ ২৭ ॥

দশমূলহরীতকী—

দশমূলকষায়স্তু কংসে পথ্যাশতং পচেৎ। তুলাং গুড়াদ্দদ্যে দদ্যাদ্ব্যোষক্ষারং চতুঃপলং ॥ ত্রিসুগন্ধং সুবর্ণাংশং প্রস্থার্দ্ধং মধুনোহিমে। দশমূলীহরীতক্যঃ শোথান্ হন্যুঃ সুদারুণাং ॥ জ্বরারোচকগুল্মার্শোমেহপাণ্ড্বময়াম্‌। প্রত্যেকমেবকর্ষাংশং ত্রিসুগন্ধমিতো ভবেৎ ॥ কংসহরীতক্যৈষা চরকে ত্ব্যন্তেঽন্যথা। এতন্মানেন তুল্যত্বং তেনতত্রাপি বর্ণ্যতে ॥ ২৮ ॥

দশমূলেত্যাদি।—কংস ইত্যাঢ়কং অত্র কষায়স্য কংসস্যমানতানির্দ্দেশেন অনুক্তমপি ক্বাথ্য জলয়োর্ম্মানমুন্নীয়তে যতঃ ক্বাথং কংসশ্চতুঃষষ্টিপলে ক্বাথ্যে জলদ্রোণদানাৎ। চতুর্ভাগাবশেষে সতি ভবতি। পথ্যাশতমাকৃতিমাণত্বাৎ। ব্যোষক্ষারচতুঃপলমিতি মিলিত্বা নির্দ্দেশস্য মানপ্রধানত্বাৎ ত্রিসুগন্ধং প্রত্যেকং সুবর্ণাংশং নির্দ্দেশস্য দ্রব্যপ্রধানত্বাৎ প্রস্থার্দ্ধং মধুন ইতি ষোড়শপলানি। এতদ্‌যোগোক্তমানসম্বাদাচ্চরকোক্তকংসহরীতক্যামপি প্রক্ষেপ্যদ্রব্যমানং কল্পনীয়মিত্যাহ প্রত্যেকমিত্যাদি। ইতি সপ্তম্যান্তস্‌ অত্রেত্যর্থঃ। চরকে পঠ্যতেঽন্যথা ইতি এতেন পাঠভেদং পরং ন তু যোগভেদ ইত্যর্থঃ এতেন মানভেদাদ্‌যোগভেদ ইতি বৃন্দোক্তমপাস্তং চরকে পঠ্যতেঽন্যথেত্যুক্তং অতস্তনে পাঠভেদং দর্শয়িতুং চরকোক্তকংসহরীতকীম্‌ ॥ ২৮ ॥

বেল, শ্যোণ, পারুল, গাম্ভারী ও গণিয়ারীছাল, শালপানি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, এই সমুদায় দ্রব্য ৬৪ পল, জল ৬৪ সের, শেষ ।৬ সের। এই ক্বাথ এবং হরীতকী একশত ও পুরাতন গুড় ।২॥০ সের একত্র পাক করিবে। ঘনীভূত হইলে অর্থাৎ আসন্ন পাকে মরিচ, পিপ্পলী, শুঁঠ ও যবক্ষার, ইহাদিগের চূর্ণ মিলিত ৪ পল এবং দারুচিনি, এলাইচ ও তেজপত্র, ইহাদিগের প্রত্যেকের চূর্ণ ২ তোলা উহাতে প্রক্ষেপ করিবে।

পাকশেষে শীতল হইলে মধু ১৬ ষোল পল অর্থাৎ /২ দুই সের মিশ্রিত করিয়া লইবে।

ইহার নাম "দশমূল হরীতকী"। এই ঔষধ (রোগের অবস্থাদি ভালরূপ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ) সেবন করিলে সুদুস্তরশোথ, জ্বর, অরুচি, গুল্ম, অর্শঃ, মেহ, পাণ্ডু ও উদরাময় নষ্ট হয়।

এস্থলে ত্রিসুগন্ধি অর্থাৎ দারুচিনি, ছোটএলাচ ও তেজপত্র, প্রত্যেকে ২দুই তোলা পরিমাণে প্রক্ষেপ করিবে, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে, এবং কংসহরীতকী চরকে অন্য রূপ পঠিত হইয়াছে, কিন্তু প্রক্ষেপ দ্রব্যের পরিমাণ এতত্তুল্য তথায় ও লিখিত আছে॥ ২৮ ॥

কংসহরীতকী—

দ্বিপঞ্চমূলস্য পচেৎ কষায়ে
কংসেঽভয়ানাঞ্চ শতং গুড়াচ্চ।
লেহেষু সিদ্ধে চ বিনীয়চূর্ণং
ব্যোষং ত্রিসৌগন্ধ্যমুষস্থিতে চ॥
প্রস্থার্দ্ধমাত্রং মধুনঃ সুশীতে
কিঞ্চিচ্চূর্ণাদপি যাবশূকাৎ।
একাভয়াং প্রাশ্য ততশ্চলেহা
চ্ছুক্তিং নিহন্তি শ্বয়থুং প্রবৃদ্ধং॥
কাসজ্বরারোচকমেহগুল্মান্
প্লীহত্রিদোষোদ্ভবপাণ্ডুরোগান্।
কার্শ্যামবাতাবসৃগম্লপিত্তং
বৈবর্ণ্যমূত্রানিলশুক্রদোষান্।
অত্রব্যাখ্যান্তরং নোক্তং ব্যাখ্যাপূর্ব্ববচ্ছুভা॥ ২৯ ॥

দ্বিপঞ্চমূলেত্যাদি।—লেহাচ্চ শুক্তিমিত্যর্দ্ধপলং। ব্যোষত্রিসুগন্ধয়োর্যদ্যপাত্র মানং নোক্তং তথাপি পূর্ব্বোক্তদশমূলহরীতক্যুক্ত ব্যাখ্যানুসারেণাত্রাপি কল্পনীয়ং। এবং যবক্ষারস্যাপি। কিঞ্চিৎ শব্দেনাত্রাপ্যল্পবচনঃ তেন ব্যোষক্ষারয়োর্মিলিত্বা চতুঃপলগ্রহেঽপি ব্যোষভাগোক্ষা যবক্ষারস্যাপি কিঞ্চিন্ন্যূনতা কল্পনীয়া ইত্যর্থঃ। বৃন্দস্ত্বাহ—কিঞ্চিচ্চ কর্ষপর্য্যায়ঃ শুক্তিশব্দ তথা। সান্নিধ্যাদ্ধুনা মানং ব্যোষাদেরনিরূপিতস্য চ॥ ২৯॥

দ্বিপঞ্চমূল অর্থাৎ বিল্ব, শ্যোণা, গাম্ভারী, গণিয়ারী ও পারুলছাল, এই মহৎ পঞ্চমূল এবং শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, এই স্বল্প পঞ্চমূল, ইহারা সমুদয়ে ২৪ পল, জল ২৪ সের, শেষ ।৬ সের। এই ক্বাথ এবং হরীতকী একশত ও পুরাতন গুড় ।২।০ সের একত্র পাক করিবে। লেহবৎ হইলে ত্রিকটু, দারুচিনি, এলাইচ, তেজপত্র এবং যবক্ষার, এই সকল দ্রব্যের চূর্ণ প্রক্ষেপ করিবে, শীতল হইলে মধু ১৬ পল মিশ্রিত করিয়া লইবে। ত্রিকটু ও যবক্ষারের কোন পরিমাণ নির্দ্দিষ্ট নাই, সুতরাং পূর্ব্বলিখিত দশমূল হরীতকীর নিয়মানুসারে পরিমাণ স্থির করিতে হইবে; অতএব ত্রিকটু ও যবক্ষার মিলিত ৪ পল প্রদান করিবে। কিন্তু ত্রিকটু অপেক্ষা যবক্ষারের পরিমাণ কিঞ্চিৎ ন্যূন জানিবে।

ঔষধ প্রস্তুত হইলে হরীতকী ১টী ও লেহ ৪ তোলা প্রতিদিন সেবন করিবে।

এই ঔষধ সেবনে শোথ, কাস, জ্বর, অরুচি, মেহ, গুল্ম, প্লীহা, ত্রিদোষজ উদর, পাণ্ডুরোগ কৃশতা, আমবাত, রক্তদোষ, অম্লপিত্ত, শরীরের বিবর্ণতা, মূত্র,বায়ু ও শুক্রদোষ নষ্ট হয়।

এই ঔষধ প্রস্তুত বিষয়ে এস্থলে বিশেষ কিছু লিখিত হইল না, সমস্ত নিয়মাদিই পূর্ব্বোক্ত দশমূল হরীতকীর ন্যায়।

ইহা সেবনের পরিমাণ সম্বন্ধে বিশেষ বিবেচনা চাই; কেন না যে মাত্রা লিখিত আছে উহা আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়, সুতরাং বিশেষ বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া লইবে॥ ২৯॥

লেপোঽরুষ্করশোথং নিহন্তি
তিলদুগ্ধমধুনবনীতৈঃ।
তত্তরুতলমৃদ্ভির্বা শালদলৈর্নশ্যত্যচিরেণ॥ শোথে বিষনিমিত্তে তু বিষোক্তাসম্মতা ক্রিয়া॥ ৩০॥

লেপইত্যাদিযোগত্রয়ং॥ ৩০॥

তিল, দুগ্ধ, যষ্টিমধু ও নবনীত, এই সকল দ্রব্যের প্রলেপ দিলে অথবা ভল্লাতক বৃক্ষের মূলের মৃত্তিকা অথবা ঐ বৃক্ষের পত্র বা শাখা গাত্রে লেপন করিলে আশু ভল্লাতক জনিত শোথ বিনষ্ট হয়।

বিষজন্য শোথরোগে বিষাধিকারোক্ত ঔষধ ও প্রক্রিয়াদ্বারা চিকিৎসা করিবে॥ ৩০॥

গ্রাম্যাব্জানূপ পিশিতলবণং
শুষ্কশাক নবান্নং গৌড়ং॥
পিষ্টান্নং দধি সকৃশরং নির্জ্জলং মদ্যমম্লম্। ধানাবল্লূরং সমমশনমথোগুর্ব্বসাত্ম্যং বিদাহি। স্বপ্নঞ্চারাত্রৌ শ্বয়থুগদবান্ বর্জ্জয়েন্মৈথুনঞ্চ॥ ৩১॥

গ্রাম্যেত্যাদৌ।—পিশিতঞ্চ লবণঞ্চেতি সমাহারঃ তস্য বিশেষণং গ্রাম্যাব্জানূপমিতি অত্র ছাগাদিমাংসং গ্রাম্যং লবণঞ্চ যৎ পাকেনোদ্ভূতং তৎ গ্রাম্যং। অব্জং কচ্ছপাদি লবণঞ্চ সামুদ্রং করকচেতি খ্যাতং তদব্জং আনূপং শূকরাদিমাংসং লবণঞ্চ সমুদ্রতীরজং সমাস্তরীতি খ্যাতং তদপ্যানূপং গৌড়ং গুড়বিকারং ধানা অঙ্কুরিত ভৃষ্টযবাঃ। বল্লূরং শুষ্কমাংসং। সমশনং পথ্যাপথ্যয়োরেকত্র ভোজনং। অরাত্রাবিতি দিনে॥৩১॥

ইতি শোথ-চিকিৎসা।

গ্রাম্য, অব্জ (কচ্ছপাদি) ও আনূপ (শূকরাদি) প্রাণীর মাংস, লবণ, শুষ্ক শাক, নবান্ন, গুড়বিকার, পিষ্টান্ন, দধি, কৃশরা, জলহীন মদ্য, অম্ল, অঙ্কুরিত ভৃষ্টযব, শুষ্কমাংস, পথ্যাপথ্য একত্র ভোজন, গুরুদ্রব্য ভোজন, অস্বাভাবিক ভোজন, বিদাহকর দ্রব্য ভোজন, দিবা স্বপ্ন ও মৈথুন ইত্যাদি শোথরোগী বর্জ্জন করিবে॥ ৩১॥

ইতি শোথ চিকিৎসা।

অথ বৃদ্ধি-চিকিৎসা।

গুগ্‌গুলুং রুবুতৈলং বা গোমূত্রেণ পিবেন্নরঃ। বাতবৃদ্ধিং নিহন্ত্যাশু চিরকালানুবন্ধিনীং॥ ১॥

পূর্ব্বোক্তসম্বন্ধাভাব শোথানন্তরং বৃদ্ধিরোগচিকিৎসিতমুচ্যতে বৃদ্ধিং কুরণ্ডঃ। গুগ্‌গুলুমিত্যাদি। গোমূত্রপলদ্বয়ে এরণ্ডতৈলপিষ্টগুগ্‌গুলুমাষকাষ্টকং প্রক্ষিপ্য পেয়ং। তথা গোমূত্রপলদ্বয়ে এরণ্ডতৈলকর্ষমেকং প্রক্ষিপ্য পিবেৎ। ইমৌ যোগৌ ক্রমাৎ কফানুবন্ধে বাতে চ যোজ্যামিত্যাহুঃ॥ ১॥

কফজন্য বৃদ্ধিরোগে ২ দুই পল গোমূত্রে এরণ্ডতৈল ও পিষ্টগুগ্‌গুল ৮ আট মাষক প্রক্ষেপ করতঃ পান করিবে। অথবা বাতজন্য বৃদ্ধিরোগে গোমূত্র ২ পল এরণ্ডতৈল ২ তোলা একত্র মিশ্রিত করিয়া পান করিবে। ইহাদ্বারা বহুকালজাত কুরণ্ডরোগী আরোগ্যলাভ করিতে পারে॥ ১॥

সক্ষীরস্বাপিবেত্তৈলং মাসমেরণ্ড সম্ভবং। পুনর্নবায়াস্তৈলম্বা তৈলং নারায়ণন্তথা। পানেদন্তৌরুবোস্তৈলং পেয়ম্বাদশকাম্ভসা॥ ২॥

সক্ষীরমিত্যাদৌ।—সুশ্রুতস্য অয়ং যোগঃ পিত্তানুবন্ধ ইত্যাহুঃ। পুনর্নবাতৈলঞ্চ পুনর্নবাক্বাথকল্কাভ্যাং সাধ্যমিত্যাহুঃ। পানে বস্তাবিতি পূর্ব্বেণ সম্বধ্যতে। রুবোস্তৈলমেরণ্ডতৈলং। দশকস্য দশমূলস্য। তত্ত্বসা পেয়মিতি॥ ২॥

পৈত্তিক বৃদ্ধিরোগে এক মাস পর্য্যন্ত দুগ্ধ ও এরণ্ডতৈল একত্র মিশ্রিত করতঃ পান করিবে। পুনর্নবা তৈল কিম্বা না-

প্রসারণী তৈল পান ও বস্তিকর্ম্মে প্রয়োগ করিবে। এবং দশমূলের ক্বাথের সহিত এরণ্ডতৈল পান করিবে।

বিল্ব, শ্যোণা, পারুল, গাম্ভারী ও গণি-য়ারীছাল, শালপাণি, চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, ইহারা দশমূল।

ক্বাথ প্রস্তুত করিতে হইলে উক্ত দশমূল মিলিত ২ দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্র-পূত করিয়া লইবে॥ ২॥

চন্দনং মধুকং পদ্মমুশীরং নীলমুৎপলং। ক্ষীরপিষ্টৈঃ প্রদেহঃ স্যাদ্দাহশোথরুজাপহঃ॥ পঞ্চবল্কল কল্কেন সঘৃতেন প্রলেপনং। সর্ব্বং পিত্তহরং কার্য্যং রক্তজে রক্তমোক্ষণং॥ শ্লেষ্মবৃদ্ধিং ত্বুষ্ণবীর্য্যৈ মূত্রপিষ্টৈঃ প্রলেপয়েৎ। পীতদারু কষায়ঞ্চ পিবেন্মূত্রসংযুতং॥ ৩॥

পৈত্তিকবৃদ্ধিভেষজমাহ চন্দনমিত্যাদি।—পদ্মং পদ্মকেশরং। রক্তজে রক্তমোক্ষণমিতি অপক্কায়াং রক্তজবৃদ্ধৌ জলৌকাভিঃ কার্য্যং। সুশ্রুতসম্বাদাৎ। উষ্ণবীর্য্যৈরিতি অজগন্ধাদিভিঃ সুশ্রুতোক্তৈঃ। পীতদারু দেবদারু গোমূত্রেণৈব দেবদারুক্বাথঃ কার্য্য ইত্যাহুঃ। ব্যবহারন্ত প্রক্ষেপ বিধয়া। বাগ্ভটেঽপি—গোমূত্রেণ পিবেৎ ক্বাথং শ্লেষ্মজে পীতদারুজমিত্যুক্তং॥ ৩॥

পৈত্তিকবৃদ্ধিরোগে রক্তচন্দন, যষ্টিমধু, পদ্মকেশর, বেণারমূল (বীরণমূল) ও নীলোৎপল, এই সকল দ্রব্য যথোপযুক্ত পরিমাণ দুগ্ধের সহিত পেষণ করিয়া কুরণ্ডে প্রলেপ দিলে কুরণ্ডের দাহ, শোথ ও বেদনা নিবারণ হয়।

পিত্তাধিক্য বৃদ্ধিরোগে, বট, অশ্বত্থ, যজ্ঞডুম্বুর, পাকুড় ও বকুল; এই পঞ্চ বৃক্ষের বল্কল পেষণ করিয়া উপযুক্ত পরিমাণ ঘৃত মিশ্রিত করতঃ কুরণ্ডে প্রলেপ দিবে এবং সর্ব্ববিধ পিত্ত নিবারক চিকিৎসা করিবে।

অপর অপক্ব রক্তজনিত বৃদ্ধি রোগে জলৌকা (জোঁক) প্রভৃতি দ্বারা রক্ত মোক্ষণ করিবে। শ্লেষ্মবৃদ্ধি রোগে উষ্ণবীর্য্য (সুশ্রুতোক্ত অজগন্ধাদি) দ্রব্য-সমূহ গোমূত্র সহ পেষণ করিয়া লেপন করিবে এবং দেবদারুর ক্বাথ গোমূত্রের সহিত পান করিবে।

দেবদারু ২ দুই তোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে॥ ৩॥

স্বিন্নং মেদঃসমুত্থন্তু লেপয়েৎ সুরসাদিনা। শিরোবিরেক দ্রব্যৈর্ব্বা সুখোষ্ণৈ র্ম্মূত্রসংযুতৈঃ॥ ৪॥

স্বিন্নমিত্যাদৌ।—সুশ্রুতস্য গোময়পিণ্ডাদিনা মৃদুস্বিন্নং। সুরসাদিনা সুরসাদিগণেন। শিরোবিরেচনদ্রব্যৈঃ পিপ্পলীমরিচাপামার্গাদিভিঃ। মূত্রযুক্তৈরিতি মূত্রপিষ্টৈর্লেপয়েদিতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ৪॥

মেদোজন্য বৃদ্ধিরোগে গোময় পিণ্ড দ্বারা কুরণ্ডে স্বেদ করিয়া সুরসাদিগণ অথবা শিরোবিরেচক ঔষধ সকল পেষণ ও গোমূত্র মিশ্রিত করতঃ ঈষদুষ্ণ করিয়া কুরণ্ডে প্রলেপন করিবে॥ ৪॥

সংস্বেদ্য মূত্রপ্রভবাং বস্ত্রপট্টেন বেষ্টয়েৎ। সীবন্যাঃ পার্শ্বতোঽধস্তাদ্বিধ্যেদ্ ব্রীহিমুখেন বৈ॥ শঙ্খোপরি চ কর্ণান্তে ত্যক্ত্বা সীবনিমাদরাৎ। ব্যত্যাসাদ্বা শিরাং বিধ্যেদন্ত্রবৃদ্ধিনিবৃত্তয়ে। অঙ্গুষ্ঠমধ্যে ত্বক্‌ছিত্ত্বাদহেদঙ্গবিপর্য্যয়ে॥ রাস্নায়ষ্টীমৃতৈরণ্ড বলাগোক্ষুর সাধিতঃ। ক্বাথোঽন্ত্রবৃদ্ধিং হন্ত্যাশুরুবুতৈলেন মিশ্রিতঃ॥ ৫॥

মূত্রজচিকিৎসিতমাহ সংস্বেদ্যেত্যাদি।—সুশ্রুতস্য। মূত্রপ্রভবামিতি মূত্রবেগসংরোধনজাং

সংশোধনঃ কর্ত্তব্যঃ শস্ত্রকর্ম্মবেদনানিবারণার্থং অগাদিমৃদূকরণার্থঞ্চ বস্ত্রপট্টেন বেষ্টনং কর্ত্তব্যং শস্ত্রকর্ম্মণঃ সৌকার্য্যার্থং ব্রীহিমুখেন অস্ত্রবিশেষেণ বিধ্যেৎ ব্যধশ্চ মূত্রস্রবণার্থং।

অথাণ্ডফলকে যান্ত্রবৃদ্ধিচিকিৎসামাহ শঙ্খোপরীত্যাদি।—সুশ্রুতস্য ত্যক্ত্বা সীবনীমিতি কোষান্তঃ সীবনীং মর্ম্মত্বাৎ পরিত্যজ্য ব্যত্যসাদিতি বামকোষবৃদ্ধৌ দক্ষিণে দক্ষিণকোষবৃদ্ধৌ তু বামে যদি তু পুনরুভয়তো বৃদ্ধিস্তদোভয়ত্রাপি ব্যধঃ ব্যশব্দো ব্যধান্তরাপেক্ষয়া।

অঙ্গুষ্ঠেত্যাদি।—সুশ্রুতস্য। হস্তবৃদ্ধাঙ্গুষ্ঠমধ্যে তন্মাত্রং ছিত্ত্বা দহেৎ। অঙ্গবিপর্য্যয় ইতি বিপর্য্যয়ার্থঃ পূর্ব্ববদিতি ॥ ৫ ॥

মূত্রজন্য বৃদ্ধিরোগে কুরণ্ডে স্বেদ দিয়া বস্ত্রখণ্ডদ্বারা বেষ্টন করিয়া রাখিবে। এই রূপ করিলে চর্ম্ম কোমল হয়, সুতরাং অস্ত্রচালনে বেদনার লাঘব হইয়া থাকে। তৎপরে ব্রীহিমুখাস্ত্র দ্বারা সীবনীর (১) পার্শ্বে অধোদেশ বিদ্ধ করিয়া দিবে। ইহাতেও কোন উপকার না হইলে কোষান্ত্রবৃদ্ধি রোগ শান্তির জন্য অতি সাবধানে ললাটাস্থির উপরিস্থিত অথবা কর্ণের সমীপস্থ শিরাবেধ করিবে। কিন্তু দক্ষিণ কোষবৃদ্ধি হইলে সীবনী পরিত্যাগ করিয়া বামপার্শ্বে, বাম কোষ বৃদ্ধি হইলে সীবনী পরিত্যাগ করিয়া দক্ষিণপার্শ্বে এবং উভয় পার্শ্বের কোষ বৃদ্ধি হইলে সীবনী পরিত্যাগ করিয়া উভয় পার্শ্বের শিরা বেধ করিবে।

হস্তের বৃদ্ধাঙ্গুলির মধ্যে একখণ্ড চর্ম্ম ছিন্ন করিয়া সেই স্থান দগ্ধ করিয়া দিবে। এই স্থলেও পূর্ব্ববৎ অঙ্গ পরিবর্ত্তন করিবে অর্থাৎ বামভাগে বৃদ্ধি হইলে দক্ষিণ হস্তের এবং দক্ষিণভাগে বৃদ্ধি হইলে বামহস্তের ও উভয়দিগের কোষ বৃদ্ধি হইলে উভয় হস্তের বৃদ্ধাঙ্গুল দগ্ধ করিবে।

রাস্না, যষ্টিমধু, গুলঞ্চ, এরণ্ডমূল, বেড়েলা ও গোক্ষুর ইহাদের সমুদয়ে দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। ইহাতে এরণ্ড তৈল প্রক্ষেপ করিয়া পান করিলে বৃদ্ধিরোগের নিবৃত্তি হয় ॥ ৫ ॥

তৈলমেরণ্ডজং পীত্বা বলাসিদ্ধং পয়োন্বিতং। আধ্মানশূলোপচিতামন্ত্রবৃদ্ধিং জয়েন্নরঃ ॥ ৬ ॥

বলাসিদ্ধপয়োন্বিতমিতি ইদং ক্ষীরসাধনপরিভাষয়া বলামূলসাধিতে ক্ষীরে এরণ্ডতৈলং প্রক্ষিপ্য পেয়মিত্যর্থঃ ॥ ৬ ॥

বেড়েলার মূল সহিত (ক্ষীরসাধন পরিভাষানুসারে) দুগ্ধ পাক করিয়া তাহাতে যথোপযুক্ত পরিমাণ এরণ্ডতৈল প্রক্ষেপ করতঃ পান করিবে। ইহা দ্বারা কুরণ্ডের স্ফীততা এবং বেদনাযুক্ত অন্ত্র বৃদ্ধি রোগের শান্তি হয় ॥ ৬ ॥

হরীতকীং মূত্রসিদ্ধাং সতৈলাং লবণান্বিতাং। প্রাতঃপ্রাতশ্চ সেবেত কফবাতাময়াপহাং ॥ ৭ ॥

হরীতকীত্যাদৌ।— তৈলমেরণ্ডতৈলমিত্যাহুঃ তস্য রোগস্য বিরেচনত্বান্মূত্রেণৈব পানমিচ্ছন্তি অন্যে তু উষ্ণোদকেন পানমিত্যাহুঃ ॥ ৭ ॥

গোমূত্র সিদ্ধ হরীতকী এরণ্ডতৈল ও সৈন্ধবলবণ মিশ্রিত করিয়া গোমূত্রের সহিত প্রতি দিবস প্রাতঃকালে (যথোপযুক্ত মাত্রায়) পান করিবে। ইহাদ্বারা বিরেচন হইয়া কফ ও বাতজনিত রোগের নিবৃত্তি হয় ॥ ৭ ॥

গোমূত্রসিদ্ধাং রুবুতৈলভৃষ্টাং
হরীতকীং সৈন্ধবচূর্ণযুক্তাং।
খাদেন্নরঃ কোষ্ণজলানুপানং
নিহন্তি বৃদ্ধিং চিরজাং প্রবৃদ্ধাং ॥ ৮ ॥

(১) লিঙ্গের অগ্রভাগ হইতে গুহ্যদেশ পর্য্যন্ত যে একটী সেলাইর ন্যায় দৃষ্ট হয় তাহাকেই সীবনী বলে।

গোমূত্রেত্যাদৌ।—পূর্ব্বযোগাপেক্ষয়া ভৃষ্টামিতি বিশেষঃ। কোষ্ণজলানুপানমিতি পাঠপক্ষে ক্রিয়াবিশেষণং॥ ৮॥

গোমূত্র সিদ্ধ হরীতকী এরণ্ডতৈলে ভর্জ্জন করিবে, পরে উহার সহিত সৈন্ধবচূর্ণ একত্র মিশ্রিত করিয়া (উপযুক্ত পরিমাণে) উষ্ণজল অনুপানে সেবন করিবে। ইহাদ্বারা বহুকালজাত অতি বৃহৎ-কুরণ্ডও বিনষ্ট হয়॥ ৮॥

ত্রিফলাকাথগোমূত্রং পিবেৎ প্রাতরতন্দ্রিতঃ। কফবাতোদ্ভবং হন্তি শ্বয়থুং বৃষণোত্থিতং॥ ৯॥

ত্রিফলেত্যাদৌ।—গোমূত্রং প্রক্ষেপ্যং॥ ৯॥

হরীতকী, আমলকী ও বহেড়া সমুদয়ে দুই তোলা লইয়া কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। অনন্তর উহাতে গোমূত্র মিশ্রিত করতঃ নিয়ত প্রাতঃকালে পান করিবে। ইহাদ্বারা কফবাত সম্ভূত অণ্ডকোষস্থ শোথ নষ্ট হয়॥ ৯॥

সরলাগুরুকুষ্ঠানি দেবদারুমহৌষধং। মূত্রারণালসংযুক্তং শোথঘ্নং কফবাতনুৎ॥ ১০॥

সরলেত্যাদৌ।—সরলং সরলকাষ্ঠং লেপোঽয়ং যোগঃ॥ ১০॥

সরলকাষ্ঠ, অগুরু, কুড়, দেবদারু ও শুঁঠ, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ আবশ্যক মত গোমূত্র ও কাঞ্জিক সহিত পেষণ করিয়া প্রলেপ দিলে কোষগত শোথ, কফ ও বাত বিনষ্ট হয়॥ ১০॥

ভৃষ্টো রুবূকতৈলেন কল্কঃ পথ্যাসমুদ্ভবঃ। কৃষ্ণাসৈন্ধবসংযুক্তো বৃদ্ধিরোগহরঃ পরঃ॥ ১১॥

ভৃষ্ট ইত্যাদি।—স্পষ্টং॥ ১১॥

হরীতকী পেষণ করিয়া তাহা এরণ্ড তৈলে ভর্জ্জন করিবে। পরে উহার সহিত পিপ্পলী চূর্ণ ও সৈন্ধব সংযুক্ত করিয়া (যথোপযুক্ত মাত্রায়) সেবন করিলে, বৃদ্ধিরোগ বিনষ্ট হয়॥ ১১॥

গব্যং ঘৃতং সৈন্ধবসম্প্রযুক্তং
শম্বূকভাণ্ডে নিহিতং প্রযত্নাৎ।
সপ্তাহমাদিত্যকরৈর্ব্বিপক্বং
নিহন্তি কুরণ্ডমতিপ্রবৃদ্ধং॥
ঐন্দ্রীমূলভবং চূর্ণং রুবূতৈলেন মর্দ্দিতং। ত্র্যহাদ্গোপয়সা পীতং সর্ব্ববৃদ্ধিনিবারণং॥ ১২॥

গব্যমিত্যাদি।—শম্বূকরূপভাণ্ডে, শম্বূকঞ্চ সদ্যস্কং গ্রাহ্যং ন পুরাণমিত্যাহুঃ। ঘৃতাৎ পাদিকঞ্চ সৈন্ধবমিতি বদন্তি। লেপবিধয়া যোজ্যমেতৎ ঐন্দ্রী গোরক্ষকর্কটী॥ ১২॥

গব্যঘৃত ও সৈন্ধবলবণ একত্র মিশ্রিত করতঃ সদ্য আনীত একটী শম্বূক মধ্যে যত্নপূর্ব্বক রাখিয়া সপ্তাহ পর্য্যন্ত সূর্য্য কিরণে পাক করিবে। এই ঘৃত কুরণ্ডে মর্দ্দন করিলে অতি বৃহৎ কুরণ্ড ও বিনষ্ট হয়। উক্ত ঔষধ প্রস্তুত করিতে ঘৃতের চতুর্থাংশ সৈন্ধব প্রদান করাই বিধেয়।

ইন্দ্রবারুণীর (রাখালশশা) মূল চূর্ণ এরণ্ড তৈলের সহিত মর্দ্দন করতঃ গব্য দুগ্ধের সহিত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক) যথোপযুক্ত মাত্রায় পান করিবে। এই ঔষধ তিন দিবস সেবন করিলে সর্ব্বপ্রকার বৃদ্ধিরোগ নিবারণ হয়॥১২॥

রুদ্রজটামূললিপ্তা করটব্যাঙ্কচর্ম্মণা॥ বদ্ধা বৃদ্ধিঃশমং যাতি চিরজাপি ন সংশয়ঃ॥ নিষ্পিষ্টমারণালেন কপিকামূলবল্কলং। লেপো বৃদ্ধ্যাময়ং হন্তি বদ্ধমূলমপি দৃঢ়ং॥ বচাসর্ষপ কল্কেন প্রলেপো বৃদ্ধিনাশনঃ। লজ্জাগৃধ্রমলাভ্যাঞ্চ লেপোবৃদ্ধিহরঃ পরঃ॥১৩॥

কুব্জজটেতি আদৌ কুব্জজটাকল্কেন লিপ্তঃ ওদনুকরটঃ কটা ইতি খ্যাতঃ নকুলাকারঃ প্রায়শোবৃক্ষোপরি তিষ্ঠতি। তস্য অঙ্কচর্ম্মণা বন্ধো বৃদ্ধিরিত্যর্থঃ। রূপিকা অর্কমূলং। লজ্জেত্যাদি।—লজ্জা বরাহক্রান্তা গৃধপক্ষিণোমলং বিট্॥ ১৩॥

শিবজটার (উপযুক্ত পরিমাণ মূল) পেষণ করতঃ তদ্দ্বারা কোষে প্রলেপ দিয়া করটঃ অর্থাৎ কটানাক প্রাণীর ক্রোড়স্থ চর্ম্মদ্বারা বন্ধন করিয়া রাখিবে। ইহাদ্বারা বহুকালোৎপন্ন কোষ রোগেরও শান্তি হইয়া থাকে।

যথোপযুক্ত পরিমাণ আকন্দ-মূলের বল্কল কাঞ্জিক সহিত পেষণ করিয়া কুরণ্ডে প্রলেপ দিলে বদ্ধ মূল ও অতি দৃঢ় বৃদ্ধিরোগ বিনষ্ট হয়।

উপযুক্ত মাত্রায় নচ ও সর্ষপ, একত্র পেষণ করতঃ কুরণ্ডে প্রলেপন করিলে বৃদ্ধিরোগ বিনষ্ট হয়। বরাহক্রান্তা ও গৃধিনী পক্ষীর বিষ্ঠা একত্র পেষণ করিয়া কুরণ্ডে প্রলেপন করিলে কোষ বৃদ্ধি প্রশমিত হয়॥ ১৩॥

মূলং বিল্বকপিত্থয়ো ররলুকস্থাগ্নে র্বৃহত্যোর্দ্বয়োঃ। শ্যামাপূতিকরঞ্জ-[illegible] কৃষ্ণা গ্রন্থিকচব্য পঞ্চলবণক্ষারাজমোদান্বিতং॥ পীতং কাঞ্জিককোষ্ণতোয়মথিতং শ্চূর্ণীকৃতং ব্রধ্নজিৎ॥ ১৪॥

সংপ্রতি ব্রধ্নচিকিৎসামাহ।—ব্রধ্নলক্ষণঞ্চ যদ্যপি [illegible] নাস্তি তথাপি তন্ত্রান্তরানুসর্ত্তব্যং। [illegible] করোতি গ্রন্থিকচ্ছোথং দোষোবংক্ষণসন্ধিষু জ্বরশূলাঙ্গদাহাঢ্যং তং ব্রধ্নমিতি নির্দ্দিশেদিতি। ব্রধ্নস্য লোকে বাউসাতি খ্যাতঃ। মূলমিতি মূলং ষষ্ঠ্যন্তৈঃ সর্ব্বৈর্যোজ্যং। অরলুকঃ শোনাকঃ। অগ্নিশ্চিত্রকঃ, শ্যামাবৃদ্ধদারকঃ, পূতিকরঞ্জোলটাকরঞ্জঃ, কাঞ্জিকোষ্ণতোয়[illegible]মন্যতমেন পানং প্রকৃত্যাদ্যপেক্ষয়া জ্ঞেয়ং॥ ১৪॥

বিল্বমূল, কদবেলেরমূল, শ্যোনাকমূল, চিতামূল, বৃহতী (ব্যাকুড়) মূল, কণ্টকারী মূল, বৃদ্ধদারক (বিতারক) মূল, লাটাকরঞ্জা মূল, [illegible]জনার মূল, শুঁঠ, ভেলা, পিপুল মূল, পিপ্পলী, চৈ, সৈন্ধবলবণ, বিটলবণ, সৌবর্চ্চললবণ, সামুদ্র লবণ, উদ্ভিদলবণ, যবক্ষার এবং যমানী, এই সকল দ্রব্যের সমভাগ চূর্ণ কাঞ্জিক কিম্বা উষ্ণ জল সহিত মন্থন করতঃ (যথোপযুক্ত পরিমাণে) পান করিলে ব্রধ্নরোগ বিনষ্ট হয়॥ ১৪॥

অবীক্ষীরেণ গোধূমকল্কং কুন্দুরুকস্য বা। প্রলেপনং সুখোষ্ণং স্যাদ্ব্রধ্নশূলহরং পরং॥ ১৫॥

অবীক্ষীরেণেত্যাদি।—বাভটস্য অবীক্ষীরেণ গোধূমকুন্দুরুণী পিষ্টা লেপঃ কার্য্যঃ এক এবায়ং যোগঃ। বাশব্দঃ [illegible]পেক্ষয়া; অতএব বাভটে বাশব্দস্থানে চকারঃ পঠ্যতে অপরে তু যোগদ্বয়মাহুঃ॥ ১৫॥

মেষ-দুগ্ধের সহিত সমানাংশ গোধূম ও কুন্দুরু খোটী একত্র পেষণ করতঃ কিঞ্চিৎ উষ্ণ করিয়া ব্রধ্নে প্রলেপ দিবে। ইহাদ্বারা সশূল ব্রধ্নরোগ নষ্ট হয়॥ ১৫॥

মৃতমাত্রেতু বৈ কাকে বিশস্তে সংপ্রবেশয়েৎ। ব্রধ্ন মুহূর্ত্তং মেধাবী তৎক্ষণাদরুজং ভবেৎ॥ অজাজীহবুষাকুষ্ঠং গোধূমবদরাণি চ। কাঞ্জিকেন সমং পিষ্ট্বা কুর্য্যাদ্ব্রধ্নপ্রলেপনং॥ ১৬॥

মৃতমাত্র ইত্যাপি বাভটস্য মৃতমাত্র ইতি সদ্যমারিতে, বিশস্ত ইতি ক্রোড়ং পাটয়িত্বা তত্র কোষ্ঠে ব্রধ্নং প্রবেশনীয়ং ততো বন্ধঃ কার্য্যঃ॥ ১৬॥

একটী কাক মারিয়া তৎক্ষণাৎ ক্রোড়দেশ বিদীর্ণ করতঃ মুহূর্ত্তকাল তন্মধ্যে ব্রধ্ন প্রবেশ করাইয়ালে তৎক্ষণাৎ ব্রধ্নের বেদনা প্রশমিত [illegible]।

জীরা, হবুষা, কুড়, গোধূম ও বদরী-ফল, এই সকল দ্রব্য কাঞ্জিক সহিত পেষণ করিয়া প্রলেপন করিলে ব্রধ্ন-রোগের শান্তি হয়॥ ১৬॥

বৃহৎসৈন্ধবাদ্যং তৈলম্—

সৈন্ধবং মদনং কুষ্ঠং শতাহ্বাং নিচুলং বচাং। হ্রীবেরং মধুকং ভার্গী দেবদারুসনাগরং॥ কট্‌ফলং পৌষ্করং মেদাং চবিকাং চিত্রকং শটীং। বিড়ঙ্গাতিবিষে শ্যামাং রেণুকাং নীলিনীংস্থিরাং॥ বিল্বাজমোদে কৃষ্ণাঞ্চ দন্তীরাস্নে প্রপিষ্য চ। সাধ্যমেরণ্ডজং তৈলং তৈলম্বাকফবাতনুৎ॥ ব্রধ্নো-দাবর্ত্তগুল্মার্শঃ প্লীহমেহাঢ্যমারুতান্। আনাহমশ্মরীঞ্চৈব হন্যাত্তদনুবাসনাৎ॥ ১৭॥

সৈন্ধবাদ্যতৈলে।—নিচুলোবেতসঃ শ্যামা-ত্রিবৃতেতি বৈদ্যপ্রসারকসম্মাদাৎ। নীলিনী নীলবৃক্ষা চতুর্গুণজলেন পাকঃ। তৈলং বেতি তিলতৈলং বা॥ ১৭॥

সৈন্ধব, মদনফল (ময়নাফল), কুড়, শুল্‌ফা, বেতস, বচ, বালা, যষ্টিমধু, বামনহাটী (ব্রহ্মযষ্টি), দেবদারু, শুঁঠ, কট্‌ফল (কায়ফল), পুষ্করমূল (অভাবে কুড় প্রয়োগ করা যাইতে পারে), মেদা, চৈ, চিতা শটী, বিড়ঙ্গ, আতইচ, তেউড়ী, রেণুক, নীলবৃক্ষ, শালপাণি (ছাগলী), বেলমূল, যমানী, পিপ্পলী, দন্তী ও রাস্না, এই সকল দ্রব্যের কল্ক করিয়া ইহাদিগের সহিত এরণ্ড তৈল অথবা তিলতৈল যথারীতি পাক করিবে। পাককালে তৈলের চতুর্গুণ জল উহাতে প্রদান করিবে। এই তৈল অভ্যঙ্গ করিলে কফ ও বাত বিনষ্ট হয় এবং ব্রধ, উদাবর্ত্ত, গুল্ম, অর্শঃ, প্লীহা, মেহ, আঢ্যবাত, আনাহ ও অশ্মরী প্রভৃতি রোগ বিনষ্ট হয়॥ ১৭॥

শতপুষ্পাদ্যং ঘৃতম্—

শতপুষ্পাহ্বদারুচন্দনং রজনীদ্বয়ং। জীরকে দ্বে বচানাগত্রিফলাগুগ্‌গুলু-ত্বচং॥ মাংসীকুষ্ঠং পত্রকৈলারাস্না-শৃঙ্গী সচিত্রকং। ক্রিমিঘ্নমশ্বগন্ধা চ শৈলেয়ং কটুরোহিণী॥ সৈন্ধবং তগরং পিষ্ট্বা কুটজাতিবিষে সমে। এতৈশ্চকার্ষিকৈঃ কল্কৈ ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ॥ বৃষমুণ্ডিতিকৈরণ্ড নিম্ব-পত্রভবো রসঃ। কণ্টকার্য্যা স্তথা-ক্ষীরং প্রস্থং প্রস্থং বিনিক্ষিপেৎ॥ সিদ্ধমেতদ্‌ঘৃত পীতমন্ত্রবৃদ্ধি মপোহতি। বাতবৃদ্ধিং পিত্তবৃদ্ধিং মেদো-বৃদ্ধিঞ্চ দারুণাং॥ মূত্রবৃদ্ধিং শ্লীপদং যকৃৎ প্লীহানমেব চ। শতপুষ্পাঘৃতং রোগাৎ হন্যাদেব নসংশয়ঃ॥ ঘৃতং সৌরেশ্বরং যোজ্যং ব্রধ্নবৃদ্ধি নিবৃত্তয়ে॥ ১৮॥

সৌরেশ্বরঘৃতং বক্ষ্যমাণং॥ ১৮॥

ইতি বৃদ্ধিব্রধ্ন-চিকিৎসা।

শুল্‌ফা, শুলঞ্চ, দেবদারু, রক্তচন্দন, হরিদ্রা, দারুহরিদ্রা, জীরা, কৃষ্ণজীরা, বচ, নাগকেশর, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), গুগ্‌গুলু, দারুচিনি, জটামাংসী, কুড়, তেজপত্র, এলাইচ, রাস্না, কাঁকড়াশৃঙ্গী, চিতা, বৃদ্ধদারক (বিস্তারক), অশ্বগন্ধা, শৈলজ, কট্‌কী, সৈন্ধব, তগর, কুরচিরছাল ও আতইস, এই সকল দ্রব্য প্রত্যেকে ২ দুই তোলা পরিমাণে গ্রহণপূর্ব্বক উত্তম রূপ কুট্টিত করিয়া ঘৃতে প্রদান করতঃ /৪ চারি সের ঘৃত পাক করিবে; পাককালে বাসকের রস /৪ চারি সের,

এরণ্ডরস /৪ চারি সের, নিম্বপত্রের রস /৪ চারি সের, কণ্টকারীর রস /৪ চারি সের ও দুগ্ধ /৪ চারি সের উহাতে নিক্ষেপ করিবে।

উক্ত ঘৃত বিধিপূর্ব্বক পাক করিয়া যথোপযুক্ত পরিমাণে পান করিলে অন্ত্রবৃদ্ধি এবং দারুণ বাতবৃদ্ধি, পিত্ত-বৃদ্ধি, মেদোবৃদ্ধি, মূত্রবৃদ্ধি, শ্লীপদ, প্লীহা ও যকৃৎ রোগ নষ্ট হয়। ইহার নাম শতপুষ্পাদ্য ঘৃত, ইহা সর্ব্বরোগ বিনাশক।

সৌরেশ্বর ঘৃত প্রয়োগ করিলে ব্রধ্ন ও বৃদ্ধিরোগের নিবৃত্তি হয়। সৌরেশ্বর ঘৃত পরে বিবৃত হইবে॥ ১৮॥

ইতি বৃদ্ধিব্রধ্ন-চিকিৎসা।

অথ গলগণ্ড-গণ্ডমালা-পচী-গ্রন্থ্যর্ব্বুদ-চিকিৎসা।

যবমুদ্গপটোলানি কটুরূক্ষঞ্চ ভোজনং। ছর্দ্দিং সরক্তমুক্তিঞ্চ গলগণ্ডে প্রয়োজয়েৎ॥ তণ্ডুলোদকপিষ্টেন মূলেন পরিলেপিতঃ। হস্তিকর্ণপলাশস্য গলগণ্ডঃ প্রশাম্যতি॥ সর্ষপান্ শিগ্রুবীজানি শণবীজাতসীযবান্। মূলকস্য চ বীজানি তক্রেণাম্লেন পেষয়েৎ॥ গণ্ডানি গ্রন্থয়শ্চাপি গলগণ্ড সুদারুণাঃ। প্রলেপাত্তেন শাম্যন্তি বিলয়ং যান্তি চাচিরাৎ॥ জীর্ণকর্কারুকরসো বিড় সৈন্ধবসংযুতঃ। নস্যেন হন্তি তরুণং গলগণ্ডং নসংশয়ঃ॥ জলকুম্ভীকজং ভস্ম পক্কং গোমূত্রগালিতং। পিবেৎ কোদ্রবভক্তাশী গলগণ্ডপ্রশান্তয়ে॥ সূর্য্যাবর্ত্তরসোনাভ্যাং গলগণ্ডোপনাহনে। স্ফোটাস্রাবৈঃ শমং যাতি গলগণ্ডো নসংশয়॥ তিক্তালাবুফলে। পাকে সপ্তাহমুষিতং জলং। মদ্যং বা গলগণ্ডঘ্নং পানাৎ পথ্যানুসেবিনঃ॥ কটুকলচূর্ণ মুর্গলধর্য্যে গলগণ্ডমপহরতি। ঘৃতমিশ্রং পীতমিব শ্বেতগিরিকর্ণিকামূলং॥ ১॥

উক্তসঙ্কেতৈব গলগণ্ডাদয়োঽভিধীয়ন্তে। তণ্ডুলোদকেত্যাদি।—হস্তিকর্ণপলাশস্য মূলেনেত্যন্বয়ঃ সর্ব্বে গলগণ্ডাঃ বাতকফমেদোভিরারভ্যন্তে নতু পিত্তেন ব্যাধিস্বভাবাৎ অতো গলগণ্ডোক্তলেপ্যাঃ কোষ্ণা এব দেয়া ইত্যাহুঃ। জীর্ণকর্কারু পরিণততিক্তালাবুঃ, অন্যে তু কুষ্মাণ্ডভেদ ইত্যাহুঃ ব্যবহারস্তু পূর্ব্বমেব। তরুণমিত্যচিরজাতং। জলকুম্ভী পাহ্না, তস্যা ভস্ম পানীয়ক্ষারবিধিনা গোমূত্রেণ বিপাচ্য পরিস্রাব্য চ পিবেৎ। উপনাহনমুষ্কবহুলপ্রলেপঃ স্ফোটস্রাবৈরুপশমাহমবুটৈতঃ। শ্বেতো শ্বেতগিরিকর্ণিকা শ্বেতাপরাজিতা॥ ১॥

গলগণ্ডরোগে যব, মুগ, পটোল এবং কটু ও রূক্ষ দ্রব্য ভোজন করিতে দিবে। এবং বমন, রক্তমোক্ষণ ও গলগণ্ডরোগে ব্যবস্থা করিবে।

হস্তিকর্ণ, পলাশের মূল, তণ্ডুলোদকের সহিত পেষণ করিয়া ঈষদুষ্ণ করতঃ (যথোপযুক্ত মাত্রায়) গলগণ্ডে প্রলেপ দিলে গলগণ্ড রোগের শান্তি হয়।

শ্বেতসর্ষপ, শণবীজ, শজিনাবীজ, তিসী (মসিনা), যব ও মূলার বীজ, এই সকল দ্রব্য সমানাংশ গ্রহণপূর্ব্বক অম্লতক্রের সহিত একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে গলগণ্ড, গ্রন্থি ও সুদারুণ গলগণ্ড আশু বিলয় প্রাপ্ত হয়।

পরিপক্ক তিতলাউর রসে সমাংশ বিটলবণ ও সৈন্ধবলবণ মিশ্রিত করিয়া নস্য গ্রহণ করিলে অল্পকালজাত গলগণ্ডরোগ নিশ্চয় বিনষ্ট হয়।

পাহ্নাভস্ম পানীয়ক্ষার বিধানে গোমূত্রসহ পাক করতঃ বস্ত্রপূত করিয়া

লাইবে। কোদ্রবান্নভোজী উক্ত রস পান করিলে গলগণ্ড প্রশান্ত হয়॥

শুলটিয়া ও রসোন একত্র পেষণ করিয়া গলগণ্ডে উষ্ণ প্রলেপ দিলে গলগণ্ড স্ফুটিত হয়, তৎপরে স্রাবিত হইয়া গলগণ্ডরোগের শান্তি হয়।

পক্ব তিক্ত অলাবুর মধ্যে জল কিম্বা মদ্য পূর্ণ করিয়া সপ্তাহপর্য্যন্ত রাখিয়া দিবে। পরে সুপথ্যভোজী হইয়া যথোপযুক্ত মাত্রায় ঐ জল কিম্বা মদ্য পান করিলে গলগণ্ড বিনষ্ট হয়।

কটফলের চূর্ণ গলার মধ্যে ঘর্ষণ করিলে কিম্বা শ্বেত-অপরাজিতার মূল ঘৃতের সহিত (উপযুক্ত পরিমাণে) সেবন করিলে গলগণ্ডরোগ বিনষ্ট হয়॥ ১॥

মহিষীমূত্রেহিতিষ্ঠং লৌহমলসংস্থিতং ঘটে মাসং। অন্তর্ধূমবিদগ্ধং লিহ্যান্মধুনাথ গলগণ্ডে॥ ২॥

মহিষ্যাদৌ।—পুরাণলৌহমলং মহিষীমূত্রে মাসং স্থাপয়িত্বা অন্তর্ধূমং দগ্ধ্বা মধুনা লিহ্যাদিত্যর্থঃ॥ ২॥

লৌহমল (মণ্ডুর) এক মাস পর্য্যন্ত মহিষীমূত্রের সহিত একটী ঘটে রাখিয়া দিবে। পরে ঐ লৌহমল অন্তর্ধূমে দগ্ধ করিয়া গলগণ্ডরোগে মধুর সহিত (উপযুক্ত মাত্রায়) প্রত্যহ লেহন করিতে দিবে॥ ২॥

জিহ্বায়াঃপার্শ্বেহধস্তাৎ শিরাদ্বাদশ কীর্ত্তিতাঃ। তাসাং স্থূলশিরে কৃষ্ণে বিদ্ধাত্তে শনৈঃ শনৈঃ॥ বড়িশেনৈব সংগৃহ্য কুশপত্রেণ বুদ্ধিমান্। স্রুতে রক্তে ব্রণে তস্মিন্ দদ্যাৎ সগুড়মার্দ্রকং। ভোজনঞ্চানভিষ্যন্দি যূষঃ কৌলথ ইষ্যতে॥ কর্ণযুগ্মবহিঃ সন্ধিমধ্যাভ্যাসে স্থিতঞ্চ যৎ। উপর্য্যুপরি তচ্ছিন্দ্যাদ্ গলগণ্ডে শিরাত্রয়ং॥ ৩॥

জিহ্বায়া ইত্যাদৌ।—কৃষ্ণস্থূলশিরে বড়িশেন শনৈঃ শনৈঃ সংগৃহ্য কুশপত্রেণ শস্ত্রবিশেষেণ ছিন্দ্যাদিত্যন্বয়ঃ। তস্মিন্ ব্রণে স্রুতরক্তে সতি সগুড়মার্দ্রকং ভক্ষয়েদিতি অন্যে তু দদ্যাদিতি পঠন্তি তন্মতে ভক্ষণার্থমিতি শেষঃ। কর্ণযুগ্মবহিঃ সন্ধ্যাবিতি কর্ণয়োঃ পৃষ্ঠসমীপে উপর্য্যুপরিস্থিতমিত্যন্বয়ঃ॥ ৩॥

জিহ্বার অধোদেশে ও পার্শ্বে দ্বাদশটী শিরা আছে, তন্মধ্যে দুই পার্শ্বে যে কৃষ্ণবর্ণ দুইটী স্থূল শিরা আছে তাহা বড়িশদ্বারা শনৈঃ শনৈঃ আকর্ষণ করিয়া কুশপত্রাস্ত্রদ্বারা ছেদন করিবে। পরে গুড় ও আর্দ্রক ঐ রক্তস্রুতব্রণে প্রদান করিবে এবং কুলথকলায়ের যূষ পান ও রোগবৃদ্ধি না হয় এরূপ [illegible]হার করিবে।

কর্ণদ্বয়ের বহিঃসন্ধির নিক[illegible] যে তিনটী শিরা আছে গলগণ্ডরো[illegible] তাহা উপর্য্যুপরি বেধ করিয়া দিবে॥ ৩॥

তুম্বীতৈলং—

বিড়ঙ্গক্ষারসিন্ধূগ্রা রাস্নাগ্নিব্যোষ হিঙ্গুভিঃ। কটুতুম্বীফলরসৈঃ কটুতৈলং বিপাচয়েৎ। চিরোত্থমপি নস্যেন গলগণ্ডং বিনাশয়েৎ॥ ৪॥

তুম্বীতৈলে।—উগ্রা বচা, কটুতুম্বীফলরস ইতি পরিণতত্তিক্তুম্বীফলস্য চতুর্গুণস্বরস ইত্যাহুঃ॥৪॥

বিড়ঙ্গ, যবক্ষার, সৈন্ধব, বচ, রাস্না, চিতা, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ) ও হিঙ্গু, এই সকল দ্রব্যের কল্ক ও চতুর্গুণ পক্বতিক্তুম্বীফলের (তিতলাউ) রসসহ কটুতৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। এই তৈলের নস্য গ্রহণ করিলে চিরকালজাত গলগণ্ডরোগ বিনষ্ট হয়॥ ৪॥

অমৃতাদ্যং তৈলম্—

তৈলং পিবেচ্চামৃতবল্লিনিম্ব হংসাহ্বয়া বৃক্ষকপিপ্পলীভিঃ।

সিদ্ধং বলাভ্যাঞ্চ সদেবদারু
হিতায় নিত্যং গলগণ্ডরোগী ॥ ৫ ॥

তৈলমিত্যাদি।—মুক্তস্য। অমৃতবল্লী গুড়ূচী তংসাহ্বা হংসপদা বৃক্ষকঃ কুটজঃ। যদাহ বাগ্ভটঃ— গুড়ূচীনিম্বকুটজহংসপাদীবলাদ্বয়ৈঃ। সাধিতং পায়য়েত্তৈলং সকৃষ্ণদেবদারুভিরিতি। অন্যে তু হিংস্রাদ্বয়ে ইতি পঠিত্বা রক্তশ্বেতপুষ্পভেদেন কালাকড়াদ্বয়ং ব্যাখ্যানয়ন্তি। অমৃতবল্ল্যাদিভিঃ ক্বাথকল্কৈরিতি চন্দ্রিকা। অন্যে তু এভিঃ সর্ব্বৈঃ কল্কৈঃ জলং চতুর্গুণমিত্যাহুঃ ॥৫॥

গুলঞ্চ, নিম্ব, হংসপদী, কুরচিরছাল, পিপ্পলী, বেড়েলা, শ্বেতবেড়েলা ও দেবদারু, এই সকল দ্রব্যের কল্ক এবং ক্বাথ সহ তৈল পাক করিয়া গলগণ্ড-রোগী যথোপযুক্ত মাত্রায় পান করিবে। মতান্তরে উক্ত দ্রব্য সকলের কল্ক ও চতুর্গুণ জলের সহিত তৈল পাক করিবে ॥ ৫ ॥

মাক্ষিকাঢ্যঃ সকৃৎপীতঃ ক্বাথো বরুণমূলজঃ। গণ্ডমালাং হরত্যাশু চিরকালানুবন্ধিনীং ॥ পিষ্ট্বা জ্যেষ্ঠাম্বুনা পেয়াঃ কাঞ্চনালত্বচঃ শুভাঃ। বিশ্বভেষজসংযুক্তা গণ্ডমালাহরাঃ পরাঃ ॥ আরগ্বধশিফাং ক্ষিপ্রং পিষ্ট্বা তণ্ডুলবারিণা। সম্যঙ্‌নস্য প্রলেপাভ্যাং গণ্ডমালাং সমুদ্ধরেৎ ॥ গণ্ডমালাময়ার্ত্তানাং নস্যকর্ম্মণি যোজয়েৎ। নির্গুণ্ড্যাশ্চ শিফাং সম্যগ্বারিণা পরিপেষিতাং ॥ ৬ ॥

অতঃপরং গণ্ডমালাচিকিৎসা।—মাক্ষিকাঢ্য ইতি সকৃদিত্যেকবারং। জ্যেষ্ঠাম্বুতণ্ডুলোদকং কাঞ্চনালঃ কাঞ্চনঃ। আরগ্বধস্য শিফা মূলং ॥৬॥

বরুণবৃক্ষ-মূলের ক্বাথে মধু মিশ্রিত করিয়া একবার পান করিলেই চিরকালানুবর্ত্তিনী গণ্ডমালা রোগের শান্তি হয়।

বরুণবৃক্ষের মূল ২ দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া।

কাঞ্চন-বৃক্ষের ছাল, তণ্ডুলোদকের সহিত পেষণ করতঃ শুণ্ঠীচূর্ণ মিশাইয়া (উপযুক্ত মাত্রায়) পান করিলে গণ্ডমালা রোগ নষ্ট হয়।

যথোপযুক্ত পরিমাণ শোনালু-বৃক্ষের মূল তণ্ডুলোদকসহ পেষণ করিয়া নস্য গ্রহণ ও গণ্ডমালায় লেপন করিলে গণ্ডমালা বিনষ্ট হয়।

গণ্ডমালা-পীড়িত ব্যক্তি নিসিন্দার মূল জলদ্বারা সম্যক্‌রূপ পেষণ করিয়া নস্য গ্রহণ করিবে ॥ ৬ ॥

কোষাতকীনাং স্বরসেন নস্যং
তুম্ব্যাস্তু বা পিপ্পলী সংযুতেন।
তৈলেন বারিষ্টভবেন কুর্য্যা
দ্বচোপকুল্যে সহমাক্ষিকেন ॥ ৭ ॥

কোষাতকীত্যাদি।—চত্বারো যোগাঃ। পিপ্পলীসংযুক্তেনেতি পদং কোষাতকীনাং স্বরসেনেত্যনেনাপি সম্বধ্যতে। কোষাতকী ঘোষকঃ তস্যাঃ স্বরসঃ এবং তিক্ততুম্ব্যা অপি। অরিষ্টভবেন নিম্বফলজেন তৈলেন তৃতীয়োযোগঃ অরিষ্টভবস্যেতি পাঠান্তরে—অরিষ্টফলস্যেত্যর্থঃ। বচোপকুল্যে ইতি।—পিষ্টা মধুনা নস্যং বিধেয়মিত্যর্থঃ ॥ ৭ ॥

উপযুক্ত পরিমাণ পিপ্পলী চূর্ণ মিশ্রিত ঘোষাফলের স্বরস অথবা তিক্ত-তুম্বীফলের (তিতলাউর) রস কিম্বা নিম্ব তৈল অথবা বচ ও পিপ্পলী একত্র পেষণ করতঃ মধুর সহিত নস্য গ্রহণ করিবে। এই চতুর্ব্বিধ নস্য গ্রহণ করিলে গণ্ডমালারোগ বিনষ্ট হয় ॥ ৭ ॥

ঐন্দ্র্যা বা গিরিকর্ণ্যা বা মূলং গোমূত্রযোগতঃ। গণ্ডমালাং হরেৎ পীতং চিরকালোত্থিতামপি ॥ অলম্বুষাদলোদ্ভূতাৎ স্বরসাদ্দ্বিপলং পিবেৎ। অপচ্যাং গণ্ডমালায়াং কামলায়াশ্চ নাশনঃ ॥ গলগণ্ডগণ্ডমালাঃ ক্ষুরগাংশ্চ বিনাশয়েৎ। পিষ্টং জ্যেষ্ঠাম্বুনা মূলং লেপাৎ ব্রাহ্মণযষ্টিজং ॥ ৮ ॥

জলৌগোরক্ষকর্কটী; গিরিকর্ণী শ্বেতাপরাজিতা; অলম্বুষা মুণ্ডিতিকা অলম্বুষো বা ॥ ৮॥

রাখালশশার মূল (ইন্দ্রবারুণীর মূল) অথবা শ্বেত-অপরাজিতারমূল গোমূত্রের সহিত পেষণ করিয়া (উপযুক্ত পরিমাণে গ্রহণপূর্ব্বক) পান করিলে চিরকালজাত গণ্ডমালারোগ বিনষ্ট হয় ॥

মুণ্ডিতিকা (মুণ্ডিরী) পত্রের স্বরস ২ দুই পল পরিমাণে পান করিলে অপচী, গণ্ডমালা ও কামলারোগ বিনষ্ট হয়।

উক্ত দুই পল অর্থাৎ ১৬ ষোল তোলা স্বরস আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়, সুতরাং বিবেচনাপূর্ব্বক মাত্রা স্থির করিয়া লইবে।

ব্রহ্মযষ্টি (বামুনহাটীর মূল) তণ্ডুলোদক সহ পেষণ করিয়া প্রলেপ দিলে গলগণ্ড, গণ্ডমালা ও কুরণ্ডরোগের শান্তি হয় ॥ ৮ ॥

ছুছুন্দরীতৈলম্—

অভ্যঙ্গান্নাশয়েৎ ক্ষিপ্রং গণ্ডমালাং সুদারুণাং। ছুছুন্দর্য্যাবিপক্বন্তু কণ্টতৈলবরং ধ্রুবং ॥ ৯ ॥

অভ্যঙ্গাদিত্যাদৌ।—ছুছুন্দরী ছুছুয়া ইতি খ্যাতা মূষিকাকৃতিঃ তস্যাঃকল্কে জলং চতুর্গুণং। ৯।

ছুছুন্দরী অর্থাৎ ছুঁছুঁয়ার কল্ক ও চতুর্গুণ জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া অঙ্গে মর্দ্দন করিলে সুদারুণ গণ্ডমালারোগ নিশ্চয় শীঘ্র বিনষ্ট হয় ॥ ৯ ॥

শাখোটকবিম্বাদ্যং তৈলম্—

গণ্ডমালাপহং তৈলং সিদ্ধং শাখোটকত্বচা। বিম্বাশ্বমারনিগুণ্ডীসাধিতং স্থাপিনাশনং ॥ ১০ ॥

গণ্ডমালাপহমিত্যাদিশাখোটকঃ ত্বচা স্বরসকল্করূপয়া তত্রুক্তং শ্যাকং শাখোটকল্কেন সনসিদ্ধং তৈলং হিতং নস্য বিরেচনেষু ইতি। বিম্বীত্যাদি।—যোগান্তরং বিম্বী বিম্বিরিতি খ্যাতা তেলাকুচা ইত্যন্যে। অশ্বমারঃ করবীরঃ বিম্বাদীনাং কল্কেকলং চতুর্গুণমিতি গয়দাসঃ। ১০।

শেওড়া বৃক্ষের কল্ক, স্বরস ও চতুর্গুণ জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া নস্য গ্রহণ করিলে গলগণ্ডরোগ নষ্ট হয়। তেলাকুচ, করবীর ও নিসিন্দাপত্রের কল্ক ও চতুর্গুণ জল সহিত তৈল পাক করিয়া নস্য গ্রহণ করিলেও গণ্ডমালা রোগ বিনষ্ট হয় ॥ ১০ ॥

নির্গুণ্ডীতৈলম্।

নির্গুণ্ডীস্বরসেনাথ লাঙ্গলীমূলকল্কিতং। তৈলং নস্যাগ্নিহন্ত্যাশু গণ্ডমালাং সুদারুণাং ॥ ১১ ॥

নির্গুণ্ডীত্যাদৌ।—নির্গুণ্ডীস্বরসশ্চতুর্গুণঃ। ১১।

নিসিন্দাপত্রের স্বরস ও বিষলাঙ্গলিয়ার মূলের কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া নস্য গ্রহণ করিলে সুদারুণ গণ্ডমালারোগ বিনষ্ট হয় ॥ ১১ ॥

বনকার্পাসিকামূলং তণ্ডুলৈঃ সহযোজিতং। পক্বা তু পূপিকাং খাদেদপচী নাশনায় চ ॥ শোভাঞ্জনং দেবদারু কাঞ্জিকেন তু পেষিতং। কোষ্ণং প্রলেপতো হন্ত্যাদপচীমতিদুস্তরং ॥ সর্ষপারিষ্টপত্রাণি দগ্ধা ভল্লাতকৈঃ সহ। ছাগমূত্রেণ সংপিষ্টমপচীঘ্নং প্রলেপনং ॥ ১২ ॥

অপচীচিকিৎসামাহ বনেত্যাদি।—ত্রয়োভাগাতণ্ডুলানাং ভেষজস্যৈকঃ ॥ ১২ ॥

বনকার্পাসের মূল ও তণ্ডুল একত্র পেষণ করিয়া তাহাদ্বারা পিষ্টক প্রস্তুত করিবে। ইহা সেবন করিলে অপচী বিনষ্ট হয়।

শজিনা ও দেবদারু, কাঞ্জিক সহ পেষণ করিয়া উষ্ণ করতঃ লেপন করিলে অপচী বিনষ্ট হয়।

তুল্যাংশ শ্বেতসর্ষপ, নিম্বপত্র ও ভেলা দগ্ধ করতঃ একত্র ছাগমূত্রে পেষণ করিয়া যথোপযুক্ত মাত্রায় প্রলেপ দিলে অপচীরোগ নষ্ট হয় ॥ ১২ ॥

অশ্বত্থকাষ্ঠং নিচুলং গবাং দন্তঞ্চ দাহয়েৎ। বরাহমজ্জসংযুক্তং ভস্ম হন্ত্যপচীং ব্রণান্ ॥ ১৩ ॥

অশ্বত্থে ত্যাদৌ।—বরাহমজ্জযোগাল্লেপঃ ॥ ১৩॥

অশ্বত্থকাষ্ঠ, হিজলবীজ ও গোদন্ত একত্র দগ্ধ করিবে, পরে ঐ ভস্ম শূকরের বসার (চর্ব্বির) সহিত মিশ্রিত করিয়া প্রলেপ দিলে অপচী ও ব্রণরোগ বিনষ্ট হয় ॥ ১৩ ॥

পার্ষ্ণিং প্রতি দ্বাদশচাঙ্গুলানি
মিত্বেন্দ্রবস্তিং পরিবর্জ্জ্য সম্যক্।
বিদার্য্য মৎস্যাণ্ডনিভানি বৈদ্যো
নিষ্কৃষ্য জালান্যনলং বিদধ্যাৎ ॥ ১৪ ॥

পার্ষ্ণিং প্রতীত্যাদি।—সুশ্রুতস্য। পার্ষ্ণি-গুল্‌ফস্যাধোদেশঃ পার্ষ্ণিমারভ্য দ্বাদশাঙ্গুলানি মিলিত্বা পরিমায় ইন্দ্রবস্তিং দ্ব্যঙ্গুলং পরিত্যজ্য বিদারয়িত্বা জালানি মেদোজালানি মৎস্যাণ্ডেন সদৃশান্যাকৃষ্যাগ্নিং নিদধ্যাদিত্যর্থঃ। এবমপচ্যামূলোচ্ছেদাৎ প্রশমঃ ॥ ১৪ ॥

অপচীরোগে গুল্‌ফের অধোদেশ হইতে দ্বাদশ অঙ্গুল অর্থাৎ ১২ বার অঙ্গুল পরিমিত (ইন্দ্রবস্তি ও দুই অঙ্গুল স্থান পরিত্যাগ করিয়া) স্থান অস্ত্রদ্বারা বিদীর্ণ করিবে এবং মৎস্যডিম্বের ন্যায় যে এক প্রকার মেদোজাল দৃষ্ট হইবে তাহা আকর্ষণ করতঃ অগ্নিদ্বারা দগ্ধ করিয়া দিবে। এইরূপ করিলে অপচীরোগ সমূলে বিনষ্ট হয় ॥ ১৪ ॥

মণিবন্ধোপরিষ্টাদ্বা কুর্য্যাদ্রেখাত্রয়ং ভিষক্। অঙ্গুল্যন্তরিতং সম্যগপচীনাং প্রশান্তয়ে ॥ দণ্ডোৎপলা ভবং মূলং বদ্ধং পুষ্যেঽপচীং জয়েৎ। অপামার্গস্য বা ছিন্দ্যাজ্জিহ্বাতলগতে শিরে ॥ ১৫ ॥

কক্ষাকুর্পরসন্ধিগতাপচীষু বাহুগতয়োরেব কর্ম্মাহ মণিবন্ধেত্যাদি। মণিবন্ধঃ প্রকোষ্ঠসন্ধিঃ অত্র মণিবন্ধাদঙ্গুলমেকং দ্বয়ং বা পরিত্যজ্য রেখা কার্য্যা। অত্রৈব শস্ত্রকর্ম্মান্তরমাহ ছিন্দ্যাদিত্যাদি ॥ ১৫ ॥

কক্ষকূর্পর গত অপচীরোগ শান্তির নিমিত্ত মণিবন্ধের উপরি এক অঙ্গুলী অথবা দুই অঙ্গুলী স্থান পরিত্যাগ করতঃ অস্ত্রদ্বারা এক এক অঙ্গুলী অন্তর তিনটী রেখাবৎ ছেদন করিবে।

দণ্ডোৎপল অথবা অপামার্গের মূল পুষ্যানক্ষত্রে উদ্ধৃত করিয়া গলদেশে বন্ধন করিবে। কিম্বা জিহ্বার নিম্নে দুইটী শিরাচ্ছেদ করিয়া দিবে। ইহা-দ্বারা অপচীরোগ বিনষ্ট হয় ॥ ১৫ ॥

ব্যোষাদ্যং তৈলম্—

ব্যোষং বিড়ঙ্গং মধুকং সৈন্ধবং দেবদারু চ। তৈলমেভিঃ শৃতং নস্যাৎ কৃচ্ছ্রামপ্যপচীং জয়েৎ ॥ ১৬ ॥

ব্যোষমিত্যাদৌ।—জলং চতুর্গুণং ॥ ১৬ ॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), বিড়ঙ্গ, যষ্টিমধু, সৈন্ধব ও দেবদারু, এই সকল দ্রব্যের কল্ক ও চতুর্গুণ জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া নস্য গ্রহণ করিলে অতিকৃচ্ছ্রসাধ্য অপচীরোগ ও বিনষ্ট হইয়া থাকে ॥ ১৬ ॥

চন্দনাদ্যং তৈলম্—

চন্দনং সাভয়া লাক্ষা বচা চ কটুরোহিণী। এভিস্তৈলং শৃতং পীতং [illegible]

চন্দনমিত্যাদৌ।—অভয়া হরীতকী, স্ফু. অভয়মুশীরং লাক্ষাবচাহরীতকীকটুরোহিণীচন্দনৈঃ। তৈলং প্রসাধিতং পীতং সমূলানপচীং জয়েদিতি বাক্যি সম্বন্ধাৎ ॥ ১৭ ॥

রক্তচন্দন, হরীতকী, লাক্ষা (লাহা অথবা গালা), বচ ও কটকী, এই সকল দ্রব্যের কল্ক ও চতুর্গুণ জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈলপাক করিবে। এই তৈল পান করিলে সমূলে অপচীরোগ বিনষ্ট হয় ॥ ১৭ ॥

গুঞ্জাদ্যং তৈলম্—

গুঞ্জাহয়ারিশ্যামার্ক সর্ষপৈর্মূত্রসাধিতং। তৈলন্তু দশধা পশ্চাৎ কণালবণপঞ্চকৈঃ ॥ মরিচৈশ্চূর্ণিতৈর্যুক্তং সর্ব্বাবস্থাগতাং জয়েৎ। অভ্যঙ্গাদপচীং নাড়ীবল্মীকার্শোঽর্ব্বুদব্রণান্ ॥১৮॥

গুঞ্জেত্যাদৌ।—হয়ারিঃ করবীরঃ তস্য মূলং। শ্যামা বৃদ্ধদারকঃ অর্কস্য ক্ষীরং গোমূত্রং চতুর্গুণং দত্ত্বা দশধা পাকঃ ততঃ কণালবণপঞ্চকং মরিচচূর্ণং প্রক্ষিপ্য প্রযোজ্যং। কণালবণপঞ্চকমরিচৈরিত্যেকপদং। ঘৃততৈলবসামজ্জাবেসবারপয়োদধি। মাংসধাবনতোয়াত্তমিতি ॥ ১৮ ॥

গুঞ্জা (কুঁচ), করবীমূল, বৃদ্ধদারক (বিদ্ধারক), আকন্দের মূল, সর্ষপ কল্ক ও তৈলের চতুর্গুণ গোমূত্র, এই সকল দ্রব্যের সহিত তৈল ক্রমে দশবার যথানিয়মে পাক করিবে এবং পিপ্পলী, পঞ্চলবণ (সৈন্ধবলবণ, বিড়লবণ, সৌবর্চ্চললবণ, সামুদ্রলবণ ও উদ্ভিদলবণ), মরিচ, এই সকল দ্রব্যের চূর্ণ উহাতে মিশ্রিত করিবে। এই তৈল যথাবিধি পাক করিয়া অঙ্গে মর্দ্দন করিলে সর্ব্বপ্রকার অপচী, নাড়ীব্রণ, বল্মীক, অর্শো, অর্ব্বুদ ও ব্রণরোগ প্রশমিত হয় ॥১৮॥

গ্রন্থিষ্বামেষু কুর্ব্বীত ভিষক্ শোথপ্রতিক্রিয়াং। পক্বানাপাট্য সংশোধ্য রোপয়েদ্ব্রণভেষজৈঃ ॥ ১৯ ॥

গ্রন্থিচিকিৎসামাহ গ্রন্থিষ্বিত্যাদি।—শোথপ্রতিক্রিয়ামিতি ব্রণশোথচিকিৎসিতং তচ্চ সুশ্রুতদ্বিব্রণীয়োক্তমপতর্পণাদি বিরেকান্তমেকাদশবিধং ॥ ১৯ ॥

অনন্তর গ্রন্থিরোগ চিকিৎসা কথিত হইতেছে। অপক্ক গ্রন্থিরোগে বিচক্ষণ বৈদ্য ব্রণশোথোক্ত চিকিৎসা করিবেন। এবং গ্রন্থি সকল পরিপক্ক হইলে ছেদন করিয়া ব্রণরোগোক্ত ঔষধদ্বারা ব্রণশোধন করতঃ [illegible] করিবে এবং নিম্নলিখিত ঔষধ সমূহ ব্রণে লেপন করিবে ॥ ১৯ ॥

হিংস্রা সরোহিণ্যমৃতাচ ভার্গী
শ্যোণাক বিল্বাগুরুকৃষ্ণগন্ধাঃ।
গোপিত্তপিষ্টাঃ সহ তালপর্ণ্যা
গ্রন্থৌ বিধেয়োঽনিলজে প্রলেপঃ ॥২০॥

হিংস্রেত্যাদি।—সুশ্রুতস্য। হিংস্রা কালাকড়া কৃষ্ণগন্ধা কৃষ্ণশোভাঞ্জনঃ। গোপিত্তাপিষ্টা ইত্যত্র গোজাক্ষিপিষ্টেতি পাঠান্তরে গোজীশাখোটকঃ কিন্তু গোজাপাঠো যুক্তঃ আয়ুর্ব্বেদসারপ্রমাণাৎ। তথা সুশ্রুতটীকাকৃদ্ভিঃ ব্যা, ব্য, ৩২, ২৯। তালপর্ণী তালমূলা ॥ ২০ ॥

কালিয়াওকড়া, কট্কী, গুলঞ্চ, বামনহাটী (ব্রহ্মযষ্টি), শ্যোণা, বেলমূল, অগুরু, শাজনা ও তালমূলী; এই সকল দ্রব্য (যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ) গোপিত্তে পেষণ করিয়া প্রলেপ দিলে বাতজন্য গ্রন্থিরোগ বিনষ্ট হয় ॥ ২০ ॥

জলায়ুকাঃ পিত্তকৃতে হিতাস্তু
ক্ষীরোদকাভ্যাং পরিষেচনঞ্চ।
কাকোলিবর্গস্য তু শীতলানি
পিবেৎ কষায়াণি সশর্করাণি ॥২১॥

পৈত্তিক গ্রন্থিরোগে জোঁক বসাইয়া রক্তমোক্ষণ এবং দুগ্ধ ও জল একত্র মিশ্রিত করিয়া সেচন করা হিতকর। এবং কাকোল্যাদিগণের কষায় শীতল

করিয়া শর্করার সহিত পান করা ধেয় (২) ॥ ২১ ॥

দ্রাক্ষারসেনেক্ষুরসেন বাপি
চূর্ণং পিবেদ্বাপি হরীতকীনাং।
মধূকজম্বর্জ্জুন বেতসানাং
ত্বগ্‌ভিঃ প্রদেহানবতারয়েচ্চ ॥২২॥

গ্রন্থিরোগে দ্রাক্ষারস অথবা ইক্ষুরসের সহিত হরীতকী চূর্ণ (উপযুক্ত মাত্রায়) পান করিবে অথবা মউয়াফুল, জাম, অর্জ্জুনবৃক্ষ ও বেতস, ইহাদিগের বল্কল পেষণ করিয়া প্রলেপ দিবে ॥ ২২ ॥

হৃতেষু দোষেষু যথানুপূর্ব্ব্যা
গ্রন্থৌ ভিষক্‌শ্লেষ্মসমুত্থিতে চ।
স্বিন্নে চ বিম্লাপনমেবকুর্য্যা
দঙ্গুষ্ঠেরেণুদৃশদীসুতৈশ্চ ॥ ২৩ ॥

হৃতেষু দোষেষ্বিত্যাদি।—বমনাদিভিঃ তথা রক্তমোক্ষণেন দোষেষু কফাদিরক্তান্তেষু হৃতেষু সৎসু যথানুপূর্ব্ব্যেতি স্নেহ স্বেদাদিক্রমং কৃত্বেত্যর্থ। দৃশদীসুতঃ শিলাপুত্রকঃ অত্র ছন্দোভঙ্গোনাশঙ্কনীয়ঃ আনন্ত্যাচ্ছন্দোমার্গাণাং ॥ ২৩॥

শ্লৈষ্মিক গ্রন্থিরোগে রোগীকে যথানুপূর্ব্বক স্নেহ এবং স্বেদাদি ক্রিয়া করাইয়া বমন, বিরেচন এবং রক্তমোক্ষণ দ্বারা দোষ নিসারিত করতঃ গ্রন্থিতে স্বেদ প্রদান করিবে। এবং স্বেদ দেওয়ার পরে অঙ্গুষ্ঠ, বংশ এবং শিলাপুত্রক (লোড়া) দ্বারা বিম্লাপন (বসাইয়া দেওয়া) করিবে ॥ ২৩ ॥

বিকঙ্কতারগ্বধকাকণন্তী
কাকাদনীতাপসবৃক্ষমূলৈঃ।
আলেপয়েদেনমলাবুভার্গী
করঞ্জকালামদনৈশ্চবিদ্বান্ ॥

দন্তীচিত্রকমূলত্বক্ স্নুহ্যর্কপয়সী গুড়ঃ।
ভল্লাতকাস্থি কাসীশং লেপো ভিন্দ্যাচ্ছিলামপি ॥ গ্রন্থ্যর্ব্বুদাদিক্ষু লেপো মাতৃবাহককীটজঃ। স্বর্জ্জিকামূলকক্ষারঃ শঙ্খচূর্ণসমন্বিতঃ। প্রলেপোবিহিত স্তীক্ষ্ণোহন্তি গ্রন্থ্যর্ব্বুদাদিকান্ ॥ ২৪ ॥

বিকঙ্কতেত্যাদি।—মদনাস্ত একোযোগ ইতি চন্দ্রিকা, বিকঙ্কতো বইঁচ বেথর ইতি খ্যাতঃ কাকণন্তী গুঞ্জা তস্যা মূলং, কাকাদনী কাকতিন্দুকঃ তাপসবৃক্ষকঃ পুত্রঞ্জীবকঃ, অলাবু কটুতুম্বী, কালা কালাকড়া, মঞ্জিষ্ঠা বা। স্নুহ্যর্কপয়সীতি স্নুহ্যর্কয়োঃ ক্ষীরং। ভল্লাতকাস্থি ভল্লাতকবীজং। কাসীশং ধাতুকাসীশং মাতৃবাহকীটঃ পাতকুরাপদ্মকীট ইতি খ্যাতঃ ॥ ২৪ ॥

শ্লৈষ্মিক গ্রন্থিরোগে বৈঁচবৃক্ষ (বঞ্জুব বা বাবলাবৃক্ষ), শোণালু, কুঁচমূল, গাব, জীবপুত্রিকা, তিতলাউ, বামনহাটী, করঞ্জা, কালাওকড়া, মদনফল, বিচক্ষণ বৈদ্য এই সকল দ্রব্য উত্তমরূপ পেষণ করিয়া গ্রন্থিতে প্রলেপন করিবেন।

দন্তী, চিতারমূলের ছাল, সিজেরক্ষীর, আকন্দের ক্ষীর, গুড়, ভেলার আঠী ও হিরাকস, এই সকল দ্রব্য একত্র উত্তমরূপ পেষণ করিয়া প্রলেপ দিলে শিলাপর্য্যন্ত ভিন্ন হয় গ্রন্থি ভিন্ন হইবে তাহার আর কথা কি?

পাতকুড়া পেষণ করিয়া লেপন করিলে গ্রন্থি ও অর্ব্বুদাদি বিনষ্ট হয়। এবং সাচিক্ষার, মূলকভস্ম ও শঙ্খচূর্ণদ্বারা তীক্ষ্ণ প্রলেপ দিলেও গ্রন্থি ও অর্ব্বুদ বিনষ্ট হয় ॥ ২৪ ॥

(২) কাকোল্যাদিগণ যথা—কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক (অভাবে বংশলোচন), মুদ্গপর্ণী (মুগানি), মাষপর্ণী (মাসানী), মেদা, মহামেদ। (মেদা অভাবে অশ্বগন্ধা ও মহামেদার অভাবে শ্যামালতা প্রয়োগ করা যাইতে পারে), গুলঞ্চ, কাকড়াশৃঙ্গি, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ডরিয়া কাষ্ঠ, ঋদ্ধি (অভাবে বলা), বৃদ্ধি (অভাবে বালা), দ্রাক্ষা (কিস্‌মিস্), জীরা, কৃষ্ণজীরা ও যষ্টিমধু।

গ্রন্থীনমর্ম্মপ্রভবানপক্কা-
মুদ্ধৃত্যবাগ্নিং বিদধীত বৈদ্যঃ।
ক্ষারেণ বৈতান্ প্রতিসারয়েত্তু
সংলিখ্যসংলিখ্য যথোপদেশং॥২৫॥

গ্রন্থীত্যাদি।—সুশ্রুতস্য। ক্ষারেণেতি বিকল্পেনোদ্ধারাপেক্ষয়া তেন বাতে বাতকফেবহ্নিঃ পিত্তে চ ক্ষার ইতি। প্রতিসারয়েদিতি প্রলেপয়েৎ। যথোপদেশমিতি যথা শাস্ত্রং এতচ্চাগ্নিং বিদধিত ইত্যনেনাপি সম্বধ্যতে॥ ২৫॥

মর্ম্মস্থানজাত নয় এইরূপ গ্রন্থি সকল অপক্কাবস্থাতেই উদ্ধৃত করিয়া শাস্ত্রানুসারে অগ্নি দগ্ধ করিবে অথবা পিত্তজনিত হইলে সংলেখন করতঃ ক্ষার প্রয়োগ করিবে॥ ২৫॥

গ্রন্থ্যর্ব্বুদানাং ন যতো বিশেষঃ
প্রদেশহেত্বাকৃতিদোষদূষ্যৈঃ।
ততশ্চিকিৎসেদ্ভিষগর্ব্বুদানি
বিধানবিদ্গ্রন্থিচিকিৎসিতেন॥ ২৬॥

অর্ব্বুদে গ্রন্থিচিকিৎসিতং স্বোপপত্তিক মতিদিশতি গ্রন্থ্যর্ব্বুদানামিত্যাদি।—অবিশেষ ইব অবিশেষ ইহ জ্ঞেয়ঃ তেন সুশ্রুতোক্ত ভেদোপি ভবত্যুক্তঃ॥ ২৬॥

অনন্তর অর্ব্বুদ চিকিৎসা বলা যাইতেছে। গ্রন্থি ও অর্ব্বুদরোগের স্থান, কারণ, আকৃতি, দোষ ও দূষ্যের ঐক্যতাপ্রযুক্ত কোন ইতর বিশেষ নাই, অতএব দাহাদিবিধিজ্ঞ বৈদ্যগণ গ্রন্থিরোগের চিকিৎসা প্রণালীতে অর্ব্বুদরোগেরও চিকিৎসা করিবেন॥ ২৬॥

বাতার্ব্বুদেচাপ্যুপনাহনানি
স্নিগ্ধৈশ্চমাংসৈরথ বেশবারৈঃ।
স্বেদং বিদধ্যাৎ কুশলস্তু নাড্যা
শৃঙ্গেণরক্তং বহুশো হরেচ্চ॥
স্বেদোপনাহামৃদবস্তুপথ্যাঃ
পিত্তার্ব্বুদে কায়বিরেচনঞ্চ॥ ২৭॥

অর্ব্বুদানি বিধানবিদিতি দাহাদিবিধিজ্ঞঃ। নাড্যেতি নাড়ীস্বেদবিধিনা। স্বেদোপনাহামৃদব ইতি মৃদুস্বেদো অল্পস্বেদঃ। মৃদুরুপনাহস্তু কাকোল্যাদি মৃদুদ্রব্যকৃতঃ। কায়বিরেচনমিত্যত্র কায়গ্রহণং শিরোবিরেচনব্যুদাসার্থং॥ ২৭॥

বাতজন্য অর্ব্বুদরোগে স্নিগ্ধ মাংস অথবা বেশবারদ্বারা (৩) উপানাহন এবং স্বেদ বিধানানুসারে নাড়ী স্বেদ করিবে এবং শৃঙ্গদ্বারা পুনঃ পুনঃ রক্ত মোক্ষণ করিবে।

পৈত্তিক অর্ব্বুদরোগে মৃদু স্বেদ ও কাকোল্যাদিগণ (৪) দ্বারা মৃদু উপনাহন এবং লঘুপাক দ্রব্য পথ্য ও কায় বিরেচন ব্যবস্থা করিবে॥ ২৭॥

বিঘৃষ্য চোডুম্বরশাকগোজী-
পত্রৈর্ভৃশং ক্ষৌদ্রযুতৈঃ প্রলিম্পেৎ।
শ্লক্ষ্ণীকৃতৈঃ সর্জ্জরসপ্রিয়ঙ্গু-
পত্তঙ্গলোধ্রার্জ্জুনযষ্টিকাহ্বৈঃ॥
লেপনং শঙ্খচূর্ণেন সমূলকভস্মনা।
কফার্ব্বুদাপহং কুর্য্যাদগ্ন্যাদিষু বিশেষতঃ॥ ২৮।

বিঘৃষ্যেত্যাদৌ।—উডুম্বরঃ ফল্গুঃ কর্কশপত্রত্বাৎ শাকোমরুজঃস্তরুঃ গোজী দার্ব্বিশাকঃ শাখোটকো বা ক্ষৌদ্রযুক্তৈরিতি সর্জ্জাদিভিঃ সম্বধ্যতে। পত্তঙ্গং রক্তচন্দনং যষ্টিকাহ্বং যষ্টিমধুকং॥ ২৮॥

অর্ব্বুদ স্থানে কাটডুম্বরপত্র, শেওড়াপত্র ও গোজিয়াপত্র ইত্যাদি কর্কশ

(৩) নিরস্থি পেষিতং মাংসং বেশবার ইতিস্মৃতঃ। অস্থিহীন মাংস পেষণ করিয়া কিঞ্চিৎ সিদ্ধ করিলে তাহাকেই বেশবার কহে। স্বেদ প্রদান কালে ইহার সহিত কিঞ্চিৎ ঘৃত ও মধু সংযুক্ত করিয়া লইবে।

(৪) নিম্নলিখিত দ্রব্য সমূহকে কাকোল্যাদিগণ বলে। কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক (অভাবে বংশলোচন প্রয়োগ করিবে), মুগাপর্ণী (মুগানী), মাষপর্ণী (মাসানী), মেদা (অভাবে শ্যামালতা প্রয়োগ করিয়া থাকেন), মহামেদা (মহামেদা অভাবে ও শ্যামালতা ব্যবহার করিবে), গুলঞ্চ (গুড়ূচী), কাকড়াশৃঙ্গি, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ডরিয়া কাষ্ঠ, ঋদ্ধি (অভাবে বলা), বৃদ্ধি (অভাবে ও বলা প্রয়োগ করা যাইতে পারে), দ্রাক্ষা (কিস্‌মিস্), জীরা, কৃষ্ণজীরা ও যষ্টিমধু।

পত্র ঘর্ষণ করিয়া ধুনা, প্রিয়ঙ্গু, রক্তচন্দন, লোধ, অর্জ্জুনবৃক্ষের বল্কল ও যষ্টিমধু, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া মধুর সহিত প্রলেপ দিবে।

শঙ্খচূর্ণ ও মূলকভস্ম একত্রিত করিয়া প্রলেপ দিলে অর্ব্বুদ বিশেষতঃ গ্রন্থি রোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ২৮ ॥

নিষ্পাবপিণ্যাককুলত্থকল্কৈ-
র্মাংসৈঃ প্রগাঢ়ৈর্দধিমর্দ্দিতৈশ্চ।
লেপং বিদধ্যাৎ ক্রিময়ো যথাত্র
মূর্চ্ছন্ত্যপত্যান্যথমক্ষিকা বা ॥
অল্পাবশিষ্টং ক্রিমিভিঃ প্রজগ্ধং
লিখেত্ততোঽগ্নিং বিদধীত পশ্চাৎ।
যদল্পমূলং ত্রপুতাম্রসীসৈঃ
সংবেষ্ট্যপত্রৈ রথবায়সৈর্বা ॥ ২৯ ॥

নিষ্পাবেত্যাদি।—সুশ্রুতস্য। নিষ্পাবঃ শ্বেতশিম্বী পিণ্যাকস্তিলকল্কঃ ক্রিময়ো যথাত্রেত্যতঃপরং উৎপদ্যন্ত ইতি শেষঃ। মূর্চ্ছতি তত্র মূর্চ্ছন্তীতি পাঠে অপত্যানীত্যথ মক্ষিকাবেত্যতঃপরং মূর্চ্ছন্তীতি শেষঃ। এতৎ কর্ম্মণি ফলমাহ অল্পাবশিষ্টমিতি।—সুশ্রুতস্য। ক্রিমিভক্ষণাদবশিষ্টমং। লিখেদিতি অল্পাবশিষ্টং পূতিমাংসং শস্ত্রেণ ছিন্দ্যাৎ অল্পাবশিষ্টস্য চ ছেদনেন আতুরস্য মহান্ ক্লেশ ইতি তাৎপর্য্যঃ। ততোঽগ্নিং বিদধীতেতি শস্ত্রচ্ছেদনানন্তরঞ্চাবশিষ্টার্ব্বুদমূলস্য সম্যগুচ্ছেদায় অগ্নিং বিদধীত তপ্তশলাকয়া দহেৎ অগ্নিকর্ম্মণি কৃতেঽপি যদ্যর্ব্বুদস্য মূলং তিষ্ঠেৎ তদা কিং কর্ত্তব্যমিত্যাহ যদল্পমূলমিত্যাদি।—অর্ব্বুদস্য যদল্পমূলং তৎ ত্রপ্বাদিলোহানামন্যতমেন রচিতৈঃ পত্রৈঃ সংবেষ্ট্য স্থাপয়েদিতি ব্যাখ্যেয়ং নতু ক্ষারামাবচরণাপেক্ষয়া ত্রপ্বাদিপত্রবেষ্টনেন চ তন্মূলস্যার্ব্বুদস্য সংঘর্ষণাৎ স্বয়মেব উপশমো ভবতীতি ভাবঃ। ত্রপু রঙ্গং। ২৯।

শ্বেতশিম্বী, তিলেরখৈল ও কুলথকলাই;—ইহাদিগের কল্ক এবং মাংস একত্র দধির সহিত গাঢ় মর্দ্দন করতঃ অর্ব্বুদস্থানে প্রলেপন করিবে। ঐরূপ প্রলেপদ্বারা অর্ব্বুদে পোকা জন্মে ও মক্ষিকাগণ সন্তান প্রসব করে এবং উক্ত পোকা সকলই অর্ব্বুদের মাংস সেবন করিয়া থাকে। উক্ত পোকা সকল অর্ব্বুদের মাংস সেবন করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা অস্ত্রদ্বারা কর্ত্তন করিবে, ইহাতেও যাহা অবশিষ্ট থাকিবে তাহা অগ্নিপ্রয়োগ অর্থাৎ লৌহ শলাকা উত্তপ্ত করিয়া তদ্দ্বারা দগ্ধ করিয়া দিবে। যাহাতে অর্ব্বুদ সমূলে বিনষ্ট হয় এইরূপ করাই কর্ত্তব্য, কিঞ্চিৎ মূল থাকিলেও পুনর্ব্বার অর্ব্বুদ উৎপন্ন হইতে পারে। অগ্নিপ্রয়োগেও যদি কিঞ্চিৎ মূল অবশিষ্ট থাকে তবে রাঙ্গ (সীসা), তাম্র, অথবা লৌহ পাত প্রস্তুত করিয়া তদ্দ্বারা অর্ব্বুদ বেষ্টন করিয়া রাখিবে। ইহাদ্বারা অর্ব্বুদরোগ স্বয়ংই প্রশান্ত হয় ॥ ২৯ ॥

ক্ষারা[illegible]
মুহুর্ম্মুহুঃ প্রাণমবেক্ষ্যমাণঃ।
যদৃচ্ছয়া চোপগতানি পাকং
[illegible] ॥
সশেষদোষাণি হি যোঽর্ব্বুদানি
করোতি তস্যাশু পুনর্ভবন্তি।
তস্মাদশেষাণি সমুদ্ধরেত্তু
হন্যুঃ সশেষাণি যথাবিষাগ্নী ॥
উপোদিকারসাভ্যাক্তান্তৎপত্রপরিবেষ্টিতাঃ। প্রণশ্যন্ত্যচিরান্নৃণাং পিড়কার্ব্বুদজাতয়ঃ ॥
উপোদিকাকাঞ্জিক তক্রপিষ্টা
তত্রোপনাহো লবণেন মিশ্রঃ।
দৃষ্টোর্ব্বুদানাং প্রশমায় কৈশ্চি-
দ্দিনেদিনে রাত্রিষু মর্ম্মজানাং ॥৩০॥

বিধ্যন্তরমাহ ক্ষারাগ্নীত্যাদি।—পাকক্রমেণেতি পাকোত্তরপাটনশোধনাদিক্রমেণ যথোক্তমিত্যুপচারক্রিয়াবিশেষণং। পীড়কার্ব্বুদজাতয় ইতি পীড়কার্ব্বুদপ্রকারাইত্যর্থঃ ॥ ৩০ ॥

গ্রন্থি ও অর্ব্বুদরোগে পুনঃ পুনঃ রোগীর বলের প্রতি দৃষ্টি রাখিয়া ক্ষার,

অগ্নি ও অস্ত্রপ্রয়োগ করিবে। অর্ব্বুদ ও গ্রন্থি যদি স্বয়ং পরিপক্ক হয় তাহা হইলে পাক-বিধানোক্ত উৎপাটন ও শোধনাদিদ্বারা যথাবৎ অতি সাবধানে চিকিৎসা করিবে।

যে অর্ব্বুদরোগে দোষ নিঃশেষিত না হয়, তাহা পুনর্ব্বার উৎপন্ন হইয়া থাকে, অতএব নিঃশেষ করিয়া অর্ব্বুদাদিরোগের চিকিৎসা করাই বিধেয়। যেমন বিষ ও অগ্নির কিঞ্চিন্মাত্র অবশিষ্ট থাকিলেও তাহা কালে পরিবর্দ্ধিত হইয়া বিশেষ অনিষ্টকর হয়। অর্ব্বুদ ও গ্রন্থিরোগেও ঠিক্ সেইরূপ জানিবে।

বনপূতিকার রসদ্বারা সিক্ত করিয়া ও তৎ পত্রদ্বারা বেষ্টন করিয়া রাখিলে অতি অল্পকাল মধ্যেই পিড়কা ও অর্ব্বুদাদিরোগ বিনষ্ট হয়।

যথোপযুক্ত পরিমাণ বনপূতিকাপত্র কাঞ্জিক ও তক্রের সহিত পেষণ ও কিঞ্চিৎ সৈন্ধবলবণ মিশ্রিত করিয়া প্রতি দিবস ও রাত্রিতে অর্ব্বুদে প্রলেপ দিবে। এই প্রলেপদ্বারা সর্ব্বস্থানজাত দুষ্ট অর্ব্বুদরোগের শান্তি হয় ॥ ৩০ ॥

লেপোঽর্ব্বুদঘ্নিভ্রম্মোচকভস্মতুষশঙ্খচূর্ণকৃতঃ। শরটরুধিরার্দ্রকগন্ধকযবক্ষবিড়ঙ্গনাগরৈর্ব্বাথ ॥ ৩১ ॥

লেপ ইত্যাদি।— মোচকঃ কদলীকাণ্ডকঃ তস্য ভস্মক্ষার ইত্যর্থঃ শরটঃ কৃকলাশঃ যবজো যবক্ষারঃ ॥ ৩১ ॥

কদলিকাণ্ড ভস্ম, তুষ ও শঙ্খচূর্ণ যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে অথবা গন্ধক, যবক্ষার বিড়ঙ্গ ও শুঁঠ, এই সকল দ্রব্য কৃকলাসের রক্তে আর্দ্র করিয়া প্রলেপ দিলে অর্ব্বুদরোগ বিনষ্ট হয় ॥ ৩১ ॥

সুষীগণ্ডীরিকাস্বেদো নাশয়েদর্ব্বুদানি চ। সীসকেনাথ লবণৈঃ পিণ্ডারকফলেন বা। হরিদ্রালোধপত্তঙ্গগৃহধূমমনঃশিলা। মধুপ্রগাঢ়ো লেপোঽয়ং মেদোঽর্ব্বুদহরঃ পরঃ। এতাং ক্রিয়াং কুর্য্যাদশেষাং শর্করার্ব্বুদে ॥ ৩২ ॥

সুষীত্যাদি।—চত্বারো যোগাঃ স্বেদাঃ সুষী গণ্ডীরিকা সুষীকাণ্ডঃ তপ্তসীজুদণ্ডেন তথা তপ্তসীসকেন তথা তপ্তলবণেন তথা পিণ্ডারকফলমুৎস্বিদ্য পোট্টলিকাং বদ্ধা স্বেদঃ কার্য্য ইত্যর্থঃ ॥ ৩২ ॥

ইতি গলগণ্ড-গণ্ডমালা-অপচী-গ্রন্থ্যর্ব্বুদ চিকিৎসা।

তপ্ত মনসাসীজের কাণ্ড, তপ্ত সীসক, তপ্তলবণ, অথবা কিঞ্চিৎ সিদ্ধকৃত পিণ্ডারকফল পুটলী করিয়া তদ্দ্বারা অর্ব্বুদে স্বেদ দিবে। এই চতুর্ব্বিধ স্বেদই অর্ব্বুদরোগ নাশক।

সমানাংশ হরিদ্রা, লোধ, রক্তচন্দন, গৃহধূম (ঝুল) ও মনঃশিলা, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণ মধুর সহিত পেষণ করিয়া প্রলেপ দিলে মেদোজন্য অর্ব্বুদরোগ বিনষ্ট হয়। শর্করার্ব্বুদেও এই সকল প্রক্রিয়া আচরণ করিবে ॥ ৩২ ॥

ইতি গলগণ্ড-গণ্ডমালা-অপচী-গ্রন্থ্যর্ব্বুদ-চিকিৎসা।

অথ শ্লীপদ-চিকিৎসা।

লঙ্ঘনালেপনস্বেদরেচনৈ রক্তমোক্ষণৈঃ। প্রায়ঃশ্লেষ্মহরৈরুষ্ণৈঃ শ্লীপদং সমুপাচরেৎ। বুস্তুরৈরণ্ডনির্গুণ্ডীবর্ষাভূশিগ্রু সর্ষপৈঃ। প্রলেপঃ শ্লীপদং হন্তি চিরোত্থ মতিদারুণং ॥ নিষ্পিষ্টৈরারণালেন কপিকাসুক্ত কল্ককৈঃ। প্রলেপাৎ শ্লীপদং হন্তি বদ্ধমূলমপি দৃঢ়ং ॥ পিণ্ডারকতরুসম্ভব বন্দাকশিফয়া অভিসর্পিষা পীতা। শ্লীপদমুগ্রং নি-

য়তং বদ্ধা সূত্রেণ জঙ্ঘায়াং ॥ হিত-শ্চালেপনে নিত্যং চিত্রকোদেবদারু-বা ॥ সিদ্ধার্থশিগ্রুকল্কোবা সুখোষ্ণঃ মূত্রপেষিতঃ ॥ ১ ॥

পূর্ব্বোক্তমঙ্গত্যৈব শ্লীপদচিকিৎসামাহ লঙ্ঘনেত্যাদি।—রূপিকা অর্কমূলং পিণ্ডারকতরুঃ স্বনামখ্যাতঃ। বদ্ধা সূত্রেণেতি অত্রাপি বন্ধাকশিক্ষেতি সম্বধ্যতে। অয়মর্থঃ বন্দাকশিফা মা ৮ ঘৃত তো ২ পেয়ং। অথবা শ্লীপদাশ্রয়জঙ্ঘায়াং রক্তসূত্রেণ বন্ধনীয়া। হিতশ্চেত্যাদি গোমূত্রপিষ্টাস্ক্যালেপঃ বোধ্যাঃ। সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ ॥১॥

লঙ্ঘন, প্রলেপ, স্বেদ, বিরেচন, রক্তমোক্ষণ ও প্রায়শঃ শ্লেষ্মাপহারক অন্যান্য উষ্ণবীর্য্য দ্রব্যদ্বারা শ্লীপদরোগ-প্রতীকারের চেষ্টা করিবে।

ধুস্তূর, এরণ্ড, নিসিন্দা, পুনর্নবা, শজিনা ও সর্ষপ, এই সকল দ্রব্য পেষণ করিয়া প্রলেপ দিলে বহুকালোৎপন্ন অতি দারুণ শ্লীপদরোগও বিনষ্ট হয়।

আকন্দের মূলের বল্কল কাঞ্জিক সহিত পেষণ করিয়া তদ্দ্বারা প্রলেপ দিলে দৃঢ়মূল ও সুদারুণ শ্লীপদরোগ নষ্ট হয়।

পিণ্ডাতক (বঁইচ) ও বৃক্ষোপরিজাত পরগাছার মূল পেষণ করিয়া ঘৃতের সহিত পান করিলে অথবা ঐ মূল রক্তবর্ণ সূত্রদ্বারা জঙ্ঘাতে বন্ধন করিলে অত্যুগ্র শ্লীপদরোগ বিনষ্ট হয়।

চিতার মূল অথবা দেবদারু কিম্বা শ্বেতসর্ষপ ও শজিনা গোমূত্র সহ পেষণ ও ঈষদুষ্ণ করিয়া প্রলেপ দিবে। এই ত্রিবিধ প্রলেপই শ্লীপদরোগে হিতকর ॥ ১ ॥

স্নেহস্বেদোপনাহাংশ্চ শ্লীপদেঽনিলজে ভিষক্। কৃত্বা গুল্ফোপরি শিরাং বিধ্যেত্তু চতুরঙ্গুলে ॥ ২ ॥

স্নেহেত্যাদি।—সুশ্রুতস্য। স্নেহস্বেদাবিহ শিরাব্যধাঙ্গভূতৌ ন তু স্বতন্ত্রয়া স্নেহো দেয়ঃ সর্ব্বশ্লীপদানাং কফপ্রধানত্বাৎ বিরূক্ষণীয়ত্বেন। বিধ্যেদিতি। অয়ঞ্চ গুল্ফোপরি পশ্চাদ্ভাগে শিরাব্যধোরক্তদুষ্টৌ সত্যামেব কার্য্যঃ ॥ ২ ॥

বাতজন্য শ্লীপদরোগে বৈদ্যগণ স্নেহ স্বেদ ও উপনাহন করিয়া গুল্ফের উপরিভাগে চারি অঙ্গুলি পরিমিত স্থানে শিরা বেধ করিয়া দিবে ॥ ২ ॥

গুল্ফস্যাধঃ শিরাং বিধ্যেৎশ্লীপদে পিত্তসম্ভবে। পিত্তঘ্নীঞ্চ ক্রিয়াং কুর্য্যাৎ পিত্তার্ব্বুদবিসর্পবৎ ॥ ৩ ॥

পৈত্তিকশ্লীপদচিকিৎসামাহ গুল্ফস্যাধ ইত্যাদি।—সুশ্রুতস্য পিত্তঘ্নীঞ্চ ক্রিয়াং কুর্য্যাদিতি যোজ্যং চকারাৎ শ্লেষ্মঘ্নীঞ্চ শ্লীপদানাং কফপ্রধানত্বাৎ ॥ ৩ ॥

পিত্তজ শ্লীপদরোগে গুল্ফের অধঃস্থ শিরাবেধ করিবে এবং পিত্তার্ব্বুদ ও পিত্তবিসর্পোক্ত পিত্তনাশক প্রক্রিয়া সমূহ ব্যবহার করিবে ॥ ৩ ॥

মঞ্জিষ্ঠাং মধুকং রাস্নাং সহিংস্রাং সপুনর্নবাং। পিষ্টারনালৈর্লেপোঽয়ং পিত্তশ্লীপদশান্তয়ে ॥ শিরাং সুবিদিতাং বিধ্যেদঙ্গুষ্ঠে শ্লেষ্মশ্লীপদে। মধুযুক্তানি চাভীক্ষ্ণং কষায়াণি পিবেন্নর ॥ ৪ ॥

মঞ্জিষ্ঠামিত্যাদি।—হিংস্রা কালাকড়া। শিরামিত্যাদি সুশ্রুতস্য। সুবিদিতাং ব্যক্তাং। অঙ্গুষ্ঠ ইতি পাদাঙ্গুষ্ঠসন্নিধৌ ক্ষিপ্রমর্ম্মণ উপরি দ্ব্যঙ্গুলে শিরাব্যধঃ কার্য্যঃ। ক্ষিপ্রমর্ম্ম ব্যধাদ্ধি মরণং স্যাদিতি। সুশ্রুতেঽপ্যুক্তং পাদাঙ্গুষ্ঠাঙ্গুলোর্ম্মধ্যং ক্ষিপ্রেতি মর্ম্ম তত্র ব্যধে ত্বাক্ষেপকং মরণমিতি কষায়াণীতি কফহরাম্বষ্ঠাদিগণমুস্তাদিগণকৃতানি ॥ ৪ ॥

পিত্ত জন্য শ্লীপদরোগ-শান্তির জন্য মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, রাস্না, কালিয়াওকড়া ও পুনর্নবা, এই সকল দ্রব্য যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ একত্র কাঞ্জির সহিত পেষণ করিয়া প্রলেপন করিবে।

শ্লেষ্মজন্য শ্লীপদরোগে পাদাঙ্গুষ্ঠ নিকটবর্ত্তী (মর্ম্মস্থান পরিত্যাগ পূর্ব্বক) সুব্যক্ত শিরাবেধ করিয়া দিবে এবং কফঘ্ন

তীক্ষ্ণ দ্রব্যের যথারীতি প্রস্তুত ক্বাথে মধু মিশ্রিত করিয়া রোগীকে পান করিতে দিবে॥ ৪॥

পিবেৎ সর্ষপতৈলেন শ্লীপদানাং নিবৃত্তয়ে। পূতীকরঞ্জচ্ছদজং রসং বাপি যথাবলং॥ অনেনৈব বিধানেন পুত্রঞ্জীবকজং রসং। কাঞ্জিকেন পিবেচ্চূর্ণং মূত্রৈর্বাবৃদ্ধদারজং॥ রজনীং গুড়সংযুক্তাং গোমূত্রেণ পিবেন্নরঃ। বর্ষোত্থং শ্লীপদং হন্তি দদ্রুকুষ্ঠং বিশেষতঃ॥ ৫॥

পুতিকরঞ্জচ্ছদজমিতি কন্টকী করঞ্জপত্রস্বরসং পলমানং কটুতৈলাক্ষং প্রক্ষিপ্য পিবেৎ। অনেনৈব বিধানেনেতি কটুতৈলপ্রক্ষেপেণ ইত্যর্থঃ॥ ৫॥

শ্লেষ্মজ শ্লীপদরোগে লাটাকরঞ্জা পত্রের স্বরস ১ পল ও সর্ষপতৈল ২ দুই তোলা একত্র মিশ্রিত করিয়া পান করিলে শ্লীপদরোগের নিবৃত্তি হয়।

শ্লেষ্মজ শ্লীপদরোগে সর্ষপতৈল মিশ্রিত জীয়াপুতার রস পান করিবে। এবং বৃদ্ধদারকচূর্ণ কাঞ্জির সহিত অথবা বৃদ্ধদারক চূর্ণ গোমূত্রের সহিত পান করিবে।

যথোপযুক্ত পরিমাণ হরিদ্রা চূর্ণ ও গুড় গোমূত্রের সহিত পান করিবে। ইহাদ্বারা বৎসরাতীত শ্লীপদ বিশেষতঃ দদ্রু ও কুষ্ঠরোগ বিনষ্ট হয়॥ ৫॥

গন্ধর্ব্বতৈলভৃষ্টাং হরীতকীং গোজলেন যঃ পিবতি। শ্লীপদবন্ধনমুক্তো ভবত্যসৌ সপ্তরাত্রেণ॥ ধান্যাম্লং তৈলসংযুক্তং কফবাতবিনাশনং। দীপনঞ্চামদোষঘ্নমেতচ্ছ্লীপদনাশনং॥ গোধাবতীমূলযুক্তাং খাদেন্মাষেণ্ডরীং নরঃ। জয়েৎশ্লীপদকোপোত্থং জ্বরং সদ্যো ন সংশয়ঃ॥ ৬॥

গন্ধর্ব্বতৈলমেরণ্ডতৈলং গোজলেন গোমূত্রেণ। তৈলসংযুক্তমিতি তৈলং কটুতৈলং। গোধাবতী গোহালিয়ালতা তন্মূলস্যৈকোভাগঃ মাষস্য ভাগত্রয়ং॥ ৬॥

এরণ্ডতৈল-ভৃষ্টহরীতকী (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক) উপযুক্ত পরিমাণ গোমূত্রের সহিত সেবন করিবে। এই ঔষধ সপ্তাহ পর্য্যন্ত সেবন করিলে শ্লীপদরোগ প্রশমিত হয়।

যথোপযুক্ত পরিমাণ কাঞ্জিকের সহিত কটুতৈল পান করিবে। ইহা কফবাত নাশক, অগ্ন্যুদ্দীপক, আমদোষ ও শ্লীপদ রোগ বিনাশক।

গোয়ালিয়া লতা ও মাষেণ্ডরী (পিষ্টক বিশেষ) একত্র সেবন করিলে শ্লীপদ ও তজ্জনিত জ্বর আশু নিশ্চয় বিনষ্ট হয়॥ ৬॥

শ্লীপদঘ্নোরসোঽভ্যাসাদ্‌গুড়ূচ্যা স্তৈল সংযুতঃ॥ ৭॥

গুড়ূচ্যারস ইতি স্বরসঃ ক্বাথো বা তৈলঞ্চ কটুতৈলং॥ ৭॥

গুলঞ্চের ক্বাথে বা রসে কটুতৈল প্রক্ষেপ দিয়া পান করিলে শ্লীপদরোগ বিনষ্ট হয়।

ক্বাথ্য দ্রব্য দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে॥ ৭॥

বৃদ্ধদারকচূর্ণম্—

ত্রিকটু ত্রিফলা চব্যং দার্ব্বীবরুণগোক্ষুরং। অলম্বুষাং গুড়ূচীঞ্চ সমভাগানি চূর্ণয়েৎ॥ সর্ব্বেষাং চূর্ণমাহৃত্য বৃদ্ধদারস্য তৎসমং। কাঞ্জিকেন চ তং পেয়মক্ষমাত্রং প্রমাণতঃ॥ জীর্ণে চাপরিহারং স্যাদ্ভোজনং সার্ব্বকামিকং। নাশয়েৎশ্লীপদং স্থৌল্যমাম-

বাতঞ্চ দারুণং। কুষ্ঠগুল্মানিলহরং বাতশ্লেষ্মজ্বরাপহং ॥ ৮ ॥

ত্রিকটুকেত্যাদৌ।—অলম্বুষা মুণ্ডিরী। বৃদ্ধদারস্য তৎসমমিতি ত্রিকট্বাদি সর্ব্বচূর্ণসমং বৃদ্ধদারকস্য চূর্ণমিত্যর্থঃ সর্ব্বকামিকমিতি যথেচ্ছমিত্যর্থঃ ॥ ৮ ॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), চৈ, দারুহরিদ্রা, বরুণবৃক্ষের ছাল, গোক্ষুর, মুণ্ডিরী ও গুলঞ্চ, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। এবং সর্ব্বচূর্ণ সমান বৃদ্ধদারক (বিস্তারক) চূর্ণ একত্র মিশ্রিত করিয়া লইবে। রোগীর অবস্থাদি বিবেচনা পূর্ব্বক ২ দুই তোলা পরিমিত চূর্ণ কাঞ্জির সহিত সেবন করিতে দিবে। এই ঔষধ জীর্ণ হইলে যথেচ্ছভোজন করিবে অর্থাৎ কোন রূপ পথ্যই পরিত্যাগ করিবে না। এই ঔষধ সেবনে শ্লীপদ, স্থূলতা, সুদারুণ আমবাত, গুল্ম, কুষ্ঠ, বাতশ্লেষ্ম ও জ্বর বিনষ্ট হয় ॥ ৮ ॥

পিপ্পল্যাদ্যং চূর্ণম্—

পিপ্পলীত্রিফলাদারুনাগরং সপুনর্নবং। ভাগৈর্দ্বিপলিকৈরেষাং তৎসমং বৃদ্ধদারকং ॥ কাঞ্জিকেন পিবেচ্চূর্ণং কর্ষমাত্রং প্রমাণতঃ। জীর্ণেচাপরিহারং স্যাদ্ভোজনং সর্ব্বকামিকং॥ শ্লীপদং বাতরোগাংশ্চ হন্যাৎ প্লীহানমেব চ। অগ্নিঞ্চ কুরুতে ঘোরং ভস্মকঞ্চ নিয়চ্ছতি ॥ ৯ ॥

পিপ্পলীত্যাদৌ।—অগ্নিঞ্চ কুরুত ইতি বিরেকেণ পিত্তহরত্বাৎ। অন্যে তু যস্মাদগ্নিং ঘোরং কুরুতে অতো ভস্মকং নিয়চ্ছতি প্রয়াতি ইত্যাহুঃ ॥ ৯ ॥

পিপ্পলী, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), দেবদারু, শুঁঠ ও পুনর্নবা, এই সকল দ্রব্য প্রত্যেকে ২ পল অর্থাৎ ১৬ ষোল তোলা পরিমাণে লইয়া চূর্ণ করিবে। এবং সর্ব্বচূর্ণ সমান বৃদ্ধদারক (বিস্তারক) চূর্ণ একত্র মিশ্রিত করিয়া ২ তোলা পরিমিত চূর্ণ কাঞ্জির সহিত সেবন করিবে। এবং ঔষধ জীর্ণ হইলে যথেচ্ছদ্রব্য আহার করিবে। এই চূর্ণ সেবনে শ্লীপদ, বাতরোগ ও প্লীহা নষ্ট হয় এবং অগ্নির দীপ্তি ও ভস্মকরোগের নিবৃত্তি হয় (১)॥ ৯ ॥

কৃষ্ণাদ্যমোদকঃ—

কৃষ্ণাচিত্রকদন্তীনাং কর্ষমর্দ্ধপলং পলং। বিংশতিশ্চ হরীতক্যো গুড়স্তু পলদ্বয়ং। মধুনা মোদকং খাদেচ্ছীপদং হন্তি দুস্তরং ॥ ১০ ॥

কৃষ্ণেত্যাদৌ।—কৃষ্ণাদীনাং কর্ষাদিমানং যথাক্রমং জ্ঞেয়ং। বিংশতিশ্চ হরীতক্য ইত্যাকৃতিমানাৎ। মধ্বত্র মোদককরণোচিতং জ্ঞেয়ং ॥১০॥

পিপ্পলী ২ তোলা, চিতা ৪ তোলা, দন্তী ৮ তোলা, হরীতকী ২০ কুড়িটী ও গুড় ২ পল; এই সকল দ্রব্য একত্র লইয়া যথাবিহিত নিয়মানুসারে মোদক প্রস্তুত করিবে। এই মোদক মধুর সহিত (উপযুক্ত মাত্রায়) সেবন করিলে দুঃসাধ্য শ্লীপদরোগ বিনষ্ট হয় ॥ ১০ ॥

সৌরেশ্বরঘৃতম্—

সুরসো দেবকাষ্ঠঞ্চ ত্রিকটুত্রিফলে তথা। লবণান্যথ সর্ব্বাণি বিড়ঙ্গান্যথ চিত্রকং॥ চবিকা পিপ্পলীমূলং গুগ্গুলুর্হপুষা বচা। যবাগ্রজঞ্চ পাঠা চ শট্যেলাবৃদ্ধদারকং॥ কল্কৈশ্চ কার্ষি-

(১) পূর্ব্বোক্ত যোগে ঔষধ দুই তোলা সেবনের বিধি আছে এবং এই যোগেও ঐরূপ নিয়ম লিখিত আছে। কিন্তু উক্ত ঔষধদ্বয় দুই তোলা মাত্রায় আধুনিক লোকের পক্ষে উপযোগী নয়। অতএব বিশেষ বিবেচনা পূর্ব্বক উহার মাত্রাদি স্থির করিয়া লইবে। অন্যথা মাত্রায় সেবিত হইলে বিশেষ অনিষ্ট হইবার সম্ভব।

কৈরেভি ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। দশমূলীকষায়েণ ধান্যযূষদ্রবেণ চ॥ দধিমণ্ডসমাযুক্তং প্রস্থং প্রস্থং পৃথক্ পৃথক্। পক্বং স্যাদুদ্ধৃতং কল্কাৎ পিবেৎ কর্ষদ্বয়ং হবিঃ॥ শ্লীপদং কফবাতোত্থং মাংসরক্তাশ্রিতঞ্চ যৎ। মেদঃশ্রিতঞ্চ পিত্তোত্থং হন্যাদেব ন সংশয়ঃ॥ অপচীং গণ্ডমালাঞ্চ অন্ত্রবৃদ্ধিং তথার্ব্বুদং। নাশয়েদ্‌গ্রহণী-দোষং শ্বয়থুং গুদজানি চ॥ পরমাগ্নিকরং হৃদ্যং কোষ্ঠক্রিমিবিনাশনং। ঘৃতং সৌরেশ্বরং নাম শ্লীপদং হন্তি সেবিতং। জীবকেণকৃতং হ্যেতদ্রোগানীকবিনাশনং॥ ১১॥

সৌরেশ্বরঘৃতে সুরসঃ পর্ণাসঃ বৃন্দলিখিত তন্ত্রান্তরসম্বাদাৎ নির্গুণ্ডী বা। দশমূলী কষায়স্য মিলিত্বা প্রস্থং কলং চতুর্গুণং শেষং প্রস্থমেকং। ধান্যদ্রবেণ কাঞ্জিকেন নতু ধান্যকক্বাথেন ধান্যাম্লেনেতি তন্ত্রান্তরপাঠাৎ ব্যবহারাভাবাচ্চ। ননু কয়োর্দ্রবয়োঃ কিয়ন্মানং গ্রাহ্যমিত্যাহ প্রস্থমিত্যাদি। সৌরেশ্বরমিতি ইন্দ্রা নির্গুণ্ডীপর্য্যায়বাচী তেন সুরেশ্বরা নির্গুণ্ডী তৎকৃতত্বাৎ সৌরেশ্বরমিতি সংজ্ঞা। জীবকেনেতি জীবো বৃহস্পতিঃ স্বার্থে কঃ॥ ১১॥

তুলসী (মতান্তরে নিসিন্দা), দেবদারু, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), পঞ্চলবণ (সৈন্ধবলবণ, বিড়্‌লবণ, সৌবর্চ্চললবণ, সমুদ্রলবণ ও উদ্ভিদলবণ), বিড়ঙ্গ, চিতা, চৈ, পিপ্পলীমূল, গুগ্‌গুলু, হবুষা, বচ, যবক্ষার, আকনাদি, শটী, এলাইচ ও বৃদ্ধদারক (বিস্তারক), এই সকল দ্রব্যের প্রত্যেকে ২ দুই তোলা পরিমাণ কল্ক ও দশমূলের কাথের সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত /৪ সের পাক করিবে। পাককালে কাঞ্জিক /৪ সের, দধির মাড় /৪ সের ও দধি /৪ সের উহাতে প্রদান করিবে। সুপক্ক হইলে, ঘৃত হইতে কল্ক প্রভৃতি ছাকিয়া ফেলিবে এবং রোগীর অবস্থাদি বিবেচনা পূর্ব্বক ৪ চারি তোলা পরিমিত ঘৃত সেবন করিতে দিবে। বৃহস্পতি-কৃত সর্ব্বরোগ নাশক এই সৌরেশ্বর ঘৃত পান করিলে অগ্নিপ্রদীপ্ত ও শ্লীপদরোগ বিনষ্ট হয়। এবং ইহাদ্বারা কফ, বাত, মাংস ও রক্তাশ্রিত, মেদঃশ্রিত ও পিত্তোত্থ শ্লীপদ নিশ্চয় প্রশমিত হয়। এবং ইহাদ্বারা অপচী, গণ্ডমালা, অন্ত্রবৃদ্ধি, অর্ব্বুদ, গ্রহণীদোষ, শোথ, অর্শঃ ও ক্রিমি সকল বিনষ্ট হইয়া থাকে।

বিল্ব, শ্যোণা, পারুল, গাম্ভারী ও গণিয়ারীছাল এবং শালপাণি চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, ইহাদিগকে দশমূল বলা যায়॥ ১১॥

বিড়ঙ্গাদ্যতৈলম্—

বিড়ঙ্গমরিচার্কেষু নাগরে চিত্রকে তথা। ভদ্রদার্ব্বেলকাখ্যেষু সর্ব্বেষু লবণেষু চ। তৈলং পক্বং পিবেদ্বাপি শ্লীপদানাং নিবৃত্তয়ে॥ ১২॥

বিড়ঙ্গাদিতৈলে।—ভদ্রদারু দেবদারু এলকাখ্যো হোগলা এলবালুকমিত্যন্যে। পেটিকেত্যপরে। বিড়ঙ্গাদীনাং কল্কং দ্রবং জলং চতুর্গুণং॥ ১২॥

ইতি শ্লীপদ-চিকিৎসা।

বিড়ঙ্গ, মরিচ, আকন্দ, শুঁঠ, চিতা, দেবদারু, হোগলা (মতান্তরে এলবালুকা) ও পঞ্চলবণ, এই সকল দ্রব্যের কল্ক ও চতুর্গুণ জলের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই তৈল পান করিলে শ্লীপদরোগের নিবৃত্তি হয়।

সৈন্ধবলবণ, বিড়লবণ, সৌবর্চ্চল-

লবণ, সমুদ্রলবণ ও উদ্ভিদ্ লবণ, ইহাদিগকে পঞ্চলবণ বলা যায় ॥ ১২ ॥

ইতি শ্লীপদ-চিকিৎসা।

অথ বিদ্রধি-চিকিৎসা।

জলৌকাপাতনং শস্তং সর্ব্বস্মিন্নেব বিদ্রধৌ। মৃদুর্ব্বিরেকো লঘ্বন্নং স্বেদঃ পিত্তোদ্ভবং বিনা ॥ ১ ॥

প্রাগুক্তসম্বাদাদেব বিদ্রধিচিকিৎস্যোচ্যতে জলৌকেত্যাদি।—মৃদুর্ব্বিরেক ইতি মৃদুর্ব্বিরেকো বহুধা কার্য্যঃ গম্ভীরধাতুগতদোষকৃতত্বাৎ বিদ্রধেরিতি বদন্তি ॥ ১ ॥

সর্ব্বপ্রকার বিদ্রধিরোগেই জলৌকা দ্বারা রক্তমোক্ষণ, মৃদুবিরেচন, লঘুপথ্য এবং পিত্তজনিত বিদ্রধি ব্যতীত স্বেদ প্রশস্ত ॥ ১ ॥

বাতঘ্নমূলকল্কৈস্তু বসাতৈলঘৃতপ্লুতৈঃ। সুখোষ্ণোবহুলো লেপঃ প্রয়োজ্যো বাতবিদ্রধৌ ॥ ২ ॥

বাতঘ্নেত্যাদি।—সুশ্রুতস্য। বাতঘ্নমূলং দশমূলং। বাতঘ্নস্থানে সুরঙ্গীতি পাঠে সুরঙ্গী শোভাঞ্জনকঃ ॥ ২ ॥

বাতিক বিদ্রধিরোগে যথোপযুক্ত পরিমাণ বসা, তৈল ও ঘৃতাপ্লুত বাতঘ্ন দশমূলের কল্ক ঈষদুষ্ণ করিয়া তদ্দ্বারা স্থূল প্রলেপ প্রদান করিবে ॥ ২ ॥

স্বেদোপনাহাঃ কর্ত্তব্যাঃ শিগ্রুমূলসমন্বিতাঃ। যবগোধূমমুদ্গৈশ্চ সিদ্ধপিষ্টৈঃ প্রলেপয়েৎ ॥ বিলীয়তে ক্ষণেনৈব অপক্কশ্চৈব বিদ্রধিঃ। পুনর্নবাদারুবিশ্বদশমূলাভয়াম্ভসা। গুগ্গুলুং রুবুতৈলং বা পিবেন্মারুতবিদ্রধৌ ॥৩॥

স্বেদেত্যাদি।—স্বেদোবেসবারাদিভিঃ। যদাহ সুশ্রুতঃ বেসবারৈঃ সকৃশরৈঃ পয়োভিঃ পায়সৈস্তথা। স্বেদয়েচ্চাপি সততমিতি। উপনাহোঽপি তত্রৈবোক্তঃ যথা আনূপৌদকমাংসস্তু কাকোল্যাদিসতর্পণঃ। স্নেহাম্লসিক্তোলবণঃ প্রযোজ্য উপনাহনে ইতি। সিদ্ধপিষ্টৈরিতি ঈষৎস্বিন্নপিষ্টৈঃ।

পুনর্নবেত্যাদৌ।—অম্ভসা কাথেন ॥ ৩ ॥

বিদ্রধিরোগে শজিনারমূল সমন্বিত বেসবারাদি দ্বারা স্বেদ ও উপানাহন করা কর্ত্তব্য। এবং যব, গোধূম ও মুগ, এই সকল দ্রব্য কিঞ্চিৎ সিদ্ধ ও পেষণ করিয়া প্রলেপন করিলে, অপক্ব বিদ্রধি তৎক্ষণাৎ বিলীন হইয়া যায়।

পুনর্নবা, দেবদারু, শুঁঠ, বিল্ব, শ্যোণা, পারুল, গণিয়ারী ও গাম্ভারীছাল এবং শালপানি, চাকলে, বৃহতী, কণ্টকারী, গোক্ষুর ও হরীতকী, এই সকল দ্রব্যের যথারীতি প্রস্তুত ক্বাথে এরণ্ডতৈল অথবা গুগ্গুলু প্রক্ষেপ করিয়া পান করিলে, বাতজ বিদ্রধি বিনষ্ট হইয়া থাকে ॥ ৩॥

পৈত্তিকেশর্করালাজামধুকৈঃ শারিবাযুতৈঃ। প্রদিহ্যাৎ ক্ষীরপিষ্টৈর্বাপয়স্যোশীরচন্দনৈঃ ॥ পিবেদ্বা ত্রিফলাকাথং ত্রিবৃৎকল্কাক্ষসংযুতং। পঞ্চবল্কলকল্কেন ঘৃতমিশ্রেণ লেপনং ॥ [illegible] সচন্দনৈঃ। ক্ষীরপিষ্টৈঃ প্রলেপস্তু পিত্তবিদ্রধিশান্তয়ে ॥ ৪ ॥

পৈত্তিক ইত্যাদি।—সুশ্রুতস্য। যোগদ্বয়েঽপি ক্ষীরেণ পেষণং শারিবা অনন্তমূলং। পয়স্যা ক্ষীরকাকোলী ॥ ৪ ॥

পৈত্তিক বিদ্রধিরোগে শর্করা, খৈ, যষ্টিমধু ও অনন্তমূল, এই সকল দ্রব্য দুগ্ধের সহিত পেষণ করিয়া প্রলেপ দিবে অথবা বেণারমূল (বীরণমূল), রক্তচন্দন ও ক্ষীরকাকোলী, এই সকল দ্রব্য দুগ্ধের সহিত পেষণ করিয়া যথোপযুক্ত মাত্রায় প্রলেপন করিবে।

ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) কাথে ২ দুই তোলা পরিমাণ

তেউড়ী কল্ক প্রক্ষেপ করিয়া পান করিলে অথবা বট, অশ্বত্থ, যজ্ঞডুম্বর, পাকুড় ও বকুল, এই সকল বৃক্ষের বল্কল পেষণ করিয়া ঘৃতের সহিত মিশ্রিত করতঃ প্রলেপ দিলে বিদ্রধিরোগ বিনষ্ট হয়।

যষ্টিমধু, অনন্তমূল, দূর্ব্বা, নলমূল ও রক্তচন্দন, এই সকল দ্রব্য যথোপযুক্ত মাত্রায় গ্রহণ পূর্ব্বক দুগ্ধের সহিত পেষণ করিয়া পৈত্তিক বিদ্রধিরোগ শান্ত্যর্থ প্রলেপন করিবে ॥ ৪ ॥

ইষ্টকাসিকতালোহগোশকৃত্তুষপাংশুভিঃ। মূত্রপিষ্টৈশ্চ সততং স্বেদয়েৎ শ্লেষ্মবিদ্রধিং ॥ ৫ ॥

ইষ্টকেত্যাদি।—সুশ্রুতস্য। অত্র মূত্রপিষ্টৈরিতি প্রমাদঃ পাঠঃ কিন্তু মূত্রৈরুষ্ণৈরিতি সুশ্রুতে পঠ্যতে অন্যে তু লৌহং লৌহচূর্ণং গোশকৃৎ গোময়ং এভিরিষ্টকচূর্ণাদিভির্মূত্রপিষ্টৈরেরণ্ডপত্রবদ্ধৈঃ স্বেদ ইতি ব্যাখ্যায় মূত্রপিষ্টৈরিতি পাঠমেব স্বীকুর্ব্বন্তি ॥ ৫ ॥

শ্লৈষ্মিক বিদ্রধিরোগে ইষ্টকচূর্ণ, লৌহচূর্ণ, বালুকা, গোময়, তুষ, ধূলা, এই সকল দ্রব্য গোমূত্রে পেষণ করিয়া এরণ্ডপত্র দ্বারা বেষ্টন করতঃ পুটুলী করিবে, পরে ঐ পুটুলী অগ্নিতে উত্তপ্ত করিয়া অথবা ঐ সকল দ্রব্য গোমূত্র সহ উষ্ণ করিয়া স্বেদ দিবে ॥ ৫ ॥

দশমূলীকষায়েণ সস্নেহেন রসেনবা। শোথং ব্রণং বা কোষ্ণেন সশূলং পরিষেচয়েৎ ॥ ত্রিফলাশিগ্রুবরুণদশমূলাম্ভসা পিবেৎ। গুগ্গুলুং মূত্রযুক্তং বা বিদ্রধৌ কফসম্ভবে ॥ ৬ ॥

দশমূলীত্যাদৌ।—সস্নেহেনেতি পূর্ব্বেণ পরেণ চ সম্বধ্যতে। রসেন মাংসরসেন ॥ ৬ ॥

বিল্ব, শ্যোণা, পারুল, গাম্ভারী ও গণিয়ারী ছাল এবং শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, ইহাদিগের ক্বাথে তৈল কিম্বা ঘৃত মিশ্রিত করতঃ উষ্ণ করিয়া অথবা মাংস রসের সহিত স্নেহ (তৈল বা ঘৃত) মিশ্রিত করতঃ উষ্ণ করিয়া সশূল শোথ ও ব্রণস্থানে সেচন করিবে।

কফপ্রধান বিদ্রধিরোগে ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), শজিনা, বরুণবৃক্ষের ছাল ও দশমূলের (১) ক্বাথে গোমূত্র অথবা গুগ্গুলু মিশ্রিত করিয়া পান করিবে ॥ ৬ ॥

পিত্তবিদ্রধিবৎ সর্ব্বাং ক্রিয়াং নিরবশেষতঃ। বিদ্রধ্যোঃ কুশলঃ কুর্য্যাদ্রক্তাগন্তুনিমিত্তয়োঃ ॥ শোভাঞ্জনকনির্য্যূহো হিঙ্গুসৈন্ধবসংযুতঃ। অচিরাদ্বিদ্রধীন্ হন্তি প্রাতঃ প্রাতর্নিষেবিতঃ ॥ ৭ ॥

পিত্তেত্যাদি।—সুশ্রুতস্য। বিপুলবচনস্যাপি সর্ব্বশব্দস্য দৃষ্টত্বাৎ পুনর্নিরবশেষত ইত্যুক্তং কৃৎস্নলেপাদি বিধ্যতিদেশার্থং ॥ ৭ ॥

বিচক্ষণ চিকিৎসক রক্তজন্য আগন্তুক বিদ্রধিরোগে পিত্তবিদ্রধিবিহিত সমস্ত ক্রিয়া আচরণ করিবেন।

শজিনা বল্কল দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। উক্ত ক্বাথের সহিত হিঙ্গু ও সৈন্ধব সংযুক্ত করিয়া প্রাতঃকালে পান করিবে। ইহাদ্বারা অচিরে বিদ্রধিরোগ বিনষ্ট হয় ॥ ৭ ॥

শিগ্রুমূলং জলে ধৌতং দরপিষ্টং প্রগালয়েৎ। তদ্রসং মধুনা পীত্বা হন্ত্যন্তর্বিদ্রধিং নরঃ ॥ শ্বেতবর্ষাভুবো মূলং মূলং বরুণকস্য চ। জলেন ক্বথিতং পীতমপক্বং বিদ্রধিং জয়েৎ ॥ ৮ ॥

শিগ্রুমূলমিত্যাদৌ।—দরপিষ্টমীষৎপিষ্টং ॥ ৮ ॥

(১) বিল্বশ্যোণাকগাম্ভারীপাটলাগণিকারিকা-শালপর্ণীপৃশ্নিপর্ণীবৃহতীদ্বয়গোক্ষুরম্।

শজিনার মূল জলে উত্তমরূপ ধৌত করিয়া কিঞ্চিৎ পেষণ করতঃ বস্ত্রপূত করিয়া লইবে। এই রস মধুর সহিত যথোপযুক্ত মাত্রায় পান করিলে অন্তর্ব্বিদ্রধিরোগ বিনষ্ট হয়।

শ্বেতপুনর্নবা ও বরুণমূল দুই তোলা গ্রহণপূর্ব্বক কুট্টিত করতঃ যথোক্ত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিয়া পান করিলে অপক্ক বিদ্রধি বিনষ্ট হয় ॥ ৮ ॥

বরুণাদিগণক্বাথমপক্কেঽন্তর্বিদ্রধি- তে। ঊষকাদি প্রতীবাপং পিবেৎ সংশমনায় বৈ ॥ শময়তি পাঠামূলং ক্ষৌদ্রযুক্তং তণ্ডুলাম্বুনা পীতং। অন্তর্ভূতবিদ্রধিমুগ্রং [illegible]শ্বৈব মনুজস্য চ ॥ অপক্কেত্বেতদুদ্দিষ্টং পক্কেতু ব্রণবৎ ক্রিয়া। স্রুতেপ্যূর্দ্ধমধশ্চৈব মৈরেয়াম্লসুরাসবৈঃ। পেয়োবরুণাদিকস্তু মধুশিগ্রুরসোথবা ॥ ৯ ॥

বরুণেত্যাদি।—সুশ্রুতস্য। বরুণাদূাষকাদিগণৌ সৌশ্রুতৌ। স্রুত ইত্যাদি।—সুশ্রুতস্য। ঊর্দ্ধস্রবতামপি কদাচিচ্চিকিৎসাসাধ্যতা চিকিৎসাভিধানাদনুমন্তব্যা। মধুশিগ্রু ইতি রক্তশোভাঞ্জনবৃক্ষস্য মূলং। মৈরেয়ং মদ্যবিশেষং। অম্লং কাঞ্জিকং ॥ ৯ ॥

অপক্ক অন্তর্ব্বিদ্রধিরোগ সংশমনার্থ সুশ্রুতোক্ত বরুণাদিগণের ক্বাথে ঊষকাদিগণের (২) কল্ক প্রক্ষেপ করিয়া পান করিবে।

আকনাদি মূলের কল্ক মধুসংযুক্ত করিয়া তণ্ডুলোদকের সহিত পান করিলে উদ্ধৃত অন্তর্গত বিদ্রধিরোগ নিশ্চয় প্রশমিত হয়।

বিদ্রধির অপক্কাবস্থায় পূর্ব্বোক্ত ঔষধাদি আচরন করিবে, কিন্তু অন্তর্গত বিদ্রধি পক্ক হইলে ব্রণবৎ চিকিৎসা করিবে। যখন ঊর্দ্ধ বা অধোদেশদ্বারা রক্ত ও পূয়াদি স্রাব হইতে থাকে তখন পৌষ্টিকসুরা, কাঞ্জিক, সুরা, আসব প্রভৃতির সহিত বরুণাদিগণের কিম্বা রক্তশজিনার ক্বাথ পান করিবে ॥ ৯ ॥

প্রিয়ঙ্গুধাতকীলোধ্রং কটফলন্তিলিশত্বচং। এতৈস্তৈলং বিপক্তব্যং বিদ্রধৌ রোপণং পরং ॥ ১০ ॥

প্রিয়ঙ্গ্বিত্যাদি।—সুশ্রুতস্য। তিলিশোঽত্তিমুক্তকঃ। ত্বচমিতি নির্দ্দেশাত্ত্বচশব্দোঽপি নপুংসকলিঙ্গোঽকারান্তোঽস্তীতি গম্যতে। চক্রটে তু তিলিশং ধবমিতি পাঠোদৃশ্যতে। তিলিসৈন্ধবমিতি পাঠান্তরে তিলিস্তিলিশ এব। প্রিয়ঙ্গ্বাদিভিঃ কল্কদ্রব্যং জলং চতুর্গুণং এতচ্চ তৈলং নক্তভবিদ্রধৌ সুশ্রুতে পঠ্যতে ॥ ১০ ॥

ইতি বিদ্রধি-চিকিৎসা।

প্রিয়ঙ্গু, ধাইফুল, লোধ, কটফল, তিলিশ বৃক্ষের ছাল, এই সকল দ্রব্যের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। ইহা বিদ্রধি রোগের শ্রেষ্ঠরোপক ॥ ১০ ॥

ইতি বিদ্রধিচিকিৎসা।

অথ ব্রণশোথ-চিকিৎসা।

আদৌ বিম্লাপনং কুর্য্যাদ্বিতীয়মবসেচনং। তৃতীয়মুপনাহঞ্চ চতুর্থীং পাটনক্রিয়াং। পঞ্চমং শোধনঞ্চৈব ষষ্ঠং রোপণমিষ্যতে। এতে ক্রমা ব্রণস্যোক্তাঃ সপ্তমো বৈকৃতাপহঃ ॥ ১ ॥

বিদ্রধ্যুক্তসম্বাদাৎ প্রায়েণ তুল্যোপক্রমত্বাচ্চানন্তরং ব্রণশোথচিকিৎসামাহ। আদৌ বিম্লা-

(২) বরুণত্বক, নীলঝিন্টী, শজিনা, জয়ন্তী, মেষশৃঙ্গী, পূতিকা (করঞ্জ), নাটাকরঞ্জ, মোরটা (মূর্ব্বালতা), অগ্নিমন্থ (গণারী), ঝিন্টী, রক্তঝিন্টী, আকন্দ, গজপিপুল, রক্তচিতা, শতমূলী, বিল্ব, অজশৃঙ্গী, দর্ভ, কুশ, বৃহতী (ব্যাকুড়), কন্টকারী; ইহাদিগকে বরুণাদিগণ বলা যায়।

ক্ষারস্বত্তিকা, সৈন্ধব, শিলাজতু, কাশীশদ্বয় (দুই প্রকার হীরাকস), হিঙ্গু ও তুঁতে; ইহাদিগকে ঊষকাদিগণ বলা যায়।

মস্তুটাদিমর্দ্দনমাত্রে পরিভাষিতং। কিন্তু বিম্লাপ্যতেঽনেনেতি ব্যুৎপত্ত্যা বহিঃ পরিমার্জ্জনরূপে শমনে শোথবিলয়নকরপ্রলেপপরিষেকাভ্যঙ্গাদাবপি বর্ত্ততে। অবসেচনমপি শোধনরূপেঽন্তঃপরিমার্জ্জনে বিরেকবমনরক্তমোক্ষণাদৌ চ বর্ত্ততে। উপনাহোঽপি স্বেদে পাচনপিণ্ডে চ বর্ত্ততে এবমপরেঽপ্যুপক্রমাঃ। বিম্লাপনাদয়োঽভাবিব্রণবিষয়াঃ প্রয়োজকতয়া ব্রণস্যোক্তাঃ ॥১॥

ব্রণশোথরোগে প্রথমতঃ বিম্লাপন; দ্বিতীয়তঃ অবসেচন; তৃতীয় প্রলেপন; চতুর্থ পাটন ক্রিয়া; পঞ্চম শোধন; ষষ্ঠ রোপণ; সপ্তম [illegible]; এই সপ্ত প্রকার প্রক্রিয়াদ্বারা ব্রণশোথের চিকিৎসা করিবে ॥ ১ ॥

মাতুলুঙ্গাগ্নিমন্থৌচ ভদ্রদারুমহৌষধং।
অহিংস্রাচৈব রাস্না চ প্রলেপোবাতশোথহা ॥ ২ ॥

মাতুলুঙ্গেত্যাদি।—সুশ্রুতস্য। মাতুলুঙ্গস্য মূলং অহিংস্রা কুড়করানি কালাকড়াভেদঃ ॥২॥

ছোলঙ্গলেবুর (টাবালেবু) মূল, গণিয়ারী, দেবদারু, শুঁঠ, কালিয়াকড়া ও রাস্না, এই সকল দ্রব্য পেষণ করিয়া প্রলেপ দিলে বাতিকব্রণশোথ রোগ নষ্ট হয় ॥ ২ ॥

কল্কঃ কাঞ্জিকসংপিষ্টঃ স্নিগ্ধঃ শাখোটকত্বচঃ। সুপর্ণইবনাগানাং বাতশোথবিনাশনঃ ॥ দূর্ব্বা চ নলমূলঞ্চ মধুকং চন্দনং তথা। শীতলাশ্চগণাঃ সর্ব্বে প্রলেপঃ পিত্তশোথহা ॥ ন্যগ্রোধোডুম্বরাশ্বত্থপ্লক্ষবেতসবল্কলৈঃ। সসর্পিষ্কৈঃ প্রলেপঃ স্যাচ্ছোথনির্ব্বাপণং স্মৃতঃ। আগন্তৌ শোণিতোত্থে চ ত্রয এবক্রিয়াক্রমঃ ॥ ৩ ॥

কল্ক ইত্যাদৌ।—স্নিগ্ধ ইতি ঘৃতেন। শীতলাশ্চ গণ ইতি কাকোল্যাদ্যুৎপলাদিন্যগ্রোধাদয়শ্চ সৌশ্রুতাঃ। শোথনির্ব্বাপণ ইতি শোথশমন ইতি। ত্রয় এবেতি পৈত্তিকব্রণশোথবিহিতঃ ॥ ৩ ॥

সেওয়ার বল্কল কাঞ্জিক সহিত পেষণ ও ঘৃত মিশ্রিত করতঃ লেপন করিলে গরুড় পীড়িত সর্পকুলের ন্যায় বাতজ ব্রণ-শোথ নষ্ট হয়।

দূর্ব্বা, নলমূল, যষ্টিমধু, রক্তচন্দন এবং সুশ্রুতোক্ত কাকোল্যাদিগণ, (১) উৎপলাদিগণ ও ন্যগ্রোধাদি প্রভৃতি শীতলগণ সকলের প্রলেপ দিলে পৈত্তিক ব্রণশোথরোগ বিনষ্ট হয়।

বট, যজ্ঞডুম্বর, অশ্বত্থ, পাকুড় ও বেতস, এই পঞ্চবৃক্ষের বল্কল পেষণ করিয়া ঘৃত সহযোগে প্রলেপ দিলে ব্রণশোথরোগের নিবৃত্তি হয়।

আগন্তুক ও রক্তজন্য ব্রণশোথরোগেও পিত্তব্রণশোথবৎ ক্রম অবলম্বন করিবে ॥ ৩ ॥

অজগন্ধাশ্বগন্ধা চ কালাসরলয়া সহ।
একেশিকাজশৃঙ্গী চ প্রলেপঃ শ্লেষ্মশোথহা ॥ পুনর্নবা[illegible]মহৌষধৈঃ। কফবাতকৃতে শোথে লেপঃ কোষ্ণো বিধীয়তে ॥ ৪ ॥

অজগন্ধেত্যাদি।—অজগন্ধা ছাগলগন্ধা ইতি ভানুমতিঃ। অন্যে ক্ষেত্রযমানিকেত্যাহুঃ। কালা

(১) কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক (অভাবে বংশলোচন ব্যবহৃত হইয়া থাকে), মুদ্গপর্ণী (মুগানী), মাষপর্ণী (মাসানী), মেদা, মহামেদা (মেদা অভাবে অশ্বগন্ধা এবং মহামেদার অভাবে শ্যামালতা ব্যবহার করিয়া থাকেন), গুলঞ্চ, কাকড়াশৃঙ্গী, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ডরিয়াবৃক্ষ, ঋদ্ধি (অভাবে বলা ব্যবহৃত হয়), বৃদ্ধি (অভাবে বলা ব্যবহৃত হইয়া থাকে), দ্রাক্ষা (কিস্‌মিস্‌), জীরা, কৃষ্ণজীরা, যষ্টিমধু; ইহাদিগকে কাকোল্যাদিগণ বলিয়া থাকেন।

বট, যজ্ঞডুম্বুর, অশ্বথ, প্লক্ষ (পাঁকুর), মধুক (মউয়াফুল), কপীতন (আমড়া), অর্জ্জুনবৃক্ষ, আম্র, কোষাম্র (ক্যাওড়া), চোরক (গন্ধদ্রব্য বিশেষ), তেজপত্র, জম্বুফল, বনজম্বু, পিয়াল, যষ্টিমধু, কটকী, বকুল, কদম্ব, বদরী, গাব, শল্লকী (শালবৃক্ষ), লোধ, সাবরলোধ, ভেলা, পলাশ, নন্দীবৃক্ষ; এই সমস্ত দ্রব্যকে ন্যগ্রোধাদিগণ বলিয়া থাকেন।

অহিংস্রা কালাকোড়ভেদঃ। সরলা সরল এব একেশিকা ত্রিবৃদিতি ভানুমতিঃ। অন্যে তু সরলা ত্রিবৃৎ একেশিকা পাঠেত্যাহুঃ। অজশৃঙ্গী কর্কটশৃঙ্গীতি ভানুমতিশ্চন্দ্রিকা চ ॥ ৪ ॥

অজগন্ধা, অশ্বগন্ধা, কুলেখাড়া, সরলকাষ্ঠ, ভেউড়ী, কাকড়াশৃঙ্গী ; এই সকল দ্রব্য পেষণ করিয়া প্রলেপ দিলে শ্লেষ্মজন্য ব্রণশোথরোগ বিনষ্ট হয়।

পুনর্নবা, দেবদারু, শজিনা, দশমূল ও শুঁঠ ; এই সকল দ্রব্য পেষণ ও কিঞ্চিৎ উষ্ণ করিয়া প্রলেপ দিলে কফবাতজন্য ব্রণশোথরোগ বিনষ্ট হয়।

দশমূল যথা,—বেলছাল, শ্যোণাছাল, গাম্ভারীছাল, পারুলছাল, গণিয়ারীছাল, শালপাণি (ছালানি), চাকলে, বৃহতী (ব্যাকুড়), কন্টকারী ও গোক্ষুর ॥ ৪ ॥

ন রাত্রৌ লেপনং দদ্যাদ্দত্তঞ্চ পতিতন্তথা। ন চ পর্য্যুষিতং শুষ্যমাণন্নৈব বধারয়েৎ ॥ ৫ ॥

নরাত্রাবিত্যাদি।—ন রাত্রৌ লেপনং দদ্যাদিত্যাদিনা নিষেধবিধ্যুপদর্শনং রাত্রৌ ন সর্ব্বথা লেপস্য নিষেধার্থং লেপনিষেধেন প্রদেহাদিবিধানং রাত্রাবপি সূচ্যতে। তেন যঃ প্রদেহো বাতকফনিষয়ঃ স রাত্রাবপিদেয়োঽবিরুদ্ধত্বাৎ পাচনং লেপনন্তু পাচকত্বাদেব দাতব্যং। তথা পিত্তজে বাতপিত্তজে চ শতধৌতঘৃতাভ্যঙ্গং তথা ক্ষীরশীতজলাদিসেকশ্চ নির্ব্বাপণতয়া দীয়ত এব তথা ব্রণকস্ফোটাদ্যহোরাত্রাবস্থায়ী নস্ফোহি তত্রৈব উক্তঞ্চ বৈতরণে।—সর্ব্বশস্তু নিশাং প্রাপ্য লেপনন্তু নিবর্ত্তয়েৎ। ক্ষীরসর্পিঃপ্রলেপস্তু কিম্বা প্রচ্ছাদনন্তথেতি। রাত্রৌ লেপদানে পুনঃ সুশ্রুতে দোষ উক্তঃ যথা ন চালেপং রাত্রৌ প্রযুঞ্জীত মাভূচ্ছৈত্যাপিহিতোষ্মণস্তদনির্গমাদ্বিকারপ্রবৃত্তিরিতি। প্রলেপপ্রদেহয়োস্তু ভেদঃ সুশ্রুতেন দর্শিতো যথা প্রলেপঃ শীতস্তনুরবিশোষী বিশোষী চ। প্রদেহস্তুষ্ণঃ শীতোবা বহলোবহুরবিশোষী চ। বহল ইতি আর্দ্রমহিষচর্ম্মোৎসেধঃ প্রলেপঃ। প্রদেহস্তু প্রলেপাপেক্ষয়া বহুলঃ। শোথেলেপশ্চ লোমাভিমুখং দেয়ঃ। যদাহ সুশ্রুতঃ তত্র প্রতিলোমমালিম্পেৎ ন চানুলোমং প্রতিলোমে হি সম্যগৌষধমবতিষ্ঠতে অনু প্রবিশতি চ লোমকূপান্ স্বেদবাহিভিঃ শিরামুখৈ র্বীর্য্যং প্রাপ্নোতি। প্রতিলোমমিতি লোমাভিমুখং। ন চ নৈবেতি।—প্রতিষেধদ্বয়েন অবধীরয়েদিত্যর্থঃ অবধীরণঞ্চ দূরীকরণং তস্মাত্তত্রেঽপ্যুক্তং লেপশ্চোপরি ত্যু দাতব্যো ন যাবচ্ছুষ্কতাং ব্রজেৎ। শুষ্কবাস্ত ভবেচ্ছুষ্কো ভূয়োদোষং করোতি স ইতি ॥ ৫ ॥

রাত্রিকালে প্রলেপ দিবে না এবং প্রদত্ত প্রলেপ পতিত হইলে পুনঃ তদ্দারা অথবা প্রলেপন দ্রব্য পর্য্যুষিত কিম্বা প্রলেপ শুষ্ক হইলে তাহা ব্যবহার করিবে না ॥ ৫ ॥

শুষ্যমাণমুপেক্ষেত প্রদেহং পীড়নং প্রতি। ন সম্পিন্নুখমালিম্পেত্তেন দোষঃ প্রসিচ্যতে ॥ ৬ ॥

তস্যৈবাপবাদমাহ।—শুষ্যমাণমিত্যাদি। উপেক্ষেতেতি যাবচ্ছুষ্কতাং প্রয়াতি তাবন্ন দূরীকুর্য্যাদিত্যর্থঃ। পীড়নং প্রতীতি ব্রণপীড়নমুদ্দিশ্য যো লেপ ইত্যর্থঃ ব্রণপীড়নলেপস্তু স এব শুষ্কঃ সন্ ব্রণমুখং পীড়য়িত্বা পূয়ং স্রাবয়তি ॥ ৬ ॥

ব্রণস্ফোটনার্থ যে প্রলেপ দিবে তাহা শুষ্ক হইলেও পরিত্যাগ করিবে না। ব্রণশোথে প্রলেপ দিতে হইলে ব্রণের মুখে লেপন করিবে না যেহেতু ব্রণ স্ফুটিত হইয়া মুখদ্বারাই দোষ সমূহ (পূঁযরক্তাদি) নির্গত হইয়া থাকে ॥ ৬ ॥

স্থিরান্মন্দরুজঃ শোথান্ স্নেহৈর্বাতকফাপহৈঃ। অভ্যজ্য স্বেদয়িত্বা চ বেণুনাড্যা ততঃ শনৈঃ। বিম্লাপনার্থং মৃদ্নীয়াত্তলেনাঙ্গুষ্ঠকেন বা ॥ রক্তাবসেচনং কুর্য্যাদাদাবেব বিচক্ষণঃ ॥ শোথে মহতি সংবদ্ধে বেদনাবতি চ ব্রণে। নিবারণায় পাকস্য বেদনোপশমায়চ ॥ অচিরোৎপতিতে শোথে কার্য্যং শোণিতমোক্ষণং। যো ন যাতি শমং লেপস্বেদসেকাবমর্দনৈঃ ॥ সোপিনাশং ব্রজত্যাশু শোথঃ শোণিতমোক্ষণাৎ। একতশ্চক্রিয়াঃসর্ব্বাঃ

রক্তমোক্ষণমেকতঃ ॥ রক্তং হি ব্যম্লতাং যাতি তচ্চ নাস্তি ন যাস্তিরুক্। সচেদেবমুপাক্রান্তঃ শোথো ন প্রশমং ব্রজেৎ। তস্যোপনাহৈঃ পক্বস্য পাটনং হিতমুচ্যতে ॥ ৭ ॥

কঠিনশোথে পারিভাষিকবিম্লাপনমাহ স্থিরানিত্যাদি।—বেণুনাড্যা বেণুদণ্ডেন, তলেন করতলেন। আদাবেবেতি উৎপন্নমাত্রে সুশ্রুতেঽপ্যুক্তং অচিরোৎপন্নে তু শোথে কার্য্যং শোণিতমোক্ষণমিতি। শোথ ইতি ব্রণপূর্ব্বশোথে। সংবন্ধে সশোথে এতচ্চব্রণ ইত্যনেন যোজ্যং। শোথ ইত্যুক্ত্বাপি পুনঃ সংবন্ধ ইতি বচনং তাদৃশশোথে ব্রণে বিশেষে চ রক্তস্রাববিধানার্থং। সুশ্রুতেঽপ্যুক্তং সশোথে কঠিনে চামে সরক্তে বেদনাবতি। সংবন্ধে বিষমে বাপি ব্রণে বিস্রাবণং হিতমিতি। সবিষে চ বিশেষেণ জলৌকাভিঃ পদৈস্তথা। অন্যে পচ্যমানাবস্থং ব্রণবিষয়কমিদং। উপক্রমান্তরাপেক্ষয়া রক্তমোক্ষণস্য প্রাকর্ম্মামাহ যো ন যাতীত্যাদি।—তস্যোপনাহৈরিতি সোকবস্তুলসবন্ধলেপৈঃ। পক্বস্য পাটনমিতি পাটনৌষধৈঃ শস্ত্রৈর্ব্বা ॥ ৭ ॥

অল্প বেদান্বিত ও কঠিন ব্রণশোথে বাত ও কফনাশক স্নেহাভ্যঞ্জন করিয়া পরে স্বেদ প্রদান করতঃ বংশখণ্ড অথবা অঙ্গুষ্ঠ ও করতল পরস্পর সংঘর্ষণ করিয়া তদ্দ্বারা বিম্লাপনার্থ অল্পাল্প মর্দ্দন করিবে।

বিচক্ষণ বৈদ্য ব্রণশোথ উৎপন্ন মাত্রেই প্রথমতঃ রক্তমোক্ষণ করিবে, এইরূপ করিলে ব্রণশোথের নিবৃত্তি হয়।

অচিরোৎপন্ন ব্রণশোথে অত্যন্ত স্ফীততা ও বেদনা থাকিলে পাক নিবারণার্থ ও বেদনা উপশমের জন্য রক্তমোক্ষণ করিবে। এবং যে ব্রণশোথ প্রলেপ, স্বেদ, সেক ও অপতর্পণে প্রশান্ত না হয়, রক্তমোক্ষণ করিলে সেই ব্রণ আশু বিনষ্ট হইয়া থাকে।

ব্রণশোথরোগে এক দিকে স্বেদ প্রলেপাদি সমুদয় ঔষধ এবং অপর দিগে রক্তমোক্ষণ। রক্তের বিকৃতি হইলেই ব্রণরোগ জন্মে সুতরাং সেই সকল বিকৃতিরক্ত মোক্ষণ করিলে রোগেরও নিবৃত্তি হইয়া থাকে।

ব্রণশোথ চিকিৎসায় যে সকল প্রক্রিয়া কথিত হইয়াছে সেই সকল প্রক্রিয়াদ্বারা ও যদি ব্রণরোগের শান্তি না হয় তাহা হইলে উপনাহন অর্থাৎ প্রলেপাদিদ্বারা ব্রণপাকাইয়া পাটন করা কর্ত্তব্য ॥ ৭ ॥

তৈলেন সর্পিষা বাপি তাভ্যাং বা শক্তুপিণ্ডিকা। সুখোষ্ণা শোথপাকার্থমুপনাহঃ প্রশস্যতে ॥ ৮ ॥

তানেবোপনাহানাহ তৈলেনেত্যাদি।—তৈলেন বাতে কফে চ সর্পিষা পিত্তে রক্তে চ তাভ্যামেবেতি তৈলসর্পির্ভ্যাং মিলিতাভ্যাং চতুর্থেবেতি দোষভেদেন বিকল্পেন জ্ঞেয় ইত্যাহুঃ ॥ ৮ ॥

বাতিকব্রণে তৈলদ্বারা, কফজন্য ব্রণে ঘৃতদ্বারা, পৈত্তিক ও রক্তজ ব্রণে তৈল ও ঘৃত এই উভয় মিশ্রিত শক্তুপিণ্ডিকা উষ্ণ করতঃ ব্রণ[illegible] প্রলেপন করিবে ॥ ৮ ॥

সতিলা সাতসীবীজা দধ্যম্লা শক্তুপিণ্ডিকা। সকিণ্বকুষ্ঠলবণা শস্তা স্যাদুপনাহনে ॥ বালবৃদ্ধাসহক্ষীণভীরূণাং যোষিতামপি। মর্ম্মোপরি চ জাতেতু পক্বে শোথে চ দারুণং ॥ গবাং দন্তং জলেঘৃষ্টং বিন্দুমাত্রং প্রলেপনাৎ। অত্যর্থং কঠিনে চাপি শোথে পাচনভেদনং ॥ কটুতৈলান্বিতৈর্লেপাৎ সর্পনির্ম্মোকভস্মভিঃ। চয়ঃ শাম্যতি গণ্ডস্য প্রকোপঃ স্ফুটতি দ্রুতং ॥ ৯ ॥

সতিলেত্যাদৌ—কিণ্বং সুরাবীজং। চয় ইত্যুপচয়ঃ। গণ্ডস্য ব্রণস্য। প্রকোপ ইতি প্রকোপহেতুঃ পূযরূপদোষঃ ॥ ৯ ॥

তিল, তিসী, অম্লদধি, যবশক্তু, সুরাবীজ, কুড় ও সৈন্ধবলবণ, এই সকল

দ্রব্য মিশ্রিত শক্তুপিণ্ডিকা দ্বারা ব্রণশোথে প্রলেপন করিবে।

বালক, বৃদ্ধ, অসহিষ্ণু ক্ষীণ, ভয়াতুর ও স্ত্রীদিগের কিম্বা মর্ম্মস্থান জাত পক্ক ব্রণ অস্ত্রদ্বারা ছেদন করিবে না। উহা ঔষধদ্বারা বিদীর্ণ করাই কর্ত্তব্য। অতি কঠিন ব্রণশোথেও গোদন্ত ঘর্ষণ করিয়া বিন্দুমাত্র প্রলেপন করিলে তাহা পরিপক্ক হইয়া বিদীর্ণ হয়।

সর্পের খোলস দগ্ধ করিয়া সেই ভস্ম কটুতৈলসহ ব্রণোপরি লেপন করিলে ব্রণশোথ বর্দ্ধিত হইতে পারে না। এবং বিদীর্ণ ও পূঁযরূপ দোষ সকল আশু নির্গত হইয়া থাকে ॥ ৯ ॥

চিরবিল্বাগ্নিকৌ দন্তী চিত্রকো হয়মারকঃ। কপোতকঙ্কগৃধ্রাণাং পুরীষানি চ দারণং। ক্ষারদ্রব্যাণি বা যানি ক্ষারোবা দারুণঃ পরঃ ॥ ১০ ॥

চিরবিল্বেত্যাদি।—সুশ্রুতস্য। চিরবিল্বো-বৃহৎকরঞ্জঃ; অগ্নিকোলাঙ্গলী হয়মারকঃ করবীরঃ এষাং মুলং বৃদ্ধবাভটসম্বাদাৎ এতেন চিরবিল্বাদয়োব্যস্তাঃ সমস্তা বা যোজ্যাঃ এতৎ সর্ব্বং দারণং সুকুমারবিষয়েনৈবোক্তং অসুকুমারবিষয়স্তু শস্ত্রমেবেতি যথা সুপক্কে পিণ্ডিতে শোথে পীড়নৈরুপপীড়িতে। দারুণং দারণার্হস্য সুকুমারস্য শেষ্যতে। গুগ্গুল্বসীতগোদন্তস্বর্ণক্ষীরীকপোতবিট্। ক্ষারৌষধানি ক্ষারাশ্চ পক্কশোথপ্রভেদন ইতি। তথা চরকেঽপি উমাথ গুগ্গুলুঃ সৌধং পয়োদক্ষকপোতয়োঃ। বিট্‌পলাশভবক্ষারো হেমক্ষীরীমুকুলকঃ। ইত্যুক্তো ভেষজগণঃ পক্কশোথপ্রভেদনঃ। সুকুমারস্য কৃচ্ছ্রস্য শস্ত্রস্তু পরমুচ্যতে। অত্র সুকুমারস্যেতি পূর্ব্বেণ সম্বধ্যতে কৃচ্ছ্রস্যেত্যত্র চ সুকুমারস্য। শস্ত্রং পরং ভেদন ইতি সম্বন্ধ ইতি দীপিকা চ। তস্মাৎ ক্ষারদ্রব্যং ক্ষারশ্চ সুকুমারবিষয়ে জ্ঞেয়ঃ। ১০।

ডহরকরঞ্জা, বিষলাঙ্গলীয়া ও করবীর মূল, দন্তী, চিতারমূল এবং কপোত, কঙ্কপক্ষী (হাড়গিলা) ও গৃধিনীর বিষ্ঠা; এই সকল একত্র অথবা পৃথক্ পৃথক্ পেষণ করিয়া প্রলেপ দিলে ব্রণ বিদীর্ণ হয়।

যত প্রকার ক্ষার দ্রব্য এবং ক্ষার আছে তৎসমুদায়দ্বারা প্রলেপ দিলেও ব্রণ স্ফুটিত হয় ॥ ১০ ॥

দ্রব্যানাং পিচ্ছিলানান্তু ত্বঙ্মুলানি নিপীড়নম্। যবগোধূমমাষাণাং চূর্ণানি চ সমাসতঃ। ততঃ প্রক্ষালনং ক্বাথঃ পটোলনিম্বপত্রজঃ ॥ অবিশুদ্ধে বিশুদ্ধে চ ন্যগ্রোধাদিত্বগুদ্ভবঃ। পঞ্চমূলদ্বয়ং বাতে ন্যগ্রোধাদিশ্চ পৈত্তিকে। আরগ্বধাদিকো যোজ্যঃ কফজে সর্ব্বকর্ম্মসু ॥ ১১ ॥

পীড়নদ্রব্যাণ্যাহ দ্রব্যাণামিত্যাদি।—পিচ্ছিলানামিতি শেলুশাল্মলীপ্রভৃতীনাং ইদঞ্চ পীড়নং মর্ম্মাদিসমীপস্থসূক্ষ্মমুখব্রণবিষয়ং জ্ঞেয়ং। উক্তং হি বাভটে পূযগর্ভানণুদ্বারান্ সোৎসঙ্গান্ মর্ম্মগানপি। নিঃস্নেহৈঃ পীড়নদ্রব্যৈঃ সমন্তাৎ পরিপীড়য়েদিতি। পটোলীপত্রং পটোলপত্রমেব। অবিশুদ্ধ ইতি চ্ছেদঃ ॥ ১১ ॥

চালিতা, শাল্মলী প্রভৃতি পিচ্ছিল দ্রব্যের ত্বক্ ও মূল পেষণ করিয়া ব্রণে লেপন করিলে ব্রণ বিদীর্ণ হয়।

ব্রণশোথে যব, গোধূম ও মাষকলাই, ইহাদিগের চূর্ণ একত্র করিয়া ব্রণে লেপন করিবে এবং ব্রণ অবিশুদ্ধ থাকিলে পটোল ও নিম্বপত্রের ক্বাথদ্বারা ধৌত করিবে।

বিশুদ্ধ ব্রণশোথ ন্যগ্রোধাদিগণের ক্বাথে প্রক্ষালন করিবে। বাতজ হইলে দশমূলের ক্বাথে, পিত্তজ হইলে ন্যগ্রোধাদিগণের ক্বাথে এবং কফজ হইলে আরগ্বধাদিগণের ক্বাথে আলেপন প্রক্ষালণাদি করিবে ॥ ১১॥ (২)

---

(২) আরগ্বধ (সোঁদাল), মদনফল (ময়নাফল), গোপঘণ্টা (সেয়াকুল), কুটজ (কুড়চি), পাঠা (আকনদ বা আকান্দী), কণ্টকী (গোক্ষুর), পা-

তিলাষ্টকঃ—

তিলকল্কঃ সলবণো দ্বে হরিদ্রে ত্রিবৃদ্‌ঘৃতং। মধুকং নিম্বপত্রাণি লেপঃ স্যাদ্‌ব্রণশোধনঃ॥ ১২॥

তিলকল্ক ইত্যাদি।—বচমংশাষ্টঃ॥ ১২॥

তিলকল্ক, সৈন্ধবলবণ, হরিদ্রা, দারুহরিদ্রা, তেউড়ী, ঘৃত, যষ্টিমধু ও নিম্বপত্র, এই সকল দ্রব্য লেপন করিলে ব্রণ শোধিত হয়॥ ১২॥

নিম্বপত্রং তিলাদন্তী ত্রিবৃৎ সৈন্ধবমাক্ষিকৈঃ। দুষ্টব্রণপ্রশমনো লেপঃ শোধনকেশরী। একং বা শারিবামূলং [illegible]॥ পটোলং তিলযষ্ট্যাহ্ব ত্রিবৃদ্দন্তী নিশাদ্বয়ং। নিম্বপত্রাণি চালেপঃ সপটুর্ব্রণশোধনঃ॥ ১৩॥

নিম্বপত্র, তিল, দন্তী, তেউড়ী, সৈন্ধব ও মধু, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া দুষ্ট ব্রণে প্রলেপন করিবে। ইহা দুষ্টব্রণ প্রশমক ও শোধক।

এক মাত্র অনন্তমূল পেষণ করিয়া প্রলেপন করিলে সর্ব্ববিধ ব্রণই শোধিত হইয়া থাকে।

পলোটপত্র, তিল, যষ্টিমধু, তেউড়ী, দন্তী, হরিদ্রা, দারুহরিদ্রা, নিম্বপত্র ও সৈন্ধবলবণ, এই সকল দ্রব্য যথোক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া দুষ্ট ব্রণে লেপন করিলে ব্রণ শোধন হয়॥ ১৩॥

ত্রিফলা খদিরোদার্ব্বী ন্যগ্রোধাদির্বলাকুশাঃ। নিম্বকোলকপত্রাণি কষায়ঃ শোধনেহিতঃ॥ ১৪॥

ত্রিফলেত্যাদৌ।—ন্যগ্রোধাদয়েতি। [illegible] ধোড়ুম্বরাশ্বত্থকদম্বপ্লক্ষবেতসাঃ। করবী [illegible] টজাঃ কষায়াব্রণরোপণাঃ। ইত্যনেন [illegible] রোপক্রমে চরকোক্তং গ্রাহ্যং। অস্য [illegible] চরকোক্তত্বাৎ। কিম্বা পঞ্চবল্কলমেব গ্রাহ্যং। নিম্বকোলকেত্যাদি।—কোলকপত্রাণীতি পাঠে কোমলনিম্বপত্রাণীতি দীপিকা। অন্যে তু কোলকোবদর ইত্যাহুঃ যুক্তমিদং বাভটপ্রমাণাৎ। অন্যে তু কুলকপত্রাণি পঠিত্বা পটোলপত্রাণীতি ব্যাচক্ষতে॥ ১৪॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), খয়েরকাষ্ঠ, দারুহরিদ্রা, ন্যগ্রোধাদি বর্গ (বট, যজ্ঞডুম্বর, অশ্বত্থ, পাকুড়, কদম্ব, বেতস, করবী, আকন্দ, কুরচি), বেড়েলা, কুশ, নিম্বপত্র ও বদরীপত্র, এই সকল দ্রব্যের যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিয়া তদ্দ্বারা ব্রণ শোধন করিবে॥ ১৪॥

অপেতপূতিমাংসানাং মাংসস্থানামরোহতাং। কল্কঃ সংরোপণঃ কার্য্যস্তিলানাং মধুকান্বিতঃ॥ ১৫॥

অপেতেত্যাদি।—বাভটস্য। মধুকান্বিতো যষ্টিমধুকান্বিতঃ। অত্র তিলজোমধুসংযুক্ত ইতি পাঠঃ স্তুশ্রুতে বহুপুস্তকে চ দৃশ্যতে বাভটে তু সর্ব্বত্রৈব মধুকান্বিত ইতি উভয়মপি প্রমাণংস্মৃতিদ্বৈধবৎ॥ ১৫॥

টুন্টা (পারুল), মূর্ব্বালতা (সূঁচীমুখী), ইন্দ্রযব (কুটজপুষ্প), সপ্তপর্ণ (ছাতিমছাল), নিম্ব, কুরুণ্টক (পীতঝিন্টী), দাসীকুরুণ্টক (নীলঝিন্টী), গুড়চী (গুলঞ্চ), রক্তচিতা, মহাকরঞ্জ, ডহরকরঞ্জ, পটোল, চিরতা এবং কৃষ্ণজীরা; ইহাদিগকে আরগ্বধাদিগণ বলা যায়।

বট, যজ্ঞডুমুর, অশ্বত্থ, প্লক্ষ (পাকুড়), মধুক (মউয়াফুল), কপীতন (আমড়া), অর্জ্জুনবৃক্ষ, আম্র, কোষাম্র (ক্যাওড়া), চোরক (গন্ধদ্রব্য বিশেষ), তেজপত্র, জম্বু ফল, বনজম্বু, পিয়াল, যষ্টিমধু, কটুকী, বকুল, কদম্ব, বদরী, গাব, শল্লকী (শালবৃক্ষ), লোধ, সাবরলোধ, ভেলা, পলাশ, নন্দীবৃক্ষ; ইহাদিগকে ন্যগ্রোধাদিগণ বলা যায়।

বেলছাল, শ্যোণাছাল, পারুলছাল, গণিয়ারীছাল, গাম্ভারীছাল, শালপাণি (ছালানী), চাকলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর; ইহাদিগকে দশমূল বলা যায়।

পূতিমাংস সমূহ নির্গত হইয়াও মাংসস্থ ব্রণ প্ররূঢ় না হইলে তিল ও যষ্টিমধু একত্র গ্রহণ করিয়া ব্রণ রোপণ করিবে ॥ ১৫ ॥

নিম্বপত্রমধুভ্যাস্তু যুক্তঃ সংশোধনঃ স্মৃতঃ। পূর্ব্বাভ্যাং সর্পিষা বাপি যুক্তশ্চাপ্যুপরোপণঃ ॥ নিম্বপত্রতিলৈঃ কল্কো মধুনাক্ষতশোধনঃ। রোপণঃ সর্পিষাযুক্তো যবকল্কেপ্যয়ং বিধিঃ॥১৬॥

নিম্বপত্রেত্যাদি।—পূর্ব্বোক্তঃ যষ্টিমধু কৃতিলানাং কল্ক এব নিম্বপত্রমধুভ্যাং যুক্ত ইত্যর্থঃ। পূর্ব্বাভ্যামিতি যষ্টিমধুযুক্তস্তিলকল্ক এব নিম্বপত্রমধুভ্যাং সর্পিষা চ যুক্তোরোপণঃ অপিশব্দাৎ শোধনোঽপিভবতীত্যর্থঃ। উক্তস্তিলকল্কবিধিং যবকল্কেঽপ্যাতিদিশতি যবকল্কেঽপ্যয়ং বিধিরিতি॥ ১৬॥

নিম্বপত্র ও মধুযুক্ত তিল ও যষ্টিমধুর কল্কদ্বারা ব্রণ শোধন করিবে। অথবা পূর্ব্বোক্ত যোগদ্বয় (যষ্টিমধু তিলকল্ক এবং নিম্বপত্র মধু) ঘৃত সহযোগে ব্রণ রোপণার্থ লেপন করিবে।

তিল ও নিম্বপত্র যথোপযুক্ত মাত্রায় গ্রহণপূর্ব্বক পেষণ করিয়া মধুর সহিত মিশ্রিত করতঃ ক্ষতস্থানে লেপন করিয়া ক্ষত শোধন এবং ঘৃতের সহিত মিশ্রিত করিয়া ব্রণ রোপণ করিবে। যবকল্কও এই রূপে ব্যবহার করিবে ॥ ১৬ ॥

নিম্বপত্রঘৃতক্ষৌদ্রদার্ব্বী মধুকসংযুতা। বর্ত্তিস্তিলানাং কল্কোবা শোধয়েদ্রোপয়েদ্ব্রণান্ ॥ সপ্তদলদুগ্ধকল্কঃ শময়তি দুষ্টব্রণং প্রলেপেন। মধুযুক্তা শরপুঙ্খা সর্ব্বব্রণরোপণীকথিতা ॥ মানুষশিরঃ কপালং তদস্থি বা লেপনং মূত্রেণ রোপণমিদং ক্ষতানাং যোগশতৈরপ্যসাধ্যানাং ॥ ১৭ ॥

নিম্বপত্রঘৃতেত্যাদি।— এভির্দ্রব্যৈর্বস্ত্রমালিপ্য বর্ত্তিঃ কার্য্যা বর্ত্তিদানবিষয়োব্রণঃ সুশ্রুতে যথা। "অন্তঃ যোনয়ুস্তুখান্ গম্ভীরান্ মাংসসংস্থিতান্। শোধনদ্রব্যযুক্তাভির্বর্ত্তিভিঃ সমুপাচরেদিতি। তিলানাং কল্কোবেতি লেপবিষয়ঃ। সপ্তদলঃ সপ্তপর্ণস্তস্য ক্ষীরং। মানুষশিরঃকপালমিতি পুরাণং গ্রাহ্যমিত্যাহুঃ মূত্রেণ গোমূত্রেণ ॥ ১৭ ॥

নিম্বপত্র, ঘৃত, মধু, দারুহরিদ্রা ও যষ্টিমধু; এই সমস্ত দ্রব্য একত্র লইয়া পেষণ করতঃ বর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তি কিম্বা তিলকল্ক ব্রণশোধক ও রোপক।

ছাতিমেরপত্র দুগ্ধ বল্ক লেপন করিলে দুষ্টব্রণ প্রশমিত হয়।

মধুযুক্ত শরপুঙ্খার কল্ক সর্ব্ববিধ ব্রণরোপক।

মস্তকের কপালাস্থি গোমূত্রের স[illegible] পেষণ করতঃ প্রলেপন করিলে [illegible] শত ঔষধ প্রয়োগে অনিবার্য্য ব্র[illegible] সমূহের রোপন হয় ॥ ১৭ ॥

ব্রণান্ বিশোধয়েদ্বর্ত্ত্যা সূক্ষ্মাস্যান্ সন্ধিমর্ম্মগান্। অভয়াত্রিবৃতাদন্তীলাঙ্গলীমধুসৈন্ধবৈঃ ॥ সুষবীপত্রপত্তুরকর্ণমোটকুঠারকাঃ। পৃথগেতে প্রলেপেন গম্ভীরব্রণরোপণাঃ ॥ ১৮ ॥

ব্রণানিত্যাদি।—বাভটস্য। অভয়েত্যেব পাঠো বাভটপুস্তকে দৃশ্যতে। সুষবী কারবেল্লঃ পত্তুরঃ শালিঞ্চঃ কর্ণমোটঃ স্বনামখ্যাতঃ। কুঠারিকা কুঠারিয়া, কুঠেরকঃ পাঠে পর্ণাসঃ ॥ ১৮ ॥

হরীতকী, তেউড়ী, দন্তী, লাঙ্গলীয়া (বিষলাঙ্গলীয়া), মধু ও সৈন্ধবলবণ, এই সকল দ্রব্যদ্বারা বর্ত্তি প্রস্তুত করিয়া সেই বর্ত্তিদ্বারা সন্ধি ও মর্ম্ম-স্থানজাত অতি সূক্ষ্মমুখ ব্রণশোধন করিবে।

করলাপত্র, শাচিশাক, কর্ণমোট (কর্ণামোড়) ও কুঠারক (কুঠারিয়া বা রামতুলসী), এই সকল দ্রব্য যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক পৃথক্ পৃথক্

পেষণ করিয়া প্রলেপ দিলে গম্ভীর ব্রণক্ষত শীঘ্র প্ররূঢ় হয় ॥ ১৮ ॥

পঞ্চবল্কলচূর্ণৈর্বা শুক্তিচূর্ণসমাযুতৈঃ। ধাতকীচূর্ণলোধ্রৈর্বা তথারোহন্তি তে ব্রণাঃ ॥ সদাহা বেদনাবন্তো যে ব্রণা মারুতোত্তরাঃ। তেষাং তিলানুমাশ্চৈব ভৃষ্টান্ পয়সি নির্ব্বাপান্। তেনৈব পয়সা পিষ্ট্বা দদ্যাদালেপনং ভিষক্ ॥ ১৯ ॥

পঞ্চবল্কলেত্যাদি।—চরকস্য। শুক্তিৰ্ব্বদ্ধা তস্যাস্তুক্ শুক্তিচূর্ণসমাযুতৈরিতি পঞ্চবল্কল চূর্ণৈরিত্যস্য বিশেষণং। পয়সি নির্ব্বাপানিতি দুগ্ধে নির্ব্বাপিতান্ ॥ ১৯ ॥

বট, অশ্বথ, পাকুড়, যজ্ঞডুম্বুর ও বকুল, এই সকল বৃক্ষের বল্কলের চূর্ণ অথবা ধাইফুল কিম্বা লোধ চূর্ণদ্বারা ক্ষত স্থানে প্রলেপ দিলে ক্ষত রোপণ হয়।

ভৃষ্টতিল ও তিসী দুগ্ধে নির্ব্বাপিত করতঃ সেই দুগ্ধের সহিত পেষণ করিয়া বাতজন্য সদাহ ও বেদনাযুক্ত ব্রণে প্রলেপ দিবে ॥ ১৯ ॥

বাতাভিভূতান্ সাস্রাবান্ ধূপয়েদুগ্রবেদনান্। যবাজ্যভূর্জ্জমদনশ্রীবেষ্টকসুরাহ্বয়ৈঃ ॥ ২০ ॥

বাতাভিভূতানিত্যাদি।—বাভটস্য সাস্রাবান্ অল্পাস্রাবান্ ভূর্জ্জোভূর্জ্জগ্রন্থিঃ। মদনঃ সিক্থক ইতি বৃন্দটীপ্পনী শ্রীবেষ্টকোনবনীতখোটী সুরাহ্বয়ং দেবদারু ॥ ২০ ॥

অল্প স্রাব ও উগ্রবেদনাযুক্ত বাতাভিভূত ব্রণে যব, ঘৃত, ভূর্জ্জপত্র, মোম শ্রীবেষ্টক (নবনীতখোটী), ও দেবদারু প্রভৃতিদ্বারা ধূপিত করিবে ॥ ২০ ॥

শ্রীবাসগুগ্গুল্বগুরুশালনির্য্যাসধূপিতাঃ। কঠিনত্বং ব্রণা যান্তি নশ্যন্ত্যাস্রাববেদনাঃ ॥ ২১ ॥

শ্রীবাসেত্যাদি।—শ্রীবাসোনবনীতখোটী নচ পূর্ব্বোক্তেন পৌনরুক্ত্যং অস্য বচনস্য তন্ত্রান্তরীয়ত্বাৎ। বৃন্দটীপ্পনীকায়ান্তু পৌনরুক্ত্যং নঃ ক্ষ; পূর্ব্বোক্তশ্রীবেষ্টকশব্দেন কুন্দুরুরিতি শালনির্য্যাসোধুনকঃ ॥ ২১ ॥

নবনীতখোটি, গুগ্গুলু, অগুরু ও ধূন, এই সকল দ্রব্যদ্বারা যথাবিহিত নিয়মানুসারে ধূপ প্রদান করিলে ব্রণের কঠিনতা, স্রাব ও বেদনা প্রশমিত হয় ॥ ২১ ॥

তিলাঃ পয়ঃ সিতাক্ষৌদ্রং তৈলং মধুকচন্দনং। লেপেন শোথরুগ্দাহরক্তং নির্ব্বাপয়েদ্ব্রণান্ ॥ ২২ ॥

তিলা ইত্যাদৌ।—পয়ঃ পেষণার্থং সিতাশর্করা ক্ষৌদ্রতৈলাভ্যাং সঙ্গীয় লেপোদেয়ঃ ॥ ২২ ॥

তিল, দুগ্ধ, চিনি, মধু, তৈল, যষ্টিমধু ও রক্তচন্দন, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া যথোপযুক্ত পরিমাণে লেপন করিলে শোথ, বেদনা, দাহ, রক্তবর্ণতা এবং ব্রণসমূহ স্বয়ংই বিনষ্ট হইয়া থাকে ॥ ২২ ॥

পিত্তবিদ্রধিবীসর্পশমনং লেপনাদিকং। অগ্নিদগ্ধে ব্রণে সম্যক্ প্রযুঞ্জীত চিকিৎসকঃ ॥ ২৩ ॥

ইদানীং ব্রণমভিধায় ব্রণসামান্যাদস্মিন্নেব ব্রণাধিকারে আগন্তুব্রণচিকিৎসাভিধানার্থং প্রকরণমারভ্যতে ॥ ২৩ ॥

বিচক্ষণ চিকিৎসক অগ্নিদগ্ধ ক্ষতস্থানে পিত্তবিদ্রধি ও বীসর্পরোগে যে সকল প্রলেপ উক্ত হইয়াছে সেই সকল প্রলেপ প্রয়োগ করিবেন ॥ ২৩ ॥

মহারাষ্ট্রিজটালেপো দগ্ধে। পিষ্ট্বা বচূর্ণনং। জীর্ণগেহতৃণাচ্চূর্ণ দগ্ধব্রণহরং পরং ॥ ২৪ ॥

তত্র প্রথমমগ্নিদগ্ধব্রণচিকিৎসামাহ মহারাষ্ট্রিজটা মহারাষ্ট্রিমূলং অয়মেকোযোগঃ পিষ্টং পিষ্টকমেব দগ্ধপিষ্টচূর্ণেনাবচূর্ণনমিতি দ্বিতীয়ঃ ॥ ২৪ ॥

দগ্ধব্রণে মহারাষ্ট্রিমূল জলে পেষণ করিয়া প্রলেপ দিবে, অথবা পিষ্টকভস্ম কিম্বা পুরাতন গৃহের আচ্ছাদনতৃণেরচূর্ণ ক্ষতস্থানে লেপন করিবে। ইহাদ্বারা অগ্নিদগ্ধব্রণ প্রশমিত হয় ॥ ২৪ ॥

জীরকাদ্যংঘৃতম্ —

জীরককল্কঃ পক্কং সিক্থকসর্জ্জরসমিশ্রিতং হরতি। ঘৃতমভ্যঙ্গাৎ পাবকদগ্ধজদুঃখং ক্ষণার্দ্ধেন ॥ ২৫ ॥

জীরকেত্যাদি।—জীরকস্য কল্কঃ জলং চতুর্গুণং পশ্চাৎ সিক্থে চ নিক্থসর্জ্জরসয়োঃ প্রক্ষেপঃ ॥ ২৫ ॥

জীরার কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করতঃ তাহাতে মোম ও ধুনা মিশ্রিত করিয়া দগ্ধস্থানে প্রদান করিলে ক্ষণার্দ্ধমধ্যে দাহ-যন্ত্রণা দূর হয় ॥ ২৫ ॥

অন্তর্দ্দগ্ধ কুঠারকো দহনজং লেপান্নিহন্তি ব্রণং। অশ্বত্থত্ত্ববিশুষ্ক বল্কল কৃতং চূর্ণং তথাগুণ্ডনাৎ ॥ ২৬ ॥

অন্তরিত্যাদৌ।—কুঠারকঃ কুরালিয়া স চ স্থালিমধ্যে অন্তর্ধূমং দগ্ধব্যঃ গুণ্ডনাদিত্যবচূর্ণনাৎ ॥ ২৬ ॥

কুরালিয়া অন্তর্ধূমে দগ্ধ করিয়া (৩) তদ্দ্বারা প্রলেপ দিলে দাহজন্য জ্বালা নিবারণ হইয়া ক্ষত ও নিবারণ হয়। এবং অশ্বত্থ বৃক্ষের বল্কল শুষ্ক করিয়া তাহা চূর্ণ করিবে, উক্ত চূর্ণ দাহজন্য ক্ষতস্থানে লেপন করিলে ক্ষত শুষ্ক হয় ॥ ২৬ ॥

(৩) প্রথমতঃ কোন একটী মৃৎপাত্রে উক্ত কুঠারকরমূল স্থাপন পূর্ব্বক উক্ত পাত্রটী অন্য একটী পাত্র বা সরাবদ্বারা আচ্ছাদন করতঃ চতুর্দ্দিগে মৃত্তিকা দ্বারা লেপ দিবে, (কিন্তু এরূপ ভাবে লেপ দিবে যাহাতে অগ্নি সন্তাপ দেওয়ার সময় ধুম বহির্গত না হয়) পরে অগ্নি সন্তাপে চাপাইয়া মৃদু অগ্নিতে জ্বালদিবে। এইরূপে নন্যূনতঃ দুই তিন ঘণ্টা পর্য্যন্ত অগ্নি সন্তাপ লাগাইলে উহা দগ্ধ হইতে পারে ॥

গণ্ডূপদাদ্যংতৈলম্—

অভ্যঙ্গাদ্বিনিহন্তি তৈলমখিলং গণ্ডূপদৈঃ সাধিতং ॥ পিষ্ট্বা শাল্মলিতূলকৈঃ জলগতা লেপাত্তথাবালুকা ॥ ২৭ ॥

গণ্ডূপদৈঃ কিঞ্চু... কল্কঃ জলং চতুর্গুণম্ ... র্থ্যাদিতি নিশ্চলঃ। ... জলং বিনা চটচটাবিধিপাক ইত্যন্যে। শাল্মলীতূলকৈরিতি সপ্তম্যর্থে তৃতীয়া ॥ ২৭ ॥

কেঁচোর সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া সেই তৈল-অগ্নিদগ্ধ ক্ষতস্থানে অভ্যঞ্জন করিলে ক্ষত বিনষ্ট হয়।

জলের নিম্নস্থিত বালুকা ও শিমুলতুলা একত্র পেষণ করিয়া উপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ প্রলেপ দিলে দাহজন্য ক্ষত নিবারণ হয় ॥ ২৭ ॥

সদ্যঃ ক্ষতব্রণং বৈদ্যঃ সশূলং পরিষেচয়েৎ। যষ্টিমধুককল্কেন কিঞ্চিদুষ্ণেন সর্পিষা ॥ ২৮ ॥

ইদানীং সদ্যোব্রণচিকিৎসামাহ সদ্য ইত্যাদি।—সপ্তাহাভ্যন্তরে যষ্টিমধুযুক্তো যষ্টিমধু কল্কীকৃত্য চতুর্গুণজলেন যথাবিধি ঘৃতং সাধনীয়ং। যদি পুনস্ত্বরয়া যথাবিধি ঘৃতমিদং পক্তুং ন শক্যতে তদা ঘৃতাৎ পলদ্বয়ং জলাৎ ষট্‌পলং যষ্টিমধুকস্য কর্ষদ্বয়ং কিঞ্চিৎ পক্ত্বাবতার্য্য ব্রণং সেচয়েদিত্যাহুঃ। নাতিশীতেনেতি পাঠান্তরং ॥ ২৮ ॥

যষ্টিমধু কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে, বিচক্ষণ বৈদ্য উক্ত ঘৃত ঈষদুষ্ণ থাকিতেই বেদনাযুক্ত সদ্যক্ষত ব্রণে পরিষেচন করিবেন ॥ ২৮ ॥

বৃক্ষাগন্তুব্রণং বৈদ্যো ঘৃতং ক্ষৌদ্রসমাযুতং। শীতাং ক্রিয়াং প্রযুঞ্জীত পিত্তরক্তোষ্মনাশিনীং ॥ কাহক্রামুকমেকং সূক্ষ্মাক্তং গব্যসর্পিষাপিষ্টং। শময়তি লেপান্নিয়তং ব্রণমাগন্তুজং ন সন্দেহঃ ॥ অপামার্গস্য সংসিক্তং পত্রো-

খেন রসেন বা। সদ্যোব্রণেষু রক্তন্তু প্রবৃত্তং পরিতিষ্ঠতি ॥ ২৯ ॥

বুদ্ধেত্যাদি।—চক্রটীকা। বুদ্ধেত্যত্র বদ্ধেতি পাঠঃ সাধুঃ। বদ্ধোহি সদ্যোব্রণেষু সর্ব্বানকয়া প্রধানঃ উক্তং হি "বদ্ধপ্রধানং তেন শুদ্ধিব্রণরোপণমপি সন্ধিস্থৈর্য্যকেতি"। চক্রটীকাবিষয়মেব পাঠো দৃশ্যতে। বুদ্ধেত্যাদি পাঠে ঘৃতক্ষৌদ্রসমাযুতমিত্যন্তরং কুর্য্যেতি শেষঃ। কিম্বা প্রযুঞ্জীতেতি ক্রিয়াবিশেষণং। কান্তক্রাম্বুকং ভদ্রমুস্তকং ঘৃতমত্র শতধৌতমিত্যুপদিশন্তি এবং বক্ষ্যমাণেঽপি ॥ ২৯ ॥

সুচিকিৎসক আগন্তুক ব্রণ নিশ্চয় করিয়া তাহাতে ঘৃত ও মধু মিশ্রিত করতঃ লেপন করিবেন এবং পিত্তরক্ত ও তাপনিবারক অন্যান্য শীতলক্রিয়া ব্যবহার করিবেন।

ভদ্রমুস্তক (ভাদাইলার মুথা) যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক গব্যঘৃতের সহিত উত্তমরূপ পেষণ করিয়া লেপন করিলে নিশ্চয়ই আগন্তুক ব্রণ বিনষ্ট হয় ॥

সদ্য উৎপন্ন ক্ষতস্থানে অপামার্গপত্রের (আপাঙ্গের) রস দিলে রক্তস্রাবের নিবৃত্তি হয় ॥ ২৯ ॥

কর্পূরপূরিতং বদ্ধং সঘৃতং সংপ্ররোহতি। সদ্যঃ শস্ত্রক্ষতং পুংসাং ব্যথাপাকবিবর্জ্জিতং ॥ ৩০ ॥

কর্পূরেত্যাদি।—সঘৃতং যথা স্যাৎ তথা কর্পূরপূরিতং তেন কর্পূরচূর্ণেন শতধৌতঘৃতমিশ্রেণ খড়্গাদিক্ষতং প্রপূর্য্য বধ্নীয়াদিত্যর্থঃ ॥ ৩০ ॥

অস্ত্রাদিকৃত সদ্য উৎপন্ন ক্ষতমধ্যে কর্পূর ও ঘৃত পূর্ণ করতঃ বস্ত্রখণ্ডদ্বারা বন্ধন করিয়া রাখিবে। ইহাদ্বারা ব্রণ ব্যথা ও পাক রহিত হয়। এবং উহাদ্বারাই ব্রণরোপণ হইয়া থাকে ॥ ৩০ ॥

শরপুঙ্খাকাকজঙ্ঘা প্রথমং মহিষীসুতমলং। লজ্জাচ সদ্যস্কব্রণঘ্নং পৃথগেবতু ॥ শুনোজিহ্বাকৃতশ্চূর্ণঃ সদ্যঃ ক্ষতবিরোহণঃ। চক্রতৈলং ক্ষতে বিদ্ধে রোপণং পরমং মতং ॥৩১॥

শরপুঙ্খেত্যাদি।—মহিষীসুতস্য মলং সুতটৈত্যবনামক্কাবেমবারপয়োদধি। মাংসধাবনতোয়াক্তমিতিবৎ অয়ং যোগঃ সমর্থনীয়ঃ অচিরজাতমহিষবৎসস্য প্রথমং মলমিত্যর্থঃ। লজ্জা লাজালু অন্যে তু বরাহক্রান্তা ইত্যাহুঃ। চক্রতৈলং তৎকালচক্রোদ্ধৃতসদ্যভৃষ্টসার্ষপতৈলং। অন্যে তু চক্রকাষ্ঠোদ্ভবং তৈলমাহুঃ ॥ ৩১ ॥

শরপুঙ্খা, কাকজঙ্ঘা, নবজাত মহিষী শাবকের প্রথম মল ও বরাহক্রান্তা, এই সকল পৃথক্ পৃথক্ যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক পেষণ করিয়া প্রলেপন করিলে সদ্যব্রণ বিনষ্ট হয়।

কুক্কুরের জিহ্বা চূর্ণ করিয়া সদ্য উৎপন্ন ক্ষতস্থানে প্রলেপন করিলে ক্ষত শীঘ্র শুষ্ক হয়। চক্রোদ্ধৃত তৈল প্রয়োগ করিলেও বিদ্ধক্ষতের রোপণ হইয়া থাকে ॥ ৩১ ॥

যবক্ষারং ভক্ষয়িত্বা পিণ্ডং দদ্যাদ্ব্রণোপরি। শৃগালকোলিমূলেন নষ্টশল্যং বিনিঃসরেৎ ॥ লাঙ্গলীমূললেপাদ্বা গবাক্ষীমূলতস্তথা। ক্ষতোষ্মণো নিগ্রহার্থং তৎকালং বিস্মৃতস্য চ ॥ কষায়শীতমধুরাঃ স্নিগ্ধা লেপাদয়ো হিতাঃ। আমাশয়স্থে রুধিরে বমনং পথ্যমুচ্যতে ॥ পক্কাশয়স্থে দেয়ঞ্চ বিরেচনমসংশয়ং। ক্বাথোঽবংশত্বগেরণ্ডশ্বদংষ্ট্রাশ্মভিদা কৃতঃ ॥ সহিঙ্গুঃ সৈন্ধবঃ পীতঃ কোষ্ঠস্থং স্রাবয়েদসৃক্। যবকোল কুলত্থানাং নিঃস্নেহেন রসেন চ। ভুঞ্জীতান্নং যবাগূং বা পিবেৎ সৈন্ধবসংযুতাং ॥ ৩২ ॥

অন্তঃশৈল চিকিৎসামাহ যবক্ষারমিত্যাদি।—তত্রোক্তেন যবক্ষারকর্ষ ১, উষ্ণজল পল ২, আলোড্য পীত্বা নষ্টশল্যব্রণোপরি শৃগালকোলীমূলং পিষ্ট্বা পিণ্ডোদেয়ঃ। শৃগালকোলী সাতকুল ইতি খ্যাতঃ বদরীভেদঃ এবং লাঙ্গলীমূলগোরক্ষকর্ক-

টিমূলাভ্যামপি। ক্ষতেত্যাদি।— বাভটস্য। আমাশয়স্থ ইতি সুশ্রুতস্য। আমাশয়স্থম্পক্কাশয়স্থং। পক্কাশয়স্থং রক্তং বিরেচনেন সুখেন নির্হর্তুং শক্যত ইত্যভিপ্রায়েণ বিরেচনবিধানং নতু পিত্তপ্রত্যনীকতয়া পক্কাশয়স্য বাতস্থানত্বাৎ। অন্যে তু পক্কশব্দেন পাক উচ্যতে ন পক্কাশয়ঃ কিন্তু পচ্যমানাশয় ইত্যর্থঃ তত্রৈবহি পিত্তস্থানত্বেন বিরেচনমুপযৌগিকমিত্যাহুঃ। ক্কাথ ইত্যাদৌ।—বংশত্বক্ বংশনিলীত্যশ্বভিৎ পাষাণভেদী হিঙ্গু সৈন্ধবঞ্চ প্রক্ষেপ্যং অয়ং যোগঃ প্রভাবাৎ রক্তং স্রাবয়তি॥ ৩২॥

উপযুক্ত পরিমাণ যবক্ষার সেবন করাইয়া শৃগালকোলীরমূল পেষণ করতঃ ব্রণোপরি লেপন করিলে অন্তঃশল্য বহির্গত হইয়া থাকে।

উপযুক্ত পরিমাণ বিষলাঙ্গলিয়ারমূল অথবা রাখালশশারমূল পেষণ করিয়া ব্রণোপরি লেপন করিলে অন্তঃশল্য বহির্গত হইয়া থাকে।

ভৎক্ষণাৎ নির্গত শৈল্যের ক্ষতোষ্মা নিবারণার্থ শীতল মধুর ক্বাথ পরিষেচন এবং স্নিগ্ধ প্রলেপনাদি প্রশস্ত।

রুধির আমাশয়গত হইলে বমন করাইবে এবং পক্কাশয়গত হইলে নিঃসন্দেহ চিত্তে বিরেচন (দাস্ত) প্রয়োগ করিবে।

বংশনিলী, এরণ্ড, গোক্ষুর ও পাষাণভেদী, এই সকল দ্রব্যের ক্বাথ হিঙ্গু ও সৈন্ধবের সহিত পান করিলে কোষ্ঠস্থ রক্তনির্গত হয়।

যব, কুল ও কুলথকলাইর রস অথবা স্নেহশূন্য মাংস রসের সহিত সৈন্ধব প্রক্ষেপিত অন্ন বা যবাগূ সেবন করিবে॥ ৩২॥

অত্যর্থমস্রং স্রবতি প্রায়শো যত্র বিক্ষতে। ততোরক্তক্ষয়াদ্বায়ো কুপিতেঽতি রুক্স্বাকরে॥ স্নেহপানং পরিষেকং স্নেহলেপোপনাহনং। স্নেহবস্তিঞ্চ কুর্ব্বীত বাতঘ্নৌষধসাধিতাম্॥ ইতিসাপ্তাহিকঃ প্রোক্তঃ সদ্যো ব্রণহিতোবিধিঃ। সপ্তাহাৎ পরতো কুর্য্যাৎ শারীরব্রণবৎ ক্রিয়াং॥ করঞ্জারিষ্ট নির্গুণ্ডীরসো হন্যাদ্ব্রণক্রিমীন্। কলায়বিদলীপত্রং কোষাম্রাস্থি চ পূরণাৎ॥ সুরসাদিরসৈঃ সেকো লেপনং স্বরসেন বা। নিম্বসম্পাকজাত্যর্ক সপ্তপর্ণাশ্মারকাঃ॥ ক্রিমিঘ্না মূত্রসংযুক্তাঃ সেকালেপনধাবনৈঃ। প্রচ্ছাদ্য মাংস পেষ্যা বা ক্রিমীনপহরেদ্ব্রণান্। লশুনেনাথবা দদ্যাল্লেপনং ক্রিমিনাশনং॥ ৩৩॥

অত্যর্থমিত্যাদি।—বাভটস্য। বিক্ষত ইতি বিবিধক্ষতচ্ছিন্নভিন্নাদি। স্নেহলেপোপনাহনমিতি স্নেহযুক্তলেপঃ স্নেহযুক্তমুপনাহশ্চ কিন্তু বাভটে স্বেদোপনাহনমিতি পাঠঃ। তন্মতে স্বেদোধান্যস্বেদঃ উক্তঞ্চ বাভটে ধান্যস্বেদাংশ্চ কুর্ব্বীত স্নিগ্ধান্যালেপনানি চ ইতি। বাতঘ্নৌষধং ভদ্রদার্ব্বাদি। সাপ্তাহিকেত্যাদি।—বাভটস্য। করঞ্জেত্যাদি।— করঞ্জাদিপত্রস্বরসঃ কলায়বিদলী স্বনামখ্যাতা। কোষাম্রঃ কুসুম্ভ ইতি খ্যাতঃ তস্য ফলাস্থি আভ্যাং সংপিষ্টাভ্যাং প্রত্যেকং ব্রণাবকাশপূরণং সুরসাদিগণঃ সৌশ্রুতঃ। সুরসেনেতি পর্ণাসেন। নিম্বাদৌ জাত্যাঃ পত্রং নিম্বাদীনাং ত্বক্ এতে চ নিম্বাদয়ো যথালাভং মূত্রপিষ্টাঃ সেকাদৌ প্রযোজ্যাঃ। মাংসপেষী মাংসখণ্ডং তত্রামিষগন্ধাৎ ক্রিময় উপর্য্যুপরি সঞ্চরন্তি ইতি ভাবঃ॥ ৩৩॥

ব্রণ হইতে প্রায়ই রক্তস্রাব হইয়া থাকে, সুতরাং রক্তক্ষয়-হেতু রোগজনক বায়ুও কুপিত হয়, অতএব এরূপ স্থলে ভদ্রদার্ব্বাদিগণ প্রভৃতি বাতনাশক ঔষধ সংস্কৃত স্নেহ পান, পরিষেচন, স্নেহলেপন ও উপনাহন করিবে এবং বাতঘ্ন ঔষধদ্বারা সিদ্ধকৃত স্নেহদ্বারা বস্তিশোধন করিবে। এইরূপ বিধানক্রমে সপ্তাহ পর্য্যন্ত ব্রণরোগীকে চিকিৎসা করিবে। সপ্তাহের পর শারীরব্রণবৎ চিকিৎসা ক্রম আচরণ করিবে।

ডহরকরঞ্জা, নিম্ব ও নিসিন্দাপত্রের স্বরসে ব্রণগত ক্রিমি-সমূহ নষ্ট হয়। কলায় বিদলী পত্র (স্বনামখ্যাত) ও কুসম্ভফলের আঠি যথোপযুক্ত পরিমাণে গ্রহণপূর্ব্বক পেষণ করিয়া ক্ষতস্থানে পূরণ করিলেও উক্ত প্রকার ফল হয়।

সুরসাদিগণের (৪) স্বরসদ্বারা ব্রণ সেক অথবা তুলসীপত্র লেপন করিবে।

নিম্বপত্র, শ্যোণালুপত্র, ভাণ্ডিরল, আকন্দ, ছাতিম ও করবী, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহন পূর্ব্বক গোমূত্রের সহিত পেষণ করিয়া সেক, প্রলেপ ও ধৌত করিলে ক্ষতস্থানগত ক্রিমি সকল নষ্ট হইয়া থাকে।

মাংস খণ্ড আচ্ছাদন করিয়া ব্রণস্থ কৃমি সমূহ অপহরণ করিবে এবং ব্রন স্থানে যথোপযুক্ত পরিমাণ রসোন লেপন করিবে। ইহাদ্বারা ব্রণস্থ কৃমি নষ্ট হয় ॥ ৩৩ ॥

ত্রিফলাগুগ্গুলুঃ—

যে [illegible]
ব্রণামহান্তঃ সরুজাঃ সশোথাঃ।
প্রয়ান্তি তে [illegible]
পীতেন শান্তিং ত্রিফলারসেন ॥ ৩৪ ॥

বহিঃ [illegible] অন্তঃপরিমার্জ্জনমাহ য ইত্যাদি।—কোষ্ঠানুরূপোঽত্র গুগ্গুলুঃ প্রক্ষেপ্যঃ ।। ৩৪ ।।

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ক্বাথের সহিত গুগ্গুলু পান করিলে ক্লেদযুক্ত, পচা, দুর্গন্ধান্বিত এবং বেদনা ও শোথবিশিষ্ট বৃহৎ ব্রণ রোগের শান্তি হয় ॥ ৩৪ ॥

বটিকাগুগ্গুলুঃ—

ত্রিফলাচূর্ণসংযুক্তো গুগ্গুলু র্বটকীকৃতঃ। নির্যন্ত্রণোবিবন্ধঘ্নো ব্রণশোধনরোপণঃ। অমৃতাগুগ্গুলুঃ শস্তো হিতং তৈলঞ্চ বজ্রকং ॥ ৩৫ ॥

ত্রিফলাচূর্ণসংযুক্ত ইতি ত্রিফলাচূর্ণেন সমেন যুক্তো গুগ্গুলুঃ ঘৃতমনুরূপং দত্ত্বা বিমৃজ্য চূর্ণঞ্চ প্রক্ষিপ্য বটকী কর্ত্তব্যা এবং সর্ব্বত্র বটকবিধানে যন্ত্রণা আহারাচারনিয়মশ্চ। অমৃতাগুগ্গুলুর্ব্বাতরক্তোক্তঃ। বজ্রকতৈলঞ্চ কুষ্ঠে বক্ষ্যমাণং ॥ ৩৫ ॥

ত্রিফলাচূর্ণ ও গুগ্গুলু একত্র করিয়া কিছু ঘৃতমিশ্রিত করতঃ বটিকা প্রস্তুত করিবে। এই বটিকা সেবন করিলে আহারাদির নিয়ম জন্য ক্লেশ ও বিবন্ধ নষ্ট হয় এবং ইহাদ্বারা ব্রণশোধন ও রোপণ হইয়া থাকে।

ব্রণরোগে অমৃতা গুগ্গুলু ও বজ্রক-তৈল প্রশস্ত (৫) ॥ ৩৫ ॥

বটিকাগুগ্গুলুঃ—

বিড়ঙ্গত্রিফলাব্যোষচূর্ণং গুগ্গুলুনা সমং। সর্পিষা বটিকাং কৃত্বা খাদেদ্বা হিতভোজনঃ। [illegible] কুষ্ঠ-নাড়ীব্রণাপহঃ ॥ ৩৬ ॥

বটিকাগুগ্গুলৌ গুগ্গুলুনা সমমিতি বিড়ঙ্গাদিচূর্ণসমেন ॥ ৩৬ ॥

বিড়ঙ্গ, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), এই সকল দ্রব্যের চূর্ণ করিবে, এবং সমস্ত চূর্ণের তুল্য গুগ্গুলু লইয়া ঘৃতের সহিত মিশ্রিত করতঃ বটিকা প্রস্তুত করিবে। হিত পথ্যভোজী হইয়া

সুরসাদি গণযথা—

(৪) সুরসাশ্বেতাসুরসা ফণিজ্ঝকার্জ্জকভূস্তৃণ সুগন্ধক সুমুখ কালমাল কাসমর্দ্দক্ষবকখরপুষ্পা-বিড়ঙ্গকটফলসুরসী নির্গুণ্ডীকুলাহলোন্দুরু কর্ণিকক্ষকাপ্রাচীবলকাকমাচ্যো বিষমুষ্টিক শ্চেতি। সুরসাদি গণো হ্ণেষ কফহৃৎ কৃমি সূদনঃ। প্রতিশ্যায়ারুচি শ্বাস কাসঘ্নো ব্রন শোধনঃ।

(৫) অমৃতাদ্য গুগ্গুলু বাতরক্তাধিকারে উক্ত হইয়াছে এবং বজ্রক তৈল কুষ্ঠাধিকারে উক্ত হইবে।

এই বটিকা সেবন করিলে দুষ্টব্রণ, অপচী, প্রমেহ, কুষ্ঠ ও নাড়ীব্রণ বিনষ্ট হয় ॥ ৩৬ ॥

অমৃতাবটিকাগুগ্‌গুলুঃ—

অমৃতাপটোলমূলত্রিফলাত্রিকটুকৃমিঘ্নানাং। সমভাগানাং চূর্ণং সর্ব্বসমো-গুগ্‌গুলোর্ভাগঃ ॥ প্রতিবাসরমেকৈকাং গুড়িকাং খাদেদক্ষপরিমাণাঞ্চ। জেতুং ব্রণান্ বাতাসৃগ্‌গুল্মোদরশ্বয়থুপাণ্ডুরোগাংশ্চ ॥ ৩৭ ॥

অমৃতা বটিকা গুগ্‌গুলুঃ স্পষ্টঃ ॥ ৩৭ ॥

গুলঞ্চ, পটোলমূল, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ও বিড়ঙ্গ, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। এবং সর্ব্ব চূর্ণ সমান গুগ্‌গুলুর সহিত ২ দুই তোলা পরিমাণ (৬) বটিকা প্রস্তুত করিয়া প্রতি দিবস এক একটী বটিকা সেবন করিবে। ইহাদ্বারা ব্রণ, বাতরক্ত, গুল্ম, উদর ও শোথ এবং পাণ্ডু রোগ নষ্ট হয় ॥ ৩৭ ॥

জাতীকাদ্যং ঘৃতম্—

জাতীনিম্বপটোলপত্র কটুকাদার্ব্বীনিশা শারিবা। মঞ্জিষ্ঠাভয়সিক্থ তুত্থমধুকৈর্নক্তাহ্ববীজৈঃ সমৈঃ ॥ সর্পিঃ সিদ্ধমনেন সূক্ষ্মবদনা মর্ম্মাশ্রিতাঃ স্রাবিণো। * গম্ভীরাঃ সরুজোব্রণাঃ সগতিকাঃ শুষ্যন্তি রোহন্তি চ ॥ ৩৮ ॥

জাতীত্যাদি।— বাভটস্য। জাত্যাদীনাং ত্রয়াণাং পত্রং দার্ব্বী দারুহরিদ্রা, নিশা হরিদ্রা অভয়মুশীরং নক্তাহ্ববীজং করঞ্জবীজং গতির্নাড়ী ॥ ৩৮ ॥

জাতীপত্র, নিম্বপত্র, পটোলপত্র, কটুকী, দারুহরিদ্রা, হরিদ্রা, অনন্তমূল, মঞ্জিষ্ঠা, বীরণমূল (বেণারমূল বা বিন্নামূল), মোম, তুঁতিয়া, যষ্টিমধু ও ডহরকরঞ্জা বীজ, এই সকল দ্রব্যের কল্ক সমভাগে লইয়া যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। এই ঘৃত সূক্ষ্মমুখ, মর্ম্মাশ্রিত, স্রাবযুক্ত, গম্ভীর ও বেদনান্বিত নাড়ী সংবদ্ধ ব্রণ প্ররোহক ও বিশোধক ॥ ৩৮ ॥

গৌরাদ্যং ঘৃতম্—

গৌরাহরিদ্রামঞ্জিষ্ঠা মাংসীমধূকমেব চ। প্রপৌণ্ডরীকমুশীরং ভদ্রমুস্তং সচন্দনং ॥ জাতীনিম্বপটোলঞ্চ করঞ্জং কটুরোহিণী ॥ মধূচ্ছিষ্টং মধুকঞ্চ মহামেদা তথৈব চ ॥ পঞ্চবল্কলতোয়েন ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। এষগৌরো-মহাবীর্য্যঃ সর্ব্বব্রণবিশোধনঃ ॥ আগন্তুঃ সহজশ্চৈব সুচিরোত্থাশ্চ যে ব্রণাঃ। বিষমানপি নাড়ীঞ্চ শোধয়েচ্ছীঘ্রমেব চ ॥ গৌরাদ্যং জাতিকাদ্যঞ্চ তৈলমেবং প্রসাধ্যতে। তৈলং সূক্ষ্মাননে দুষ্টে ব্রণে গম্ভীর এব চ ॥৩৯॥

গৌরাদ্যে ঘৃতে গৌরা হরিদ্রা প্রিয়ঙ্গুর্ব্বা ব্যবহারস্তু হরিদ্রয়ৈব। হরিদ্রা দারুহরিদ্রা জাতীনিম্বপটোলানাং পত্রং করঞ্জস্য ফলং মধূকং মধূকপুষ্পং মধুকঞ্চেত্যস্য স্থানে সমধুকমিতি পাঠে যষ্টিমধুকস্য ভাগদ্বয়ং। পঞ্চবল্কলস্য তোয়েন কাথেন এষ গৌর ইতি ভীমোভীমসেন ইতিবৎ গৌরাদ্যোঽয়ং মহাবীর্য্য ইত্যপি পাঠঃ। উক্তঘৃতদ্বয়বিধিনা তৈলদ্বয়মপি সাধ্যমিত্যাহ গৌরাদ্যমিত্যাদি।—তৈলবিষয়মাহ তৈলমিত্যাদি ॥ ৩৯ ।

হরিদ্রা, দারুহরিদ্রা, মঞ্জিষ্ঠা, জটামাংসী, মধূক (মৌলপুষ্প বা মৌয়াপুষ্প),

(৬) উহাতে দুই তোলা মাত্রায় ঔষধ সেবনের আদেশ করিয়াছেন, কিন্তু আধুনিক লোকের পক্ষে উহা অনুপযুক্তমাত্রা বলিয়া বোধ হইতেছে, অতএব উক্ত ঔষধ রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করতঃ সেবন করান কর্ত্তব্য ঃ অনুপক্ত পরিমাণে সেবিত হইলে উপকার হওয়া দূরে থাক বিশেষ অনিষ্ট হইবারই সম্ভব।

পুণ্ডরীয়া, বালা, মুথা, রক্তচন্দন, জাতিপত্র, নিম্বপত্র, পটোলপত্র, ডহরকরঞ্জাবীজ, কটকী, মোম, যষ্টিমধু ও মহামেদা (অভাবে শ্যামালতা প্রয়োগ করিতে পারা যায়), এই সকল দ্রব্যের কল্ক ও পঞ্চবল্কলের (৭) কাথ সহিত ৪ চারি সের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। এই গৌরঘৃত অতিশয় তেজস্কর এবং সর্ব্ব প্রকার ব্রণের বিশোধক। এই ঘৃত সেবনে, আগন্তুকব্রণ, সহজব্রণ, চিরকালজাতব্রণ, নাড়ীব্রণ ও বিষমব্রণ সকলের আশুশোধক। এইরূপে গৌরাদ্য ও জাতীকাদ্য তৈল সাধন করিয়া সূক্ষ্মমুখ, গম্ভীর ও দুষ্টব্রণে প্রয়োগ করিবে॥ ৩৯॥

করঞ্জাদ্যং ঘৃতম্—

নক্তমালস্যপত্রাণি তরুণানি ফলানিচ। সুমনায়াশ্চ পত্রাণি পটোলারিষ্টয়োস্তথা॥ দ্বে হরিদ্রে মধূচ্ছিষ্টং মধুকং তিক্তরোহিণী। মঞ্জিষ্ঠাচন্দনোশীরমুৎপলং শারিবেত্রিবৃৎ॥ এতেষাং কার্ষিকৈর্ভাগৈর্ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। দুষ্টব্রণপ্রশমনং [illegible]। সদ্যশ্ছিন্ন ব্রণানাঞ্চ করঞ্জাদ্যমিদং শুভং॥ ৪০॥

নক্তমালস্যেত্যাদৌ।—পত্রাণি ইত্যস্বয়ঃ। সুমনাঃ জাতী। উৎপলং নীলোৎপলং শারিবেঽনন্তমূলশ্যামলতে॥ ৪০॥

ডহরকরঞ্জার কোমলপত্র ও ফল, জাতীপত্র, ও পটোলপত্র, নিম্বপত্র, হরিদ্রা, দারুহরিদ্রা, মোম, যষ্টিমধু, কটকী, মঞ্জিষ্ঠা, রক্তচন্দন, বেণার মূল, নীলোৎপল, অনন্তমূল, শ্যামালতা ও তেউড়ী, এই সকল দ্রব্যের প্রত্যেকে ২ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত কল্ক গ্রহণ পূর্ব্বক যথাবিহিত নিয়মানুসারে /৪ চারিসের ঘৃত পাক করিবে। ইহাদ্বারা দুষ্টব্রণ প্রশমিত ও নাড়ীব্রণ বিশুদ্ধ হয়। এই করঞ্জাদিঘৃত ছিন্নব্রণেও প্রশস্ত॥ ৪০॥

প্রপৌণ্ডরীকাদ্যং ঘৃতম্—

প্রপৌণ্ডরীকং মঞ্জিষ্ঠা মধুকোশীরপদ্মকৈঃ। সহরিদ্রং শৃতং সর্পিঃ সক্ষীরং ব্রণরোপণং॥ ৪১॥

প্রপৌণ্ডরিকমিত্যাদৌ।— ক্ষীরমেব চতুর্গুণং॥ ৪১॥

পুণ্ডরিয়া, মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, বেণার মূল (বীরণমূল), পদ্মকাষ্ঠ ও হরিদ্রা, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক ও দুগ্ধ সহিত (উপযুক্ত পরিমাণ) ঘৃত পাক করিবে। এই ঘৃত ব্রণরোপক॥ ৪১॥

তিক্তাকাদ্যং ঘৃতম্—

তিক্তাসিক্থনিশাযষ্টীনক্তাহ্বফলপল্লবৈং। পটোলমালতীনিম্বপত্রৈর্ব্রণং ঘৃতং স্মৃতং॥ ৪২॥

তিক্তেত্যাদৌ।—পত্রশব্দঃ ত্রিভিঃ সম্বধ্যতে জলঞ্চ চতুর্গুণং॥ ৪২॥

কটকী, মোম, হরিদ্রা, যষ্টিমধু, ডহরকরঞ্জারফল ও পত্র, পটোলপত্র, মালতী পত্র ও নিম্বপত্র, এই সকল দ্রব্যের কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। ক্ষত স্থানে উক্ত ঘৃত লেপন করিলে ব্রণরোগের শান্তি হয়॥ ৪২॥

সিন্দূরহিঙ্গুবিষকুষ্ঠরসোনচিত্র বাণাঙ্ঘ্রি লাঙ্গলিককল্কবিপক্বতৈলং।

(৭) ন্যগ্রোধডুম্বুরাশ্বত্থপ্লক্ষবেতসবল্কলৈঃ। সর্ব্বৈরেবা সংযুক্তৈ পঞ্চ বল্কলমুচ্যতে।
বট, যজ্ঞডুমুর, অশ্বত্থ, প্লক্ষ ও বেতস, ইহাদিগের বল্কলকে পঞ্চ বল্কল বলাযায়।

প্রাসাদমন্ত্রযুত ফুৎকৃতস্নুহফেনোঃ
দুষ্টব্রণপ্রশমনো বিপরীতমল্লঃ॥
খড়্গাভিঘাতগুরুগণ্ডমহোপদংশ
নাড়ীব্রণ-ব্রণবিচর্চ্চিককুষ্ঠপামাঃ।
এতান্নিহন্তি বিপরীতকমল্লনাম
তৈলং যথেষ্টশয়নাসন ভোজনস্য ॥৪৩॥

তৈলান্যাহ সিন্দূরেত্যাদি।—চিত্রকোরক্তচিত্রকঃ বাণাজ্ঝী শরপুঙ্খামূলং নক্তুঝিণ্টীমূলং জলচতুর্গুণং তৈলঞ্চ সার্ষপং তত্রান্তরসম্বাদাৎ। উক্তঞ্চ সিন্দূরহিঙ্গুবিষকুষ্ঠরসোনবাণপুপাকুগানলহয়াহ্বয়মূলকল্কৈঃ। এতচ্চতুর্গুণজলে বিধিবৎ সুসিদ্ধং সিদ্ধার্থ তৈলমিতি সিদ্ধফলং প্রদিষ্টমিতি। প্রাসাদমন্ত্রো মহেশ্বরমন্ত্রঃ ওঁ হ্রাঁ হ্রূঁ হ্রৈঁ হ্রৌঁ শিবায় স্বাহেতি পঠিত্বা ফুৎকারেণ ফেণমালোড্যং॥ ৪৩॥

সিন্দূর, হিঙ্গু, কুড়, বিষ, রসুন্দ, চিতা, শরপুঙ্খা ও বিষলাঙ্গলীয়া, এই সকল দ্রব্যের কল্ক সহ তৈল পাক করিয়া প্রাসাদ মন্ত্র সিদ্ধ করিয়া লইবে (৮)। এই তৈল প্রয়োগ করিলে ক্লেদযুক্ত দুষ্টব্রণ প্রভৃতি নিবারণ হয়। এই তৈলের নাম বিপরীত মল্ল। যথেষ্ট শয়ন, আসন ও পথ্যসেবীর খড়্গাভিঘাত, বৃহৎ স্ফোটক, কঠিন উপদংশ, ব্রণ, নাড়ীব্রণ, বিচর্চ্চিকা, কুষ্ঠ, পামাপ্রভৃতি ইহাদ্বারা প্রশান্ত হয়॥ ৪৩॥

অঙ্গারকং তৈলম্—

কুঠারকাৎ পলশতং ক্বাথয়েন্নল্বনেঽম্ভসি। তেন পাদাবশেষেণ তৈলপ্রস্থং বিপাচয়েৎ॥ কল্কৈঃ কুঠারাপামার্গ-প্রোষ্ঠিকামক্ষিকাকৃতৈঃ। এতদঙ্গারকস্তৈলং ব্রণশোধনরোপণং। নাড়ীষু পরমাভ্যঙ্গো নিজাস্বাগন্তুকীষু চ॥ ৪৪॥

(৮) প্রসাদ মন্ত্র যথা—ওঁ হ্রাঁ হ্রূঁ হ্রৈঁ হ্রৌঁ শিবায় স্বাহেতি পঠিত্বা ফুৎকারেন ফেণমালোড্যং।

কুঠারকেত্যাদি —কুঠারঃ কুরালিয়া; নল্বনো-দ্রোণঃ প্রোষ্ঠিকা শফরীমৎস্যঃ। মক্ষিকা কীটবিশেষঃ॥ ৪৪॥

কুরালিয়া ১২॥০ সাড়ে বার সের, ৬৪ চৌষট্টি সের জলে সিদ্ধ করিয়া ১৬ ষোল সের অবশিষ্টে ক্বাথ গ্রহণ করিবে, উক্ত ক্বাথ এবং নিম্নলিখিত কল্ক দ্রব্য সহিত /৪ চারি সের তৈল পাক করিবে। কল্ক দ্রব্য যথা—কুরালিয়া, অপামার্গ, প্রোষ্ঠিকা (শফরী মৎস্য অথবা পুঠীমৎস্য) ও মক্ষিকা, এই সকল দ্রব্য যথাযোগ্য কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে। ইহা ব্রণ রোপক ও শোধক। ইহার নাম অঙ্গারক তৈল। নাড়ীব্রণ, আগন্তুকব্রণ ও শারীর ব্রণ প্রভৃতি এই তৈল অভ্যঞ্জনে বিনষ্ট হয়॥ ৪৪॥

প্রপৌণ্ডরীকাদ্যং তৈলম্—

প্রপৌণ্ডরীকং মধুকং কাকোল্যৌ দ্বে সচন্দনে। সিদ্ধমেতৈঃ সমং তৈলং তৎপরং ব্রণরোপণং॥ ৪৫॥

পুণ্ডরিয়া, যষ্টিমধু, কাকোলী, ক্ষীরকাকোলী, রক্তচন্দন ও শ্বেতচন্দন, এই সকল দ্রব্যের কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া ব্রণস্থানে প্রয়োগ করিবে। ইহা অতি শ্রেষ্ঠ ব্রণরোপক॥ ৪৫॥

দূর্ব্বাদ্যং তৈলং ঘৃতঞ্চ—

দূর্ব্বাস্বরসসিদ্ধং বা তৈলং কম্পিল্লকেন চ॥ দার্ব্বীত্বচশ্চ কল্কেন প্রধানং ব্রণরোপণং॥ যেনৈব বিধিনা তৈলং ঘৃতং তেনৈবসাধয়েৎ। রক্তপিত্তোত্তরং জ্ঞাত্বা সর্পিরেবাবচারয়েৎ॥ ৪৬॥

দূর্ব্বেত্যাদি।—যোগদ্বয়ং। অত্র দূর্ব্বা এব কল্কোবোধ্যঃ চকারদ্বয়াৎ কম্পিল্লদার্ব্বীত্বচোর্মি-

লিপ্তা কল্কঃ পাকশ্চ জলেন ক্ষারপানিসম্বাদাৎ। অন্যে তু দূর্ব্বাস্বরসসিক্তং বা তৈলং কম্পিল্লকেন বেতি পঠিত্বা দূর্ব্বাস্বরসেন অকল্কমেব তৈলং সাধ্যং কম্পিল্লকরসেন দার্ব্বীকল্কেন বা জলেন দ্রবেণাপরং তৈলদ্বয়মিত্যাহুঃ। তৈলসাধনবিধিং ঘৃতেঽপ্যতিদিশতি যেনেত্যাদি। অয়ঞ্চ সর্ব্বতৈলবিধ্যতিদেশঃ। অন্যে তু দূর্ব্বাতৈলবিধ্যতিদেশ ইত্যাহুঃ ॥ ৪৬ ॥

দূর্ব্বার স্বরস এবং গুণ্ডারোচনী (কমলাগুড়ী) ও দারুহরিদ্রার কল্কসহ তৈল পাক করিবে। ইহাও অতিশ্রেষ্ঠ ব্রণরোপক।

উক্ত নিয়মানুসারে ঘৃত সাধন করিয়া রক্তপিত্তোত্তর ব্রণে প্রয়োগ করিবে॥৪৬॥

মঞ্জিষ্ঠাদ্যং ঘৃতম্—

মঞ্জিষ্ঠাং চন্দনং মূর্ব্বাং পিষ্ট্বা সর্পির্বিপাচয়েৎ। সর্ব্বেষামগ্নিদগ্ধানামেতদ্রোপণমিষ্যতে ॥ ৪৭ ॥

মঞ্জিষ্ঠামিত্যাদৌ।—জলং চতুর্গুণং ॥ ৪৭ ॥

মঞ্জিষ্ঠা, রক্তচন্দন, মূর্ব্বা (সূচীমুখী), এইসকল দ্রব্য পেষণ করিয়া যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। সর্ব্বপ্রকার অগ্নিদগ্ধ ক্ষতস্থানে এই ঘৃত লেপন করিলে ক্ষত রোপণ হয় ॥ ৪৭ ॥

পাটলীতৈলম্—

সিদ্ধং কল্ককষায়াভ্যাং পাটল্যাঃ কটুতৈলকং। দগ্ধব্রণরুজাস্রাবদাহবিস্ফোটনাশনং ॥ ৪৮ ॥

পারুলীর ক্বাথ ও কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে কটুতৈল পাক করিবে। অগ্নিদগ্ধ ক্ষত স্থানে এই তৈল লেপন করিলে বেদনা, দাহ ও পূযাদি স্রাবের নিবৃত্তি হইয়া ক্ষত শুষ্ক হয় এবং বিস্ফোটেরও নিবৃত্তি হইয়া থাকে ॥ ৪৮ ॥

চন্দনাদ্যং যমকম্—

চন্দনং বটশুঙ্গঞ্চ মঞ্জিষ্ঠা মধুকং তথা। প্রপৌণ্ডরীকং দূর্ব্বা চ পত্তঙ্গং ধাতকী তথা। এভিস্তৈলং বিপক্তব্যং সর্পিঃ ক্ষীরসমাযুতং। অগ্নিদাহব্রণে শ্রেষ্ঠং ব্রক্ষণাদ্রোপণং পরং ॥ ৪৯ ॥

চন্দনাদ্যযমকে তৈলঘৃতাভ্যাং সমাভ্যাং মিলিত্বা প্রস্থঃ। পত্তঙ্গং রক্তচন্দনং ক্ষীরমেবাত্র চতুর্গুণং তৈলমিতি তিলতৈলমেব সর্ব্বত্র বিশেষোক্তিং বিনা ॥ ৪৯ ॥

চন্দন, বটের কুড়ি, মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, পুণ্ডরিয়া, দূর্ব্বা, রক্তচন্দন ও ধাইফুল, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক ও চতুর্গুণ দুগ্ধ সহিত তৈল ও ঘৃত একত্র পাক করিবে। যথাবিহিত নিয়মে পাক শেষ করিয়া অগ্নিদাহ ব্রণে অভ্যঞ্জন করিবে॥ ব্রণ রোপণার্থ ইহা অতি শ্রেষ্ঠ বলিয়া জানিবে ॥ ৪৯ ॥

মনঃশিলালেমঞ্জিষ্ঠা সলাক্ষারজনীদ্বয়ং। প্রলেপঃ সঘৃতক্ষৌদ্রস্ত্বগ্নিশুদ্ধিকরঃ পরঃ॥ অযোরজঃ সকাশীশং ত্রিফলা কুসুমানি চ। প্রলেপঃ কুরুতে কার্শ্যং সদ্যএব নবত্বচি ॥৫০॥

মনঃশিলেত্যাদিনা।— সাবর্ণ্যাথমুপক্রমমাহ। অয়োরজ ইত্যাদৌ।—কাশীশং ত্রিফলাকুসুমানি হরীতক্যাদীনাং কুসুমানি। কুসুমাভাবে ফলং॥৫০

মনঃশিলা, হরিতাল, মঞ্জিষ্ঠা, লাক্ষা, হরিদ্রা, দারুহরিদ্রা, এই সকল দ্রব্য পেষণ করিয়া ঘৃত ও মধুর সহিত (যথোপযুক্ত পরিমাণে) লেপন করিলে অগ্নিদগ্ধ-বিবর্ণ ত্বক্ বিশুদ্ধ হয়।

লৌহচূর্ন, হীরাকস, ত্রিফলার পুষ্প (অভাবে ত্রিফল।), এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে ক্ষতস্থান শুষ্ক হইয়া নূতন চর্ম্ম সদ্যই কৃষ্ণবর্ণতা প্রাপ্ত হইয়া থাকে ॥ ৫০ ॥

কালিয়কলতাম্রাস্থিহেমকালারসোত্তমৈঃ। লেপঃ সগোময়রসঃ সবর্ণকরণঃ পরঃ॥ চতুষ্পদাং হি ত্বগ্রোমখুরশৃঙ্গাস্থিভস্মনা। তৈলাক্তাচূর্ণিতাভূমির্ভবেদ্রোমবতীপুনঃ। ব্রণগ্রন্থিং গ্রন্থিবচ্চ জয়েৎ ক্ষারেণ বা ভিষক্॥ ৫১॥

কালিয়েত্যাদি।—কালিয়কং কালিয়াকাষ্ঠং লতা প্রিয়ঙ্গুঃ। দূর্ব্বেত্যন্যে। কালামঞ্জিষ্ঠা; রসোত্তমঃ পারদঃ ঘৃতমিত্যন্যে। চতুষ্পদামিত্যাদি সুগমং॥ ৫১॥

ইতি ব্রণশোথ চিকিৎসা।

কালিয়কাষ্ঠ, প্রিয়ঙ্গু, আম্রাস্থি, নাগকেশর, মঞ্জিষ্ঠা ও পারদ; এই সকল দ্রব্য গোময়সহ পেষণ করিয়া লেপন করিবে। ইহা অগ্নিদগ্ধ স্থানের সবর্ণকারক।

ছাগাদি চতুষ্পদ জন্তুর চর্ম্ম, রোম, খুর, শৃঙ্গ ও অস্থি ভস্ম করিয়া তাহার সহিত উপযুক্ত পরিমাণ তৈল মিশাইয়া প্রলেপ দিলে দগ্ধস্থানে লোম উৎপন্ন হইয়া থাকে।

ব্রণগ্রন্থিসমূহের গ্রন্থিরোগোক্ত চিকিৎসা করিবে অথবা ক্ষার প্রয়োগ করিবে॥ ৫১॥

ইতি ব্রণশোথে সদ্যোব্রণ চিকিৎসা।

অথ নাড়ীব্রণ-চিকিৎসা।

নাড়ীনাং গতিমন্বিষ্য শস্ত্রেণাপাট্য কর্ম্মবিৎ। সর্ব্বব্রণক্রমং কুর্য্যাৎ শোধনং রোপণাদিকং॥ নাড়ীং বাতকৃতাং সাধুপাটিতাং লেপয়েদ্ভিষক্॥ প্রত্যক্ পুষ্পীফলযুতৈস্তিলৈঃ পিষ্টৈঃ প্রলেপয়েৎ॥ পৈত্তিকীং তিলমঞ্জিষ্ঠানাগদন্তীনিশাদ্বয়ৈঃ। শ্লৈষ্মিকীং তিলযষ্টিসুরিকুম্ভারিষ্টসৈন্ধবৈঃ॥ ১॥

ব্রণত্বমনান্তরং নাড়ীব্রণচিকিৎসামাহ নাড়ীনামিত্যাদি।—গতিমিতি পূয়গতিং অন্বিষ্যন্বেষণোৎসাদনাবসাদনসবর্ণকরণাদয়ো গৃহ্যন্তে। সাধুপাটনমুপনাহপূর্ব্বকং ভাভটসম্বাদাৎ। প্রত্যক্পুষ্পী অপামার্গঃ তস্য বীজং সৈন্ধবযোগাদয়ং লেপোবোধ্যঃ। লেখয়েদিতি ক্ষারেণ প্রতিসারয়েদিত্যর্থঃ। এতচ্চ লেখনযোগ্যব্রণং প্রতিবোধ্যং উক্তংহি—উদ্ধৃতান্ মূলপর্য্যন্তান্ প্রসন্নান্ কঠিনান্ ব্রণান্। কিলাশানি সকুষ্ঠানি লিখেল্লেখ্যানি বুদ্ধিমান্ ইতি।

পৈত্তিকীমিত্যাদৌ।—ন পদ্রীস্থ লম্বুলানস্তোবঃ নিশাদ্বয়ৈরিত্যত্র নিশাযুতৈরিতি কেচিৎ পঠন্তি তন্ন বিশেষ্যাৎ তথা বাভটে নিশাদ্বয়ৈরিত্যেব পাঠঃ। বৃন্দেঽপি তথা। সুশ্রুতে হরিদ্রাদ্বয়ব্যতিরেকেণাপ্যয়ং যোগঃ।

শ্লৈষ্মিকীমিত্যাদৌ।—নিকুম্ভদন্তী অরিষ্টো-নিম্বঃ অত্র যষ্ট্যাহ্বস্থানে সৌরাষ্ট্রী যোগাদপ্যয়ং যোগঃ উক্তং হি বাভটে—শ্লৈষ্মিকীং তিলসৌরাষ্ট্রী নিকুম্ভারিষ্টসৈন্ধবৈরিতি॥ ১॥

নাড়ীব্রণ (১)(অর্থাৎ ক্ষত শোষ কিম্বা নালী) হইলে বিচক্ষণ বৈদ্য নালীর গতি অনুসন্ধান করিয়া অস্ত্রদ্বারা বিদারণ করিয়া দিবেন, পরে ব্রণরোগপ্রণালীতে শোধন রোপণাদি সামান্য চিকিৎসা করিবেন।

বাতজন্য নাড়ীব্রণে অস্ত্রদ্বারা উত্তমরূপে বিদীর্ণ করতঃ ক্ষার প্রতিসারণ করিবে এবং ক্ষতস্থানে অপামার্গের ফল ও তিল (যথোপযুক্ত মাত্রায় গ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে।

পৈত্তিক নাড়ীব্রণে তিল, মঞ্জিষ্ঠা, নাগদন্তী, হরিদ্রা এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে।

---

(১) যেমূর্খ ব্যক্তি অপক্ক শোথকে সংশমনাদি ক্রিয়াদ্বারা শোধন অথবা পক্কব্রণকে যদি ছেদন না করে, তবে ব্রণের পূঁয স্বস্থান বিদারণ করিয়া অভ্যন্তরে প্রবিষ্ট হয়। পূঁযের অভ্যন্তর গমন জন্য অন্তঃ ছিদ্রযুক্তশোষ লতারন্যায় নানা দিকে গমন করিতে থাকে, তাহাকেই নাড়ীব্রণ বা নালী অর্থাৎ শোষ বলাযায়।

শ্লৈষ্মিক নাড়ীব্রণে তিল, যষ্টিমধু, দন্তী, নিম্বপত্র ও সৈন্ধব একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে(২)॥ ১॥

শল্যজাং তিলমধ্বাজ্যৈর্লেপয়েচ্ছিন্ন শোধিতাং। আরগ্বধনিশাকালাচূর্ণাজ্যক্ষৌদ্রসংযুতা। মূত্রবর্ত্তির্ব্রণে যোজ্যা শোধনী গতিনাশিনী॥ ২॥

শল্যজামিত্যাদি।—বাভটস্য। ছিন্নশোধিতামিতি আদৌ ছিন্নাবিতি পাটিতাং পশ্চাৎ শল্যং নির্হৃত্য শোধিতামিত্যর্থঃ সুশ্রুতেপ্যুক্তং নাড়ীন্তু শল্যপ্রভবাং বিদার্য্য নির্হৃত্য শল্যং পরিশোধ্য মার্গং। সংশোধয়েৎ ক্ষৌদ্রঘৃতপ্রগাঢ়ৈস্তিলৈস্ততো রোপণম্য কুর্য্যাদিতি।

আরগ্বধেত্যাদি।—আরগ্বধস্য পত্রং কালা কালাকড়া নতু মঞ্জিষ্ঠা অস্যোকস্যৈব দুষ্টব্রণহৃত্ত্বাৎ। মূত্রবর্ত্তিরিতি গোমূত্রকৃতা বর্ত্তিঃ। এষাং প্রত্যেকং চূর্ণং মা ৮, ঘৃত মধু কর্ষ ২, গোমূত্র পল ১, এতৎ সর্ব্বং পক্ত্বা মধুসৈন্ধবয়োর্বর্ত্তিবৎ বর্ত্তিঃ কার্য্যেত্যাহুঃ। পাকমন্তরেণ বর্ত্তিকরণস্যাশক্যত্বাৎ। সূত্রবর্ত্তিরিতি পাঠে এভির্লিপ্তা সূত্রবর্ত্তিরিত্যর্থঃ। বৃদ্ধাস্তু পূর্ব্বেণৈব ব্যবহরন্তি॥ ২॥

শল্যজন্য নাড়ীব্রণে ব্রণ বিদীর্ণ করতঃ শল্য উদ্ধৃত করিয়া তিল, মধু, ঘৃত, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করিয়া লেপন করিবে।

শোণালু, হরিদ্রা, কালাকড়া, এই সকল দ্রব্যের চূর্ণ (উপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ) গোমূত্রে পাক করিয়া ঘৃত ও মধুসহযোগে বর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তি ব্রণে প্রয়োগ করিলে ব্রণশোধন হয় অর্থাৎ ব্রণমধ্যগত সমস্ত পূঁযাদি নির্গত হইয়া যায় এবং ঐ নালী অর্থাৎ শোষ তার বৃদ্ধি পাইতে পারে না।

শোণালু প্রভৃতির চূর্ণ প্রত্যেকে ৮ আট মাষা, ঘৃত ও মধু ২ দুই কর্ষ এবং গোমূত্র এক পল অর্থাৎ আট্ তোলা। যথারীতি পাক করিয়া মধু ও সৈন্ধবের সহিত বর্ত্তি প্রস্তুত করিবে॥ ২॥

ঘোণ্টাফলত্বঙ্মদনাৎ ফলানি-
পূগস্যচত্বক্ লবণঞ্চ মৌক্ষং।
স্নুহ্যর্কদুগ্ধেন সহৈব কল্কো
বর্ত্তীকৃতো হন্ত্যচিরেন নাড়ীং॥ ৩॥

ঘোণ্টেত্যাদি।—সুশ্রুতস্য। ঘোণ্টা অরণ্যবদরং তস্যাঃ ফলত্বক্। লবণং সৈন্ধবং লাক্ষাপ্রসিদ্ধৈব। পূগাৎ ফলমিতি শুষ্কপূগফলং আলবণঞ্চ পত্রমিতি জলবণা জ্যোতিষ্মতী অস্যাঃ পত্রং আলবণং বাভটেঽপ্যুক্তং ঘোণ্টাফলত্বক্ লবণঞ্চ লাক্ষাং পূগাৎ ফলঞ্চালবণঞ্চ পত্রং। স্নুহ্যর্কদুগ্ধান্বিত এষ কল্কোবর্ত্তীকৃতোহন্ত্যচিরেণ নাড়ীমিতি। অন্যে তু লাক্ষাং জ্যোতিষ্মতীপত্রং পঠন্তি মদনফলঞ্চ পঠন্তি যথা ঘোণ্টাফলত্বক্ মদনাৎ ফলানি পূগস্য চ ত্বক্ লবণঞ্চ মৌক্ষং। স্নুহ্যর্কদুগ্ধেন সহৈব কল্কো বর্ত্তীকৃতো হন্ত্যচিরেণ নাড়ীমিতি। এতৎ সর্ব্বং সমভাগং কৃত্বা কিঞ্চিৎ সৈন্ধবং দত্ত্বা স্নুহীক্ষীরৈরর্কক্ষীরৈর্ক্তৈরাভাব্য পক্ত্বা বর্ত্তিঃ কার্য্যা॥ ৩॥

অরণ্যবদরীর ফলত্বক্, মদনফল, সুপারির বল্কল, সৈন্ধবলবণ, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া উহার সহিত সীজ ও আকন্দের দুগ্ধ মিশ্রিত করতঃ বর্ত্তি প্রস্তুত করিবে. এই বর্ত্তি নাড়ীব্রণে প্রবেশ করাইলে অতি সত্বর নাড়ীব্রণ নষ্ট হয়॥ ৩॥

বর্ত্তীকৃতং মাক্ষিকসংপ্রযুক্তং
নাড়ীঘ্নমুক্তং লবণোত্তমং বা।
দুষ্টব্রণে যদ্বিহিতঞ্চ তৈলং
তৎসেব্যমানং গতিমাশুহন্তি॥ ৪॥

(২) বাতজ নাড়ীব্রণে নাড়ীকর্কশ, সূক্ষ্মমুখযুক্ত, অত্যন্ত বেদনা বিশিষ্ট, অধিক পরিমাণে পূঁয স্রাব হয় এবং রাত্রিতেই উক্ত নাড়ীব্রণের পূঁয অধিক পরিমাণে স্রাব হইয়া থাকে।

পিত্তজনিত নাড়ীব্রণে জ্বর, পিপাসা, ব্রণস্থানে জ্বালা, এবং উহা হইতে পীতবর্ণ ও উষ্ণ পূঁয নির্গত হইয়া থাকে, অপর, দিবসে রোগের বৃদ্ধি অর্থাৎ অধিক পরিমাণে স্রাব হইয়া থাকে।

কফজনিত নাড়ীব্রণে, ব্রণস্থানে কণ্ডূ (চুলকনা) ও বেদনা হইয়া থাকে এবং অতিশয় গাঢ় শ্বেতবর্ণ পিচ্ছিল ও বক্তবর্ণ পূঁযনির্গত হয় এবং রাত্রিতে রোগের বৃদ্ধি হইয়া থাকে।

বর্ত্তীকৃতমিত্যাদি।—সুশ্রুতস্য মবপোক্তমং সৈন্ধবং বর্ত্তিকরণঞ্চ মধুসৈন্ধবয়োর্যোগাৎ অন্যথা বর্ত্তির্ন স্যাৎ। দুষ্টব্রণে যদ্বিহিতঞ্চ তৈলমিতি সৌশ্রুতারগ্বধতৈলাদি॥ ৪॥

সৈন্ধব ও মধু একত্রে বর্ত্তি প্রস্তুত করতঃ প্রয়োগ করিলে নাড়ীব্রণ বিনষ্ট হয়।

দুষ্টব্রণরোগে যে সকল তৈল বলা হইয়াছে তাহা প্রয়োগ করিলে নাড়ীব্রণ আর বৃদ্ধি পাইতে পারে না॥ ৪॥

জাত্যর্ক সম্পাকরঞ্জ দন্তী
সিন্ধূত্থসৌবর্চ্চলযাবশূকৈঃ।
বর্ত্তিঃ কৃতা হন্ত্যচিরেণ নাড়ীং
স্নুক্‌ক্ষীরপিষ্টা সহচিত্রকেণ॥ ৫॥

জাত্যাদি।—জাত্যাঃ পত্রং অর্কস্য মূলং সম্পাকঃ আরগ্বধস্তস্যাপি পত্রং করঞ্জস্য বীজং দন্তী দন্তীমূলং অত্র স্নুহীক্ষীরেণৈব সহ কিঞ্চিজ্জলং দত্ত্বা পক্ত্বা চ বর্ত্তিঃ কার্য্যেত্যাহুঃ॥ ৫॥

জাতীপত্র, আকন্দমূল, শোণালু, ডহরকরঞ্জ, দন্তী, সৈন্ধব, সৌবর্চ্চল, যবক্ষার ও রক্তচিতা যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক সিজদুগ্ধসহ মর্দ্দন করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। এই বর্ত্তি নালীতে প্রবিষ্ট করিলে নালীঘা বিনষ্ট হয়॥৫॥

মহিষদধিকোদ্রবান্নমিশ্রং হরতি চিরবিরূঢ়াঞ্চ। ভুক্তং কুঙ্গুনিকামূলচূর্ণমতিদারুণাং নাড়ীং॥ ৬॥

মাহিষেত্যাদৌ।— কোদ্রবস্তৃণধান্যবিশেষঃ অস্য ভক্তং। কুঙ্গুনিকা কায়োনীতি এতস্যা মূলচূর্ণং মাহিষদধিকোদ্রবভক্তাভ্যাং মিশ্রিতং কৃত্বা ভুক্তং ন্যাদিত্যর্থঃ॥ ৬॥

মাহিষ দধি, কাকনীদানা মূলের চূর্ণ ও কোদ্রধান্যের অন্ন একত্র মিশ্রিত করিয়া সেবন করিলে চিরজাত অতি দারুণ নালীব্রণ নষ্ট হয়॥ ৬॥

কৃশদুর্ব্বলভীরূণাং গতির্মর্ম্মাশ্রিতাশ্চ যা। ক্ষারসূত্রেণ তাং ছিন্দ্যান্নশস্ত্রেণ কদাচন॥ এষণ্যাগতিমন্বিষ্য ক্ষারসূত্রানুসারিণীং। সূচীং নিদধ্যাদগত্যান্তে চোন্নাম্যচাশু নির্হরেৎ॥ সূত্রস্যান্তং সমানীয় গাঢ়ং বন্ধনমাচরেৎ। ততঃ ক্ষীণবলংবীক্ষ্য সূত্রমন্যৎ প্রবেশয়েৎ॥ ক্ষারাক্তং মতিমান্‌ বৈদ্যো যাবন্ন ছিদ্যতে গতিঃ। ভগন্দরেপ্যেষবিধিঃ কার্য্যো বৈদ্যেন জানতা॥ অর্ক্কদুগ্ধাদিষুচোৎক্ষিপ্য মূলে সূত্রং নিধাপয়েৎ। সূচীভির্যববক্ত্রাভিরাচিতং বা সমন্ততঃ। মূলে সূত্রেণ বধ্নীয়াচ্ছিন্নেচোপচরেদ্ব্রণং॥ ৭॥

কৃশেত্যাদি।—সুশ্রুতস্য। কৃশঃ ক্ষীণমাংসঃ দুর্ব্বলো হীনবলঃ। ক্ষারসূত্রেণ ছেদনবিধিমাহ এষণ্যেত্যাদি।—ক্ষারসূত্রেণ সহানুসর্ত্তুং শীলং যস্যাঃ এতাদৃশীং সূচীং উন্নাম্য উৎক্ষিপ্য সূচ্যগ্রেণ গতিপ্রান্তং নিষ্কাশ্য সূচীং নির্হরেদিতি ভাবঃ। অত্র যদি গতির্দীর্ঘাভবতি তদা দ্ব্যঙ্গুলে ত্র্যঙ্গুলে বা বদ্ধা ক্রমেণ পরিমানেন ছেদয়েৎ ন পুনরেকদৈব গতিপ্রমাণেন বদ্ধা ছেদঃ কার্য্যঃ সূত্রচ্ছেদভয়াৎ পীড়াতিশয়জনকত্বাচ্চ ইত্যাহুঃ। ক্ষারাক্তমিতি সূত্রবিশেষণং অর্ক্কদুগ্ধাদিষু বন্ধনবিশেষমাহ অর্ক্কদুগ্ধাদিষ্বিতি অর্ক্কদুগ্ধাদিকং যদি স্বতনুমূলং ভবতি তদা উৎক্ষিপ্য মূলে সূত্রেণ বধ্নীয়াদিত্যর্থঃ। স্থূলমূলে তু সূত্রস্থৈর্য্যার্থং মূলে সমন্ততঃ সূচীভিরাচিতং যথা স্যাত্তথা বধ্নীয়াৎ। যববক্ত্রাভিরিতি যববন্মধ্যস্থূলবক্ত্রাভিঃ যববক্ত্রা সূচীনাং ধারণার্থং। ছিন্নে চোপচরেদ্ব্রণমিতি দ্বিব্রণীয়োক্তবিধিনেতি শেষঃ॥ ৭॥

কৃশ, দুর্ব্বল ও ভীরু ব্যক্তির এবং মর্ম্মস্থান জাত নালীঘাতে অস্ত্র প্রয়োগ না করিয়া ক্ষারসূত্র বন্ধন করতঃ ছেদন করিবে।

ক্ষারসূত্র প্রয়োগ প্রণালী বলা যাইতেছে—শলাকাদিদ্বারা নালীর গতি অনুসন্ধান করিয়া ক্ষারসূত্রানুবর্ত্তী সূচী তন্মধ্যে (নালীতে) প্রবেশ করাইবে এবং নাড়ীর অপর প্রান্ত বিদ্ধ করিয়া সূচী বাহির করিয়া লইবে পরে সূত্রের প্রান্তদ্বয় ধরিয়া একত্র দৃঢ় বন্ধন করিয়া রাখিবে। ঐ সূত্র ক্ষীণবল হইলে অন্য

ক্ষারসূত্র প্রবিষ্ট করিয়া পূর্ব্ববৎ বন্ধন করিয়া রাখিবে। যাবৎকাল পর্য্যন্ত নালী ছিন্ন না হয়, তাবৎকাল ক্ষারসূত্র রাখিবে ও সূত্র পরিবর্ত্তন করিয়া দিবে। বিধানজ্ঞ বৈদ্য ভগন্দররোগও এইরূপে ক্ষারসূত্রদ্বারা ছেদন করিবেন। সূক্ষ্মমূল অর্ব্বুদাদিরোগে অর্ব্বুদ উৎক্ষিপ্ত করিয়া মূলে সূত্র বন্ধন করিবেন, অর্ব্বুদ স্থূলমূল হইলে যববক্ত্র অতি সূক্ষ্মমুখ সূচীদ্বারা চতুর্দ্দিক্ বিদ্ধ করতঃ মূলদেশ ক্ষারসূত্র বন্ধন করতঃ ছিন্ন হওয়া পর্য্যন্ত সূত্রবন্ধন রাখিবেন, ছিন্ন হইলে ব্রণবৎ চিকিৎসা আচরণ করিবেন ॥ ৭ ॥

সপ্তাঙ্গগুগ্গুলুঃ—

গুগ্গুলুস্ত্রিফলাব্যোষৈঃ সমাংশৈরাজ্যযোজিতঃ। নাড়ীদুষ্টব্রণং শূলভগন্দরবিনাশনঃ ॥ ৮ ॥

গুগ্গুলুরিত্যাদৌ।—ত্রিফলাব্যোষৈরিতি বিশেষণে তৃতীয়া। ত্রিফলাদীনান্তু মিলিত্বা গুগ্গুলুসমত্বং। আজ্যযোজিত ইতি ঘৃতপিষ্টিতঃ ঘৃতঞ্চ তাবদ্দেয়ং যাবতা বটিকা ভবতি। ৮॥

গুগ্গুলু, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপ্পলী ও শুঁঠ), এই সকল দ্রব্য সমভাগে গ্রহণ পূর্ব্বক উপযুক্ত পরিমাণ ঘৃতের সহিত মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করিবে। ইহা সেবনে শোষ, দুষ্টব্রণ, শূল ও ভগন্দর বিনষ্ট হয় ॥ ৮ ॥

স্বর্জ্জিকাদ্যংতৈলম্—

স্বর্জ্জিকাসিন্ধুদন্ত্যগ্নিরূপিকানলনীলিকা। খরমঞ্জরীবীজেষু তৈলং গোমূত্রপাচিতং। দুষ্টব্রণপ্রশমনং কফনাড়ীব্রণাপহং ॥ ৯ ॥

স্বর্জ্জিকেত্যাদৌ।—অগ্নিশ্চিত্রকঃ রূপিকা শ্বেতার্কঃ নলশ্চ স্বনামখ্যাতঃ নীলিকা নীলীতি প্রসিদ্ধা নীলবুহ্নেত্যন্যে। খরমঞ্জরী অপামার্গঃ গোমূত্রং পাকার্থং চতুর্গুণং ; সুশ্রুতেপ্যেবমুক্তং যথা—স্বর্জিকাসৈন্ধবচিত্রকেষু নিকুম্ভনীলীনলরূপিকাসু। বীজেষ্বপামার্গভবেষু চৈব দুর্য্যাৎ সমূত্রেষু হিতায় তৈলমিতি ॥ ৯ ॥

স্বর্জ্জিকাক্ষার, সৈন্ধব, দন্তী, চিতা, শ্বেতআকন্দ, নলমূল, নীলবুহ্না ও অপামার্গের বীজ, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক ও (উপযুক্ত পরিমাণ) গোমূত্রের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই তৈলদ্বারা দুষ্টব্রণ, ব্রণ ও কফনাড়ী বিনষ্ট হয় ॥৯॥

কুম্ভীকাদ্যং তৈলম্—

কুম্ভীকখর্জ্জূরকপিত্থবিল্ববনস্পতীনাং শলাটুকল্কৈঃ। কৃত্বা কষায়ং বিপচেচ্চ তৈলমবাপ্যমুস্তসরলপ্রিয়ঙ্গু ॥
সৌগন্ধিকামোচরসাহিপুষ্প লোধ্রাণি দত্বা খলুধাতকীঞ্চ।
এতেন শল্যপ্রভবাহি নাড়ী রোহেদ্ব্রণো বৈ সুখমাশুচৈব ॥ ১০ ॥

কুম্ভীত্যাদি।—সুশ্রুতস্য। কুম্ভিকা কুম্ভারুলতা দাড়িমসমফলা স্থূলদন্তীত্যন্যে। বনস্পতয়ো বটাদয়ঃ এষাং শলাটুঃ কোমলফলং, সৌগন্ধিকা অনন্তমূলং মোচরসঃ শাল্মলীনির্য্যাসঃ অহিপুষ্পং নাগকেশরপুষ্পং ॥ ১০ ॥

কুমারিয়ালতা, খর্জ্জূর, কয়েদবেল, বেল, বনস্পতি অর্থাৎ বট, যজ্ঞডুম্বর প্রভৃতি পুষ্পহীনবৃক্ষের অপক্ব ফল, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক ক্বাথ প্রস্তুত করিয়া উক্ত ক্বাথের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। পাককালে মুথা, সরলকাষ্ঠ, প্রিয়ঙ্গু, অনন্তমূল, মোচরস, নাগকেশর, লোধ ও ধাইফুল উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত কিম্বা পেষণ করিয়া তৈলে প্রদান করিবে। ইহাদ্বারা শল্যজনিত নাড়ী-

ব্রণ শীঘ্র প্ররূঢ় হইয়া রোগী স্বস্থতা লাভ করে ॥ ১০ ॥

ভল্লাতকাদ্যং তৈলম্—

ভল্লাতকার্কমরিচৈর্লবণোত্তমেন সিদ্ধং বিড়ঙ্গরজনীদ্বয়চিত্রকৈশ্চ।
স্যান্মার্কবস্য চ রসেন নিহন্তি তৈলং নাড়ীং কফানিলকৃতামপচীং ব্রণাংশ্চ॥১১॥

ভল্লাতকেত্যাদি।—সুরুক্তস্য। মার্কবোভৃঙ্গরাজস্তস্য স্বরসশ্চতুর্গুণঃ॥ ১১॥

ভেলা, আকন্দ মরিচ, সৈন্ধব, বিড়ঙ্গ, হরিদ্রা, দারুহরিদ্রা ও চিতা, এই সকল দ্রব্যের (উপযুক্ত পরিমাণ) উত্তমরূপ কুট্টিত কল্ক এবং উপযুক্ত পরিমাণ ভৃঙ্গরাজরসের সহিত যথারীতি তৈল পাক করিবে। ইহাদ্বারা কফবাতজ নাড়ীব্রণ, অপচী ও ব্রণ বিনষ্ট হয় ॥১১॥

নির্গুণ্ডীতৈলম্—

সমূলপত্রাং নির্গুণ্ডীং পীড়য়িত্বা রসেন তু। তেন সিদ্ধং সমং তৈলং নাড়ীদুষ্টব্রণাপহং ॥ হিতং পামাপচীনাস্তু পানাভ্যঞ্জননাবনৈঃ। বিবিধেষু চ স্ফোটেষু তথা সর্ব্বব্রণেষু চ ॥ ১২ ॥

নির্গুণ্ডীতৈলে সমমিতি সমার্থে তেন নির্গুণ্ডীস্বরসশ্চতুর্গুণ এব গ্রাহ্যঃ চক্রস্তু সমশব্দস্য তুল্যার্থতামাহ অকল্কমিদং তৈলং॥ ১২॥

মূল, পত্র ও শাখার সহিত নিসিন্দা কুট্টিত করিয়া (যথোপযুক্ত পরিমাণ) রস গ্রহণ করিবে, উক্ত রসের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। ক্ষত, শোষ, দুষ্টব্রণ, পামা, অপচী, বিবিধ স্ফোটক ও সর্ব্বপ্রকার ব্রণ রোগে এই তৈল পান, অভ্যঞ্জন ও নস্য রূপে ব্যবহার করিলে বিশেষ উপকার হয় ॥ ১২ ॥

হংসপাদীতৈলম্—

হংসপাদ্যরিষ্টপত্রং জাতীপত্রং ততো রসৈঃ। তৎকল্কৈশ্চ পচেত্তৈলং নাড়ীব্রণবিশোধনং॥ ১৩ ॥

হংসপাদ তৈলে হংসপাদী স্বনামখ্যাতা অরিষ্টপত্রং নিম্বপত্রং ততোরসৈরিতি তেষাং রসৈরিত্যর্থঃ ষষ্ঠ্যনন্তাত্তসি। ত্রয়াণাং রসোমিলিত্বা চতুর্গুণঃ॥ ১৩॥

ইতি নাড়ীব্রণচিকিৎসা।

হংসপাদী (স্বনামখ্যাত দ্রব্যবিশেষ), নিম্বপত্র ও জাতীপত্র, এই সকল দ্রব্যের কুট্টিত কল্ক ও উহার রসের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই তৈল নাড়ীব্রণ বিশোধক ॥ ১৩ ॥

ইতি নাড়ীব্রণ চিকিৎসা।

অথ ভগন্দর-চিকিৎসা।

গুদস্যশ্বয়থুং দৃষ্ট্বা বিশোষ্য শোধয়েত্ততঃ। রক্তাবসেচনং কুর্য্যাদ্যথাপাকং ন গচ্ছতি ॥ ১ ॥

নাড়ীব্রণত্বসামান্যাদ্ভগন্দরমাহ গুদস্যেত্যাদি। বিশোষ্যেত্যুপবাসাদিনা। শোধয়েদিতি বিরেচয়েৎ॥ ১॥

গুহ্যদেশে শোথ দৃষ্ট হইলে লঙ্ঘনাদি করাইয়া বিরেচনদ্বারা শোধন করিবে, তৎপরে রক্তমোক্ষণ করিবে, যেন ঐ শোথ পাকিতে না পারে (১) ॥ ১ ॥

বটপত্রেষ্টকাশুণ্ঠী গুড়ূচ্যঃ সপুনর্নবাঃ। সুপিষ্টাঃ পিড়কারম্ভে লেপঃ

(১) গুদস্যাদ্ব্যঙ্গুলে ক্ষেত্রে পার্শ্বতঃ পীড়কার্ত্তিকৃৎ। ভিন্নাভগন্দরো জ্ঞেয়ঃ স চ পঞ্চবিধোমতঃ॥ অর্থাৎ মলদ্বারের চতুষ্পার্শ্বে অঙ্গুলীদ্বয় পরিমিত স্থানে বেদনাযুক্ত যে পীড়কা জন্মে এবং কালক্রমে ঐ পীড়কা পাকিয়া উহাতে ছিদ্র ও মলদ্বারের সহিত মিলিত হইলে তাহাকেই ভগ-

শস্তো ভগন্দরে ॥ পিড়কানামপক্কানামপতর্পণপূর্ব্বকং। কর্ম্ম কুর্য্যাদ্বিরেকান্তং ভিন্নানাং বক্ষ্যতে ক্রিয়াং ॥২॥

বটপত্রেত্যাদি।—বটস্য কোমলপত্রং ইষ্টকা চ পানীয়ে চিরমুষিতা গ্রাহ্যেতি বৃদ্ধা ব্যবহরন্তি। অপতর্পণপূর্ব্বকং কর্ম্ম কুর্য্যাদ্বিরেকান্তমিতি অপতর্পণাদয়োবিরেকান্তা একাদশোপক্রমাদ্বিব্রণীয়োক্তাঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ ॥ ২॥

বটপত্র, জলের নীচের ইষ্টক, শুঁঠ, গুলঞ্চ ও পুনর্নবা, এই সকল দ্রব্য গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া ভগন্দরের পিড়কাবস্থায় প্রলেপ দিবে।

ভগন্দররোগে পিড়কার অপকাবস্থায় রোগীকে অপতর্পণ পূর্ব্বক বিরেকান্ত একাদশ প্রকার চিকিৎসা করিবে। পিড়কা বিদীর্ণ হইলে যেরূপ চিকিৎসা করিতে হইবে তাহা পরে কথিত হইতেছে ॥ ২ ॥

এষণীপাটনক্ষারবহ্নিদাহাদিকং ক্রমং। বিধায় ব্রণবৎ কার্য্যং যথাদোষং তথাক্রমং ॥ ৩ ॥

এষণীত্যাদৌ।—কার্য্যমিত্যত্র চিকিৎসিতমিতি শেষঃ ॥ ৩॥

ভগন্দররোগে এষণী (শলাকা) প্রবিষ্ট. পাটনক্ষার, অগ্নিদগ্ধ প্রভৃতি দ্বারা যথারীতি চিকিৎসা করিয়া অনন্তর দোষ বিবেচনায় ব্রণবৎ চিকিৎসা করিবে ॥৩॥

ত্রিবৃত্তিলানাগদন্তী মঞ্জিষ্ঠা সহ সর্পিষা। উৎসাদন ভবেদেতৎ সৈন্ধবক্ষৌদ্রসংযুতং ॥ ৪ ॥

ত্রিবৃদিত্যাদৌ।— উৎসাদনমিহ শোধনলেপঃ ॥ ৪॥

ভগন্দররোগে তেউড়ী, তিল, নাগদন্তী, সৈন্ধব ও মঞ্জিষ্ঠা, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া ঘৃত ও মধুর সহিত প্রলেপ দিলে [illegible] ॥৪॥

রসাঞ্জনং হরিদ্রে দ্বে মঞ্জিষ্ঠানিম্বপল্লবাঃ। ত্রিবৃত্তেজোবতীদন্তীকল্কো নাড়ীব্রণাপহঃ ॥ ৫ ॥

রসাঞ্জনমিত্যাদি।—সুশ্রুতস্য। তেজোবতী জ্যোতিষ্মতী অন্যে তু চবীত্যাহুঃ। শোধনরোপণোঽয়ং কল্কঃ ॥ ৫॥

রসাঞ্জন, হরিদ্রা, দারুহরিদ্রা, মঞ্জিষ্ঠা, নিম্বপত্র, তেউড়ী, তেজোবতী (জ্যোতিষ্মতি) ও দন্তী, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে ভগন্দর ও নাড়ীব্রণ বিনষ্ট হয় ॥ ৫ ॥

কুষ্ঠং ত্রিবৃত্তিলা দন্তী মাগধ্যঃ সৈন্ধবং মধু। রজনীত্রিফলাতুত্থং হিতং ব্রণবিশোধনং ॥ ৬ ॥

কুষ্ঠমিত্যাদি।—সুশ্রুতস্য স্পষ্টং ॥ ৬॥

কুড়, তেউড়ী, তিল, দন্তী, পিপ্পলী, সৈন্ধব, মধু, হরিদ্রা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ও তুঁতিয়া, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া ব্রণশোধনার্থ প্রলেপন করিবে ॥ ৬ ॥

স্নুহ্যর্কদুগ্ধদার্ব্বীভির্ব্বর্ত্তিং কৃত্বা বিচক্ষণঃ। ভগন্দরগতিং জ্ঞাত্বা পূরয়েত্তাং প্রযত্নতঃ। এষা সর্ব্বশরীরস্থাং নাড়ীং হন্যাদসংশয়ঃ ॥ ৭ ॥

স্নুহেত্যাদি।—স্নুহ্যর্কয়োঃ ক্ষীরেণ দারুহরিদ্রাচূর্ণং পক্ত্বা বর্ত্তিঃ কার্য্যেত্যর্থঃ ॥ ৭॥

মনসাসীজক্ষীর, আকন্দের ক্ষীর ও দারুহরিদ্রা চূর্ণ, এই সকল দ্রব্য একত্র পেষণ করতঃ বর্ত্তি প্রস্তুত করিবে। ভগন্দরের নালী অনুসন্ধান করিয়া এই বর্ত্তি তাহাতে প্রবেশিত কবিলে ভগন্দররোগ বিনষ্ট হয় এবং ইহাদ্বারা শরীরস্থ অন্যান্য নাড়ীব্রণও বিনষ্ট হইয়া [illegible] ॥ ৭ ॥

তিলাভয়ালোধ্রমরিষ্টপত্রং
নিশে বচাং কুষ্ঠমগারধূমঃ।
ভগন্দরে নাড্যুপদংশয়োশ্চ
দুষ্টব্রণে শোধনরোপণোঽয়ং ॥৮॥

তিলেত্যাদৌ।—কুষ্ঠস্থানে লোধ্রেতি পাঠে লোধ্রদ্বয়ং গ্রাহ্যং। নিশে হরিদ্রে দ্বে। ৮।

তিল, হরীতকী, লোধদ্বয় (লোধকাষ্ঠ), নিম্বপত্র, হরিদ্রা, দারুহরিদ্রা, বচ, কুড় ও আগারধূম, এই সকল দ্রব্য সমভাগে গ্রহণপূর্ব্বক একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে, ইহা ভগন্দর, নাড়ীব্রণ, উপদংশ ও দুষ্ট ব্রণের শোধক ও রোপক ॥ ৮ ॥

খরাস্রপক্কভূনাগচূর্ণলেপোভগন্দরং। হন্তি দন্ত্যগ্ন্যতিবিষালেপ স্তদ্বচ্ছুনোঽস্থি বা॥ ত্রিফলারসসংযুক্তং বিড়ালাস্থি প্রলেপনং। ভগন্দরং নিহন্ত্যাশু দুষ্টব্রণহরং পরং ॥ ৯ ॥

খরেত্যাদি।— গর্দ্দভরক্তপক্কগণ্ডূপদচূর্ণলেপ ইত্যর্থঃ। দন্তীত্যাদি —দ্বিতীয়োযোগঃ। অগ্নিশ্চিত্রকঃ। শুনোঽস্থি কুক্কুরস্যাস্থি। অত্র ত্রিফলারসোঽপি পেষণার্থং জ্ঞেয়ং ॥ ৯ ॥

গর্দ্দভ রক্তসহ পক্ক কেঁচোর চূর্ণ লেপন করিবে এবং দন্তী, চিতা ও আতইস, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া ভগন্দরে প্রলেপ দিবে অথবা ত্রিফলার রসে কুক্কুরের অস্থি পেষণ করিরা প্রলেপ দিলেও উক্ত রোগ প্রশমিত হয়।

বিড়ালের অস্থি পেষণ করিয়া প্রলেপ দিলে ভগন্দর ও দুষ্টব্রণ শীঘ্র বিনষ্ট হয় ॥ ৯ ॥

নবকার্ষিকগুগ্গুলুঃ—

ত্রিফলাপুরকৃষ্ণানাং ত্রিপঞ্চৈকাংশযোজিতা। গুড়িকা শোথ গুল্মার্শোভগন্দরবতাং হিতা ॥ ১

নবকার্ষিকে ত্রিপঞ্চৈকাংশযোজিতা ইতি অংশ ইহ কর্ষরূপোভাগঃ তেন ত্রিফলায়াঃ প্রত্যেকং কর্ষঃ গুগ্গুলোঃ পঞ্চকর্ষাঃ। কৃষ্ণায়া এককর্ষ ইতি নবকর্ষত্বমস্য যোগ ॥ ১০ ॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ৩ তিন ভাগ, গুগ্গুলু ৫ পাঁচ ভাগ ও পিপ্পলী ১ এক ভাগ গ্রহণ করতঃ একত্র গুড়িকা প্রস্তুত করিবে। এই গুড়িকা শোথ, অর্শঃ, গুল্ম ও ভগন্দর রোগে হিতকর ॥ ১০ ॥

সপ্তবিংশতিগুগ্গুলুঃ—

ত্রিকটুত্রিফলামুস্ত বিড়ঙ্গামৃতচিত্রকং। শটৈলা পিপ্পলীমূলং হবুষা সুরদারু চ ॥ তুম্বুরুপুষ্করঞ্চব্যং বিশালারজনীদ্বয়ং। বিড়ং সৌবর্চ্চলং ক্ষারৌ সৈন্ধবং গজপিপ্পলী ॥ যাবন্ত্যেতানি চূর্ণানি তাবদ্দ্বিগুণগুগ্গুলুঃ। কোলপ্রমাণাং গুড়িকাং ভক্ষয়েন্মধুনা সহ ॥ কাসশ্বাসং তথাশোথ মর্শাংসি চ ভগন্দরং। হৃচ্ছূলং পার্শ্বশূলঞ্চ কুক্ষিবস্তিগুদেরুজং॥ অশ্মরীং মূত্রকৃচ্ছ্রঞ্চ অন্ত্রবৃদ্ধিং তথা ক্রিমীন্। চিরজ্বরোপসৃষ্টানাং ক্ষয়োপহতচেতসাং ॥ আনাহঞ্চ তথোন্মাদং কুষ্ঠানি চোদরাণি চ। নাড়ীদুষ্টব্রণান্ সর্ব্বান্ প্রমেহং শ্লীপদন্তথা। সপ্তবিংশতিকোহ্যেষ সর্ব্বরোগনিসূদনঃ ॥ শম্বূকস্য চ মাংসানি ভক্ষয়েদ্ ব্যঞ্জনাদিভিঃ। অজীর্ণবর্জ্জী মাসেন মুচ্যতে না ভগন্দরাৎ ॥ ১১ ॥

ত্রিকটুত্যাদৌ।—ক্ষারৌ যবক্ষারস্বর্জ্জিকাক্ষারৌ। এতেন গুগ্গুলুং বিনা সপ্তবিংশতিদ্রব্যাণীতি নিশ্চলঃ। যে তু যবক্ষারসৌবর্চ্চলমিতি পঠন্তি তন্মতে গুগ্গুলুনা সহ সপ্তবিংশতিকল্কোঽয়ং ॥ ১১ ॥

ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), [illegible]

আদা), এলাইচ, পিপ্পলীমূল, হবুষা, দেবদারু, ধনিয়া. পুষ্করমূল (অভাবে কুড় ব্যবহার হয়), চৈ, রাখালশশা, হরিদ্রা, দারুহরিদ্রা, বিট্‌লবণ, সৌবর্চ্চল, যবক্ষার, সাচিক্ষার, সৈন্ধব ও গজপিপ্পলী, এই সকল দ্রব্য সংগ্রহ করতঃ সমভাগে পৃথক্ পৃথক্ চূর্ণ করিয়া একত্র করিবে এবং সমস্ত চূর্ণের দ্বিগুণ পরিমাণ গুগ্‌গুলু মিশ্রিত করতঃ ২ দুই তোলা প্রমাণ বটীকা প্রস্তুত করিবে। এই গুড়িকা মধুর সহিত সেবন করিলে কাস, শ্বাস, অর্শঃ, ভগন্দর, হৃদ্‌শূল, পার্শ্বশূল, কুক্ষি, বস্তি ও গুহ্যশূল, অশ্মরী, মূত্রকৃচ্ছ্র, অন্ত্রবৃদ্ধি, ক্রিমি, পুরাতনজ্বর, ক্ষয়রোগ, আনাহ, উন্মাদ, কুষ্ঠ, উদর ক্ষতশোষ, দুষ্টব্রণ, প্রমেহ ও শ্লীপদ প্রভৃতি রোগ নষ্ট হয়।

জঠরানল প্রবল থাকিলে (অর্থাৎ যাহার অজীর্ণ নাই জীর্ণশক্তি প্রবল থাকিলে), পীড়িত ব্যক্তি এক মাস পর্য্যন্ত ব্যঞ্জনাদির সহিত শম্বূকমাংস সেবন করিলে ভগন্দররোগ হইতে মুক্তি লাভ করিতে পারে ॥ ১১ ॥

পঞ্চতিক্তং ঘৃতং শস্তং পঞ্চতিক্তশ্চ গুগ্‌গুলুঃ। ন্যগ্রোধাদিগণো যস্ত হিতঃ শোধনরোপণঃ। তৈলং ঘৃতং বা তৎপক্কং ভগন্দরবিনাশনং ॥ ১২ ॥

তৎপক্কমিতি ন্যগ্রোধাদেঃ কাথকল্কাভ্যাং পক্কং ॥ ১২ ॥

ভগন্দররোগে পঞ্চতিক্ত ঘৃত ও পঞ্চতিক্ত গুগ্‌গুলু হিতকর।

ন্যগ্রোধাদিগণ ব্রণশোধক ও ব্রণরোপক।

উক্ত ন্যগ্রোধাদিগণের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল কিম্বা ঘৃত পাক করিয়া সেবন করিলেও ভগন্দর রোগ বিনষ্ট হয় (২) ॥ ১২ ॥

বিষ্যন্দনতৈলম্—

চিত্রকার্কৌ ত্রিবৃৎপাঠে মলপূহয়মারকৌ। সুধাং বচাং লাঙ্গলিকীং হরিতালং সুবর্চ্চিকাং॥ জ্যোতিষ্মতীঞ্চ সংহৃত্য তৈলং ধীরো বিপাচয়েৎ। এতদ্বিষ্যন্দনং নাম তৈলং দদ্যাদ্ভগন্দরে। শোধনং রোপণঞ্চৈব সবর্ণকরণন্তথা ॥ ১৩ ॥

চিত্রকেত্যাদি।—সুশ্রুতস্য। চিত্রকাদীনাং কল্কো জলং চতুর্গুণং। মলপূঃ কাকোডুম্বরঃ তস্য মূলং রক্তপিত্তাদৌ তু ফলং। বিষ্যন্দতি পূয়ং স্রাবয়তি বিষ্যন্দনং শোধনং ॥ ১৩ ॥

চিতা ও আকন্দমূল, তেউড়ী, আকনাদি (আকনদ অথবা আকান্দি) [illegible] ডুম্বুরমূল, করবী, সিজ, বচ, ল[illegible] (বিষলাঙ্গলীয়া), হরিতাল, সৌ[illegible] ও লতাফটকিরী, এই সকল দ্রব্য আহরণ করিয়া উত্তমরূপ কুট্টিত করতঃ ইহাদের উপযুক্ত পরিমাণ কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই 'বিষ্যন্দন' নামক তৈল ভগন্দরে প্রয়োগ করিবে॥ ইহা ব্রণশোধক, রোপক ও সবর্ণকারক ॥ ১৩॥

করবীরাদ্যং তৈলম্—

করবীরনিশাদন্তী লাঙ্গলীলবণাগ্নিভিঃ। মাতুলুঙ্গার্কবৎসাহ্বৈঃ পচেত্তৈলং ভগন্দরে ॥ ১৪ ॥

করবীরাদ্যে মাতুলুঙ্গস্য ফলং বৎসাহ্বঃ কুটজস্তস্য ত্বক্ অন্যে তু তৎফলমাহুঃ। ১৪ ॥

(২) ন্যগ্রোধ, উডুম্বর, অশ্বত্থ, পিয়াল, প্লক্ষ, বেতস, আম্র, জম্বু (জাম), কোল (বদরী), মধুক (যষ্টিমধু), তিল্বক, অর্জ্জুন, তিন্দুক, কটুক, নীলী, গন্ধভাণ্ড ও কিংশুক (পলাশ); ইহাদিগকে ন্যগ্রোধাদিগণ বলিয়া থাকেন। পঞ্চ তিক্তাদি [illegible]

করবীমূল, হরিদ্রা, দন্তী, লাঙ্গলীয়া (বিষলাঙ্গলীয়া), সৈন্ধব, চিতা, ছোলঙ্গলেবুর মূল (টাবালেবু বা মাতুলুঙ্গলেবু), আকন্দের মূল ও কুটজত্বক, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া ভগন্দরে প্রদান করিবে ॥ ১৪ ॥

নিশাদ্যংতৈলম্—

নিশার্কক্ষীর সিন্ধ্বগ্নিপুরাশ্বহনবৎসকৈঃ। সিদ্ধমভ্যঞ্জনে তৈলং ভগন্দর বিনাশনং ॥ ১৫ ॥

নিশেত্যাদৌ।—পুরোগুগ্‌গুলুঃ অশ্বহনঃ করবীরস্তস্য মূলং ॥ ১৫ ॥

হরিদ্রা, আকন্দের ক্ষীর (আকন্দদুগ্ধ), সৈন্ধব, চিতা, গুগ্‌গুলু, করবীমূল ও কুটজছাল (কুরচিছাল), এই সকল দ্রব্যের কুট্টিত যথা-পরিমাণ কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই তৈল মর্দ্দন করিলে ভগন্দররোগ বিনষ্ট হয় ॥ ১৫ ॥

ব্যায়ামো মৈথুনং যুদ্ধং পৃষ্ঠযানং গুরূণিচ। সংবৎসরং পরিহরেদুপরূঢ় ব্রণোনরঃ ॥ ১৬ ॥

ইতি ভগন্দরচিকিৎসা।

ব্রণপ্ররূঢ় অর্থাৎ শুষ্ক হইলেও সম্বৎসর পর্য্যন্ত ব্যায়াম, মৈথুন, যুদ্ধ, পৃষ্ঠ ও যানারোহণ এবং গুরুপক্ক-দ্রব্য-ভোজন, এই সকল পরিত্যাগ করিবে ॥ ১৬ ॥

ইতি ভগন্দর-চিকিৎসা।

অথোপদংশ-চিকিৎসা।

স্নিগ্ধস্বিন্নশরীরস্য ধ্বজমধ্যে শিরাব্যধঃ। জলোকাঃ পাতনং বা স্যাদূর্দ্ধাধঃ শোধনং তথা। পাকোহন্যথা প্রযত্নেন শিশ্নক্ষয়করোহি সঃ ॥ ১ ॥

স্নিগ্ধেত্যাদি।—ধ্বজমধ্যে মেঢ্রমধ্যে শিরাব্যধঃ কর্ত্তব্যঃ মহত্যাং অল্পায়াস্তু জলৌকঃপাতনং। ১ ॥

উপদংশ (গরমি) রোগে স্নেহ ও স্বেদ প্রয়োগ করিয়া লিঙ্গ মধ্যস্থ শিরাবিদ্ধ করিবে। কিন্তু রোগ সামান্য হইলে জলৌকাদ্বারা রক্ত মোক্ষণ করিবে এবং বমন বিরেচনদ্বারা দেহশুদ্ধ করিয়া লইবে। যাহাতে উপদংশ না পাকে যত্নপূর্ব্বক তদ্রূপ কার্য্য করা কর্ত্তব্য, যেহেতু, উপদংশ পাকিলে লিঙ্গক্ষয় হইতে থাকে (১) ॥ ১ ॥

পটোলনিম্বত্রিফলাগুডূচী
ক্বাথং পিবেদ্বা খদিরাশনাভ্যাং।
সগুগ্‌গুলুং বা ত্রিফলাযুতং বা
সর্ব্বোপদংশাপহরঃ প্রয়োগঃ ॥ ২ ॥

পটোলেত্যাদি।—পটোলাদিক্বাথং গুগ্‌গুলুং ত্রিফলাচূর্ণং প্রক্ষিপ্য পিবেৎ। এবং খদিরাশন ক্বাথমপি অশনঃ পীতশালঃ। অন্যে তু ক্বাথদ্বয়ে যথাসংখ্যং গুগ্‌গুলুত্রিফলাচূর্ণয়োঃ প্রক্ষেপমাহুঃ। অপরে তু কেবলক্বাথেন যোগদ্বয়ং তদেব গুগ্‌গুলোস্ত্রিফলাচূর্ণস্য প্রক্ষেপেণাপি যোগদ্বয়মিতি বদন্তি। ব্যবহারস্তু পূর্ব্বেণৈব ॥ ২ ॥

পটোল, নিম্বপত্র, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ও গুলঞ্চ, ইহাদিগের ক্বাথে অথবা খদির ও অশনকাষ্ঠের (পীতশাল) ক্বাথে গুগ্‌গুলু এবং ত্রিফলা চূর্ণ প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা সর্ব্ব প্রকার উপদংশরোগ বিনষ্ট হয়।

নিম্নলিখিত নিয়মে ক্বাথ প্রস্তুত করিতে হইবে। যথা—ক্বাথ্যদ্রব্য দুই

---

(১) শিশ্নে হস্তের আঘাত অথবা অনুরাগ বশতঃ স্ত্রীকর্ত্তৃক নখবিদ্ধ বা দংশিত হইলে, কিম্বা লিঙ্গনাল অপরিষ্কার বশতঃ, অথবা অত্যন্ত স্ত্রীসংসর্গ করিলে বা যোনির দোষ বশতঃ অথবা ক্ষারজলে বা উষ্ণজলে লিঙ্গনাল প্রক্ষালন করিলে শিশ্নে উপদংশ (গরমি) রোগ জন্মিয়া থাকে।

তোলা, উক্তরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে ॥ ২ ॥

প্রপৌণ্ডরীকং মধুকং রাস্নাকুষ্ঠং পুনর্নবা। সরলাগুরুভদ্রাহ্বৈর্বাতিকে লেপসেচনে ॥ ৩ ॥

বাতিক উপদংশরোগে পুণ্ডরিয়া কাষ্ঠ, যষ্টিমধু, রাস্না, কুড়, পুনর্নবা, সরল কাষ্ঠ, অগুরু, দেবদারু, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া প্রলেপ ও উক্ত দ্রব্য সকলের ক্বাথে অবসেচন করিবে ॥ ৩ ॥

গৈরিকাঞ্জনমঞ্জিষ্ঠামধুকোশীরপদ্মকৈঃ। সচন্দনোৎপলৈঃ স্নিগ্ধৈঃ পৈত্তিকং সম্প্রলেপয়েৎ ॥ ৪ ॥

গৈরিকাঞ্জনমিত্যাদৌ।—স্নিগ্ধৈরিতি শতধৌতঘৃতৈঃ ॥ ৪ ॥

পৈত্তিক উপদংশরোগে গৈরিক (গেরুমাটী বা গিরিমাটী), রসাঞ্জন, মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, বেণারমূল, পদ্মকাষ্ঠ, রক্তচন্দন, নীলোৎপল, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া শতধৌত ঘৃত সহযোগে শিশ্নে প্রলেপ দিবে ॥ ৪ ॥

নিম্বার্জ্জুনাশ্বত্থকদম্বশাল
জম্বূবটোডুম্বরবেতসেষু।
প্রক্ষালনালেপঘৃতানি কুর্য্যাচ্
চূর্ণানি পিত্তাস্রভবোপদংশে ॥

ত্রিফলায়াঃ কষায়েণ ভৃঙ্গরাজরসেন বা। ব্রণপ্রক্ষালনং কুর্য্যাদুপদংশপ্রশান্তয়ে ॥ দহেৎ কটাহে ত্রিফলাং সা মসী মধুসংযুতা। উপদংশে প্রলেপোঽয়ং সদ্যো রোপয়তি ব্রণং ॥ ৫ ॥

নিম্বেত্যাদৌ।—প্রক্ষালয়েদিতি কষায়েণ। ঘৃতঞ্চ নিম্বাদিক্বাথকল্কাভ্যাং সাধ্যং ॥ ৫ ॥

পিত্তরক্ত জন্য উপদংশরোগে নিম্ব, অর্জুনবৃক্ষ, অশ্বত্থ, কদম্ব, শাল, জাম, বট, যজ্ঞডুম্বুর ও বেতস, এই সকল বৃক্ষের বল্কলের যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ করিয়া শিশ্ন ধৌত করিবে এবং উক্ত বল্কল সকলের চূর্ণ, আলেপন এবং কল্ক ক্বাথ সহ সাধিত ঘৃত প্রয়োগ করিবে।

উপদংশরোগ শান্তির জন্যে ত্রিফলার (হরীতকী আমলকী ও বহেড়া) ক্বাথ অথবা ভৃঙ্গরাজের রসদ্বারা ব্রণ ধৌত করিবে।

লৌহ কটাহে অন্তর্ধূমে ত্রিফলা দগ্ধ করিয়া সেই ভস্ম মধু সহযোগে শিশ্নে প্রলেপ দিলে উপদংশব্রণ সদ্য প্রকঢ় হয় ॥ ৫ ॥

রসাঞ্জনং শিরীষেণ পথ্যয়া বা সমন্বিতং। সক্ষৌদ্রং বা প্রলেপেন সর্ব্বলিঙ্গগদাপহং ॥ বব্বোলদলচূর্ণেন দাড়িমত্বগ্ভবেন বা। গুণ্ডনং নৃস্থিচূর্ণেন উপদংশহরং পরং ॥ লেপঃ পূগফলেনাশ্বমারমূলেন বা তথা। সেবেন্নিত্যং যবান্নঞ্চ পানীয়ং কৌপমেব চ ॥ জয়াজাত্যশ্বমারার্কসম্পাকানাং দলৈঃ পৃথক্। কৃতং প্রক্ষালনে ক্বাথং মেঢ্রপাকে প্রয়োজয়েৎ ॥ ৬ ॥

রসাঞ্জনমিত্যাদি যোগত্রয়ং। অত্র পথ্যা গুড়ূচী। বব্বোলেতি বব্বোলস্য দলং পত্রং গুণ্ডনমবচূর্ণনং। নৃস্থি মনুষ্যকপালাস্থি চক্রাটেঽপি নৃকপালাস্থি ইত্যুক্তত্বাৎ ॥ ৬ ॥

রসাঞ্জন ও শিরীষবৃক্ষের বল্কল অথবা রসাঞ্জন ও হরীতকী যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া মধুর সহিত লিঙ্গে প্রলেপ দিলে সর্ব্বপ্রকার লিঙ্গরোগ বিনষ্ট হয়।

বাব্লাপত্রচূর্ণ অথবা দাড়িম্বফলের বল্কলচূর্ণ কিম্বা মনুষ্যের কপালাস্থিচূর্ণ

উপদংশের ক্ষত স্থানে ঘর্ষণ করিলে অতিশীঘ্র উপদংশ রোগের শান্তি হয়।

উপদংশরোগে শুপারিফল অথবা করবীমূল (উপযুক্ত পরিমাণে গ্রহণ করত) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে এবং প্রতি দিন যবান্ন ভোজন ও কূপোদক পান করিলে উপদংশ রোগের পক্ষে বিশেষ উপকার হইয়া থাকে।

সর্ব্বপ্রকার লিঙ্গরোগে জয়ন্তীপত্র, জাতীপত্র, করবীপত্র, আকন্দপত্র ও শোনালুপত্র, এই সকল পত্রের পৃথক্ পৃথক্ ক্বাথ প্রস্তুত করিয়া মেঢ়্পাক প্রক্ষালনের নিমিত্ত প্রয়োগ করিবে॥ ৬॥

ভূনিম্বাদ্যং ঘৃতম্—

ভূনিম্বনিম্ব ত্রিফলাপটোল
করঞ্জজাতীখদিরাশনানাং।
সতোয়কল্কৈর্ঘৃতমাশুপক্বং
সর্ব্বোপদংশাপহরং প্রদিষ্টং॥৭॥

চিরতা, নিমছাল, পটোলপত্র, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), ডহরকরঞ্জা, জাতীপত্র, খদির ও অশনকাষ্ঠ (পীতশাল), এই সকল দ্রব্যের ক্বাথ ও উত্তম রূপ কুট্টিত কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃতপাক করিবে। উক্ত ঘৃত সেবন করিলে সর্ব্ব প্রকার উপদংশরোগ বিনষ্ট হয়॥ ৭॥

করঞ্জাদ্যং ঘৃতম্—

করঞ্জনিম্বার্জ্জুন শালজম্বূ-
বটাদিভিঃ কল্ককষায়সিদ্ধং।
সর্পির্নিহন্যাদুপদংশদোষং
সদাহপাকং স্রুতিরাগযুক্তং॥৮॥

করঞ্জাদ্যঘৃতে করঞ্জস্য মূলং বটাদিভিরিতি ক্ষীরবৃক্ষৈঃ। ঘৃতস্যাস্য পানং ম্রক্ষণক্ষালনেন কার্য্যং॥৮॥

ডহরকরঞ্জা, নিম্ব, অর্জ্জুন, শাল, জাম, বট, অশ্বত্থ, পাকড়, যজ্ঞডুম্বর ও বেতস, এই সকল বৃক্ষের বল্কলের (যথা নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথ ও উত্তমরূপ কুট্টিত কল্কসহ যথা নিয়মে ঘৃত পাক করিবে। এই ঘৃত সেবন ও ম্রক্ষণ করিলে রক্তবর্ণতা, দাহ পাক ও রক্তাদি স্রাবযুক্ত উপদংশদোষ প্রশমিত হয়॥ ৮॥

আগারধূমাদ্যং তৈলম্—

আগারধূমরজনীসুরাকিণ্বকৃতৈস্ত্রিভিঃ।
ভাগোত্তরৈঃ পচেত্তৈলং কণ্ডূশোথরুজাপহং। শোধনং রোপণঞ্চৈব সবর্ণকরণস্তথা॥ ৯॥

আগারধূমেতি আগারধূমোঽলক্কঃ। কিণ্বং সুরাবীজং ভাগোত্তরৈরিতি তৈলপ্রস্থে আগারধূমপল ১, কর্ষ ১, মাষা ৫, রক্তি ৩। হরিদ্রাপল ২, কর্ষ ২, মাষা ১০, রক্তি ৬। সুরাবীজপল ৩, কর্ষ ৩, মাষা ১৫, রক্তি ৯। এবং স্নেহপাদিকত্বং কল্কস্য পাকস্তু জলেনৈব॥ ৯॥

গৃহধূম ১ ভাগ, হরিদ্রা ২ভাগ, সুরাকিট্ট (মদের ছাঁকা অথবা সুরাবীজ) ৩ ভাগ, এই সকল দ্রব্যের কল্ক সহিত (যথাবিহিত নিয়মানুসারে উপযুক্ত পরিমাণ) তৈল পাক করিবে। এই তৈল কণ্ডূ, শোথ ও বেদনা নিবারক, ব্রণশোধক ও রোপক এবং ক্ষত স্থানের সবর্ণ কারক॥ ৯॥

অর্শসাংছিন্নদগ্ধানাং ক্রিয়া কার্য্যোপদংশবৎ॥ ১০॥

চিকিৎসাসামান্যাদত্রৈব লিঙ্গার্শশ্চিকিৎসামাহ অর্শসামিত্যাদি॥ ১০॥

ইত্যুপদংশ-চিকিৎসা।

লিঙ্গার্শঃ সমুদায় ছেদন করিয়া দগ্ধ করতঃ উপদংশবৎ চিকিৎসা আচরণ করিবে॥ ১০॥

ইতি উপদংশ-চিকিৎসা।

অথ শূকদোষ-চিকিৎসা।

হিতঞ্চসর্পিষঃপানং পথ্যঞ্চাপি বিরেচনং। হিতঃ শোণিতমোক্ষশ্চ যচ্চাপি লঘুভোজনং ॥ ১ ॥

সমানস্থানত্বাচ্ছূকদোষচিকিৎসিতমুচ্যতে।—শূকোজলশূকঃ সবিষজন্তুঃ তৎকৃতোদোষঃ শূকদোষঃ। হিতমিত্যাদি।—সুশ্রুতস্য। সর্পিষ ইতি যথাদোষং সংস্কৃতস্য। বিরেচনমপি পথ্যং হিতমিত্যর্থঃ॥ ১॥

শূকদোষরোগে পঞ্চতিক্তাদি ঘৃতপান, বিবেচক আহার, রক্তমোক্ষণ ও লঘুভোজন, এই সকল হিতকর (১) ॥১॥

সর্ষপীং লিখিতাং সূক্ষ্মৈঃ কষায়ৈরব চূর্ণয়েৎ। তৈরেবাভ্যঞ্জনং তৈলং সাধয়েদ্‌ব্রণরোপণং॥ ক্রিয়েয়মধিমন্থেপি রক্তং স্রাব্যং তথোভয়োঃ। অষ্ঠীলায়াং হৃতে রক্তে শ্লেষ্মগ্রন্থিবদাচরেৎ॥ কুম্ভীকায়াং হরেদ্রক্তং পক্কায়াং শোধিতে ব্রণে। তিন্দুকত্রিফলালোধ্রৈর্লেপ স্তৈলঞ্চ রোপণং॥ অলজ্যাং হৃতরক্তায়াময়মেব ক্রিয়াক্রমঃ। স্বেদয়েদ্‌গ্রথিতং স্নিগ্ধং নাড়ীস্বেদেন বুদ্ধিমান্। সুখঙ্কৈরুপনাহৈশ্চ সুস্নিগ্ধৈরুপনাহয়েৎ ॥ ২ ॥

সর্ষপীমিত্যাদি বাভটস্য।—কষায়ৈরিতি রসভেদীয়কষায়বর্গোক্তৈশ্চ পথ্যা বিভীতকী শিরীষাদিভিঃ [illegible] টৈশ্চ সূক্ষ্মৈরিতি সূক্ষ্মচূর্ণীকৃতৈঃ। সুশ্রুতে তু সূক্ষ্মৈরিত্যত্র সম্যগিতি পাঠঃ। তৈরেবেতি পূর্ব্বোক্তকষায়ৈঃ কাথকল্কৈঃ। উভয়োরিতি সর্ষপ্যধিমন্থয়োঃ। অষ্ঠীলায়ামিত্যাদি। বাভটস্য। বাতজায়ামপ্যষ্ঠীলায়াং শূকদূষিতরক্তস্যাবরুকস্য নির্হরণং জলৌকাদিভিরুচিতমেব। কুম্ভিকায়াং হরেদ্রক্তমিত্যামাবস্থায়াং। তৈলঞ্চ রোপণমিতি উক্তৈস্তিন্দুকাদিকল্কসিদ্ধং। অলজ্যামিতি অয়মেব কুম্ভিকোক্তঃ। স্বেদয়েদিতি সুশ্রুতস্য। গ্রথিতমিতি গ্রথিতাখ্যং শূকদোষং। স্নিগ্ধমিতি তৈলযোগাৎ। স্বেদেনেতি স্বেদনদ্রব্যাণি চরকোক্তানি যথা বীরণামৃতকৈরণ্ডশিগ্রুমূলকসর্ষপৈঃ। বাসাবংশকরঞ্জার্কপত্রৈরশ্মন্তকস্য চ। শোভাঞ্জনকশৈরীয়মালতীসুরসার্জকৈঃ। পত্রৈরুৎক্বাথ্য সলিলং নাড়ীস্বেদং প্রযোজয়েদিতি। সুখোষ্ণৈরুপনাহৈরিতি কফহরদ্রব্যকৃতৈঃ গ্রথিতস্য কফকৃতত্বাৎ। সুস্নিগ্ধৈরিতি তৈলযোগাৎ॥ ২॥

শূকদোষ রোগে লিঙ্গাগ্রে অষ্টাদশ প্রকার (২) পিড়কা জন্মে। ঐ সকল পিড়কা পৃথক্ পৃথক্ দোষে পৃথক্ পৃথক্ আকারের হয়, অতএব সেই সকল পিড়কার পৃথক্ পৃথক্ চিকিৎসা বলা যাইতেছে। সর্ষপী নামক পিড়কা কর্কশ পত্রাদিদ্বারা ঘর্ষণ করিয়া হরীতকী প্রভৃতি কষায় দ্রব্যের সূক্ষ্ম চূর্ণ প্রদান করিবে। এবং ঐ সকল কষায় অর্থাৎ হরীতকী প্রভৃতি কষায় দ্রব্যদ্বারা যথা বিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া ব্রণ রোপণার্থ প্রয়োগ করিবে।

অধিমন্থ নামক পিড়কাতেও উক্তরূপ প্রক্রিয়া আচরণ করিবে। কিন্তু উভয় পিড়কাতেই রক্তমোক্ষণ আবশ্যক।

অষ্ঠীলা নামক পিড়কাতে রক্তমোক্ষণ করিয়া শ্লেষ্ম গ্রন্থিবৎ চিকিৎসা আচরণ করিবে।

(১) যে ব্যক্তি লিঙ্গনাল বৃদ্ধি করিবার মানসে লিঙ্গনালে অবিধি পূর্ব্বক শূকনামক কীট প্রয়োগ করে, তাহার লিঙ্গনালে শূককীট প্রয়োগ জনিত যে নানাপ্রকার রোগ জন্মে তাহাকেই শূকদোষ রোগ বলিয়া থাকেন। অপর পঞ্চতিক্ত ঘৃত কুষ্ঠাধিকারে উক্ত হইবে।

(২) অষ্টাদশ প্রকার পিড়কা যথা।—সর্ষপী, অষ্ঠীলিকা, গ্রথিতা, কুম্ভিকা, অলজী, মৃদিত, সংমূঢ়, অধিমন্থ, পুষ্করিকা, শোণিত, উত্তমা, শতপোণক, ত্বক্‌পাক, শোণিতার্ব্বুদ, মাংসার্ব্বুদ, মাংসপাক, বিদ্রধি, তিলকালক, এই অষ্টাদশ প্রকার পিড়কার নাম মাত্র লিখিত হইল ইহাদের প্রত্যেকের লক্ষণাদি মাধবকর স্বরচিত নিদানগ্রন্থে বিশেষরূপ বিবৃত করিয়াছেন। সেই সকল লক্ষণ ও দোষাদি জানিয়া চিকিৎসা করা উচিৎ।

কুম্ভিকানামক পিড়কাতেও রক্ত মোক্ষণ করিবে। এবং পক্ক হইলে ব্রণশোধক ঔষধদ্বারা ব্রণ শোধন করিয়া গাব, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ও লোধ, এইসকল দ্রব্যের কল্ক লেপন এবং ঐ সকল দ্রব্যের সহিত তৈল পাক করিয়া ব্রণ রোপণার্থ প্রয়োগ করিবে।

অলজী নামক পিড়কাতেও পূর্ব্বোক্ত কুম্ভিকা পিড়কার ন্যায় রক্তমোক্ষণ, পক্ক হইলে ব্রণশোধক ঔষধদ্বারা ব্রণশোধন, ত্রিফলা প্রভৃতির কল্ক লেপন এবং ব্রণশোধক দ্রব্যসহ পক্ক তৈলাদিদ্বারা চিকিৎসা করিবে।

গ্রথিত নামক পিড়কায় বুদ্ধিমান্ চিকিৎসক তৈল সংযুক্ত নাড়িকা স্বেদদ্বারা স্বিন্ন এবং স্নেহসংযুক্ত কফনাশক দ্রব্যের ঈষদুষ্ণ প্রলেপন দ্বারা উপনাহন করিবেন ॥ ২ ॥

উত্তমাখ্যান্তু পিড়কাং সংছিদ্যবড়িশোদ্ধৃতাং। কল্কৈশ্চূর্ণৈঃ কষায়াণাং ক্ষৌদ্রযুক্তৈরুপাচরেৎ ॥ ৩ ॥

উত্তমাখ্যমিত্যাদি।—বাভটস্য। কষায়াণামিত্যাদি।—কষায়বর্গপঠিতানাং পথ্যাদীনাং ন্যগ্রোধাদীনাং বা। উপাচরেদিতি প্রলেপেন ॥ ৩ ॥

উত্তমা নামক পিড়কা বড়িশদ্বারা উদ্ধৃত করিয়া ছেদন করিবে এবং হরীতকী প্রভৃতি কষায় রস বিশিষ্ট দ্রব্যের চূর্ণ অথবা কল্ক মধু মিশ্রিত করিয়া লেপন করিবে ॥ ৩ ॥

ক্রমঃ পিত্তবিসর্পোক্তঃ পুষ্করীমূঢ়য়োর্হিতঃ। ত্বক্পাকেস্পর্শহান্যাঞ্চ সেচয়েন্মৃদিতং পুনঃ। বলাতৈলেন কোষ্ণেন মধুরৈশ্চোপনাহয়েৎ ॥ ৪ ॥

ক্রম ইত্যাদি।—বাভটস্য। ত্বক্পাকেস্পর্শহান্যাক্ষেতি পূর্ব্বেণ সম্বধ্যতে তেনৈতয়োরপি পিত্তবিসর্পোক্তক্রমঃ কার্য্যঃ। মৃদিতং পুনঃ বলাতৈলেন সেচয়েদিতি যোজ্যং। মধুরৈরিতি কাকোল্যাদিভিঃ কিম্বা জীবনীয়গণৈঃ। বলাতৈলং বাভটে বাতব্যাধাবুক্তং ॥ ৪ ॥

পুষ্করী, মূঢ়, ত্বক্‌পাক এবং স্পর্শ হানিতে পিত্ত বিসর্পোক্ত চিকিৎসা আচরণ করিবে। আর মৃদিত হইলে বলা তৈল অবসেচন করিবে, এবং ঈষদুষ্ণ মধুরগণ (কাকোল্যাদিগণ অথবা জীবনীয়গণ) দ্বারা যথাবিধি উপনাহন করিবে ॥ ৪ ॥

রসক্রিয়াবিধাতব্যা লিখিতে শতপোনকে। পৃথক্ পর্ণ্যাদি সিদ্ধঞ্চ তৈলন্দেয়মনন্তরং ॥ ৫ ॥

রসক্রিয়েত্যাদি।—সুশ্রুতস্য। রসক্রিয়া তু অবস্থায়াং বীক্ষ্য শোধনীয়া রোপণীয়া বা দেয়া। অত্র শোধনীয়া যথা।—"সালসারাদিসারেষু পটোলত্রিফলাসু চ। রসক্রিয়া বিধাতব্যা শোধনী শোধনেষু চ" ইতি। রোপণীয়া যথা।—"ত্বক্ষু ন্যগ্রোধবৃক্ষস্য ত্রিফলায়াস্তথৈব চ। রসক্রিয়া রোপনার্থে বিধাতব্যা যথাক্রমমিতি"। পৃথক্‌পর্ণ্যাদীত্যাদি।—পৃথক্‌পর্ণ্যাদি মিশ্রকোক্তঘৃতসাধনদ্রব্যং তদ্যথা—"পৃ . . . ক্‌ পর্ণ্যাত্মগুপ্তা চ হরিদ্রে মালতী সিতা। কাকোল্যাদিশ্চ যোজ্যঃ স্যাদ্বিষজারোপণে ঘৃত" ইতি। অত্র সিতা শর্করেতি চক্রঃ শ্বেতদূর্ব্বেতি ব্রহ্মদেবঃ। এতচ্চ ঘৃতং তৈলং বা পৃথক্ পর্ণ্যাদিনা কাথেন কল্করূপেণ চ সাধ্যমিতি বদন্তি। শর্করা তু কল্করূপেণৈব দেয়া কাথানর্হত্বাৎ ॥ ৫ ॥

শতপোনক পীড়ায় লেখন করিয়া শোধক ও রোপক রসক্রিয়া আচরণ করিবে। এবং পৃশ্নিপর্ণী, শালপর্ণী ইত্যাদি পর্ণীগণ সহ যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া পিড়কাতে প্রদান করিবে ॥ ৫ ॥

রক্তবিদ্রধিবচ্চাপি ক্রিয়া শোণিতজেবুর্দে। কষায়তৈলসর্পীংষি কল্কং চূর্ণং রসক্রিয়াং ॥ শোধনে রোপণে চৈব বীক্ষ্যবীক্ষ্যাবতারয়েৎ। অর্দ্ধং

মাংসপাকঞ্চ বিদ্রধিং তিলকালকং।
প্রত্যাখ্যায় প্রকুর্ব্বীত ভিষক্ তেষাং
প্রতিক্রিয়াং॥ ৬॥

অনন্তরমিতি রসক্রিয়াদানানন্তরং রক্তবিদ্রধিবদিত্যাদৌ।—বীক্ষ্য বীক্ষ্যেতি দ্বিব্রণীয়োক্তামবস্থাং নিরূপ্য যদি শোধনং কর্ত্তব্যং ভবতি তদা শোধণীয়ানি কষায়াদীন্যবচারয়েৎ; যদা তু রোপণং কর্ত্তব্যং ভবতি তদা রোপণীয়ানি কষায়াদীন্যবচারয়েদিত্যর্থঃ। অর্ব্বুদমিত্যাদি।—অসাধ্যত্বেনোক্তেষু অর্ব্বুদাদিষু কদাচিদপূর্ব্বমুনিজাদিনা সাধ্যতা যাপ্যতা বা সংভবতীতি প্রত্যাখ্যায় তত্র ক্রিয়া কার্য্যেতি জ্ঞেয়া॥ ৬॥
ইতি শূকদোষ-চিকিৎসা।

শোণিতার্ব্বুদ পিড়কাতে রক্তবিদ্রধি বিহিত চিকিৎসা আচরণ করিবে এবং দ্বিব্রণীয়োক্ত অবস্থা বিবেচনা করতঃ শোধন কিম্বা রোপণার্থ কষায়, কল্ক, ঘৃত, তৈল ও চূর্ণাদি অথবা রসক্রিয়া ব্যবস্থা করিবে।

অর্ব্বুদ, মাংসপাক, বিদ্রধি ও তিলকালক এই সকল রোগ পরিত্যাগ করিয়া অন্যত্র চিকিৎসা করা কর্ত্তব্য॥৬॥

ইতি শূকদোষ-চিকিৎসা।

অথ ভগ্ন-চিকিৎসা।

আদৌ ভগ্নং বিদিত্বাতু সেচয়েচ্ছীতলাম্বুনা। পঙ্কেনালেপনং কার্য্যং বন্ধনঞ্চ কুশান্বিতং। সুশ্রুতোক্তঞ্চ ভগ্নেষু বীক্ষ্য বন্ধাদিমাচরেৎ॥ ১॥

আগন্তুসামান্যাদ্ভগ্নচিকিৎসামাহ আদৌ ভগ্নমিত্যাদি।—কুশান্বিতমিত্যাদি।— কুশেতি ভগ্নাস্থিবন্ধনসাধনকদম্বাদিত্বচঃ সংজ্ঞা। উক্তং হি বাভটে— কদম্বোডুম্বরাশ্বত্থসর্জ্জার্জুনপলাশজৈঃ। সুশ্লক্ষ্ণৈঃ সুপ্রতিষ্ঠৈস্তৈঃ বল্কলৈঃ সকলৈরপি। কুশাহ্বয়ৈঃ সমং বন্ধং পট্টস্যোপরি যোজয়েদিতি॥ ১॥

প্রথমতঃ ভগ্নস্থান নিশ্চয় করিয়া শীতল জলদ্বারা সেচন ও কর্দ্দমদ্বারা লেপন করিয়া ভগ্ন সন্ধানকর কুশা ও কদম্বাদির সুশ্লক্ষ্ণ কুঞ্চিত বল্কল বস্ত্রোপরি বিন্যস্ত করতঃ উহাদ্বারা বন্ধন করিবে এবং সুশ্রুতোক্ত নিয়মানুসারে ও ভগ্নস্থান বন্ধন করিয়া রাখিবে॥ ১॥

অবনামিত মুন্নহ্যেদুন্নতঞ্চাবনাময়েৎ। আঞ্ছেদতিক্ষিপ্ত মধোগতঞ্চোপরি বর্ত্তয়েৎ॥ আলেপনার্থং মঞ্জিষ্ঠা[illegible]ধুকঞ্চাম্লপেষিতং। শতধৌত[illegible]মিশ্রং শালিপিষ্টঞ্চ লেপনং॥ ২॥

অবনামিতমিত্যাদি।—অবনামিতং অবনতং কর্কটাখ্যভগ্নং বক্রঞ্চ উন্নহ্যেৎ উন্নমেৎ। উন্নতমশ্বকর্ণাদি। অতিক্ষিপ্তং অধঊর্দ্ধং বা অতিনির্গতং। আঞ্ছেদিতি প্রসারয়েৎ আঞ্ছি আয়ামে ইত্যস্য রূপং। অধোগতমধঃক্ষিপ্তাদি উপরি বর্ত্তয়েৎ আকর্ষয়েৎ। আলেপনার্থমিত্যাদি।—সুশ্রুতস্য অম্লপেষিতমিতি কাঞ্জিকপিষ্টং। শতধৌতঘৃতোন্মিশ্রমিতি পূর্ব্বেণ পরেণ চ যোজ্যমিতি চক্রঃ॥ ২॥

অবনত (কর্কটাখ্য ও বক্র ভগ্ন) ভগ্ন উত্তোলন এবং উন্নত (অশ্বকর্ণাদি) ভগ্ন অধোনয়ন্ করা কর্ত্তব্য। অতি ক্ষিপ্ত প্রসারন করিবে এবং অধোগত হইলে উপরি আকর্ষণ করিবে। এবং মঞ্জিষ্ঠা ও যষ্টিমধু কাঞ্জিক সহিত পেষণ করিয়া প্রলেপ দিবে।

অথবা শালিতণ্ডুল পেষণ করিয়া তাহারসহিত শতধৌত ঘৃত মিশ্রিত করতঃ ভগ্ন স্থানে প্রলেপ দিয়া বন্ধন করিয়া রাখিবে॥ ২॥

সপ্তরাত্রাৎ সপ্তরাত্রাৎ সৌম্যেষ্বৃতুষু মোক্ষণম্। কর্ত্তব্যং স্যাত্রিরাত্রাচ্চ তথাগ্রীষ্মেষু জানতা॥ কালে চ সমশীতোষ্ণে পঞ্চরাত্রাদ্বিমোক্ষয়েৎ। ন্যগ্রোধাদিকষায়ঞ্চ সুশীতং পরিষেচনে॥ পঞ্চমূলীবিপক্কন্তু ক্ষীরং দদ্যাৎ সবেদনে। সুখোষ্ণমবচার্য্যং বা চক্রং তৈলং বিজানতা॥ ৩॥

সপ্তরাত্রাদিত্যাদি।—সুশ্রুতস্য। সৌম্যেষু শীতেষু জ্ঞানতা বৈদ্যেনেতি শেষঃ। সমশীতোষ্ণে কালে চেতি শরদবসন্তকালে। পঞ্চমূলীত্যাদি।—পঞ্চমূলী চাত্র স্বল্পেতি বদন্তি এতৎপক্কং ক্ষীরং পিত্তবাতোত্তরে ভগ্নে, অত্রাপি পরিষেচনমিতি যোজ্যং। চক্রতৈলমিতি সদ্যঃপীড়িততৈলং কিম্বা সৌশ্রুতবাতব্যাধিচিকিৎসোক্ত-তৈলবিধানেন গৃহীতং তৈলং। শীতোপচারোচিতেঽপি ভগ্নে সুখোষ্ণস্য বিধানমনিলে বলীয়সীতি জ্ঞেয়ং। অতএব বিজানতেত্যুক্তং॥ ৩॥

শীতকালে সপ্তাহ গ্রীষ্মকালে তিন দিবস এবং সমশীতোষ্ণকালে প্রতি পঞ্চ দিবস পর বন্ধন উন্মোচন করা কর্ত্তব্য।

ভগ্নরোগে [illegible] ক্বাথ শীতল করিয়া অবসেচন করিবে, অধিক বেদনা থাকিলে পঞ্চমূলের সহিত দুগ্ধ পাক করিয়া ভগ্নস্থানে সেচন করিবে। এবং ঈষদুষ্ণ চক্র তৈল অভ্যঞ্জন করিবে।

চক্রতৈল অর্থাৎ সদ্যজাত তৈল অথবা সুশ্রুতোক্ত বাতব্যাধি চিকিৎসোক্ত বিধানানুসারে তৈল গ্রহণ করিবে।

শালপানি (ছালানি), চাকলে, বৃহতী (ব্যাকুড়), কণ্টকারী ও গোক্ষুর, এই কয়েকটীকে স্বল্পপঞ্চমূল বলিয়া থাকেন॥ ৩॥

মাংসং মাংসরসঃ সর্পিঃক্ষীরং যূষঃ সতীনজঃ। বৃংহণঞ্চান্নপানঞ্চদেয়ং ভগ্নং বিজানতা॥ ৪॥

ভগ্নহিতমন্নপানমাহ মাংসমিত্যাদি।—সুশ্রুতস্য। ক্ষীরমিহাব্রণভগ্নে সন্ধানীয়তয়া হিতং। যৎ পুনর্নবধান্যাদিবর্গে ক্ষীরং নিষিদ্ধং তদ্‌ব্রণবিষয়ে বেতি ন বিরোধঃ। অন্যে তু ক্ষীরসর্পিরিতি পঠিত্বা ক্ষীরাদুত্থিতং ঘৃতমিতি ব্যাচক্ষতে। সতীনোবর্ত্তুলকলায়ঃ স চ যদ্যপি বাতজনকস্তথাপি সন্ধানীয়ত্বাদিহোক্ত ইতি॥ ৪॥

ভগ্নরোগে মাংস, মাংসরস, ঘৃত, দুগ্ধ, ও বর্ত্তুলকলাইর যূষ এবং বলকারক অন্ন পানীয় বিধান করিবে॥ ৪॥

গৃষ্টিক্ষীরং সসর্পিষ্কং মধুরৌষধসাধিতং। শীতলং [illegible]ক্ষয়া যুক্তং প্রাতর্ভগ্নঃ পিবেন্নরঃ॥ ৫॥

গৃষ্টিক্ষীরমিত্যাদি।—গৃষ্টিরেকবারপ্রসূতা ধেনুঃ তস্যাঃ ক্ষীরং মধুরৌষধং কাকোল্যাদিগণদৈঃ সাধিতং সর্পিঃ লাক্ষে প্রক্ষেপ্যে॥ ৫॥

গৃষ্টিক্ষীর (একবার মাত্র প্রসূতা গাভির দুগ্ধ) ও কাকোল্যাদি দ্রব্যসমূহ (উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) একত্র পাক করিবে এবং শীতল হইলে ঘৃত ও লাক্ষা (লাহা অথবা গালা) মিশ্রিত করতঃ ভগ্নরোগীকে প্রাতঃকালে পান করিতে দিবে (১)॥ ৫॥

সঘৃতেনাস্থিসংহারং লাক্ষাং গোধূমমর্জ্জুনং। সন্ধিযুক্তেঽস্থিভগ্নে চ পিবেৎ ক্ষীরেণ মানবঃ॥ ৬॥

সঘৃতেনেত্যাদি।—সঘৃতেন,ক্ষীরেণাস্থিসংহারাদিকং ব্যস্তং সমস্তং বা পিবেদিত্যর্থঃ॥ ৬॥

সন্ধিযুক্তঅস্থি ভগ্ন হইলে লাক্ষা, হাড়মুচ (হাড়জোড়া), গোধূম ও অর্জ্জুন বৃক্ষের ছাল (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া দুগ্ধ ও ঘৃতের সহিত পান করিবে॥ ৬॥

রসোনমধুলাক্ষাজ্য সিতাকল্কং সমশ্নতাং। ছিন্নভিন্নচ্যুতাস্থীনাং সন্ধানমচিরাদ্ভবেৎ॥ ৭॥

রসোন, মধু, লাক্ষা, ঘৃত ও শর্করা, এই সকল দ্রব্য (যথোপযুক্ত মাত্রায় গ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করিয়া পান

(১) কাকোলী, ক্ষীরকাকোলী, জীবক, ঋষভক (অভাবে বংশলোচন ব্যবহার হইয়া থাকে), মুদ্গপর্ণী (মুগানী), মাষপর্ণী (মসানী), মেদা, মহামেদা (মেদার অভাবে অশ্বগন্ধা এবং মহামেদার স্থলে শ্যামালতা ব্যবহার হইয়া থাকে), গুলঞ্চ, কাকড়াশৃঙ্গী, বংশলোচন, পদ্মকাষ্ঠ, পুণ্ড্রিয়া কাষ্ঠ, ঋদ্ধি, বৃদ্ধি, দ্রাক্ষা, জীরকদ্বয় ও যষ্টিমধু; ইহাদিগকে কাকোল্যাদি গণ বলাযায়।

করিলে ছিন্নভিন্ন চ্যুতাস্থি সমুহ ও অতি শীঘ্র সংলগ্ন হইয়া থাকে ॥ ৭ ॥

পীত বরাটিকাচূর্ণং দ্বিগুঞ্জং বা ত্রিগুঞ্জকং। অপক্কক্ষীরপীতং স্যাদস্থিভগ্নপ্ররোহণং ॥ ৮ ॥

অপক্ক (কাঁচা) দুগ্ধ পান করিলে অথবা ২ দুই কিম্বা ৩ তিন রতি বরাটিকা (কড়ি) ভস্ম সেবন করিলে ভগ্ন অস্থিসমূহ প্ররূঢ় হইয়া থাকে ॥ ৮ ॥

ক্ষীরং সলাক্ষা মধুকং সসর্পিঃ
স্যাজ্জীবনীয়ঞ্চ সুখাবহঞ্চ।
ভগ্নঃ পিবেত্ত্বক্ পয়সার্জ্জুনস্য
গোধূমচূর্ণং সঘৃতেন বাথ ॥ ৯ ॥

ক্ষীরমিত্যাদৌ।— জীবনীয়মিত্যারোগ্যহেতুত্বাৎ প্রাণধারণত্বাচ্চ। ত্বক্ পয়সার্জ্জুনস্যেতি অর্জ্জুনস্য ত্বচা সাধিতং পয়স্ত্বক্পয়ঃ অর্জ্জুনত্বক পয়সা সঘৃতেন গোধূমচূর্ণং পেয়মিতি যোজ্যং। অন্যে তু ত্বক্শব্দো নপুংসকলিঙ্গোঽপ্যস্তীতি অর্জ্জুনস্য ত্বচং পিবেদিত্যাহুঃ ॥ ৯ ॥

ভগ্নরোগীকে লাক্ষা, যষ্টিমধু ও জীবনীয়গণ (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) দুগ্ধের সহিত পেষণ করিয়া ঘৃত সহযোগে পান করিতে দিবে। অথবা অর্জ্জুনবল্কল সাধিত দুগ্ধে ঘৃত ও গোধূমচূর্ণ মিশ্রিত করিয়া ভগ্নরোগীকে পান করিতে দেওয়া কর্ত্তব্য (২) ॥ ৯ ॥

(২) অষ্টবর্গশ্চ পর্ণিন্যৌ জীবন্তী মধুকংতথা। জীবনীয়গণঃ প্রোক্তো জীবনশ্চ পুনস্ততঃ। অষ্টবর্গযথা—

ঋদ্ধির্বৃদ্ধিশ্চ মেদে দ্বে তথাযর্ভকজীবকৌ। কাকোলীক্ষীরকাকোলীত্যষ্টবর্গঃ প্রকীর্ত্তিতঃ। ঋদ্ধি (অভাবে বলা), বৃদ্ধি (অভাবে বলা), মেদা (অভাবে অশ্বগন্ধা), মহামেদা (অভাবে শ্যামালতা), ঋষভক (অভাবে বংশলোচন), জীরক, কাকোলী ও ক্ষীরকাকোলী এবং মুদ্গপর্ণী (মুগানী), মাষপর্ণী (মাসানী), জীবন্তী, যষ্টিমধু; এই সমস্ত দ্রব্যকে জীবনীয়গণ বলিয়া থাকেন। ঋদ্ধি হইতে কাকোলী পর্য্যন্ত দ্রব্যগুলিকে অষ্টবর্গ (জীবনীয়াষ্টক) বলাযায়।

লাক্ষাগুগ্গুলুঃ—

লাক্ষাস্থিসংহৃৎ ককুভাশ্বগন্ধা
শ্চূর্ণীকৃতা নাগবলাপুরশ্চ।
সংভগ্নমুক্তাস্থিরুজং নিহন্যা-
দঙ্গানি কুর্য্যাৎ কুলিশোপমানি ॥
তত্রান্যতোপি দৃষ্টত্বাত্তুল্য
শ্চূর্ণেনগুগ্গুলুঃ ॥ ১০ ॥

লাক্ষেত্যাদৌ।—অস্থিসংহৃৎ অস্থিসংহারঃ। ককুভোঽর্জ্জুনঃ। নাগবলা গোরক্ষতণ্ডুলা। পুরঃ গুগ্গুলুঃ স চ মিলিতলাক্ষাদিচূর্ণসমঃ। বক্ষ্যমাণাভাদিগুগ্গুলৌ দৃষ্টত্বাদিতি চক্রঃ ॥ ১০॥

লাক্ষা, হারমুচ (হাড়জোড়া), অর্জ্জুনত্বক্, অশ্বগন্ধা ও রাখালশশা (গোরকাচাউলা বা গোরক্ষকর্কটী); এই সকল চূর্ণের সমান গুগ্গুল একত্র মিশ্রিত করিয়া (উপযুক্ত পরিমাণে) সেবন করিবে। ইহাদ্বারা ভগ্নাস্থি সংলগ্ন ও বেদনা প্রশমিত হয়। এবং শরীর বজ্রবৎ দৃঢ় হয়।

ইহার পরস্থিত যোগ সকলের পরিমাণানুসারে এখানেও সমস্ত চূর্ণের সমান গুগ্গুল প্রদান করিবে ॥ ৩ ॥

আভাগুগ্গুলুঃ—

আভাফলত্রিকৈর্ব্যোষৈঃ সর্ব্বৈরেভিঃ
সমীকৃতৈঃ। তুল্যোগুগ্গুলু রাযোজ্যো ভগ্নসন্ধিপ্রসাধকঃ ॥ ১১ ॥

তদেবাহ আভেত্যাদি। আভা আহেতি খ্যাতা ॥ ১১ ॥

আভা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), এই সমুদয় দ্রব্যের সমান গুগ্গুলু একত্র মিশ্রিত করিয়া ভগ্নরোগে সেবন করিলে ভগ্নসন্ধি সংযোজিত হয় ॥ ১১॥

সব্রণস্য তু ভগ্নস্য ব্রণং সর্পির্ম্মধূত্তরৈঃ। প্রতিসার্য্য কষায়ৈশ্চ শেষং ভগ্নবদাচরেৎ ॥ ভগ্নং নৈতি যথা-

পাকং প্রযতেত তথাভিষক্। বাতব্যাধিবিনির্দ্দিষ্টান্ স্নেহানত্র প্রয়োজয়েৎ ॥ ১২ ॥

সব্রণভগ্নচিকিৎসামাহ সব্রণস্যেতি। প্রতিসার্য্য কষায়ৈরিতি ন্যগ্রোধাদিকষায়দ্রব্যকৃতকল্কৈঃ প্রতিসার্য্য প্রলিপ্য, কার্ত্তিকস্তু কষায়ৈরিতি মধুরৌষধক্বাথৈঃ প্রতিসার্য্য প্রতিষিচ্য ইতি ব্যাচষ্টে ধাতুনামনেকার্থত্বাৎ। শেষমিত্যাহারাদিকং ॥ ১২ ॥

ক্ষতযুক্ত ভগ্নে, কষায়রস প্রধান দ্রব্য সকলের কল্কে, ঘৃত ও মধুসংযুক্ত করতঃ লেপন করিবে। অনন্তর ভগ্নবৎ অন্যান্য চিকিৎসা আচরণ করিবে।

ভগ্নস্থান যাহাতে না পাকে বৈদ্যগণ তদ্বিষয়ে বিশেষ যত্ন রাখিবেন। এবং বাতব্যাধি অধিকারে যে সকল ঘৃতাদি উক্ত হইয়াছে সেই সকল ঘৃত প্রয়োগ করিবেন ॥ ১২ ॥

গন্ধতৈলম্—

রাত্রৌ রাত্রৌ তিলান্ কৃষ্ণান্ বাসয়েদস্থিরে জলে। দিবাদিবৈব সংশুষ্য ক্ষীরেণ পরিভাবয়েৎ ॥ তৃতীয়ং সপ্তরাত্রঞ্চ ভাবয়েন্মধুকাম্বুনা। ততঃ ক্ষীরং পুনঃ পীতান্ সুশুষ্কাং শ্চূর্ণয়েদ্ভিষক্ ॥ কাকোল্যাদিশ্বদংষ্ট্রাহ্বং মঞ্জিষ্ঠাং শারিবাং তথা। কুষ্ঠং সর্জ্জরসং মাংসীং সুরদারু সচন্দনং ॥ শতপুষ্পাঞ্চ সংচূর্ণ্য তিলচূর্ণেন যোজয়েৎ। পীড়নার্থঞ্চ কর্ত্তব্যং সর্ব্বগন্ধৈঃ শৃতং পয়ঃ ॥ চতুর্গুণেন পয়সা তত্তৈলং বিপচেৎ পুনঃ। এলামংশুমতীং পত্রং জীরকন্তগরস্তথা। লোধ্রং প্রপৌণ্ডরীকঞ্চ তথা কালানুশারিবাং ॥ শৈলেয়কং ক্ষীরশুক্লামনন্তাং সমধুলিকাং ॥ পিষ্ট্বাশৃঙ্গাটকঞ্চৈব প্রাগুক্তান্যৌষধানি চ। এভিস্তদ্বিপচেত্তৈলং শাস্ত্রবিন্মৃদুনাগ্নিনা ॥ এতত্তৈলং সদাপথ্যং ভগ্নানাং সর্ব্বকর্ম্মসু। আক্ষেপকে পক্ষাঘাতে চাঙ্গশোষে তথার্দ্দিতে ॥ মন্যাস্তম্ভে শিরোরোগে কর্ণশূলে হনুগ্রহে। বাধির্য্যে তিমিরেচৈব যে চ স্ত্রীষু ক্ষয়ং গতাঃ ॥ পথ্যং পানে তথাভ্যঙ্গে নস্যে বস্তিষু যোজয়েৎ। গ্রীবাস্কন্ধোরসাং বৃ[illegible]-য়তে ॥ মুখঞ্চ পদ্মপ্রতিমং স্যাৎ সুগন্ধিসমীরণং। গন্ধতৈলমিদং নাম্না সর্ব্ববাতবিকারনুৎ ॥ রাজার্হমেতৎ কর্ত্তব্যং রাজ্ঞামেববিচক্ষণৈঃ। তিলচূর্ণ চতুর্থাংশং মিলিতং চূর্ণমিষ্যতে ॥ ১৩॥

রাত্রাবিত্যাদি।—সুশ্রুতস্য।—অস্থিরে জলে ইতি স্রোতোজলে, চতুঃশরাবতৈলোচিতকৃষ্ণতিলান গৃহীত্বা বস্ত্রেণ পোট্টলীং বদ্ধা স্রোতোজলে নিঃক্ষিপ্য রাত্রৌ স্থাপয়েৎ ততো দিবসে আতপে শোষয়েৎ এবং সপ্তদিনানি যাবৎ। ততঃ তিলতুল্যপরিমাণগব্যক্ষীরে রাত্রৌ তিলান্ নিঃক্ষিপ্য দিবা আতপে শোষয়েৎ এবং সপ্তদিনানি যাবৎ। তদনু তিলতুল্যপরিমাণযষ্টিমধু গৃহীত্বা অষ্টগুণোদকে পক্ত্বা অষ্টভাগাবশিষ্টক্বাথে তিলান্ রাত্রৌ প্রক্ষিপ্য দিবাতপে শোষয়েৎ এবং সপ্তদিনানি যাবৎ। পুনরপি তিলতুল্য পরিমাণে গব্যক্ষীরে রাত্রৌ তিলান্ নিঃক্ষিপ্য দিবা সূর্য্যাতপে শোষয়েৎ এবং সপ্তদিনানি যাবৎ তদনু তিলান্ নিস্তুষীকৃত্য চূর্ণয়েৎ। ততশ্চৈষাং তিলচূর্ণানাং চত্বারোভাগাঃ ভাগশ্চৈকঃ কাকোল্যাদিশতপুষ্পান্তমিলিতচূর্ণস্য। এতস্যৈব চূর্ণস্য পীড়নার্থমুৎসাদনে কর্ত্তব্যে আর্দ্রতাকরণার্থং সর্ব্বগন্ধদ্রব্যশৃতং ক্ষীরং তাবন্মাত্রং গ্রাহ্যং যাবতা ক্ষীরেণ চূর্ণমার্দ্রং ভবতি। সর্ব্বগন্ধৈরিত্যেলাদিগণেন ক্ষীরপরিভাষয়ৈব দুগ্ধং সাধ্যং এলাদিগণশ্চ সৌশ্রুতঃ। এবমুক্তপ্রকারেণ গৃহীততৈলস্য চত্বারঃ শরাবাঃ, পাকার্থঞ্চ গব্যদুগ্ধষোড়শশরাবাঃ গ্রাহ্যা ইত্যর্থঃ। অংশুমতী শালপর্ণী, কালানুশারিবা তগরং ক্ষীরশুক্লা ক্ষীরবিদারী অনন্তা অনন্তমূলং, মধুলিকামর্কটহস্ততৃণং অন্যে তু গোধূমভেদ ইত্যাহুঃ। প্রাগুক্তানীতি কাকোল্যাদিশতপুষ্পান্তানি এভিঃ কল্কৈরিত্যর্থঃ। স্খলংকৃষ্টাহ্বমিত্যত্র সযষ্ট্যাহ্বমিতি পাঠঃ সুশ্রুতটীকাসু ব্যাখ্যাতঃ। অস্মিংশ্চ পাঠে যষ্টিমধুনোভাগদ্বয়ং কাকোল্যাদিগণমধ্যেঽপি যষ্টিমধু পাঠাৎ॥ ১৩॥

ইতি ভগ্ন-চিকিৎসা।

কৃষ্ণতিল বস্ত্রে আবদ্ধ করিয়া প্রত্যেক দিবস রাত্রে স্রোতোজলে রাখিয়া দিবে, এবং দিবাভাগে উঠাইয়া সূর্য্যসন্তাপে শুষ্ক করিবে। এইরূপে ক্রমান্বয়ে সাত দিবস করিবে। দ্বিতীয় সপ্তাহে প্রত্যহ তিল সমান গোদুগ্ধে রাত্রে তিল ভিজাইয়া রাখিয়া দিবাভাগে সূর্য্যসন্তাপে শুষ্ক করিবে। তৃতীয় সপ্তাহে তিলের সমান পরিমাণ যষ্টিমধু গ্রহণ পূর্ব্বক অষ্টগুণ জলদ্বারা সিদ্ধ করিয়া অষ্টাংশাবশিষ্ট অর্থাৎ আট ভাগের এক ভাগ থাকিতে নামাইয়া ক্বাথ গ্রহণ করিবে এবং উক্ত ক্বাথে পূর্ব্বোক্ত তিল রাত্রিতে ভিজাইয়া রাখিয়া দিবাভাগে রৌদ্রে শুষ্ক করিবে। এইরূপ সাত দিবস করিবে। অনন্তর চতুর্থ সপ্তাহে রাত্রিতে তিলের সমান গোদুগ্ধে ভিজাইয়া রাখিয়া পুনর্ব্বার পূর্ব্বোক্তরূপে আতপশুষ্ক করিবে। এইরূপে সাত দিবস অতিবাহিত হইলে ঐ তিল নিস্তুষী ও সুশুষ্ক করতঃ সূক্ষ্মচূর্ণ করিবে। এবং উক্ত চূর্ণের চতুর্থাংশ কাকোল্যাদিগণ, গোক্ষুর, মঞ্জিষ্ঠা, অনন্তমূল, কুড়, ধুনা, জটামাংসী, রক্তচন্দন, দেবদারু এবং শল্লুকাচূর্ণ মিশ্রিত করিবে। এবং এলাদি সর্ব্বগন্ধদ্রব্য সহিত পক্কদুগ্ধ দ্বারা উহা আর্দ্র করিয়া পীড়ন করতঃ তৈল বাহির করিয়া লইবে। এলাচি, শালপাণি (শালিয়ানী), তেজপত্র, জীরা, তগর, লোধ (লোধকাষ্ঠ), গুণ্ডারোচনী (কমলাগুড়ী), তগরপাদুকা, শৈলজ, ক্ষীরভূমিকুষ্মাণ্ড, অনন্তমূল, মর্কটহস্ত তৃণ (গোধুমের ভেদ বিশেষ), পানিফল এবং কাকোল্যাদিগণ, গোক্ষুর, মঞ্জিষ্ঠা, অনন্তমূল, কুড়, ধুনা, জটামাংসী, রক্তচন্দন ও দেবদারুর উত্তমরূপ কুট্টিত কল্ক ও চতুর্গুণ দুগ্ধসহ অগ্নির মৃদু সন্তাপে যথাবিহিত নিয়মানুসারে পূর্ব্বোক্ত তৈল পাক করিবে। ভগ্নরোগীর সকল ক্রিয়াতেই এই তৈল ব্যবহার্য্য। আক্ষেপ, পক্ষাঘাত, তালুশোষ, অর্দ্দিত, মন্যাস্তম্ভ, শিরঃপীড়া, কর্ণশূল, হনুগ্রহ, বধিরতা, তিমির এবং স্ত্রীসংসর্গে ক্ষীণ ব্যক্তির পক্ষে উক্ত তৈল, আহার্য্য দ্রব্যের সহিত এবং পান, অভ্যঞ্জন নস্য ও বস্তিকর্ম্মরূপে প্রযোজ্য। ইহাদ্বারা গ্রীবা, স্কন্ধ ও বক্ষঃস্থল বর্দ্ধিত হয়। এবং ইহা ব্যবহারে পদ্মের ন্যায় মুখকান্তি ও নিশ্বাস সুগন্ধবিশিষ্ট হয়। এই গন্ধ তৈল সর্ব্বপ্রকার বাতরোগ নিবারক এবং কেবল রাজগণেরই ব্যবহার্য্য।

কাকোল্যাদি প্রভৃতির চূর্ণ পূর্ব্বোক্ত তিলচূর্ণের চতুর্থাংশ প্রদান করিবে॥ ইহা পূর্ব্বেই বলা হইয়াছে॥ ১৩॥

লবণং কটুকং ক্ষারমম্লং মৈথুনমাতপং
ব্যায়ামঞ্চ নসেবেত ভগ্নোরুক্ষান্নমেব চ॥ ১৪॥

ভগ্নরোগী লবণ, কটু, ক্ষার ও অম্লদ্রব্য, মৈথুন, আতপ ও ব্যায়াম, এই সকল এবং রুক্ষান্ন ভোজন পরিত্যাগ করিবে॥ ১৪॥

ইতি ভগ্ন-চিকিৎসা।

অথ কুষ্ঠ-চিকিৎসা।

বাতোত্তরেষু সর্পির্বমনং শ্লেষ্মোত্তরেষু কুষ্ঠেষু। পিত্তোত্তরেষু মোক্ষো রক্তস্য বিরেচনং চাগ্রং॥ প্রচ্ছনমল্পে কুষ্ঠে মহতি চ শস্তং শিরাব্যধনং। বহু-

দোষঃ সংশোধ্যঃ কুষ্ঠী বহুশোঽনুর-ক্ষতাপ্রাণান্ ॥ ১ ॥

রক্তদুষ্টিত্বগ্‌গতসাধর্ম্ম্যাৎ কুষ্ঠচিকিৎসিতমুচ্যতে। বাতোত্তরেষ্বিতি সর্পিরিত্যুপলক্ষণং তেন তৈলাভ্যঙ্গোঽপি বোধ্যঃ উক্তং হি বাভটে তত্র বাতোত্তরে তৈলং ঘৃতং বা সাধিতং হিতমিতি। অগ্রমিতি সর্পিরাদিষু যোজ্যং তেন বাতোত্তরাদিষু সর্পিরগ্রং প্রথমং কার্য্যং তদনু বক্ষ্যমাণা চিকিৎসা কার্য্যেত্যাহুঃ অগ্র্যমিতি পাঠে প্রধানমিত্যর্থঃ। বহুশ ইতি বলরক্ষার্থং স্তোকং স্তোকং দোষ নির্হরণেন পুনঃ পুনঃ শোধ্যঃ। একদা হি ভূরীদোষহরণেন বলক্ষয়ঃ প্রাণাত্যয়শ্চ স্যাদিতি ॥ ১ ॥

বাতপ্রধান কুষ্ঠরোগে প্রথতঃ ঘৃত তৈলাদি সেবন, শ্লৈষ্মিক কুষ্ঠে বমন এবং পিত্তাধিক্য কুষ্ঠরোগে রক্তমোক্ষণ ও বিরেচন বিধেয়।

অল্পকুষ্ঠে পুচ্ছন (অস্ত্রদ্বারা পিঁচে বা চিরে দেওয়া) এবং মহাকুষ্ঠে শিরাবেধ করা কর্ত্তব্য।

বহুদোষবিশিষ্ট রোগীর বলক্ষয় না হয় একপভাবে পুনঃ পুনঃ সংশোধন করিবে (১) ॥ ১ ॥

পাণ্ড্বস্মারঃ—

বচা বাসা পটোলানাং নিম্বস্য ফলিনী ত্বচঃ। কষায়ো মধুনা পীতো বান্তিকৃন্মদনান্বিতঃ ॥ ২ ॥

বচেত্যাদি।—বচাদানাং ত্রয়াণাং মূলং ফলিনী প্রিয়ঙ্গুঃ কষায় ইতি বমনার্থক্কাথবিধয়া যথা কাথ্যদ্রব্যস্য কুড়বং শ্রপয়িত্বা জলাঢ়কে। চতুর্ভাগাবশিষ্টস্তু বমনেষ্ববচারয়েদিতি পরিভাষয়া কার্য্যঃ ॥ ২ ॥

বচ, বাসক, পটোলমূল, নিম্ব ও প্রিয়ঙ্গু, এই সকল দ্রব্যের ক্বাথ, মদনফল চূর্ণ ও মধুর সহিত পান করিলে বমন হইয়া কুষ্ঠরোগ বিনষ্ট হয়। ক্বাথ্যদ্রব্য মোট কুড়ব পরিমাণ, জল আঢ়ক পরিমাণ, চতুর্থাংশ শেষ থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে। প্রক্ষেপ্য এস্থলে মোট ২ দুই তোলা ॥ ২ ॥

বিরেচনন্তু কর্ত্তব্যং ত্রিবৃদ্দন্তীফল-ত্রিকৈঃ ॥ ৩ ॥

বিরেচনমিতি ত্রিফলাক্বাথে ত্রিবৃদ্দন্তীমূলে প্রক্ষিপ্য অথবা দন্তীমূলত্রিবৃতালতাচূর্ণং প্রতিমা চ ত্রিফলাক্বাথেন পেয়ং ॥ ৩ ॥

কুষ্ঠরোগে ত্রিফলার (হরীতকী আমলকী ও বহেড়া) যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিয়া উহাতে দন্তী ও তেউড়ী মূল চূর্ণ প্রক্ষেপ করিয়া বিরেচনার্থ পান করিবে ॥ ৩ ॥

যে লেপাঃ কুষ্ঠানাং প্রযুজ্যন্তে নির্গতাস্রদোষাণাং। সংশোধিতাশয়ানাং সদ্যঃ সিদ্ধির্ভবতি তেষাং ॥ ৪ ॥

যে লেপা ইত্যাদি।—নির্গতাঃস্রগতাঃ দোষো যেষাং তে তথা নির্গতাস্রদোষাঃ ॥ ৪ ॥

কুষ্ঠরোগে দুষ্টরক্ত নির্গত করিয়া এবং বমন বিরেচন দ্বারা দেহশুদ্ধ করিয়া

---

(১) বিরোধি (সংযোগ, দেশ, কাল ও মাত্রা প্রভৃতি দ্বারা নিরুদ্ধ) অন্ন ও পানীয় এবং শীতল ও গুরুপক্ক দ্রব্য সেবনে বমনবেগ ও মল মূত্রের বেগ রোধ হইলে, ভোজন করিবার অব্যবহিত পরেই অত্যন্ত ব্যায়াম ও সূর্য্যের অথবা অগ্নির সন্তাপ গৃহীত হইলে, ঘর্ম্মাক্ত, পরিশ্রান্ত ও ভয়াক্রান্ত হইয়াই শীতল জল পানকরিলে, অজীর্ণ দ্রব্য ভোজনে ও ভুক্তদ্রব্য পরিপাক না হইতে হইতেই পুনর্ভোজনে, অনিয়ম পূর্ব্বক পঞ্চকর্ম্ম (বমন বিরেচন, অনুবাসন, নিরুহন ও নস্যক্রিয়া) করিলে, এবং নবান্ন, দধি, মৎস্য, লবণ ও অম্লদ্রব্য অত্যন্ত আহারে, মাষকলাই, মূলক, মিষ্টান্ন, তিল, ক্ষীর ও গুড় অতিশয় ভোজনে; ভুক্ত বস্তু পাক নাপাইতে স্ত্রী সংসর্গ করিলে, দিবসে নিদ্রাযাইলে, ব্রাহ্মণ ও গুরুব্যাক্তিকে অপমান করিলে, এবং ব্রহ্মহত্যা, সুরাপান ও গুরুপত্নীতে গমন প্রভৃতি মহাপাপ জনক কার্য্য করিলে, বায়ু, পিত্ত ও কফ দূষিত হইয়া চর্ম্ম, রক্ত, মাংস ও জলীয় ধাতুকে দূষিত করিয়া অষ্টাদশ প্রকার কুষ্ঠরোগ উৎপাদন করিয়া থাকে।

লইয়া প্রলেপ প্রদান করিলে সদ্য ফল প্রাপ্ত হওয়া যায় ॥ ৪ ॥

মনঃশিলালে মরিচানিতৈল-
মার্কং পয়ঃ কুষ্ঠহরঃ প্রদেহঃ।
করঞ্জবীজৈড়গজঃ সকুষ্ঠো
গোমূত্রপিষ্টশ্চ বরঃ প্রদেহঃ ॥ ৫ ॥

মনঃশিলেত্যাদাবালং হরিতালং। তৈলং সার্ষপং কুষ্ঠহরত্বাৎ। আর্কং পয়োঽর্কক্ষীরং ॥৫॥

মনঃশিলা, হরিতাল, মরিচ, সর্ষপতৈল ও আকন্দের ক্ষীর, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে কুষ্ঠ রোগ নষ্ট হয়। ডহরকরঞ্জার বীজ, বন এলাইচ ও কুড়, (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) গোমুত্রের সহিত পেষণ করিয়া কুষ্ঠরোগে প্রলেপ দিবে ॥ ৫ ॥

পত্রাণি পিষ্ট্বা চতুরঙ্গুলস্য
তক্রেণ পর্ণান্যথ কাকমাচ্যাঃ।
তৈলাক্তগাত্রস্য নরস্য কুষ্ঠা-
ন্যুদ্বর্ত্তয়েদশ্বহনচ্ছদৈশ্চ ॥ ৬ ॥

পত্রাণীত্যাদৌ।—চতুরঙ্গুলঃ সোনালুঃ অশ্বহনচ্ছদঃ করবীরপত্রং এতদস্ত এক এব যোগঃ যোগদ্বিত্বে চরকোক্তদ্বাত্রিংশৎ প্রদেহসংখ্যাবৃদ্ধিঃ স্যাদিতি ॥ ৬ ॥

কুষ্ঠরোগীর গাত্রে তৈল মাখাইয়া শোনালুপত্র, কাকমাচী পত্র ও করবীপত্র (উপযুক্ত পরিমাণে লইয়া) তক্রের সহিত একত্র পেষণ করতঃ কুষ্ঠে মালিশ করিবে ॥ ৬ ॥

আরগ্বধঃ সৈড়গজঃ করঞ্জো
বাসাগুড়ূচী মদনং হরিদ্রে।
শ্র্যাহ্বঃ সুরাহ্বঃ খদিরোধবশ্চ
নিম্বোবিড়ঙ্গং করবীরকশ্চ ॥
গ্রন্থিশ্চ ভৌর্জোলশুনঃ শিরীষঃ
সলোমশোগুগ্গুলু কৃষ্ণগন্ধে।
ফণিজ্ঝকোবৎসকসপ্তপর্ণো
পীলূনিকুষ্ঠং সুমনঃ প্রবালঃ ॥
বচাহরেণু স্ত্রিবৃতানিকুম্ভো
ভল্লাতকং গৈরিকমঞ্জনঞ্চ।
মনঃশিলালে গৃহধূমএলা
কাশীশলোধ্রার্জ্জুন মুস্তসর্জ্জাঃ।
ইত্যর্দ্ধরূপৈর্বিহিতাঃ ষড়েতে
গোপিত্তপীতাঃ পুনরেবপিষ্টাঃ।
সিদ্ধাঃ পরং সর্ষপতৈলযুক্তা
শ্চূর্ণ প্রদেহা ভিষজা প্রযোজ্যাঃ ॥
কুষ্ঠানি কৃচ্ছ্রাণি নবং কিলাসং
সুরেন্দ্রলুপ্তং কিটিমং সদদ্রুম্।
ভগন্দরার্শাংস্যপচীঃ সপামাং
হন্যুঃপ্রযুক্তা অচিরান্নরাণাং ॥ ৭ ॥

আরগ্বধ ইত্যাদিনা ষড়্ভিঃ শ্লোকৈকার্দ্ধৈ, ষড়্যোগাঃ আরগ্বধস্য পয়ঃ শ্র্যাহ্বঃ নবনীতখোটী করবীরকঃ করবীরস্য ত্বক্ গ্রন্থিশ্চ ভৌর্জ্জ ইতি ভূর্জপত্রগ্রন্থিঃ। সলোমশো ধাতুকাশীশং তমালপত্রং বা কৃষ্ণগন্ধা শোভাঞ্জনকঃ, ফণিজ্ঝকঃ পর্ণাশভেদঃ, পীলু ঔত্তরপথিকং ফলং, নিকুম্ভোদন্তী অঞ্জনং রসাঞ্জনং, অর্দ্ধরূপৈরিতি অর্দ্ধশ্লোকৈঃ, গোপিত্তপীতা ইতি গোপিত্তভাবনয়া পীতা পীতবর্ণা ভাবনা চ সপ্তাহং ॥ ৭ ॥

শোনালুপত্র, বনএলাইচ, ডহরকরঞ্জ, বাসক, গুলঞ্চ, মদনফল, হরিদ্রা ও দারুহরিদ্রা (১); নবনীতখোটী, দেবদারু, খদির, ধব (স্বনামখ্যাত পশ্চিমদেশীয় বৃক্ষবিশেষ), নিমছাল, বিড়ঙ্গ ও করবীর বল্কল (২); ভূর্জপত্রগ্রন্থি, রসোন, শিরীষ বৃক্ষ, হীরাকস, গুগ্গুলু ও সজিনা (৩); ফণিজ্ঝক (তুলসীবিশেষ), কুরচির ছাল, ছাতিম, পীলু (উত্তরপথজাতবৃক্ষবিশেষ), কুড় ও সুমনপ্রবাল (৪); বচ, রেরেণুকা, তেউড়ী, দন্তী, ভেলা, গৈরিক (গেরুমাটী বা গিরিমাটী) ও রসাঞ্জন (৫); মনঃশিলা, হরিতাল, গৃহধূম, এলাচ, হীরাকস, লোধ (লোধকাষ্ঠ), অর্জ্জুনত্বক্, মুথা ও ধুনা (৬); শ্লোকার্দ্ধে কথিত এই ষড়বিধযোগ পৃথক্ পৃথক্, গোপিত্তে সপ্তাহ পর্য্যন্ত ভাবনা দিয়া পীতবর্ণ ক-

রিবে এবং পুনর্ব্বার পেষণ করিয়া চূর্ণ করতঃ সর্ষপতৈলের সহিত প্রদেহরূপে প্রয়োগ করিবে। সিদ্ধফল উক্ত চূর্ণদ্বারা কৃচ্ছ্রসাধ্য কুষ্ঠ, কিলাস, ইন্দ্রলুপ্ত (টাক্), কিটিম, দদ্রু, ভগন্দর, অর্শঃ, অপচী ও পামা এই সকল রোগ অচিরকাল মধ্যেই নষ্ট হয়॥ ৭॥

মনঃশিলাত্বক্ কুটজাৎ সকুষ্ঠাৎ
সলোমশঃ সৈড়গজঃ করঞ্জঃ।
গ্রন্থিশ্চভৌর্জ্জঃ করবীরমূলং
চূর্ণানি সাধ্যানি তুষোদকেন॥
পলাশনির্দাহ রসেনবাপি
কর্ষোদ্ধৃতান্যাঢ়কসম্মিতেন।
দর্বীপ্রলেপং প্রবদন্তিলেপ
মেতৎ পরং কুষ্ঠবিনাশনায়॥ ৮॥

মনঃশিলেত্যাদৌ।—ত্বক্ কুটজাদিতি কুটজস্য ত্বক্ লোমশোধাতুকাশীশং তুষোদকং সতুষৈর্যবৈঃ সন্ধানবিশেষাৎ কৃতং কাঞ্জিকং। পলাশনির্দ্দাহরসেনেতি পলাশবৃক্ষস্য প্রধানমূলং ছিত্ত্বা তদধঃ কুম্ভং স্থাপয়িত্বা উপরি বৃক্ষদাহাৎ যঃ স্বরসোগলতি স পলাশনির্দ্দাহরসঃ অন্যে তু পলাশক্ষারোদকমাহুঃ॥ ৮॥

মনঃশিলা, কুরচির ছাল, কুড়, হীরাকস, বনএলাইচ, ডহরকরঞ্জা, ভূর্জ্জপত্র-গ্রন্থি ও করবীর মূল, এই সকল দ্রব্য গ্রহণ পূর্ব্বক প্রত্যেকে পৃথক্ পৃথক্ চূর্ণ করিয়া একত্র মিশ্রিত করিবে, পরে ধান্যকাঞ্জিক ও নির্দাহ পলাশ রসের (২) সহিত উক্ত চূর্ণ সকল পাক করিয়া যখন দর্ব্বীতে প্রলেপবৎ সংলগ্ন হইবে অর্থাৎ পাক করিতে করিতে যখন গাঢ় হইবে তখন নামাইয়া কুষ্ঠে প্রলেপন করিবে। এই প্রলেপে সর্ব্ব প্রকার কুষ্ঠরোগই নষ্ট হয়॥ ৮॥

(২) একটী পলাশবৃক্ষের প্রধান মূল ছেদন করিয়া তাহার নিম্নে একটী কলসী বসাইয়া রাখিবে, পরে ঐ পলাশবৃক্ষ দগ্ধ করিলে ঐ কলসীর মধ্যে যে রস নির্গত হইবে, তাহাকেই নির্দাহ পলাশরস বলাযায়। এই রসই ঔষধে ব্যবহার্য্য।

কুষ্ঠাদ্যং—

কুষ্ঠং হরিদ্রে সুরসং পটোলং
নিম্বাশ্বগন্ধে সুদারুশিগ্রু।
সসর্ষপং তুম্বুরুধান্যবন্য-
চণ্ডাশ্চ দুর্ব্বাঙ্কসমানি কুর্য্যাৎ॥
তৈস্তক্রপিষ্টৈঃ প্রথমং শরীরং
তৈলাক্ত মুদ্বর্ত্তয়িতুং যতেত।
তথাস্যকণ্ডুঃ পিড়কাঃ সকোঠাঃ
কুষ্ঠানি শোথাশ্চ সমং প্রয়ান্তি॥ ৯॥

কুষ্ঠমিত্যাদৌ।—সুরসঃ পর্ণাশঃ তুম্বুরুস্বনামখ্যাতং বন্যং কৈবর্ত্তমুস্তকং। চণ্ডা চোরপুষ্পী প্রথমং তৈলাক্তমিতি যোজ্যং। ইহ তৈলং সার্ষপং॥ ৯॥

কুড়, হরিদ্রা, দারুহরিদ্রা, তুলসী, পটোল, নিম্ব, অশ্বগন্ধা, দেবদারু, সজিনা, সর্ষপ, তুম্বুরু, ধনিয়া, কৈবর্ত্তমুস্তক ও চোরপুষ্পী, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ সকল তক্রের সহিত পেষণ করিয়া প্রথমতঃ রোগীর শরীরে সর্ষপ তৈল মাখাইয়া (উক্ত চূর্ণদ্বারা) উদ্বর্ত্তন করিবে। ইহাদ্বারা কুষ্ঠ, কোঠ, কণ্ডূ, পিড়কা ও শোথ প্রভৃতি রোগের শান্তি হয়॥ ৯॥

ধাত্র্যক্ষপথ্যাক্রিমিশত্রুবহ্নি-
ভল্লাতকাবল্গুজলৌহভৃঙ্গৈঃ।
ভাগাভিবৃদ্ধৈ স্তিলতৈলমিশ্রৈঃ
সর্ব্বাণি কুষ্ঠানি নিহন্তি লেপঃ॥ ১০॥

ধাত্রীত্যাদৌ।—অক্ষোবিভীতকং ক্রিমিরিপুর্বিড়ঙ্গসারঃ বহ্নিশ্চত্রকঃ লৌহ ইতি বঙ্গাদিলৌহচূর্ণং নস্বস্তরু। ভৃঙ্গমিতি ভৃঙ্গরাজস্য চূর্ণং নতু গুড়ত্বক্ তন্ত্রান্তরসম্বাদাৎ। তথা লেপ ইতি প্রমাদাৎ পাঠঃ কিন্তু লেহ ইতি। উক্তং হি তন্ত্রান্তরে ধাত্রী বিভীতকং পথ্যা বিড়ঙ্গাগ্নিমরুষ্করং। বাগুজীলৌহভৃঙ্গঞ্চ সংচূর্ণমত্র বর্দ্ধিতং। তিলতৈলাম্বিতং লিহ্যাৎ শ্রেষ্ঠমেতদ্রসায়নমিতি।

তেনায়ং যোগঃ লেখকদোষাল্লেপপ্রকরণে পঠিতঃ ॥ ১০ ॥

আমলকী, বহেড়া, হরীতকী, বিড়ঙ্গ, চিতা, ভেলা, সোনরাজী, লৌহচূর্ণ ও ভৃঙ্গরাজ, এই সকল দ্রব্য ক্রমশঃ ভাগ বৃদ্ধি করিয়া অর্থাৎ আমলকী ১ ভাগ, বহেড়া, ২ ভাগ ও হরীতকী ৩ ভাগ ইত্যাদি রূপে সমস্ত ঔষধ লইয়া প্রত্যেকে পৃথক্ পৃথক্ চূর্ণ করতঃ একত্র মিশ্রিত করিবে এবং তিলতৈলের সহিত মিশ্রিত করিয়া যথোপযুক্ত পরিমাণে কুষ্ঠরোগের ক্ষত স্থানে প্রলেপ দিবে অথবা লেহন করিবে। ইহাদ্বারা সর্ব্বপ্রকার কুষ্ঠরোগই প্রশান্ত হয় ॥১০॥

বিড়ঙ্গসৈন্ধবশিবা শশিরেখা সর্ষপ-
করঞ্জরজনীভিঃ। গোজলপিষ্টৈা লেপঃ
কুষ্ঠহরোদিবসনাথসমঃ ॥ ১১ ॥

বিড়ঙ্গেত্যাদৌ।—শশিরেখা সোমরাজীবীজং গোজলং গোমূত্রং দিবসনাথঃ সূর্য্যঃ ॥ ১১ ॥

বিড়ঙ্গ, সৈন্ধব, হরীতকী, সোমরাজ বীজ, সর্ষপ, ডহরকরঞ্জা ও হরিদ্রা, এই সকল দ্রব্য সমানাংশে গ্রহণ করতঃ একত্র গোমূত্রে পেষণ করিয়া প্রলেপ দিলে সূর্য্যের ন্যায় অর্থাৎ সূর্য্যকর্ত্তৃক যে রূপ অন্ধকার নষ্ট হয় তদ্রূপ ইহা দ্বারাও কুষ্ঠরোগ নষ্ট হয় ॥ ১১ ॥

বিড়ঙ্গৈড়গজাকুষ্ঠ নিশাসিন্ধুত্থসর্ষপৈঃ। ধান্যাম্লপিষ্টৈর্লেপোঽয়ং দদ্রু-
কুষ্ঠরুজাপহঃ ॥ ১২ ॥

বিড়ঙ্গ, বনএলাইচ, কুড়, হরিদ্রা, সর্ষপ ও সৈন্ধব, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে লইয়া) কাঞ্জিক সহিত পেষণ করতঃ প্রলেপ দিলে দদ্রু ও কুষ্ঠ রোগ বিনষ্ট হয় ॥ ১২ ॥

দুর্ব্বাভয়াসৈন্ধবচক্রমর্দ্দ
কুঠেরকাঃ কাঞ্জিকতক্রপিষ্টাঃ।
ত্রিভিঃ প্রলেপৈরপিবদ্ধমূলং
দদ্রুঞ্চকণ্ডূঞ্চ রুজাঞ্চহন্যাৎ ॥ ১৩ ॥

দূর্ব্বেত্যাদৌ।—চক্রমর্দ্দএড়গজবীজং কুঠেরকঃ পর্ণাশভেদঃ। কাঞ্জিকতক্রপিষ্টাঃ কাঞ্জিকতক্রয়োরন্যতরেন পিষ্টা ইত্যর্থঃ। এভির্লেপৈরিত্যনেন শীঘ্রপ্রশমনকারিতাং দর্শয়তি ন তু নিয়মোঽয়ং ॥ ১৩ ॥

দূর্ব্বা, হরীতকী, সৈন্ধব, বনএলাইচ বাবুইতুলসী, এই সকল দ্রব্য ([illegible] যুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) কাঞ্জিক বা তক্রের সহিত একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে বদ্ধমূল দদ্রু, কণ্ডূ ও বেদনা বিনষ্ট হয় ॥ ১৩ ॥

তুল্যোরসঃ শালতরোস্তুষেণ
সচক্রমর্দ্দোঃ সহ সা বিমিশ্রঃ।
পানীয়ভক্তেন তদম্বুপিষ্টো
লেপঃ দ্রুতোঃ দদ্রুগজেন্দ্রসিংহঃ ॥১৪॥

তুল্য ইত্যাদৌ।—শালতরোরসঃ ধূনকঃ তুষেণেতি ধান্যত্বচা, ধূনকাদীনাং পানীয়ভক্তান্তানাং সমোভাগঃ। তদম্বুপিষ্ট ইতি পানীয়ভক্তজলেন পিষ্টঃ ॥ ১৪ ॥

ধূনা, তুষ, বনএলাইচ (চক্রমর্দ্দ বা চাকুন্দে) হরীতকী ও পানীয়ভক্ত, এই সকল দ্রব্য সমভাগে লইয়া পানীয়ভক্তের (পান্তাভাতের) জলদ্বারা একত্র পেষণ করিবে। ইহাদ্বারা কুষ্ঠরোগে প্রলেপ দিলে সিংহ যেরূপ গজেন্দ্রকে নষ্ট করে, তদ্রূপ এই ঔষধ ও দদ্রুরোগ নষ্ট করে ॥ ১৪ ॥

প্রপুন্নাড়স্যবীজানি ধাত্রীসর্জ্জরসস্নুহা। সৌবীরপিষ্টং দদ্রুনামেতদুদ্বর্ত্তনং পরম্ ॥ চক্রমর্দ্দকবীজানি জীরকঞ্চ সমাংশিকং। স্তোকং সুদর্শনামূলং দদ্রুকুষ্ঠবিনাশনং ॥ ১৫ ॥

প্রপৌন্নাড়স্যেতি প্রপৌন্নাড়ঃ এড়গজঃ স্নুহায়াঃ ক্ষীরং অন্যে মূলমাহুঃ সৌবীরং কাঞ্জিকং। স্তোকং সুদর্শনামূলমিতি মিলিতচক্রমর্দ্দাদ্য[illegible]পেক্ষয়া পাদিকং। ১৫ ॥

বনএলাইচ বীজ, আমলকী, ধূনা ও সীজক্ষীর (সীজদুগ্ধ); এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) কাঞ্জিক সহিত একত্র পেষণ করিয়া দদ্রুরোগে শ্রেষ্ঠ উদ্বর্ত্তন করিবে।

বনএলাইচের বীজ ও জীরক সমভাগ, পদ্মগুলঞ্চের মূল চতুর্থাংশ, এই সকল দ্রব্য গ্রহণ করতঃ একত্র জলদ্বারা পেষণ করিয়া প্রলেপ দিলে দদ্রুরোগ নষ্ট হয়॥ ১৫॥

লেপনাদ্ভক্ষণাচ্চৈব তৃণকং দদ্রুনাশনম্॥ ১৬॥

লেপনাদিতি তৃণকং তিলাধার ইতি খ্যাতং॥১৬॥

তৃণক (তিলাঘাস) উপযুক্ত পরিমাণে লইয়া পেষণ করতঃ প্রলেপ দিলে অথবা (উপযুক্ত মাত্রায়) সেবন করিলে দদ্রুরোগ নষ্ট হয়॥ ১৬॥

যূথীপুন্নাগমূলঞ্চ লেপাৎ কাঞ্জিকপেষিতং। কাসমর্দ্দকমূলঞ্চ সৌবীরেণ চ পেষিতং। দদ্রুকিটিম কুষ্ঠানি জয়েদেতৎ প্রলেপনাৎ॥১৭॥

যূথীপন্নগেতি যূথীপন্নগমূলং স্বনামখ্যাতং। কাসমর্দ্দেতি সৌবীরেণ পিষ্ট্বা রাত্রৌ স্থাপ্যং প্রাতঃ শাকাকরুতে লেপোবিধেয় ইত্যুপদিশন্তি॥ ১৭॥

যূথীপুন্নাগমূল অথবা কেবল কালকাশুন্দামূল (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) কাঞ্জিকসহ পেষণ করিয়া প্রলেপ দিলে দদ্রু, কিটিম ও কুষ্ঠরোগ বিনষ্ট হয়॥ ১৭॥

শিখরিরসেন সুপিষ্টং মূলকবীজং প্রলেপতঃ সিধ্ম। ক্ষারেণ বা কদল্যা রজনীমিশ্রেণ নাশয়তি॥ ১৮॥

শিখরিরসেন অপামার্গরসেন ক্ষারেণ বা কদল্যা ইতি কদলীক্ষারোদকেন পিষ্টমিত্যর্থঃ। বাশব্দো বিকল্পার্থবাচী তেন পক্ষান্তরে ক্ষারোপি যোজ্যং॥ ১৮॥

মূলার বীজ (উপযুক্ত পরিমাণে লইয়া) অপমার্গের (আপাঙ্গ) রসে পেষণ করতঃ প্রলেপ দিবে অথবা কদলীফলের বল্কল দগ্ধ করিয়া সেই ভস্ম জলে মিশ্রিত করতঃ বস্ত্রপূত করিয়া লইবে, উক্ত ক্ষার-জলের সহিত হরিদ্রা পেষণ করতঃ প্রলেপ দিলে সিধ্মরোগ বিনষ্ট হয়॥ ১৮॥

গন্ধপাষাণচূর্ণেন যবক্ষারেণ পেষিতং। সিধ্মনাশং ব্রজত্যাশু কটুতৈল যুতেন বা॥ কাসমর্দ্দকবীজানি মূলকানাং তথৈবচ। গন্ধপাষাণমিশ্রেণ সিধ্মানাং পরমৌষধং॥ ১৯॥

গন্ধপাষাণো গন্ধকঃ, মূলকানান্তথৈব চেতি মূলকানাং বীজানীতি শেষঃ॥ ১৯॥

সমানাংশ গন্ধক ও যবক্ষার চূর্ণ, কটু তৈলের সহিত মিশ্রিত করতঃ লেপন করিলে অতি শীঘ্র সিধ্মরোগ নষ্ট হয়।

কালকাশুন্দাবীজ, মূলাবীজ ও গন্ধক, এই সকল দ্রব্য একত্র মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে। ইহা সিধ্মরোগের পরম ঔষধ॥ ১৯॥

ধাত্রীরসঃ সর্জ্জরসঃ সপাক্যঃ সৌবীরপিষ্টশ্চ তথাযুতশ্চ।
ভবন্তিসিধ্মানি যথানভূয়স্তথৈবমুদ্বর্ত্তনকং করোতি॥ ২০॥

ধাত্রীরসঃ আমলকীরসঃ পাক্যো যবক্ষারঃ বিড়লবণমিত্যন্যে। তথাযুতমিতি সৌবীরেণৈব দিনত্রয়ং ভাবিতং পুটীকৃতং দিবসত্রয়মিতি যোগান্তরদর্শনাৎ। ধাত্রীরসস্থানে ধাত্রীফলমিতি চক্রাটঃ পঠতি॥ ২০॥

আমলকীর রস, ধূনা, যবক্ষার (মতান্তরে বিটলবণ), এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) কাঞ্জিক সহ পেষণ করতঃ কাঞ্জিতে তিন দিবস ভাবনা করিবে এবং তিন দিবস কাঞ্জিতে

মধ্যে রাখিয়া দিবে। পুনর্ব্বার সিধ্ম আর না হইতে পারে এরূপ ভাবে উহা সিধ্মে উদ্বর্ত্তন করিবে ॥ ২০ ॥

কুষ্ঠং মূলকবীজং প্রিয়ঙ্গবঃ সর্ষপাস্তথা রজনী। এতৎ কেশরষষ্ঠং নিহন্তি বহুবার্ষিকং সিধ্ম। নীলকুরুন্টকপত্রং স্বরসেনালিপ্য গাত্রমতিবহুশঃ। লিম্পেন্মূলকবীজৈঃ পিষ্টৈস্তক্রেণসিধ্মনাশায়। চক্রাহ্বয়ং স্নুহীক্ষীরভাবিতং মূত্রসংযুতং ॥ রবিতপ্তং হি কিঞ্চিত্তু-লেপনাৎ কিটিমাপহম্ ॥ ২১ ॥

কুষ্ঠমিত্যাদৌ।—কেশরং নাগকেশরং নীলকুরুন্টকঃ নীলাঝিন্টী চক্রাহ্বরুমেড়গজবীজং ॥২১॥

কুড়, মূলাবীজ, প্রিয়ঙ্গু, সর্ষপ, হরিদ্রা ও নাগকেশর, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে লইয়া) একত্র পেষণ করতঃ প্রলেপ দিলে বহুকালের সিধ্ম রোগ বিন হইয়া থাকে।

সিধ্মরোগ নাশার্থ শরীরে নীল-ঝিন্টী পত্রের স্বরস বহুশঃ লেপন করিয়া তৎপরে মুলার বীজ তক্রসহ পেষণ করতঃ লেপন করিবে।

বনএলাইচের বীজ (যথোপযুক্ত পরিমাণে লইয়া) সিজের ক্ষীরে ভাবনা করিয়া গোমূত্র সহিত সূর্য্য সন্তাপে সন্তপ্ত করতঃ প্রলেপ দিলে কিটিমরোগ বিনষ্ট হয় (৩) ॥ ২১ ॥

আরগ্বধস্য পত্রাণি আরণালেন পেষয়েৎ। দদ্রুকিটিম কুষ্ঠানি হন্তিসিধ্মানমেব চ ॥ ২২ ॥

উপযুক্ত পরিমাণ শোণালুবৃক্ষের পত্র কাঞ্জিকসহ পেষণ করিয়া প্রলেপ দিলে দদ্রু, কিটিম ও সিধ্মরোগ বিনষ্ট হয় ॥ ২২ ॥

বীজানি বা মূলকসর্ষপা-
লাক্ষারজন্যৌ প্রপুনাড়বীজং।
শ্রীবেষ্টকব্যোষবিড়ঙ্গকুষ্ঠং
পিষ্ট্বা চ মূত্রেণতু লেপনং স্যাৎ।
দদ্রূণি সিধ্মং কিটিমানিপামাং
কপালকুষ্ঠং বিষমঞ্চহন্যাৎ ॥ ২৩ ॥

বীজানীত্যাদৌ।—লাক্ষারজন্যাবিতি দ্বন্দ্বঃ নতু হরিদ্রে ... মিত্যাহুঃ। শ্রীবেষ্টকো নবনীতখোটী ॥ ২৩ ॥

মূলারবীজ, শ্বেতসর্ষপ, লাক্ষা, হরিদ্রা, দারুহরিদ্রা, বনএলাইচের বীজ, নবনীতখোটী (কেহ কেহ লোবান বলিয়া থাকেন), ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), বিডঙ্গ ও কুড়, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) গোমূত্রসহ একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে। ইহাদ্বারা দদ্রু, কুষ্ঠ, কিটিম, পামা, বিষম ও কপাল কুষ্ঠপ্রভৃতি রোগ নষ্ট হয় ॥ ২৩ ॥

এড়গজকুষ্ঠসৌবীরসৈন্ধবসর্ষপৈঃ ক্রিমিঘ্নৈশ্চ। ক্রিমিসিধ্মদদ্রুমণ্ডলকুষ্ঠানাং নাশনোলেপঃ ॥ ২৪ ॥

এড়গজেত্যাদৌ।—সৌবীরকং সৌবীরাঞ্জনং অত্র বিশিষ্টদ্রব্যানুক্তত্বাৎ গোমূত্রমেব কুষ্ঠহরত্বাদ্‌ গ্রাহ্যমিতি বদন্তি। অপরে তু সৌবীরকং কাঞ্জিকার্থত্বাৎ পরিকল্প্য তেনৈব পেষণমিত্যাহুঃ ॥ ২৪ ॥

বনএলাইচ, কুড়, সৌবীরাঞ্জন, সৈন্ধব, সর্ষপ ও বিড়ঙ্গ, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে লইয়া) একত্র গোমূত্রে পেষণ করতঃ প্রলেপ দিলে ক্রিমি, সিধ্ম, দদ্রু, মণ্ডল ও কুষ্ঠরোগ বিনষ্ট হয় ॥ ২৪ ॥

---

(৩) দ্রবেণ যাবতা সম্যক্‌ চূর্ণং সর্ব্বং প্লুতং ভবেৎ ভাবনায়াং প্রমাণন্তু চূর্ণেপ্রোক্তং ভিষগ্বরৈঃ ॥

যে পরিমাণ দ্রবপদার্থ মিশ্রিত করিলে সমুদয় দ্রব্য সম্যক্‌ রূপ ভিজিয়া যায়, চূর্ণাদি দ্রব্যে ভাবনা দিতে হইলে সেই রূপ পরিমাণেই দেওয়া কর্ত্তব্য; শাস্ত্রকারদিগের মত এইরূপ।

স্নুককাণ্ডে সর্ষপাৎ কল্কঃ কুকূলানল-
পাচিতঃ। লেপাদ্বিচর্চ্চিকাং হন্তি-
রাগবেগমিবৈষধঃ॥ ২৫॥

স্নুককাণ্ড ইত্যাদি।—বাভটস্য। কুকূলানলঃ করীষাগ্নিঃ স্নুককাণ্ডমধ্যে গর্ত্তং কৃত্বা পিষ্টশ্বেতসর্ষপেণ তৎ প্রপূর্য্য স্নুহীকাণ্ডান্তরেণাচ্ছাদ্য কুশাদিভির্ব্বদ্ধা মৃত্তিকয়া প্রলিপ্য গোময়াগ্নিনা দহেৎ। তত আকৃষ্য তেন কল্কেন লেপঃ॥ ২৫॥

সীজের কাণ্ডমধ্যে গর্ত্ত করিয়া তাহাতে সর্ষপকল্ক (শ্বেতসর্ষপ পেষণ করিয়া) পূর্ণ করিবে পরে অন্য সীজকাণ্ড দ্বারা আচ্ছাদন করতঃ মৃত্তিকাদ্বারা লেপন করিবে। অনন্তর ঘুঁইটার অগ্নিতে পুটপাকবৎ পাক করিয়া ঐ পক্ব সর্ষপদ্বারা প্রলেপ দিবে। যেমন রাগবেগ লজ্জা নষ্ট করে তদ্রূপ ইহাদ্বারা বিচর্চ্চিকারোগ নষ্ট হয়॥ ২৫॥

স্নুক্কাণ্ডে শুষিরে দগ্ধং গৃহধূমং সসৈন্ধবং। অন্তর্ধূমং তৈলযুক্তং লেপাদ্ধন্তি বিচর্চ্চিকাং॥ ২৬॥

স্নুক্কাণ্ডশুষির ইত্যাদি।—স্নুক্কাণ্ডং কোরয়িত্বা তং বিবরং গৃহধূমসৈন্ধবাভ্যাং পূরয়িত্বা স্থালীমধ্যে তন্নিক্ষিপ্য তদুপরি শরাবং দত্ত্বা মৃত্তিকয়া শরাবসন্ধিং পিধায়ান্তর্ধূমং দহেৎ তদনু কটুতৈলেন সংমিশ্র্য লেপঃ॥ ২৬॥

সীজবৃক্ষের কাণ্ডমধ্যে গর্ত্ত করিয়া তন্মধ্যে যথোপযুক্ত পরিমাণ গৃহধূম (ঝুল) ও সৈন্ধবচূর্ণ একত্র করিয়া পূর্ণ করিবে। এবং সীজকাণ্ডে উহার মুখ রুদ্ধ করতঃ অপর কোন স্থালি মধ্যে স্থাপন ও তদুপরি শরাব চাপা দিয়া মৃত্তিকাদ্বারা সন্ধি সকল রুদ্ধ করিবে এবং অন্তর্ধূমে দগ্ধ করিয়া কটু তৈলের সহিত প্রলেপ দিবে। ইহাদ্বারা বিচর্চ্চিকারোগ বিনষ্ট হয়॥ ২৬॥

এড়গজাতিলসর্ষপ কুষ্ঠমাগধিকালবণত্রয়মস্তু। পূতীকৃতং দিবসত্রয়মেতদ্ধন্তি বিচর্চ্চিকদদ্রুকুষ্ঠং॥ উন্মত্তকস্যবীজেন মাণকক্ষারবারিণা। কটুতৈলং বিপক্কব্যং শীঘ্রং হন্যাদ্বিপাদিকাং॥২৭॥

এড়গজেত্যাদৌ।—লবণত্রয়ং সৌবর্চ্চলসৈন্ধববিড়লবণং, উন্মত্তস্য ধুস্তুরস্য বীজকল্কঃ মাণকক্ষারক্রুতজলং চতুর্গুণং পাকার্থং, বিপাদিকা পাদস্ফোটনং॥ ২৭॥

বনএলাইচ, তিল, সর্ষপ, কুড, পিপ্পলী, ত্রিলবণ (বিটলবণ, সৈন্ধবলবণ ও সৌবর্চ্চললবণ); এই সকল দ্রব্য একত্র গ্রহণ করতঃ দধির মাতের সহিত মিশ্রিত করিয়া তিন দিবস রাখিয়া দিবে। ইহা লেপন করিলে বিচর্চ্চিকা, দদ্রু ও কুষ্ঠরোগ নষ্ট হয়।

ধুস্তূরবীজ কল্ক ও মাণকচুর ক্ষার জলসহ যথাবিহিত নিয়মানুসারে কটু তৈল পাক করিবে। এই তৈল লেপন করিলে শীঘ্র বিপাদিকারোগ বিনষ্ট হয়॥ ২৭॥

নারিকেলোদকেন্যস্ত তণ্ডুলঃ পূতিকাং গতঃ। লেপাদ্বিপাদিকাং হন্তি চিরকালানুবন্ধিনীং॥ ২৮॥

নারিকেলোদক ইত্যাদৌ।—নারিকেলস্য সজলশস্যং সম্যগ্‌গ্রাহ্যং॥ ২৮॥

নারিকেল জলে তণ্ডুল ভিজাইয়া রাখিবে ঐ তণ্ডুল পচিতে আরম্ভ হইলে পেষণ করিয়া প্রলেপ দিবে। ইহাদ্বারা চিরকালোত্থ বিপাদিকা রোগ বিনষ্ট হয়॥ ২৮॥

সর্জ্জরসঃসিন্ধুসম্ভবগুড়মধু মহিষাক্ষগৈরিকং সঘৃতং। সিক্থকমেতৎ পক্বং পাদস্ফুটনাপহং সিদ্ধং॥ ২৯॥

সর্জ্জরসেত্যাদৌ।—সিন্ধুসম্ভবং সৈন্ধবং। মহিষাক্ষ ইতি গুগ্গুলুঃ। এতৎ সর্ব্বং সমভাগমেকীকৃত্য মনাক্‌পক্তব্যং যথা সিক্থকাকৃতির্ভূত্বা লেপযোগ্যং ভবতি॥ ২৯॥

ধূনা, সৈন্ধব, গুড়, মধু, গুগ্‌গুলু, গৈরিক (গেরুমাটী অথবা গিরিমাটী), ঘৃত ও মোম, এই সকল দ্রব্য একত্র যথাবিহিত নিয়মানুসারে পাক করিয়া লেপন করিলে পাদস্ফোটন নিবারণ হয় ॥ ২৯ ॥

অবল্গুজং কাসমর্দ্দং চক্রমর্দ্দং নিশাযুতং। মাণিমন্থেন তুল্যাংশং মস্তুকাঞ্জিকপেষিতং। কচ্ছূং কণ্ডুং জয়ত্যুগ্রাং সিদ্ধত্রয়প্রয়োগরাট্ ॥ ৩০ ॥

অবল্গুজমিত্যাদি।—অবল্গুজং সোমরাজীবীজং মাণিমন্থং সৈন্ধবং মস্তুকাঞ্জিকপেষিতমিতি মস্তুকাঞ্জিকয়োরন্যতরেণ ॥ ৩০ ॥

সোমরাজবীজ, কালকাশুন্দা, বনএলাইচ, হরিদ্রা, সৈন্ধব, এই সকল দ্রব্য সমভাগে লইয়া দধির মাত বা কাঞ্জিক সহিত পেষণ করতঃ প্রলেপ দিবে। এই সিদ্ধফল প্রয়োগশ্রেষ্ঠ উগ্র কচ্ছূ ও কণ্ডূ রোগ বিনাশক ॥ ৩০ ॥

কোমলং সিংহাস্যদলং সনিশং সুরভীজলেন পিষ্টং। দিবসত্রয়েণ নিয়তং ক্ষপয়তিকচ্ছূং বিলেপনতঃ ॥ ৩১ ॥

কোমলেত্যাদি।—সিংহাস্যোবাসকঃ তস্যপত্রং সুরভীজলং গোমূত্রং ॥ ৩১ ॥

বাসকের কোমলপত্র ও হরিদ্রা, গোমূত্র সহ পেষণ করিয়া প্রলেপ দিলে নিশ্চয় দিবস ত্রয়ের মধ্যে কচ্ছূরোগ বিনষ্ট হয় ॥ ৩১ ॥

হরিদ্রাকল্কসংযুক্তং গোমূত্রস্য পলদ্বয়ং। পিবেন্নরঃ কামচারীকচ্ছূপামাবিনাশনং ॥ শোথপাণ্ড্বাময়হরী গুল্মমেহকফাপহা। কচ্ছূপামাহরীচৈব পথ্যাগোমূত্রসাধিতা ॥ ৩২ ॥

হরিদ্রেত্যাদৌ।—হরিদ্রাকল্ককর্ষস্য প্রক্ষেপঃ কর্ষশ্চ স্যেতি বচনাৎ ব্যবহারস্তু হরিদ্রাচূর্ণস্যাষ্টৌ মাষকাঃ গোমূত্রস্য পলদ্বয়ং। পথ্যা গোমূত্রসাধিতেতি গোমূত্রোৎস্বিন্না হরীতকী ॥৩২॥

স্বেচ্ছাচারী রোগী উপযুক্ত পরিমাণ হরিদ্রা পেষণ করিয়া, দুই পল গোমূত্রের সহিত পান করিবে। ইহাদ্বারা পামা ও কচ্ছূরোগ বিনষ্ট হয়।

গোমূত্রের সহিত উপযুক্ত পরিমাণ হরীতকী সিদ্ধ করিয়া সেবন করিলে শোথ, পাণ্ডু, গুল্ম, মেহ, কফ, কচ্ছূ ও পামারোগ বিনষ্ট হয় ॥ ৩২ ॥

পিবতিসকটুতৈলং গন্ধপা[illegible]চূর্ণং রবিকিরণসুতপ্তং পানলো যঃ পলার্দ্ধং। [illegible] ক্ষীরভোজী চ শীঘ্রং ভব[illegible] কামযুক্তোমনুষ্যঃ ॥৩৩

পিবতীত্যাদৌ।—পলার্দ্ধমিতি উত্তমবলানলং প্রতি প্রাত্যাহিকী মাত্রা কিম্বা পলার্দ্ধং ত্রিদিনং যঃ পিবতীতি যোজ্যং। ত্রিদিনে[illegible] লোপশ্ছান্দসত্বাৎ। তেন পলার্দ্ধং দিনত্রয়ং বিভাজ্যং তেন কিঞ্চিদধিকসপ্তমাষকাঃ প্রত্যহং ভবন্তি। ব্যবহারস্তু শোধিতগন্ধচূর্ণস্য মাষকচতুষ্টয়ং কটুতৈলস্য তু কর্ষ ইতি। তদনুসিক্ত ইতি তেন সতৈলগন্ধচূর্ণেন অভ্যক্তগাত্রঃ। ক্ষীরভোজীতি ক্ষীরাসহত্বে মণ্ডেন ব্যবহারঃ। দিনত্রয়ং সপ্তাহং বা প্রয়োগাবধিবাতাতপবর্জনমিতি। কনকদীপ্ত্যেতি উপলক্ষণে তৃতীয়া। কনকগৌর ইতি চ পাঠঃ। কামযুক্ত ইতি উপচিতশুক্রধাতুঃ কামতুল্য ইতি চ পাঠঃ ॥ ৩৩ ॥

কেবল মাত্র দুগ্ধাহারী হইয়া চারি তোলা গন্ধক চূর্ণ কটু-তৈলের সহিত মিশ্রিত করতঃ সূর্য্যোত্তাপে সন্তপ্ত করিয়া পামারোগী পান করিলে এবং উহা গাত্রে লেপন করিলেও তিন দিবসের মধ্যেই শরীর কামরূপী ও কনকদীপ্তি তুল্য হয় (৪) ॥ ৩৩ ॥

নিশাসুধারগ্বধকাকমাচী-
পত্রৈঃ সদার্বী প্রপুনাড়বীজৈঃ।

(৪) এস্থলে যে পরিমাণ ঔষধ সেবনের অনুমতি করিয়াছেন উহা আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়। অতএব বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করিয়া লইবে।

তক্রেণপিষ্টৈঃ কটুতৈলমিশ্রৈঃ
পামাদিষূদ্বর্ত্তনমেতদিষ্টং ॥ ৩৪ ॥

নিশেত্যাদি।—নিশাদিচতুষ্টয়স্য পত্রাণি অন্যে তু নিশাদিভিরেব মুখ্যানামেব পত্রাণীত্যাহুঃ॥৩৪॥

হরিদ্রা এবং সিজ, শোনালু, ও কাকমাচীর পত্র, দারুহরিদ্রা ও বনএলাইচ, এই সকল দ্রব্য তক্রের সহিত পেষণ করিয়া কটুতৈল মিশ্রিত করতঃ শরীরে উদ্বর্ত্তন করিবে। ইহাদ্বারা পামা প্রভৃতি রোগ নষ্ট হয় ॥ ৩৪ ॥

সিন্দূরমরিচচূর্ণং মহিষীনবনীতসংযুক্তং
বহুশঃ। লেপাদ্বিনিহন্তি পামাং
তৈলং করবীরসিদ্ধং বা ॥ ৩৫ ॥

সিন্দূরেত্যাদৌ।—করবীরক্কাথকল্কাভ্যাং সিদ্ধং কটুতৈলমিত্যর্থঃ ॥ ৩৫ ॥

সিন্দূর, মরিচচূর্ণ ও মহিষীর নবনীত, এই সকল একত্র মিশ্রিত করিয়া প্রলেপ দিলে অথবা করবীর উপযুক্ত ক্কাথ ও কল্কসহ যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া বহুশঃ লেপন করিলে পামারোগ বিনষ্ট হয় ॥ ৩৫ ॥

মাংসীচন্দনসম্পাককরঞ্জনিম্বসর্ষপং।
যষ্টীকুটজদার্ব্ব্যব্দং হন্তি কুষ্ঠময়ং গণঃ॥৩৬॥

মাংসীত্যাদৌ—সম্পাকস্য ফলং অরিষ্টো-নিম্বঃ তস্য পত্রং যষ্টীতি যষ্টিমধু। কণ্ডূমিত্যত্র কুষ্ঠমিতি কেচিৎ পঠন্তি কিন্তু চরকেঽস্মিন্ গণে দশেমানি কণ্ডূঘ্নানীত্যুক্তং ॥ ৩৬।

জটামাংসী, চন্দন, সোনালু, করঞ্জ, নিম্ব, সর্ষপ, যষ্টিমধু, কুটজ, দেবদারু ও মুথা; ইহারা কুষ্ঠনাশক ॥ ৩৬ ॥

ভল্লাতকং দ্বীপিসুধার্কমূলং
গুঞ্জাফলং ত্র্যূষণশঙ্খচূর্ণং।
তুত্থং সকুষ্ঠং লবণানিপঞ্চ
ক্ষারদ্বয়ং লাঙ্গলিকাঞ্চ পক্ত্বা ॥
স্নুহ্যর্কদুগ্ধে ঘনমায়সস্থং
শলাকয়া তং বিদধীত লেপং।
কুষ্ঠে কিলাসে তিলকালকেষু
অশেষদুর্নামসু চর্ম্মকীলে ॥ ৩৭ ॥

ভল্লাতকেত্যাদি।—বাতটস্য দ্বিপীচিত্রকঃ, ভল্লাতকস্য মূলং বীজং বা চিত্রকাদি এষাগাং মূলং এষাং ভল্লাতকাদীনাং লাঙ্গলিকান্তানাং চূর্ণং স্নুহ্যর্কক্ষীরাভ্যাং নির্গমঃ চূর্ণমপেক্ষ্য চতুর্গুণাভ্যাং লোহপাত্রে লেপযোগ্যতাং যাবৎ পাকঃ ॥ ৩৭ ॥

ভেলা, চিতারমূল, সিজের মূল, আকন্দের মূল, গুঞ্জাফল, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), শঙ্খচূর্ণ, তুঁতিয়া, কুড়, পঞ্চলবণ (বিট্‌লবণ, সৈন্ধবলবণ, সৌবর্চ্চললবণ, উদ্ভিদলবণ, সমুদ্রলবণ), যবক্ষার, সাচিক্ষার ও লাঙ্গলিয়া (বিষলাঙ্গুলীয়া), এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ এবং চতুর্গুণ সিজের ক্ষীর ও আকন্দের ক্ষীর একত্র লোহপাত্রে যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে, ঘনীভূত হইলে অর্থাৎ পাক শেষ হইলে নামাইয়া রাখিবে এবং শলাকাদ্বারা গ্রহণ করতঃ প্রলেপন করিবে। এই প্রলেপ কুষ্ঠ, কিলাস, তিলকালক, বিবিধ অর্শঃ ও চর্ম্মকীল, এই সকল রোগে হিতকর ॥ ৩৭ ॥

বিষবরুণহরিদ্রা চিত্রকাগারধূম
মরিচদূর্ব্বাঃ ক্ষীরমর্কস্নুহাভ্যাং।
দহতিপতিতমাত্রাৎ কুষ্ঠজাতীরশেষাঃ
কুলিশমিব সরোষাচ্ছক্রহস্তাদ্বিমুক্তং॥৩৮॥

বিষেত্যাদি।—বিষং স্থাবরবিষং অনলোভল্লাতকঃ। অত্রাপি পূর্ব্বচূর্ণাদিমানং অর্কস্নুহীক্ষীরাভ্যাং পাকবিধিশ্চেতি বদন্তি ॥ ৩৮ ॥

স্থাবর বিষ, বরুণের ছাল, হরিদ্রা, চিতা, গৃহের ঝুল (গৃহধূম), ভেলা, মরিচ, দূর্ব্বা, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ সমূহ এবং চতুর্গুণ পরিমিত সিজের ক্ষীর ও আকন্দের ক্ষীর একত্র লইয়া যথাবিহিত

নিয়মানুসারে লৌহপাত্রে পাক করিবে। ক্রোধিত ইন্দ্র-হস্ত পতিত বজ্রের ন্যায় ইহা লেপন মাত্রেই বিবিধ কুষ্ঠ বিনষ্ট হয়॥ ৩৮॥

শশাঙ্কলেখা সবিড়ঙ্গসারা
সপিপ্পলীকা সহুতাশমূলা।
সায়োমলাসামলকা সতৈলা
সর্ব্বানি কুষ্ঠানি বিনিহন্তিলীঢ়া ॥৩৯॥

শশাঙ্কলেখেত্যাদি।—বাকুচস্য শশাঙ্কলেখা সোমরাজী হুতাশশ্চিত্রকঃ অয়োমলং শোধিত মণ্ডূরং। অম্বামিলিতচূর্ণান্মাষকত্রয়ং চতুষ্টয়ং বা গৃহীত্বা তিলতৈলেন লেহ্যং॥ ৩৯॥

সোমরাজী (সোমরাজবীজ), বিড়ঙ্গ, পিপ্পলী, চিতারমূল, শোধিত মণ্ডূর, আমলকী, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ তিন কিম্বা চারি মাষা পরিমাণে গ্রহণ করতঃ তিল তৈলের সহিত লেহন করিলে সর্ব্ববিধ কুষ্ঠরোগ বিনষ্ট হয়॥ ৩৯॥

তীব্রেণ কুষ্ঠেন পরীতদেহো
যঃ সোমরাজীং নিয়মেন খাদেৎ।
সম্বৎসরং কৃষ্ণতিলদ্বিতীয়াং
স সোমরাজীং বপুষাতিশেতে॥

ঘর্ম্মসেবী কদুষ্ণেন বারিণা বাগুজীং পিবেৎ। ক্ষীরভোজী ত্রিসপ্তাহাৎ কুষ্ঠরোগাদ্বিমুচ্যতে॥ ৪০॥

তীব্রেত্যাদৌ।—সোমরাজী কৃষ্ণতিলয়োঃ প্রত্যেকং মাষকত্রয়ং চতুষ্টয়ং বা ব্যবহরন্তি। সোমরাজীমিতি চন্দ্রশ্রেণীং ঘর্ম্মসেবী আতপসেবী। বাগুজীসোমরাজীবীজং অস্য চ মাষকচতুষ্টয়মুষ্ণোদকেনালোড্য পিবেৎ॥ ৪০॥

কুষ্ঠরোগাভিভূত ব্যক্তি এক বৎসর পর্য্যন্ত নিয়মিত রূপে সোমরাজী সহ কৃষ্ণতিল সেবন করিলে চন্দ্রকলা সদৃশ শরীরের কান্তিবর্দ্ধিত হয়।

কুষ্ঠরোগী দুগ্ধভোজী হইয়া প্রথমতঃ রৌদ্র সেবন করিয়া পরে ঈষদুষ্ণ জলের সহিত সোমরাজী সেবন করিলে তিন সপ্তাহ মধ্যে কুষ্ঠরোগ হইতে বিমুক্ত হইতে পারে॥ ৪০॥

একস্তিলস্য ভাগো দ্বৌ সোমরাজ্যাস্তথৈব চ। ভক্ষ্যমাণমিদং প্রাতর্গুহ্য দদ্রুবিনাশনং॥ অবলগুজাদ্বীজকর্ষং পীত্বা কোষ্ণেন বারিণা। ভোজনং সর্পিষা কার্য্যং সর্ব্বকুষ্ঠপ্রনাশনং॥৪১॥

এক ইত্যাদাবপি উষ্ণোদকমনুপেয়ং॥ ৪১

তিল এক ভাগ ও সোমরাজী [illegible]গ, একত্র প্রাতঃকালে সেবন ক[illegible] গুহ্য দদ্রুরোগ বিনষ্ট হয়।

সোমরাজী ২ দুই তোলা উষ্ণ জলের সহিত সেবন করিয়া ঘৃতান্নভোজন করিলে সর্ব্বপ্রকার কুষ্ঠরোগ বিনষ্ট হয়॥৪১

নবকষায়ঃ—

ত্রিফলাপটোলরজনী মঞ্জিষ্ঠারোহিণীবচানিম্বৈঃ। এষকষায়োভাস্তো নিহন্তি কফপিত্তজং কুষ্ঠং॥ ৪২॥

ত্রিফলেত্যাদি।—স্পষ্টং॥ ৪২॥

হরীতকী, আমলকী, বহেড়া, পটোলপত্র, হরিদ্রা, মঞ্জিষ্ঠা, কটকী, বচ ও নিম্বপত্র, এই নবদ্রব্যের যথাবিহিত নিয়মানুসারে কষায় প্রস্তুত করিয়া পান করিলে কফ ও পিত্ত জন্য কুষ্ঠরোগ প্রশমিত হয়॥ ৪২॥

ছিন্নায়াঃ স্বরসোবাপি সেব্যমানো যথাবলং। জীর্ণে ঘৃতেন ভুঞ্জীত স্বল্পং যূষোদকেন বা। অতি পূতিশরীরোপি দিব্যরূপী ভবেন্নরঃ॥ ৪৩॥

ছিন্নায়া ইত্যাদি।—ছিন্না গুড়ূচী॥ ৪৩॥

রোগী শক্তি অনুরূপ (পরিমাণ স্থির করিয়া) গুলঞ্চের স্বরস পান করিবে। এবং ঔষধ জীর্ণ হইলে ঘৃত ও যূষের সহিত অন্নাহার করিবে। ইহাদ্বারা

অতি শীর্ণদেহও দিব্যরূপ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪৩ ॥

পটোলখদিরারিষ্ট ত্রিফলাকৃষ্ণবেত্রজং। তিক্তাশনঃ পিবেৎ ক্বাথং কুষ্ঠী কুষ্ঠং ব্যপোহতি ॥ ৪৪ ॥

পটোলেত্যাদৌ।—কৃষ্ণবেত্রং কালিয়ালতেতি খ্যাতং। তিক্তাশন ইতি তিক্তভূয়িষ্ঠাহারঃ ॥৪৪॥

পটোলপত্র, খদিরকাষ্ঠ, নিম্বপত্র, ত্রিফলা ও কৃষ্ণবেত, এই সকল দ্রব্যের ক্বাথ পান করিলে এবং তিক্তরস প্রধান দ্রব্যাদি আহার করিলে, কুষ্ঠরোগ বিনষ্ট হয়।

ক্বাথ প্রস্তুত করিবার নিয়ম এই—ক্বাথ্য দ্রব্যগুলি মোট ২ তোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধসের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধপোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে ॥ ৪৪ ॥

সপ্তসমোযোগঃ—

তিলাজ্যত্রিফলাক্ষৌদ্র ব্যোষভল্লাত শর্করাঃ। বৃষ্যঃ সপ্তসমোমেধ্যঃ কুষ্ঠহা কামচারিণঃ॥ বিড়ঙ্গত্রিফলাকৃষ্ণাচূর্ণং লীঢ়ং সমাক্ষিকং। হন্তি কুষ্ঠং ক্রিমীন্ মেহান্নাড়ীব্রণভগন্দরান্ ॥৪৫॥

তিলেত্যাদৌ।—সপ্তসমেতি সংজ্ঞাবলাৎ মিলিতত্রিফলৈব তিলাদ্যেকভাগসমা এবং ব্যোষমপি ॥ ৪৫ ॥

তিল, ঘৃত, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), মধু, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), ভেলা ও শর্করা একত্র পেষণ করিয়া মধুর সহিত (উপযুক্ত পরিমাণে) সেবন করিবে এবং ইচ্ছানুরূপ আহারাদি করিবে। ইহাদ্বারা কুষ্ঠরোগ বিনষ্ট হয়। ইহা শুক্র ও মেধাকর এবং কান্তিপ্রদ।

বিড়ঙ্গ, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ও পিপ্পলী, এই সকল দ্রব্যের চূর্ণ (যথোপযুক্ত পরিমাণে) মধুর সহিত লেহন করিলে ক্রিমি, কুষ্ঠ, প্রমেহ, নাড়ীব্রণ ও ভগন্দররোগ বিনষ্ট হয় ॥৪৫॥

ইন্দ্রাশনং সমাদায় প্রশস্তেহনিচোদ্ধৃতং। তচ্চূর্ণং মধুসর্পির্ভ্যাং লিহেৎ ক্ষীরঘৃতাশনঃ। হত্বাচ সর্ব্বকুষ্ঠানি জীবেদ্বর্ষ শতদ্বয়ং ॥ ৪৬ ॥

ইন্দ্রাশনমিত্যাদৌ।—চূর্ণমিতি, মাষদ্বয়ং ত্রয়ং বা দেয়ং ॥ ৪৬ ॥

প্রশস্ত দিবসে সিদ্ধি (ভাঙ্গ) আহরণ করিয়া চূর্ণ করিবে এবং ঐ চূর্ণ (যথোপযুক্ত পরিমাণ) মধু ও ঘৃতের সহিত লেহন করিবে। উক্ত ঔষধ লেহন করিয়া ঘৃত ও দুগ্ধের সহিত অন্নাহার করিবে। ইহাদ্বারা সর্ব্বপ্রকার কুষ্ঠ নষ্ট হয় এবং রোগী আরোগ্য লাভ করিয়া দুইশত বৎসর পর্য্যন্ত জীবিত থাকিতে পারে ॥ ৪৬ ॥

যঃ খাদেদভয়ারিষ্ট মরিষ্টামলকানি বা। স জয়েৎ সর্ব্বকুষ্ঠানি মাসাদূর্দ্ধং ন সংশয়ঃ ॥ ৪৭ ॥

যঃ খাদেদিত্যাদৌ।—অরিষ্টোনিম্বঃ ॥ ৪৭ ॥

হরীতকী ও নিম্বপত্র অথবা নিম্বপত্র আমলকী যথাবিহিত নিয়মানুসারে সেবন করিলে একমাস মধ্যে সর্ব্ববিধ কুষ্ঠ নিশ্চয় প্রশমিত হয় ॥ ৪৭ ॥

দহ্যমানাচ্চ্যুতঃ কুম্ভে মূলগে খদিরাদ্রসঃ। আজ্যধাত্রীরসক্ষৌদ্রী হন্যাৎ কুষ্ঠং রসায়নং ॥ ৪৮ ॥

দহ্যমানমিত্যাদৌ।—খদিররসধাত্রীরসৌ তুল্যৌ। ঘৃতক্ষৌদ্রে তু প্রক্ষেপ্যে ॥ ৪৮ ॥

খদির বৃক্ষের প্রধান মূল ছেদন করতঃ তথায় একটী কলসী স্থাপন ক-

রিবে এবং ঐ বৃক্ষে অগ্নি প্রদান করিলে কুম্ভ মধ্যে যে রস নির্গত হইবে সেই রস ও আমলকীর রস এবং ঘৃত ও মধু একত্র মিশ্রিত করিয়া (উপযুক্ত পরিমাণে) পান করিলে সর্ব্ব প্রকার কুষ্ঠরোগ বিনষ্ট হয় এবং ইহা রসায়ণ কর ॥ ৪৮ ॥

বায়স্যেড়গজাকুষ্ঠং কৃষ্ণাভিগু‌ড়িকা কৃতা। বস্তমূত্রেণ সম্পিষ্টা লেপাচ্ছ্বিত্রবিনাশিনী ॥ ৪৯ ॥

বায়সীত্যাদি।—বায়সী কাকমাচী ॥ ৪৯ ॥

কাকমাচী (কোন কোন স্থানে ইহাকে কাইস্তা বলিয়া থাকে), বনএলাইচ, কুড় ও পিপ্পলী, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র ছাগমূত্রে পেষণ করিয়া গুড়িকা প্রস্তুত করিবে। উক্ত গুড়িকাদ্বারা প্রলেপ দিলে শ্বিত্ররোগ বিনষ্ট হয় ॥ ৪৯ ॥

পূতিকার্কস্নুঙ্নরেন্দ্রদ্রুমাণাং,
মূত্রৈঃ পিষ্টাঃ পল্লবাঃ সৌমনাশ্চ।
লেপাচ্ছ্বিত্রং ঘ্নন্তি দদ্রুব্রণাংশ্চ,
[illegible] ॥ ৫০ ॥

পূতীত্যাদি।—সুশ্রুতস্য। পূতিকোলটাকরঞ্জঃ। নরেন্দ্রদ্রুমঃ আরগ্বধঃ। এষাং পল্লবা ইত্যর্থঃ। তথা সৌমনাশ্চ পল্লবা ইত্যর্থঃ ॥ ৫০ ॥

লাটাকরঞ্জা, সিজ, আকন্দ ও শোনালু, ইহাদিগের পত্র ও পুষ্প গ্রহণ করতঃ একত্র গোমূত্রসহ পেষণ করিয়া প্রলেপ দিলে শ্বিত্র, দদ্রু, কুষ্ঠ, ব্রণ, অর্শঃ ও উগ্রনাড়ীব্রণ বিনষ্ট হয় ॥ ৫০ ॥

গজচিত্রব্যাঘ্রচর্ম্মমসীতৈলবিলেপনাৎ। শ্বিত্রং নাশং ব্রজেৎ কিম্বা পূতিকীট বিলেপনাৎ ॥ কুড়বোঽবল্গুজবীজাদ্ধরিতালচতুর্থভাগসংমিশ্রং। মূত্রেণ গবাং পিষ্টং সবর্ণকরণঃ পরঃশ্বিত্রে ॥ ধাত্রীখদিরয়োঃ ক্বাথং পীত্বা বল্গুজসংযুতং। শঙ্খেন্দুধবলং শ্বিত্রং তূর্ণং হন্তি ন সংশয়ঃ ॥ ৫১ ॥

গজেত্যাদৌ।—চিত্রব্যাঘ্রঃ চিত্রচর্ম্মব্যাঘ্রঃ কেবলগজচর্ম্মমসীলেপশ্চ শ্বিত্রহরো যথা শ্বেতজয়ন্তীমূলং ক্ষীরং শ্বিত্রবিনাশনং। গজচর্ম্মমসীলেপোবেত্যাদি।—পূতীকীটকঃ পাদকুরা কীট ইতি লোকে খ্যাতঃ ॥ ৫১ ॥

গজচর্ম্ম ও চিত্রব্যাঘ্রের চর্ম্ম দগ্ধ করিয়া মসী প্রস্তুত করিবে। উক্ত [illegible] তৈলের সহিত মিশ্রিত করতঃ [illegible] করিলে অথবা পাদকুরা (কীট [illegible]) ভস্ম করিয়া লেপন করিলেও শ্বি[illegible]গ বিনষ্ট হয়।

সোমরাজীবীজ অর্দ্ধ সের ও হ[illegible]ল অর্দ্ধ পোয়া একত্র গোমূত্রসহ [illegible]ণ করিয়া শ্বিত্র স্থানে প্রলেপ [illegible]। ইহা শ্রেষ্ঠ সবর্ণকারক।

আমলকী ও খদির কাষ্ঠের [illegible]থ (উপযুক্ত পরিমাণ) সোমরাজী-বীজের চূর্ণ মিশ্রিত করিয়া পান করিলে শঙ্খ ও চন্দ্রের ন্যায় শুক্লবর্ণ শ্বিত্ররোগ ও শীঘ্র বিনষ্ট হয় ॥ ৫১ ॥

ক্ষারে সুদগ্ধে গজলেণ্ডজে চ,
গজস্য মূত্রেণ বহুস্রুতে চ।
দ্রোণপ্রমাণং দশভাগযুক্তং,
দত্ত্বা পচেদ্বীজমবল্গুজস্য ॥
এতদ্যদা [illegible],
তদা[illegible] গুড়িকাং প্রযুঞ্জ্যাৎ।
শ্বি[illegible] তেন ঘৃষ্টং,
তদা ব্রজত্যাশু সবর্ণভাবং ॥ ৫২ ॥

ক্ষার ইত্যাদি।—সুশ্রুতস্য। গজলণ্ড[illegible] গজপুরীষং গজলণ্ডে চেতি পাঠে গজলণ্ডসমঠঃ গজস্য মূত্রেণ ইত্যনন্তরং পক্ক ইতি শেষঃ। বহুস্রুত ইতি একবিংশতিবারং সপ্তবারং বা পরিস্রুতে দশভাগযুক্তমিতি দ্রোণস্য দশমাংসেন যুক্তমিত্যর্থঃ। প্রথমে গজলণ্ডক্ষারস্য দ্রোণমেকং পাকার্থং গজমূত্রং ক্ষারপরিভাষয়া ষড়্গুণং দীয়মানং

দ্রোণত্রয়ং ভবতি নাবিস্তবগণনয়া তু বহুদ্রোণানি স্যুঃ। অায়শিষ্টভাগাবশেষেহংশ্মিশ্রিতি বচনেন তৃতীয়ভাগাবশেষাঃ দ্বৈ দ্রোণে দ্রোণমেকং গ্রাহ্যং তস্য দশমাংশমবল্গুজবীজং গৃহন্তি। ততোহবতার্য্য পিষ্টা চিক্কণতামুপগতে সতি গুটিকা কার্য্যা ঘৃষ্টমিতি ফল্গুপত্রকরীষাদিনা ॥ ৫২ ॥

হস্তীবিষ্ঠাভস্ম ৩২ সের, হস্তীমূত্র ১৯২ সের একত্র মিশ্রিত করিয়া পাক করিবে, ৬৪ সের অবশিষ্ট থাকিতে নামাইয়া ২১ বার বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে। পরে ঐ ক্ষারোদক একদ্রোণ এবং উহার দশমাংশ সোমরাজবীজ চূর্ণ একত্র মিশ্রিত করিয়া যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। গাঢ় হইলে নামাইয়া সুফলপ্রদ গুড়িকা প্রস্তুত করিবে। অনন্তর শ্বিত্রস্থানে ডুমরের পত্র ঘর্ষণ করতঃ শ্বিত্রে লেপন করিবে। ইহাদ্বারা অতি শীঘ্র শ্বিত্রস্থানের সবর্ণ ভাব উৎপন্ন হয় ॥ ৫২ ॥

শ্বেতজয়ন্তীমূলং পিষ্টং পীতঞ্চ গব্যপয়সৈব। শ্বিত্রং নিহন্তি নিয়তং রবিবারে বৈদ্যনাথাজ্ঞা ॥ ৫৩ ॥

শ্বেতজয়ন্তীত্যাদি।—তত্র গোপয়সৈবপিষ্টং পীতঞ্চেত্যর্থঃ ॥ ৫৩ ॥

রবিবারে শ্বেত জয়ন্তীরমূল সংগ্রহ করতঃ গব্য দুগ্ধে পেষণ করিয়া উক্ত দুগ্ধের সহিত (যথোপযুক্ত পরিমানে) পান করিবে। বৈদ্যনাথ-আদিষ্ট এই যোগদ্বারা নিশ্চয়ই শ্বিত্র বিনষ্ট হয় ॥ ৫৩ ॥

পঞ্চনিম্বঃ—

পুষ্পকালেতু পুষ্পাণি ফলকালে ফলানি চ ॥ সংচূর্ণ্য পিচুমর্দ্দস্য ত্বঙ্মূলানি দলানিচ ॥ দ্বিরংশানি সমাহৃত্য ভাগিকানি প্রকল্পয়েৎ। ত্রিফলাত্র্যূষণব্রাহ্মী শ্বদংষ্ট্রারুস্করাগ্নিকাঃ ॥ বিড়ঙ্গসারবারাহী লৌহচূর্ণামৃতাঃ সমাঃ। হরিদ্রাদ্বয়বাগুজী ব্যাধিঘাতাঃ সশর্করাঃ ॥ কুষ্ঠেন্দ্র যবপারাশ্চ কৃত্বা চূর্ণং সুসংযুতং। খদিরাশননিম্বানাং ঘনকাথেন ভাবয়েৎ ॥ সপ্তধা পঞ্চনিম্বন্তু মার্কবস্বরসেন তু। স্নিগ্ধশুদ্ধতনুর্ধীমান্ যোজয়েচ্চ শুভে দিনে ॥ মধুনা তিক্তহবিষা খদিরাশন বারিণা। লেহ্যমুষ্ণাম্বুনা বাপি কোলবৃদ্ধ্যা পলং পিবেৎ ॥ জীর্ণেচ ভোজনং কার্য্যং স্নিগ্ধং লঘুহিতঞ্চযৎ। বিচর্চ্চিকৌডুম্বর পুণ্ডরীককপালদদ্রুকিটিমালসাদি ॥

শতারুবিস্ফোটবিসর্পপামাং
কফপ্রকোপং ত্রিবিধং কিলাসং।
ভগন্দরশ্লীপদবাতরক্তং
জ[illegible]ড়ী[illegible]শীর্ষরো[illegible]ন্ ॥
সর্ব্বান্ প্রমেহান্ প্রদরাংশ্চ [illegible]র্কান্
দংষ্ট্রাবিষং মূলবিষং নিহন্তি।
স্থূলোদরঃ সিংহকৃশোদরঃ স্যাৎ
সুশ্লিষ্টসন্ধির্মধুনোপযোগাৎ ॥
সমোপযোগাদপি যে দশন্তি
সর্পাদয়ো যান্তি বিনাশমাশু।
জীবেচ্চিরং ব্যাধিজরাবিমুক্তঃ
শুভেরতশ্চন্দ্রসমানকান্তিঃ ॥ ৫৪ ॥

পুষ্পকালে চেত্যাদৌ।—পঞ্চনিম্বানাং প্রত্যেকং ভাগদ্বয়ং ত্রিফলাদীনাঞ্চ প্রত্যেকমেকোভাগঃ ত্রিফলাত্র্যূষণয়োরপি প্রত্যেকং ভাগঃ অগ্নিশ্চিত্রকঃ। বারাহী বারাহীকন্দঃ ব্যাধিঘাতঃ সোনালুঃ। খদিরাশননিম্বানাং ঘনকাথেনেতি খদিরাদীনাং প্রত্যেকমষ্টভাগাবশেষেণ কাথেন ভাবনা অশনঃ পীতশালঃ তিক্তহবিষেতি বক্ষ্যমাণতিক্তষট্পলাদিনা। খদিরাশনবারিণেতি খদিরাশনকাথেন। কোল বৃদ্ধ্যেতি কোলঃ কর্ষার্দ্ধং সমোপযোগাদিতি বর্ষোপযোগাৎ ॥ ৫৪ ॥

নিম্ববৃক্ষের পুষ্প সময়ে পুষ্প ফল সময়ে ফল এবং বল্কল মূল ও পত্র আহরণ করিয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ প্রত্যেকে দুই ভাগ, হরীতকী, আমলকী, বহেড়া,

মরিচ, পিপ্পলী, শুঁঠ, ব্রহ্মীশাক, গোক্ষুর, ভেলা, চিতা, বিড়ঙ্গ, বারাহীকন্দ, লৌহচূর্ণ, গুলঞ্চ, হরিদ্রা, দারুহরিদ্রা, সোমরাজী, শোনালু, শর্করা, কুড়, ইন্দ্রযব, আকনাদী. এই সকল দ্রব্য প্রত্যেকে এক এক ভাগ গ্রহণ করতঃ একত্র মিশ্রিত করিবে। এবং খদিরকাষ্ঠ, অশন (পীতশাল) ও নিম্বকাষ্ঠ এই সকলের অষ্টাংশাবশিষ্ট ক্বাথে সাত বার এবং ভৃঙ্গরাজের স্বরসে ৭ বার ভাবনা দিয়া ঔষধ প্রস্তুত করিবে। রোগীর শরীর বমন, বিরেচনাদিদ্বারা শুদ্ধ এবং ঘৃতপানদ্বারা স্নিগ্ধ করতঃ শুভ দিনে উক্ত ঔষধ প্রয়োগ করিবে। মধু, বক্ষ্যমাণ তিক্তষট্পল ঘৃত, কিম্বা খদিরকাষ্ঠ ও পীতশালের ক্বাথের সহিত অথবা উষ্ণজলের সহিত উক্ত ঔষধ লেহন করিতে দিবে। এবং ঔষধ ১ এক তোলা হইতে আরম্ভ করিয়া প্রত্যহ এক এক তোলা পরিমাণে বৃদ্ধি করতঃ ১ পল অর্থাৎ ৮ আট্ তোলা পর্য্যন্ত সেবন করিবে। ঔষধ জীর্ণ হইলে স্নিগ্ধ ও লঘুপাকী সুপথ্য ভোজন করিবে। উক্ত ঔষধ সেবনে বিচর্চ্চিকা, ঔডুম্বর, পুণ্ডরীক, কাপাল, দদ্রু, কিটিম, অলসক, শতারু, বিস্ফোট, বিসর্প, পামা, কফদোষ, ত্রিবিধ কিলাস, ভগন্দর, শ্লীপদ, বাতরক্ত, জাড্যান্ধ, নাড়ীব্রণ, শীর্ষরোগ, সর্ব্বপ্রকার প্রমেহ ও প্রদর, দংষ্ট্রবিষ ও মূলবিষ প্রভৃতি নষ্ট হয় এবং উক্ত ঔষধ মধুর সহিত সেবনে স্থূলোদর ও সিংহের তুল্য কৃশোদর এবং ভগ্নসন্ধিসমূহ সংশ্লিষ্ট হয়। এক কর্ষ অর্থাৎ ২ দুইতোলা মাত্রায় এই ঔষধ সেবন করিলে ব্যাধি জরা বিহীন হইয়া এক শত বৎসর পর্য্যন্ত জীবিত থাকিতে পারা যায় এবং চন্দ্রের ন্যায় শরীরের কান্তি বর্দ্ধিত হইয়া থাকে॥ অধিক কি উক্ত ঔষধ সেবী ব্যক্তিকে সর্পাদি জন্তুগণ দংশন করিলে ঔষধ প্রভাবে তাহারাও তৎক্ষণাৎ নষ্ট হইয়া থাকে॥ ৫৪॥

একবিংশতিকো গুগ্গুলুঃ—

চিত্রকত্রিফলাব্যোষমজাজীং কারবীং বচাং। সৈন্ধবাতিবিষে কুষ্ঠং চব্যৈলা যাবশূকজং॥ বিড়ঙ্গান্যজমোদা[illegible] মুস্তান্যমরদারু চ। যাবন্ত্যেতা[illegible]র্ণানি তাবন্মাত্রস্তু গুগ্গুলুঃ [illegible]ক্ষুণ্ণ্য সর্পিষা সার্দ্ধং গুড়িকাং [illegible]য়েদ্ভিষক্। প্রাতর্ভোজনকালে বা ভক্ষয়েত যথাবলং॥ হন্ত্যষ্টাদশ কুষ্ঠানি ক্রিমীন্ দুষ্টব্রণানপি। গ্রহণ্যর্শোবিকারাংশ্চ মুখাময়গলগ্রহান্॥ গৃধ্রসীমথভগ্নঞ্চ গুল্মঞ্চাপি নিয়চ্ছতি। ব্যাধীন্ কোষ্ঠগতাংশ্চান্যান্ জয়েদ্বিষ্ণুরিবাসুরান্॥ ৫৫॥

চিত্রকেত্যাদি।—স্পষ্টং॥ ৫৫॥

চিতা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপুল, শুঁঠ), জীরা, কৃষ্ণজীরা, বচ, সৈন্ধব, আতইস, কুড়, চৈ, এলাইচ, যবক্ষার, বিড়ঙ্গ, যমানী, মুথা, দেবদারু, এই সকল সমভাগে লইয়া চূর্ণ করিবে এবং সকল চূর্ণের সমান গুগ্গুলু একত্র মিশ্রিত ও ঘৃতের সহিত মর্দ্দন করিয়া গুড়িকা প্রস্তুত করিবে। এবং গুড়িকা প্রাতঃকালে অথবা ভোজন সময়ে রোগীর বলাবল প্রভৃতি বিবেচনা পূর্ব্বক মাত্রা স্থির করতঃ সেবন করিতে দিবে। ইহাদ্বারা সকল প্রকার অর্থাৎ বাতজ, পিত্তজ, কফজ, ত্রিদোষজ ইত্যাদি অষ্টাদশ প্রকার কুষ্ঠ, ক্রিমি, দুষ্টব্রণ, গ্রহণী, অর্শোবিকার, মুখ

রোগ, গলগ্রহ, গৃধ্রসী, ভগ্ন ও গুল্ম-রোগের শান্তি হয়। অসুরকুল-বিনাশক বিষ্ণুর ন্যায় এই ঔষধ ও কোষ্ঠগত অন্যান্য বিবিধ ব্যাধি নাশক ॥ ৫৫ ॥

পঞ্চ ভল্লাতকাংশ্ছিত্বা সাধয়েদ্বিধিবজ্জলে। কষায়ং তং পিবেচ্ছীতং ঘৃতেনাক্তৌষ্ঠতালুকঃ ॥ পঞ্চবৃদ্ধ্যা পিবেদ্যাবৎ সপ্ততিং হ্রাসয়েত্ততঃ। জীর্ণেদ্যাদোদনং শীতং ঘৃতক্ষীরোপসংহিতং ॥ এতদ্রসায়নং মেধ্যং বলীপলিতনাশনং। কুষ্ঠার্শঃ ক্রিমিদোষঘ্নং দুষ্টশুক্রবিশোধনং ॥ ৫৬ ॥

পঞ্চেত্যাদৌ।— বিধিবদিতি ক্বাথবিধিনা পিপ্পলীবর্দ্ধমানবদত্রাপি বৃদ্ধিহ্রাসৌ ॥ ৫৬ ॥

পাঁচটী ভেলা খণ্ড খণ্ড করিয়া (যথাবিধি উপযুক্ত পরিমাণ) জলে সিদ্ধ করিয়া ক্বাথ করিবে। মুখকুহর, তালু ও জিহ্বা প্রভৃতি স্থান ভালরূপ ঘৃতাভ্যক্ত করতঃ যথা সময়ে এই ক্বাথ পান করিবে। এবং প্রত্যহ পাঁচটী করিয়া ভেলা বৃদ্ধি করিবে। এইরূপ সপ্ততি (৭০টী) পর্য্যন্ত বৃদ্ধি করিয়া পরে প্রতি দিবস পাঁচটী করিয়া হ্রাস করিবে। এবং ঔষধ জীর্ণ হইলে ঘৃত ও দুগ্ধের সহিত শীতল অন্নভোজন করিবে। এই রসায়ন বলকারক ও বলিপলীত নাশক। এবং কুষ্ঠ, অর্শঃ, ক্রিমিদোষ নিবারক ও দুষ্ট শুক্র বিশোধক (৫) ॥ ৫৬ ॥

তৈলং ভল্লাতকানাঞ্চ পিবেন্মাসং যথাবলং। সর্ব্বোপতাপনির্ম্মুক্তো জীবেদ্বর্ষশতং দৃঢ়ঃ ॥ প্রলেপোদ্বর্ত্তনস্নানপানভোজনকর্ম্মণি। শীলিতং খাদিতং বারি সর্ব্বত্বগ্দোষনাশনং ॥ ৫৭ ॥

তৈলমিত্যাদি।— ভল্লাতকতৈলং ভূযন্ত্রেণ গ্রাহ্যং ॥ ৫৭ ॥

কুষ্ঠরোগে ভল্লাতক তৈল এক মাস পর্য্যন্ত যথাশক্তি পান করিবে। ইহা দ্বারা সর্ব্বরোগ বিনির্ম্মুক্ত হইয়া রোগীর শত বৎসর পর্য্যন্ত পরমায়ুঃলাভ এবং শরীর দৃঢ় হয়। খদিরের ক্বাথ প্রলেপ, উদ্বর্ত্তন, স্নান, পান ও ভোজন কর্ম্মে প্রয়োগ করিলে সর্ব্ব প্রকার চর্ম্মদোষের নিবৃত্তি হয় ॥ ৫৭ ॥

তিক্তষট্‌পলকং ঘৃতম্—

নিম্বং পটোলং দার্ব্বীং দুরালভাং তিক্তকরোহিণীং ত্রিফলাং। কুর্য্যাদর্দ্ধপলাংশান্ পর্পটকং ত্রায়মাণাঞ্চ ॥ সলিলাঢ়কসিদ্ধানাং রসেঽষ্টভাগস্থিতে ক্ষিপেৎ পূতে। চন্দনকিরাততিক্তকমাগধিত্রায়মাণাঞ্চ ॥ মুস্তকবৎসকবীজং কল্কীকৃতমর্দ্ধকার্ষিকান্ ভাগান্। নব সর্পিষশ্চ ষট্‌পলমেতৎ সিদ্ধং ঘৃতং পেয়ং ॥ কুষ্ঠজ্বরগুল্মার্শোগ্রহণীপাণ্ডাময়শ্বয়থূন্ হন্তি। পামাবিসর্পপিডকাকণ্ডুগলগণ্ডনুৎ সিদ্ধং ॥ ৫৮ ॥

নিম্বেত্যাদৌ।—যদ্যপি সর্পিশ্চানবং হিতমিতি বচনাৎ পুরাণসর্পিষ এব সর্ব্বত্র যৌগিকত্বং তথাপ্যত্র যোগমহিম্না নব সর্পিষ এব প্রয়োজনমিতি বচনাদুন্নীয়তে। সর্পিষ ইতি পদং ষট্‌পলমানগ্রহণার্থং দ্বিতীয়ন্তু ঘৃতমিতি পদং পেয়মিত্যুপদর্শনার্থং। তথা প্রথমং সিদ্ধং পক্বং, দ্বিতীয়ন্তু প্রসিদ্ধ ক্ষেপকং ॥ ৫৮ ॥

নিম্ব, পটোল, দারুহরিদ্রা, দুরালভা, কটকী, ত্রিফলা (হরীতকী আমলকী ও বহেড়া), ক্ষেৎপাপড়া ও বলাডুমুর, এই সকল দ্রব্য প্রত্যেকে ৪ তোলা পরিমাণে লইয়া /১৬ ষোল সের জলে সিদ্ধ

(৫) উহাতে যে পরিমাণে ব্যবহার করিতে আদেশ করিয়াছেন ঐ পরিমাণ আধুনিক লোকের পক্ষে উপযুক্ত নয়, যেহেতু, আধুনিক লোক হীন বল ও হীনাগ্নি অতএব বিবেচনা পূর্ব্বক মাত্রাদি স্থির করিয়া লইবে।

করিয়া /২ দুই সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। উক্ত কাথ এবং রক্তচন্দন, চিরতা, পিপ্পলী, বলাডুমুর, মুথা, ইন্দ্রযব. এই সকলের প্রত্যেকে ১ তোলা পরিমাণ উত্তমরূপ কুট্টিত কল্ক সহিত নূতন ঘৃত ৬ পল অর্থাৎ ৪৮ তোলা (আড়াইপোয়া) যথা-বিহিত নিয়মানুসারে পাক করিবে। এই ঘৃত পান করিলে, কুষ্ঠ, জ্বর, গুল্ম, অর্শঃ, গ্রহণী, পাণ্ডু, শোথ, পামা, বি-সর্প, পিড়কা, কণ্ডু ও গলগণ্ড প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৫৮ ॥

পঞ্চতিক্তঘৃতম্—

নিম্বং পটোলং ব্যাঘ্রীঞ্চ গুড়ূচীং বাস-কন্তথা। কুর্য্যাদ্দশপলান্ ভাগানেকৈকস্য সুকুট্টিতান্ ॥ জলদ্রোণে বিপক্তব্যং যাবৎ পাদাবশেষিতং। ঘৃত-প্রস্থং পচেত্তেন ত্রিফলাগর্ভসংযুতং ॥ পঞ্চতিক্তমিদং খ্যাতং সর্পিঃ কুষ্ঠবিনা-শনং। অশীতিং বাতজান্ রোগাং-শ্চত্বারিংশচ্চ পৈত্তিকান্ ॥ বিংশতিং শ্লৈষ্মিকাংশ্চৈব পানাদেবাপকর্ষতি। দুষ্টব্রণক্রমীনর্শঃ পঞ্চকাসাংশ্চ নাশ-য়েৎ ॥ ৫৯ ॥

পঞ্চতিক্তঘৃতে।—চত্বারিংশচ্চ পৈত্তিকানিতি ভেদয়িত্বা যোজনা কার্য্যা অন্যথা দ্বিতীয়া স্যাৎ ॥ ৫৯ ॥

নিম্ব, পটোল, কণ্টিকারী, গুলঞ্চ, বাসক (বাকস), এই সকল দ্রব্য প্র-ত্যেকে দশ পল অর্থাৎ ৮০ তোলা, কুট্টিত করিয়া ৬৪ সের জলে সিদ্ধ ক-রিবে, ।৬ সের অবশিষ্ট থাকিতে বস্ত্র-দ্বারা ছাকিয়া লইয়া, উক্ত ক্বাথের সহিত ঘৃত /৪ সের (উপযুক্ত পরিমাণ) ত্রিফ-লার (হরীতকী, আমলকী ও বহেড়া) কল্ক সহ যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। ইহার নাম 'পঞ্চতিক্ত-ঘৃত' এই ঘৃত সেবন করিলে কুষ্ঠরোগ এবং অশীতি প্রকার বাতরোগ, চত্বারিংশৎ প্রকার পিত্তরোগ, বিংশতি প্রকার শ্লেষ্মরোগ এবং দুষ্টব্রণ, ক্রমি, অর্শঃ ও পঞ্চ প্রকার কাসরোগ বিনষ্ট হয় ॥৫৯ ॥

তিক্তক-ঘৃতম্—

ত্রিফলাদ্বিনিশাবাসাযাসপর্পটকূল[illegible] ত্রায়ন্তীকটুকানিম্বান্ প্রত্যেক [illegible] লোন্মিতান্ ॥ ক্বথয়িত্বা জলদ্রোণে পাদশেষেণ তেন তু। ঘৃতপ্রস্থং পচেৎকল্কৈঃ পিপ্পলীঘনচন্দনৈঃ। ত্রা-য়ন্তীশক্রভূনিম্বৈস্তৎ পীতং তিক্তকং ঘৃতং। হন্তি কুষ্ঠজ্বরার্শাংসি শ্বয়থুং গ্রহণীগদং। পাণ্ডুরোগং বিসর্পঞ্চ ক্লীবানামপিশস্যতে ॥ ৬০ ॥

ত্রিফলেত্যাদৌ।—কুলকং পটোলপত্রং শক্রঃ কুটজস্তস্য ফলং ॥ ৬০ ॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও ব-হেড়া), হরিদ্রা, দারুহরিদ্রা, বাসক (বাকস), দুরালভা, ক্ষেৎপাপড়া, প-টোলপত্র, বলাডুমুর, কটকী ও নিম্ব, এই সকল দ্রব্য প্রত্যেকে ২ পল পরি-মাণে অর্থাৎ ১৬ ষোল তোলা (এক পোয়া) লইয়া ৬৪ সের জলে সিদ্ধ ক-রতঃ ।৬ ষোল সের অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথের সহিত ঘৃত /৪ সের পাক করিবে। কল্কদ্রব্য যথা—পিপ্পলী. মুথা, রক্তচন্দন, বলা-ডুমুর, ইন্দ্রযব, চিরতা, এই সকল দ্রব্য প্রত্যেকে ৪ তোলা পরিমাণে গ্রহণ পূর্ব্বক উত্তমরূপ কুট্টিত করতঃ ঘৃতে প্র-দান করিবে। ইহার নাম 'তিক্তক-ঘৃত' এই ঘৃত পান করিলে কুষ্ঠ, জ্বর, অর্শঃ, শোথ, গ্রহণী, পাণ্ডু, বিসর্প ও ক্লীবতা বিনষ্ট হয় ॥ ৬০ ॥

মহাতিক্তকং ঘৃতম্—

সপ্তচ্ছদং প্রতিবিষাং সম্পাকং
তিক্তকরোহিণীং পাঠাং।
মুস্তমুশীরং ত্রিফলাং পটোল-
পিচুমর্দ্দপর্পটকং॥

ধন্বযাসং সচন্দনমুপকুল্যা পদ্মকং রজন্যৌ চ। ষড়্গ্রন্থাং সবিশালাং শতাবরী শারিবে চোভে॥ বৎসকবীজং বাসাং মূর্ব্বামমৃতাং কিরাততিক্তঞ্চ। কল্কান্ কুর্য্যান্মতিমান্ যষ্ট্যাহ্বং ত্রায়মাণাঞ্চ॥ কল্কস্তু চতুর্ভাগো জলমষ্টগুণং রসোঽমৃতফলানাং। দ্বিগুণো-ঘৃতাৎ প্রদেয়স্তৎ সর্পিঃ পায়য়েৎ-সিদ্ধং॥ কুষ্ঠানিরক্তপিত্তং প্রবলান্যর্শাংসি রক্তবাহীনি। বীসর্পমম্লপিত্তং বাতাসৃক্পাণ্ডুরোগঞ্চ॥ বিস্ফোটকান্ সপামানুন্মাদকান্কামলাং জ্বরং কণ্ডূং। হৃদ্রোগগুল্মপিড়কা মসৃগ্দরং গণ্ডমালাঞ্চ॥ হন্যাদেতৎ সদ্যঃ পীতং কালে যথাবলং সর্পিঃ। যোগশতৈরপ্যজিতান্ মহাবিকারান্ মহাতিক্তকং॥৬১॥

মহাতিক্তকে।—উপকুল্যেত্যেকবচনোপন্যাসো ন যুক্তঃ আয়ুর্ব্বেদসারবাভটাদৌ।—দ্বিতীয়-পিপ্পলীপাঠাৎ। কল্কস্য চতুর্ভাগ ইতি ঘৃতাচ্চতুর্ভাগঃ। এতচ্চ সামান্যপরিভাষয়া স্পষ্টার্থমুচ্যতে। ষড়্গ্রন্থা বচা শ্রীকণ্ঠস্তু পিপ্পলীমূলমাহ তন্ন বাভটে বচাপাঠাৎ। অমৃতাফলানামিত্যামলকীফলানাং অত্রাপ্যেকং সর্পিঃ পদং কল্কবিভাগার্থং দ্বিতীয়ং পেয়মিত্যুপদর্শনার্থং। তৃতীয়ং মহাতিক্তক সংজ্ঞার্থং॥ ৬১॥

ছাতিমের ছাল, আতইস, শোনালু, কটকী, আকনাদি (আকাব্ধি), মুথা, বেণারমূল (বীরণমূল), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), পটোল, নিম্ব, ক্ষেৎপাপড়া, দুরালভা, রক্তচন্দন, পিপ্পলী, গজপিপ্পলী, পদ্মকাষ্ঠ, হরিদ্রা, দারুহরিদ্রা, বচ, রাখালশশা, শ্যামলতা, শতমূলী, অনন্তমূল, ইন্দ্রযব, বাসক (বাকস), মূর্ব্বা (মুর্গাবী), গুলঞ্চ, চিরতা, যষ্টিমধু ও বলাডুমুর, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক ঘৃতের চতুর্থাংশ, জল ঘৃতের আটগুণ এবং আমলকীর রস ঘৃতের দ্বিগুণ সহিত উপযুক্ত পরিমাণ ঘৃত পাক করিবে। এই ঘৃত যথা সময়ে রোগীর বলাদি বিবেচনাপূর্ব্বক মাত্রা স্থির করতঃ সেবন করিতে দিবে। ইহাদ্বারা কুষ্ঠ, রক্তপিত্ত, প্রবলরক্তবাহি-অর্শঃ, বিসর্প, অম্লপিত্ত, বাতরক্ত, পাণ্ডুরোগ, বিস্ফোট, পামা, উন্মাদ কামলা, জ্বর, কণ্ডূ, হৃদ্রোগ, গুল্ম, পিড়কা, অসৃগ্দর ও গণ্ডমালা প্রভৃতি রোগ সদ্যই বিনষ্ট হয়। অধিক কি শত শত ঔষধ দ্বারা অনিবার্য্য মহাব্যাধি সমূহ ও এই মহাতিক্তঘৃত সেবনে প্রশমিত হয়॥৬১॥

মহাখদিরকং ঘৃতম্—

খদিরস্য তুলাঃ পঞ্চ শিংশপাশনয়োস্তুলে। তুলার্দ্ধাঃ সর্ব্বএবৈতে করঞ্জারিষ্টবেতসাঃ॥ পর্পটঃ কুটজশ্চৈব বৃষঃ ক্রিমিহরস্তথা। হরিদ্রে কৃতমালশ্চ গুড়ূচী ত্রিফলা ত্রিবৃৎ॥ সপ্তপর্ণস্তু সংক্ষুণ্ণো দশদ্রোণে চ বারিণঃ। অষ্টভাগাবশেষন্তু কষায়মবতারয়েৎ॥ ধাত্রীরসঞ্চ তুল্যাংশং সর্পিষশ্চাঢ়কং পচেৎ॥ মহাতিক্তককল্কৈশ্চ যথোক্তৈঃ পলসম্মিতৈঃ॥ নিহন্তি সর্ব্বকুষ্ঠানি পানাভ্যঙ্গনিষেবনাৎ। মহাখদিরমিত্যেতৎ পরং কুষ্ঠবিনাশনং॥৬২॥

মহাখদিরকঘৃতে।—শিংশপা শিশুয়া ইতি খ্যাতস্তরুঃ অশনঃ স্বনামখ্যাতঃ নতু পীতশাল ইত্যাহুঃ। এতয়োস্তুলে মিলিত্বা। তুলার্দ্ধাঃ সর্ব্ব এবৈত ইতি করঞ্জাদি সপ্তপর্ণান্তাঃ। প্রত্যেকং তুলার্দ্ধাঃ। দশদ্রোণে চ বারিণ ইত্যনন্তরং পচেদিতি শেষঃ। তুল্যাং মিলিত্বাঢ়কমানমিত্যর্থঃ। চক্রস্তু ধাত্রীর সঞ্চ তুল্যাংশং সর্পিষশ্চাঢ়কং পচে-

দিতি গ্রন্থং ন পঠতি। তথা যথোক্তৈঃ পঞ্চসপ্তি-তৈরিত্যত্র তৈলস্থ সাধয়েদিতি পঠতি ব্যাচষ্টে চ সাধয়েদিত্যত্র সর্পিরিতি শেষঃ। অত্র যদ্যপি ঘৃতমানং নোক্তং তথাপি ক্বাথশেষস্যাঢ়কাধিক-দ্রোণস্য নিয়তত্বাৎ তৎ ক্বাথচতুর্থাংশং প্রস্থা-ধিকাঢ়কমানং ভবতি স্নেহস্য, কল্কস্য স্নেহপাদি-কত্বং সামান্য পরিভাষয়াসিদ্ধমেবেতি। কেচি-ন্মহাখদিরঘৃতমিদমনার্ষমিত্যাহুঃ॥ ৫২॥

খদিরকাষ্ঠ ৬২॥০ সাড়ে বাষট্টি সের, শিংশপা (শিশুয়) ও অশন (স্বনামখ্যাত) বৃক্ষ ॥৫ পাঁচিশ সের, ডহরকরঞ্জা, নিম্ব, বেতস, ক্ষেৎপাপড়া, কুরচির ছাল, বাসক, বিড়ঙ্গ, হরিদ্রা, দারুহরিদ্রা, শোনালু, গুলঞ্চ, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), তেউড়ী ও ছাতিম, এই সকল দ্রব্য প্রত্যেকে /৬।০ সোয়া ছয় সের গ্রহণ করতঃ উত্তম রূপ কুট্টিত করিয়া ৬৪০ ছয়শত চল্লিশ সের (১০ দশ দ্রোন) জলে সিদ্ধ করিবে এবং ৮০ আশী সের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথের সহিত ঘৃত ।৬ ষোল সের যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। পাককালে আমলকীর রস ।৬ ষোল সের এবং মহাতিক্ত ঘৃতে যে সকল কল্ক দ্রব্য উক্ত হইয়াছে সেই সকল কল্ক দ্রব্য প্রত্যেকে এক পল পরি-মাণে লইয়া কুট্টিত করতঃ তৈলে প্র-দান করিবে।

ইহা পান, অঙ্গে মর্দ্দন ও সেবন ক-রিলে কুষ্ঠরোগ বিনষ্ট হয়। ইহার নাম 'মহাখদির-ঘৃত' এই ঘৃত শ্রেষ্ঠ কুষ্ঠ নাশক।

মহাতিক্ত ঘৃতের কল্ক যথা—ছাতি-য়ান, আতিস, শোনালু, কটকী, আ-কান্দী, মুথা, বেণার মূল (বীরণমূল), ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), পটোলপত্র, নিমছাল, ক্ষেৎপাপড়, দুরালভা, চন্দন, পিপুল, পদ্মকাষ্ঠ, গজপিপুল, হরিদ্রা, বচ, গোরক্ষকর্কটী (রাখালশশা), শতমূলী, শ্যামালতা, অনন্তমূল, ইন্দ্রযব, বাসক (বাকস), মূর্ব্বা (সূচীমুখী) মূল, গুলঞ্চ, চিরতা, যষ্টিমধু ও বলাডুমির ॥ ৬২ ॥

পঞ্চতিক্ত-ঘৃত গুগ্গুলুঃ—

নিম্বামৃতাবৃষপটোলনিদিগ্ধিকানাং
ভাগান্ পৃথগ্দশপলান্ বিপচেদ্ঘটেঽপাং।
অষ্টাংশশেষিতজলেন সুনিঃস্রুতেন
প্রস্থং ঘৃতস্য বিপচেৎ পিচুভাগকল্কৈঃ॥
পাঠাবিড়ঙ্গ সুদারুগজোপকুল্যা
দ্বিক্ষারনাগরনিশামিষিচব্যকুষ্ঠৈঃ।
তেজোবতীমরিচবৎসকদীপ্যকাগ্নি
রোহিণ্যরুষ্করবচাকণমূলযুক্তৈঃ॥
মঞ্জিষ্ঠয়াতিবিষয়া বরয়া যমান্যা
সংশুদ্ধগুগ্গুলুপলৈরপি পঞ্চসংখ্যৈঃ।
তৎসেবিতং বিষমতিপ্রবলং সমীর
সন্ধ্যাস্থিমজ্জগতমপ্যথ কুষ্ঠমীদৃক্॥
নাড়ীব্রণার্ব্বুদ ভগন্দরগণ্ডমালাং
জত্রূর্দ্ধসর্ব্বগদ গুল্মগুদোত্থমেহান্।
যক্ষ্মারুচিশ্বসনপীনসকাসশোষ-
হৃৎপাণ্ডুরোগগলবিদ্রধি বাতরক্তং॥৬৩॥

নিম্বামৃতেত্যাদি।—বাভটস্য ঘট ইতি দ্রোণে। পিচুঃ কর্ষরূপোভাগো যেষাং কল্কানাং তৈঃ। মিষি শতপুষ্পা নতু মধুরিকা বৃদ্ধব্যবহারাৎ। তেজোবতী জ্যোতিষ্মতী। দীপ্যকং জীরকং। বৎসকং কুটজফলং অগ্নিশ্চিত্রকঃ কণামূলং পি-প্পলীমূলং। বরয়া ত্রিফলয়া। ৬৩॥

নিম্ব, গুলঞ্চ, বাসক, পটোল, কণ্টি-কারী, এই সকল দ্রব্য প্রত্যেকে দশ পল অর্থাৎ ৮০ আশী তোলা, জল ৬৪ চৌষট্টি সের, শেষ ৮ আট সের, উক্ত ক্বাথের সহিত /৪ চারি সের ঘৃত যথা-বিহিত নিয়মানুসারে পাক করিবে। এবং আকনাদি, বিড়ঙ্গ, দেবদারু, গজ-

পিপ্পলী, যবক্ষার, সাচিক্ষার, শুঁঠ, হরিদ্রা, শুল্‌ফা, চৈ, কুড়, লতাফট্‌কী, মরিচ, ইন্দ্রযব, জীরা, চিতা, কটকী, ভেলা, বচ, পিপ্পলীমূল, মঞ্জিষ্ঠা, আতইস, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) ও যমানী, এই সকল দ্রব্য প্রত্যেকে ২ তোলা এবং বিশুদ্ধ গুগ্‌গুলু ৫ পাঁচ পল অর্থাৎ চল্লিশ তোলা গ্রহণ করতঃ কুট্টিত করিয়া তৈলে প্রদান করিবে।

উক্ত ঘৃত (রোগের বলাবল বিবেচনা পূর্ব্বক) যথোপযুক্ত পরিমাণে সেবন করিবে। ইহাদ্বারা বিষদোষ, প্রবল বায়ু, সন্ধি, অস্থি ও মজ্জাগত কুষ্ঠরোগ, নাড়ীব্রণ, অর্ব্বুদ, ভগন্দর, গণ্ডমালা, ঊর্দ্ধজত্রুগত সকল প্রকার রোগ, গুল্ম, অর্শঃ, মেহ, যক্ষ্মা, অরুচি, শ্বাস, পীনস, কাস, শোষ, হৃদ্রোগ, পাণ্ডু, গলবিদ্রধি ও বাতরক্ত প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৬৩ ॥

বজ্রকং ঘৃতম্—

[illegible]
[illegible]কৃষ্ণবেত্রং।
তৎ ক্বাথকল্কেন ঘৃতং বিপক্বং
তদ্বজ্রবৎ কুষ্ঠহরং প্রদিষ্টং ॥
বিশীর্ণকর্ণাঙ্গুলিহস্তপাদঃ
[illegible]ভিন্নগলো[illegible]
পৌরাণিকীং কান্তিমবাপ্য জীবে
দব্যাহতোবর্ষশতঞ্চ কুষ্ঠী ॥ ৬৪ ॥

বাসেত্যাদৌ।—কৃষ্ণবেত্রং কালিয়ালতা বজ্রবদিতি বজ্রসদৃশঃ অব্যর্থশক্তিকত্বাৎ ॥ ৬৪ ॥

বাসক, গুলঞ্চ, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), পটোল, ডহরকরঞ্জা, নিম্ব, পীতশাল ও কৃষ্ণবেত (কালিয়া লতা), এই সকল দ্রব্যের ক্বাথ ও বল্ককদ্বারা যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। এই বজ্রক ঘৃত কুষ্ঠনাশক এবং যে কুষ্ঠরোগীর কর্ণ, হস্ত, পদ ও অঙ্গুলী বিশীর্ণ, কৃমিভক্ষিত এবং যে ব্যক্তির গল[illegible] ভিন্ন হইয়াছে সেই ব্যক্তি উক্ত ঘৃত সেবন করিলে পূর্ব্বের ন্যায় কান্তি প্রাপ্ত হইয়া অব্যাহত শরীরে শত বৎসর পর্য্যন্ত জীবিত থাকিতে পারে ॥ ৬৪ ॥

আরগ্বধাদ্যং তৈলম্—

আরগ্বধং ধবং কুষ্ঠং হরিতালং মনঃশিলাং। রজনীদ্বয়সংযুক্তং পচেত্তৈলং বিধানবিৎ। এতেনাভ্যঞ্জয়েৎ শ্বিত্রী ক্ষিপ্রং শ্বিত্রং বিনশ্যতি ॥ ৬৫ ॥

আরগ্বধমিত্যাদৌ।—তৈলমিতি সার্ষপতৈলাদাবন্যতমং কুষ্ঠহিতত্বাৎ উক্তং হি চরকে "তৈলানি সর্ষপাণাং [illegible]"। কুষ্ঠেষু হিতান্যাহুঃ তৈলং যচ্চাপি খদিরস্যেতি। অন্যে তু সামান্যশ্রুতৌ প্রধানকল্পত্বেন তিলতৈলমেব গ্রাহ্যং যত্র তু সার্ষপাদিবিশেষোক্তিস্তত্রৈব সার্ষপাদিগ্রহণমিত্যাহুঃ অন্যত্রাপ্যে[illegible]জ্ঞেয়ং ॥৬৫॥

শোনালু, ধব (পশ্চিমদে[illegible]জাত বৃক্ষবিশেষ), কুড়, হরিতাল, মনঃশিলা, হরিদ্রা ও দারুহরিদ্রা, এই সকল দ্রব্যের কল্ক সহিত বিধানজ্ঞ বৈদ্য যথাবিহিত নিয়মানুসারে তিলতৈল পাক করিবেন। উক্ত তৈল মর্দ্দন করিলে শীঘ্র শ্বিত্ররোগ বিনষ্ট হয় ॥ ৬৫ ॥

তৃণকং-তৈলম্—

মঞ্জিষ্ঠাকুষ্ঠনিশাচক্রমর্দ্দারগ্বধপল্লবৈঃ। তৃণকস্বরসে সিদ্ধং তৈলং কুষ্ঠহরং কটু ॥ ৬৬ ॥

মঞ্জিষ্ঠেত্যাদৌ।—কুষ্ঠং তৃণকং গন্ধতৃণং ॥৬৬॥

মঞ্জিষ্ঠা, কুড়, হরিদ্রা, বনএলাইচের বীজ ও শোনালু, এই সকল দ্রব্যের যথোপযুক্ত পরিমাণ কল্ক ও গন্ধতৃণের স্বরস সহিত যথাবিহিত নিয়মানুসারে

তৈল পাক করিবে। উক্ত তৈল অঙ্গে মর্দ্দন করিলে কুষ্ঠরোগ বিনষ্ট হয়॥ ৬৬॥

মহাতৃণকং তৈলম্।

হরিদ্রাত্রিফলাদারুহয়মারকচিত্রকং। সপ্তচ্ছদশ্চ নিম্বত্বক্‌করঞ্জৌবালকং নখী॥ কুষ্ঠমেড়গজাবীজং লাঙ্গলীগণিকারিকা। জাতীপত্রঞ্চ দার্ব্বী চ হরিতালং মনঃশিলা॥ কলিঙ্গতিলপত্রঞ্চ অর্কক্ষীরঞ্চ গুগ্‌গুলুঃ। গুড়ত্বঙ্‌মরিচঞ্চৈব কুঙ্কুমং গ্রন্থিপর্ণকম্॥ সর্জ্জপর্ণাশখদিরং বিড়ঙ্গং পিপ্পলীবচা। ঘনরেণুমৃতাযষ্টিকেশরং ধ্যামকং বিষং॥ বিশ্বকট্‌ফলমঞ্জিষ্ঠাবোলস্তম্বীফলন্তথা॥ স্নুহীসম্পাকয়োঃ পত্রং বাগুজীবীজমাংসিকে॥ এলাজ্যোতিষ্মতীমূলং শিরীষোগোময়াদ্রসঃ॥ চন্দনে কুষ্ঠনিগুণ্ডীবিশালামল্লিকাদ্বয়ং॥ বাসাশ্বকর্ণী ব্রহ্মী চ শ্র্যাহ্বং চম্পককট্মলং। এতৈঃ কল্কৈঃ পচেত্তৈলং তৃণকস্বরসদ্রবং। সর্ব্বত্বগ্দোষহরণং মহাতৃণকসংজ্ঞিতং॥৬৭॥

হরিদ্রেত্যাদৌ।—লাঙ্গলী বিষলাঙ্গলীতি খ্যাতা। কলিঙ্গ ইন্দ্রযবঃ। চোরং চোরপুষ্পী গ্রন্থিকং গ্রন্থিপর্ণং ধ্যামকং গন্ধতৃণং বোলং গন্ধরসঃ তুম্বীফলং তিক্তালাবুফলং মল্লিকাদ্বয়ং মল্লিকাবনমল্লিকা চ শ্র্যাহ্বা নবনীতখোটী চম্পককট্মলং চম্পককলিকা। তৃণকস্বরসো দ্রবরূপঃ। অত্রান্তরে সোমরাজীতৈলং কেচিৎ পঠন্তি তন্ন সম্মতং টীকাকৃতাং॥৬৭॥

হরিদ্রা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), দেবদারু, করবী, চিতা, ছাতিম, নিমছাল, করঞ্জ, ডহরকরঞ্জ, বালা, নখী, কুড়, বনএলাইচবীজ, লাঙ্গলীয়া, গণিয়ারী, জাতিপত্র, দারুহরিদ্রা, হরিতাল, মনঃশিলা, ইন্দ্রযব, তিলপত্র, আকন্দের আঠা, গুগ্‌গুলু, দারুচিনি, মরিচ, চোরপুষ্পী, কুঙ্কুম, গ্রন্থিপর্ণ (গাঠিয়ানা), ধুনা, তুলসী, খদিরকাষ্ঠ, বিড়ঙ্গ, পিপ্পলী, বচ, মুথা, রেণুক, গুলঞ্চ, যষ্টিমধু, নাগকেশর, গন্ধতৃণ, বিষ, শুঁঠ, কটফল (কায়ফল), মঞ্জিষ্ঠা, গন্ধরস, তিতলাউবীজ, শোনালুপত্র, সিজেরপত্র, সোমরাজীবীজ, জটামাংসী, এলাইচ, লতা কটকীর মূল, শিরীষবৃক্ষ, গোময়রস, রক্তচন্দন, শ্বেতচন্দন, নিসিন্দা, কুড়, রাখালশশা, মল্লিকাপুষ্প, বনমল্লিকাপুষ্প, বাসক (বাকস), অশ্বকর্ণশাল, ব্রহ্মী, নবনীতখোটি ও চম্পককলিকা, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক ও গন্ধতৃণের স্বরস সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। এই মহাতৃণক তৈল সর্ব্ব প্রকার চর্ম্মরোগ নাশক॥৬৭॥

বজ্রকতৈলম্—

সপ্তপর্ণকরঞ্জার্কমালতীকরবীরজং মূলং স্নুহাশিরীষাভ্যাং চিত্রকাস্ফোতয়োরপি। করঞ্জবীজং ত্রিফলং ত্রিকটু রজনীদ্বয়ং। সিদ্ধার্থকং বিড়ঙ্গঞ্চ প্রপুন্নাড়ঞ্চ সংহরেৎ॥ মূত্রপিষ্টৈঃ পচেতৈল মেভিঃ কুষ্ঠবিনাশনং। অভ্যঙ্গাদ্বজ্রকন্নাম নাড়ীদুষ্টব্রণাহপং॥৬৮॥

সপ্তপর্ণেত্যাদি।—সুশ্রুতস্য। মূত্রপিষ্টৈঃপচে-তৈলমিতি পাকোপি গোমূত্রেণৈব আস্ফোতা শ্বেতার্কমূলমিতি কেচিৎ। তৈলমত্র সার্ষপং॥৬৮॥

ছাতিম, ডহরকরঞ্জা, আকন্দ, মালতী, করবীমূল, সীজত্বগ্ধ, শিরীষমূল, চিতামূল, হাফরমালী, ডহরকরঞ্জা বীজ, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), হরিদ্রা, দারুহরিদ্রা, শ্বেতসর্ষপ, বিড়ঙ্গ ও বনএলাইচ (ইহাকে কেহ২ চাকন্দেও বলিয়া থাকে), এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণপূর্ব্বক গোমূত্রে পেষণ করিয়া এবং

গোমূত্র দ্রবরূপে গ্রহণ করিয়া যথাবিহিত নিয়মানুসারে উপযুক্ত পরিমাণ তৈল পাক করিবে। ইহা (তৈল) কুষ্ঠ নাশক, এবং অঙ্গে মর্দ্দন করিলে নানী ঘা ও দুষ্ট ব্রণ বিনষ্ট হয় ॥ ৬৮ ॥

মরিচাদ্যং-তৈলম্—

মরিচং শিলাহ্ব অর্কপয়ঃ অশ্বারিজটা-ত্রিবৃৎ। শকৃদ্রসবিশালাকুষ্ঠনিশাযুগ্মদারুচন্দনৈঃ ॥ কটুতৈলাৎ পচেৎ প্রস্থং দ্বাভ্যাং বিষপলান্বিতৈঃ। সগোমূত্রং তদভ্যঙ্গাদ্দদ্রুশ্বিত্রবিনাশনং। সর্ব্বেষ্বপিচ কুষ্ঠেষু তৈলমেতৎ প্রশস্যতে ॥ ৬৯ ॥

অল্পমরিচাদ্যে।—আলং হরিতালং শিলা মনঃশিলা। অর্কপয়োঽর্কক্ষীরং অশ্বারি করবীরং জটা জটামাংসী চন্দ্রাটাদিষু মাংসী দর্শনাৎ ব্যবহারাচ্চ। শকৃদ্রসোগোময়রসঃ। অয়মপি কল্কঃ বিশালা গোরক্ষকর্কটী রুককুষ্ঠং নিশাযুক্ হরিদ্রাদ্বয়ং। প্রস্থপরিমিতং তেন সমানাধিকরণং ন বিরুদ্ধং গোমূত্রমত্র চতুর্গুণং বোধ্যং।৬৯।

মরিচ, হরিতাল, মনঃশিলা, মুথা, আকন্দের ক্ষীর, করবী, জটামাংসী, তেউড়ী, গোময়রস, রাখালশশা (ইন্দ্রবারুণী), কুড়, হরিদ্রা, দারুহরিদ্রা ও রক্তচন্দন, এই সকল দ্রব্যের উত্তম রূপ কুট্টিত বা পেষিত কল্ক প্রত্যেকে ২ দুই তোলা, বিষ এক পল অর্থাৎ ৮ আট তোলা এবং উপযুক্ত পরিমাণ গোমূত্র সহিত যথাবিহিত নিয়মানুসারে /৪ চারি সের কটু তৈল পাক করিবে। উক্ত তৈল অঙ্গে মর্দ্দন করিলে দদ্রু, শ্বিত্ররোগ নষ্ট হয়। সর্ব্বপ্রকার কুষ্ঠ রোগেও উক্ত তৈল প্রশস্ত ॥ ৬৯ ॥

বৃহন্মরিচাদ্যং তৈলম্—

মরিচং ত্রিবৃতাদন্তীক্ষীরমার্কং সকৃদ্রসঃ। দেবদারুহরিদ্রে দ্বে মাংসী-কুষ্ঠং সচন্দনং ॥ বিশালাকরবীরঞ্চ হরিতালং মনঃশিলা। চিত্রকোলাঙ্গলাখ্যা চ বিড়ঙ্গঞ্চক্রমর্দ্দকং ॥ শিরীষং কুটজোনিম্বং সপ্তপর্ণস্নুহ্যমৃতা। শম্পাকো নক্তমালোহব্দঃ খদিরং পিপ্পলীবচা ॥ জ্যোতিষ্মতী চ পলিকা বিষস্যদ্বিপলং ভবেৎ। আঢ়কং কটুতৈলস্য গোমূত্রস্য চতুর্গুণং ॥ মৃৎপাত্রে লৌহপাত্রে বা শনৈর্ম্মৃদ্বগ্নিনা পচেৎ। পক্বা তৈলবরং হ্যেতৎ ম্রক্ষয়েৎ কৌষ্ঠিকান্ ব্রণান্ ॥ পামাবিচর্চ্চিকাদদ্রুকণ্ডুবিস্ফোটকানি চ। বলয়ঃ পলিতং ছায়ানীলিব্যঙ্গস্তথৈবচ ॥ অভ্যঙ্গেন প্রণশ্যন্তি সৌকুমার্য্যঞ্চ জায়তে। প্রথমে বয়সি স্ত্রীণাং যাসাং নস্যন্তু দীয়তে ॥ পরামপিজরাং প্রাপ্য নস্তনা যান্তি নম্রতাং। বলীবর্দ্দস্তুরঙ্গো বা গজো বা বায়ুপীড়িতঃ। ত্রভিরভ্যঙ্গনৈর্গাঢ়ং ভবেন্মারুত বিক্রমঃ ॥৭০॥

বৃহন্মরিচাদ্যে।—শকৃদ্রসং গোময়রসং, কুটজো কুটজস্য ফলমিত্যাহুঃ। স্নুহা স্নুহীক্ষীরং প্রথমে বয়সীতি বয়ঃ সন্ধৌ ॥ ৭০ ॥

মরিচ, তেউড়ী, দন্তী, আকন্দের ক্ষীর, গোময়রস, দেবদারু, হরিদ্রা, দারুহরিদ্রা, জটামাংসী, কুড়, রক্তচন্দন, রাখালশশা (ইন্দ্রবারুণী), করবীর, হরিতাল, মনঃশিলা, চিতা, লাঙ্গলিয়া (লাঙ্গলিয়া বিষ, অথবা বিষ লাঙ্গলিয়া), বিড়ঙ্গ, চাকুন্দে (বনএলাচি), শিরীষ, ইন্দ্রযব (অর্থাৎ কুটজপুষ্প), নিমছাল, ছাতিম, সিজদুগ্ধ, গুলঞ্চ, শোণালু, ডহরকরঞ্জা, মুথা, খদিরকাষ্ঠ, পিপ্পলী, বচ ও জ্যোতিষ্মতি (লতাফটকী), এই সকল দ্রব্য প্রত্যেকে এক পল অর্থাৎ আট তোলা, বিষ ২ পল অর্থাৎ ১৬ ষোল তোলা (এক পোয়া)। উক্ত দ্রব্য

সমুদায় কল্ক করিয়া ।৬ ষোল সের তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। পাকপালে গোমূত্র ৬৪ চৌষট্টি সের উহাতে প্রদান করিবে। উক্ত তৈল মৃৎপাত্রে কিম্বা লৌহপাত্রে মৃদু অগ্নিতে শনৈশনৈঃ পাক করিবে। উক্ত তৈল বিধিপূর্ব্বক পাক করিয়া কুষ্ঠের ব্রণস্থানে ম্রক্ষণ করিবে।

ইহাদ্বারা পামা, বিচর্চ্চিকা, দদ্রু, কণ্ড, বিস্ফোট, বলীপলিত ছায়া, নীলী ও ব্যঙ্গ প্রভৃতি রোগ নষ্ট হইয়া শরীরের সৌকুমার্য্য বৃদ্ধি হয়।

স্ত্রীগণ প্রথম বয়সে এই তৈলের নস্য গ্রহণ করিলে অতি বৃদ্ধ বয়সেও তাহাদের জরা ও স্তন নম্র হয় না বিশেষতঃ বলদ, অশ্ব, হস্তী ও বায়ু-পীড়িত ব্যক্তিকে এই তৈল দৃঢ় মর্দ্দন করিলে বায়ু তুল্য বেগশীল হয়।

তৈল পাক করিবার নিয়ম এই—প্রথমতঃ তৈল কটাপাক দিয়া, পরে মূর্চ্ছা পাক, তদনন্তর কল্কদ্রব্য প্রদান করতঃ দ্রব দ্রব্যাদিদ্বারা যথাক্রমে পাক করিবে। ক্বাথ্যদ্রব্য অধিক পরিমাণ হইলে পৃথক্ পৃথক্ যাহার যেরূপ সুবিধা হয় প্রস্তুত করিয়া লইতে পারিবেন ॥ ৭০ ॥

বিষতৈলম্—

নক্তমালং হরিদ্রে দ্বে অর্কস্তগর মেবচ। করবীরং বচাকুষ্ঠ মাস্ফোতা রক্তচন্দনং। মালতীসপ্তপর্ণঞ্চ মঞ্জিষ্ঠা-সিন্ধুবারিকা। এষামর্দ্ধপলান্ ভাগান্ বিষস্যাপি পলম্ভবেৎ ॥ চতুর্গুণে গবাং মূত্রে তৈলপ্রস্থং বিপাচয়েৎ। শ্বিত্রবিস্ফোটকিটিভকীটলূতাবিচর্চ্চিকাঃ ॥ কণ্ডুকচ্ছুবিকারাশ্চ যে ব্রণা বিষদূষিতাঃ ॥ বিষতৈলমিদং নাম্না সর্ব্বব্রণবিশোধনং ॥ ৭১ ॥

বিষতৈলে নক্তমালং করঞ্জবীজং অর্কং অর্কস্য ক্ষীরং। তগরং তগরপাদুকা মালতী জাতী তস্যাঃ পত্রং সিন্ধুবারিকা নিগুণ্ডী ॥ ৭১ ॥

ডহরকরঞ্জাবীজ, হরিদ্রা, দারুহরিদ্রা, আকন্দের ক্ষীর, তগরপাদুকা, করবী, বচ, কুড়, বনমল্লিকা, রক্তচন্দন, মালতী, ছাতিমছাল, মঞ্জিষ্ঠা ও নিসিন্দা, এই কল্ক দ্রব্য প্রত্যেকে ৪ তোলা এবং বিষ এক পল অর্থাৎ ৮ আট্ তোলা গ্রহণ পূর্ব্বক উত্তমরূপে কুট্টিত করতঃ কল্ক প্রস্তুত করিবে। উক্ত কল্ক এবং গোমূত্র ।৬ ষোলসের সহিত /৪ চারিসের তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে।

এই তৈল অভ্যঙ্গ করিলে শ্বিত্র, বিস্ফোট, কিটিভ, বিচর্চ্চিকা, কণ্ডূ, কীটলূতা, কচ্ছু ও বিষদূষিত ব্রণ প্রভৃতি রোগ বিনষ্ট হয়। ইহার নাম 'বিষ তৈল' ইহা সর্ব্ববিধ ব্রণ বিশোধক ॥ ৭১ ॥

করবীরাদ্যং তৈলম্—

শ্বেতকরবীররসো গোমূত্রং চিত্রকং বিড়ঙ্গঞ্চ। কুষ্ঠেষু তৈলযোগঃ সিদ্ধোয়ং সম্মতোভিষজাং ॥ ৭২ ॥

শ্বেতকরবীরেত্যাদৌ।— করবীররসগোমূত্রয়োর্মিলিত্বা চাতুর্গুণ্যং। শেষস্য তু কল্কত্বং ॥ ৭২ ॥

শ্বেতকরবীর মূলের রস, গোমূত্র এবং চিতা, বিড়ঙ্গ ও কুড়, এই সকল দ্রব্যের কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া কুষ্ঠরোগে প্রয়োগ করিবে। এই তৈলযোগ সিদ্ধ সুফলপ্রদ ॥ ৭২ ॥

শ্বেতকরবীরাদ্যং তৈলম্—

শ্বেতকরবীরমূলং বিষাংশসাধিতং গবাং মূত্রে। চর্ম্মদলসিধ্মপামাবিস্ফোটক্রিমিকিটিভজিত্তৈলং ॥ ৭৩ ॥

শ্বেতকরবীরমূলমিত্যাদি।—শ্বেতং করবীরস্য মূলং যত্র ইতি বিগৃহ্য তৈলবিশেষণতা জ্ঞেয়া। বিষাংশমাধিতমিতি বিষস্যাংশশ্চতুর্থোভাগঃ স চ করবীরমূলাপেক্ষয়া ইতি কেচিৎ। অন্যে তু গতবিষতৈলে বিষস্য পলমুক্তং, তদপেক্ষয়া কর্ষমাত্রঃ তন্ত্রান্তরীয়ৈকবাক্যত্বাৎ। অন্যে পুনরংশোভাগঃ তেন বিষকরবীরমূলয়োঃ সমভাগয়োঃ স্নেহপাদিকত্বেনৈব কল্কত্বং ব্যবহারোঽপ্যনেনৈব॥ ৭৩॥

শ্বেতকরবীর মুল ও উহার (করবীমূলের) চতুর্থাংশ বিষের কল্ক করিয়া উপযুক্ত পরিমাণ গোমূত্রের সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিবে। উক্ত তৈল অভ্যঞ্জন করিলে চর্ম্মদল, সিধ্ম, পামা, বিস্ফোট, ক্রিমি ও কিটিম প্রভৃতি রোগ বিনষ্ট হয়॥ ৭৩॥

সিন্দূরাদ্যং তৈলম্—

সিন্দূরার্দ্ধপলং পিষ্টা জীরকস্য পলস্তথা। কটুতৈলং পচেন্মানীং সদ্যঃ পামাহরং পরং॥ ৭৪॥

স্বল্পসিন্দূরাদ্যে।—মানীমিত্যষ্টৌ পলানি বৃন্দে তু কটুতৈলং পচেদাভ্যাং সদ্যঃ পামাহরং পরিমিতি পঠ্যতে। তন্মতে বৃদ্ধবৈদ্যব্যবহারাদেবাষ্টপলং গ্রাহ্যং॥ ৭৪॥

সিন্দূর ৪ চারি তোলা ও জীরা এক পল একত্র পেষণ করিয়া উহার সহিত এক সের কটুতৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। এই শ্রেষ্ঠ তৈল অভ্যঞ্জন করিলে সদা পামারোগ বিনষ্ট হয়॥ ৭৪॥

মহাসিন্দূরাদ্যংতৈলম্—

সিন্দূরং চন্দনং মাংসীবিড়ঙ্গং রজনীদ্বয়ং। প্রিয়ঙ্গুং পদ্মকং কুষ্ঠং মঞ্জিষ্ঠাং খদিরং বচাং॥ জাত্যর্কত্রিবৃতানিম্বকরঞ্জং বিষমেবচ। কৃষ্ণবেত্রফলোধ্রঞ্চ প্রপুন্নাড়ঞ্চ সংহরেৎ॥ কল্কপিষ্টানি সর্ব্বাণি যোজয়েত্তৈলমাত্রয়া। অভ্যঞ্জন প্রযুঞ্জীত সর্ব্বকুষ্ঠবিনাশনং॥ পামাবিচর্চ্চিকা কণ্ডুবীসর্পাদিবিনাশনং। রক্তপিত্তোত্থিতান্ হন্তি রোগানেবং বিধান্ বহূন্॥ ৭৫॥

মহাসিন্দূরাদ্যে।—জাত্যাঃ পত্রং করঞ্জস্য ফলং অর্কস্য পত্রং। তৈলমাত্রয়া প্রস্থমাত্রয়া॥ ৭৫॥

সিন্দূর, রক্তচন্দন, জটামাংসী, বিড়ঙ্গ, হরিদ্রা, দারুহরিদ্রা, প্রিয়ঙ্গু, পদ্মকাষ্ঠ, কুড়, মঞ্জিষ্ঠা, খদিরকাষ্ঠ, বচ, জাতীপত্র, আকন্দপত্র, তেউড়ী, নিম্বছাল, ডহরকরঞ্জার বীজ, বিষ, কালিয়ালতা, লোধ ও চাকন্দে (বনএলাচি); এই সকল দ্রব্য উত্তমরূপ পেষণ করিয়া (যথোপযুক্ত পরিমাণ) তৈলের সহিত মিশ্রিত করতঃ যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। উক্ত তৈল অঙ্গে মর্দ্দন করিলে সর্ব্বপ্রকার কুষ্ঠ, পামা, বিচর্চ্চিকা (বিকজ), কণ্ডূ ও বীসর্পাদি এবং রক্তপিত্তোত্থ অন্যান্য বহুবিধ রোগ বিনষ্ট হইয়া থাকে॥ ৭৫॥

আদিত্যপাকং তৈলম্—

মঞ্জিষ্ঠাত্রিফলা লাক্ষানিশাশিলালগন্ধকৈঃ। চূর্ণৈস্তৈলমাদিত্যপাকং পামাহরং পরং॥ ৭৬॥

আদিত্যপাকতৈলে।—জলং তৈলসমং দত্ত্বা জলশোষপর্য্যন্তমাতপে স্থাপ্যং। জলং বিনা পাকানুপপত্তেঃ এবমিত্যনুপ্রাবাদিত্য পাকেপি গুড়ূচীরসমেব তৈলসমং ব্যবহরন্তি বৃদ্ধাঃ। অন্যে তু দ্রবানুক্তাবত্রব এবাদিত্যপাকঃ॥ ৭৬॥

মঞ্জিষ্ঠা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), লাক্ষা, হরিদ্রা, মনঃশিলা, হরিতাল ও গন্ধক, এই সকল দ্রব্যের চূর্ণ (যথোপযুক্ত পরিমাণে) গ্রহন করতঃ তৈলের সহিত মিশাইয়া রৌদ্রে পক্ক করিবে। এই তৈল অভ্যঞ্জন করিলে পামারোগ নষ্ট হয়। ইহাকে আদিত্য (সূর্য্যপাক) তৈল বলিয়া অভিহিত হয়॥ ৭৬॥

দূর্ব্বাদ্যং তৈলম্—

স্বরসেন চ দূর্ব্বায়াঃ পচেত্তৈলং চতুর্গুণম্। কচ্ছূবিচর্চ্চিকাপামা অভ্যঙ্গাদেব নাশয়েৎ ॥ ৭৭ ॥

দূর্ব্বাতৈলে চতুর্গুণং যথাস্যাত্তথা দূর্ব্বাস্বরসেন পচেৎ। দূর্ব্বাস্বরসেন চতুর্গুণেন পচেদিত্যর্থঃ। বৃন্দেপি স্বরসেপি চ দূর্ব্বায়াঃ পচেদিত্যর্থঃ। বৃন্দেপি স্বরসেপি চ দূর্ব্বায়াঃ পচেত্তৈলং চতুর্গুণে ইতি পাঠঃ ॥ ৭৭ ॥

চতুর্গুণ দূর্ব্বার স্বরসের সহিত (উপযুক্ত পরিমাণ) তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিয়া অভ্যঙ্গন করিলে কচ্ছূ, বিচর্চ্চিকা (বিকজ্জ) ও পামা, এই সকল রোগ বিনষ্ট হয় ॥ ৭৭ ॥

অর্কমনঃশিলাতৈলে—

অর্কপত্ররসে পক্বং কটুতৈলং নিশাযুতম্। মনঃশিলাযুতস্থাপি পামাকণ্ড্বাদিনাশনং ॥ ৭৮ ॥

অর্কতৈলে কল্কভেদাৎ যোগদ্বয়ং স্বরসশ্চ চতুর্গুণঃ কল্কশ্চাষ্টাংশ এব স্বরসসাধ্যত্বাৎ ॥ ৭৮ ॥

হরিদ্রার উত্তমরূপ পেষিত বা কুট্টিত (উপযুক্ত পরিমাণ) কল্ক অথবা মনঃশিলার কল্ক ও আকন্দপাতার রস সহ যথাবিহিত নিয়মানুসারে বিপক্ব তৈল অভ্যঙ্গন করিলে কণ্ডূ ও পামা প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৭৮ ॥

গণ্ডীরিকাদ্যং তৈলম্—

গণ্ডীরিকাচিত্রক মার্কবার্ক
কুষ্ঠদ্রুমত্বক্ লবণৈঃ সমূত্রৈঃ।
তৈলং পচেন্মণ্ডলকুষ্ঠদদ্রু-
দুষ্টব্রণারুঃ কিটিমাপহারি ॥ ৭৯ ॥

গণ্ডীরিকেত্যাদি।—গণ্ডীরিকা স্নুহী তস্যাঃ ক্ষীরং এবমর্কস্যাপি, ক্রমঃ সোনালুস্তস্য ত্বক্ লবণং সৈন্ধবং অন্যে তু গণ্ডীরিকা মঞ্জিষ্ঠা ক্রমঃ কুটজস্তস্য ত্বগিত্যাহুঃ ॥ ৭৯ ॥

সিজের ক্ষীর, চিতা, আকন্দের ক্ষীর, ভৃঙ্গরাজ, কুড়, শোণালুর বল্কল ও সৈন্ধবলবণ এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত বা পেষিত কল্ক ও গোমূত্র সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া অভ্যঙ্গন করিলে মণ্ডল কুষ্ঠ, দদ্রু, দুষ্টব্রণ অরুংসী ও কিটিম প্রভৃতি বিনষ্ট হয় ॥ ৭৯ ॥

পৃথ্বীসারতৈলম্—

চিত্রকস্যাথনিগুণ্ড্যা হয়মারস্য মূলতঃ। নাড়ীচবীজাদ্বিষতঃ কাঞ্জিপিষ্টং পলং পলং ॥ করঞ্জতৈলাষ্টপলং কাঞ্জিকস্য পলং পুনঃ। মিশ্রিতং সূর্য্যসং[illegible] তৈলং কুষ্ঠব্রণকণ্ডুজিৎ ॥ ৮০ [illegible]

চিত্রকেতি।—অত্যুগ্রোৎকৃষ্টত্বাৎ পৃথ্বীসারেতি সংজ্ঞা ॥ ৮০ ॥

চিতারমূল, নিসিন্দামূল, করবীমূল, নালিতাবীজ (পাটের বীজ) ও বিষ, এই সকল দ্রব্য প্রত্যেকে ১ এক পল পরিমাণে লইয়া কাঞ্জিক সহিত পেষণ করিবে এবং ইহার সহিত কাঞ্জিক ১ এক পল ও করঞ্জ তৈল ৮ আট পল মিশ্রিত করিয়া রৌদ্রপক্ব করিবে। এই তৈল অভ্যঙ্গ করিলে কুষ্ঠ, ব্রণরোগ ও কণ্ডু পরাজিত হয় ॥ ৮০ ॥

সোমরাজীতৈলম্—

সোমরাজীহরিদ্রে দ্বে সর্ষপারগ্বধং গদং। করঞ্জবীজৈড়গজং গর্ভং দত্ত্বা বিপাচয়েৎ ॥ তৈলং সর্ষপসংভূতং নাড়ীদুষ্টব্রণাপহং। অনেনাশুপ্রশমন্তি কুষ্ঠান্যষ্টাদশৈব তু ॥ নীলিকাপি পুরোব্যঙ্গমস্তীরং দারুশোণিতং। কণ্ডূনচ্ছপ্রশমনং কচ্ছূপামাবিনাশনং ॥ ৮১ ॥

সোমরাজী, হরিদ্রা, দারুহরিদ্রা, সর্ষপ, শোণালু, কুড়, ডহরকরঞ্জাবীজ ও বনএলাইচ, এই সকল দ্রব্যের উত্তমরূপ

কুট্টিত অথবা পেষিত উপযুক্ত পরিমাণ কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে সর্ষপতৈল পাক করিবে।

উক্ত তৈল অভ্যঞ্জন করিলে নাড়ী, দুষ্টব্রণ, অষ্টাদশ প্রকার কুষ্ঠ, নীলিকা, বাতশোণিত, কণ্ডূ, দদ্রু, কচ্ছু ও পামা প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৮১ ॥

পক্ষাৎ পক্ষাচ্ছর্দ্দনান্যভ্যুপেয়ান্
মাসান্মাসাৎস্রংসনঞ্চাপ্যধস্তাৎ।
ত্র্যহাত্র্যহান্নস্ততশ্চাবপীড়ান্
মাসেষ্বসৃঙ্মোক্ষয়েৎ ষট্সু ষট্সু ॥৮২॥

পক্ষাদিত্যাদি।—সুশ্রুতস্য। স্রংসনং বিরেচনং। নস্তত ইতি নাসাপুটয়োরবপীড়ান্নস্য বিশেষান্ দদ্যাৎ। অবপীড়শব্দেন বহুমাত্র সর্পিঃ প্রয়োগোঽপ্যুচ্যতে তন্নিরাসার্থং নস্তত ইতি পদং ॥ ৮২ ॥

কুষ্ঠরোগে পক্ষান্তে বমন ও প্রতি মাসে বিরেচন ব্যবস্থা করিবে। এবং তিন তিন দিবস পরে নস্য গ্রহণ, প্রতি মাসে অবপীড়ন (নস্যবিশেষ) এবং প্রতি ছয়মাস পরে রক্তমোক্ষণ করা কর্ত্তব্য ॥ ৮২ ॥

যোষিন্মাংসসুরাত্যাগঃ শালিমুদ্গ-যবাদয়ঃ। [illegible] জাঙ্গলং কুষ্ঠিনাং হিতং ॥ ৮৩ ॥

যোষিদিত্যাদৌ।—মাংসমানূপং নিষিদ্ধং জাঙ্গলস্য বিধানাৎ ॥ ৮৩ ॥

ইতি কুষ্ঠ-চিকিৎসা।

কুষ্ঠরোগী স্ত্রী সম্ভোগ, আনূপমাংস ও মদ্য পান পরিত্যাগ করিবে এবং পুরাতন শালীধান্যের অন্ন, মুগ, যব, তিক্তশাক ও জাঙ্গলপশুর মাংস, এই সকল দ্রব্য কুষ্ঠরোগীর পক্ষে হিতকর ॥ ৮৩ ॥

ইতি কুষ্ঠ-চিকিৎসা।

অথোদর্দ্দ-কোঠ-শীতপিত্ত-চিকিৎসা।

অভ্যঙ্গঃ কটুতৈলেন সেকশ্চোষ্ণাম্বুভিস্ততঃ। উদর্দ্দে বমনং কার্য্যং পটোলারিষ্টবারিণা ॥ ১ ॥

প্রায়স্তুল্যচিকিৎসিতত্বাৎ উদর্দ্দাদিচিকিৎসামাহ অভ্যঙ্গ ইত্যাদি।—সেক ইত্যত্র স্বেদ ইত্যপি পাঠঃ। অতএবোক্তমন্যত্র "অভ্যঙ্গঃ কটুতৈলেন স্বেদনং কোষ্ণবারিণেতি"। পটোলারিষ্টবারিণেত্যাদাবনুক্তমপি মদনফলকল্কং প্রক্ষেপ্যং ॥ ১ ॥

উদর্দ্দরোগে শরীরে কটুতৈল ম্রক্ষণ করিয়া উষ্ণজল সেচন করিবে এবং পটোল ও নিম্বছালের ক্বাথ পান করিয়া বমন করিবে ॥ ১ ॥

ত্রিফলাপুরকৃষ্ণাভি র্বিরেকশ্চাত্র শস্যতে। ত্রিফলাং ক্ষৌদ্রসহিতাং পিবেদ্বা নবকার্ষিকং ॥ ২ ॥

ত্রিফলায়াঃ কষায়ঃ গুগ্গুলুপিপ্পল্যোঃ প্রক্ষেপশ্চ। ব্যবহারাদ্‌গুগ্গুলোর্দ্দশমাষকাঃ পিপ্পল্যাস্তু যথামাষকা ইতি।

ত্রিফলাং ক্ষৌদ্রসহিতামিতি ত্রিফলায়াঃ কষায়ঃ ক্ষৌদ্রন্তু প্রক্ষেপ্যং। নবকার্ষিকং বাতরক্তোক্তং ॥ ২ ॥

উদর্দ্দরোগে গুগ্গুল ও পিপুল প্রক্ষেপিত ত্রিফলার ক্বাথদ্বারা বিরেচন করাইবে এবং রোগী ত্রিফলার (হরতকী, আমলকী, বহেড়া) ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিবে অথবা বাত রক্তাধিকারোক্ত নবকার্ষিক পান করিবে ॥ ২ ॥

বিসর্পোক্তমমৃতাদিং ভিষগত্রাপি যোজয়েৎ। সিতাং মধুকসংযুক্তাং গুড়মামলকৈঃ সহ ॥ ৩ ॥

বিসর্পোক্তমমৃতাদিকং অমৃতবৃষপটোলমুস্তকমিত্যাদিনা উক্তং শীতপিত্তহন্তৃত্বাৎ নপুনরমৃতবৃষপটোলং নিম্বকল্কৈরুপেতমিত্যাদিকং। সিতাং মধুকসংযুক্তামিত্যত্র সিতাং কটুকয়া যুক্তামিতি কেচিৎ পঠন্তি ॥ ৩ ॥

বৈদ্যগণ, উদর্দ্ধরোগে রোগীকে বিসর্পোক্ত অমৃতাদি প্রয়োগ করিবেন। এবং যষ্টিমধু মিশ্রিত শর্করা কিম্বা গুড় ও আমলকী সেবন করিতে দিবেন ॥৩॥

সগুড়ং দীপ্যকং যস্তু খাদেৎ পথ্যান্নভুঙ্নরঃ। তস্য নশ্যতি সপ্তাহাদুদর্দ্ধঃ সর্ব্বদেহজঃ ॥ ৪ ॥

দীপ্যকং যমানী ॥ ৪ ॥

উদর্দ্ধরোগী সুপথ্যভোজী হইয়া গুড় ও যমানী সেবন করিলে সপ্তাহ মধ্যে সর্ব্বশরীরব্যাপী উদর্দ্ধরোগ নষ্ট হয় ॥৪॥

সিদ্ধার্থরজনীকল্কৈঃ প্রপুন্নাড়তিলৈঃ সহ। কটুতৈলেন সংমিশ্রমেতদুদ্বর্ত্তনং পরং ॥ ৫ ॥

উদর্দ্ধরোগে শ্বেতসর্ষপ, হরিদ্রা, চাকুন্দে ও তিল, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া কটুতৈলের সহিত মিশ্রিত করতঃ শরীরে উদ্বর্ত্তন করিবে ॥ ৫ ॥

দূর্ব্বানিশাযুতোলেপঃ কচ্ছূপামাবিনাশনঃ। ক্রিমিদদ্রুহরশ্চৈব শীতপিত্তাপহঃ স্মৃতঃ ॥ ৬ ॥

দূর্ব্বা ও হরিদ্রা (উপযুক্ত পরিমাণ গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া শরীরে লেপন করিলে কচ্ছু, পামা, ক্রিমি, দদ্রু ও শীতপিত্ত প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৬ ॥

অগ্নিমন্থভবং মূলং পিষ্টং পীতঞ্চ সর্পিষা। শীতপিত্তোদর্দ্ধকোঠান্ সপ্তাহাদেবনাশয়েৎ ॥ ৭ ॥

গণিয়ারীমূল (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া ঘৃতের সহিত পান করিলে সপ্তাহ মধ্যে শীতপিত্ত, উদর্দ্ধ ও কোঠরোগ বিনষ্ট হয় ॥ ৭ ॥

কুষ্ঠোক্তঞ্চ ক্রমং কুর্য্যাদম্লপিত্তঘ্নমেবচ। উদর্দ্ধোক্তাং ক্রিয়াঞ্চাপি কোঠরোগে সমাসতঃ। সর্পিঃ পীত্বা মহাতিক্তং কার্য্যং শোণিতমোক্ষণং ॥ ৮ ॥

উদর্দ্ধচিকিৎসাকোঠেঽপ্যতিদিশতি উদর্দ্ধেত্যাদি ॥ ৮ ॥

কুষ্ঠ, অম্লপিত্ত ও উদর্দ্ধরোগে যে সকল ঔষধ ও চিকিৎসা ক্রম উক্ত হইবে, কোঠরোগে সাধারণতঃ সেই সকল ঔষধাদিদ্বারা চিকিৎসা করিবে। এবং মহাতিক্ত ঘৃত পান করাইয়া পরে রক্তমোক্ষণ করিবে ॥ ৮ ॥

নিম্বস্য পত্রাণি সদা ঘৃতেন
ধাত্রীবিমিশ্রাণ্যথবোপযুঞ্জ্যাৎ।
বিস্ফোটকোঠক্ষতশীতপিত্ত
কণ্ডম্লপিত্তং সহসা চ হন্যাৎ ॥ ৯ ॥

নিম্বস্যেত্যাদি।—যোগদ্বয়ং অন্যেত্বেকমেবাহুঃ ॥ ৯ ॥

নিম্বপত্র ও আমলকী ঘৃতের সহিত মিশ্রিত করতঃ নিয়ত সেবন করিলে, বিস্ফোটক, কোঠ, ক্ষত, শীতপিত্ত, কণ্ডু ও অম্লপিত্তরোগ সহসা প্রশমিত হয় ॥ ৯ ॥

ক্ষারসিন্ধূত্থতৈলৈশ্চ গাত্রাভ্যঙ্গং প্রযোজয়েৎ। গান্ধারিকাফলং পক্বং শুষ্কমুৎস্বেদিতং পুনঃ। ক্ষীরেণ শীতপিত্তঘ্নং খাদিতং পথ্যসেবিনা ॥ ১০ ॥

গান্ধারিকেতি সুপক্বং গান্ধারীফলং গব্যদুগ্ধং দত্বা উৎস্বিদ্য খাদ্যং ॥ ১০ ॥

যবক্ষার ও সৈন্ধবলবণ, কটু তৈলের সহিত মিশ্রিত করতঃ তদ্দ্বারা গাত্র অভ্যঙ্গ করিবে।

উপযুক্ত পথ্যসেবী হইয়া গাম্ভারির সুপক্ব শুষ্কফল দুগ্ধের সহিত সিদ্ধ করতঃ (উপযুক্ত মাত্রায়) সেবন করিলে শীতপিত্তরোগ বিনষ্ট হয় ॥ ১০ ॥

তৈলোদ্বর্ত্তনযোগেন যোজ্যএলাদি-কোগণঃ। শুষ্কমূলকযূষেণ কৌলত্থেন রসেন বা॥ ভোজনং সর্ব্বদা কার্য্যং লাবতিত্তিরিজেন বা। শীতলান্যন্নপানানি বুদ্ধ্বাদোষগতিং ভিষক্। উ-ষ্ণানি বা যথাকালং শীতপিত্তে প্রয়োজয়েৎ॥ ১১॥

তৈলেত্যাদি।—সুশ্রুতস্য। এলাদিকোগণঃ তৈ-লযোগেন উদ্বর্ত্তনতয়া চ যোজ্য ইত্যাহুঃ॥ ১১॥
ইত্যুদর্দ্দ চিকিৎসা।

উদর্দ্দরোগে এলাদিগণ তৈলের সহিত মিশ্রিত করতঃ শরীরে উদ্বর্ত্তন করিবে এবং শুষ্কমূলার যূষ অথবা কুলত্থকলাইর যূষ অথবা লাব (পক্ষবিশেষ) কিম্বা তিত্তিরির (পক্ষীবিশেষ অথবা তিতৈই পাখী) মাংস যূষের সহিত সর্ব্বদা ভোজন করিবে। এবং বৈদ্যগণ দোষের অবস্থাদি বিবেচনা করিয়া শীতল অথবা উষ্ণ অন্ন পানাদি যথা সময়ে প্রয়োগ করিবেন॥ ১১॥

ইতি শীতপিত্তো দর্দ্দ-কোঠ-চিকিৎসা।

অথাম্লপিত্ত-চিকিৎসা।

প্রাগম্লপিত্তরোগার্ত্তং কুলকারিষ্টবারিভিঃ। রামাঠক্ষৌদ্রসিন্ধূত্থৈর্বমনং কারয়েদ্ভিষক্॥ ১॥

প্রথমতঃ অম্লপিত্তরোগে পটোলপত্র ও নিম্ব বল্কলের ক্বাথ প্রস্তুত করিয়া তাহাতে হিঙ্গু, মধু, চিনি ও সৈন্ধবলবণ প্রক্ষেপ করতঃ রোগীকে পান করাইয়া বমন করাইবে (১)॥ ১॥

বান্তিং কৃত্বাম্লপিত্তে তু বিরেকং মৃদু-কারয়েৎ। সম্যগ্বান্তবিরিক্তস্য সুস্নিগ্ধ-স্যানুবাসনং। আস্থাপনং চিরোদ্ভূতে দেয়ং দোষাদ্যপেক্ষয়া॥ ২॥

উক্তসম্প্রত্যেব অম্লপিত্তমুচ্যতে। বান্তিং কৃ-ত্বেতি। বমনঞ্চ অরিষ্টাদিভিঃ অতএব তন্ত্রান্তরে যথা প্রাগম্লপিত্তরোগার্ত্তং কুলকারিষ্টবারিভিঃ। সক্ষৌদ্ররামাঠসিন্ধূত্থৈর্ব্বমনং কারয়েদ্ভিষক্॥ ২॥

অম্লপিত্তরোগে প্রথমতঃ বমন করাইয়া পরে মৃদু বিরেচন ব্যবস্থা করিবে। এবং সম্যক্‌রূপে বমন ও বিরেচন হইলে রোগীকে স্নিগ্ধ করতঃ অনুবাসন করিবে। কিন্তু পীড়া বহুকালের হইলে দোষাদি বিবেচনা পূর্ব্বক আস্থাপন ব্যবস্থা করিবে॥ ২॥

ক্রিয়াশুদ্ধস্য শমনী হ্যনুবন্ধব্যপেক্ষয়া। দোষসংসর্গজে কার্য্যা ভেষজাহারকল্পনা। ঊর্দ্ধগে বমনৈর্ধীমানধোগে রেচনৈর্হরেৎ॥ ৩॥

ক্রিয়েত্যাদি।—দোষসংসর্গজে অনুবন্ধব্যপেক্ষয়া অনুবন্ধভূতদোষোবিরোধেন শমনী সংশমনরূপা ভেষজাহারকল্পনা ক্রিয়া কার্য্যেত্যর্থঃ উক্তবমনবিরেচনয়োর্বিষয়মাহ ঊর্দ্ধগ ইত্যাদি।—ঊর্দ্ধগে বহুকফে বমনং অধোগেঽম্লপিত্তে সবিবন্ধে বিরেচনং॥ ৩॥

দ্বন্দ্বজপীড়ায় অনুবন্ধভূত দোষের বিরোধি সংশমনকারক ঔষধ ও আহারাদি ব্যবস্থা করিবে।

বহুকফ ঊর্দ্ধগ অম্লপিত্তে বমন এবং বিবন্ধযুক্ত অধোগত অম্লপিত্তে বিরেচন প্রদান করিবে॥ ৩॥

তিক্তভূয়িষ্ঠমাহারং পানঞ্চাপি প্রকল্পয়েৎ। যবগোধূমবিকৃতি স্তীক্ষ্ণসংস্কারবর্জ্জিতাঃ। যথাস্বং লাজশক্তূন্ বা সিতামধুযুতান্ পিবেৎ॥ ৪॥

যবগোধূমেতি।—যবগোধূমৌ হি সরত্ব মধুরত্বাদিনা অম্লপিত্তে হিতৌ। তয়োঃ পেয়াদয়ঃ

---

(১) বিরুদ্ধ (সংযোগ, দেশ, কাল ও মাত্রাদি দ্বারা বিপরীত) দ্রব্য, দূষিত অন্ন ও বিদগ্ধ পাক দ্রব্য ভোজনে এবং পিত্ত প্রকোপি পানীয় (তক্র সুঁরা প্রভৃতি) ও অম্ল (আশুধান্য ও মাষকলাই প্রভৃতি) ভোজনে পিত্ত দূষিত ও বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অম্লপিত্ত রোগ জন্মায়।

তীক্ষ্ণসংস্কারবর্জ্জিতা ইতি কটুম্ললবণাদি সংস্কার-যোগরহিতাঃ যথাস্বমিতি পিবেদিত্যনেন যোজ্যং তেন দোষসংসর্গাদ্যপেক্ষয়া তত্তদ্দোষপ্রত্যনীকেন দ্রবেণ পিবেদিত্যর্থঃ ॥ ৪ ॥

অম্লপিত্তরোগে তিক্তরস প্রধান আ-হার অথবা তীক্ষ্ণসংস্কার রহিত অর্থাৎ কটুম্ল লবণাদি সংযোগ বর্জ্জিত যব ও গোধূমের পেয়াপ্রভৃতি কিম্বা শর্করা-ন্বিত লাজশক্তু (খইরচূর্ণ); দোষাদি বিবেচনা করিয়া তত্তদ্দোষ প্রত্যনীক দ্রব্যের সহিত সেবন করিতে দিবে ॥ ৪ ॥

নিস্তুষযববৃষধাত্রীক্বাথ স্ত্রিসুগন্ধিমধু-
যুতঃ পীতঃ । অপনয়তি চাম্লপিত্তং
[illegible] মুদ্গাযূষেণ ॥ ৫ ॥

ত্রিসুগন্ধিযুতমিতি ত্রিসুগন্ধি ত্বগেলাপত্রং তচ্চ সৌগন্ধমাত্রকারকং। মধু তু প্রক্ষেপন্যায়েন যোজ্যং ॥ ৫ ॥

নিস্তুষ যব, বাসক ও আমলকীর ক্বাথে দারুচিনি, ছোট এলাচ ও তেজ-পত্র, ইহাদিগের চূর্ণ ও মধু প্রক্ষেপ করিয়া পান করতঃ পরে মুদ্গযূষের সহিত আহার করিলে অম্লপিত্তরোগের নিবৃত্তি হয় ॥ ৫ ॥

কফপিত্তবমীকণ্ডূজ্বরবিস্ফোটদাহহা ।
পাচনো দীপনঃ ক্বাথঃ শৃঙ্গবেরপটো-
লয়োঃ ॥ ৬ ॥

কফেত্যাদৌ ।—শৃঙ্গবেরঃ শুণ্ঠী ॥ ৬ ॥

শুণ্ঠী ও পটোলপত্র, সমুদয়ে দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলসহ সিদ্ধ ও অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া ল-ইবে ।

উক্ত ক্বাথ পান করিলে কফপিত্ত, বমন, কণ্ডূ, জ্বর, বিস্ফোট ও দাহপ্রভৃতি রোগ নষ্ট হয় । ইহা পাচক এবং দীপক ॥ ৬ ॥

পটোলং নাগরং ধান্যং ক্বাথয়িত্বা
জলং পিবেৎ । কণ্ডূপামার্ত্তিশূলঘ্নং
কফপিত্তাগ্নিমান্দ্যজিৎ ॥ ৭ ॥

পটোল, শুঁঠ ও ধনিয়া, ইহাদের সমু-দয়ে দুই তোলা লইয়া পূর্ব্বোক্ত নিয়মা-নুসারে ক্বাথ প্রস্তুত করিবে ।

উক্ত ক্বাথবারি পান করিলে কণ্ডূ, পামা, শূল, কফ, পিত্ত ও অগ্নিমান্দ্য প্রভৃতি বিনষ্ট হয় ॥ ৭ ॥

পটোলবিশ্বামৃতারোহিণীকৃতং
জলং পিবেৎ পিত্তকফোচ্ছ্রয়েতু ।
শূলভ্রমারোচকবহ্নিমান্দ্য-
দাহজ্বরচ্ছর্দ্দিনিবারণন্তৎ ॥ ৮ ॥

কফ ও পিত্ত প্রবল থাকিলে, পটোল, শুঁঠ, গুলঞ্চ ও কটকী, এই সকল দ্রব্য ২৲ দুই তোলা পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ পূর্ব্বোক্ত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিয়া পান করিবে ।

ইহাদ্বারা শূল, ভ্রমি, অরুচি, অগ্নি-মান্দ্য, দাহ, জ্বর ও ছর্দ্দি নিবারণ হয় ॥ ৮ ॥

যবকৃষ্ণাপটোলানাং ক্বাথং ক্ষৌদ্র-
যুতং পিবেৎ। নাশয়েদম্লপিত্তঞ্চ অরু-
চিঞ্চ বমিন্তথা ॥ ৯ ॥

যব, পিপ্পলী ও পটোল, ইহারা সমু-দয়ে দুই তোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামা-ইয়া বস্ত্রপূত করিয়া লইবে ।

উক্ত ক্বাথে উপযুক্ত পরিমাণ মধু প্রক্ষেপ দিয়া পান করিলে অম্লপিত্ত, অরুচি ও বমি বিনষ্ট হয় ॥ ৯ ॥

দশাঙ্গঃ—

বাসামৃতাপর্পটকভূনিম্বনিম্বমার্কবৈঃ
ত্রিফলাকুলকৈঃ ক্বাথঃ সক্ষৌদ্রশ্চাম্ল-
পিত্তহা ॥ ১০ ॥

বাসক, গুলঞ্চ, ক্ষেৎপাপড়া, চিরতা, নিম্ছাল, ভৃঙ্গরাজ, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), ও পটোলপত্র; এই সকল দ্রব্য সমুদয়ে দুই তোলা পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে।

উক্ত ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে অম্লপিত্তরোগ বিনষ্ট হয়॥ ১০॥

ফলত্রিকং পটোলঞ্চ তিক্তাক্বাথঃ সিতাযুতঃ। পীতঃ ক্লীতকমধ্বাক্তো জ্বরচ্ছর্দ্দ্যম্লপিত্তজিৎ॥ ১১ ॥

ফলত্রিকমিত্যাদৌ।—তিক্তেত্যত্র পররেষামিতি শেষঃ; তেন ত্রিফলাদীনি যান্যেতানি এষাং ক্বাথ ইত্যর্থঃ। ক্লীতকং যষ্টিমধু, সিতাক্লীতকমধূনি ইহ প্রক্ষেপ্যাণি॥ ১১॥

ত্রিফলা, পটোলপত্র ও কটকী, এই সকল দ্রব্যের পূর্ব্বোক্ত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিবে।

উক্ত ক্বাথে যষ্টিমধু, মধু ও চিনি সংযুক্ত করিয়া পান করিলে জ্বর, ছর্দ্দি ও অম্লপিত্তরোগ বিনষ্ট হয়॥ ১১॥

পথ্যাভৃঙ্গরজশ্চূর্ণং যুক্তং জীর্ণগুড়েন-তু। [illegible] ছর্দ্দিমন্নবিদাহজাং॥ ১২ ॥

পথ্যেত্যাদৌ।—ভৃঙ্গরজশ্চূর্ণং ভৃঙ্গরাজস্য-চূর্ণং॥ ১২॥

হরীতকী ও ভৃঙ্গরাজ চূর্ণ (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) পুরাতন গুড় সংযুক্ত করিয়া সেবন করিলে অম্লপিত্ত জন্য এবং অন্ন বিদাহ জন্য ছর্দ্দি (বমন) বিদূরীত হয়॥ ১২॥

বাসাগুগ্গুলুঃ—

বাসানিম্বপ[illegible]তো জয়ন্তি। অধিককফামম্লপিত্তং প্রযোজিতো গুগ্গুলুং ক্রমশঃ॥১৩॥

বাসেত্যাদৌ।—অশনঃ পীতশালঃ যাসো দুরালভা বাসাদীনাং চূর্ণং গুগ্গুলুসমং গুগ্গুলোঃ প্রাধান্যাৎ। ক্রমশ ইত্যভ্যাসেন॥ ১৩॥

বাসক, নিম্ব, পটোলপত্র, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), পীতশাল ও দুরালভা, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে, এবং সর্ব্ব চূর্ণ সমান গুগ্গুল মিশ্রিত করিয়া (উপযুক্ত পরিমাণে) প্রতি দিবস সেবন করিবে। ইহাদ্বারা প্রবল কফাধিক্য অম্লপিত্তরোগ বিনষ্ট হয়॥ ১৩॥

ছিন্নাখদিরযষ্ট্যাহ্বদার্ব্ব্যাস্তো বা মধুদ্রবং। সদ্রাক্ষামভয়াং খাদেৎ সক্ষৌদ্রাং সগুড়াঞ্চতাং॥ কটুকাসিতাবলেহ্যা পটোলবিশ্বঞ্চ ক্ষৌদ্রসংযুতং। কটুকাসিতাচ লেহ্যা পটোলবিশ্বঞ্চ ক্ষৌদ্রযুতং॥ রক্তশ্রুতৌ চ যুক্ত্যা খণ্ডকুষ্মাণ্ডকং শ্রেষ্ঠং॥ ১৪ ॥

ছিন্নেত্যাদৌ।— মধুদ্রবমিতি বহুব্রীহিঃ। তেনাম্ভ ইত্যস্য বিশেষণং। মধ্বত্র প্রক্ষেপ্যং। সদ্রাক্ষামিত্যাদি।—যোগত্রয়মেতৎ। কটুকাসিতা চেতি কটুরোহিণী সসিতা লেহ্যেত্যর্থঃ। পটোলবিশ্বঞ্চ মধুসংযুতমিতি পটোলবিশ্বয়োঃ ক্বাথং মধু প্রক্ষিপ্য পিবেদিত্যর্থঃ॥ ১৪॥

অম্লপিত্তরোগে গুলঞ্চ, খদিরকাষ্ঠ, যষ্টিমধু, দারুহরিদ্রা বা দেবদারু, এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিবে অথবা হরীতকী ও দ্রাক্ষা কিম্বা হরীতকী, মধু ও পুরাতন গুড় যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ যথাসময়ে সেবন করিবে॥

অম্লপিত্ত রোগে কটকীচূর্ণ শর্করার সহিত লেহন করিবে। অথবা পটোলপত্র ও শুঠী মোট দুই তোলা গ্রহণ করতঃ

কুট্টিত করিয়া অর্দ্ধসের জলসহ সিদ্ধ করিবে এবং অর্দ্ধ পোয়া অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে। উক্ত ক্বাথে মধু প্রক্ষেপ করিয়া পান করিবে। রক্তস্রুত হইলে যুক্তিপূর্ব্বক খণ্ডকুষ্মাণ্ডক ব্যবস্থা করিবে ॥ ১৪ ॥

[illegible]
ঘৃতঃ কষায়ো বিনিহন্তি শীঘ্রং।
মন্দানলং পিত্তবলাসদাহ-
ছর্দ্দি[illegible] ॥ ১৫ ॥

পটোলপত্র, ধনিয়া, শুঁঠ ও মুথা, এই সকল দ্রব্যের যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিয়া সেবন করিলে শীঘ্র মন্দাগ্নি, পিত্ত ও বায়ুজন্য দাহ, ছর্দ্দি, জ্বর, আম, বায়ু ও শূলরোগ বিনষ্ট হয় ॥১৫ ॥

ছিন্নোদ্ভবানিম্বপটোলপত্রং
ফলত্রিকস্য ক্বথিতং সুশীতং।
ক্ষৌদ্রান্বিতং পীতমনেকরূপং
সুদারুণং হন্তি তদম্লপিত্তং ॥ ১৬ ॥

গুলঞ্চ, নিম্ব, পটোলপত্র ও ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথ শীতল হইলে মধু প্রক্ষেপ দিয়া পান করিবে। ইহাদ্বারা বিবিধ সুদারুণ অম্লপিত্তরোগ বিনষ্ট হয় ॥১৬॥

[illegible] মধুযুতং পিবেৎ। পিত্তশ্লেষ্মজ্বরছর্দ্দিদাহশূলোপশান্তয়ে ॥ ১৭ ॥

পিত্তশ্লেষ্ম জ্বর, ছর্দ্দি, দাহ ও শূলরোগ শান্তির নিমিত্ত পটোলপত্র, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), ও নিম্ব, ইহাদিগের (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিবে ॥ ১৭ ॥

[illegible]কাথং পীত্বা সমাক্ষিকং। অম্লপিত্তং জয়েজ্জন্তুঃ কাসং শ্বাসং জ্বরং বমিং ॥ ১৮ ॥

বাসক, গুলঞ্চ ও কণ্টিকারী, এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া পান করিলে, অম্লপিত্ত, কাস, শ্বাস, জ্বর ও বমিরোগ বিনষ্ট হয় ॥ ১৮ ॥

বাসাঘৃতং তিক্তকঘৃতং পিপ্পলীঘৃত-
মেব বা। অম্লপিত্তে প্রয়োক্তব্যং
গুড়কুষ্মাণ্ডকং তথা। পক্তিশূলাপহা
যোগা স্তথা খণ্ডামলক্যপি ॥ ১৯ ॥

বাসাঘৃতং রক্তপিত্তোক্তং তিক্তকঘৃতং কুষ্ঠোক্তং মহাতিক্তকং তত্রৈব অম্লপিত্তস্তত্র শ্রুতেঃ। পিপ্পলীঘৃতন্তু পরিণামশূলোক্তং। এতচ্চ যদ্যপি পৈত্তিকশূলাপহমিত্যনেনৈব লভ্যতে তথাপি বিশেষার্থমুক্তং তথা গুড়কুষ্মাণ্ডকং তথা খণ্ডামলকী চ যোজ্যা ॥ ১৯ ॥

অম্লপিত্তরোগে, বাসাঘৃত, মহাতিক্তক ঘৃত, পিপ্পলীঘৃত, গুড়কুষ্মাণ্ডক এবং পরিণাম শূলরোগাপহারক ঔষধ সমূহ ও খণ্ডামলকী প্রয়োগ করিবে ॥ ১৯ ॥

পিপ্পলীমধুসংযুক্তা চাম্লপিত্তবিনাশিনী।
জম্বীরস্বরসঃ পীতঃ সায়ং হন্ত্যম্লপিত্তকং ॥ ২০ ॥

পিপ্পলীমধুসংযুক্তেতি অবলেহবিধয়া। জম্বীরেত্যাদি।—পক্বজম্বীরফলরসঃ অয়ঞ্চ বাতোল্বণে ইত্যাহুঃ ॥ ২০ ॥

মধুসংযুক্ত পিপ্পলী সেবন করিলে অম্লপিত্তরোগ বিনষ্ট হয়। এবং (উপযুক্ত পরিমাণ) জম্বীরের স্বরস [illegible] পান করিলেও অম্লপিত্তরোগ বিনষ্ট হয় ॥২০॥

[illegible] স্তুল্যাভির্মোদকীকৃতঃ। পিত্তশ্লেষ্মাপহঃ প্রোক্তো মন্দমগ্নিঞ্চ দীপয়েৎ ॥ ২১ ॥

গুড়, পিপ্পলী ও হরীতকী, এই সকল

দ্রব্য সমপরিমাণে লইয়া মোদক প্রস্তুত করিবে।

উক্ত মোদক (যথোপযুক্ত পরিমাণে) সেবন করিলে পিত্তশ্লেষ্ম প্রশমিত ও মন্দাগ্নি প্রদীপ্ত হইয়া থাকে॥ ২১॥

হিঙ্গু চ কতকফলানি চিঞ্চাত্বচোঘৃতঞ্চ পুটদগ্ধং। শময়তি তদম্লপিত্ত মম্লভুক্তো যদি যথোত্তরং দ্বিগুণং॥ ২২॥

হিঙ্গ্বাদ্যো।—কতকফলং জলপ্রসাদনফলং প্রায়োমগধে ভবতি। যথোত্তরং দ্বিগুণমিতি হিঙ্গ্বপেক্ষয়া কতকফলং দ্বিগুণং কতকফলাপেক্ষয়া তিন্তিড়ীত্বক্ তিন্তিড়ীত্বগপেক্ষয়া ঘৃতমিতি। এতৎ সর্ব্বং স্থালীমধ্যে নিঃক্ষিপ্য শরাবেণ পিধায়ান্তর্ধূমং দগ্ধা মাসকচতুষ্টয়মুপযোজ্যং। তপ্তজলমনুপেয়ং তস্মাত্তরসম্বাদাৎ॥ ২২॥

হিঙ্গু ১ এক ভাগ, নির্ম্মলীফল ২ দুই ভাগ, তিন্তিড়ীর (তেঁতুল) বল্কল ৪ চারি ভাগ ও ঘৃত ৮ আট ভাগ এই সকল দ্রব্য একত্র অন্তর্ধূমে দগ্ধ করিয়া ৪ চারি মাষা পরিমাণে গ্রহণ করতঃ গরম জল অনুপানে সেবন করিলে অম্লপিত্ত বিনষ্ট হয় (২)। উক্ত ঔষধ সেবন করিয়া কাঞ্জিকের সহিত অন্নাহার করা বিধেয়॥ ২২॥

কান্তপাত্রে বরাকল্কো ব্যুষিতোভ্যাসযোগতঃ। সিতাক্ষৌদ্রসমাযুক্তঃ কফপিত্তহরঃ স্মৃতঃ॥ ২৩॥

কান্তপাত্র ইতি কান্তাখ্যলৌহপাত্র বিশেষে প্রক্ষিপ্য স্থিতত্রিফলাকল্ক ইত্যর্থঃ। শর্করামধুনী প্রক্ষেপ্যে॥ ২৩॥

যথোপযুক্ত পরিমাণ ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) পেষণ করিয়া কান্তলৌহপাত্রে রাখিয়া পর্য্যুষিত করতঃ প্রতি দিবস শর্করা ও মধুসংযুক্ত করিয়া সেবন করিবে। ইহাদ্বারা কফ ও পিত্ত বিনষ্ট হয়॥ ২৩॥

একোংশঃ পঞ্চনিম্বানাং দ্বিগুণোবৃদ্ধদারকঃ। শক্তুর্দ্দশগুণোদেয়ঃ শর্করামধুরীকৃতঃ॥ শীতেন বারিণা পীতঃ শূলং পিত্তকফোত্থিতং। নিহন্তি চূর্ণং সংক্ষৌদ্রমম্লপিত্তং সুদারুণং॥ ২৪॥

একোংশ ইত্যাদি।—পঞ্চনিম্বানামিতি নিম্বস্য ত্বক্পত্রপুষ্পমূলফলানাং মিলিতানামেকোভাগঃ। শক্তুর্দ্দশগুণ ইতি নিম্বভাগাপেক্ষয়া. মাত্রা চাস্য পলমর্দ্ধপলং বা আহারদ্রব্যশক্তুবাহুল্যাৎ॥ ২৪॥

নিম্বের পত্র, পুষ্প, বল্কল, ফল ও মূল, এই সকল দ্রব্যের চূর্ণ মিলিত ১ ভাগ, বৃদ্ধদারক (বিজ্তারক) চূর্ণ ২ ভাগ, শক্তু ১০ ভাগ, এই সকল দ্রব্য একত্র লইয়া উহার সহিত মিষ্টাস্বাদ হইতে পারে এরূপ পরিমাণ মধু ও শর্করা মিশ্রিত করিবে।

উক্ত চূর্ণ শীতল জলের সহিত যথোপযুক্ত পরিমাণে সেবন করিলে পিত্ত কফ জন্য শূল ও সুদারুণ অম্লপিত্ত বিনষ্ট হয়॥ ২৪॥

ক্ষুধাবতীবটিকা—

অভ্রশুদ্ধিঃ।

আশুভক্তোদকৈঃ পিষ্টমভ্রকং তক্রসংস্থিতং। কন্দমাণাস্থিসংহারথগুকর্ণরসৈরথ॥ তণ্ডুলীয়ক্ষণালিঙ্গকালমারিষজেন চ। বৃশ্চীরবৃহতীভৃঙ্গলক্ষ্মণাকেশরাজজৈঃ॥ পেষণং ভাবনং কুর্য্যাৎ পুটঞ্চানেকশোভিষক্। যাবন্নিশ্চন্দ্রকং তৎস্যাৎ শুদ্ধিরেবং বিহায়সঃ॥ ২৫॥

ইদানীং ক্ষুধাবতী বাচ্যা তত্র প্রথমমাশুভক্তাদিনাঽভ্রকশুদ্ধিমাহ। আশুর্ধান্যভেদঃ। তত্রাভ্রকং কৃষ্ণাভ্রকং গ্রাহ্যং শ্রেষ্ঠত্বাৎ উচ্চৈরপঠিতত্বাৎ

(২) কোন একটী মৃৎপাত্রে উক্ত ঔষধসমূহ স্থাপন পূর্ব্বক একটী শরাবদ্বারা উহার মুখ বন্ধ করিয়া মৃত্তিকা লেপন করিয়া পরে অগ্নি সন্তাপ লাগাইবে। সুদগ্ধ হইয়াছে, ইহা পরীক্ষাদ্বারা স্থির হইলে নাবাইয়া রাখিবে।

উদুখলাদিষু সংচূর্ণ্য আশুতণ্ডুলকাঞ্জিকে অহোরাত্রং স্থাপয়িত্বা তেনৈব কাঞ্জিকেন পেষণীয়ং ততঃ কন্দাদীনাং ব্যস্তসমস্তানাং স্বরসেন পুনঃ পেষণং ভাবনং পুটনং বহুধা কুর্ব্বীত যাবন্নিশ্চন্দ্রকত্বমভ্রস্যেত্যঃ। তত্র কন্দো বন্যশূরণঃ খণ্ডকর্ণঃ খারকোন ইতি খ্যাতঃ। তণ্ডুলীয়কালমারিষয়োঃ স্বল্পপত্রবৃহৎপত্রভেদেন ভেদঃ। বৃশ্চীরঃ পুনর্নবা, ভৃঙ্গোভৃঙ্গরাজঃ, লক্ষ্মণা স্বনামখ্যাতা। বিহায়স ইত্যভ্রস্য ॥ ২৫ ॥

অভ্র শোধন।—অভ্রের পত্র সকল পৃথক্ পৃথক্ করিয়া খলে চূর্ণ করিবে এবং আশুধান্যের কাঞ্জিতে উহা (অভ্র) ভিজাইয়া রাখিয়া উক্ত কাঞ্জির সহিত পেষণ করিবে। তদনন্তর ওল, মানকচু, হাড়মুচ (হাড়যোড়া বৃক্ষ), খাড়কোন, চাপালইটা, শাঁচিশাক, কালমারিষ (বৃহৎপত্র চাপালইটা), পুনর্নবা, বৃহতী, ভৃঙ্গরাজ, লক্ষ্মণা ও কালিকেশুর্ত্তা, ইহাদিগের প্রত্যেকের রসে পুনঃ পুনঃ ভাবনা, পেষণ এবং পুট দগ্ধ করিবে। যাবৎকাল অভ্র নিশ্চন্দ্রক অর্থাৎ উত্তমরূপ চূর্ণ না হয় তাবৎকাল পর্য্যন্ত বারম্বার পেষণ, ভাবনা ও পুটে দগ্ধ করিবে। এইরূপ করিলেই অভ্র বিশুদ্ধ হইয়া থাকে (৩) ॥ ২৫ ॥

লৌহশুদ্ধিঃ—

স্বর্ণমাক্ষিকশালিঞ্চ ধ্মাতং নির্ব্বাপিতং জলে। ত্রৈফলেঽথ বিচূর্ণৈবং লৌহং কান্তাদিকং পুনঃ ॥ বৃহৎপত্রকরীকর্ণত্রিফলাবৃদ্ধদারকৈঃ। মাণকন্দাস্থি সংহারশৃঙ্গবেরভবৈরসৈঃ ॥ দশমূলীমুণ্ডিতিকা[illegible]সমুদ্ভবৈঃ। পুটিতং সাধুযত্নেন শুদ্ধিমেবনয়োব্রজেৎ ॥২৬॥

লৌহশুদ্ধিমাহ স্বর্ণমাক্ষিকেত্যাদি।—পিষ্টাভ্যাং স্বর্ণমাক্ষিকশালিঞ্চাভ্যাং কান্তাদিলৌহং লিপ্ত্বা ততোভস্ময়া বহ্নৌ ধ্মাতং ততোবক্ষ্যমাণামৃতসারবিধিনা কথিতত্রিফলাক্কাথেন নির্ব্বাপিতমিত্যর্থঃ। তদেব নিরুত্থমারিতং লৌহচূর্ণং প্রক্ষাল্য ভানুপাকাদিনা শোষিতং বৃহৎপত্রকরিকর্ণত্রিফলাদিপুটনদ্রব্যেষু মধ্যে যেষাং স্বরসঃ প্রাপ্তিস্তেষাং স্বরসোগ্রাহ্যঃ। যেষান্তু স্বরসো ন লভ্যতে তেষাং পুটনীয়লৌহসমং গৃহীত্বাষ্টগুণং জলং দত্ত্বাষ্টভাগাবশেষেণ ক্কাথেন পুটনং কর্ত্তব্যমিতি ॥ ২৬ ॥

লৌহ শোধন।—স্বর্ণমাক্ষিক ও শাঁচি শাক পেষণ করিয়া তদ্দ্বারা কান্তলৌহপাত্র লেপন করিবে এবং অগ্নি সন্ত[illegible] দগ্ধ করতঃ ত্রিফলার ক্কাথে পুনঃ [illegible] নির্ব্বাপিত করিবে। অনন্তর উক্ত লৌহচূর্ণ ত্রিফলার ক্কাথ হইতে উঠাইয়া ধৌত করতঃ আতপ শুষ্ক করিবে। এবং বটেরঝুড়ী, হস্তিকর্ণপলাশ, ত্রিফলা, বৃদ্ধদারক, মানকচু, ওল, হাড়যোড়াবৃক্ষ, আদা, দশমূল, মুণ্ডিরী ও তালমূলী, এই সকল দ্রব্যের রস অভাবে অষ্টভাগাবশিষ্ট ক্কাথে বারম্বার ভাবনা, পেষণ এবং অতি যত্নের সহিত পুটদগ্ধ করিবে।

(৩) অভ্রশুদ্ধির অপরনিয়ম।—
শুদ্ধং লৌহভবং চূর্ণং পাতালগরুড়ীরসৈঃ।
মর্দ্দয়িত্বা পুটেদহ্নৌ দদ্যাদেবং পুটত্রয়ম্ ॥
পুটত্রয়ং কুমার্য্যাশ্চ কুঠারচ্ছিন্নিকারসৈঃ।
পুটষট্কং ততোদদ্যাদেবং তীক্ষ্ণ মৃতির্ভবেৎ ॥
ক্ষিপেদ্বা দশমাংশেন দরদং তীক্ষ্ণচূর্ণতঃ।
মর্দ্দয়েৎ কন্যকাদ্রবৈর্যামযুগ্মং ততঃ পুটেৎ ॥
এবং সপ্তপুটৈ মৃত্যুং লৌহচূর্ণমবাপ্নুয়াৎ।
সত্যো হনুভূতো যোগেন্দ্রৈঃ ক্রমোঽন্যোলোহমারণে ॥
কথ্যতে রামরাজেন কৌতুহলধিয়াঽধুনা।
সূতকাৎ দ্বিগুণং গন্ধং দত্ত্বা কুর্য্যাচ্চকজ্জলীম্ ॥
দ্বয়োঃ সমং লৌহচূর্ণং মর্দ্দয়েৎ কন্যকাদ্রবৈঃ।
যামযুগ্মং ততঃ পিণ্ডং কৃত্বা তাম্রস্য পাত্রকে ॥
ঘর্ম্মে ধৃত্বা রুবকস্য পত্রৈরাচ্ছাদয়েদ্বুধঃ।
যামদ্বয়াদ্ভবেদুষ্ণং ধান্য রাশৌ ন্যসেত্ততঃ ॥
দত্ত্বোপরি শরাবং তু ত্রিদিনান্তে সমুদ্ধরেৎ।
পিষ্ট্বা চ গালয়েদ্বস্ত্রাদেবং বারিতরং ভবেৎ ॥
দাড়িমস্য দলং পিষ্ট্বা তচ্চতুর্গুণ বারিণা।
তদ্রসেনাম্ল সঞ্চূর্ণং সম্মীয় প্লাবয়েদিতি ॥
আতপে শোষয়েত্তত্তু পুটেদেবং পুনঃ পুনঃ।
একবিংশতিবারৈস্তন্ম্রিয়তে নাত্রসংশয়ঃ ॥
এবং সর্ব্বাণি লোহানি স্বর্ণাদিন্যপি মারয়েৎ ॥

এইরূপ করিলেই লৌহ বিশুদ্ধ হইয়া থাকে (৪) ॥ ২৬ ॥

মণ্ডূরশুদ্ধিঃ—

বশিরং শ্বেতবাট্যালং মধুপর্ণীময়ূরকং। তণ্ডুলীয়ঞ্চ বর্ষাহ্বং দত্ত্বাদশশ্চার্দ্ধমেব চ ॥ পাক্যং সুজীর্ণমণ্ডূরং গোমূত্রেণ দিনত্রয়ং। অন্তর্বাষ্পমদগ্ধঞ্চ তথাস্থাপ্যং দিনত্রয়ং। বিচূর্ণিতং শুদ্ধিরিয়ং লৌহকিট্টস্য দর্শিতা ॥ ২৭ ॥

বশিরমিত্যাদিনা লৌহমলশুদ্ধিমাহ। বশিরঃ শ্বেতসূর্য্যাবর্ত্তঃ। মধুপর্ণী গুড়ূচী। ময়ূরকোঽপামার্গঃ। তণ্ডুলীয়কঃ ক্ষুদ্রমারিষঃ। বর্ষাহ্বং পুনর্নবা সুজীর্ণমণ্ডূরং পুরাণমণ্ডূরং। বশিরাদীনাং মূলত্বকপল্লবান্ স্থালীমধ্যে পাতয়িত্বা তদুপরি জীর্ণমণ্ডূরং দত্ত্বা তৈরেব পল্লবাদিভিরাচ্ছাদ্য গোমূত্রং দত্ত্বা দিবসত্রয়ং বাষ্পদগ্ধং যথাস্যাত্তথা পাক্যোবিধেয়ঃ। তদনু শরাবেণ পিধায়ান্তর্বাষ্পং যথাস্যাত্তথা দিবসত্রয়ং স্থাপ্যং। তদনু প্রক্ষাল্য আতপে শোষয়িত্বা চূর্ণয়েদিতি মণ্ডূরশুদ্ধিঃ ॥ ২৭ ॥

মণ্ডূর-শুদ্ধি।—শ্বেতহুইলতা, শ্বেতবেড়েলা, গুড়ূচী, অপামার্গ, চাপালইটা ও পুনর্নবা, ইহাদিগের মূল, পত্র ও শাখা গ্রহণ করতঃ একটী স্থালী মধ্যে সুপুরাতন মণ্ডূরের ঊর্দ্ধ ও অধঃদেশে স্থাপনকরতঃ গোমূত্রের সহিত ৩ তিন দিন পর্য্যন্ত পাক করিয়া দগ্ধ করিবে। এবং ঐ স্থালীর মুখে শরাব চাপা দিয়া বদ্ধ করতঃ অন্তর্ধূমে তিন দিবস পর্য্যন্ত রাখিয়া দিবে, অনন্তর প্রক্ষালন করিয়া আতপশুষ্ক করতঃ চূর্ণ করিয়া লইবে। এই প্রকারেই মণ্ডূর বিশুদ্ধ হইয়া থাকে ॥ ২

রসশুদ্ধিঃ—

জয়ন্ত্যা বর্দ্ধমানস্য মার্কবস্বরসেন চ। কাকমাচ্যাশ্চ [illegible] মর্দ্দনং রসশোধনং ॥ ২৮ ॥

অথ রসশুদ্ধিমাহ জয়ন্ত্যা ইত্যাদি।—বর্দ্ধমান এরণ্ডঃ বায়সী কাকমাচী ॥ ২৮ ॥

রসশুদ্ধি।—জয়ন্তী, এরণ্ড, আদা ও কাকমাচী (কাইস্থা) ইহাদিগের স্বরসে পুনঃ পুনঃ মর্দ্দন করিলে রস বিশুদ্ধ হইয়া থাকে ॥ ২৮ ॥

গন্ধকশুদ্ধিঃ—

গন্ধকং নবনীতাখ্যং ক্ষুদ্রিতং লৌহভাজনে। ত্রিধা চণ্ডাতপে শুষ্কং ভৃঙ্গরাজরসাপ্লুতং ॥ ততোবহ্নৌ দ্রবীভূতং ত্বরিতং বস্ত্রগালিতং। যত্নাদ্ভৃঙ্গরসে ক্ষিপ্তং পুনঃ শুষ্কং বিশুদ্ধ্যতি ॥ ২৯ ॥

গন্ধকশুদ্ধিমাহ গন্ধকমিত্যাদি।—ক্ষুদ্রিতমিতি তণ্ডুলকণাপরিমিতং কৃত্বা লৌহভাজনে স্থাপয়িত্বা ভৃঙ্গরাজরসেনাপ্লাব্য চণ্ডাতপে শোষয়েৎ এবমপরবারদ্বয়মপি। তদনু প্রক্ষাল্যাতপে সংশোষ্য লৌহপাত্রে স্থাপয়িত্বা জ্বলদঙ্গারোপরি দত্ত্বা গণ্ডিকয়া সংচাল্য যদা তৈলবদ্দ্রবীভবতি তদা ভৃঙ্গরাজস্বরসপরিপূরিতপাত্রে ঘৃতাক্তসূক্ষ্মবস্ত্রেণ পিহিতমুখে [illegible]রিতং চালয়েৎ এবং পুনরপি কুর্য্যাৎ। তদনু প্রক্ষাল্য আতপে শোষয়িত্বা চূর্ণয়েদিতি ॥ ২৯ ॥

গন্ধক-শুদ্ধি।—নবনীতাখ্য গন্ধক তণ্ডুলকণার ন্যায় চূর্ণ করতঃ ভৃঙ্গরাজের

(৪) লৌহ শুদ্ধির অপরনিয়ম।—

কৃষ্ণাভ্রকং ধমেদগ্নৌ ততঃ ক্ষীরে বিনিক্ষিপেৎ।
ভিন্নপত্রং তু তৎকৃত্বা তণ্ডুলীয়াম্লযোর্দ্রবৈঃ।
ভাবয়েদষ্টযামং তদেবমভ্রং বিশুদ্ধ্যতি ॥
পাদাংশশালিসংযুক্তমভ্রং বদ্ধাথ কম্বলে।
ত্রিরাত্রং স্থাপয়েন্নীরে তৎক্লিন্নং মর্দ্দয়েৎ করৈঃ ॥
কম্বলাদ্গালিতং সূক্ষ্মং বালুকারহিতঞ্চ যৎ।
তদ্ধান্যাভ্রমিতি প্রোক্তমভ্রমারণসিদ্ধয়ে ॥
তদ্ধান্যাভ্রকং তক্র শোষয়িত্বাথ মর্দ্দয়েৎ।
অর্ক ক্ষীরৈর্দ্দিনং খল্বে চক্রাকারং চ কারয়েৎ ॥
বেষ্টয়েদর্কপত্রৈশ্চ সম্যগ্ গজপুটে পচেৎ।
পুনর্মর্দ্দ্যং পুনঃ পাচ্যং সপ্তবারান্ পুনঃ পুনঃ ॥
ততোবটজটা কাথৈস্তদ্বদ্দেয়ং পুটত্রয়ম্।
ম্রিয়তে নাত্রসন্দেহঃ প্রযোজ্যং সর্ব্বকর্ম্মসু ॥
তুল্যং ঘৃতং মৃতাভ্রেণ লৌহপাত্রে বিপাচয়েৎ।
ঘৃতে জীর্ণে তদভ্রন্তু সর্ব্বরোগেষু যোজয়েৎ ॥

রসে আপ্লুত করিয়া লৌহপাত্রে প্রচণ্ড রৌদ্রে শুষ্ক করিবে। এইরূপে তিনবার ভৃঙ্গরাজ রসে আপ্লুত ও রৌদ্রে শুষ্ক করতঃ লৌহপাত্রে রাখিয়া জ্বলন্ত বদরী-কাষ্ঠের অঙ্গারে দ্রবীভূত করিবে। তৎপরে ভৃঙ্গরাজ রস পূর্ণ পাত্রোপরি ঘৃতাভাক্ত সূক্ষ্মবস্ত্র স্থাপন করতঃ উহার উপরে ঐ দ্রবীভূত গন্ধক যত্নপূর্ব্বক অতি সত্বর ঢালিবে। এইরূপে ঐ গন্ধক পুনর্ব্বার দ্রবীভূত করিয়া ঘৃতাক্ত সূক্ষ্ম বস্ত্রোপরি নিক্ষেপ করিবে। তদনন্তর উক্ত গন্ধক উত্তমরূপ জলধৌত করিয়া আতপ শুষ্ক করতঃ চূর্ণ করিয়া লইবে। এইরূপেই গন্ধক বিশুদ্ধ হইয়া থাকে (৫)॥ ২৯॥

গগণাদ্দ্বিপলং চূর্ণং লোহস্য পলমাত্রকং। লোহকিট্টপলার্দ্ধঞ্চ সর্ব্বমেকত্র সংস্থিতং॥ মণ্ডূকপর্ণীবশিরতালমূলী-রসৈঃ পুনঃ। বরীভৃঙ্গকেশরাজকালমারিষজৈরথ॥ ত্রিফলাভদ্রমুস্তাভিঃ স্থালীপাকাদ্বিচূর্ণিতং। রসগন্ধকয়োঃ কর্ষৌ প্রত্যেকং গ্রাহ্যমেকতঃ॥ তন্মর্দ্দনাচ্ছিলাখল্লে যত্নতঃ কজ্জলীকৃতং। বচাচব্যং যমানীচ জীরকে শতপুষ্পিকা॥ ব্যোষং মুস্তং বিড়ঙ্গঞ্চ গ্রন্থিকং খরমঞ্জরী। ত্রিবৃতাচিত্রকোদন্তী সূর্য্যাবর্ত্তঃ সিতস্তথা॥ ভৃঙ্গমাণককন্দশ্চ খণ্ডকর্ণক এবচ। দণ্ডোৎপলাকেশরাজকালাবকড়কোপিচ॥ এষামর্দ্ধপলং গ্রাহ্যং পটঘৃষ্টং সুচূর্ণিতং। প্রত্যেকং ত্রিফলায়াশ্চ পলার্দ্ধং পলমেবচ॥ এতৎসর্ব্বং সমালোড্য লৌহপাত্রেতু ভাবয়েৎ। আতপে দণ্ডসংঘৃষ্টমার্দ্রকস্য রসৈস্ত্রিধা॥ তদ্রসেন শিলাপিষ্টং গুড়িকাং কারয়েদ্ভিষক্। বদরাস্থিনিভাং শুষ্কাং সুনিগুপ্তাং নিধাপয়েৎ॥ তৎপ্রাতর্ভোজনাদৌ চ সেবিতং গুড়িকাত্রয়ং। অম্লোদকানুপানঞ্চ হিতং মধুরবর্জ্জিতং॥ দুগ্ধঞ্চ নারিকেলঞ্চ বর্জ্জনীয়ং বিশেষতঃ। ভোজ্যং যথেষ্টমিষ্টঞ্চ বারিভক্তাম্লকাঞ্জিকং॥ হন্ত্যম্লপিত্তং বিবিধং শূলঞ্চ পরিণামজং। পাণ্ডুরোগঞ্চ গুল্মঞ্চ শোথোদরগুদাময়ান্॥ যক্ষ্মাণং পঞ্চকাসাংশ্চ [illegible]। প্লীহানং শ্বাসমানাহমামবাতং সুদারুণং। গুড়ীক্ষুধাবতীসেয়ং বিখ্যাতা রোগনাশিনী॥ ৩০॥

অতো যথোক্তগগণলৌহমণ্ডূরচূর্ণান্যেকীকৃত্য মণ্ডূকপর্ণ্যাদিস্বরসেনৈকস্থালীপাকঃ কর্ত্তব্যঃ। বরীতি শতাবরী। ততঃ শতাবর্য্যাদিকালমারিষরসেনাপি দ্বিতীয়ঃ স্থালীপাকঃ। তদনু ত্রিফলভদ্রমুস্তাভিরনন্তরোক্ত ক্বাথবিধিকৃতক্বাথেন ত[illegible] তৃতীয়স্থালীপাক ইতি। নিশ্চলস্তু মণ্ডূকপর্ণ্যাদি তালমূল্যন্তরসেন পুটদানমাহ। তত্তু ন সম্যক্ পুটদান শ্রুতেঃ। পুটদানস্য তু রসশোধনাদিগ্রন্থেন ব্যবধানং। চূর্ণিতমিতি অনন্তরং পুনর্লৌহশিলায়াং চূর্ণীকর্ত্তব্যমিত্যর্থঃ। এতদনন্তরং যদ্বিধেয়ং তদাহ রসগন্ধকয়োঃকর্ষৌ প্রত্যেকমিতি চ্ছেদঃ। তন্মিলিতরসগন্ধককর্ষচতুষ্টয়মেকীকৃত্য কজ্জলীকৃতং গ্রাহ্যমিতি যোজ্যং। বচাচব্যমিত্যাদিনা প্রক্ষেপ্যচূর্ণদ্রব্যান্যাহ। খরমঞ্জরী অপামার্গঃ। সূর্য্যাবর্ত্তঃ জামাতৃসূর্য্যাবর্ত্তঃ প্রত্যেকং ত্রিফলায়াশ্চেতি প্রত্যেকমর্দ্ধপলং তেন মিলিত্বা ত্রিফলায়াঃ সার্দ্ধং পলং ভবতীত্যর্থঃ। বদরাস্থীতি অত্রোপদেশাৎ কলায়পরিমাণং। অত্র ক্ষীরাদিবর্জ্জনং তথা অম্লোদকাদিবিধানঞ্চ প্রয়োগসামর্থ্যাৎ। অচিন্ত্যাহি যোগশক্তিরিতি॥ ৩০॥

পূর্ব্বোক্ত রূপ শোধিত অভ্রচূর্ণ ২ দুই পল, শোধিত লৌহচূর্ণ ১ এক পল ও [illegible] ৪ তোলা, এই সকল দ্রব্য

(৫) গন্ধকের অপর শোধনোপায়।
লোহপাত্রে বিনিঃক্ষিপ্য ঘৃতমগ্নৌ প্রতাপয়েৎ। তপ্তে ঘৃতে তৎসমানং ক্ষিপেৎ গন্ধকজং রজঃ। বিদ্রুতং গন্ধকং দৃষ্ট্বা তনুবস্ত্রে বিনিঃক্ষিপেৎ। যথা বস্ত্রাদ্বিনিঃসৃত্য দুগ্ধমধ্যেঽখিলং পতেৎ। এবং স গন্ধকো শুদ্ধঃ সর্ব্ব কর্ম্মোচিতভবেৎ॥

একত্র মিশ্রিত করিয়া থানকুনি (থুলকুড়ী), গজপিপুল ও তালমূলীর রসে স্থালীপাক করিবে। এইরূপে প্রথম স্থালীপাক করিয়া শতমূলী, ভৃঙ্গরাজ, কালিকেশুর্ত্ত্যা (কেশরাজ) ও কালমারিষ (কাটালইটা); ইহাদিগের রসে দ্বিতীয় স্থালীপাক করিবে; তৎপরে ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ও মুথার রসে তৃতীয় স্থালীপাক সমাধা করতঃ আতপে শুষ্ক ও চূর্ণ করিয়া লইবে। তৎপরে বিশুদ্ধ রস ১ কর্ষ (২ তোলা) ও বিশুদ্ধ গন্ধক ১ কর্ষ একত্র শিথাখণ্ডে মর্দ্দন করিয়া কজ্জলী প্রস্তুত করিবে। পূর্ব্বকৃত অভ্রাদি চূর্ণ ও উক্ত কজ্জলী এবং বচ, চৈ, যমানী, জীরা, কৃষ্ণজীরা, শুল্ফা, ত্রিকটু, মুথা, বিড়ঙ্গ, পিপ্পলীমূল, অপামার্গ, তেউড়ী, চিতা, দন্তী, শ্বেতশুইলতা, ভৃঙ্গরাজ, মাণকন্দ, খাড়কোন, দণ্ডোৎপল, কেশুর্ত্ত্যা (কেশরাজ) ও কালাওকড়া, এই সকল দ্রব্যের চূর্ণ প্রত্যেকে ৪ চারি তোলা এবং ত্রিফলার মিলিত দেড় পল (১২ বার তোলা) বস্ত্র ছাকা চূর্ণ একত্র মিশ্রিত করতঃ লৌহপাত্রে আলোড়িত করিয়া আদার রসদ্বারা ভাবনা এবং লৌহদণ্ডদ্বারা মর্দ্দন ও রৌদ্রে শুষ্ক করিবে, উক্ত রূপে তিনবার ভাবনা করিয়া পুনর্ব্বার আদার রসের সহিত শিলাতে পেষণ করিয়া বদরাস্থি (কুলের আঠী অথবা বদরীর আঠী) প্রমাণ বটিকা প্রস্তুত করিবে এবং রৌদ্রে শুষ্ক করিয়া গুপ্ত স্থানে অর্থাৎ নির্জ্জন স্থানে রাখিয়া দিবে। প্রাতঃকালে ও ভোজনের পূর্ব্বে ৩ তিনটী বটিকা কাঞ্জিক অনুপানে সেবন করিবে। এই ঔষধ সেবন করিয়া কোন রূপ মধুরদ্রব্য সেবন করিবে না, বিশেষতঃ দুগ্ধ ও নারিকেল পরিত্যাগ করিয়া অন্যান্য হিতকর আহার, জলভাত (পান্তাভাত), কাঞ্জিক প্রভৃতি যথেষ্ট সেবন করিবে। এই ক্ষুধাবতী বটীকাদ্বারা নানাপ্রকার অম্লপিত্ত, পরিণামশূল, পাণ্ডুরোগ, শোথ, উদররোগ, অর্শঃ, যক্ষ্মা, পঞ্চ প্রকার কাস, মন্দাগ্নি, অরুচি, প্লীহা, শ্বাস, আনাহ, আমবাত ও জ্বর প্রভৃতি কঠিন কঠিন পীড়া সকল বিনষ্ট হইয়া থাকে॥ ৩০॥

জীরকাদ্যং-ঘৃতম্—

পিষ্টাজাজীং সধান্যাকং ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। কফপিত্তারুচিহরং মন্দানলবমিং জয়েৎ॥ ৩১॥

পিষ্টৈত্যাদৌ।—জলং চতুর্গুণং॥ ৩১॥

উপযুক্ত পরিমাণ জীরা ও ধনিয়ার কল্ক সহিত (যথাবিহিত নিয়মানুসারে) /৪ চারি সের ঘৃত পাক করিবে। সামান্য বিধি অনুসারে ইহাতে অষ্টগুণ জল প্রদান করিবে। এই ঘৃত (উপযুক্ত পরিমাণে) সেবন করিলে কফ, পিত্ত, অরুচি, মন্দাগ্নি ও বমি বিনষ্ট হয়॥ ৩১॥

পটোলশুণ্ঠীঘৃতে—

পটোলশুণ্ঠ্যোঃ কল্কাভ্যাং কেবলং কুলকেন বা। ঘৃতপ্রস্থং বিপক্তব্যং কফপিত্তহরং পরং॥ ৩২॥

উপযুক্ত পরিমাণ পটোলপত্র ও শুণ্ঠীর কল্ক অথবা কেবল পটোলপত্রকল্কের সহিত যথাবিহিত নিয়মানুসারে প্রস্থ পরিমিত অর্থাৎ চারি সের ঘৃত পাক করিয়া সেবন করিলে কফপিত্ত বিনষ্ট হয়॥ ৩২॥

পিপ্পলী-ঘৃতম্—

পিপ্পলীকাথকল্কেন ঘৃতং সিদ্ধং মধুপ্লুতং। পিবেচ্চ প্রাতরুত্থায় অম্লপিত্ত নিবৃত্তয়ে ॥ ৩৩ ॥

পিপ্পলীঘৃতে মধুপ্লুতমিতি সিদ্ধে ঘৃতে ঘৃতপাদিকং মধু সংমিশ্রণীয়ং ॥ ৩৩ ॥

যথোপযুক্ত পরিমান পিপ্পলীর ক্বাথ ও কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে ঘৃত পাক করিবে। পাকশেষে শীতল হইলে ঘৃতের চতুর্থাংশ মধু মিশ্রিত করিয়া প্রাতঃকালে গাত্রোত্থান করিয়াই (যথোপযুক্ত মাত্রায়) পান করিবে। ইহাদ্বারা অম্লপিত্তরোগের নিবৃত্তি হয় ॥ ৩৩ ॥

দ্রাক্ষাদ্যং-ঘৃতম্—

দ্রাক্ষামৃতাশক্রপটোলপত্রৈঃ
সোশীরধাত্রীঘনচন্দনৈশ্চ।
ত্রায়ন্তিকাপদ্মকিরাতধান্যৈঃ
কল্কৈঃ পচেৎ সর্পিরুপেতমেভিঃ ॥
যুঞ্জীতমাত্রাং সহভোজনেন
সর্বত্রপানেপি ভিষগ্বিদধ্যাৎ।
বলাসপিত্তগ্রহণীং প্রবৃদ্ধাং
কাসাগ্নিসাদজ্বরমম্লপিত্তং।
সর্বং নিহন্যাদ্ঘৃতমেতদাশু
সম্যক্ প্রযুক্তং হ্যমৃতোপমঞ্চ ॥৩৪॥

দ্রাক্ষেত্যাদৌ।—শক্রঃ কুটজঃ তস্য ফলং পদ্মঃ পদ্মকাষ্ঠং ॥ ৩৪ ॥

উপযুক্ত পরিমান দ্রাক্ষা, গুলঞ্চ, ইন্দ্রযব, পটোলপত্র, বেণারমূল, আমলকী, মুথা, রক্তচন্দন, বলাডুমুর, পদ্মকাষ্ঠ, চিরতা ও ধনিয়া, এই সকল দ্রব্যের কল্ক সহিত (যথাবিহিত নিয়মানুসারে) ঘৃত পাক করিবে। অমৃত তুল্য এই ঘৃত যথারীতি সকল ঋতুতেই উপযুক্ত পরিমাণে পান ও আহারীয় দ্রব্যের সহিত সেবন করিবে। উক্ত ঘৃত সেবন করিলে বলাস, পিত্ত, গ্রহণী, কাস, অগ্নিমান্দ্য, জ্বর ও অম্লপিত্ত বিনষ্ট হইয়া থাকে ॥ ৩৪ ॥

শতাবরীঘৃতম্—

শতাবরীমূলকল্কং ঘৃতপ্রস্থং পয়ঃ সমং। পচেন্মৃদ্বগ্নিনা সম্যক্ ক্ষীরন্দত্ত্বা চতুর্গুণং ॥ নাশয়েদম্লপিত্তঞ্চ বাতপিত্তোত্তরান্ গদান্। রক্তপিত্তং তৃষাং মূর্চ্ছাং শ্বাসসন্তাপমেবচ ॥ ৩৫ ॥

শতাবরীঘৃতে পয়ঃ সমমিতি, পয়ঃ শব্দেনেহ পয়ঃসাধর্ম্ম্যাৎ শতাবরীরসোগ্রাহ্যঃ নতু ক্ষীরং তস্য পৃথগুপাদানাৎ। সমং ঘৃতেন সহ তুল্যং ॥৩৫॥ ইত্যম্লপিত্ত চিকিৎসা।

উপযুক্ত পরিমাণ শতমূলীর কল্ক, ঘৃতের সমান শতমূলীর রস এবং ঘৃতের চতুর্গুণ দুগ্ধ সহিত প্রস্থপরিমিত অর্থাৎ /৪ চারি সের ঘৃত যথাবিহিত নিয়মানুসারে মৃদু অগ্নিতে পাক করিবে। এই ঘৃত অম্লপিত্ত, বাতপিত্তপ্রধান রোগ, রক্তপিত্ত, তৃষ্ণা, মূর্চ্ছা, শ্বাস ও সন্তাপ নাশক ॥ ৩৫ ॥

ইতি অম্লপিত্ত-চিকিৎসা।

অথ বিসর্প-বিস্ফোট-চিকিৎসা।

বিরেকবমনালেপসেচনাসৃগ্বিমোক্ষণৈঃ। উপাচরেদ্যথাদোষং বিসর্পমবিদাহিভিঃ ॥ ১ ॥

অম্লপিত্তচিকিৎসিতত্বাদম্লপিত্তানন্তরং বিসর্পচিকিৎসামুচ্যতে। অবিদাহিভিরিত্যন্নপানৈরিতি শেষঃ ॥ ১ ॥

দোষ বিবেচনায় বিরেচন, বমন, আলেপন, অবসেচন, রক্তমোক্ষণ এবং অবিদাহকর অন্ন পানাদিদ্বারা বিসর্পরোগের চিকিৎসা করিবে ॥ ১ ॥

পটোলপিচুমর্দ্দাভ্যাং পিপ্পল্যা মদনেন চ। বীসর্পে বমনং শস্তং তথৈবেন্দ্রযবৈঃ সহ ॥ ২ ॥

পটোলেত্যাদি।— পটোলপিচুমর্দ্দাভ্যামিত্যেকোযোগঃ। পিপ্পল্যা মদনেন চেতি দ্বিতীয়ঃ ইন্দ্রযবৈঃ সহ ইতি উভয়ত্র সম্বধ্যতে ইতি কেচিৎ। অন্যে তু পটোলনিম্বয়োঃ ক্বাথঃ পিপ্পল্যাদিত্রয়ং প্রক্ষেপ্যমিত্যাহুঃ ব্যবহারঃ পুনরনেনৈব ॥ ২ ॥

পটোল, নিম্বপত্র ও ইন্দ্রযব অথবা পিপ্পলী, মদনফল ও ইন্দ্রযব, এই সকল দ্রব্যের ক্বাথ দ্বারা বিসর্পরোগে বমন করান কর্ত্তব্য (১) ॥ ২ ॥

ত্রিফলারসসংযুক্তং সর্পিস্ত্রিবৃতয়া সহ। প্রয়োক্তব্যং বিরেকার্থং বিসর্পজ্বরশান্তয়ে। রসমামলকানাম্বা ঘৃতমিশ্রং প্রদাপয়েৎ ॥ ৩ ॥

ত্রিফলেত্যাদি।—ত্রিফলায়াঃ ক্বাথং সর্পিস্ত্রিবৃতে প্রক্ষিপ্য পিবেৎ। রসমিত্যাদাবপি বিরেচনার্থমিতি সম্বধ্যতে ॥ ৩ ॥

বিসর্প ও জ্বর নিবারণার্থ ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) ক্বাথে ঘৃত ও তেউড়ী চূর্ণ প্রক্ষেপ করিয়া অথবা আমলকীর রসে ঘৃত প্রক্ষেপ করতঃ বিরেচনার্থ প্রয়োগ করিবে ॥৩॥

তৃণবর্জ্জং প্রয়োক্তব্যং পঞ্চমূলচতুষ্টয়ং। প্রদেহসেকসর্পির্ভির্বিসর্পে বাতসম্ভবে ॥ ৪ ॥

তৃণবর্জ্জমিতি তৃণপঞ্চমূলং বর্জ্জয়িত্বা স্বল্পমহৎপঞ্চমূলদ্বয়ং প্রসিদ্ধমেব কণ্টকী পঞ্চমূলং বল্লীপঞ্চমূলঞ্চ যথা মেষশৃঙ্গী হরিদ্রা চ বিদারী সারিবামৃতা বল্ল্যাখ্যা কণ্টকাখ্যা চ শ্বদংষ্ট্রাভীরুসৈর্য্যকৈঃ অহিংস্রা করমর্দ্দশ্চ সর্ব্বদোষহরা হিতে। অত্র অভীরুঃ শতাবরী, সৈর্য্যকো ঝিন্টী, অহিংস্রা কালাকড়ুঃ। করমর্দ্দঃ স্বল্পমধুফলা ক্ষীরীতি খ্যাতা ইতি সুশ্রুত টীকা। তৃণপঞ্চমূলস্য বর্জ্জনং পিত্তহরত্বেন বাতে যোগিকত্বাৎ ॥ ৪ ॥

বাতজনিত বিসর্পরোগে তৃণ পঞ্চমূল ব্যতীত স্বল্পপঞ্চমূল, বৃহৎপঞ্চমূল, কণ্টকী পঞ্চমূল ও বল্লীপঞ্চমূল প্রদেহ ও সেচন রূপে অথবা ঘৃত সহযোগে প্রয়োগ করিবে (২) ॥ ৪ ॥

কুষ্ঠং শতাহ্বা সুরদারুমুস্তা
বারাহিকুস্তুম্বুরু কৃষ্ণগন্ধাঃ।
বাতেহর্কবংশার্ত্তগলাশ্চ যোজ্যাঃ
সেকেষু লেপেষু তথা ঘৃতেষু ॥৫॥

কুষ্ঠমিত্যাদি।—সুশ্রুতস্য। বারাহি বারাহিকন্দঃ তদভাবে চর্ম্মকারালুকঃ। কুস্তুম্বুরু ধন্যাকং কৃষ্ণগন্ধা শোভাঞ্জনং তস্যমূলং অন্যে তু বীজং অর্কোঽর্কস্য মূলং বংশা বংশলেলী। আর্ত্তগলঃ আগড়ামূলং অর্জ্জুনবল্কলং বা ॥ ৫ ॥

বাতজনিত বিসর্পে কুড়, শলুফা, দেবদারু, মুথা, বরাহকন্দ (বরাহক্রান্তা), ধনিয়া, শোভাঞ্জন মূল (শজিনার মূল), বংশা (বংশলেলী), অর্ক (আকন্দমূল) ও আগড়ামূল (কেহ কেহ অর্জ্জুন বৃক্ষের বল্কল ব্যবহার করিয়া থাকেন); এই সমস্ত দ্রব্য দ্বারা সেক ও লেপ অথবা যথারীতি ঘৃত সাধন করিয়া প্রয়োগ করিবে ॥ ৫ ॥

---

(১) "ক্বাথ্যদ্রব্যস্য কুড়বং শ্রপয়িত্বাজলাঢকে।
চতুর্ভাগাবশিষ্টন্তু বমনেষবচারয়েৎ"।

অর্থাৎ—অর্দ্ধসের ক্বাথ্যদ্রব্য গ্রহণ করতঃ উত্তমরূপ কুট্টিত করিয়া আঢ়ক অর্থাৎ ১৬ ষোল সের জলে সিদ্ধ করতঃ /৪ চারিসের অবশিষ্ট থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া বমনার্থ প্রয়োগ করিবে। এস্থলে জানা আবশ্যক যে, ক্বাথ /৪ চারি সের সমস্তই যে পান করিতে হইবে তাহা নয়, তবে রোগী আকণ্ঠ যতটা পান করিতে পারিবে তাহাকে ততটাই পান করিতে দিবে।

(২) স্বল্পপঞ্চমূল যথা—শালপাণি (ছালানি), চাকুলে, বৃহতী কণ্টকারী ও গোক্ষুর।

বৃহৎ পঞ্চমূল যথা—বেলছাল, শ্যোণাছাল, গাম্ভারী, পারুল ও গণিয়ারীছাল।

বল্লীপঞ্চমূল যথা—মেষশৃঙ্গী, হরিদ্রা, বিদারী অনন্তমূল ও গুলঞ্চ।

কণ্টকী পঞ্চমূল যথা—গোক্ষুর, শতাবরী (শ্বেত-

প্রপৌণ্ডরীকমঞ্জিষ্ঠাপদ্মকোশীরচন্দনৈঃ। সযষ্টীন্দীবরৈঃ পিত্তে ক্ষীরপিষ্টৈঃ প্রলেপয়েৎ ॥ ৬ ॥

প্রপৌণ্ডরীকেত্যাদৌ।—ইন্দীবরং নীলোৎপলং ॥ ৬ ॥

পুণ্ডরীয়া, মঞ্জিষ্ঠা, পদ্মকাষ্ঠ, বেণারমূল, রক্তচন্দন, যষ্টিমধু ও নীলোৎপল, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র দুগ্ধের সহিত পেষণ করিয়া পিত্ত বিসর্প রোগে প্রলেপ দিবে ॥ ৬ ॥

কশেরুশৃঙ্গাটকপদ্মগুন্দ্রাঃ
সশৈবলাঃ সোৎপলকর্দ্দমাশ্চ।
বস্ত্রান্তরাঃ পিত্তকৃতে বিসর্পে
লেপা বিধেয়াঃ সঘৃতাঃ সুশীতাঃ ॥ ৭ ॥

কশেরিত্যাদি।—সুশ্রুতস্য। পদ্মকং পদ্মকাষ্ঠং গুন্দ্রা গুড়ূচী উৎপলং নীলোৎপলং কর্দ্দমঃ পদ্মিনীস্থানগতকর্দ্দমঃ, বস্ত্রান্তরা বস্ত্রেণান্তরিতাঃ এবং সতি পিত্তবিসর্পে ত্বগাদস্ত্যুপঘাতো ন স্যাৎ। লেপা ইতি বহুবচন নির্দ্দেশাদেকৈকশোঽপ্যেতে যোজ্যা ইতি বদন্তি ॥ ৭ ॥

কেশুর, পানিফল, পদ্মকাষ্ঠ, গুলঞ্চ, শৈবাল, নীলোৎপল ও পদ্মমূলের কর্দ্দম, এই সকল দ্রব্যের যে কোনটী সংগ্রহ করতঃ পেষণ করিয়া ঘৃত সহযোগে বস্ত্রখণ্ডে মাখাইয়া পিত্তবিসর্পরোগে সুশীতল প্রলেপ বিধান করিবে ॥ ৭ ॥

প্রদেহাঃ পরিষেকাশ্চ শস্যন্তে পঞ্চবল্কলৈঃ। পদ্মকোশীরমধুকচন্দনৈর্ব্বা প্রশস্যতে। ৮ ॥

পঞ্চবল্কলৈরিতি কপীতনবটাশ্বত্থপ্লক্ষোড়ুম্বরবল্কলৈঃ ॥ ৮ ॥

বট, অশ্বত্থ, পাকুর, যজ্ঞডুম্বুর ও বকুল, এই পঞ্চ বৃক্ষের বল্কল সংগ্রহ পূর্ব্বক একত্র পেষণ করিয়া তদ্দ্বারা প্রলেপ ও সেক বিসর্পরোগে প্রয়োগ করিবে অথবা পদ্মকাষ্ঠ, বেণার মূল,

যষ্টিমধু ও রক্তচন্দন, এই সকল দ্রব্য পেষণ করিয়া বিসর্পরোগে প্রলেপ দিবে ॥ ৮ ॥

পিত্তে তু পদ্মিনীপঙ্কং পিষ্টং বা শঙ্খশৈবলং। গুন্দ্রামূলন্তু শুক্তির্ব্বা গৈরিকম্বা ঘৃতান্বিতং ॥ ৯ ॥

পিত্তেত্বিত্যাদি।—শ্লোকপাদৈশ্চত্বারোযোগাঃ, শঙ্খশ্চ শৈবলঞ্চেতি সমাহারঃ, গুন্দ্রা গুড়ূচী, শুক্তির্মুক্তোৎপাত্তভাণ্ডঃ শীতবীর্য্যত্বাৎ মৌক্তিকমপীতি কেচিৎ। ঘৃতান্বিতমিতি যোগচতুষ্টয়েপি যোজ্যং ॥ ৯ ॥

পিত্তবিসর্পরোগে পদ্মবৃক্ষের মূলসংলগ্ন কর্দ্দম অথবা শঙ্খ ও শৈবাল পেষণ করিয়া ঘৃতের সহিত প্রলেপ দিবে অথবা গুলঞ্চ ও ঝিনুক কিম্বা গৈরিক (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া ঘৃতসহযোগে প্রলেপ দিবে ॥ ৯ ॥

ন্যগ্রোধপাদাগুন্দ্রাচ কদলীগর্ভ এবচ। বিসগ্রন্থিকলেপঃ স্যাচ্ছতধৌতঘৃতাপ্লুতঃ ॥ ১০ ॥

ন্যগ্রোধেত্যাদি।—বাভটস্য। ন্যগ্রোধস্য পাদাঃ প্ররোহাঃ অন্যে তু মূলানীত্যাহুঃ। তরুণা ইত্যভিনবাঃ। তরুণা ইত্যত্র গুন্দ্রেতি ন পাঠঃ বাভটে চরকে চ তরুণা ইতি পাঠাৎ, কদলীগর্ভো গর্ভস্থা কদলীমঞ্জরী ; বিসগ্রন্থির্মৃণালগ্রন্থিঃ ॥ ১০ ॥

বটের তরুণাবরোহ (অথবা মূল), গুলঞ্চ, কদলীগর্ভ (গর্ভস্থ কদলীমঞ্জরী বা মোচা) ও পদ্মমৃণালের গ্রন্থি, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া শতধৌত ঘৃতের সহিত বিসর্পরোগে প্রলেপ দিবে ॥ ১০ ॥

হরেণবো মসূরাশ্চ মুদ্গাশ্চৈব সশালয়ঃ। পৃথক্ পৃথক্ প্রদেহাঃ স্যুঃ সর্ব্বৈর্ব্বা সর্পিষা সহ ॥ ১১ ॥

[illegible] ॥ ১১ ॥

বর্ত্তুলকলায়, মন্থর, মুগ ও শালীধান্য, এই সকল দ্রব্য পৃথক্ পৃথক্ কিম্বা একত্র যথোপযুক্তপরিমাণে গ্রহণ করতঃ) পেষণ করিয়া ঘৃত সহযোগে পিত্তবিসর্প-রোগে প্রলেপ দিবে ॥ ১১ ॥

দ্রাক্ষারগ্বধকাশ্মর্য্যত্রিফলৈরণ্ডপীলুভিঃ।
ত্রিবৃদ্ধহরীতকীভিশ্চ বিসর্পে শোধনং হিতং ॥ ১২ ॥

দ্রাক্ষেত্যাদৌ।—আরগ্বধঃ আরগ্বধস্য ফলং, এরণ্ডঃ এরণ্ডস্য বীজং বিরেকত্বাৎ, পীলু উত্তরা-পথিকফলং ক্বাথেন কল্কেন বা যোগদ্বয়মিদং তত্র পীলুন্ত একোযোগঃ, হরীতক্যা-চ দ্বিতীয়ো-যোগ ইতি ॥ ১২ ॥

দ্রাক্ষা, শোনালুফল, গাম্ভারী, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), এরণ্ডমূল ও পীলু (উত্তরাপথজাত বৃক্ষ-বিশেষ) অথবা তেউড়ী ও হরীতকী, এই সকল দ্রব্যের কল্ক অথবা যথা-বিহিত নিয়মানুসারে প্রস্তুত ক্বাথ বিসর্প শোধক ॥ ১২ ॥

গায়ত্রীসপ্তপর্ণাব্দারগ্বধাঃ সকুরুণ্টকাঃ।
কুটন্নটৈর্ভবেল্লেপো বিসর্পে শ্লেষ্ম-সম্ভবে ॥ ১৩ ॥

গায়ত্রীত্যাদৌ।—অত্র আরগ্বধস্য পত্রং কুটন্নটঃ কৈবর্ত্তমুস্তকং। অয়ং যোগোবাসাস্থানে ধবস্য কুটন্নটস্থানে কুরুণ্টকস্য প্রক্ষেপাদপি বোধ্যঃ। যদাহ চরকঃ খদিরং সপ্তপর্ণাব্দ মুস্তমারগ্বধং ধবং। কুরুণ্টকং দেবদারু দদ্যাদালেপনং ভিষগিতি ॥ ১৩ ॥

খদিরকাষ্ঠ, ছাতিম, মুথা, বাসক, শোনালু, দেবদারু ও কৈবর্ত্তমুস্তক, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করিয়া শ্লেষ্মবিসর্পে প্রলেপ দিবে ॥ ১৩ ॥

অজাশ্বগন্ধাশরণাথকাল-
সৈকেশিকাবাপ্যথবাজশৃঙ্গী।
গোমূত্রপিষ্টোবিহিমঃ প্রদেহো
হন্যাদ্বিসর্পং কফজং সুশীঘ্রং ॥

মদনং মধুকং নিম্বং বৎসকস্য ফলা-নিচ। বমনঞ্চ বিধাতব্যং বিসর্পে কফসম্ভবে ॥ ১৪ ॥

অজেত্যাদি।—সুশ্রুতস্য অজগন্ধা কোকন্দীতি খ্যাতা শরণা ত্রিবৃৎ, কালা কালাকড়ঃ, একেশিকা পাঠা, অজশৃঙ্গী কর্কটশৃঙ্গী; অজগন্ধাদিরজ-শৃঙ্গ্যন্ত একোযোগঃ। উক্তং হি বাভটে চ—কালা শৃঙ্গীশরণাবস্তগন্ধাতয়াহ্বয়াঃ। একেশিকা চ লেপঃ স্যাৎ শ্বয়থাবেকগাত্রজ ইতি। বিহিম ইতি হিম-বিপরীতঃ কোষ্ণ ইতি শেষঃ ॥ ১৪ ॥

অজগন্ধা (কোকন্দি নামে বিখ্যাত), অশ্বগন্ধা, শরণা (তেউড়ী), কালা-কোড়া, আকন্দি ও অজশৃঙ্গী (কাকড়া-শৃঙ্গী), এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরি-মাণে গ্রহণ করতঃ) গোমূত্রসহ পেষণ ও ঈষদুষ্ণ করিয়া প্রলেপ দিলে কফজন্য বিসর্প রোগ শীঘ্র বিনষ্ট হয়।

কফ জন্য বিসর্পরোগে মদনফল (ময়নাফল), যষ্টিমধু, নিমছাল ও ইন্দ্রযব, এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানু-সারে প্রস্তুত) ক্বাথ পান করাইয়া বমন করাইবে ॥ ১৪ ॥

ত্রিফলাপদ্মকোশীরসমঙ্গাকরবীরকং।
নলমূলমনন্তাচ লেপঃ শ্লেষ্মবিসর্পহা ॥
আরগ্বধস্য পত্রাণি ত্বচঃ শ্লেষ্মাতকোদ্ভবাঃ। শিরীষপুষ্পকামাচী হিতা লেপাবচূর্ণনৈঃ ॥ মুস্তারিষ্টপটোলানাং ক্বাথঃ সর্ব্ববিসর্পনুৎ। ধাত্রীপটোল-মুদ্গানামথবা ঘৃতসংপ্লুতঃ ॥ ১৫ ॥

ত্রিফলেত্যাদি।—বাভটস্য সমঙ্গা বরাহক্রান্তা, করবীরকমিত্যত্র করবীরজমিতি পাঠে মূলং। অনন্তা অনন্তমূলং অয়ং লেপস্তথা বক্ষ্যমাণোপ্যা-রগ্বধাদিঃ, স্বল্পঘৃতযোগেন স্নিগ্ধঃ কার্য্যঃ এতদন-ন্তরং প্রদেহাঃ সর্ব্বত্রৈব এতে দেয়াঃ। স্বল্পঘৃতা-প্লুত ইতি চরক বচনাৎ। শ্লেষ্মাতকোবহুবারঃ কামাচী কাকমাচী সর্ব্ববিসর্পনুদিতি প্রত্যেক-দোষজসর্ব্ববিকারনুদিতি সন্নিপাতবিসর্পস্যাসাধ্য-ত্বাৎ ॥ ১৫ ॥

ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), পদ্মকাষ্ঠ, বেণারমূল, বরাহকন্দ (বরাহক্রান্তা), করবীরমূল, নলমূল ও অনন্তা (অনন্তমূল), এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে কফজন্য বিসর্প-রোগ বিনষ্ট হয়।

শোনালুপত্র, শ্লেষ্মাতক (চালুতার বল্কল অথবা বহুবার বৃক্ষের ত্বক্), শিরীষ পুষ্প ও কাকমাচী, এই সকল দ্রব্য পেষণ করিয়া বিসর্পরোগে প্রলেপন করিবে।

মুথা, নিম্বছাল ও পটোলপত্র, এই সকল দ্রব্যের ক্বাথ পান করিলে সর্ব্ব প্রকার বিসর্পরোগ বিনষ্ট হয়।

বিসর্পে আমলকী, পটোল ও মুগ্, এই সকল দ্রব্যের ক্বাথ ঘৃত সংযুক্ত করিয়া পান করিবে।

ক্বাথ্যদ্রব্য সমুদয়ে মোট ২ দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অৰ্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে॥ ১৫॥

নবকষায়গুগ্গুলুঃ—

অমৃতবৃষপটোলং নিম্বকল্কৈরুপেতং। ত্রিফলখদিরসারং ব্যাধিঘাতঞ্চ তুল্যং॥ ক্বথিতমিদমশেষং গুগ্গুলোর্ভাগ-যুক্তং। জয়তি বিষবিসর্পান্ কুষ্ঠমষ্টাদশাখ্যং॥ ১৬॥

অমৃতেত্যাদৌ।—ত্রিফলং ত্রিফলা ব্যাধিঘাতং সোনালুফলং। গুগ্গুলোর্ভাগযুক্তমিতি অত্র-তে পযোগে প্রক্ষেপপরিভাষয়ৈব দেয়ং। বিবেকে কর্ত্তব্যো প্রক্ষেপমানাপেক্ষয়া দ্বৈগুণ্যেনেত্যাহুঃ॥ ১৬॥

গুলঞ্চ, বাসক, পটোলপত্র, নিম্বপত্র, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া), খদিরসার ও শোনালু এই সকল দ্রব্য সমুদয়ে দুই তোলা লইয়া উত্তমরূপ কুট্টিত করতঃ অৰ্দ্ধ সের জলে সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে।

উক্ত ক্বাথের সহিত উপযুক্ত পরিমাণ গুগ্গুলু মিশ্রিত করতঃ পান করিবে। ইহাদ্বারা বিষ, বিসর্প ও অষ্টাদশ প্রকার কুষ্ঠরোগ নিবারণ হয়॥ ১৬॥

অমৃতাদিঃ—

অমৃতবৃষপটোলং মুস্তকং সপ্তপর্ণং খদিরমসিতবেত্রং নিম্বপত্রং হরিদ্রে [illegible] বিবিধবিষবিসর্পান্ কুষ্ঠবিস্ফো[illegible] রপনয়তি মসূরীং শীতপিত্তং জ্ব[illegible]॥

অমৃতেত্যাদৌ।—অসিতবেত্রং [illegible] লিখালতা তস্যা মূলং, অত্রাপি বিবেকে কর্ত্তবে গুগ্গুলুং প্রক্ষিপন্তি বৃদ্ধাঃ॥ ১৭॥

গুলঞ্চ, বাসক, পটোলপত্র, মুথা, ছাতিমের ছাল, খ[illegible] কৃষ্ণবেত, নিম্বপত্র, হরিদ্রা ও দারুহরিদ্রা, এই সকল দ্রব্যের যথাবিহিত নিয়মানুসারে ক্বাথ প্রস্তুত করিবে।

উক্ত ক্বাথ পান করিলে বিবিধ প্রকার বিষদোষ, বিসর্প, কুষ্ঠ বিস্ফোট, কণ্ডু, মসূরী, শীতপিত্ত ও জ্বরপ্রভৃতি রোগ বিনষ্ট হয়॥ ১৭॥

পটোলামৃতভূনিম্ববাসকারিষ্টপর্পটৈঃ। খদিরাব্দযুতৈঃ ক্বাথো বিস্ফোটাত্তি জ্বরাপহঃ॥ ১৮॥

পটোলেত্যাদিনা বিস্ফোটচিকিৎসামাহ॥ ১৮॥

পটোলপত্র, গুলঞ্চ, চিরতা, বাসক (বাকস), নিম্বছাল, ক্ষেৎপাপড়া, খদির-কাষ্ঠ ও মুথা, এইসকল দ্রব্যের পূর্ব্বোক্ত নিয়মানুসারে অর্থাৎ ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, অবশিষ্ট

অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে।

উক্ত ক্বাথ পান করিলে বিস্ফোট ও জ্বর বিনষ্ট হয়॥ ১৮॥

পটোলত্রিফলারিষ্টগুড়ূচীমুস্তচন্দনৈঃ। সমূর্ব্বারোহিণী পাঠা রজনী সদুরালভা। কষায়ং পায়য়েদেতং পিত্ত-শ্লেষ্মজ্বরাপহং। কণ্ডূত্বগ্দোষবিস্ফোট-বিষবীসর্পনাশনং॥ ১৯॥

পটোলত্রিফলেত্যাদৌ।—সমূর্ব্বা রোহিণী পাঠা রজনী সদুরালভেত্যতঃ পরং এভিরিতি শেষঃ তেন এভিঃ কৃতং কষায়ং পায়য়েদিত্যর্থঃ॥ ১৯॥

পটোলপত্র, ত্রিফলা (হরীকতী, আমলকী ও বহেড়া), নিম্ছাল, গুলঞ্চ, মুথা, রক্তচন্দন, মূর্ব্বা (গোড়াচক্র বা ঘোড়াচক্র অথবা সূচীমুখী), কটকী, আকনাদি, হরিদ্রা ও দুরালভা, এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানুসারে) ক্বাথ প্রস্তুত করিয়া পান করিবে।

ইহাদ্বারা পিত্তশ্লেষ্ম জ্বর, কণ্ডু, চর্ম্মদোষ, বিস্ফোট, বিষদোষ ও বিসর্প প্রভৃতি রোগ বিনষ্ট হয়॥ ১৯॥

ভূনিম্ববাসকপটোলফলত্রিকৈশ্চ চন্দননিম্বসিদ্ধঃ। বিসর্পদাহজ্বরবক্ত্রশোষবিস্ফোটতৃষ্ণাবমিনুৎ কষায়ঃ॥২০॥

চিরতা, বাসক (বাকস), কটকী, পটোলপত্র, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), রক্তচন্দন ও নিম্ছাল, এই সকল দ্রব্য সমুদয়ে দুইতোলা, জল অর্দ্ধ সের সহ সিদ্ধ করিয়া অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে।

উক্ত ক্বাথ পান করিলে বিসর্প, দাহ, জ্বর, মুখশোষ, বিস্ফোট, তৃষ্ণা ও বমি রোগ বিনষ্ট হয়। ২০॥

সকফে পিত্তযুক্তে তু ত্রিফলাং যোজয়েৎপুরৈঃ॥ ২১॥

ত্রিফলাং যোজয়েৎ পুরৈরিতি ত্রিফলাক্বাথে গুগ্গুলুঃ প্রক্ষেপঃ॥ ২১॥

কফপিত্তজ বিস্ফোটরোগে (যথাবিহিত নিয়মানুসারে) ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) ক্বাথ প্রস্তুত করতঃ ঐ ক্বাথে উপযুক্ত পরিমাণ গুগ্গুলু মিশ্রিত করিয়া পান করিবে॥২১॥

দুরালভাং পর্পটকং পটোলং কটুকাং তথা॥ সোষ্ণং গুগ্গুলুসংযুক্তং পিবেদ্বা খদিরাষ্টকং। ২২॥

দুরালভামিত্যাদাবপি দুরালভাদীনাং ক্বাথে গুগ্গুলুঃ প্রক্ষেপঃ। সোষ্ণ ইতি সহ উষ্ণ ঈষদর্থে। খদিরাষ্টকং মসূর্য্যাং বক্ষ্যমাণং তদপি গুগ্গুলুযুতমেব॥ ২২॥

দুরালভা, ক্ষেৎপাপড়া, পটোলপত্র ও কটকী, এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানুসারে) প্রস্তুত ক্বাথ উষ্ণ করিয়া তাহাতে গুগ্গুলু প্রক্ষেপ করতঃ পান করিবে অথবা মসূরী চিকিৎসোক্ত খদিরকাষ্ঠের ক্বাথে উপযুক্ত পরিমাণ গুগ্গুলু প্রক্ষেপ করতঃ পান করিবে॥২২॥

কুণ্ডলীপিচুমর্দ্দাভ্যাং খদিরেন্দ্রযবাম্বুনা। বিস্ফোটান্নাশয়ত্যাশু বায়ুর্জ্জলধরানিব। ২৩॥

কুণ্ডলীত্যাদি।—যোগদ্বয়ং কুণ্ডলী গুড়ূচী অম্বু ক্বাথঃ॥ ২৩॥

গুলঞ্চ ও নিম্ছালের ক্বাথ অথবা খদিরকাষ্ঠ ও ইন্দ্রযবের (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথ পান করিলে মেঘমালা বিচ্ছিন্নকর বায়ুর ন্যায় বিস্ফোট শীঘ্র বিনষ্ট হইয়া থাকে॥ ২৩॥

চন্দনং নাগপুষ্পঞ্চ তণ্ডুলীয়কশারিবা। শিরীষবল্কলং জাতী লেপঃ স্যাদ্দাহনাশনঃ॥ ২৪॥

চন্দনমিত্যাদৌ।—শারিবা অনন্তমূলং জাত্যাস্থ পত্রং॥ ২৪ ॥

রক্তচন্দন, নাগকেশর, চাপালইটা, অনন্তমূল, শিরীষবৃক্ষের বল্কল ও জাতীপত্র, এইসকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে দাহ বিনষ্ট হয় ॥ ২৪ ॥

শুকতরুনতমাচী রজনীপদ্মা চ তুল্যানি। পিষ্টানি শীততোয়েন লেপঃ স্যাৎ সর্ব্ববিস্ফোটে ॥ ২৫ ॥

শুকতর্ব্বিত্যাদি।—বাভটস্য। শুকতরুঃ শিরীষঃ নতং তগরপাদিকা। মাচী দেবদারু। পদ্মা ব্রাহ্মণযষ্টিকা ॥ ২৫ ॥

শিরীষ, তগরপাদুকা, হরিদ্রা, দেবদারু ও ব্রহ্মযষ্টি, এই সকল দ্রব্য সমভাগে গ্রহণ করতঃ শীতল জলের সহিত পেষণ করিয়া সর্ব্ব-প্রকার বিস্ফোটরোগে প্রলেপন করিবে ॥ ২৫ ॥

শিরীষমূলমঞ্জিষ্ঠাচব্যামলকযষ্টিকাঃ। সজাতীপল্লবক্ষৌদ্রা বিস্ফোটে কবড়গ্রহাঃ ॥ ২৬ ॥

শিরীষেত্যাদি।—শিরীষমূলেত্যত্র শিরীষ পূগেতি পাঠে পূগং পূগমূলং। অত্র বহুবচননির্দ্দেশাৎ প্রত্যেকমপ্যেতে কবড়ে যোজ্যা ইতি বদন্তি। জাতীপত্রং ক্ষৌদ্রঞ্চ সর্ব্বত্র জ্ঞেয়ং ॥ ২৬ ॥

শিরীষবৃক্ষের মূল, মঞ্জিষ্ঠা, চৈ, আমলকী ও যষ্টিমধু, এই সকল দ্রব্যের যে কোনটী জাতীপত্র ও মধুসহ একত্র পেষণ করিয়া বিস্ফোট রোগে কবড় ধারন করিবে ॥ ২৬ ॥

শিরীষোডুম্বরৌ জম্বু সেকালেপনয়োর্হিতাঃ। শ্লেষ্মাতকত্বচো বাপি প্রলেপাশ্চোতনে হিতাঃ ॥ ২৭ ॥

আশ্চোতনং সর্ব্বত্র চক্ষুষি দ্রবৌষধিদানং ॥২৭॥

শিরীষবৃক্ষ, যজ্ঞডুম্বর ও জাম, এই সকল দ্রব্যের সেক ও প্রলেপন করিবে এবং শ্লেষ্মাতক (চালতা অথবা বহুবার) বৃক্ষের বল্কলদ্বারা বিস্ফোটে প্রলেপন ও আশ্চোতন হিতকর ॥ ২৭ ॥

দশাঙ্গঃ—

শিরীষযষ্টীনতচন্দনৈলা-
মাংসীহরিদ্রাদ্বয়কুষ্ঠ[illegible]।
লেপো দশাঙ্গঃ সঘৃতঃ প্রদিষ্টো
বিসর্পকণ্ডুজ্বরশোথহারী ॥ ২৮ ॥

শিরীষেত্যাদৌ।—যষ্টি যষ্টিমধু বালং হ্রীবেরং ॥ ২৮ ॥

শিরীষ, যষ্টিমধু, তগরপাদুকা, চন্দন, এলাইচ, জটামাংসী, হরিদ্রা, দারুহরিদ্রা, কুড় ও বালা, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া ঘৃতের সহিত মিশ্রিত করতঃ লেপন করিলে বিসর্প, কণ্ডূ, জ্বর ও শোথ বিনষ্ট হয় ॥ ২৮ ॥

চতুঃসমম্—

[illegible]
নাদ্রুতং। বিসর্পবিষবিস্ফোটাঃ প্রশাম্যন্তি ন সংশয়ঃ ॥ ২৯ ॥

শিরীষেত্যাদৌ।—নাগাহ্বং নাগকেশরচূর্ণং হিংস্রা কালাকড়া ॥ ২৯ ॥

শিরীষ, বেণারমূল, নাগকেশর ও হিংস্রা (কালাকড়া), এইসকল দ্রব্য উপযুক্ত পরিমাণ গ্রহণ করতঃ পেষণ করিয়া প্রলেপ দিলে বিসর্প, বিষ ও বিস্ফোটরোগের শান্তি হয় ॥ ২৯ ॥

বৃষাদ্যং ঘৃতম্—

বৃষখদিরপটোলপত্রনিম্বত্বগমৃতামলকীকষায়কল্কৈঃ।
ঘৃতমভিনবমেতদাশু পক্কং জয়তি
বিসর্পগদান্ সকুষ্ঠগুল্মান্ ॥ ৩০ ॥

বৃষাদ্যঘৃতে।—নিম্বত্বগমৃতামলকীকষায় কল্কৈরিত্যস্য স্থানে ছন্দঃপূরণার্থং নিম্বত্বগমৃতাধাত্রীকল্কযুক্তমিতি কেচিৎ পঠন্তি। অন্যে তু [illegible]

মৃত্যাকামলকীতি পঠন্তি কচিত্তু তামলকীপাঠঃ তস্য ব্যবহারাভাবাৎ॥ ৩০॥

বাসক, খদিরকাষ্ঠ, পটোলপত্র, নিম্ছাল, গুলঞ্চ ও আমলকী, এই সকল দ্রব্যের ক্কাথ ও কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে নূতন ঘৃত পাক করিবে। উক্ত ঘৃত (উপযুক্ত পরিমান) যথা সময়ে সেবন করিলে বিসর্প, কুষ্ঠ ও গুল্মরোগ বিনষ্ট হয়॥ ৩০॥

পঞ্চতিক্তকঘৃতম্—

পটোলসপ্তচ্ছদনিম্ববাসা-
ফলত্রিকচ্ছিন্নরুহাবিপক্কং।
তৎ পঞ্চতিক্তং ঘৃতমাশু হন্তি
ত্রিদোষবিস্ফোটবিসর্পকণ্ডূঃ॥৩১॥

পঞ্চতিক্তঘৃতে ত্রিফলায়াশ্চ কল্কঃ শেষাণাঞ্চ কষায় ইতি ব্যবহরন্তি বৃদ্ধাঃ॥ ৩১॥

পটোলপত্র, ছাতিমছাল, নিম্ছাল, বাসক (বাকস), ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ও গুলঞ্চ, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত অথবা পেষিত কল্ক সহিত যথা বিহিত নিয়মানুসারে উপযুক্ত পরিমান ঘৃত পাক করিবে। ইহার নাম 'পঞ্চতিক্ত ঘৃত' উপযুক্ত মাত্রায় যথা সময়ে এই ঘৃত সেবন করিলে ত্রিদোষ, বিসর্প, বিস্ফোট ও কণ্ডূরোগ নিবারণ হয়॥ ৩১॥

মহাপদ্মকঘৃতম্—

পদ্মকং মধুকং লোধ্রং নাগপুষ্পস্য কেশরং। দ্বে হরিদ্রে বিড়ঙ্গানি সূক্ষ্মৈলা তগরন্তথা॥ কুষ্ঠং লাক্ষাপত্রকঞ্চ সিক্থকং তুথমেব চ। বহুবারঃ শিরীষশ্চ কপিত্থফলমেব চ॥ তোয়েনালোড্য তৎসর্ব্বং ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ। যাংশ্চ রোগান্নিহন্ত্যাদৌ তান্নিবোধ মহামুনে॥ সর্পকীটাখুদষ্টেষু লূতামূত্রকৃতেষু চ। বিবিধেষু স্ফোটকেষু তথা কুষ্ঠবিসর্পিষু॥ নাড়ীষু গণ্ডমালাসু প্রভিন্নাসু বিশেষতঃ। অগস্ত্যবিহিতং শ্রেষ্ঠং পদ্মকন্তু মহাঘৃতং॥ ৩২॥

পদ্মকঘৃতে:—নাগপুষ্পস্য কেশরমিতি নাগকেশরচূর্ণমিত্যর্থঃ॥ ৩২॥

পদ্মকাষ্ঠ, যষ্টিমধু, লোধ, নাগকেশর পুষ্পের রেণু, হরিদ্রা, দারুহরিদ্রা, বিড়ঙ্গ, ছোটএলাইচ, তগরপাদুক, কুড়, লাক্ষা, তেজপত্র, মোম, তুঁতিয়া, চালুতা, শিরীষপুষ্প, কদবেল, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত বা পেষিত উপযুক্ত পরিমান কল্ক ও চতুর্গুণ জল সহিত প্রস্থ পরিমিত অর্থাৎ /৪ চারিসের ঘৃত পাক করিবে।

উক্ত ঘৃত সেবনে যে সকল রোগ বিনষ্ট হয়, তাহা নিম্নে বর্ণিত হইল। সর্প, কীট ও ইন্দুরের দংশন জন্য জ্বালা, মাকড়সার মূত্রজন্য রোগসমূহ, বিবিধ প্রকার বিস্ফোট, কুষ্ঠ, বিসর্প, নাড়ীক্ষত ও গণ্ডমালা প্রভৃতিরোগে এই ঘৃত প্রয়োগ করিলে রোগী আরোগ্য লাভ করিতে পারে। ধনোপার্জ্জক এই 'মহাপদ্মঘৃত' অগস্ত্য মুনিকর্ত্তৃক আবিষ্কৃত হইয়াছিল॥ ৩২॥

রোগস্তু স্নায়ুকাখ্যো যঃ ক্রিয়া তত্র বিসর্পবৎ। গব্যং সর্পিস্ত্র্যহং পীত্বা নির্গুণ্ডীস্বরসং ত্র্যহং॥ পিবেৎ স্নায়ুকমত্যুগ্রং হন্ত্যবশ্যং ন সংশয়ঃ। শোভাঞ্জনমূলদলৈঃ কাঞ্জিকপিষ্টৈঃ সলবণৈর্লেপঃ। হন্তি স্নায়ুকরোগং যদ্বা মোচত্বচো লেপঃ॥ ৩৩॥

স্নায়ুকচিকিৎসামাহ রোগস্ত্বিত্যাদি।—স্নায়ুকরোগো লেহেড়িয়া নাম্না পশ্চিমদেশে খ্যাতঃ। তস্য রূপন্নিশ্চয়েনোক্তং। বৃন্দেন পুনরুক্তো

যথা—শাখাসু কুপিতোবায়ুঃ শোফং কৃত্বা বিসর্পবৎ। ভিত্ত্বৈব তং ক্ষতে তত্র সোষ্মা মাংসং বিশোষ্য চ। কুর্য্যাত্তন্তুনিভং সূত্রং তৎ পিষ্টৈ-স্তক্রশক্তুভিঃ। লিপ্তং শনৈঃ ক্ষতাদেতি ছেদাত্তৎকোপমাবহেৎ। তৎপাতাৎ শোথশান্তিঃ স্যাৎ পুনঃ স্থানান্তরে ভবেৎ। রোগঃ স্যাৎ স্নায়ুকোনাম্না তন্তুকশ্চ প্রকীর্ত্তিত ইতি। শাখাস্বিতি জঙ্ঘাদিষু, তদিতি সূত্রং, তক্রশক্তুভিঃ পিষ্টৈ-র্লিপ্তং সৎ ক্ষতাদেতি নিঃসরতি। ছেদাদিতি কদাচিদভিঘাতাদিনা সূত্রস্য স্বয়মেব পাতনাৎ। পিবন্নিত্যত্র পীত ইতি পাঠে কর্ত্তরি ক্তঃ মোচত্বচোলেপ ইতি মোচং কদলীফলং তস্য ত্বক্॥ ৩৩॥

ইতি বিসর্পবিস্ফোট-চিকিৎসা।

স্নায়ুকাখ্য নামক রোগে বিসর্পরোগোক্ত ক্রিয়া আচরণ করিবে। এবং তিন দিবস (যথোপযুক্ত পরিমাণ) গব্যঘৃত পান করিয়া তৎপরে তিন দিবস (উপযুক্ত মাত্রায়) নিসিন্দার রস পান করিবে। ইহাদ্বারা অত্যুগ্র স্নায়ুক রোগ বিনষ্ট হয়, ইহার আর কোন সংশয় নাই।

সজিনার মূল ও পত্র, সৈন্ধব, ও কাঞ্জিকসহ পেষণ করতঃ প্রলেপন করিলে অথবা কদলী বল্কল ভস্ম লেপন করিলে ও স্নায়ুক রোগ বিনষ্ট হইয়া থাকে॥ ৩৩॥

ইতি বিসর্প-বিস্ফোটক-চিকিৎসা।

অথ মসূরিকা-চিকিৎসা।

সর্ব্বাসাং বমনং পথ্যং পটোলারিষ্ট-বাসকৈঃ। কষায়ৈশ্চ বচাবৎসযষ্ট্যা-হ্বফলকল্কিতৈঃ॥ ১॥

বিস্ফোটভেদাৎ প্রায়স্তুল্যচিকিৎসিতত্বাচ্চ মসূরীচিকিৎসিতমুচ্যতে। সর্ব্বাসামিত্যাদি।—বাসকৈরিত্যত্র কৃতৈরিতি শেষঃ। কষায়ৈরিত্যনেন সামানাধিকরণ্যং ন বিরুধ্যতে। বৎসকঃ ইন্দ্রযবঃ। ফলং মদনফলং॥ ১॥

সর্ব্ব-প্রকার মসূরিকারোগ পটোলপত্র, নিমছাল ও বাসক, ইহাদিগের কষায় প্রস্তুত করিয়া উহাতে বচ, ইন্দ্রযব, যষ্টিমধু ও মদনফলচূর্ণ প্রক্ষেপ করতঃ পান করিয়া বমন করা কর্ত্তব্য॥১॥

সক্ষৌদ্রং পায়য়েদ্ব্রাহ্ম্যা রসং বা হৈলমোচিকং। বান্তস্য রেচনং দেয়ং শমনঞ্চাবলে নরে॥ ২॥

সক্ষৌদ্রমিত্যাদি।—রসমিতি স্বরসং। এতচ্চ বামকং বিরেচকঞ্চ॥ ২॥

মসূরিকারোগে ব্রহ্মীশাকের রস অথবা হিংচাশাকের (হেলাঞ্চার) রস মধুর সহিত পান করাইয়া বমন করাইবে। অনন্তর বিরেচন ব্যবস্থা করিবে। রোগী দুর্ব্বল থাকিলে দোষ (বায়ু, পিত্ত, কফ) শমকর ঔষধ প্রয়োগ করিবে॥ ২॥

শুষবীপত্রনির্য্যাসং হরিদ্রাচূর্ণসংযুতং রোমান্তী[illegible] পিবেৎ॥ ৩॥

সুষবী কারবেল্লং, এতদ্রসোঽপু [illegible]করঃ॥ ৩॥

রোমান্তর্গতজ্বর (হামজ্বর বা লুন্তিজ্বর), বিস্ফোট ও মসূরীরোগ শান্তির জন্য (যথোপযুক্ত পরিমাণ) করলা পত্রের রসে হরিদ্রাচূর্ণ মিশ্রিত করিয়া পান করিবে॥ ৩॥

উভাভ্যাং হৃতদোষস্য বিশুধ্যন্তি মসূরিকাঃ। নির্ব্বিকারাঃ শাল্পপূযাঃ পচ্যন্তে চাল্পবেদনাঃ॥ ৪॥

উভাভ্যামিতি বমনবিরেচনাভ্যাং॥ ৪॥

বমন ও বিরেচন দ্বারা দোষ (বায়ু, পিত্ত ও কফ) নির্গত হইয়া শরীর বিশুদ্ধ হইলে মসূরিকা (বসন্ত) সমূহ বিকারশূন্য, অল্প বেদনা এবং অল্প পূঁয বিশিষ্ট হইয়া স্বয়ংই পাকিয়া উঠে॥৪॥

কন্টাকুম্ভাড়মূলং ক্কথনবিধিকৃতং হিঙ্গমাষৈকযুক্তং। পীতং বীজং জয়া-

য়াঃ সঘৃতমুষিতবাঃ পীতমজ্ঝিঃ সিকট্যাঃ। মাঘ্যা মূলং শিফা বা মদনকুসুমজা সোষণ বাথ পূতিঃ। যোগাবা স্যুর্নৈতে প্রথমমঘগদে দৃশ্যমানে প্রযোজ্যাঃ॥ ৫॥

মুষ্টীপ্রয়োগমাহ।—কন্টেত্যাদি।—কন্টাকুন্তারুলতা স্বনামখ্যাতা। হিঙ্গুমাষৈকযুক্তং পীত মিতি পূর্ব্বেণ সম্বধ্যতে। বীজং জয়ায়াঃ সঘৃতমুষিতবাঃ পীতমিতি দ্বিতীয়ো যোগঃ। জয়া জয়ন্তী অস্যাশ্চ বীজং উপদেশাদেকাধিক ষড় গণ্ডকং সঘৃতং পর্য্যুষিতজলেন পীতমিত্যাহুঃ যে তু উষিতবাঃ পীতমিতি পদং জয়াবীজমিত্যনেন সহ ন যোজয়ন্তি তন্মতে পীতমিতি নপুংসকনির্দ্দেশো নোপপদ্যতে ইতি সামান্যবিশেষণাভাবেন যোজনা কষ্টকল্পনৈব। অজ্ঝিঃ শিকট্যা ইতি। তৃতীয়োযোগঃ অত্রাপ্যুষিতবাঃ পীতমিতি লিঙ্গবিপরিনামেন সম্বধ্যতে। অজ্ঝিরিতিমূলং সিকটী স্বনামখ্যাতা। মাঘ্যা অপি তথৈব চ। মঘা গুবাকস্তস্য মূলং। সোষণা সমরিচা। এতচ্চ পূতিরিত্যনেনৈব সম্বধ্যতে পূতিশ্চ খট্টাসিকা। অন্যেতু মদনকুসুমজা শিফা সোষণা; পূতি লটাকরঞ্জোপি সোষণ ইতি বদন্তি। অত্র মরিচমেকাধিকষড়গণ্ডকমিত্যুপদিশন্তি। অঘগদঃ পাপরোগঃ মসূরীপর্য্যায় এব॥ ৫॥

মসূরী (বসন্ত) প্রথম দৃষ্ট হইলে কন্টাকুন্তারুলতার (কাটাকুনিয়ার লতা) যথারীতি ক্বাথ প্রস্তুত করিয়া উহাতে হিঙ্গু এক মাষা প্রক্ষেপ করিয়া পান করিবে।

জয়ন্তীবীজ অথবা সীকটীমূল ও ঘৃত পর্য্যুষিত জলের সহিত (উপযুক্ত পরিমাণে) পান করিবে। গুবাকমূল কিম্বা মরিচ ও মদনমূল অথবা মরিচ ও লাটাকরঞ্জার মূল (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) জলের সহিত প্রয়োগ করিবে॥ ৫॥

উদ্ধৃত্য মুষ্টিনাচ্ছাদ্য ভেষজং যৎ প্রযুজ্যতে। তন্মুষ্টিযোগমিত্যাহ মুষ্টিযোগপরায়ণাঃ॥ উষ্ট্রকন্টকমূলং বা প্যনন্তামূলমেব বা। বিধিগৃহীতং জ্যেষ্ঠাম্বু পীতং হন্তি মসূরিকাং। তদ্বচ্ছৃগালকন্টকমূলঞ্চ ব্যুষিতাম্ভসা॥৬॥

মুষ্টিযোগস্বরূপমাহ উদ্ধৃত্যেত্যাদি।—উষ্ট্রকন্টকং স্বনামখ্যাতং। উজ্মুর ইতি কেচিৎ॥৬॥

যে ঔষধ উদ্ধৃত করিয়া মুষ্টিদ্বারা আচ্ছাদন করতঃ প্রয়োগ করা যায়, মুষ্টিযোগবেত্তা বৈদ্যগণ তাহাকেই মুষ্টিযোগ বলেন।

উষ্ট্রকন্টকমূল (স্বনামখ্যাত লতাবিশেষ) অথবা অনন্তমূল যথাবিহিত নিয়মানুসারে গ্রহণ করতঃ (যথোপযুক্ত পরিমাণ) তণ্ডুল ধৌত জলের সহিত পান করিলে মসূরিকারোগ বিনষ্ট হয়।

উক্ত রূপে শেয়ালকাঁটা বৃক্ষেরমূল বাসিজলের সহিত পান করিলে ও মসূরিকা বিনষ্ট হয়॥ ৬॥

মসূরীং মূর্চ্ছিতো হন্তি গন্ধক স্থ পারদঃ। নিশাচিঞ্চাচ্ছদে শীতবারিপীতে তে তথৈব তু॥ ৭॥

মূর্চ্ছিত ইতি কজ্জলীকৃতঃ শোধিতগন্ধকঃ কর্ষ ১ শোধিতরস মা ৮ কজ্জলী কর্ত্তব্যা অতোমাষকচতুষ্টয়ং ষট্কং বা পর্ণে কৃত্বা খাদ্যমিতি ব্যবহারঃ। নিশেত্যাদৌ।—চ্ছদশব্দস্য নপুংসকত্বং চান্দসত্বাৎ কিম্বা নিশাচিঞ্চাচ্ছদাবিতি পাঠঃ। দ্বিবচনদর্শনাৎ পত্রদ্বয়ং গ্রাহ্যমিতি কেচিৎ॥ ৭॥

গন্ধক ও উহার অর্দ্ধ পারদ একত্র পেষণ করিয়া কজ্জলী প্রস্তুত করিবে, উক্ত কজ্জলী (উপযুক্ত পরিমাণে) সেবন করিলে মসূরিকা বিনষ্ট হয়।

হরিদ্রা ও তিন্তিড়ীর পত্র (উপযুক্ত পরিমাণে গ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করিয়া শীতল জলের সহিত পান করিলে মসূরিকারোগ নষ্ট হয়॥ ৭॥

যাবৎ সংখ্যা মসূর্য্যঙ্গে তাবদ্ভিঃ শেল্লুকৈর্দ্দলৈঃ। ছিন্নৈরাতুরনাম্নাতু গুণীবোতি ন বর্দ্ধতে॥ ব্যাবিতং

বারিসক্ষৌদ্রং পীতং দাহগুণীহরং। শেলুত্বক্ শীতাম্বুঃ সেকং বা কায়শোধনে ॥ ৮ ॥

যাবদিত্যাদৌ।—শেলুর্বহুবারঃ, মসূরিকাং গণয়িত্বা তাবৎ সংখ্যয়া আতুরনাম্না পত্রাণি ছিন্দ্যাদিত্যর্থঃ শেলুত্বগিত্যাদৌ।—শীতাম্বুঃ শীতকষায়ঃ, কায়শোষণমিতি উদ্ধূনগাত্রপ্রদেশ শোষণনিমিত্তমিত্যাশঃ। কায়শোধনমিতি পাঠে শরীরমলক্লেদনিরাসার্থমিত্যর্থঃ কিম্বা কায়শব্দেনোপচারান্মসূরিকৈবোচ্যতে ॥ ৮ ॥

শরীরে যত সংখ্যক মসূরিকা হইয়াছে, রোগীর নাম উচ্চারণ করিয়া তাবৎ সংখ্যক চালুতাপত্র ছেদন করিলে মসূরিকা আর বৃদ্ধি পাইতে পারে না।

বাসি জলের সহিত মধু মিশ্রিত করিয়া পান করিলে দাহ ও মসূরিকারোগের শান্তি হয়। চালুতা বল্কলের যথারীতি শীতকষায় প্রস্তুত করিয়া সেচন করিলে শরীর বা মসূরিকা বিশুদ্ধ হয় ॥ ৮ ॥

উগ্রাজ্যবংশনালীযবরূষকার্পাসকীকস ব্রহ্মী। সুরসময়ূরকলাক্ষাধূপো রোমান্তিকাদিহরঃ ॥ ৯ ॥

উগ্রেত্যাদি।—উগ্রা বচা, বৃষস্য বাসকস্যমূলং, কার্পাসকীকসং কার্পাসাস্থি, সুরসঃ পর্ণাসঃ ময়ূরকোঽপামার্গঃ ॥ ৯ ॥

বচ, ঘৃত, বাঁশের নেলী, যব, বাসক, কার্পাস বীজ, ব্রহ্মীশাক, তুলসীপত্র, অপামার্গ ও লাক্ষা, এই সকল দ্রব্যের ধূপ প্রদান করিলে রোমান্তর্গত মসূরিকারোগ (হাম বা লুন্তি) প্রভৃতি বিনষ্ট হয় ॥ ৯ ॥

তর্পণং বাতজায়াং প্রাক্ লাজচূর্ণৈঃ সশর্করৈঃ। ভোজনং তিক্তযূষৈশ্চ প্রতুদানাং রসেন বা ॥ ১০ ॥

তর্পণমিতি দ্রবেণালোড়িতাঃ শক্তবঃ। তিক্তযূষৈরিতি তিক্তদ্রব্যকৃতযূষৈঃ প্রতুদাঃ পারাবতাদয়ঃ ॥ ১০ ॥

বাতজন্য মসূরিকারোগে প্রথমতঃ শর্করা ও লাজচূর্ণ (খইর গুঁড়) দ্বারা তর্পণাহার প্রদান করিবে এবং তিক্ত দ্রব্য সাধিত যূষ ও পারাবতাদির মাংস-যূষের সহিত ভোজন করিতে দিবে ॥ ১০ ॥

দ্বিপঞ্চমূলং রাস্না চ দার্ব্ব্যুশীরং দুরালভা ॥ সামৃতং ধান্যকং মুস্তং জয়েৎ বাতসমুত্থিতাম্। গুড়ূচীং মধুকং রাস্নাং পঞ্চমূলং কনিষ্ঠকং। চন্দনং কাশ্মর্য্যফলং বলামূলং বিকঙ্কতং॥ পাককালে মসূর্য্যান্তু বাতজায়াং প্রয়োজয়েৎ ॥ ১১ ॥

দ্বিপঞ্চমূলমিত্যাদি।—যোগোঽয়ং ক্বাথেন এবং গুড়ূচীত্যাদিকমপি ॥ ১১ ॥

দশমূল, রাস্না, দারুহরিদ্রা, বেণারমূল, দুরালভা, গুলঞ্চ, ধনিয়া ও মুথা, এই সকল দ্রব্য সমুদয়ে দুই তোলা, উত্তমরূপ কুট্টিত করতঃ অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করিয়া অদ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রদ্বারা ছাকিয়া লইবে।

উক্ত ক্বাথ পান করিলে বাতজন্য মসূরিকারোগ বিনষ্ট হয়।

দশমূল যথা—শ্যোণা, বিল্ব, গাম্ভারী, পারুল, গণিয়ারী, শালপাণি, চাকলে, বৃহতী, কন্টকারী ও গোক্ষুর।

গুলঞ্চ, যষ্টিমধু, রাস্না, শালপাণি (ছালানি), চাকলে, বৃহতী (ব্যাকুড়), কন্টকারী, গোক্ষুর, রক্তচন্দন, গাম্ভারীফল, বেড়েলারমূল ও বৈচবৃক্ষ, এই সকল দ্রব্য উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ একত্র ক্বাথ প্রস্তুত করিয়া বাতজন্য মসূরিকার পাককালে প্রয়োগ করিবে ॥ ১১ ॥

দ্রাক্ষাকাশ্মর্য্যখর্জ্জুরপটোলারিষ্টবাসকৈঃ। লাজামলকদুস্পর্শৈঃ সিতাযুক্তৈশ্চ পৈত্তিকে ॥ ১২ ॥

দ্রাক্ষেত্যাদৌ।—সিতাযুক্তমিত্যনন্তরং কষায়মিতিশেষঃ ॥ ১২ ॥

দ্রাক্ষা, গাম্ভারী, খর্জ্জুর, পটোলপত্র, নিম্‌ছাল, বাসক (বাকস), লাজা, আমলকী ও দুরালভা,এই সকল দ্রব্য সমুদয়ে দুই তোলা গ্রহণ করতঃ কুট্টিত করিয়া অর্দ্ধ সের জলে সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে।

উক্ত ক্বাথে শর্করা প্রক্ষেপ করিয়া পান করিলে পিত্তজনিত মসূরিকা বিনষ্ট হইয়া থাকে ॥ ১২ ॥

শিরীষোডুম্বরাশ্বত্থশেলুন্যগ্রোধবল্কলৈঃ। প্রলেপঃ সঘৃতঃ শীঘ্রং ব্রণবীসর্পদাহহা ॥ ১৩ ॥

শিরীষ, যজ্ঞডুম্বর, অশ্বত্থ, চালুতা ও বট, এই সকল বৃক্ষের বল্কল (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া ঘৃত সহযোগে প্রলেপ দিলে ব্রণ, বীসর্প ও দাহ শীঘ্র বিনষ্ট হয় ॥ ১৩ ॥

দুরালভাং পর্পটকং ভূনিম্বং কটুরোহিণীং। শ্লৈষ্মিক্যাং পিত্তজায়াং বা পানে নিঃক্বাথ্য দাপয়েৎ ॥ ১৪ ॥

দুরালভা, ক্ষেৎপাপড়া, চিরতা ও কটকী, এই সকল দ্রব্য সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধপোয়া থাকিতে বস্ত্রপূত করিয়া লইবে।

উক্ত ক্বাথ পিত্ত জন্য অথবা শ্লেষ্ম জন্য মসূরিকারোগে পান করিবে ॥ ১৪ ॥

নিম্বাদিঃ—

নিম্বং পর্পটকং পাঠাং পটোলং কটুরোহিণীং। বাসাং দুরালভাং ধাত্রীমুশীরং চন্দনদ্বয়ং ॥ এষ নিম্বাদিকঃ খ্যাতঃ পীতঃ শর্করয়া যুতঃ। হন্তি-ত্রিদোষমসূরীং জ্বরবীসর্পসম্ভবাং। উত্থিতা প্রবিশেদ্যাতু পুনস্তাং বাহ্যতো নয়েৎ ॥ ১৫ ॥

নিম্বাদিরপি ক্বাথবিধয়া দেয়ঃ ॥ ১৫ ॥

নিমছাল, ক্ষেতপাপড়া আকনাদি, কটকী, পটোলপত্র, কটকী, বাসক, দুরালভা, আমলকী, বেণারমূল, শ্বেতচন্দন ও রক্তচন্দন।

উক্তনিম্বাদির (যথাবিহিত নিয়মানুসারে) ক্বাথ প্রস্তুত করিয়া শর্করার সহিত পান করিবে। ইহাদ্বারা ও জ্বরযুক্ত বিসর্প জন্য ত্রিদোষ মসূরিকা নষ্ট হয় এবং মসূরিকা বসিয়া গেলে তাহা পুনর্ব্বার বাহ্যে প্রকাশিত হয় ॥ ১৫ ॥

পটোলকুণ্ডলীমুস্তবৃষধন্বযবাসকৈঃ। ভূনিম্বনিম্বকটুকাপর্পটৈশ্চ শৃতং জলং। মসূরীং শময়েদামাং পক্কাঞ্চৈব বিশোধয়েৎ। নাতঃ পরতরং কিঞ্চিদ্বিস্ফোটজ্বরশান্তয়ে ॥ ১৬ ॥

পটোলেত্যাদৌ।—কুণ্ডলী গুড়ূচী, যবাসঃ দুরালভা ॥ ১৬ ॥

পটোলপত্র, গুলঞ্চ, মুথা, বাসক, ধনিয়া, দুরালভা, চিরতা, নিম্‌ছাল, কটকী ও ক্ষেৎপাপড়া,ইহারা সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্থাৎ অবশিষ্ট অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্রপূত করিয়া লইবে।

উক্ত ক্বাথ আম (অপক্ক) মসূরী প্রশমক ও পক্ক মসূরিকা বিশোধক। বিশেষতঃ এই ঔষধের ন্যায় বিস্ফোট ও জ্বরশান্তির দ্বিতীয় ঔষধ আর নাই ॥ ১৬ ॥

পটোলমূলারুণতণ্ডুলীয়কং পিবেদ্ধরিদ্রামলকল্কসংযুতং।

মসূরিকাবিস্ফোটবিদাহশান্তয়ে-
ভদেব রোমান্তিবমিজ্বরাপহং ॥
পটোলমূলারুণতণ্ডুলীয়কং
তথৈব ধাত্রীখদিরেণ সংযুতং।
পিবেজ্জলং সংকথিতং সুশীতং
মসূরিকারোগবিনাশনং পরং ॥১৭॥

পটোলমূলেত্যাদি।—ক্বাথে হরিদ্রামলকচূর্ণং প্রক্ষিপ্য অনুলোমনার্থং পিবেৎ। অরুণতণ্ডুলীয়কং লোহিততণ্ডুলীয়কং। ধাত্রীখদিরেণ সংযুতমিতি ধাত্রীখদিরাবপি পটোলমূলারুণতণ্ডুলীয়াভ্যাং সহ কথনীয়ৌ ॥ ১৭॥

পটোলমূল ও রক্তলইটার ক্বাথে হরিদ্রা ও আমলকীর কল্ক মিশ্রিত করিয়া সেবন করিলে মসূরিকা, বিস্ফোট, দাহ হাস, জ্বর ও বমি বিনষ্ট হয় ॥

পটোলমূল, রক্তলইটা, আমলকী ও খদিরকাষ্ঠ, এই সকল দ্রব্যের ক্বাথ শীতল করিয়া পান করিবে। ইহাদ্বারা মসূরিকারোগ বিনষ্ট হয় ॥ ১৭ ॥

খদিরাষ্টকঃ—

[illegible] ।
ক্বাথোঽষ্টকাঙ্গো জয়তি রোমান্তিক-
মসূরিকাঃ। কুষ্ঠবীসর্পবিস্ফোটকণ্ড্বাদীনপি পানতঃ ॥ ১৮ ॥

খদিরেত্যাদৌ।—অষ্টকাঙ্গ ইতি খদিরাষ্টক ইতি সংজ্ঞা অত্র শোধনে কর্ত্তব্যে গুগ্গুলুমপি প্রক্ষিপন্তি ॥ ১৮ ॥

খদিরকাষ্ঠ, ত্রিফলা, নিমছাল, পটোলপত্র, গুলঞ্চ ও বাসক, এই সকল দ্রব্য সমুদয়ে দুই তোলা, জল অর্দ্ধ সের, শেষ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্র দ্বারা ছাকিয়া লইবে।

উক্ত অষ্টাঙ্গ ক্বাথ রোমান্তিক, মসূরিকা, কুষ্ঠ, বিসর্প, বিস্ফোট ও কণ্ডূপ্রভৃতি রোগ বিনাশক ॥ ১৮ ॥

অমৃতাদিকষায়স্তু জয়েৎ পিত্তকফাত্মিকাং। সৌবীরেণ তু সংপিষ্টং মাতুলুঙ্গস্য কেশরং। প্রলেপাৎ পাতয়ত্যাশু দাহঞ্চাশু নিযচ্ছতি ॥ ১৯ ॥

অমৃতাদি কষায়ো বিসর্পোক্তোদশদ্রব্যস্তৈস্যেব মসূরীহরত্বশ্রুতেঃ ন তু [illegible] দিরিতি। সৌবীরেণেতি কাঞ্জিকেন ॥ ১৯ ॥

বিসর্পোক্ত অমৃতাদির ক্বাথ পান করিলে পিত্ত ও কফজ মসূরিকারোগ বিনষ্ট হয়।

ছোলঙ্গলেবুর (টাবালেবু) কেশর (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) কাঞ্জিতে পেষণ করিয়া প্রলেপ দিলে মসূরিকা পক্ক হয় এবং তজ্জনিত দাহ ও শীঘ্র বিনষ্ট হয় ॥ ১৯ ॥

পাদদাহং প্রকুরুতে পিড়কাপাদসম্ভবা। তত্র সেকং প্রশংসন্তি বহুশস্তণ্ডুলাম্বুনা ॥ ২০ ॥

পাদজাত পীড়কা পাদদাহ জন্মায়, অতএব উহাতে বারম্বার তণ্ডুল ধৌত জল সেচন করিবে ॥ ২০ ॥

পাককালে তু সর্ব্বাস্তা বিশোষয়তি মারুতঃ। তস্মাৎ সংবৃংহণং কার্য্যং ন তু পথ্যং বিশোষণং ॥ ২১ ॥

পাককালে বায়ুপ্রশমনার্থং বৃংহণাহারমাহ পাকেত্যাদি।—বিশোষণেন পাকোন্মুখস্য দোষস্যান্তঃপ্রবেশাজ্জাধিক্যং স্যাদিতি ভাবঃ ॥ ২১ ॥

মসূরিকার পরিপাককালে বায়ু দূষিত হইয়া পূঁয সকল শুষ্ক করে, অতএব ইহাতে বৃংহণ অর্থাৎ যাহাতে শরীর স্নিগ্ধ থাকে, এই রূপ কার্য্য করিবে, কোন প্রকার শোষণকারক পথ্য বিধান করা কর্ত্তব্য নয় ॥ ২১ ॥

গুড়ূচীমধুকং দ্রাক্ষা মোরটং দাড়িমৈঃ সহ। পাককালে তু দাতব্যং ভেষজং গুড়সংযুতং। তেন পাকং ব্রজত্যাশু ন চ বায়ুঃ প্রকুপ্যতি ॥ ২২ ॥

গুড়ূচীত্যাদৌ।—মোরটমিক্ষুমূলং এষাং কাথঃ গুড়স্য প্রক্ষেপ্যঃ ॥ ২২ ॥

গুলঞ্চ, যষ্টিমধু, দ্রাক্ষা, ইক্ষুমূল ও দাড়িম, এই সকল দ্রব্যের ক্বাথে গুড় মিশ্রিত করিয়া মসূরিকার পাককালে পান করিতে দিবে।

উক্ত ক্বাথদ্বারা মসূরিকা সমূহ শীঘ্র পরিপক্ক হয়, পরন্তু বায়ু কুপিত হইতে পারে না ॥ ২২ ॥

লিহেদ্বা বাদরং চূর্ণং পাচনার্থং গুড়েন তু। অনেনাশু বিপচ্যন্তে বাতপিত্তকফাত্মিকাঃ ॥ ২৩ ॥

বদরীফলচূর্ণ (কুলচূর্ণ) গুড়ের সহিত পাচনার্থ লেহন করিবে। ইহাদ্বারা কফজ, বাতজ ও পিত্তজ মসূরিকা শীঘ্র পরিপক্ক হয় ॥ ২৩ ॥

শূলাধ্মানপরীতস্য কম্পমানস্য বায়ুনা। ধন্বমাংসরসাঃ শস্তাঃ ঈষৎ সৈন্ধবসংযুতাঃ ॥ ২৪ ॥

ধন্বমাংসরসা ইতি জাঙ্গলপক্ষিমাংসরসাঃ ॥ ২৪ ॥

মসূরিকারোগে বায়ুকর্ত্তৃক শূল, আধ্মান ও কম্প উপস্থিত হইলে, জাঙ্গল পক্ষীর মাংসরসে অত্যল্প পরিমাণ সৈন্ধব মিশ্রিত করিয়া প্রয়োগ করিবে ॥ ২৪ ॥

দাড়িমাম্লরসৈর্যুক্তা যূষাঃ স্যুররুচৌ হিতাঃ। পিবেদম্বস্তপ্তশীতং। ভাবিতং খদিরাশনৈঃ ॥ ২৫ ॥

পিবেদম্বস্তপ্তশীত মিত্যর্দ্ধশৃতং শীতঞ্চ এবং বক্ষ্যমাণযোগেপি। ভাবিতং খদিরাশনৈরিতি খদিরাশনৈঃ সাধিতং ক্বাথমিত্যর্থঃ। অশনঃ পীতশাল অশনএব ইত্যন্যে ॥ ২৫ ॥

মসূরিকারোগে অরুচি হইলে অম্ল দাড়িমের রস মিশ্রিত যূষ পান করিবে এবং খদির (খয়ের কাষ্ঠ) ও অশন (পীতশাল) সাধিত অর্দ্ধশৃত শীতল ক্বাথ পানার্থ প্রদান করিবে ॥ ২৫ ॥

শৌচে বারি প্রযুঞ্জীত গায়ত্রীবহুবারজং। জাতীপত্রং সমঞ্জিষ্ঠং দার্ব্বী পূগফলং শমীং। ধাত্রীফলং সমধুকং ক্বথিতং মধুসংযুতং ॥ মুখরোগে কণ্ঠরোগে গণ্ডূষার্থে প্রশস্যতে ॥ অক্ষ্ণোঃ সেকং প্রশংস[illegible] [illegible]বেধুর্মধুক[illegible]ম্বুনা ॥২৬॥

গায়ত্রী খদিরঃ। [illegible] ।—গবেধুকোগুলঞ্চ অনয়োঃ কল্কং কর্পটে বদ্ধা প্রপীড্যাক্ষিসেকঃ কার্য্যঃ ॥ ২৬ ॥

মসূরিকারোগে খদিরকাষ্ঠ ও চালুতার ক্বাথ করিয়া রোগীর শৌচকার্য্যে প্রয়োগ করিবে।

জাতীপত্র, মঞ্জিষ্ঠা, দারুহরিদ্রা, শুপারি, শমীকাষ্ঠ, আমলকী ও যষ্টিমধু, এই সকল দ্রব্যের (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) ক্বাথে মধু প্রক্ষেপ দিয়া মুখ ও কফরোগে গণ্ডূষার্থ প্রদান করিবে।

গুলঞ্চ (গুড়ূচী) ও যষ্টিমধু, জলের সহিত পেষণ করতঃ বস্ত্রে বদ্ধ এবং পীড়ন করিয়া রস বহির্গত করতঃ চক্ষুর্দ্বয়ে সেচন করিবে ॥ ২৬ ॥

মধুকং ত্রিফলা মূর্ব্বা দার্ব্বীত্বঙনীলমুৎপলং। উশীরলোধ্রমঞ্জিষ্ঠাঃ প্রলেপাশ্চোতনে হিতাঃ। নশ্যন্ত্যনেন দৃগ্‌জাতা মসূর্য্যো ন দ্রবন্তি চ ॥২৭॥

মধুকমিত্যাদৌ।—হিতা ইতি বহুবচন নির্দ্দেশাৎ ব্যস্তৈঃ সমস্তৈর্মধুকাদিভিঃ প্রলেপঃ। অর্দ্ধশৃতৈশ্চ তৈরাশ্চ্যোতনমিত্যাহুঃ। আশ্চ্যোতনং পরিষেকঃ ॥ ২৭ ॥

যষ্টিমধু, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), মূর্ব্বা (গোড়াচক্র বা বোড়াচক্র, অথবা সূচীমুখী), দারুহরিদ্রা, নীলোৎপল বেণারমূল, লোধ, ও মঞ্জিষ্ঠা, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া মসূরিকারোগে প্রলেপন করিবে এবং উক্ত সমস্ত দ্রব্যের অর্দ্ধাবশিষ্ট ক্বাথদ্বারা পরি-

সেক করিবে। ইহাদ্বারা চক্ষুস্থ মসূরিকা বিনষ্ট হয় পরন্তু দ্রব হয় না॥ ২৭॥

পঞ্চবল্কলচূর্ণেন ক্লেদিনীমবচূর্ণয়েৎ। ভস্মনা কেচিদিচ্ছন্তি কেচিদ্গোময়-রেণুনা॥ ক্রিমি[illegible] ধূপ-য়েৎ সরলাদিনা। বেদনাদাহশান্ত্যর্থং স্রুতানাঞ্চ বিশুদ্ধয়ে॥ ২৮॥

পঞ্চবল্কলেত্যাদৌ।—ক্লেদিনীং ক্লেদযুক্তাং মসূরীং ভস্মনেতি শুষ্কগোময়ভস্মনা। গোময় রেণুনেতি গোময়চূর্ণেন বন্দ্রঙ্গানিতেন। সরলা দিভিরিতি সরলাগুরুগুগ্গুলুপ্রভৃতিভিঃ॥২৮॥

মসূরিকা হইতে অধিক ক্লেদ নিঃসৃত হইলে বট, অশ্বত্থ, পাকুর, যজ্ঞডুম্বুর ও বকুল, এইসকল বৃক্ষের বল্কল চূর্ণ করিয়া অথবা দগ্ধ করিয়া উক্ত চূর্ণ বা ভস্ম ক্ষত স্থানে মর্দ্দন করিবে।

কোন কোন গ্রন্থকর্ত্তা বলেন যে, "গোময় চূর্ণ ক্ষত স্থানে মর্দ্দন করিলেও বিশেষ উপকার হইয়া থাকে"।

মসূরিকারোগে সরলকাষ্ঠাদি দ্বারা ধূপ প্রদান করিলে ক্ষত স্থানে ক্রিমি জন্মিতে পারে না এবং বেদনা, দাহ ও অধিক পূযাদি স্রাবের নিবৃত্তি হইয়া মসূরিকা বিশুদ্ধ হয়॥ ২৮॥

সগুগ্গুলুবরাকাথং যুঞ্জ্যাদ্বা খদিরা-ষ্টকং॥ কৃষ্ণাভয়ারজোলিহ্যান্মধুনা কণ্ঠশুদ্ধয়ে॥ ২৯॥

সগুগ্গুলুমিত্যাদি।— গুগ্গুলুমিত্যুভয়ত্রাপি সম্বধ্যতে॥ ২৯॥

মসূরিকারোগে কণ্ঠশুদ্ধির নিমিত্ত ত্রিফলার ক্বাথে অথবা খদিরাষ্টকের ক্বাথে গুগ্গুলু প্রক্ষেপ করিয়া পান করিবে।

কণ্ঠ বিশোধনার্থ হরীতকী ও পিপুল চূর্ণ মধু ও গুগ্গুলু মিশ্রিত করতঃ পান করিবে।

ক্বাথ প্রস্তুত করিতে হইলে উক্ত ত্রিফলা অথবা খদিরাষ্টক মোট ২ দুই তোলা, অর্দ্ধ সের জলদ্বারা সিদ্ধ করতঃ অর্দ্ধ পোয়া থাকিতে নামাইয়া বস্ত্র-দ্বারা ছাকিয়া ক্বাথ গ্রহণ করিবে॥ ২৯॥

অথাষ্টাঙ্গাবলেহো বা কবড়শ্চার্দ্রকা-দিভিঃ। পঞ্চতিক্তং প্রযুঞ্জীত পানা-ভ্যঞ্জনভোজনৈঃ॥ ৩০॥

অষ্টাঙ্গাবলেহার্দ্রকাদিকবড়ৌ জ্বরাধিকারো-ক্তৌ। পঞ্চতিক্তকঘৃতং কুষ্ঠোক্তং॥ ৩০॥

মসূরিকারোগে অষ্টাঙ্গাবলেহ সেবন, আর্দ্রকাদিদ্বারা কবড় ধারণ এবং পঞ্চ-তিক্তঘৃত পান, অভ্যঞ্জন ও ভোজনার্থ প্রয়োগ করিবে॥ ৩০॥

কুর্য্যাদ্ব্রণবিধানঞ্চ তৈলাদীন্ বর্জ্জয়ে-চ্চিরং। বিষঘ্নৈঃ সিদ্ধমন্ত্রৈশ্চ প্রমৃজ্যা তু পুনঃ পুনঃ। তথা শোণিতসংসৃষ্টাঃ কাঁশ্চিৎ শোণিতমোক্ষণৈঃ॥ ৩১॥

মসূরিকারোগে ব্রণরোগোক্ত বিধানে চিকিৎসা করিবে এবং তৈলাদি কিছু অধিককাল বর্জ্জন করিবে। এবং বিষঘ্ন সিদ্ধ মন্ত্র পাঠ পূর্ব্বক পুনঃ পুনঃ রো-গীকে মার্জ্জন করিবে।

কোন কোন গ্রন্থকারের মতে শোণিত সংসৃষ্ট মসূরিকাতে রক্তমোক্ষণ দ্বারা চিকিৎসা করিবে॥ ৩১॥

নিশাদ্বয়োশীরশিরীষমুস্তকৈঃ
সলোধ্রভদ্রশ্রিয়নাগকেশরৈঃ।
সস্বেদবিস্ফোটবিসর্পকুষ্ঠ-
দৌর্গন্ধ্যরোমাঞ্চিহরঃ প্রদেহঃ॥

বিম্বাতিমুক্তকাশোকপ্লক্ষবেতসপল্ল-বৈঃ। নিশিপর্য্যুষিতঃ ক্বাথো মসূরী ভয়নাশনঃ॥ ৩২॥

নিশাদ্বয়েত্যাদৌ।— ভদ্রশ্রিয়ং শ্বেতচন্দনং। বিম্বীত্যাদি।—বিম্বী তুমরীতি শ্রীকণ্ঠঃ। অতি-মুক্তকোমাধবীলতা। যোগোঽয়মনাগতমসূরী-নিবারণার্থং চৈত্রে মাসি পেয়ঃ। ৩২॥

হরিদ্রা, দারুহরিদ্রা, বেণারমূল, শিরীষপুষ্প, মুথা, লোধ, শ্বেতচন্দন ও নাগকেশর, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে স্বেদ, বিস্ফোটক, বিসর্প, কুষ্ঠ, দৌর্গন্ধ্য ও হান প্রভৃতি রোগ বিনষ্ট হয়।

ডুমির, মাধবীলতা, অশোক, পাকুড় ও বেতস, এই সকল দ্রব্যের পত্র-ক্বাথ (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত করতঃ) পর্য্যুষিত করিয়া পান করিলে মসূরিকা ভয় বিনষ্ট হয়॥ ৩২॥

চৈত্রাসিতভূতদিনে রক্তপতাকান্বিতা-স্নুহীভবনে। ধবলিতকলসন্যস্তা পাপ-রুজো দূরতো ধত্তে॥ ৩৩॥

চৈত্রাসিতভূতদিন ইতি চৈত্রকৃষ্ণচতুর্দ্দশ্যাং। ৩৩।
ইতি মসূরী চিকিৎসা।

চৈত্র মাসের কৃষ্ণ চতুর্দ্দশীতে রক্ত পতাকান্বিত সিজের বৃক্ষ ধবল কলসোপরি স্থাপন করিলে সেই বাটীর সুদূরে মসূরীরোগ (বসন্তরোগ) পলায়ন করিয়া থাকে॥ ৩৩॥

ইতি মসূরী-চিকিৎসা।

অথ ক্ষুদ্ররোগ-চিকিৎসা।

তত্রাজগল্লিকামামাং জলৌকাভিরুপাচরেৎ। শুক্তিসৌরাষ্ট্রিকাক্ষারকল্কৈশ্চালেপয়েন্মুহুঃ॥ ১॥

বিসর্পাদীনামক্ষুদ্রহেতুলক্ষণচিকিৎসিতানামভিধানেন ক্ষুদ্রহেতুলক্ষণচিকিৎসিতানাং রোগাণাং পারিশেষ্যাৎ ক্ষুদ্ররোগচিকিৎসিতমুক্তং। ননু যদি ক্ষুদ্রত্বমেষাং হেতুলক্ষণচিকিৎসিতাল্পত্বেন তর্হি অগ্নিরোহিণীবল্মীকাদীনাং ত্রিদোষজত্বেন হেত্বাদিবাহুল্যাৎ তৎ কথং ক্ষুদ্রত্বং নৈবং বাহুল্যেন তদ্ব্যপদেশাৎ ছত্রিণো গচ্ছন্তীতিবৎ কিম্বাবান্তরভেদবিরহত্বং ক্ষুদ্রত্বং যেনাত্র বল্মীকাজগল্লিকাদীনাং ন দোষদূষ্যাদিকৃতভূরিসঙ্খ্যাভেদেন ব্রণজ্বরাদিবন্নির্দ্দেশঃ কিন্তু প্রত্যেকং শ্লোকসংখ্যয়াভিধানং তেষাং। অজগল্লিকা আচলীতি লোকে আমামিত্যপক্কাং বাভটেপি অপক্বামিত্যুক্তং।

শুক্তীত্যাদি।—শুক্তিমুর্ক্তোৎপত্তিভাণ্ডং সৌরাষ্ট্রিকা সৌরাষ্ট্রমৃৎ সুশ্রুতে তু সৌরাষ্ট্রীস্থানে শঙ্খিকা, পঠ্যতে শঙ্খিকা সর্জ্জিক্ষারঃ। ক্ষারো যবক্ষার ইতি॥ ১॥

অজগল্লিকা (আচলি) রোগের অপক্কাবস্থায় জলৌকাদ্বারা রক্তমোক্ষণ করিবে এবং ঝিনুক, সৌরাষ্ট্রমৃত্তিকা ও যবক্ষার, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া বারম্বার প্রলেপন করিবে॥ ১॥

নবীনাকণ্টকার্য্যাস্ত কণ্টকৈর্ব্বেধমাত্রতঃ। কিমাশ্চর্য্যং বিপচ্যাশু প্রশামাত্যজগল্লিকা॥ ২॥

কণ্টকারীর কণ্টকদ্বারা বিদ্ধ করিয়া দিলে নূতন অজগল্লিকা পক্ক হইয়া অতি আশ্চর্য্য রূপে প্রশমিত হয়॥ ২॥

কঠিনাং ক্ষারযোগৈশ্চ দ্রাবয়েদজগল্লিকাং। শ্লেষ্মবিদ্রধিকল্পেন জয়েদনুশয়ীং ভিষক্॥ বিবৃতামিন্দ্রবৃদ্ধাঞ্চ গর্দ্দভীং জালগর্দ্দভং। ইরিবেল্লি গন্ধমালা জয়েৎ পিত্তবিসর্পবৎ॥ মধুরৌষধসিদ্ধেন সর্পিষা সনয়েদ্‌ব্রণান্। রক্তাবসেকৈর্ব্বহুভিঃ স্বেদনৈরপতর্পনৈঃ॥ জয়েদ্বিদারিকাং লেপৈঃ শিলাবেদরক্তমোক্ষণৈঃ। পনসিকাং কচ্ছপিকা মনেন বিধিনা ভিষক্॥ অন্ত্রালজীং কচ্ছপিকাং তথা পাষাণগর্দ্দভং॥ সাধয়েৎ কঠিনানন্যান্ শোথদোষসমুদ্ভবান্॥ সুরদারুশিলাকুষ্ঠৈঃ স্বেদয়িত্বা প্রলেপয়েৎ। কফমারুতশোথঘ্নো লেপঃ পাষাণগর্দ্দভে॥ ৩॥

ক্ষারযোগৈরিতি ঘন্টাপারল্যাদিযোগৈঃ। মধুরৌষধং কাকোল্যাদিগণঃ ব্রণানিতি বিবৃতাদীনেব গন্ধমালান্তান্ পাকেন ব্রণভাবমাপন্নান্ মধুরৌষধসিদ্ধেন সর্পিষা শময়েদিত্যর্থঃ। সুশ্রুতেঽপ্যুক্তং বিবৃতামিন্দ্রবৃদ্ধাং গর্দ্দভিকাং জালগর্দ্দভমিরিবেল্লিকাং গন্ধমালাং বিস্ফোটকঞ্চ পিত্তবিসর্প বিধানেনোপাচরেৎ। পক্কাশ্চ মধুরৌষধসিদ্ধেন সর্পিষেতি। রক্তাবসেকৈরিত্যাদিনা বিদারিকাচিকিৎসা। অনেন বিধানেনেতি বিদারিকোক্তেন। অন্যান্ শোথানিতি পাষাণগর্দ্দভাদীন্॥ দোষসম্ভবানিতি যোগ্যতয়া কফবাতজান্ সাধয়েৎ। পাষাণগর্দ্দভো "গাণ্ঠাহুয়া" ইতিখ্যাতা॥ ৩॥

অঙ্গর্গল্লিকা (আচঁলি) অত্যন্ত কঠিন হইলে উহাতে ঘন্টাপারল্যাদির ক্ষার প্রয়োগ করিবেন। এবং শ্লেষ্মা বিদ্রধি-চিকিৎসা প্রণালীক্রমে চিকিৎসা করিয়া বৈদ্যগণ অনুশয়ীরোগ বিনষ্ট করিবেন।

বিবৃতা, ইন্দ্রবৃদ্ধা, গর্দ্দভী জালগর্দ্দভ, ইরিবেল্লিকা ও গন্ধনামা, এই সকল রোগ পিত্তবিসর্পোক্ত বিধানে চিকিৎসা করিবে।

কাকোল্যাদিগণের সহিত সিদ্ধ কৃত ঘৃতদ্বারা ব্রণরোগের শান্তি করিবে। এবং পুনঃ পুনঃ রক্তমোক্ষণ, স্বেদ, অপতর্পণ প্রভৃতি দ্বারা বিদারিকা রোগের শান্তি করিবে।

শজিনা ও দেবদারু (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলেও বিদারিকারোগ বিনষ্ট হয়।

উক্ত রূপ বিধানে পনসিকা ও কচ্ছপিকা এবং অন্যান্যদোষ সম্ভব কঠিন কঠিন শোথ সমূহের চিকিৎসা করিবে।

অন্ত্রালজী, কচ্ছপিকা ও পাষাণ গর্দ্দভরোগে প্রথমতঃ স্বেদ প্রদান করিয়া দেবদারু, মনঃশিলা ও কুড়, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপন করিবে এবং পাষাণ গর্দ্দভ রোগে কফ ও বাতজ শোথনাশক লেপ প্রয়োগ করিবে॥ ৩॥

শস্ত্রেণোৎকৃত্য বল্মীকং ক্ষারাগ্নিভ্যাং প্রসাধয়েৎ। মনঃশিলালভল্লাতসূক্ষ্মৈলাগুরুচন্দনৈঃ॥ জাতীপল্লবকল্কৈশ্চ নিম্বতৈলং বিপাচয়েৎ॥ বল্মীকং নাশয়েত্তদ্ধি বহুচ্ছিদ্রং বহুস্রবং॥ পাদদারীষু চ শিরাং ব্যধয়েত্তলশোধনীং॥ স্নেহস্বেদোপপন্নৌ তু পাদৌ চালেপয়েন্মুহুঃ। মধূচ্ছিষ্টবসামজ্জঘৃতক্ষারৈর্বিমিশ্রিতৈঃ। সর্জ্জাখ্যসিন্ধূদ্ভবয়োশ্চূর্ণং মধুঘৃতাপ্লুতং। নির্ম্মথ্য কটুতৈলাক্তং হিতং পাদপ্রমার্জ্জনং॥৪॥

মনঃশিলেত্যাদৌ।—আলং হরিতালং নিম্বতৈলমিতি নিম্ববীজভবতৈলং। বহুস্রবমিতি বহুস্রাবং। সুশ্রুতে আলস্থানে পিপ্পলী যোগোঽপ্যয়ং যোগঃ পঠিতঃ।

তলশোধনীমিতি পাদতলগামিনীং স্নেহ স্বেদোপপন্নাবিত্যনন্তরং কুর্য্যাদিতি শেষঃ। অন্যে তু শিরাব্যধাৎপূর্ব্বং স্নেহস্বেদৌ কৃত্বা শিরাং ব্যধয়েদিতি বোধ্যং। এবমন্তরেণ শিরাব্যধস্যাপ্রবৃত্তৌ স্নেহস্বেদোপপন্নাবিত্যাদিনা তু পশ্চাৎ কর্ম্মোপদেশঃ দোষক্ষয়ার্থং রক্তাকৃষ্টিজনিতবাতক্ষয়ার্থঞ্চেতি আলেপয়েন্মধূচ্ছিষ্টাদিভিরিত্যন্বয়ঃ। অত্র ক্ষীরৈর্বিমিশ্রতৈরিত্যপপাঠঃ, সুশ্রুতে যবক্ষারৈরিতি পাঠাৎ।

সর্জ্জেত্যাদি।—সর্জ্জো ধূনকঃ, তৈলাক্তমিতি কটুতৈলযুক্তং যথাস্যাত্তথা পাদপ্রমার্জ্জনমিতি ক্রিয়া চূর্ণবিশেষণং॥ ৪॥

বল্মীকরোগে বল্মীক শস্ত্রদ্বারা উৎপাটন করিয়া ক্ষার ও অগ্নি প্রয়োগ করিবে। এবং মনঃশিলা, হরিতাল, ভেলা, ছোট এলাইচ, অগুরু, রক্তচন্দন ও জাতিপল্লব, এই সকল দ্রব্য কল্ক করতঃ (যথাবিহিত নিয়মানুসারে) নিম্ব তৈল পাক করিয়া প্রয়োগ করিবে। ইহাদ্বারা বহু-ছিদ্র ও বহু-পূঁযযুক্ত বল্মীক রোগ বিনষ্ট হয়।

পাদদারী-রোগে পাদতলস্থ শোধনী শিরা বিদ্ধ করিয়া দিবে এবং স্নেহ ও স্বেদ প্রদান করতঃ মোম, বসা, মজ্জা, ঘৃত ও যবক্ষার, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র মিশ্রিত করিয়া পুনঃ পুনঃ প্রলেপন করিবে এবং ধূনা, সৈন্ধবলবণ চূর্ণ, মধু ও ঘৃত একত্র কটুতৈলের সহিত মিশ্রিত করতঃ পাদ মার্জ্জন করিবে ॥ ৪ ॥

উপোদিকাক্ষার-তৈলম্—

[illegible]-
কর্কারুকৈর্ব্বারুকভস্মতোয়ে।
তৈলং বিপক্বং লবণাংশযুক্তং
তৎ পাদদারীং বিনিহন্তি লেপাৎ ॥৫॥

উপোদিকেত্যাদি—উপোদিকানালং গ্রাহ্যং মোচকঃ কদলীকন্টঃ; কর্কারুঃ কুষ্মাণ্ডভেদঃ; এর্ব্বারুঃ কর্কটী. অনয়োর্ন্নাড়ী এষাং ক্ষারোদকে চতুর্গুণে সৈন্ধবকল্কেন তৈলং পক্তব্যং। লেপাদিত্যতিঘনত্বাৎ ॥ ৫ ॥

পূতিকা, সর্ষপ, নিম্ছাল, মোচা এবং কর্কারুক (কুষ্মাণ্ডবিশেষ) ও এর্ব্বারু, ইহাদিগের লতা ভস্ম করতঃ ক্ষার জল প্রস্তুত করিবে। উক্ত ক্ষারজলে উপযুক্ত সৈন্ধবলবণ কল্ক প্রদান করতঃ (যথাবিহিত নিয়মানুসারে) তৈল পাক করিবে। উক্ত তৈল লেপন করিলে পাদদারীরোগ বিনষ্ট হয় ॥ ৫ ॥

অলসেঽম্লৈশ্চিরং সিক্তৌ চরণৌ পরিলেপয়েৎ। [illegible]-
ত্রিফলাভির্মুহুর্মুহুঃ ॥ ৬ ॥

অলসঃ পাকোআনা ইতি খ্যাতঃ। অম্লৈরিতি কাঞ্জিকৈঃ অরিষ্টো নিম্বঃ ॥ ৬ ॥

অলসকরোগে অম্ল কাঞ্জিক মধ্যে পাদদ্বয় বহুক্ষণ সিক্ত করিয়া পটোলপত্র নিম্ছাল, হিরাকস ও ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণ গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া বারম্বার প্রলেপন করিবে ॥ ৬ ॥

করঞ্জবীজং রজনীকাশীশং মধুকং মধু। রোচনা হরিতালঞ্চ লেপোঽয়মলসে হিতঃ ॥ ৭ ॥

ডহরকরঞ্জার বীজ, হরিদ্রা, হিরাকস, যষ্টিমধু, মধু, গোরোচনা ও হরিতাল, এই সকল দ্রব্যদ্বারা প্রলেপন করিলে অলসক রোগ বিনষ্ট হয় ॥ ৭ ॥

লাক্ষাভয়ারসালেপঃ কার্য্যো বা রক্তমোক্ষণং। জাতীপত্রঞ্চ সম্মর্দ্দ্য দদ্যাদলসকে ভিষক্ ॥ ৮ ॥

লাক্ষেত্যাদো।—রসো গন্ধরসঃ ॥ ৮ ॥

লাক্ষা, হরীতকী ও গন্ধরস, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া অলসরোগে প্রলেপ দিবে অথবা অলসকে রক্তমোক্ষণ করিবে ও জাতীপত্র মর্দ্দন করিয়া প্রলেপন করিবে ॥ ৮ ॥

বৃহতীরসসিদ্ধেন তৈলেনাভ্যজ্য বুদ্ধিমান্। শিলা[illegible]চূর্ণৈর্ব্বা
[illegible] ॥ ৯ ॥

বৃহতীত্যাদি।—বৃহতী কন্টকারী তস্যাঃ স্বরসঃ, তৈলঞ্চ সার্ষপং সুশ্রুতসম্বাদাৎ। প্রতিসারয়েদিতি ঘর্ষয়েৎ ॥ ৯ ॥

বুদ্ধিমান্ বৈদ্য অলসরোগে বৃহতীর রসের সহিত সিদ্ধকৃত তৈলদ্বারা অভ্যঙ্গ করিবেন এবং মনঃশিলা, গোরোচনা ও হিরাকস, এই সকল দ্রব্যের অতি সূক্ষ্ম চূর্ণ করিয়া তদ্দ্বারা মর্দ্দন করিবেন ॥ ৯ ॥

দহেৎ কদরমুদ্ধৃত্য তৈলেন দহনেন বা। চিপ্পমুষ্ণাম্বুনা স্বিন্নমুদ্ধৃত্যাভ্যজ্য তং ব্রণং ॥ ১০ ॥

দহেদিত্যাদি।—কদরং শস্ত্রেণোদ্ধৃত্য তপ্ততৈলেন দহনেন বা দহেদিত্যর্থঃ। দহনেনেত্যত্র

মদনেনেতি পাঠে মদনঃ সিক্‌থকঃ তেনাপি তপ্তেন ॥ ১০ ॥

কদররোগে কদর অস্ত্রদ্বারা উদ্ধৃত করতঃ তপ্ততৈল কিম্বা অগ্নিদ্বারা দগ্ধ করিবে।

চিপ্পরোগে উষ্ণ জলদ্বারা স্বেদ করিয়া পরে উহা ছেদন করতঃ তৈলাভ্যঙ্গ করিবে ॥ ১০ ॥

দত্বা সর্জ্জরসং চূর্ণং বদ্ধা ব্রণবদাচরেৎ। স্বরসেন হরিদ্রায়াঃ পাত্রে কৃষ্ণায়সেহভয়াং। ঘৃষ্ট্বা তজ্জেন কল্কেন লিম্পেচ্চিপ্পং পুনঃ পুনঃ ॥ ১১ ॥

চিপ্পমিতি চিপ্পমিহ কুনখমভিপ্রেতং নখাঙ্গুলীবেষ্টনং। উক্তরূপচিকিৎসায়াস্তত্রানার্হত্বাদিতি কেচিৎ উষ্ণাম্বুনা স্বেদনমিহ মার্দ্দবজননার্থং মৃদুত্বে সত্যেব কুনখোৎকর্ত্তনং কর্ত্তুং শক্যমিতি। বদ্ধেতি ব্রণোক্তবন্ধনবিধিনা ব্রণবদাচরেদিতি ব্রণহিতৈরাচারাদিভিরিত্যর্থঃ। কান্তলৌহপাত্রে ॥ ১১ ॥

চিপ্পরোগে ধূনা চূর্ণ প্রদান করতঃ ক্ষত স্থান ব্রণোক্ত বন্ধনবিধি অনুসারে বন্ধন করিয়া রাখিবে এবং ব্রণ-রোগোক্ত আহার ও ঔষধাদিদ্বারা চিকিৎসা করিবে।

কৃষ্ণ লৌহপাত্রে হরিদ্রা স্বরসের সহিত হরীতকী ঘর্ষণ করিয়া তদ্দ্বারা চিপ্পরোগে বারম্বার প্রলেপন করিবে ॥ ১১ ॥

চিপ্পে সটঙ্কণাস্ফোতামূললেপো নখপ্রদঃ। নিম্বোদকেন বমনং পদ্মিনীকন্টকে হিতং ॥ ১২ ॥

চিপ্প ইত্যাদৌ।—আস্ফোতা আফোরমালী, যোগোঽয়ং ব্যস্তসমস্ততয়া ব্যবস্থীয়তে বৃদ্ধৈঃ। নিম্বোদকেন নিম্বক্বাথেন মদনফলাদিযুক্তেনেত্যাহুঃ ॥ ১২ ॥

চিপ্পরোগে সোহাগা ও হাপরমালীর মূল (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে নখ উৎপন্ন হয়।

পদ্মিনীকন্টক রোগে (যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত) নিম্ছালের ক্বাথে মদন ফল চূর্ণ প্রক্ষেপ করতঃ পান করিয়া বমন করা বিধেয় ॥ ১২ ॥

নিম্বোদককৃতং সর্পিঃ সক্ষৌদ্রং পানমিষ্যতে। পদ্মনালকৃতঃ ক্ষারঃ পদ্মিনীং হন্তি লেপতঃ ॥ ১৩ ॥

নিম্ছালের ক্বাথে (যথাবিহিত নিয়মানুসারে) ঘৃত পাক করতঃ মধুযুক্ত করিয়া পান করিলে এবং পদ্মনাল দগ্ধ করিয়া সেই ক্ষার লেপন করিলে পদ্মিনীকন্টক রোগ বিনষ্ট হয় ॥ ১৩ ॥

নিম্বারগ্বধকল্কৈর্ব্বা মুহুরুদ্বর্ত্তনং [illegible] নীলীপটোলমূলাভ্যাং সাজ্য[illegible] লেপনং হিতং। জালগর্দ্দভরে[illegible]তু সদ্যো হন্তি চ বেদনাং ॥ ১৪ ॥

নিম্বেত্যাদি।—নিম্বারগ্বধকষায়কোহসাদন ইতি যৎ সুশ্রুতেনোক্তং অত্রাপি কষায়শব্দস্য কল্ক এবার্থঃ নীলী নীলবুহ্না ॥ ১৪ ॥

[illegible] পরিমাণ নিম্বপত্র ও শোণালুপত্র পেষণ করিয়া বারম্বার উদ্বর্ত্তন করিলে এবং নীলবুহ্না ও পটোলমূল (উপযুক্ত পরিমাণেগ্রহণ পূর্ব্বক) একত্র পেষণ করতঃ ঘৃতের সহিত মিশ্রিত করিয়া প্রলেপ দিলে জালগর্দ্দভ রোগে সদ্য বেদনার শান্তি হয় ॥ ১৪ ॥

অহিপূতনকে ধাত্র্যাঃ পূর্ব্বং স্তন্যং বিশোধয়েৎ। ত্রিফলাখদিরক্বাথৈ ব্রণানাং ধাবনং সদা ॥ ১৫ ॥

স্তন্যং বিশোধয়েদিতি।—পিত্তশ্লেষ্মহরৈঃ স্তন্যশোধনদ্রব্যৈরিত্যর্থঃ। উক্তং হি তত্র ধাত্র্যাঃ পয়ঃশোধ্যং পিত্তশ্লেষ্মহরৌষধৈরিতি ॥ ১৫ ॥

অহিপূতনকরোগে প্রথমতঃ পিত্তশ্লেষ্মনিবারক দ্রব্যাদিদ্বারা ধাত্রীর স্তন্য শোধন করিবে এবং খদিরকাষ্ঠ ও ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া),

যথাবিহিত নিয়মানুসারে প্রস্তুত ক্বাথ দ্বারা ব্রণ ধৌত করিবে ॥ ১৫ ॥

করঞ্জত্রিফলাতিক্তৈঃ সর্পিঃ সিদ্ধং শিশোর্হিতং। রসাঞ্জনং বিশেষেণ পানলেপনয়োর্হিতং ॥ ১৬ ॥

করঞ্জেত্যাদৌ।—তিক্তশ্চরকোক্তস্তিক্তকগণঃ। অন্যে তু পটোলপত্রমাহুঃ ॥ ১৬ ॥

অহিপূতনকরোগে ডহরকরঞ্জা, ত্রিফলা (হরীতকী, আমলকী, বহেড়া) ও তিক্তরস বিশিষ্ট দ্রব্য সহিত সিদ্ধকৃত ঘৃত শিশুর পক্ষে হিতকর, বিশেষতঃ রসাঞ্জন পান ও প্রলেপ রূপে ব্যবহার করিলে বিশেষ উপকার দর্শে ॥ ১৬ ॥

গুদভ্রংশে গুদং স্নেহৈরভ্যজ্যাশু প্রবেশয়েৎ। প্রবিষ্টে স্বেদয়েচ্চাপি বদ্ধং গোফণয়া দৃঢ়ং ॥ ১৭ ॥

গুদভ্রংশ ইত্যাদৌ।—স্নেহৈরিতি বহুবচনাৎ চতুর্ভিরেব স্নেহৈরিত্যাহঃ কিম্বা গব্যবসয়া ম্রক্ষয়েদিতি বক্ষ্যমাণযোগদর্শনাদিতি অত্রাপি স্নেহশব্দেন গব্যবসৈব গ্রাহ্যা গোফণা বন্ধবিশেষঃ স তি সুশ্রুতে ব্রণলেপনবন্ধবিধৌ ব্যক্তঃ। উক্তং তি "বন্ধো গমনার্থং সচ্ছিদ্রেণ চর্ম্মণাস্য কৌপীনবন্ধঃ কার্য্য" ইতি ॥ ১৭ ॥

গুদভ্রংরোগে গুহ্যদ্বারে স্নেহ (ঘৃত তৈলাদি) মাখাইয়া অতি শীঘ্র ভিতরে প্রবেশ করাইয়া দিবে। উহা প্রবিষ্ট হইলে স্বেদ প্রদান করিবে এবং ছিদ্রযুক্ত কৌপিন পরিধান করিয়া থাকিবে ॥ ১৭ ॥

কোমলং পদ্মিনীপত্রং যঃ খাদেচ্ছর্করান্বিতং। এতন্নিশ্চিত্য নির্দ্দিষ্টং ন তস্য গুদনির্গমঃ ॥ ১৮ ॥

উপযুক্ত পরিমাণ কোমল পদ্মপত্র চিনির সহিত সেবন করিলে নিশ্চয়ই গুহ্য দেশ পুনর্ব্বার [illegible] হইতে পারে না ॥ ১৮ ॥

[illegible] শুণ্ঠীবিশ্বপাঠাযবাগ্রজং। তক্রেণ শীলয়েৎ পায়ুভ্রংশার্ত্তোঽনলদীপনং ॥ ১৯ ॥

বৃক্ষাম্লং মহার্দ্রকং। অনলশ্চিত্রকঃ এষাং কল্কং তক্রেণ পিবেৎ ॥ ১৯ ॥

বৃক্ষাম্ল (মহাদা), চিতা, আমরুল, শুঁঠ, আকনাদি ও যবক্ষার, এই সকল দ্রব্য তক্রের সহিত সেবন করিলে গুদভ্রংশরোগীর অগ্নি প্রদীপ্ত হয় ॥ ১৯ ॥

গুদঞ্চ গব্যবসয়া ম্রক্ষয়েদবিশঙ্কিতঃ। চুল্প্রবেশো বিশত্যাশু গুদভ্রংশো ন সংশয়ঃ ॥ ২০ ॥

বহির্গত মলদ্বারে অবিশঙ্কিত চিত্তে গোবসা মর্দ্দন করিলে চুল্প্রবেশ গুদভ্রংশও অতি সত্বর নিশ্চয় প্রা[illegible] হয় ॥ ২০ ॥

মূষিকাণাং বসাভির্ব্বা গুদে সম্যক্ প্রলেপনং। স্বিন্নমূষিকমাংসেন চাথবা স্বেদয়েদ্ গুদং ॥ ২১ ॥

স্বিন্নমূষিকমাংসেনেত্যত্র কাঞ্জিকেন স্বিন্নং ঘৃতেন ভৃষ্টমিত্যাহুঃ ॥ ২১ ॥

গুদভ্রংশরোগে মূষিকের বসাদ্বারা সম্যক্ রূপ প্রলেপন করিলে অথবা কাঞ্জিকসহ সিদ্ধ এবং ঘৃতভৃষ্ট (ভাঁজা), মূষিকমাংসদ্বারা গুহ্যদেশে স্বেদ প্রয়োগ করিলে বিশেষ উপকার হইয়া থাকে ॥ ২১ ॥

চাঙ্গেরীঘৃতম্—

[illegible]। ঘৃতমুৎক্কথিতং পেয়ং গুদভ্রংশরুজাপহং। [illegible]ক্ষারাবত্রকল্কো শিষ্টস্তু [illegible] ॥ ২২ ॥

[illegible] কোলম্য শুষ্ক[illegible] এভির্বিধি[illegible] চাতুর্গুণ্যং কিম্বা চাঙ্গেরী স্বরসঃ স্নেহসমঃ। [illegible]

কোলরসৌ তু মিলিত্বা ত্রিগুণৌ পূর্ব্বেণ ব্যবহারঃ। নাগরক্ষারৌ কল্কৌ ॥ ২২॥

উপযুক্ত পরিমাণ চাঙ্গেরীর (আমরুলের) স্বরস, সুশুষ্ক বদরীফলের ক্কাথ ও অম্লদধি এবং শুঁঠ ও যবক্ষারের কল্ক সহিত (যথাবিহিত নিয়মানুসারে) পক্বঘৃত সেবন (যথোপযুক্ত মাত্রায়) করিলে গুদভ্রংশের বেদনা বিনষ্ট হয়। ইহাতে শুঁঠ ও যবক্ষারের কল্ক এবং অবশিষ্ট দ্রব্য সমূহের দ্রব প্রদান করিবে ॥ ২২ ॥

মূষিকাদ্যং তৈলম্—

ক্ষীরে মহৎপঞ্চমূলং মূষিকামন্ত্রবর্জ্জিতাং। পক্ত্বা তস্মিন্ পচেত্তৈলং বাতঘ্নৌষধসাধিতং। গুদভ্রংশমিদং তৈলং পানাভ্যঙ্গাৎ প্রসাধয়েৎ ॥২৩॥

ক্ষীর ইত্যাদৌ।—মূষিকাগুড়কামেকং গ্রাহ্যং পঞ্চমূলস্য ...লিত্বা প্রস্থ একঃ, ক্ষীরস্যাপি প্রস্থ একঃ, তোয়... প্রস্থদ্বয়ং। এবং নিষ্কাথ্য শেষঃ ক্ষীরপ্রস্থঃ স্থাপ্যঃ অনেন তৈলকুড়বঃ সাধ্য ইতি কশ্চিৎ। অন্যে তু দ্রব্যাদষ্টগুণং ক্ষীরং সাধয়িত্বা চতুর্গুণং। ক্ষীরমিত্যাদিপরিভাষয়া ক্ষীরং সাধয়িত্বা চতুর্গুণেন তৈলকুড়বঃ সাধ্য ইত্যাহুঃ। চক্রস্ত্বাহ অন্ত্রবর্জ্জিতামিতি গ্রহণযোগ্যতোপদর্শনার্থং তেন মূষিকমাংসস্য পলান্যষ্টৌ পঞ্চমূলস্যাপি ক্ষীরস্য প্রস্থঃ তোয়স্য প্রস্থত্রয়ং শেষঃ ক্ষীরপ্রস্থঃ, তেন কুড়বঃ সাধ্যঃ এবমন্যত্রাপি পক্কেন ক্ষীরেণ স্নেহসাধনে এষৈব ব্যবস্থেতি ব্যবহারপ্রায়ঃ প্রথমব্যাখ্যৈব। বাতঘ্নৌষধং ভদ্রদার্ব্বাদিগণঃ স চ কল্কঃ ॥ ২৩ ॥

বৃহৎ পঞ্চমূল (অর্থাৎ বেলছাল, শোণাছাল, গাম্ভারীছাল, পারুলছাল ও গণিয়ারীছাল) মিলিত এক প্রস্থ, অন্ত্রাদি বর্জ্জিত মূষিক একটী, দুগ্ধ এক প্রস্থ ও জল দুই প্রস্থ, একত্র সিদ্ধ করিয়া দুগ্ধ মাত্র অবশিষ্ট থাকিতে ক্কাথ গ্রহণ করিবে। অনন্তর উক্ত ক্কাথ ও ভদ্র দার্ব্বাদি গণের কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে এক সের তৈল পাক করিবে। উক্ত তৈল গুদভ্রংশরোগে অভ্যঙ্গরূপে প্রয়োগ করিবে ॥ ২৩ ॥

স্বেদোপনাহৌ পরিকর্ত্তিকায়াং কৃত্বা সমভ্যজ্য ঘৃতেন পশ্চাৎ। প্রবেশয়েচ্চর্ম্ম শনৈঃ প্রবিষ্টেমাংসৈঃ সুখোষ্ণৈরুপনাহয়েচ্চ ॥ স্নেহস্বেদৈস্তথৈবৈনাং চিকিৎস্যেদবপাটিকাং। নিরুদ্ধপ্রকশে নাড়ীং দ্বিমুখীং কনকাদিজাং ॥ ক্ষিপ্ত্বা ত্যক্ত্বা চুল্লকাদিস্নেহেন পরিষেচয়েৎ। তৈলেন বা বচাদারুকল্কৈঃ সিদ্ধেন চ ত্র্যহাৎ ॥ পুনঃ স্থূলতরা নাড়ী দেয়া স্রোতো বিবৃদ্ধয়ে। শস্ত্রেণ সেবনীং ত্যক্ত্বা ভিত্ত্বা ব্রণবদাচরেৎ। স্নিগ্ধঞ্চ ভোজনং রুদ্ধগুদেপ্যেষ ক্রিয়াক্রমঃ ॥ ২৪ ॥

স্বেদেত্যাদৌ।—পরিকর্ত্তিকায়াং সর্পিষা অভ্যজ্য অনন্তরং বাতঘ্নৈর্মাষাদিভিঃ স্বেদং কৃত্বা শাল্বনাদিনা চ উপনাহনং কৃত্বা চ পরিবর্ত্তিতং চর্ম্ম যথোক্তস্বেদাদিনা মৃদুভূতং প্রবেশয়েৎ ... গানয়েদিত্যর্থঃ। প্রবিষ্টে চ সুখোষ্ণৈর্মাংসৈ... নাহয়েৎ। সুশ্রুতেপ্যেবমেবোক্তং। ...বেনা মি...নেনাবপাটিকায়ামপুপেনান্তং চর্ম্মানয়নকাণ্ডিদিশতি।

নিরুদ্ধেত্যাদৌ।—কনকাদীত্যাদিনা শঙ্খ পুঃ প্রভৃতীনাং গ্রহণং। চুল্লকী শুশূ ইতি খ্যাতো জলজন্তুঃ। আদিশব্দাৎ বরাহাদয়ঃ। ত্র্যহাদিত্যত্র বীপ্সা বোধ্যা তেন ত্র্যহাৎ ত্র্যহাৎ প্রাগুক্তনাড়্যপেক্ষয়া পুনঃ পুনঃ স্থূলতরা নাড়ীদেয়া, স্রোতো বিশুদ্ধয় ইত্যত্র স্রোতোবিবৃদ্ধয় ইতি নিরুদ্ধপ্রকশোক্তবিধিঃ ॥ ২৪ ॥

পরিকর্ত্তিকা রোগে প্রথমতঃ ঘৃতাভ্যঙ্গ করিয়া বাতঘ্ন দ্রব্যদ্বারা স্বেদ এবং শাল্বনাদিদ্বারা উপানাহন করিবে। ইহাদ্বারা চর্ম্ম মৃদু (কোমল) হইলে, চর্ম্ম সম্যক্‌রূপে আনয়ন করিবে এবং চর্ম্ম আনিত হইলে ঈষদুষ্ণ মাংসদ্বারা উপনাহন করিবে।

অবপাটিকারোগে স্নেহ, স্বেদ, উপানাহন ও চর্ম্ম আনয়ন করিয়া চিকিৎসা করিবে।

নিরুদ্ধপ্রকশরোগে চুল্লকী (শিশুমার, জলজন্তু বিশেষ, শুশু) ও বরাহাদির স্নেহে কনকাদি নির্ম্মিত দ্বিমুখ নলভিজাইয়া প্রবেশ করাইবে।

এবং বচ ও দেবদারু প্রভৃতির কল্ক [দ্বা]রা যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া অবসেচন করিবে। তিন দিবস অন্তর স্রোতঃ বর্দ্ধনার্থ পুনঃ পুনঃ এইরূপে স্থূলতর নল প্রবেশ করাইবে।

সেবনী শিরা পরিত্যাগ করতঃ অস্ত্র দ্বারা বিদারণ করিয়া ব্রণবৎ চিকিৎসা করিবে। এবং স্নিগ্ধ দ্রব্য সমূহ ভোজন করিবে।

রুদ্ধগুদেও উক্তরূপ চিকিৎসা আচরণ করিবে॥ ২৪॥

চর্ম্মকীলং জতুমণিং মসকাং স্তিলকালকান্। উদ্ধৃত্য শস্ত্রেণ দহেৎ ক্ষারাগ্নিভ্যামশেষতঃ॥ ২৫॥

জতুমণিরিত্যুক্ত।—ক্ষারাগ্নিভ্যামিতি অনবগাঢ়ে ক্ষারেণ অবগাঢ়ে ত্বগ্নিনা॥ ২৫॥

চর্ম্মকীল, জতুমণি, মসক ও তিলকালক, এই সকল অস্ত্রদ্বারা উৎপাটন করিয়া ক্ষার ও অগ্নিদ্বারা নিঃশেষরূপে দগ্ধ করিবে॥ ২৫॥

কুবুনালস্য চূর্ণেন ঘর্ষো মসকনাশনঃ। নির্ম্মোকভস্মঘর্ষাদ্বা মসঃ শান্তিং ব্রজেদ্ সদা॥ ২৬॥

কুবুরেরগুস্তম্য নালেন গৃহীতং যচ্চূর্ণমিতি শঙ্খচূর্ণং তেন ঘর্ষোঘর্ষণমিত্যর্থঃ। নির্ম্মোক ইতি কৃষ্ণসর্পনির্ম্মোকঃ॥ ২৬॥

এরণ্ডনাল দ্বারা শঙ্খচূর্ণ গ্রহণ করতঃ উক্ত চূর্ণদ্বারা ঘর্ষণ করিলে মসকরোগ বিনষ্ট হয় এবং কৃষ্ণসর্পের খোলস ভস্ম করিয়া তদ্দ্বারা ঘর্ষণ করিলেও মসক রোগের শান্তি হয়॥ ২৬॥

যুবানপিড়কান্যচ্ছনীলিকাব্যঙ্গশর্করাঃ। শিরাব্যধৈঃ প্রলেপৈশ্চ জয়েদভ্যঙ্গনৈস্তথা॥ লোধ্রধান্যবচালেপস্তারুণ্যপিড়কাপহঃ॥ ২৭॥

পীড়কা যুবান পীড়কা বর্ণাগম ইত্যাদিনিরুক্ত-বিধিনা বর্ণলোপঃ ধান্যং ধনিয়কং॥ ২৭॥

যুবানপীড়কা, ন্যচ্ছ, নীলিকা, ব্যঙ্গ ও শর্করা, এ সকল রোগে শিরাবেধ, প্রলেপ ও অভ্যঙ্গ প্রভৃতি দ্বারা চিকিৎসা করিবে।

তরুণ পীড়কাতে লোধ, ধনিয়া ও বচ, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণ গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিবে। এইরূপ গোরোচনা ও মরিচ পেষণ করিয়া লেপন করিলেও যুবান পীড়কা বিনষ্ট হইয়া থাকে॥ ২৭॥

[illegible] মরিচ [illegible] মুখলেপনাৎ। সিদ্ধার্থক [বচা]লোধ্রসৈন্ধবৈশ্চ প্রলেপনং। বমনঞ্চ নিহন্ত্যাশু পিড়কাং যৌবনোদ্ভবাং॥ ২৮॥

শ্বেতসর্ষপ, বচ, লোধ ও সৈন্ধবলবণ, এই সকল (উপযুক্ত পরিমাণে লইয়া) একত্র পেষণ করতঃ লেপন এবং রোগীকে বমন করাইলে যৌবনজাত পিড়কা শীঘ্র নষ্ট হয়॥ ২৮॥

ব্যঙ্গেষু চার্জ্জুনত্বগ্বা মঞ্জিষ্ঠা বা সমাক্ষিক। লেপঃ সনবনীতো বা শ্বেতাশ্বখুরজামসী॥ ২৯॥

ব্যঙ্গেষিত্যাদৌ।—বাভটস্য। সমাক্ষিকেতি অর্জ্জুনত্বক্ চাপি সম্বধ্যতে অর্জ্জুনত্বক্ বৃক্ষসম্বন্ধাদেব স্বয়ং শুষ্কা গ্রাহ্যা। শ্বেতা শ্বেতাপরাজিতা, অশ্বখুরঃ অশ্বস্য ঘোটকস্য খুরঃ, তয়োর্মসী ভস্ম; অন্যে তু ধবলঘোটকখুরমসী- [illegible]

ব্যঙ্গরোগে যথোপযুক্ত পরিমাণ অর্জ্জুনবৃক্ষের বল্কল অথবা মঞ্জিষ্ঠা পেষণ করিয়া মধুর সহিত প্রলেপন করিলে, অথবা শ্বেত-অপরাজিতার মূল ও অশ্বের খুর দগ্ধ করিয়া সেই ভস্ম নবনীতের সহিত মিশ্রিত করতঃ ব্যঙ্গস্থানে লেপন করিলে ব্যঙ্গরোগ বিনষ্ট হইয়া থাকে॥ ২৯॥

রক্তচন্দনমঞ্জিষ্ঠাকুষ্ঠলোধ্রপ্রিয়ঙ্গবঃ।
বটাঙ্কুরমসূরাশ্চ ব্যঙ্গঘ্না মুখকান্তিদাঃ॥
ব্যঙ্গীনাং লেপনং শস্তং রুধিরেণ শশস্য চ। কেবলান্ পয়সা পিষ্ট্বা তীক্ষ্ণান্ শাল্মলীকন্টকান্। আলিপ্তং ত্র্যহমেতেন ভবেৎ পদ্মোপমং মুখং॥৩০

রক্তচন্দনেত্যাদৌ।—বহুবচনাৎ ব্যঙ্গসন্তানিতি বদন্তি। বটাঙ্কুরা অভিনবপত্রমুকুলাঃ। তীক্ষ্ণানিত্যভিন্নান্॥ ৩০॥

রক্তচন্দন, মঞ্জিষ্ঠা, কুড়, লোধ, প্রিয়ঙ্গু, নূতন বটাঙ্কুর ও মসূর, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপন করিলে ব্যঙ্গরোগ বিনষ্ট হইয়া মুখপদ্মোপম হয়।

যথোপযুক্ত পরিমাণ তীক্ষ্ণ শাল্মলী (শিমূলের) কন্টক দুগ্ধের সহিত পেষণ করিয়া তদ্দ্বারা মুখলেপন করিলে তিন দিবসের মধ্যে পদ্মের ন্যায় মুখ কান্তি হয়॥ ৩০॥

মসূরৈঃ সর্পিষাপিষ্টৈর্লিপ্তমাস্যং পয়োন্বিতৈঃ। সপ্তরাত্রাদ্ভবেদ্বক্তং পুণ্ডরীকদলোপমম্॥ ৩১॥

মসূরৈরিত্যাদৌ।—সর্পিষেতি বিশেষণে তৃতীয়া। পিষ্টৈরিত্যথাৎ পয়সৈব পিষ্টৈরিত্যর্থঃ। পিষ্টৈরিত্যত্র ভৃষ্টৈরিত্যপি কেচিৎ পঠন্তি। বাগ্ভটেপ্যুক্তং "ক্ষীরপিষ্টা ঘৃতাক্তা প্রযুক্তা বা ভৃষ্টনিস্তুষাঃ মসূরা" ইতি॥ ৩১॥

ব্যঙ্গরোগে উপযুক্ত পরিমাণ ঘৃতের সহিত মসূর পেষণ করিয়া দুগ্ধ সহযোগে প্রলেপ দিবে। সপ্তরাত্র পর্য্যন্ত এইরূপ প্রলেপন করিলে পদ্মদলের ন্যায় মুখকান্তি হয়॥ ৩১॥

মাতুলুঙ্গজটাসর্পিঃ [illegible] রসঃ। [illegible] তিলকালকজিৎ॥ নবনীতগুড়ক্ষৌদ্রকোলমজ্জপ্রলেপনং। ব্যঙ্গজিদ্বরুণত্বগ্বা ছা[illegible]প্রপেষিতা॥ জাতীফলকল্কলেপো [illegible]নঃ। সায়ঞ্চ কটু[illegible] বক্ত্রপ্রসাদনঃ॥ ৩২॥

মাতুলুঙ্গস্য জটা মূলং শিলা মনঃশিলা কোলমজ্জা বদরমজ্জা। বরুণত্বগেতি দ্বিতীয়োযোগঃ॥ ৩২॥

ছোলঙ্গলেবুর (বীজপুর অথবা টাবালেবু) মূল, ঘৃত, মনঃশিলা ও গোময়রস, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া ও লেপন করিলে মুখের কান্তি বৃদ্ধি এবং পীড়কা ও তিলকাল রোগ [illegible] হয়।

নবনীত, পুরাতন গুড়, মধু ও কুলের আঁটির শাস, এই সকল দ্রব্য (যথোপযুক্ত মাত্রায় গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া লেপন করিলে অথবা বরুণবৃক্ষের বল্কল ছাগদুগ্ধে পেষণ করিয়া প্রলেপন করিলে ব্যঙ্গরোগ নষ্ট হয়।

জাতীফল ও বরুণত্বক্ (উপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া কটুতৈলের সহিত মিশ্রিত করতঃ সায়ংকালে লেপন করিলে মুখকান্তি পরিবর্দ্ধিত হয় এবং নীলি ব্যঙ্গাদি রোগ বিনষ্ট হইয়া থাকে॥ ৩২॥

কালীয়[illegible]
[illegible]ফলিনীভিঃ। লিপ্তং ভবতি চ বদনং শশিপ্রভং সপ্তরাত্রেণ॥ ৩৩॥

কালীয়কেত্যাদৌ।—উৎপলং নীলোৎপলং আময়ঃ কুষ্ঠং, বদরাস্থিমধ্যং মজ্জা, ফলিনীপ্রিয়ঙ্গুঃ ॥ ৩৩ ॥

কালীয়কাষ্ঠ (কালাকড়), উৎপল, কুড়, দধির সর, বদরীফলের শাস ও প্রিয়ঙ্গু, এই সকল দ্রব্য (উপযুক্ত পরিমাণে লইয়া) একত্র পেষণ করতঃ প্রলেপন করিলে সপ্তরাত্রের মধ্যে চন্দ্রের ন্যায় মুখ কান্তি হয় ॥ ৩৩ ॥

তুষরহিতমসৃণযবচূর্ণসযষ্টীমধুকলোধ্র-লেপেন। ভবতি মুখং পরিনির্জ্জিত-চামীকরচারুসৌভাগ্যম্ ॥ রক্ষোঘ্নশ-ক্ষরীদ্বয়ং মঞ্জিষ্ঠাগৈরিকসাজ্যছাগপয়ঃ। সিদ্ধেন লিপ্তমাননমুদ্যদ্বিধুবিম্ববদ্বি-ভাতি ॥ ৩৪ ॥

রক্ষোঘ্নঃ শ্বেতসর্ষপঃ আজ্যং ঘৃতং, বস্তপয়ঃ সিদ্ধেনেতি সমাসপদং রক্ষোঘ্নাদিসিদ্ধেন লেপেনেত্যর্থঃ ॥ ৩৪ ॥

তুষরহিত যবের অতি সূক্ষ্মচূর্ণ করিবে। উক্ত চূর্ণ, যষ্টিমধু ও লোধ, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ) একত্র পেষণ করিয়া প্রলেপ দিলে চন্দ্রকিরণের চারুসৌভাগ্য ও মুখ কান্তির নিকট পরাভূত হয়।

শ্বেতসর্ষপ, হরিদ্রা, দারুহরিদ্রা, মঞ্জিষ্ঠা, গৈরিক (গেরুমাটী বা গিরিমাটী), ঘৃত ও ছাগদুগ্ধ, এই সকল দ্রব্য একত্র সিদ্ধ করিয়া মুখলেপন করিলে, মুখ উদিত চন্দ্রবিম্বের ন্যায় শোভা পায় ॥ ৩৪ ॥

পরিণতদধিশরপুঙ্খৈঃ কুবলয়দলকুষ্ঠ-চন্দনোশীরৈঃ। মুখকমলকান্তিকারী ভ্রূকুটিতিলকালকান্ জয়তি ॥ ৩৫ ॥

পরিণতেত্যাদি।—পরিণতদধি প্রভৃতিভির্লেপঃ। ভ্রূকুটী ললাটে বলীরূপা ॥ ৩৫ ॥

পুরাতন দধি, শরপুঙ্খা, নীলোৎপল পত্র, কুড়, রক্তচন্দন ও বেণারমূল (বীরণমূল), এই সকল দ্রব্য পেষণ করিয়া প্রলেপন করিলে পদ্মের ন্যায় মুখকান্তি ও ললাট বলীশোভিত হয় এবং তিলকালক প্রভৃতি রোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ৩৫ ॥

হরিদ্রাদ্যং তৈলম্—

হরিদ্রাদ্বয়যষ্ট্যাহ্বকালীয়ককুচন্দনৈঃ। প্রপৌণ্ডরীকমঞ্জিষ্ঠা পদ্মপদ্মককুঙ্কুমৈঃ ॥ কপিত্থতিন্দুকপ্লক্ষবটপত্রৈঃ পয়োন্বিতৈঃ। লেপয়েৎ কল্কিতৈরেভি তৈলং বাভ্যঞ্জনং চরেৎ ॥ পিপ্লবং নীলিকাব্যঙ্গং তিলকান্ মুখদূষিকান্। নিত্যসেবী জয়েৎ ক্ষিপ্রং মুখং কুর্য্যান্মনোরমং ॥ ৩৬ ॥

হরিদ্রাদৌ।—কুচন্দনং চন্দনভেদঃ; পদ্মং পদ্মপুষ্পং পত্রশব্দঃ কপিত্থাদিভিঃ প্রত্যেকং সম্বধ্যতে। লেপপক্ষে পয়সৈব পেষণং। তৈলপাকপক্ষে হরিদ্রাদীনাং কল্কঃ ক্ষীরঞ্চ চতুর্গুণং। পিপ্লবমিতি জটুলং ॥ ৩৬ ॥

হরিদ্রা, দারুহরিদ্রা, যষ্টিমধু, কালীয়কাষ্ঠ (কালাকড়), রক্তচন্দন, পুণ্ডরীয়া, মঞ্জিষ্ঠা, পদ্মপুষ্প, পদ্মকাষ্ঠ, কুঙ্কুম এবং কদ্‌বেল, গাব, পাকুর ও বটপত্র, এই সকল দ্রব্য দুগ্ধের সহিত পেষণ করতঃ প্রলেপন করিবে। অথবা উক্ত দ্রব্য সকলের কল্কদ্বারা যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া অভ্যঞ্জন করিবে। ইহাদ্বারা পিপ্লব (জটুল), নীলিকা, ব্যঙ্গ, তিলক ও মুখদূষিকা প্রভৃতি রোগ বিনষ্ট হয় এবং প্রতিদিন উক্ত তৈল মর্দ্দন করিলে মুখকান্তি অতি মনোহর হয়।

তৈল পাক করিতে হইলে হরিদ্রা প্রভৃতি দ্রব্যগুলির কল্ক ও চতুর্গুণ দুগ্ধ প্রদান করিবে ॥ ৩৬ ॥

কণক-তৈলম্—

মধুকস্য কষায়েণ তৈলস্য কুড়বং পচেৎ। কল্কৈঃ প্রিয়ঙ্গুমঞ্জিষ্ঠাচন্দনোৎপলকেশরৈঃ। কণকং নামত-স্তৈলং মুখকান্তিকরং পরং। অভীরু-নীলিকাব্যঙ্গশোধনং পরমর্চ্চিতং ॥৩৭॥

মধুকস্যেত্যাদৌ।—কেশরং নাগকেশরং। অভীরু জটুলং॥ ৩৭॥

যষ্টিমধুর ক্বাথের সহিত /১এক সের তৈল যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। পাককালে প্রিয়ঙ্গু, মঞ্জিষ্ঠা, রক্তচন্দন, উৎপল ও নাগকেশর, এই সকল দ্রব্য উত্তমরূপ কুট্টিত করতঃ কল্করূপে উহাতে প্রদান করিবে। ইহার নাম কণক তৈল। উক্ত তৈল মর্দ্দন করিলে মুখের কান্তি বৃদ্ধি হয়। এবং ইহা অভীরু (জটুল), নীলিকা ও ব্যঙ্গ প্রভৃতি রোগের অতি শ্রেষ্ঠ শোধক॥ ৩৭॥

মঞ্জিষ্ঠাদ্যং তৈলম্—

মঞ্জিষ্ঠা মধুকং লাক্ষা মাতুলুঙ্গং সযষ্টিকং। কর্ষপ্রমাণৈ রেতৈস্তু তৈলস্য কুড়বন্তথা॥ আজং পয়স্তদ্দ্বিগুণং শনৈর্মৃদ্বগ্নিনা পচেৎ। নীলিকাপিড়কাব্যঙ্গানভ্যঙ্গাদেব নাশয়েৎ॥ মুখং প্রসন্নোপচিতং বলীপলিতবর্জ্জিতং। সপ্তরাত্রপ্রয়োগেণ ভবেৎ কনকসন্নিভম্॥ ৩৮॥

মঞ্জিষ্ঠেত্যাদৌ।—মাতুলুঙ্গস্য মূলং মধুকং সযষ্টিকমিতি পদদ্বয়োপাদানাৎ জলস্থলভেদেন যষ্টিমধুদ্বয়মিহ গ্রহণমিতি জ্ঞেয়ং॥ ৩৮॥

মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, লাক্ষা (লাহা অথবা গালা), ছোলঙ্গলেবুর মূল (টাবালেবুর মূল) ও যষ্টিমধু, এই সকল দ্রব্যের প্রত্যেকের ২তোলা উত্তমরূপ কুট্টিত কল্ক সহ /১ এক সের তৈল যথাবিধি মৃদু অগ্নিতে পাক করিবে। পাককালে ছাগ দুগ্ধ /২ দুই সের উহাতে প্রদান করিবে। উক্ত তৈল শরীরে অভ্যঞ্জন করিলে নীলিকা, পিড়কা ও ব্যঙ্গ প্রভৃতি রোগ বিনষ্ট হয় এবং মুখ কান্তি উজ্জ্বল ও বলী পলিতাদি বৃদ্ধত্ব দূর হয়। এবং উক্ত তৈল সপ্তরাত্র অভ্যঞ্জন করিলে সুবর্ণের ন্যায় কান্তি হয়॥ ৩৮॥

(১) কুঙ্কুমাদ্যং তৈলম্—

কুঙ্কুমং চন্দনং লাক্ষা মঞ্জিষ্ঠা মধুযষ্টিকা। কালীয়কমুশীরঞ্চ পদ্মকং নীলমুৎপলম্॥ ন্যগ্রোধপাদাঃ প্লক্ষস্য শুঙ্গাঃ পদ্মস্য কেশরম্। দ্বিপঞ্চমূলসহিতৈঃ কষায়ৈঃ পলিকৈঃ পৃথক্॥ জলাঢ়কং বিপক্তব্যং পাদশেষ মথোদ্ধরেৎ। মঞ্জিষ্ঠা মধুকং লাক্ষা পত্তঙ্গং মধুযষ্টিকা॥ কর্ষপ্রমাণৈ রেতৈস্তু তৈলস্য কুড়বং পচেৎ। অজাক্ষীরং তদ্দ্বিগুণং শনৈর্মৃদ্বগ্নিনা পচেৎ॥ সম্যক্ পক্বং পরং হ্যেতন্মুখবর্ণপ্রসাদনং। নীলিকাপীড়কাব্যঙ্গানভ্যঙ্গাদেব নাশয়েৎ॥ সপ্তরাত্রপ্রয়োগেণ ভবেৎ কাঞ্চনসন্নিভম্। কুঙ্কুমাদ্যমিদন্তৈল মশ্বিভ্যাং নির্ম্মিতং পুরা॥৩৯॥

কুঙ্কুমমিত্যাদৌ।—ন্যগ্রোধস্য বটস্য পাদাঃ শুঙ্গাঃ প্লক্ষোলাকড়ী কষায়ৈরিতি কষায়সাধনৈঃ কুঙ্কুমরক্তচন্দনাদিভিঃ পঞ্চবল্কলৈরিত্যন্যে। পত্তঙ্গং রক্তচন্দনং। দ্বিপঞ্চমূলসহিতৈরিত্যত্র পদ্মকিঞ্জল্কসহিতৈরিতি কেচিৎ পঠন্তি বাভটেঽপি দশমূলং বিনা যোগোঽয়ং দৃশ্যতে এবং চক্রাটেঽপি তেনাপি যোগান্তরত্বং॥ ৩৯॥

কুঙ্কুম, রক্তচন্দন, লাক্ষা, মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, কালীয়কাষ্ঠ, বেণারমূল, পদ্মকাষ্ঠ, নীলোৎপল, বটের অঙ্কুর, প্লক্ষাঙ্কুর (লাকইরের পত্র কোরক), পদ্মকেশর, বেল, শ্যোনা, গাম্ভারী, পারুলী, গণিয়ারী, শালপানী (ছালানি), পৃশ্নিপর্ণী

(পিঠানী), বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর, এই সকল দ্রব্য প্রত্যেকে ১ এক পল অর্থাৎ ৮ আট্ তোলা, ।৬ ষোল সের জল সহ পাক করিয়া /৪ চারি সের অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথ এবং ছাগীদুগ্ধ /২ সের ও নিম্নলিখিত কল্কদ্রব্য সহিত তৈল /১ এক সের (যথাবিহিত নিয়মানুসারে) পাক করিবে। কল্কদ্রব্য যথা—মঞ্জিষ্ঠা, যষ্টিমধু, লাক্ষা (লাহা বা গালা), রক্তচন্দন ও যষ্টিমধু (১), এই সকল দ্রব্য প্রত্যেকে ২ তোলা পরিমাণে লইয়া উত্তমরূপ কুট্টিত বা পেষণ করতঃ তৈলে প্রদান করিবে। তৈল যথাবিধি পাক করিয়া অভ্যঞ্জন করিলে মুখের কান্তি উজ্জ্বল হয় এবং নীলিকা, পিড়কা ও ব্যঙ্গ প্রভৃতি রোগ তৈল অভ্যঙ্গ মাত্রেই বিনষ্ট হয়। ইহা সপ্তাহ অভ্যঙ্গ করিলে সুবর্ণের ন্যায় কান্তি হইয়া থাকে।

উক্ত কুঙ্কুমাদ্য-তৈল পূর্ব্বকালে স্বর্গবৈদ্য অশ্বিনীকুমার কর্ত্তৃক আবিষ্কৃত হইয়াছিল ॥ ৩৯ ॥

(২) কুঙ্কুমাদ্যং তৈলম্—

কুঙ্কুমং চন্দনং লাক্ষা মঞ্জিষ্ঠা মধুযষ্টিকা। কর্ষপ্রমাণৈরেতৈস্তু তৈলস্য কুড়বং পচেৎ। অজাক্ষীরং তদ্দ্বিগুণং শনৈর্মৃদ্বগ্নিনা পচেৎ। সম্যক্ পক্বং পরং হ্যেতন্মুখকান্তিপ্রসাদনং॥ নীলিকাপিড়কাব্যঙ্গানভ্যঙ্গাদেব নাশনং। সপ্তরাত্রপ্রয়োগেণ ভবেৎ কাঞ্চনসন্নিভং॥ ৪০ ॥

দ্বিতীয়কুঙ্কুমাদ্যং তৈলমাহ কুঙ্কুমমিত্যাদি।—স্পষ্টং ॥ ৪০ ॥

গৃহধূমেত্যাদৌ।—ক্ষারো যবক্ষারঃ নক্তাহ্বং করঞ্জবীজং শিখরিবীজমপামার্গবীজতণ্ডুলং অত্রাপি জলং চতুর্গুণং দেয়ং। চিত্রকেত্যাদৌ।—দীপ্যকং যমানী লবণং সৈন্ধবং অর্কমর্কক্ষীরং ॥ ২১ ॥

গৃহেরঝুল, পিপ্পলী, দেবদারু, যবক্ষার, ডহরকরঞ্জা, সৈন্ধব ও অপামার্গের বীজ, এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক সহিত যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া ব্যবহার করিলে নাসার্শঃ রোগ বিনষ্ট হয় ॥ ২১ ॥

চিত্রকতৈলম্—

চিত্রকচবিকাদীপ্যকনিদিগ্ধিকাকরঞ্জলবণার্কৈঃ। গোমূত্রযুক্তং সিদ্ধং তৈলং নাসার্শসাং বিহিতং ২২ ॥

চিতামূল, চই, যমানী, কণ্টকারী, ডহরকরঞ্জবীজ, সৈন্ধব, আকন্দছগ্ধ, এই সকল দ্রব্যের উত্তম রূপ কুট্টিত কল্ক ও উপযুক্ত পরিমাণ গোমূত্র সহ যথাবিহিত নিয়মানুসারে তৈল পাক করিয়া ব্যবহার করিলে নাসার্শঃরোগ প্রশমিত হয় ॥২২॥

চিত্রকহরীতকী—

চিত্রকস্যামলক্যাশ্চ গুডূচ্যাদশমূলজং। শতং শতং রসং দত্ত্বা পথ্যা চূর্ণাঢ়কং গুড়াৎ॥ শতং পচেদ্ঘনীভূতে পলং দ্বাদশকং ক্ষিপেৎ। ব্যোষত্রিজাতয়োঃ ক্ষারাৎ পলার্দ্ধমপরেঽহনি॥ প্রস্থার্দ্ধং মধুনো দত্ত্বা যথাগ্ন্যদ্যাদিতন্ত্রিতঃ। বৃদ্ধয়েঽগ্নেঃ ক্ষয়ং কাসং পীনসং দুস্তরং ক্রিমীন্। গুল্মোদাবর্ত্তদুর্নামশ্বাসান্ হন্তি রসায়নং॥ ২৩॥

চিত্রকহরীতক্যাং চিত্রকস্য পঞ্চাশৎ পলানি জলশরাবাঃ পঞ্চাশৎ স্থাপ্যাস্ত সার্দ্ধদ্বাদশশরাবাঃ এবং চিত্রকস্য কাথস্য পলশতং ভবতি। আমলকী স্বরসস্যাপি পলশতং স্বরসাভাবে দ্রয়মেব স্বরসবিধিঃ। এবং গুড়ূচ্যাঃ মিলিতদশমূলস্য চ কাথবিধিঃ। ব্যোষত্রিজাতয়োর্মিলিত্বা পলদ্বাদশ। পলার্দ্ধমিতি ক্ষারাদিত্যনেনৈব সম্বধ্যতে। অপরেঽহনীতি পরেণ সম্বধ্যতে॥ ২৩॥

ইতি নাসারোগ-চিকিৎসা।

চিতা, আমলকী, গুলঞ্চ ও মিলিত দশমূল প্রত্যেকের কাথ একশত পল (অর্থাৎ ।২॥ সাড়ে বার সের), হরীতকী চূর্ণ /৮ আট সের ও গুড় ।২॥ সাড়ে বারসের একত্র গ্রহণ করতঃ যথা নিয়মে পাক করিবে। পাক করিতে করিতে ঘনীভূত হইলে ত্রিকটু, এলাইচ, দারুচিনি ও তেজপত্র, এই সকল দ্রব্যের চূর্ণ সমুদায়ে ১২ পল ও যবক্ষার অর্দ্ধ পল অর্থাৎ ৪ চারি তোলা প্রক্ষেপ করিয়া নামাইয়া লইবে। পর দিবস মধু /২ দুই সের উহার সহিত মিশ্রিত করিবে। অগ্নি বিবেচনায় পরিমাণ স্থির করতঃ অগ্নির উদ্দীপনার্থ উক্ত রসায়ন সেবন করিবে। ইহাদ্বারা ক্ষয়রোগ, কাস, দুস্তরপীনস, ক্রিমি, অর্শঃ, গুল্ম, উদাবর্ত্ত ও শ্বাসরোগ বিনষ্ট হয়।

দশমূল যথা—বেলছাল, শ্যোণাছাল, গাম্ভারীছাল, গণিয়ারীছাল, পারুলছাল, শালপাণি, চাকুলে, বৃহতী, কণ্টকারী ও গোক্ষুর ॥ ২৩ ॥

ইতি নাসারোগ-চিকিৎসা।

অথ নেত্ররোগ-চিকিৎসা।

লঙ্ঘনালেপনস্বেদশিরাব্যধবিরেচনৈঃ। উপাচরেদভিষ্যন্দানঞ্জনাশ্চ্যোতনাদিভিঃ ॥ ১ ॥

উক্তসম্বাদাদেব নেত্ররোগচিকিৎসামাহ। অত্রাভিষ্যন্দস্য [illegible] প্রাধান্যাৎ প্রথমতোঽভিষ্যন্দপ্রতিকারমাহ লঙ্ঘনেত্যাদি।—লঙ্ঘনমত্র লঘ্বন্নমুপবাসো বা উক্তং হি প্রাগেবালঙ্ঘনমত্র লঘ্বন্নমুপবাসো বা উক্তং হি প্রাগেবা- ক্যাময়ে ভুক্তং ত্রিরাত্রমপ্রকুপিতং। উপবাসস্ত্র্যহং বা স্যাদিতি। কিন্তু উপবাসো বাতজাদন্যত্র বিধেয়ঃ বাগ্‌ভটবচনাদাৎ। স্বেদোপি পিত্তজং বিনা নয়নোপাস্তে মৃদুর্বোধ্যঃ। যদুক্তং হৃদয়ে বৃষণৌ দৃষ্টিং স্বেদয়েৎ মৃদু বা নবা ইতি। শিরাব্যধো রক্তদুষ্টৌ সত্যাং শিরাব্যধনং। বিরেচনং শিরসঃ কায়স্য চ শিরোবিরেচনন্তু নবে, কায়বিরেচনঞ্চ জীর্ণে জ্ঞেয়ং আদিশব্দেন তর্পণপুটপাককাথাদিপরিগ্রহঃ ॥ ১ ॥

লঙ্ঘন (লঘু অন্ন অথবা উপবাস), আলেপন, স্বেদ, শিরাবেধ, বিরেচন, অঞ্জন ও আশ্চ্যোতন প্রভৃতিদ্বারা অভিষ্যন্দের চিকিৎসা করা বিধেয় ॥ ১ ॥

শ্রীবাসাতিবিষালোধ্রশুণ্ঠীভৈরণ্ডসৈন্ধবৈঃ। অব্যক্তেঽক্ষিগদে কার্য্যং প্রোতসৈস্তু গুনং বহিঃ ॥ ২ ॥

শ্রীবাসেত্যাদি।—শ্রীবাসো দেবদারু। অল্পসৈন্ধবৈরিতি একত্রাম্পেক্ষয়া চতুর্দ্দিক্ষু সৈন্ধবলোত্ত্যাহুঃ। অব্যক্ত ইতি পূর্ব্বরূপে। প্রোতৈরিতি জলাভিষিক্তৈঃ শুক্লং অক্ষুণ্ণং প্রোতং মুক্তিতে চক্ষুপত্রে বাহ্য বিস্তারিতে ॥ ২ ॥

চক্ষুরোগের আমাবস্থায় দেবদারু, আতইস ও লোধ চূর্ণের সহিত কিঞ্চিৎ সৈন্ধব মিশ্রিত করতঃ বস্ত্রে আবদ্ধ করিয়া চক্ষু মুদ্রিতাবস্থায়ই চক্ষুর উপরে গুণ্ঠন করিবে॥ ২॥

অক্ষিকুক্ষিভবারোগাঃ প্রতিশ্যায়ব্রণজ্বরাঃ। পঞ্চৈতে পঞ্চরাত্রেণ প্রশমং যান্তি লঙ্ঘনাৎ॥ ৩॥

অক্ষিকুক্ষিভবা ইত্যাদি।—কুক্ষিভবা অতীসারবিলম্বিকাদয়ঃ। পঞ্চরাত্রেণেত্যুপলক্ষণং তেন ত্র্যহমপি বোধ্যং। যদাহ বিদেহঃ উপবাসস্ত্র্যহং বা স্যাদিতি। অয়ঞ্চ মতভেদোদোষপ্রকোপতারতম্যান্ন বিরোধমাবহতি॥ ৩॥

চক্ষুরোগ, কুক্ষিরোগ (অতিসার বিলম্বিকা প্রভৃতি), প্রতিশ্যায়, ব্রণ ও জ্বর, এই পঞ্চবিধ রোগ পঞ্চদিবস উপবাসেই প্রশান্ত হইয়া থাকে॥ ৩॥

স্বেদঃ প্রলেপস্তিক্তান্নং সেকোদিনচতুষ্টয়ং। লঙ্ঘনং চাক্ষিরোগানামামানাং পাচনানি ষট্। অঞ্জনং পূরণং ক্বাথপানমামে ন শস্যতে॥৪॥

স্বেদ ইত্যাদৌ।—সেকো বাসকাদিক্বাথাদিনা চক্ষুঃ সেচনমাশ্চ্যোতনশব্দবাচ্যং নতু পূরণং তস্যামে নিষেধাৎ। আশ্চ্যোতনং পুনরামে ক্রিয়ত এব যদুক্তং সর্ব্বেষামক্ষিরোগাণামাদাবাশ্চ্যোতনং হিতমিতি। দিনচতুষ্টয়মিতি দিনচতুষ্টয়ং স্বরূপত এব অরাষ্টাহবদিতি। আমে নেত্ররোগে অঞ্জনাদিকং ন কার্য্যমিত্যাহ অঞ্জনমিত্যাদি।—পূরণমাশ্চ্যোতনং॥ ৪॥

স্বেদ, প্রলেপ, তিক্তাহার, সেক ও লঙ্ঘন এবং দিন চতুষ্টয় অক্ষিরোগের আম দোষ পরিপাচক। অঞ্জন, আশ্চ্যোতন ও ক্বাথ পান প্রভৃতি আমদোষে প্রশস্ত নহে॥ ৪॥

ধাত্রীফলনির্য্যাসো নবদৃক্কোপং নিহন্তি পূরণতঃ। সক্ষৌদ্রসৈন্ধবো বা শিগ্রুদ্ভবপত্ররসসেকঃ॥ ৫॥

ধাত্রীত্যাদৌ।—পূরণমাশ্চ্যোতনশব্দবাচ্যং। সক্ষৌদ্রসৈন্ধবোবেতি শোভাঞ্জনপত্ররসমাষকচতুষ্টয়ং মধুমাষৈকং সৈন্ধবং রক্তিদ্বয়ং॥ ৫॥

নবজাত চক্ষুরোগ নিবারণার্থ আমলকীর রস চক্ষুতে পূরণ করিবে। অথবা শজিনাপত্রের রসে মধু ও সৈন্ধব প্রক্ষেপ দিয়া চক্ষু সেক করিবে॥ ৫॥

দার্ব্বীরসাঞ্জনঞ্চাপি স্তন্যযুক্তং প্রপূরণং। নিহন্তি শীঘ্রং দাহাশ্রুবেদনাঃ স্যন্দসম্ভবাঃ॥ ৬॥

দার্ব্বীত্যাদি।—দার্ব্বী রসাঞ্জনং দারুহরিদ্রাক্বাথকৃতং রসাঞ্জনং। স্যন্দসংভবা ইত্যভিষ্যন্দসংভবাঃ॥

দারুহরিদ্রার ক্বাথোত্থ রসাঞ্জন স্তন্য দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া চক্ষু পূরণ করিলে অভিষ্যন্দজনিত দাহ, অশ্রুপতন ও চক্ষু বেদনা অতি সত্বর নিবারণ হয়॥ ৬॥

করবীরতরুণকিশলয়ছেদোদ্ভববহুলসলিলসংপূর্ণং। নয়নযুগং ভবতি দৃঢ়ং সহসৈব তৎক্ষণাৎ কুপিতং॥ ৭॥

করবীরেত্যাদৌ।—তরুণমভিনবং যৎ কিশলয়ং তস্য ছেদাৎ যো রসোনির্গচ্ছতি তেন পূরণমিত্যর্থঃ॥ ৭॥

করবীর নূতন পল্লব ছেদন করিলে যে রসবহির্গত হয় সেই রস কুপিত চক্ষে পূরণ করিলে তৎক্ষণাৎ নয়নদ্বয় দৃঢ় হয়॥ ৭॥

শিখরিমূলং তাম্রভাজনে স্তোকসৈন্ধবোম্মিশ্রং। মস্তুনিঘৃষ্টং ভরণাদ্ধরতি নবং লোচনোৎকোপং॥ ৮॥

শিখরীত্যাদৌ।—শিখরি অপামার্গঃ স্তোকং সৈন্ধবং রক্তিদ্বয়ং ত্রয়ং বা সৈন্ধবমিত্যর্থঃ॥ ৮॥

অপামার্গের মূল ও কিঞ্চিৎ সৈন্ধব, দধিমাতের সহিত একত্র তাম্রপাত্রে

ঘর্ষণ করিয়া চক্ষুতেপূরণ করিলে চক্ষু-যুগলের প্রকোপ প্রশমিত হয় ॥ ৮ ॥

সৈন্ধবদারুহরিদ্রাগৈরিকপথ্যারসাঞ্জনৈঃ পিষ্টৈঃ। দত্তোবহিঃ প্রলেপো ভবত্যশেষাক্ষিরোগহরঃ॥ তথাশাবরকং লোধ্রং ঘৃতভৃষ্টং বিড়ালকঃ। কার্য্যো হরীতকীতদ্বদ্ঘৃতভৃষ্টাবিড়ালকঃ। শালক্যেক্ষোর্ব্বহির্লেপো বিড়ালক উদাহৃতঃ ॥ ৯ ॥

সৈন্ধবেত্যাদি।—এতৈঃ স্তোকসৈন্ধবসহিতৈঃ সমভাগপিষ্টৈঃ ম্রক্ষবক্ষোপরি নিমীলিতচক্ষুষি লেপোদেয়ঃ। শাবরকং লোধমিতি শ্বেতলোধ্রঃ। বিড়ালকশব্দার্থমাহ শালক্য ইত্যাদি।—শালক্যে শালক্যগ্রন্থে সুশ্রুতে ইতি যাবৎ ॥ ৯ ॥

সৈন্ধবলবণ, দারুহরিদ্রা, গৈরিক, হরীতকী ও রসাঞ্জন; এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া চক্ষুর বাহিরে প্রলেপন করিলে অশেষ প্রকার চক্ষু-রোগ বিনষ্ট হয়।

চক্ষুরোগে ঘৃতভৃষ্ট শ্বেত লোধ্র বিড়ালক অর্থাৎ চক্ষুর বহির্ভাগে প্রলেপন করিবে। ঐ রূপে হরীতকী ঘৃতে ভাজিয়া চক্ষুর বাহিরে প্রলেপন করিলেও চক্ষুরোগ বিনষ্ট হয়।

চক্ষুর বহির্ভাগে যে প্রলেপ দেওয়া যায়, তাহাকেই বিড়ালক বলে ॥ ৯ ॥

গিরিমৃচ্চন্দননাগরখটিকাংশযোজিতোবহির্লেপঃ। কুরুতে বচয়া মিশ্রো লোচনমগদং ন সন্দেহঃ ॥ ১০ ॥

গিরিমৃদিত্যাদৌ।—অংশোভাগঃ এতৈঃ সমভাগপিষ্টৈশ্চক্ষুঃ সমীপে লেপঃ কার্য্য ইত্যাহুঃ ॥ ১০ ॥

গিরুমাটি, রক্তচন্দন, শুঁঠ, খড়িমাটি ও বচ, এই সকল দ্রব্য তুল্যাংশ গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া চক্ষুর বাহিরে প্রলেপ দিলে নিশ্চয়ই চক্ষুরোগ প্রশমিত হয় ॥ ১০ ॥

ভূম্যামলকীমূলং সসৈন্ধবগৃহবারিযোজিতা তাম্রে। ঘাতা ঘনত্বমক্ষোর্জয়তি বহির্লেপতঃ পীড়াং ॥ ১১ ॥

ভূম্যামলকীত্যাদৌ।—গৃহবারি কাঞ্জিকং ॥ ১১ ॥

ভূম্যামলকীর মূল, সৈন্ধব ও কাঞ্জিক একত্র তাম্রপাত্রে ঘর্ষণ করিয়া ঘনীভূ[illegible] হইলে চক্ষুর বহির্ভাগে লেপন ক[illegible]। ইহাদ্বারা চক্ষুরবেদনা প্রশমিত [illegible]॥

আশ্চ্যোতনং মারুতজে কাথে[illegible]দিভির্হিতঃ। কোষ্ণঃ সৈরণ্ড[illegible] [illegible] ॥ ১২ ॥

আশ্চ্যোতনমিতি।—আশ্চ্যোতনম[illegible]ঃ। বিল্বাদি মহৎ পঞ্চমূলং। তর্কারী জয়[illegible]-শিগ্রু রক্তশোভাঞ্জনং। বিল্বাদিভি[illegible] সৈরণ্ডাদিবিশেষণং তেন এক এবায়ং[illegible] যদাহ জতুকর্ণঃ মহৎপঞ্চমূলরুবুকশিগ্রু[illegible] সিংহীকাথ ইতি। কিন্তু তন্ত্রান্তরে কেবল[illegible] দিকাথেনাপ্যয়ং যোগোদৃশ্যতে যথা পুরণং[illegible] শূলঘ্নং তথা বিল্বাদিজান্তসেতি কিন্তু যো[illegible] পক্ষে সৈরণ্ডেতি বৃহতীবিশেষণং নতু বি[illegible] বিশেষণং একযোগত্বাপ্রসঙ্গাৎ ॥ ১২ ॥

বায়ুজন্য চক্ষুরোগে আশ্চ্যোতন এবং বিল্বাদি বৃহৎপঞ্চমূল, এরণ্ড, বৃহতী, জয়ন্তী ও রক্তশজিনা, এই সকল দ্রব্যের কাথ উষ্ণ করিয়া তদ্দ্বারা চক্ষু সেক করিবে ॥ ১২ ॥

এরণ্ড পল্লবে মূলে ত্বচি চাজং পয়ঃশৃতং। কন্টকার্য্যাশ্চ মূলেষু সুখোষ্ণং সেচনে হিতং ॥ ১৩ ॥

এরণ্ডেত্যাদি।—সুশ্রুতস্য এরণ্ডপল্লবাদিকন্টকার্য্যন্ত এক এবায়ং যোগঃ বিদেহসম্বাদাৎ। যথা কন্টকারীশিফৈরণ্ডমূলত্বক্ পত্রসাধিতং। ক্ষীরমাজং হিতং সেকে চক্ষুঃ সা[illegible] [illegible]। আজং পয়োত্র ক্ষীরপরিভাষয়ৈব সাধ্যং অন্যোস্বাহুঃ এতদ্যোগান্তরং সুশ্রুতে সৈন্ধবোদিচ্যযষ্ট্যাহ্বপিপ্পলীভিঃ শৃতং পয়ঃ। হিতমর্দ্ধোদকং সেক ইতি পঠ্যতে এতদ্বচনান্তঃ সর্ব্বমাশ্চ্যোতনক্ষীরসাধনার্থং পরিভাষাস্থানীয়ং তেনাত্রাপি অর্দ্ধোদকং ক্ষীরসাধ্যমিতি কিন্ত্বত্র শেষানুক্ত্যা

ক্ষীরপরিভাষয়ৈব সাধনমিতি যুক্তিমুৎপশ্যামঃ। ব্যবহারেপি ক্ষীরপরিভাষয়েবেতি॥ ১৩॥

এরণ্ডের পত্র, মূল ও বল্কল এবং কণ্টকারীর মূল, এই সকল দ্রব্য সহিত সিদ্ধকৃত ছাগদুগ্ধ ঈষদুষ্ণাবস্থায় চক্ষু সেচনে প্রশস্ত॥ ১৩॥

সংপক্বেঽক্ষিগদে কার্য্যং চাঞ্জনাদিকমিষ্যতে। প্রশস্তবর্ত্মতাচাক্ষ্ণোঃ সংরম্ভাশ্রুপ্রশান্ততা। মন্দবেদনতাকণ্ডূঃ পক্বাক্ষিগদলক্ষণং। অঞ্জনাদিবিধিশ্চাগ্রে নিখিলেনাভিধাস্যতে॥ বৃহত্যেরণ্ডমূলত্বক্ শিগ্রোর্ম্মূলং সসৈন্ধবং। অজাক্ষীরেণ পিষ্টং স্যাদ্বর্ত্তির্ব্বাতাক্ষিরোগনুৎ॥ ১৪॥

অঞ্জনাদিবিধানস্য সময়মাহ সম্পক ইত্যাদি।—পক্বাক্ষিরোগলক্ষণমাহ প্রশস্তেত্যাদি।—প্রশস্তবর্ত্মতাদোষাণামভিভূতবর্ত্মতা সংরম্ভঃ শোথঃ। এতচ্চ লক্ষণং প্রায়ক্ষাহাদুপরি জ্ঞেয়ং যদাহ চরকঃ। সংপক্বে চাঞ্জনং ত্র্যহাদিতি। অঞ্জনাদিবিধিশ্চ কথং জ্ঞাতব্য ইত্যপেক্ষয়া আহ অঞ্জনাদিবিধীত্যাদি।—অগ্র ইতি আশ্চ্যোতনাদ্যধিকারে॥ ১৪॥

চক্ষুরোগের পক্বাবস্থায় অঞ্জনাদি বিশেষ হিতকর।

বর্ত্মের প্রশস্ততা, শোথের হ্রাসতা, অল্পাশ্রুপাত, বেদনার অল্পতা, এবং কণ্ডূ প্রভৃতি চক্ষুরোগের পরিপক্বাবস্থা।

অক্ষিরোগের পক্বাবস্থায় প্রথমতঃ বিবিধ প্রকার অঞ্জন প্রভৃতি ধারণ করা কর্ত্তব্য।

বৃহতী, এরণ্ডমূলত্বক্, শজিনার মূল ও সৈন্ধব, এই সকল দ্রব্য ছাগদুগ্ধে পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে বায়ু জন্য চক্ষুরোগ বিনষ্ট হয়॥ ১৪॥

হরিদ্রে মধুকং দ্রাক্ষা দেবদারু চ পেষয়েৎ॥ আজেন পয়সাশ্রেষ্ঠমভিষ্যন্দে তদঞ্জনং॥ ১৫॥

হরিদ্রেত্যাদি।—সুশ্রুতস্য। অত্র দ্রাক্ষাস্থানে পথ্যেতি কেচিৎ পঠন্তি॥ ১৫॥

হরিদ্রা, দারুহরিদ্রা, যষ্টিমধু, দ্রাক্ষা ও দেবদারু, এই সকল দ্রব্য ছাগদুগ্ধের সহিত উত্তম রূপ পেষণ করিয়া অভিষ্যন্দে শ্রেষ্ঠ অঞ্জন প্রয়োগ করিবে॥ ১৫॥

গৈরিকং সৈন্ধবং কৃষ্ণানাগরঞ্চ যথোত্তরং। পিষ্টং দ্বিরংশতোঽদ্ভির্ব্বাগুড়িকাঞ্জনমিষ্যতে॥ ১৬॥

গৈরিকমিত্যাদি।—সুশ্রুতস্য তত্র তগরস্থানে নাগরমিতি নিশ্চলঃ পঠতি। যথোত্তরং দ্বিরংশত ইতি যথোত্তরভাগতোদ্বিগুণমিত্যর্থঃ। তেন গৈরিকমাষা ১ সৈন্ধবমাষা ২ পিপ্পলীমাষা ৪ তগরমাষা ৮। অদ্ভির্ব্বেতি বা শব্দাচ্ছাগীক্ষীরমপি বোধ্যং॥ ১৬॥

গেরিমাটি, ১ভাগ সৈন্ধব লবণ ২ভাগ, পিপ্পলী ৪ ভাগ ও তগরপাদিকা ৮ ভাগ, এই সকল দ্রব্য জল কিম্বা ছাগদুগ্ধসহ পেষণ করিয়া গুড়িকা প্রস্তুত করতঃ ঘর্ষণ করিয়া নেত্রাঞ্জন করিবে॥ ১৬॥

প্রপৌণ্ডরীকযষ্ট্যাহ্বনিশামলকপদ্মকৈঃ। শীতৈর্ম্মধুসমাযুক্তৈঃ সেকঃ পিত্তাক্ষিরোগনুৎ॥ ১৭॥

প্রপৌণ্ডরীকমিত্যাদৌ।—শীতৈরিতি প্রপৌণ্ডরীকাদীনাং কষায়ৈঃ শীতলৈরিত্যর্থঃ। সমাযুক্তৈরিত্যত্র সিতাযুক্তৈরিতি কেচিৎ পঠন্তি সিতাযুক্তেতি পাঠে মধুবৎ সিতা প্রক্ষেপ্যেত্যর্থঃ॥ ১৭॥

পুণ্ডরিয়াকাষ্ঠ, যষ্টিমধু, হরিদ্রা, আমলকী ও পদ্মকাষ্ঠ; এই সকল দ্রব্যের কষায় প্রস্তুত করিয়া শীতল হইলে মধু সহযোগে সেক করিলে পিত্তজন্য চক্ষুরোগ বিনষ্ট হয়॥ ১৭॥

দ্রাক্ষামধুকমঞ্জিষ্ঠাজীবনীয়ৈঃ শৃতং
পয়ঃ। প্রাতরাশ্চ্যোতনং পথ্যং
শোথশূলাক্ষিরোগিনাং ॥ ১৮ ॥

দ্রাক্ষেত্যাদৌ।—জীবনীয়শব্দেন জীবনীয়াষ্টবর্গ গৃহ্যন্তে ॥ ১৮ ॥

দ্রাক্ষা, যষ্টিমধু, মঞ্জিষ্ঠা ও জীবনীয়গণ (১), এই সকল দ্রব্যের সহিত (যথাবিহিত নিয়মানুসারে) পক্ব দুগ্ধ শোথ ও শূলযুক্ত চক্ষুরোগে প্রাতঃকালে আশ্চ্যোতন করিলে বিশেষ উপকার হইয়া থাকে ॥ ১৮ ॥

নিম্বস্য পত্রৈঃ পরিলিপ্য লোধ্রং
স্বেদাগ্নিনা চূর্ণমথাপি কল্কং।
আশ্চ্যোতনং মানুষদুগ্ধমিশ্রং
পিত্তাস্রবাতাপহমগ্র্যমুক্তং ॥ ১৯ ॥

নিম্বস্যেত্যাদি।—নিম্বপত্রং পিষ্টা তৎপিণ্ডমধ্যে লোধ্রকল্কং চূর্ণং বা প্রক্ষিপ্য পত্রেণ বেষ্টয়িত্বা অঙ্গারৈরুৎস্বিদ্য নারীক্ষীরেণ সংমিশ্র্য বস্ত্রেণ গালয়িত্বা চক্ষুঃসেকো বিধেয় ইতি ॥ ১৯ ॥

নিম্বপত্র উত্তমরূপ পেষণ করতঃ তন্মধ্যে লোধ (লোধকাষ্ঠ) কল্ক অথবা লোধ্রচূর্ণ নিহিত করিবে এবং নিম্বপত্র দ্বারা বেষ্টন করিয়া নির্ধূম অঙ্গারাগ্নিতে পাক করিবে। অনন্তর উক্ত লোধ্রকল্ক স্তন্য দুগ্ধের সহিত মিশ্রিত করতঃ বস্ত্রপূত করিয়া চক্ষুতে সেচন করিবে। ইহাদ্বারা পিত্তজনিত, রক্তজনিত ও বাতজনিত চক্ষুরোগ বিনষ্ট হইয়া থাকে ॥ ১৯ ॥

কফজে লঙ্ঘনং স্বেদো নস্যং তিক্তান্নভোজনং। তীক্ষ্ণৈঃ প্রধমনং কুর্য্যাৎ তীক্ষ্ণৈশ্চৈবোপনাহনং ॥ ২০ ॥

কফজন্য অক্ষিরোগে লঙ্ঘন, স্বেদ, নস্য ও তিক্তান্নভোজন এবং তীক্ষ্ণচূর্ণ দ্বারা নস্য ও তীক্ষ্ণ উপানাহন করা কর্ত্তব্য ॥ ২০ ॥

ফণিজ্ঝকাস্ফোতকপীতবিল্ব-
পত্তূরপীলুসুরসার্জ্জভঙ্গৈঃ।
স্বেদং বিদধ্যাদথবা প্রলেপং
বার্হিষ্ঠশুণ্ঠীসুরদারুকুষ্ঠৈঃ ॥ ২১ ॥

ফণিজ্ঝকঃ পর্ণাশভেদঃ নিশুণ্ডীত্যন্যে। আস্ফোতা আফরমল্লিকা ছান্দসত্বাৎ হ্রস্বত্বং। পত্তূরঃ শালিঞ্চশাকঃ পীলুঃ উত্তরপথিকতরুঃ অত্রাবনির্দ্দেশাৎ পীলুশব্দো দীর্ঘোকারান্তোপি জ্ঞেয়ঃ। সুরসার্জ্জাবপি পর্ণাশভেদৌ এষাং ভঙ্গৈঃ পল্লবৈর্ব্যস্তসমস্তৈরঙ্গারতাপিতৈশ্চক্ষুষোর্মৃদুস্বেদঃ কার্য্যঃ। বর্হিষ্টং বালকং। অত্রৈব তন্ত্রান্তরদর্শনাৎ অর্জ্জস্থানে অর্কঃ কেচিৎ পঠন্তি তন্ত্রান্তরে যথা কপিত্থসুরসাস্ফোতপীলুপত্তূররূপিকা। ফণিজ্ঝবিল্বচ্ছদনৈঃ স্বেদঃ স্যাদ্ধিমন্থয়োঃ। রূপিকা অর্কঃ ॥ ২১ ॥

ফণিজ্ঝক (তুলসীবিশেষ), হাপরমালী, বিল্ব, কদ্‌বেল, শালিঞ্চশাক, পীলু, কৃষ্ণতুলসী ও শ্বেততুলসীপত্র, এই সকল দ্রব্যদ্বারা মৃদু স্বেদ দিবে। অথবা বালা, শুঁঠ, দেবদারু ও কুড়, এই সকল দ্রব্য পেষণ করিয়া নেত্ররোগে প্রলেপন করিবে ॥ ২১ ॥

শুণ্ঠীনিম্বদলৈঃ পিণ্ডঃ সুখোষ্ণৈঃ স্বল্পসৈন্ধবৈঃ। ধার্য্যশ্চক্ষুষি সংক্ষেপাচ্ছোথকণ্ডূব্যথাপহঃ ॥ ২২ ॥

শুণ্ঠীত্যাদৌ।—নিম্বপত্রাপেক্ষয়া শুণ্ঠীস্বল্পা দেয়া সৈন্ধবমপি চতুঃপঞ্চরক্তিকমপি বদন্তি এষাং পিণ্ডঃ কদুষ্ণ এব চক্ষুষোরুপরি সূক্ষ্মবস্ত্রং দত্ত্বা দেয় ইত্যুপদেশঃ। [illegible] য়াৎ ॥ ২২ ॥

নেত্ররোগে শুঁঠ ও নিম্বপত্র একত্র পেষণ ও কিঞ্চিৎ সৈন্ধব প্রক্ষেপ করিয়া ঈষদুষ্ণাবস্থায় পিণ্ডাকার করতঃ চক্ষুর উপরে ধারণ করিলে অতি অল্পকাল মধ্যে চক্ষুর শোথ, কণ্ডূ ও বেদনা বিনষ্ট হয় ॥ ২২ ॥

(১) ঋদ্ধি, বৃদ্ধি, মেদা, মহামেদা, ঋষভক, জীবক, কাকোলী ও ক্ষীরকাকোলী; ইহাদিগকে জীবনীয় অষ্টবর্গ বলিয়া থাকেন।

বল্কলং পারিজাতস্য তৈলং কাঞ্জিক-
সৈন্ধবং। কফোদ্ভূতাক্ষিশূলঘ্নং তু-
রুঘ্নং কুলিশং যথা ॥ ২৩ ॥

বল্কলমিত্যাদি।—পারিজাতঃ পারিভদ্রঃ। পারিভদ্রবল্কলস্বরসস্য মাষকত্রয়ং সৈন্ধবস্য রক্তিদ্বয়ং ত্রয়ং বা কাঞ্জিকন্তু নিকুঞ্চমাত্রং নিকুঞ্চন্তু অঙ্গুষ্ঠাঙ্গুলেচতুষ্টয়পারমিতঃ। এতৎ সর্ব্বং তাম্রপাত্রে কৃত্বা কপর্দ্দকৈকেন তাবদ্ঘর্ষণীয়ং যাবদ্ঘনং ভবতি। তদনু চক্ষুষ্যঞ্জনং দেয়মিতি বৃদ্ধাঃ ব্যবহরন্তি ॥ ২৩ ॥

পারিজাত (পালিতামান্দার) বৃক্ষের বল্কল, তৈল, কাঞ্জিক ও সৈন্ধব, এই সকল দ্রব্য তাম্রপাত্রে স্থাপন পূর্ব্বক একত্র ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন প্রদান করিলে তরুঘ্ন বজ্রের ন্যায় ইহাদ্বারা ও কফজন্য চক্ষুশূল বিনষ্ট হয় ॥ ২৩ ॥

সসৈন্ধবং লোধ্রমথাজ্যভৃষ্টং
সৌবীরপিষ্টং সিতবস্ত্রবদ্ধং।
আশ্চ্যোতনন্তন্নয়নস্য কুর্য্যাৎ
কণ্ডূঞ্চ দাহঞ্চ রুজাঞ্চ হন্যাৎ ॥ ২৪ ॥

সসৈন্ধবমিত্যাদি।—সৈন্ধবস্য রক্তিদ্বয়ং লোধ্রস্য মাষকচতুষ্টয়ং কাঞ্জিকেন পিষ্ট্বা গব্যঘৃতে ভৃষ্ট্বা নির্ম্মলসূক্ষ্মবস্ত্রেণবদ্ধা অঙ্গুলীদ্বয়েন সংপীড্য চক্ষুষি তদ্রসোদেয়ঃ ॥ ২৪ ॥

ঘৃতভৃষ্ট, কাঞ্জিকপিষ্ট, সৈন্ধবলবণ ও লোধ, সূক্ষ্ম বস্ত্রখণ্ডে বন্ধন করতঃ নিষ্পীড়ন করিয়া রসগ্রহণ করিবে, উক্ত রসদ্বারা চক্ষুতে আশ্চ্যোতন করিলে চক্ষুর কণ্ডূ, দাহ ও বেদনা নষ্ট হয় ॥২৪॥

স্নিগ্ধৈরুষ্ণৈশ্চ বাতোত্থঃ পিত্তজো মৃদু-
শীতলৈঃ। তীক্ষ্ণরুক্ষোষ্ণবিশদৈঃ প্র-
শাম্যন্তি কফাত্মকাঃ। তীক্ষ্ণোষ্ণমৃদু-
শীতানাং ব্যত্যাসাৎ সান্নিপাতিকঃ॥২৫॥

সংক্ষেপেণ বাতজাদীনাং চিকিৎসামাহ স্নিগ্ধৈরিত্যাদি।—বিশদৈরিত্যপিচ্ছিলৈঃ। তীক্ষ্ণোষ্ণমৃদুশীতলানাং ব্যত্যাসোত্র পরস্পরবিপর্য্যয়েণোপযোগঃ তেন তীক্ষ্ণমুপযুজ্য তদ্বিপরীতস্য মৃদুন উপযোগঃ এবং মৃদুদ্রব্যমুপযুজ্য তীক্ষ্ণস্যোপযোগঃ এবং উষ্ণশীতয়োরপি ব্যত্যাসো জ্ঞেয়ঃ কিম্বা পরস্পরবিরুদ্ধানাং তাবাসাং সংমিশ্রণেন উপযোগোব্যত্যাসোপযোগঃ। তীক্ষ্ণোষ্ণমৃদুশীতলানামিত্যুপলক্ষণং তেন স্নিগ্ধরুক্ষাদীনামপি গ্রহণং বোধ্যং ॥ ২৫ ॥

বাতিক নেত্ররোগ স্নিগ্ধ ও উষ্ণ প্রক্রিয়া দ্বারা, পৈত্তিক নেত্ররোগ শীতল ও মৃদু প্রক্রিয়া দ্বারা, কফজন্য নেত্ররোগ তীক্ষ্ণ, রুক্ষ, উষ্ণবীর্য্য ও বিশদ প্রক্রিয়া দ্বারা এবং সন্নিপাতিক চক্ষুরোগ তীক্ষ্ণ, উষ্ণ, শীতল ও মৃদু প্রভৃতি পরস্পর বিপরীত প্রক্রিয়া দ্বারা নিবারণের চেষ্টা করিবে ॥ ২৫ ॥

তিরীটত্রিফলাযষ্টী শর্করাভদ্রমুস্তকৈঃ।
পিষ্টৈঃ শীতাম্বুনা সেকো রক্তাভিষ্যন্দ-
নাশনঃ ॥ ২৬ ॥

তিরীটেত্যাদি।—তিরীটঃ পট্টিকালোধ্রং এষাং প্রত্যেকং মাষকমেকং গৃহীত্বা সূক্ষ্মং পিষ্ট্বা শীতলজলেন পলৈকেন সংমিশ্র্য পরিষেকঃ কার্য্যঃ ॥২৬॥

লোধ, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), যষ্টিমধু, শর্করা ও ভদ্রমুথা, এই সকল দ্রব্য শীতল জলের সহিত পেষণ করিয়া চক্ষু সেক করিলে চক্ষুর রক্তক্ষরণ নিবারণ হয় ॥ ২৬ ॥

কশেরুমধুকানাঞ্চ চূর্ণমম্বরসংযুতং।
ন্যস্তমপ্স্বন্তরীক্ষাসু হিতমাশ্চ্যোতনং
ভবেৎ ॥ ২৭ ॥

কশেরিত্যাদি।—সুশ্রুতস্য। কশেরুযষ্টিমধুনোঃ প্রত্যেকং মাষকচতুষ্টয়ং গৃহীত্বা সূক্ষ্মবস্ত্রেণ পোট্টলীং বদ্ধা আকাশোদকে পলেকে নিক্ষিপ্য তেন জলেন সেকঃ আকাশোদকাভাবে হংসোদকেন ॥ ২৭ ॥

কেশুর ও যষ্টিমধু চূর্ণ বস্ত্রখণ্ডে পুটলী করিবে, উক্ত পুটলী মেঘজলে ভিজাইয়া চক্ষু সেচন করিলে চক্ষুরোগে উপকার দর্শে ॥ ২৭ ॥

দার্ব্বীপটোলমধুকং সনিম্বং পদ্মকোৎ-
পলং। প্রপৌণ্ডরীকং চৈতানি পচে-

স্তোয়ে চতুর্গুণে॥ বিপাচ্য পাদশেষস্তু তৎপুনঃ কুড়বং পচেৎ। শীতীভূতে তত্রমধু দদ্যাৎ পাদাংশিকং ততঃ। রসক্রিয়েয়ং দাহাশ্রুরাগ রক্তরুজাপহা॥ ২৮॥

দার্ব্বীত্যাদৌ।—পটোলনিম্বয়োঃ পত্রং পদ্মকং পদ্মকাষ্ঠং উৎপলং নীলোৎপলং এষাং মিলিত্বা কুড়বঃ চতুঃপলোগ্রাহ্যঃ পাকার্থঞ্চ জলস্য দ্বাত্রিংশৎ পলানি, ততস্তু কুড়বং যাবত্তোয়মষ্টগুণং ভবেদিতি বচনাৎ। ততঃ কুড়বোঽষ্টপলঃ স্থাপ্যঃ তদ্বস্ত্রপূতং কৃত্বা পুনঃ পক্তব্যমাযনীভাবাৎ। ততঃ শীতে মধুপলদ্বয়ং প্রক্ষেপ্যং ততোঽঞ্জনং কার্য্যমিতি। ২৮॥

দারুহরিদ্রা, পটোলপত্র, যষ্টিমধু, নিম্ছাল, পদ্মকাষ্ঠ, নীলোৎপল ও পুণ্ডরিয়াকাষ্ঠ; এই সকল দ্রব্য সমুদয়ে কুড়ব পরিমিত গ্রহণ করতঃ চতুর্গুণ জলে পাক করিয়া চতুর্থাংশ অবশিষ্টে বস্ত্রপূত করিয়া ক্বাথ গ্রহণ করিবে। অনন্তর উক্ত ক্বাথ পুনর্ব্বার পাক করিয়া ঘনীভূত হইলে নামাইয়া রাখিবে এবং শীতল হইলে চতুর্থাংশ মধুমিশ্রিত করতঃ উহাদ্বারা চক্ষুতে অঞ্জন করিবে। উক্ত রসক্রিয়া চক্ষুর দাহ, অশ্রুপাত, রক্তপাত ও বেদনা নিবারক॥ ২৮॥

তিক্তস্য সর্পিষঃ পানং বহুশশ্চ বিরেচনং। অক্ষ্ণোরপি সমন্তাচ্চ পাতনন্তু জলৌকসঃ। পিত্তাভিষ্যন্দশমনো বিধিশ্চাপ্যুপপাদিতঃ॥ ২৯।

তিক্তস্যেতি।—তিক্তং সর্পির্বক্ষ্যমাণপটোলাদিঘৃতং। বিরেচনঞ্চ বক্ষ্যমাণষড়ঙ্গাদিনা॥২৯॥

চক্ষুরোগে বক্ষ্যমাণ তিক্তকঘৃতপান, বক্ষ্যমাণ ষড়ঙ্গাদি দ্বারা পুনঃ পুনঃ বিরেচন ও নেত্রের চতুষ্পার্শ্ব হইতে জলোকা সংযোগে রক্তমোক্ষণ, এই সকল কার্য্য করিবে। এবং পিত্তাভিষ্যন্দ নিবারক প্রক্রিয়া সমূহ ব্যবহার করিবে॥ ২৯॥

শিগ্রুপল্লবনির্য্যাসঃ সুঘৃষ্টস্তাম্রসংপুটে। ঘৃতেন ধূপিতোহন্তি শোথঘর্ষাশ্রুবেদনাঃ॥ ৩০॥

শিগ্রুপল্লবেত্যাদৌ।—নির্য্যাসঃ স্বরসঃ ঘৃতেন সহ তাম্রপাত্রে ঘৃষ্ট ইত্যন্বয়ঃ। ধূপিত ইতি করীষাগ্নিনা অন্যে তু করাষাগ্নৌ ঘৃতং দত্ত্বা তেন ধূমেন ধূপিত ইতি ব্যাচক্ষতে ঘর্ষঃ করকরিকাখ্যবেদনাবিশেষঃ॥ ৩০॥

শজিনাপাতার রস ঘৃতসহ তাম্রপাত্রে ঘর্ষণ করিয়া ঘুঁটের অগ্নিতে ধূপিত করতঃ চক্ষুতে প্রয়োগ করিলে চক্ষুর শোথ, করকরানি, অশ্রুপাত ও বেদনা বিনষ্ট হয়॥ ৩০॥

পিষ্টৈর্নিম্বস্য পত্রৈরতিবিমলতরৈর্জাতিসিন্ধূত্থমিশ্রা অন্তর্গর্ভং দধানা পটুতরগুড়িকা পিষ্টলোধ্রেন ভৃষ্টাঃ॥ তুলৈঃ সৌবীরসার্দ্রৈরতিশয়মৃদুভির্বেষ্টিতা সা সমন্তাচ্চক্ষুঃ কোপপ্রশান্তিং চিরমুপরিদৃশোর্ভ্রাম্যমাণা করোতি॥ ৩১॥

পিষ্টৈরিত্যাদি।—জাতিসিন্ধূত্থং সারসৈন্ধবং জাতির্জাতীকলিকেত্যন্যে। অন্তর্গর্ভং দধানেতি পিষ্টনিম্বপত্রপিণ্ডাভ্যন্তরে লোধ্রকল্কপিণ্ডং নিক্ষিপ্য কৃতা গুড়িকেত্যর্থঃ। ভৃষ্টা ইতি খর্পরে মনাগ্‌ভৃষ্টা ইত্যর্থঃ। তদনু সৌবীরেণ কাঞ্জিকেন সার্দ্রৈরিতি ঈষদার্দ্রৈস্থূলকৈর্বেষ্টিতা চক্ষুষোরুপরি ভ্রাম্যমাণা ইত্যর্থঃ॥ ৩১॥

নিম্বপত্র, জাতিপত্র ও সৈন্ধব একত্র অতি উত্তম রূপ পেষণ করিয়া পিণ্ডাকার করিবে। এবং লোধ (লোধকাষ্ঠ) পেষণ করিয়া ঐ পিণ্ড মধ্যে স্থাপন করতঃ খর্পরে অল্প ভাজিয়া লইবে। তৎপরে কাঞ্জিতে তুলা ঈষৎ আর্দ্র করতঃ ঐ আর্দ্র তুলাদ্বারা পিণ্ডবেষ্টন করিয়া চক্ষুর চতুর্দ্দিকে পরিভ্রামণ করাইবে। ইহাদ্বারা চিরজাত চক্ষুর প্রকোপ প্রশমিত হইয়া থাকে॥ ৩১॥

বিল্বাঞ্জনং—

বিল্বপত্ররসঃ পূতঃ সৈন্ধবাজ্যেনচান্বিতঃ। শুল্বেবরাটিকাঘৃষ্টো ধূপিতো

গোময়াগ্নিনা ॥ পয়সালোড়িতশ্চাক্ষ্ণোঃ পূরণাচ্ছোথশূলনুৎ। অভিষ্যন্দেঽধিমন্থে চ স্রাবে রক্তে চ শস্যতে ॥ ৩২ ॥

বিল্বপত্রেত্যাদৌ।—পয় ইতি তাম্রপাত্রে পয়সেতি নারীস্তন্যেন। বস্ত্রপূতবিল্বপত্ররসস্য মাষকচতুষ্টয়ং সৈন্ধবস্য রক্তিদ্বয়ং ঘৃতস্য বিন্দুচতুষ্টয়ং এতৎ সর্ব্বং তাম্রপাত্রে কৃত্বা কপর্দ্দকেন তাবদ্ঘর্ষণীয়ং যাবদ্ঘনং ভবতি তদনু ন্যুব্জীকৃততাম্রপাত্রে শুষ্কগোময়াগ্নিনা ধূপয়িত্বা নারীক্ষীরেণ তরলীকৃত্য চক্ষুঃ পূরণং ॥ ৩২ ॥

বিল্বপত্রের রস বস্ত্রদ্বারা ছাকিয়া লইয়া উহার সহিত ঘৃত ও সৈন্ধব মিশ্রিত করতঃ তাম্রপাত্রে স্থাপন পূর্ব্বক কড়িদ্বারা ঘর্ষণ করিবে। ঘর্ষণ করিতে করিতে গাঢ় হইলে ঐ পাত্রে করিয়াই শুষ্ক গোময়াগ্নি সন্তাপে শুষ্ক করিবে। তৎপরে উহা স্তন্যদুগ্ধে আলোড়ন করতঃ তরল হইলে চক্ষুতে প্রদান করিবে। ইহাদ্বারা শোথ, শূল এবং অভিষ্যন্দ, অধিমন্থ ও রক্তস্রাবের নিবৃত্তি হয় ॥৩২॥

সলবণকটুতৈলং কাঞ্জিকং কাংস্যপাত্রে ঘনিতমুপলঘৃষ্টং ধূপিতং গোময়াগ্নৌ। সপবনকফকোপং ছাগদুগ্ধাবসিক্তং জয়তি নয়নশূলং স্রাবশোথং সরাগং ॥ ৩৩ ॥

সলবণেত্যাদৌ।—সৈন্ধবস্য রক্তিদ্বয়ং কটুতৈলস্য বিন্দুচতুষ্টয়ং কাঞ্জিকস্য মাষকচতুষ্টয়ং উপলং প্রস্তরখণ্ডস্তেন ঘৃষ্টং কিম্বা উপলশব্দে পত্রচক্ষুষ্যত্বাৎ রসাঞ্জনাদি শিলৈব গ্রাহ্যা। বৃদ্ধাস্তু বরাটিকয়ৈব ব্যবহরন্তি ॥ ৩৩ ॥

সৈন্ধবলবণ, কটুতৈল ও কাঞ্জিক কাংস্যপাত্রে লইয়া একত্র প্রস্তর দ্বারা ঘর্ষণ করিবে। এবং ঘর্ষণ করিতে করিতে গাঢ় হইলে গোময়াগ্নি সন্তাপে উত্তপ্ত করতঃ ছাগদুগ্ধের সহিত তরল করিয়া চক্ষুতে প্রদান করিবে। ইহাদ্বারা বাতশ্লেষ্ম জন্য চক্ষুপ্রকোপ, চক্ষুবেদনা, শোথ, স্রাব ও চক্ষুর রক্তিমা বিনষ্ট হয় ॥ ৩৩ ॥

তরুস্থবিদ্ধামলকরসঃ সর্ব্বাক্ষিরোগনুৎ। পুরাণং সর্ব্বথা সর্পিঃ সর্ব্বনেত্রাময়াপহং ॥ ৩৪ ॥

তরুস্থেত্যাদি।—তরুস্থস্যৈবামলকীফলস্য সূচ্যাদিভির্ব্বিদ্ধস্য যো রসো নির্গচ্ছতীত্যর্থঃ। পুরাণসর্পির্দশবর্ষস্থিতং তদভাবে সম্বৎসরাতীতমপি পুরাণং গ্রাহ্যমিত্যাহুঃ। উক্তং হি অপ্যভিষ্যন্দিমধুরং যচ্চ সম্বৎসরোষিতং। অনুৎক্লেশকদোষাণাং পুরাণং তৎ প্রকীর্ত্তিতমিতি। সর্ব্বথেতি। পাননস্যাঞ্জনৈরিত্যর্থঃ। ৩৪ ॥

বৃক্ষস্থিত আমলকী বিদ্ধ করিয়া রস গ্রহণ করিবে। উক্ত রস চক্ষুতে প্রদান করিলে সর্ব্বপ্রকার চক্ষুরোগ নষ্ট হয়। পুরাতন ঘৃত চক্ষুতে প্রয়োগ করিলেও সর্ব্ব প্রকার চক্ষুরোগ বিনষ্ট হয় ॥৩৪॥

অয়মেববিধিঃ সর্ব্বোমন্থাদিস্বপি শস্যতে। অশান্তৌ সর্ব্বথা মন্থে ভ্রুবোরুপরি দাহয়েৎ ॥ ৩৫ ॥

অয়মেব বিধিরিত্যাদি।—বাভটস্য। অয়মভিষ্যন্দোক্তঃ আদিশব্দাৎ অন্যতোবাতাদয়ঃ॥৩৫॥

এই সকল প্রক্রিয়া অধিমন্থাদিতেও ব্যবস্থা করিবে, অর্থাৎ পূর্ব্বোক্ত প্রক্রিয়া অধিমন্থাদি রোগে প্রশস্ত। উক্ত সকল-প্রকার চিকিৎসাতে অধিমন্থ রোগের শান্তি না হইলে ভ্রূদ্বয়ের উপরিভাগ দগ্ধ করিয়া দিবে ॥ ৩৫ ॥

জলৌকঃ পাতনং শস্তং নেত্রপাকে বিরেচনং। শিরাব্যধং বা কুর্ব্বীত সেকালেপাশ্চ শুক্রবৎ ॥ ৩৬ ॥

নেত্রপাকচিকিৎসামাহ জলৌক ইত্যাদি।—স্পষ্টং ॥ ৩৬ ॥

নেত্রপাক জলৌকা (জোঁক) সংযোগ দ্বারা রক্তমোক্ষণ, বিরেচন, শিরোবেধ এবং শুক্ররোগবৎ সেক ও প্রলেপাদি দ্বারা প্রতিকারের চেষ্টা করা কর্ত্তব্য ॥৩৬॥

ষড়ঙ্গগুগ্গুলুঃ—

বিভীতকশিবাধাত্রী পটোলারিষ্টবাসকৈঃ। ক্বাথো গুগ্গুলুনা পেয়ঃ শোথপাকাক্ষিশূলনুৎ॥ পিল্লঞ্চ সব্রণং শুক্রং রাগাদীংশ্চাপি নাশয়েৎ। এতৈশ্চাপি ঘৃতং পক্বং রোগাংস্তাংশ্চ ব্যপোহতি॥ ৩৭॥

বিভীতকেত্যাদৌ।—পিল্লং পক্কোক্লিকা কিম্বা প্রক্ষালিতে যথা মুষ্টে আনাহুতে পুনঃ পুনঃ। অপরিক্লিন্নবর্ত্মানং তং পিল্লমিতি নির্দ্দিশেদিত্যুক্তলক্ষণৈঃ। অত্র ঘৃতপাকপক্ষে তু বিভীতকাদীনাং ক্বাথো গুগ্গুলোঃ কল্ক ইতি। বিভীতকাদিচূর্ণসমং গুগ্গুলুং গৃহীত্বা ঘৃতেন পিষ্ট্বা বটিকাং কুর্য্যাদিত্যাদিশন্তি বৃদ্ধাঃ॥ ৩৭॥

বহেড়া, হরীতকী, আমলকী, পটোল, নিমছাল ও বাসক (বাকস), এই সকল দ্রব্যের ক্বাথের সহিত যথোপযুক্ত পরিমাণ গুগ্গুল মিশ্রিত করিয়া পান করিবে। ইহাদ্বারা শোথ, পাক, চক্ষুশূল, পিল্ল, সব্রণ শুক্র ও চক্ষুর রক্তিমা নষ্ট হয়। উক্ত বহেড়া, আমলকী, হরীতকী, পটোলপত্র নিম্বছাল ও বাকসের ক্বাথ ও গুগ্গুলের কল্ক সহিত যথারীতি ঘৃত পাক করিয়া সেবন করিলেও ঐ সকল রোগ (শোথ পাক প্রভৃতি) বিনষ্ট হইয়া থাকে॥ ৩৭॥

বাসকাদিঃ—

অটরুষাভয়ানিম্ব ধাত্রীমুস্তাক্ষকুলকৈঃ। রক্তস্রাবং কফং হন্তি চক্ষুষ্যং বাসকাদিকং॥ ৩৮॥

অটরুষেত্যাদি।—অটরুষকং বাসকং এতৈঃ কৃতকাথেন চক্ষুঃসেচনং তথা গুগ্গুলুং প্রক্ষিপ্য বিরেচনমপ্যুপদিশন্তি বৃদ্ধাঃ॥ ৩৮॥

বাসক, হরীতকী, নিম্বছাল, আমলকী, মুথা, বহেড়া ও পটোলপত্র; ইহাদের ক্বাথে চক্ষুসেক করিলে রক্তস্রাব ও কফ নষ্ট এবং চক্ষুর তেজঃবৃদ্ধি হয়॥ ৩৮॥

পথ্যাস্তিস্রো বিভীতক্যঃ ষট্ ধাত্র্যো দ্বাদশৈব তু। প্রস্থার্দ্ধে সলিলে ক্বাথ্যমষ্টভাগাবশেষিতং। পীত্বাভিষ্যন্দমাস্রাবং রাগঞ্চ তিমিরং জয়েৎ। সংরম্ভরাগশূলাশ্রুনাশনং দৃক্প্রসাদনং॥ ৩৯॥

পথ্যা ইত্যাদৌ।—প্রস্থার্দ্ধ ইতি দ্রবদ্বৈগুণ্যাৎ শরাবদ্বয়ে। পীত্বেতি সায়মিত্যাহুঃ॥ ৩৯॥

হরীতকী ৩ তিনটি, বহেড়া ৬ ছয়টি ও আমলকী ১২ বারটি, একত্র /২ দুই সের জলে সিদ্ধ করিয়া /৷০ এক পোয়া অবশিষ্ট থাকিতে ক্বাথ গ্রহণ করিবে। উক্ত ক্বাথ পান করিলে, অভিষ্যন্দ, স্রাব, চক্ষুর রক্তিমা, অন্ধকার দর্শন, শোথ, শূল ও অশ্রুপতন প্রভৃতি চক্ষুরোগ বিনষ্ট হইয়া দৃষ্টি প্রসন্ন হয়॥ ৩৯॥

নেত্রেঽভিহতে কুর্য্যাচ্ছ্যোতনাদিকং। দৃষ্টিপ্রসাদজননং বিধিমাশু কুর্য্যাৎ, স্নিগ্ধৈর্হিমৈশ্চ মধুরৈশ্চ তথা প্রয়োগৈঃ। স্বেদাগ্নিধূমভয়শোকরুজাভিতাপৈ, রভ্যাহতামপি তথৈব ভিষক্ চিকিৎসেৎ॥ ৪০॥

আগন্তুনেত্ররোগচিকিৎসামাহ নেত্র ইত্যাদি।—আদিশব্দাদন্য লেপাদীনাং গ্রহণং। দৃষ্টীত্যাদি সুশ্রুতস্য। দৃষ্টিপ্রসাদজননং নয়নাবরকদোষনাশনং। কৈর্দৃষ্টিপ্রসাদনং কার্য্যমিত্যাহ স্নিগ্ধৈরিত্যাদি। স্বেদেত্যাদি।—কৃতারুজা এব উপতাপো রোগো রোগজনকত্বাদুচ্যতে। অভ্যাহতামিত্যনন্তরং দৃষ্টিমিতি শেষঃ। তথৈবেত্যনন্তরোক্তস্নিগ্ধহিমাদিবিধিনা॥ ৪০॥

আগন্তুক নেত্ররোগে আশ্চ্যোতনাদি (সেকাদি) আচরণ করা কর্ত্তব্য। স্বেদ, ধূম, অগ্নিসন্তাপ, ভয়, শোক ও রোগাদিদ্বারা দৃষ্টির হ্রাস হইলে স্নিগ্ধ, শীতল ও মধুর প্রক্রিয়াদি দ্বারা দৃষ্টির প্রসাদন করিবে॥ ৪০॥

আগন্তুদোষং প্রসমীক্ষ্য কার্য্যং বস্ত্রোষ্মণাস্বেদিতমাদিতস্তু।

আশ্চ্যোতনং স্ত্রীপয়সাচ সদ্যো

যচ্চাপি পিত্তক্ষতজাপহং স্যাৎ ॥

সূর্য্যোপরাগানলবিদ্যুদাদি-

বিলোকনেনোপহতেক্ষণস্য।

সন্তর্পণং স্নিগ্ধহিমাদিকার্য্যং

সায়ং নিষেব্যা ত্রিফলাপ্রয়োগাঃ ॥৪১॥

আগন্ত্বিত্যাদি।—আগন্তুদোষং ধূলাদ্যভিঘাতং। বস্ত্রোষ্মা চ বস্ত্রপুট গ্রাহ্যঃ। যচ্চাপি পিত্তক্ষতজাপহং স্যাদিতি পিত্তাভিষ্যন্দে রক্তাভিষ্যন্দে চ যদুক্তং তদপি হিতং। ত্রিফলাপ্রয়োগা ইতি। ত্রিফলাক্কাথেন চক্ষুঃসেকাদয়ঃ ॥ ৪১ ॥

আগন্তুকদোষ দৃষ্ট হইলে বস্ত্রোষ্মা-দ্বারা স্বেদ, নারীদুগ্ধে আশ্চ্যোতন এবং পিত্ত ও রক্তজ চক্ষুরোগের ন্যায় চিকিৎসা করিবে।

সূর্য্য, অগ্নি ও বিদ্যুতাদি দর্শনে চক্ষুরোগ উৎপন্ন হইলে স্নিগ্ধ ও শীতল-সন্তর্পণ এবং সায়ংকালে ত্রিফলার ক্কাথ দ্বারা চক্ষু সেকাদি করিবে ॥ ৪১ ॥

[illegible]।

অভিঘাতাক্ষিশূলঘ্নং নারীক্ষীরেণ পূরণং। ইৎকটাঙ্কুরজস্তদ্বৎ স্বরসো নেত্রপূরণং ॥ ৪২ ॥

নিশেত্যাদি।—এষাং চূর্ণং নারীক্ষীরে প্রক্ষিপ্য পূরণং। তদ্বদিতি অভিঘাতাক্ষিশূলঘ্ন ইত্যর্থঃ॥৪২॥

হরিদ্রা, মুথা, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), দারুহরিদ্রা, শর্করা ও যষ্টিমধু; এই সমস্ত দ্রব্য নারীদুগ্ধে পেষণ করিয়া চক্ষুতে প্রদান করিলে অভিঘাতজনিত চক্ষুশূল নিবারণ হয়।

ইকড় নামক তৃণাঙ্কুরের স্বরস গ্রহণ করতঃ চক্ষুতে প্রদান করিলেও চক্ষুশূল নিবারণ হয় ॥ ৪২ ॥

আজং ঘৃতং ক্ষীরপাত্রং মধুকক্ষোৎপলানি চ। জীবকর্ষভকৌ চাপি পিষ্টা সর্পির্বিপাচয়েৎ। সর্ব্বনেত্রাভিঘাতেষু সর্পিরেতৎ প্রশস্যতে ॥ ৪৩ ॥

আজমিত্যাদি।—আজঘৃতমিহ প্রস্থমানং। ক্ষীরপাত্রোত্র পাত্রশব্দঃ দ্রবদ্বৈগুণ্যাৎ ষোড়শশরাবাঃ। ক্ষীরঞ্চেহ গব্যমেব বিশেষাভাবাৎ। অন্যে তু ঘৃতসাহচর্য্যাৎ ক্ষীরমপ্যাজমাহুঃ। সর্পিষোর্বিরুদ্ধকারণমিহ নন্যে তপনে চ হিতত্বপ্রতিপাদনার্থমিতি বদন্তি। জেজ্জটস্তু আজঘৃতস্য কল্কত্বমেবাহ তেন তন্মতে দ্বিতীয়সর্পিঃ পদস্য গব্যঘৃতমেবার্থ ইতি ॥ ৪৩ ॥

ছাগঘৃত /৪ চারি সের ও দুগ্ধ ।৬ ষোল সের এবং যষ্টিমধু, নীলোৎপল, জীবক ও ঋষভক; এই সকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক ঘৃতে প্রদান পূর্ব্বক (যথাবিহিত নিয়মানুসারে) পাক করিবে। সর্ব্ব প্রকার অভিঘাত জন্য নেত্ররোগে উক্ত ঘৃত প্রশস্ত ॥ ৪৩ ॥

সৈন্ধবং দারুশুণ্ঠী চ মাতুলুঙ্গরসো ঘৃতং। স্তন্যোদকাভ্যাং কর্ত্তব্যং শুষ্কপাকে তদঞ্জনং ॥ ৪৪ ॥

শুষ্কাক্ষিপাকরোগচিকিৎসামাহ সৈন্ধবমিত্যাদি।—সুশ্রুতস্য স্তন্যোদকাভ্যামিতি লক্ষণে সহার্থে তৃতীয়া। সৈন্ধবদারুশুণ্ঠীনাং মিলিত্বা পাদিকঃ কল্কঃ কার্য্যঃ। পাদিকত্বঞ্চ মিলিতমাতুলুঙ্গরসাদিদ্রবচতুষ্টয়মপেক্ষ্য। সৈন্ধবং মাষকদ্বয়ং দেবদারুশুণ্ঠ্যোস্তু প্রত্যেকং মাষকচতুষ্টয়ং মাতুলুঙ্গরসাদীনাং চতুর্ণাং প্রত্যেকং দ্বাদশমাষকাঃ সর্ব্বমেকীকৃত্য মৃদ্বগ্নিনা পক্তব্যং যাবৎ ঘনীভবতি ততোঽঞ্জনং কার্য্যং রসক্রিয়েয়ং। অন্যে তু স্তন্যোদকামিতি পঠিত্বা স্ত্রীক্ষীরজলয়োর্মিলিতয়োঃ সমুদয়ার্দ্ধমানং। সৈন্ধবদারুশুণ্ঠীমাতুলুঙ্গরসঘৃতানাং সমভাগঃ। সৈন্ধবদারুশুণ্ঠীনাং কল্কং। মাতুলুঙ্গরসাদিদ্রবচতুষ্টয়েন প্রাগ্বদঞ্জনং কার্য্যং রসক্রিয়েয়মিতি। অন্যে তু স্তন্যোদকার্দ্ধমিতি ব্যাচক্ষতে ॥ ৪৪ ॥

সৈন্ধব, দেবদারু, শুঁঠ, ছোলঙ্গলেবুর রস, ঘৃত, স্তন্যদুগ্ধ ও জল, এই সকল দ্রব্য (যথোপযুক্ত পরিমাণে) গ্রহণ করতঃ একত্র পাক করিতে করিতে গাঢ় হইলে চক্ষুতে অঞ্জন করিবে। ইহাদ্বারা শুষ্ক অক্ষিপাকের শান্তি হয় ॥ ৪৪ ॥

বাতাভিষ্যন্দবচ্চাস্থাতে মারুতপ-

র্য্যয়ে। পূর্ব্বভক্তং হিতং সর্পিঃ ক্ষীরঞ্চাপ্যথভোজনে ॥ ৪৫ ॥

বাতাদিচিকিৎসামাহ। বাতেত্যাদি।—পূর্ব্বভক্তমিতি ভক্তাৎ পূর্ব্বমিতি অন্যত্তোবাতে বাতপর্য্যয়ে চ ক্ষীরপানং অনয়োঃ পিত্তরক্তাবদ্ধত্বাৎ ॥ ৪৫ ॥

বাতাভিষ্যন্দে অথবা বাতে বা বাতপর্য্যায়ে, ভোজনের পূর্ব্বে ঘৃত পান এবং আহারের সহিত দুগ্ধ সেবন করা কর্ত্তব্য ॥ ৪৫ ॥

বৃক্ষাদন্যাং কপিত্থে চ পঞ্চমূলে মহত্যপি। সক্ষীরং কর্কটরসে সিদ্ধঞ্চাপি পিবেদ্ঘৃতং ॥ ৪৬ ॥

বৃক্ষাদন্যামিত্যাদি।—বৃক্ষাদনীবন্দা, বৃক্ষাদন্যাদিভিঃ কল্কঃ ক্ষীরং স্নেহসমং কর্কটরসস্তু ত্রিগুণঃ এবং ঘৃতং সাধ্যমিতি শ্রীকণ্ঠঃ। গয়দাসস্তু বৃক্ষাদন্যাদীনাং পঞ্চমূলান্তানাং মিলিত্বা দ্বিগুণঃ ক্কাথঃ ক্ষীরকর্কটরসয়োস্তু প্রত্যেকং স্নেহসমত্বমিত্যাহ। অন্যে তু বিভিন্ন বিভক্তিকত্বাৎ বৃক্ষাদন্যাদীনাং প্রত্যেকং স্নেহসমঃ ক্কাথঃ এবং ক্ষীরকর্কটরসাবপি ইতিপঞ্চগুণঃ পাক ইত্যাহুঃ ॥ ৪৬ ॥

উক্ত রোগে পরগাছা, কথবেল ও মহৎপঞ্চমূল, এই সকলের উত্তমরূপ কুট্টিত কল্ক এবং দুগ্ধ ও কর্কট (কাঁকড়াশৃঙ্গী) রসসহ (যথাবিহিত নিয়মানুসারে) ঘৃত পাক করিয়া পান করিবে।

পঞ্চমূল যথা—বিল্ব, গাম্ভারী, পারুল, গণিয়ারী ও শ্যোণা ছাল ॥ ৪৬ ॥

অভিষ্যন্দমধীমন্থং রক্তোত্থমর্জ্জুনং। শিরোৎপাতং শিরাহর্ষমন্যাংশ্চাক্ষিভবান্ গদান্ ॥ স্নিগ্ধস্যাজ্যেন কৌম্ভেন শিরাব্যধৈঃ শমং নয়েৎ। অম্লাধ্যুষিতশান্ত্যর্থং কুর্য্যাল্লেপান্ সুশীতলান্ ॥ তৈন্দুকং ত্রৈফলং সর্পির্জীর্ণং বা কেবলং হিতং। শিরাব্যধং বিনা কার্য্যঃ পিত্তস্যন্দহরো বিধিঃ ॥ সর্পিঃ ক্ষৌদ্রাঞ্জনঞ্চস্যাচ্ছিরোৎপাতস্য ভেষজং। তদ্বৎ সৈন্ধবকাশীশং স্তন্যপিষ্টঞ্চ পূজিতং ॥ শিরাহর্ষেঽঞ্জনং কুর্য্যাৎ ফাণিতং মধুসংযুতং। মধুনা তার্ক্ষ্যশৈলং বা কাশীশং সমাক্ষিকং ॥ ৪৭ ॥

অভিষ্যন্দমিত্যাদৌ।—অন্যাংশ্চেতি শুক্রাদীন। কৌম্ভং সর্পির্দ্দশবর্ষস্থিতং। অম্লাধ্যুষিতমিত্যাদৌ।—তৈন্দুকং সর্পির্ব্বাতব্যাধৌ সুশ্রুতেনোক্তং। ত্রৈফলং ত্রিফলাক্কাথ কল্কাভ্যাং সিদ্ধং। কেবলমিত্যসংস্কৃতং সর্পিরি... সুশ্রুতস্য। অঞ্জনং সৌবীরাঞ্জনং ঘৃত... সৌবীরাঞ্জনং পিষ্ট্বা বর্ত্তিঃ কার্য্যা। ... ঞ্জনরূপং তদ্বদিতি শিরোৎপাতভেষজমিত্যর্থঃ কাশীশং পুষ্পকাশীশং ধাতুকাশীশমিত্যন্যে ব্যবহারস্তু পূর্ব্বেণ। ফাণিতং দ্রবগুড়ঃ। তার্ক্ষ্যশৈলং রসাঞ্জনং ॥ ৪৭ ॥

অভিষ্যন্দ, অধীমন্থ, রক্তজ অর্জ্জুন, শিরোৎপাত, শিরাহর্ষ এবং অন্যান্য চক্ষুরোগে দশবর্ষস্থ ঘৃতদ্বারা স্নিগ্ধ করতঃ শিরাবেধ করিয়া রোগ নিবারণ করিবার চেষ্টা করিবে।

অম্লাধ্যুষিত প্রশমনার্থ সুশীতল প্রলেপন ব্যবস্থা করিবে এবং তৈন্দুকঘৃত, ত্রৈফলঘৃত অথবা কেবল পুরাতন ঘৃত প্রয়োগ এবং শিরাবেধ ব্যতীত পিত্তাভিষ্যন্দের অন্যান্য প্রক্রিয়া সকল আচরণ করিবে।

সৌবীরাঞ্জন ঘৃত ও মধুর সহিত পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। ঐ রূপ সৈন্ধব হিরাকস স্তন্যদুগ্ধের সহিত পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত উভয়বিধ বর্ত্তিই শিরোৎপাতে অঞ্জনরূপে ব্যবহার করিবে।

দ্রবগুড় ও মধু অথবা মধু ও রসাঞ্জন কিম্বা মধু ও কাশীশ (হিরাকস) দ্বারা শিরাহর্ষে অঞ্জন প্রশস্ত ॥ ৪৭ ॥

ব্রণশুক্রপ্রশান্ত্যর্থং ষড়ঙ্গং গুগ্গুলুং পিবেৎ। কতকস্যফলং শঙ্খং তিন্দুকং রূপ্যমেব চ। কাংস্যে নিঘৃষ্টং স্তন্যেন ক্ষতশুক্রাত্তিরাগজিৎ ॥ ৪৮ ॥

কতকস্যেত্যাদি।—কতকং তোয়প্রসাদকফলং প্রায়োমগধেষ্ভবতি শঙ্খং নাভিশঙ্খং তিন্দুকং তিন্দুকফলাস্থি রূপ্যং রূপ্যচূর্ণং এষাং সমভাগং গৃহীত্বা কাংশ্যপাত্রে স্তন্যেন সহ ঘর্ষণীয়ং। ক্ষত-শুক্রং ব্রণশুক্রং॥ ৪৮॥

ব্রণশুক্র শান্তির জন্য ষড়ঙ্গ গুগ্‌গুলু পান করিবে।

নির্ম্মলী ফল (জলপ্রসাদন ফল), নাভিশঙ্খ, গাবের আঠি ও রূপা, এই সকল দ্রব্য স্তন্যদুগ্ধের সহিত কাংশ্য পাত্রে ঘর্ষণ করিয়া প্রয়োগ করিলে ব্রণশুক্র বিনষ্ট হয়॥ ৪৮।

চন্দনং গৈরিকং লাক্ষামালতীকলিকা-সমা॥ ব্রণশুক্রহরোবর্ত্তিঃ শোণিতস্য প্রসাদনী॥ শিরয়া বা হরেদ্রক্তং জ-লৌকোভিশ্চ লোচনাৎ। অক্ষমজ্জা-ঞ্জনং সায়ং স্তন্যেন শুক্রনাশনং॥ ৪৯॥

চন্দনেত্যাদৌ।—গৈরিকং স্বর্ণগৈরিকং তচ্চা-ত্যন্তরক্তমৃদুচয়দৌগৈরিকমিতি পেষণন্তু জলেন। বৃদ্ধাঃ গগণজলেন ব্যবহরন্তি তদভাবে তদ্গ্রহণেন বা। এবমন্যত্রাপি দ্রবানুক্তস্থানে বোধ্যং তথা ছায়াশোষণং মধুনা ঘৃষ্ট্বা চাঞ্জনমিত্যপি বিশেষা-ভাবস্থানে ব্যবহারোবৃদ্ধানাং। অক্ষেত্যাদৌ।—স্তন্যেনেত্যত্র মধ্বপি বোধ্যং সুশ্রুতসম্বাদাৎ॥৪৯।

রক্তচন্দন, গৈরিক, লাক্ষা (লাহা) ও মালতীকলিকা, এই সকল দ্রব্য সম-ভাগে লইয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি ব্রণশুক্রনাশক এবং রক্ত পরিস্কার কারক।

ব্রণশুক্ররোগে জলোকা সংযোগে চক্ষুর শিরা হইতে রক্ত মোক্ষণ করিবে এবং বহেড়ার আঠির মজ্জা স্তন্যদুগ্ধের সহিত পেষণ করিয়া সায়ংকালে প্রলে-পন করিবে। ইহাদ্বারা ব্রণশুক্র বিনষ্ট হয়॥ ৪৯॥

একস্থা পুণ্ডরীকস্থ ছাগীক্ষীরাবসে-কঁচতং। রাগাশ্রুবেদনাং হন্যাৎ ক্ষত-পাকাত্যয়াজকাঃ॥ ৫০॥

একমিত্যাদি।—একং শ্রেষ্ঠমিতি বা তচ্চ উত্ত-রাপথজং পুণ্ডরীকং পুণ্ডরীকাষ্ঠং পিষ্ট্বা বস্ত্রেণ পোট্টলীং বদ্ধা ছাগীক্ষীরে স্থাপ্যং যদা পীতবর্ণং দুগ্ধং ভবতি তদা চক্ষুষি দুগ্ধং দেয়ং প্রবলরক্ত-দুষ্টৌ যোগোয়ং॥ ৫০॥

উৎকৃষ্ট পুণ্ডরিয়া কাষ্ঠ পেষণ করতঃ বস্ত্রখণ্ডে বাঁধিয়া ছাগদুগ্ধ মধ্যে নিক্ষেপ করিবে। ঐ দুগ্ধ পীতবর্ণ হইলে তদ্দ্বারা চক্ষু সেক করিবে। ইহাদ্বারা চক্ষুর রক্ত-বর্ণতা, অশ্রুপাত, বেদনা, ক্ষতপাক ও অযাজকপ্রভৃতি বিনষ্ট হইয়া থাকে॥৫০॥

তুত্থকং বারিণাযুক্তং শুক্রং হন্ত্যক্ষিপূ-রণাৎ। সমুদ্রফেণদক্ষাণ্ডত্বক্‌সিন্ধুথৈঃ সমাক্ষিকৈঃ। শিগ্রুবীজযুতৈর্ব্বর্ত্তিঃ শুক্রঘ্নী শিগ্রুবারিণা॥ ৫১॥

তুত্থকমিত্যাদি।—অত্র মধ্বপি বোধ্যং সুশ্রুত-সম্বাদাৎ। সমুদ্রেত্যাদৌ দক্ষাণ্ডত্বক্ কুক্কুটাণ্ডক-পালং সমাক্ষিকৈরিতি স্বর্ণমাক্ষিকসহিতৈরিতি কেচিৎ। অন্যে তু মধু বদন্তি। সমাক্ষিকৈরি-ত্যত্র সশঙ্খকৈরিতি পাঠে শঙ্খকঃ শঙ্খনাভিঃ। শিগ্রু বারিণেতি শোভাঞ্জনরসেন পিষ্ট্বা বর্ত্তিঃ কার্য্যা॥ ৫১॥

তুঁতিয়া শীতল জলের সহিত চক্ষুতে প্রদান করিলে শুক্র বিনষ্ট হয়।

সমুদ্রফেণা, কুক্কুটাণ্ডত্বক্, সৈন্ধব ও শজিনাবীজ; এই সকল দ্রব্যদ্বারা মধু সহযোগে বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি শজিনার রসের সহিত চক্ষুতে প্র-য়োগ করিলে শুক্র বিনষ্ট হয়॥ ৫১॥

ধাত্রীফলং নিম্বকপিত্থপত্রং
যষ্ট্যাহ্বলোধ্রং খদিরস্তিলাশ্চ।
ক্বাথঃ সুশীতো নয়নে নিষিক্তঃ
সর্ব্বপ্রকারং বিনিহন্তি শুক্রং॥
ক্ষুদ্রপুন্নাগপত্রেণ পরিভাবিতবারিণা।
শ্যামাকাণাম্বুনাবাথ সেচনং কুসুমা-পহং॥ ৫২॥

ধাত্রীত্যাদৌ।—নিম্বস্য কপিত্থস্য চ পত্রং ক্বাথ ইত্যত্র এষামিতি শেষঃ সর্ব্বপ্রকারমিতি সব্রণ-

সব্রণক। ক্ষুণ্ণেত্যাদি।—ক্ষুণ্ণং শিলায়াং জর্জ্জরীকৃতং পুন্নাগস্য নাগকেশরস্য যৎ পত্রং তেন ভাবিতং যদ্বারি তেন। শ্যামা শ্যামলতা তস্যাঃ ক্বাথরূপমম্বু। কুসুমাপহমিতি শব্দেন্দুকুন্দবর্ণং শুক্রমেব কুসুমং তন্নাশনং॥ ৫২॥

আমলকী, নিম্বপত্র, কদ্‌বেলেরপত্র, যষ্টিমধু, লোধ, খদিরকাষ্ঠ ও তিল, এই সকল দ্রব্যের যথারীতি ক্বাথ প্রস্তুত করতঃ শীতল করিয়া চক্ষুতে প্রদান করিবে। ইহা দ্বারা সর্ব্ব প্রকার শুক্র বিনষ্ট হয়।

কুট্টিত নাগকেশর পত্র দ্বারা পরিভাবিত জল অথবা শ্যামালতার ক্বাথদ্বারা চক্ষু সেক করিলে কুসুমরোগ প্রশমিত হয়॥ ৫২॥

দক্ষাগুত্বক্‌শিলাশঙ্খকাচচন্দনগৈরিকঃ। তুল্যৈরঞ্জনযোগোঽয়ং পুষ্পার্ম্মাদিবিলেখনঃ॥ ৫৩॥

দক্ষেত্যাদি।—দক্ষঃ কুক্কুটঃ গোষ্ঠকুক্কুট ইত্যন্যে শিলা মনঃশিলা শঙ্খং শঙ্খনাভিঃ এবং সর্ব্বত্র কাচঃ স্বনাখ্যাতঃ॥ ৫৩॥

দক্ষাণ্ডত্বক্‌, মনঃশিলা, নাভিশঙ্খ, কাচ, চন্দন ও গৈরিক, এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া একত্র মিশ্রিত করিবে। উক্ত চূর্ণাঞ্জন কুসুম (ফুলি) ও অর্ম্মাদি রোগনাশক॥ ৫৩॥

শিরীষবীজমরিচপিপ্পলীসৈন্ধবৈরপি। শুক্রেপ্রঘর্ষণং কার্য্যমথবা সৈন্ধবেন চ॥ ৫৪॥

শিরীষেত্যাদি।—শিরীষাদিচূর্ণৈর্ম্মস্রাক্ত শলাকাস্থিতৈর্ঘর্ষণং কার্য্যং সৈন্ধবেনেতিকেবলসৈন্ধবচূর্ণেন অন্যে তু মসৃণসৈন্ধবখণ্ডেনেত্যাহুঃ॥ ৫৪॥

শুক্ররোগে শিরীষবীজ, মরিচ, পিপ্পলী ও সৈন্ধব, এই সকল দ্রব্য ঘর্ষণ করিবে। অথবা কেবল সৈন্ধব চূর্ণ ঘর্ষণ করিবে॥ ৫৪॥

বহুশঃ পলাশকুসুমস্বরসৈঃ পরিভাবিতাজয়ত্যচিরাৎ। নক্তাহ্ববীজবর্ত্তিঃ কুসুমচয়ং দৃক্ষু চিরজমপি॥ ৫৫॥

বহুশ ইত্যাদি।—বহুশঃ সপ্তাহং। নক্তাহ্ববীজমিতি করঞ্জবীজস্য চূর্ণং কৃত্বা পলাশকুসুমস্বরসেন বর্ত্তিঃ কার্য্যা॥ ৫৫॥

করঞ্জার বীজ চূর্ণ পলাশপুষ্পের স্বরসসহ সপ্তাহ পর্য্যন্ত ভাবনা করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি চিরজাত চক্ষুর কুসুম (ফুলি) আশু নিবারক॥ ৫৫॥

সৈন্ধবত্রিফলাকৃষ্ণা কটুকাশঙ্খনাভয়ঃ। সতাম্ররজসোবর্ত্তিঃ পিষ্টশুক্রবিনাশিনী॥ ৫৬॥

সৈন্ধবেত্যাদৌ।—কটুকা কটুরোহিণী তাম্ররজস্তু মারিততাম্রচূর্ণং। পিষ্টশুক্রবিনাশিনীতি পিষ্টাখ্যনেত্ররোগঃ বিন্দুভিঃ পিষ্টধবলৈরুৎস্থিতৈঃ পিষ্টকং বদেদিত্যুক্তলক্ষণৈঃ॥ ৫৬॥

সৈন্ধব, ত্রিফলা, পিপ্পলী, কট্‌কী, নাভিশঙ্খ ও তাম্র; এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি পিষ্টশুক্র (পিষ্টাখ্য নেত্ররোগ) নাশক॥ ৫৬॥

চন্দনং সৈন্ধবং পথ্যা পলাশতরুশোণিতং। ক্রমবৃদ্ধমিদং চূর্ণং শুক্রার্ম্মাদি বিলেখনং॥ ৫৭॥

চন্দনমিত্যাদৌ।—পলাশতরুশোণিতং কিংশুকবৃক্ষবেষ্টকং। রক্তচন্দনস্য মাষকঃ সৈন্ধবস্য দ্বৌ পথ্যায়াস্ত্রয় ইতি বৃদ্ধিক্রমঃ। এতচ্চূর্ণাঞ্জনং মধ্বাক্তশলাকয়া চক্ষুষি দেয়ং এবং সর্ব্বত্র চূর্ণাঞ্জনে॥ ৫৭॥

রক্তচন্দন এক ভাগ, সৈন্ধব ২ ভাগ, হরীতকী ৩ ভাগ, পলাশ বৃক্ষের আঠা ৪ ভাগ; এই সকল দ্রব্য একত্র চূর্ণ করিবে। উক্ত চূর্ণাঞ্জন মধুর সহিত শলাকাদ্বারা চক্ষুতে প্রদান করিবে। ইহা শুক্র ও অর্ম্মাদি নাশক॥ ৫৭॥

দন্তবর্ত্তিঃ—

দন্তৈর্হস্তিবরাহোষ্ট্রগবাশ্বাজখরোদ্ভবৈঃ। সশঙ্খমৌক্তিকাম্ভোধিফেনৈর্মরিচপাদিকৈঃ। ক্ষতশুক্রমপি ব্যাধিং দন্তবর্ত্তির্নিবর্ত্তয়েৎ॥ ৫৮॥

দন্তৈরিত্যাদি।—বাভটস্য। মরিচপাদিকৈরিতি সমুদিতচূর্ণাপেক্ষয়া মরিচস্য চতুর্থোভাগঃ পেষণঞ্চাত্র জলেন বাভটসম্বাদাৎ॥ ৫৮॥

হস্তী, বরাহ, উষ্ট্র, গো, অশ্ব, ছাগ ও গর্দ্দভ; এই সকল প্রাণীর দন্ত এবং শঙ্খ, মুক্তা ও সমুদ্রফেণা, এই সকল দ্রব্য সমানাংশ এবং মরিচ সমুদয় চূর্ণের চতুর্থাংশ গ্রহণ করতঃ একত্র মিশ্রিত করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। এই দন্তবর্ত্তি ক্ষতশুক্র নিবারক॥ ৫৮॥

শঙ্খস্য ভাগাশ্চত্বারস্ততোর্দ্ধেন মনঃশিলা। মনঃশিলার্দ্ধং মরিচং মরিচার্দ্ধেন সৈন্ধবং। এতচ্চূর্ণাঞ্জনং শ্রেষ্ঠং শুক্রয়োস্তিমিরেষু চ॥ ৫৯॥

শঙ্খস্যেত্যাদি।—শঙ্খং শঙ্খনাভিঃ নাভিশঙ্খং মা ৪ মনঃশিলা মা ২ মরিচ মা ১ সৈন্ধব র ৫। চূর্ণাঞ্জনমিতি মধ্যাঙ্গুলশলাকয়া সংগৃহ্য শুক্রদেশং ঘর্ষয়েৎ। তত্তিক্ষকষায়কাথেন প্রক্ষালনং কার্য্যমিতি। শুক্রয়োরিতি সব্রণাব্রণশুক্রয়োঃ॥ ৫৯॥

নাভিশঙ্খ ৪ ভাগ, মনঃশিলা ২ ভাগ, মরিচ ১ভাগ এবং মরিচের অর্দ্ধ সৈন্ধব, এই সকল দ্রব্যের চূর্ণ করিয়া উত্তমরূপ মিশ্রিত করিবে। উক্ত চূর্ণাঞ্জন শুক্রও তিমির রোগে অতি শ্রেষ্ঠ॥ ৫৯॥

তাপ্যং মধুকসারোবা বীজং চাক্ষস্য সৈন্ধবং। মধুনাঞ্জনযোগাঃ স্যু শ্চত্বারঃ শুক্রশান্তয়ে॥ ৬০॥

তাপ্যমিত্যাদি।—তাপ্যং স্বর্ণমাক্ষিকং অক্ষস্য বীজং বিভীতকাস্থি মজ্জা॥ ৬০॥

স্বর্ণমাক্ষিক; মৌলসার (মউয়াসার); অক্ষ (বহেড়ারমজ্জা); সৈন্ধব; এই যোগ চতুষ্টয় পৃথক্ পৃথক্ মধুর সহিত চক্ষুতে অঞ্জন প্রদান করিলে শুক্র রোগের শান্তি হয়॥ ৬০॥

বটক্ষীরেণ সংযুক্তং শ্লক্ষ্ণং কর্পূরজং রজঃ। ক্ষিপ্রমঞ্জনতো হন্তি শুক্রঞ্চাপি ঘনোন্নতং॥ ৬১॥

সূক্ষ্ম কর্পূর চূর্ণ বটের ক্ষীরের সহিত মিশ্রিত করিয়া চক্ষুতে অঞ্জন করিলে ঘন ও উন্নত শুক্ররোগ বিনষ্ট হয়॥ ৬১॥

ত্রিফলামজ্জমঙ্গল্যা মধুকং রক্তচন্দনং। পূরণং মধুসম্মিশ্রং ক্ষতশুক্রাজকাশ্রুজিৎ॥ ৬২॥

ত্রিফলেত্যাদৌ।—মঙ্গল্যা গোরোচনা মধুকং যষ্টিমধু এতৈঃ সমভাগৈর্মধুনা পূরণং কার্য্যং॥ ৬২॥

ত্রিফলার মজ্জা, গোরোচনা, যষ্টিমধু ও রক্তচন্দন, এই সকল দ্রব্য পেষণ করিয়া মধু সহযোগে চক্ষুতে পূরণ করিবে। ইহা ক্ষতশুক্র ও অজকাশ্রু নাশক॥ ৬২॥

তালস্য নারিকেলস্য তথৈবারুষ্করস্য চ। করবীরস্য বংশানাং কৃত্বা ক্ষারং প্রবিস্রুতং॥ করভাস্থিকৃতং চূর্ণং ক্ষারেণ পরিভাবিতং। সপ্তকৃত্বোঽষ্টকৃত্বো বা শ্লক্ষ্ণং চূর্ণন্তু কারয়েৎ॥ এতচ্ছুক্রেষু সাধ্যেষু কৃষ্ণীকরণমুত্তমং। যানি শুক্রানি সাধ্যানি তেষাং পরমমঞ্জনং॥ ৬৩॥

তালস্যেত্যাদি।—তালস্য কটা নারিকেলস্য ক্ষণাস্থি অরুষ্করঃ ভল্লাতঃ তস্য ফলং বংশকরীরস্য তু পাথরী এতৎ সর্ব্বং তিলনালাগ্নিনা দগ্ধা ভস্ম গ্রাহ্যং তচ্চ ভাব্যদ্রব্যসমং গৃহীত্বা অষ্টগুণোদকে ষোড়শগুণোদকে বা নিঃক্বাথ্যার্দ্ধশেষং পাদশেষমেকবিংশতি বারান স্রাবয়েৎ। অন্যে তু ক্বাথমকৃত্বা চতুর্গুণেন ষোড়শগুণেন বা জলমাত্রেণ স্রাবণমাহুঃ বাভটসম্বাদাৎ। অপরে তু ভাব্যদ্রব্যসমং ভস্ম চতুর্গুণেন ষোড়শগুণেন বা অম্বুনা নিঃক্বাথ্যার্দ্ধাবশেষেণ বিস্রাবণং বদন্তি। ব্যবহারন্তু পূর্ব্বেণৈব। পরিস্রাব্য চ গৃহীতেন যত্নেন ক্ষারোদকেন সপ্তাষ্টৌ বারান করভাস্থিচূর্ণং ভাব্যং করভ উষ্ট্রঃ এতচ্চ প্রতিভাবনমেব

চূর্ণীকর্ত্তব্যং তচ্চূর্ণং মধ্বাক্তশলাকয়া সংগৃহ্য শুক্রদেশং ঘর্ষয়েৎ। ততশ্চ ত্রিফলাক্কাথেনাক্ষিপ্রক্ষালনমিতি ক্রিয়াপরিপাটী ক্ষারেণেতি ক্ষারোদকেন এতচ্চ কৃচ্ছসাধ্যেষ্বিতি অনেন শুক্রস্যাসাধ্যস্য বৈবর্ণনাশনং পরং ক্রিয়তে ন পুনঃ শুক্রনাশনমিতি দর্শয়তি। যানি শুক্লানি সাধ্যানীত্যাদি পাঠোযুক্তঃ নতু শুক্লান্যসাধ্যানীতি। নারিকেলাস্থি ভল্লাতকতালবংশকরীরজং। ক্ষারাদ্ভিঃ স্রাবয়েৎ তাভির্ভাবয়েৎ করভাস্থিজং। চূর্ণং শুক্রেষসাধ্যেষু তৎ বৈবর্ণ্যমঞ্জনং। সাধ্যেষু সাধনায়ামন্দমেব। নিশ্চলেন পুনরসাধ্যানীতি পঠিত্বা এতচ্চ ন কদাচিদপি সাধ্যশুক্রগোচরতয়া প্রয়োক্তব্যমিতি যদ্ব্যাখ্যাতং তদপাস্তং উক্তবাভট বচনবিরোধাদেব ॥ ৬৩ ॥

তালজটা, নারিকেলফল, ভেলা, করবী ও বংশনেলী, এই সকল বৃক্ষের ক্ষার প্রস্তুত করিয়া উহা জলের সহিত মিশ্রিত করতঃ বস্ত্রপূত করিয়া জল গ্রহণ করিবে। অনন্তর করভাস্থি (উষ্ট্র-অস্থি) চূর্ণ ঐ ক্ষারজল সহ সাতবার কিম্বা আটবার ভাবনা দিয়া উহা অতি সূক্ষ্ম চূর্ণ করিবে। অসাধ্য শুক্রকৃষ্ণীকরণার্থ ইহা অতি শ্রেষ্ঠ এবং সাধ্য শুক্রের প্রধান অঞ্জন ॥ ৬৩ ॥

পটোলাদ্যং ঘৃতম্—

পটোলং কটুকাং দার্ব্বীং নিম্বং বাসাং ফলত্রিকং। দুরালভাং পর্পটকং ত্রায়ন্তীঞ্চ পলোন্মিতাং ॥ প্রস্থমামলকানাঞ্চ ক্কাথয়েন্নল্বনেঽম্ভসি। পাদশেষে রসে তস্মিন্ ঘৃতপ্রস্থং বিপাচয়েৎ ॥ কল্কৈর্ভূনিম্বকুটজমুস্তযষ্ট্যাহ্বচন্দনৈঃ। সপিপ্পলীকৈস্তৎ সিদ্ধং চক্ষুষ্যং শুক্রয়োর্হিতং ॥ ঘ্রাণকর্ণাক্ষিবত্মত্বক্-মুখরোগব্রণাপহং। কামলাজ্বরবী-সর্পগণ্ডমালাহরং পরং ॥ ৬৪ ॥

পটোলমিত্যাদি।—পটোলং পটোলস্য ফলং কুটজ ইন্দ্রযবঃ তন্ত্রান্তরে ষষ্টিকলিঙ্গভূনিম্বপিপ্পলীঘনচন্দনৈঃ। কল্কৈরভ্যংশিকৈরাজ্যং প্রস্থমাত্রপ্রসাধিতমিত্যুক্তত্বাৎ। অতএব বচনাৎ ভূনিম্বাদীনাং পলমানতা চ বোধ্যা ॥ ৬৪ ॥

পটোল, কট্কী, দারুহরিদ্রা, নিম্ছাল, বাসক, ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া), দুরালভা ক্ষেৎপাপড়া ও বলাডুমুর, এই সকল দ্রব্য প্রত্যেকে এক পল অর্থাৎ ৮ আট তোলা, আমলক /২ দুই সের; /৬৪ চৌষট্টি সের সিদ্ধ করিয়া ।৬ ষোল সের থাকিতে বস্ত্রপূত করিয়া ক্কাথ করিবে। চিরতা, ইন্দ্রযব, মুথা, রক্তচন্দন ও পিপ্পলী, এই সকল উত্তম রূপ কুট্টিত কল্ক এবং পূ ক্কাথ সহিত প্রস্থ পরিমিত অর্থা চারি সের ঘৃত যথারীতি পাক কর উক্ত সিদ্ধ ফলপ্রদ ঘৃত চক্ষুষ্য ও শু হিতকর এবং নাসিকা, কর্ণ, চক্ষু, ব চর্ম্ম ও মুখরোগ, ব্রণ, কামলা, জ্বর, সর্প ও গণ্ডমালা প্রভৃতি রোগ বি শক ॥ ৬৪ ॥

কৃষ্ণাদ্যং তৈলম্—

কৃষ্ণাবিড়ঙ্গমধুযষ্টিকসিন্ধুজন্মবিশ্বৈঃ পয়সি সিদ্ধমিদং ছাগল্যাঃ। তৈলং নৃণাং তিমিরশুক্রশিরোক্ষিশূলপাকাত্যয়ান্ জয়তি নস্যবিধৌ প্রযুক্তং ॥ ৬৫ ॥

কৃষ্ণেত্যাদি।—কৃষ্ণা পিপ্পলী। অক্ষিশব্দস্য শূলপাকাত্যয়াভ্যাং সম্বন্ধঃ ॥ ৬৫ ॥

পিপ্পলী, বিড়ঙ্গ, যষ্টিমধু, সৈন্ধব ও শুঁঠ, এইসকল দ্রব্যের উত্তমরূপ কুট্টিত কল্ক ও (উপযুক্ত পরিমাণ) ছাগদুগ্ধ সহিত তৈল পাক করিবে। উক্ত তৈলের নস্য গ্রহণ করিলে তিমির, শুক্র, শিরঃশূল, চক্ষুঃশূল ও চক্ষুপাকপ্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৬৫ ॥

অজকাং পার্শ্বতোবিদ্ধা সূচ্যা বিস্রাব্য চোদকম্। ব্রণং গোময়চূর্ণেন পূরয়েৎ সর্পিষা সহ ॥ ৬৬ ॥

অজকামিত্যাদি।—সুশ্রুতস্য। গোময়চূর্ণে নেতি পাঠো লেখকদোষাৎ সুশ্রুতে বাভটে চ তত্তদাকারপুস্তকেষু বহুষু গোমাংসচূর্ণেনেত্যেব হি পাঠো দৃশ্যতে টীকাকারৈশ্চ ব্যাখ্যাত ইতি॥ ৩৩॥

অজকারোগে পার্শ্বদেশ সূচীদ্বারা বিদ্ধ করতঃ রস নির্গত করিবে। অনন্তর গোমাংস চূর্ণ ও ঘৃত মিশ্রিত করিয়া ক্ষতস্থান পূরণ করিবে॥ ৬৬॥

সৈন্ধবং বাজিপাদঞ্চ গোরোচনসমন্বিতম্। শেলুত্বক্‌রসসংযুক্তং পূরণঞ্চাজকাপহম্॥ ৬৭॥

সৈন্ধবেত্যাদৌ।—বাজিপাদোঽশ্বখুরঃ অশ্বগন্ধামূলমিতি কেচিৎ ব্যবহারস্তু পূর্ব্বেণৈব। শেলুঃ বহুবারঃ॥ ৬৭॥

সৈন্ধব, অশ্বখুর, গোরোচনা ও শেলু (চালুতা) বৃক্ষের বল্কলের রস, এই সকল দ্রব্য একত্র মিশ্রিত করিয়া চক্ষুতে পূরণ করিলে অজকারোগবিনষ্ট হয়॥ ৬৭॥

(১) শশকঘৃতম্—

শশকস্য শিরঃকল্কে শেষাঙ্গক্বথিতে জলে। ঘৃতস্য কুড়বং পক্বং পূরণঞ্চাজকাপহং॥ ৬৮॥

শশকেত্যাদি।—শশকমস্তকমাত্রং কল্কঃ শেষাঙ্গস্যাস্থ্যাদিহীনস্য ক্বাথঃ এতৎ ক্বাথার্থঞ্চ জলস্য ষোড়শশরাবাঃ স্থাপ্যাশ্চত্বারশরাবা ইতি। ঘৃতস্য কুড়বোঽষ্টৌপলানি॥ ৬৮॥

শশক মস্তকের কল্ক ও অবশিষ্ট অঙ্গের ক্বাথ সহিত কুড়ব পরিমিত ঘৃত যথারীতি পাক করিবে। উক্ত ঘৃত চক্ষুতে পূরণ করিলে অজকারোগ বিনষ্ট হয়॥ ৬৮॥

(২) শশকাদ্যং ঘৃতম্—

শশকস্য কষায়ে চ সর্পিষঃ কুড়বং পচেৎ। যষ্টীপ্রপৌণ্ডরীকস্য কল্কেন পয়সা সমং॥ ছগল্যাঃ পূরণাচ্ছুক্রক্ষত পাকাত্যয়াজকাঃ। হন্তি জশঙ্খশূলঞ্চ দাহরাগানশেষতঃ॥ ৬৯॥

শশকস্য কষায়েত্যাদি।—আকৃতিমানাৎ শশকমস্তকমেকং অত্রাপি পূর্ব্ববদেব ক্বাথকরণং পয়সা সমং তুল্যং অতঃ পঞ্চগুণঃ পাকঃ অন্যেতু চতুর্গুণমাহুঃ। এতন্মতে ক্বাথার্থজলস্য দ্বাদশশরাবাঃ স্থাপ্যাস্তত্রয় ইতি। ইতি কৃষ্ণজ্ঞেষু॥ ৬৯॥

শশক মাংসের ক্বাথ, যষ্টিমধু ও পুণ্ডরিয়া কাষ্ঠের কল্ক এবং ছাগদুগ্ধ সহিত কুড়ব পরিমিত ঘৃত (যথাবিহিত নিয়মানুসারে) পাক করিয়া চক্ষুতে পূরণ করিলে শুক্র, ক্ষত, চক্ষুপাক, অজকা, এবং ভ্রূ ও শঙ্খশূল, দাহ ও রক্তিমা বিনষ্ট হয়॥ ৬৯॥

ত্রিফলাঘৃতং মধুযবাঃ পাদাভ্যঙ্গঃ শতাবরীমুদ্গাঃ। চক্ষুষ্যঃ সংক্ষেপাদ্বর্গঃ কথিতো ভিষগ্ভিরয়ং॥ ৭০॥

ত্রিফলেত্যাদৌ।—ত্রিফলেতি ছেদঃ সাপি ক্বাথচূর্ণাদিবিষয়োপযোজ্যা ঘৃতঞ্চ যদ্‌ সামান্যত এব চক্ষুষ্যং তথাপি পুরাণমতি যন বোধ্যং অতএব সুশ্রুতে ঘৃতং পুরাণং ত্রিফলাং শতাবরীং পটোলমুদ্গকলকাম্ যবানপি। নিষেব্যমানস্য জনস্য যস্তুতোভয়ং সুঘোরাত্তিমিরান্ন বিদ্যতে ইতি॥ ৭০॥

ত্রিফলা, ঘৃত, মধু, যব, পাদাভ্যঙ্গ, শতমূলী ও মুগ, এই সমুদয়কে বৈদ্যগণ সাধারণতঃ চক্ষুষ্য বলিয়া নির্দ্দেশ করিয়াছেন॥ ৭০॥

লিহ্যাৎ সদা বা ত্রিফলাং সুচূর্ণিতাং ঘৃতপ্রগাঢ়াং তিমিরেঽথ পিত্তজে। সমীরজে তৈলযুতাং কফাত্মকে মধুপ্রগাঢ়াং বিদধীত যুক্তিতঃ॥ কল্কঃ ক্বাথোঽথবা চূর্ণং ত্রিফলায়া নিষেবিতং। মধুনা হবিষা বাপি সমস্তৈতিমিরাস্তকৃৎ॥ যস্ত্রৈফলং চূর্ণমপথ্যবর্জ্জী সায়ং সমশ্নাতি হবির্ম্মধুভ্যাং।

সমুচ্যতে নেত্রগতৈর্বিকারৈ-
ভৃত্যৈর্যথা ক্ষীণধনোমনুষ্যঃ॥
সঘৃতং বা বরাক্বাথং শীলয়েত্তিমিরা
ময়ী। জাতারোগা বিনশ্যন্তি ন ভব-
ন্তি কদাচন॥ ত্রিফলায়াঃ কষায়েণ
প্রাতর্নয়নধাবনাৎ। জলগণ্ডূষৈঃ
প্রাতর্বহুশোঽম্ভোভিঃ প্রপূর্য্য মুখ
রন্ধ্রং। নির্দ্দয়মুক্ষন্নক্ষি ক্ষপয়তি তি-
মিরাণি না সদ্যঃ॥ ৭১॥

লিহ্যাদিত্যাদি।—সুক্ষ্ণতমা। যুক্তিত ইতি মাত্রয়া। অত্র যষ্টিক্ষ্ণকলং চূর্ণমিত্যাদে রনন্তরং সঘৃতং বা বরাক্বাথং শীলয়েৎ তিমিরাময়ীতি ন যুক্তঃ। কল্কঃ ক্বাথোঽথবা চূর্ণমিত্যাদিনৈবোক্তার্থত্বাৎ।

জাতা ইত্যাদৌ।—ধাবনাদিতি প্রক্ষালনাৎ। নির্দ্দয়মুক্ষন্নিতি অবগাঢ়ং সিঞ্চন্ না ইতি পুরুষঃ॥ ৭১॥

পিত্তজন্য তিমিররোগে ঘৃতের সহিত ত্রিফলা চূর্ণ লেহন করিবে এবং বায়ুজন্য তিমির রোগে তৈলের সহিত ও কফজন্য তিমির রোগে মধুর সহিত ত্রিফলা চূর্ণ লেহন করিবে।

ত্রিফলার কল্ক, ক্বাথ বা চূর্ণ, মধু কিম্বা ঘৃতের সহিত সেবন করিলে সর্ব্ব প্রকার তিমির রোগ নষ্ট হয়।

কুপথ্য পরিত্যাগ পূর্ব্বক প্রতি দিবস সায়ংকালে যথোপযুক্ত পরিমাণ ঘৃত ও মধুর সহিত ত্রিফলা (হরীতকী, আমলকী ও বহেড়া) চূর্ণ সেবন করিবে। ইহা দ্বারা চক্ষুরোগ সকল প্রশমিত হয়।

তিমিররোগী ত্রিফলার ক্বাথ ঘৃতের সহিত পান করিলে এবং প্রাতে ত্রিফলার ক্বাথদ্বারা চক্ষুর্দ্বয় ধৌত করিলে উৎপন্নরোগ প্রশমিত হয় এবং রোগ আর উৎপন্ন হইতে পারে না।

গণ্ডূষ জলে মুখরন্ধ্র পূর্ণ করতঃ তদ্দ্বারা গাঢ়রূপে নয়নদ্বয় পুনঃ পুনঃ ধৌত করিলে সদ্য তিমির রোগ প্রশমিত হয়॥ ৭১॥

ভুক্ত্বা পাণিতলং ঘৃষ্ট্বা চক্ষুষোঃ প্রদীয়তে। অচিরেণৈব তদ্বারি তিমিরাণি ব্যপোহতি॥ ৭২॥

ভুক্ত্বেত্যাদৌ।— পাণিতলমিত্যনন্তরমাচান্তবারিপরিপ্লুতমিতি শেষঃ॥ ৭২॥

ভোজনের পর আচান্তবারি পরিপ্লুত হস্তদ্বয় ঘর্ষণ করিয়া চক্ষুদ্বয়ের উপরে প্রদান করিলে অচিরকাল মধ্যে তিমিররোগ বিনষ্ট হয়॥ ৭২॥

সুখাবতীবর্ত্তিঃ—

কতকস্য ফলং শঙ্খং ত্র্যূষণং সৈন্ধবং সিতা। ফেনং সমুদ্রাঞ্জনং ক্ষৌদ্রং বিড়ঙ্গানি মনঃশিলা॥ কুক্কুটাণ্ডকপালানি বর্ত্তিরেষ ব্যপোহতি। তিমিরং পটলং কাচমর্ম্মশুক্রং তথৈবচ। কণ্ডূক্লেদার্ব্বুদং হন্তিমলঞ্চাশু সুখাবতী॥ ৭৩॥

কতকস্যেত্যাদি।—কতকস্য ফলং জলপ্রসাদনফলং শঙ্খং শঙ্খনাভিঃ সিতা শর্করা ফেণঃ সমুদ্রফেণঃ ক্ষৌদ্রমত্রাঞ্জনার্থং পেষণঞ্চ জলেন ইয়ঞ্চ বর্ত্তিঃ পিত্তাবিতে তিমিরে ভদ্রা॥ ৭৩॥

নির্ম্মলীফল, নাভিশঙ্খ, ত্রিকটু, সৈন্ধব, শর্করা, সমুদ্রফেন, রসাঞ্জন, মধু, বিড়ঙ্গ, মনঃশিলা ও কুক্কুটাণ্ডত্বক্, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত সুখাবতী বর্ত্তি ঘর্ষণ করিয়া চক্ষুতে প্রদান করিলে তিমির, কাচ, পটল, অর্ম্ম, শুক্র, কণ্ডূ, ক্লেদ, অর্ব্বুদ ও মল অতি সত্বর বিনষ্ট হয়। এবং ইহা চক্ষুর্দ্বয়ের স্বাস্থ্য সম্পাদন করিয়া থাকে॥ ৭৩॥

চন্দ্রোদয়বর্ত্তিঃ—

হরীতকী বচা কুষ্ঠং পিপ্পলীমরিচানি চ। বিভীতকস্য মজ্জাচ শঙ্খনাভির্ম্মনঃশিলা। সর্ব্বমেতৎ সমং কৃত্বা

ছাগীক্ষীরেণ পেষয়েৎ। নাশয়েত্তিমিরং কণ্ডূং পটলান্যর্ব্বুদানি চ॥ অধিকানি চ মাংসানি যেন রাত্রৌ ন দৃশ্যতে। অপি দ্বিবার্ষিকং পুষ্পং মাসেনৈকেন সাধয়েৎ। বর্ত্তিশ্চন্দ্রোদয়া নাম নৃণাং দৃষ্টিপ্রসাদনী॥ ৭৪॥

চন্দ্রোদয়বর্ত্তিস্তু কফতিমিরে প্রশস্তা। জলেন চাঞ্জনমিতি শ্রীকণ্ঠঃ তৎ সিদ্ধত্বাচ্চক্ষুষ্যত্বাচ্চ মধুনাপি ব্যবহরন্তি বৃদ্ধাঃ॥ ৭৪॥

হরীতকী, বচ, কুড়, পিপ্পলী, মরিচ, বহেড়ার আঠির শাস, শঙ্খনাভি ও মনঃশিলা, এই সকল দ্রব্য সম পরিমাণে লইয়া ছাগীদুগ্ধে পেষণ করতঃ বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তিদ্বারা চক্ষুতে অঞ্জন করিলে তিমির, পটল, অর্ব্বুদ, কণ্ডূ, অধিমাংস, রাত্র্যন্ধ্য ও দ্বিবার্ষিক পুষ্প (দ্বিবর্ষোৎপন্ন চক্ষুর ফুলি) প্রভৃতি রোগ সকল এক মাস মধ্যেই বিনষ্ট হয়। এই 'চন্দ্রোদয়বর্ত্তি' দ্বারা চক্ষুতে অঞ্জন করিলে চক্ষুর দৃষ্টি ও প্রসন্ন হয়॥ ৭৪॥

হরীতকী হরিদ্রা চ পিপ্পল্যো লবণানি চ। কণ্ডূতিমিরজিদ্বর্ত্তির্ন কচিৎ প্রতিহন্যতে॥ ৭৫॥

হরীতকীত্যাদৌ।—লবণশব্দঃ সৈন্ধববচনঃ চক্ষুষ্যত্বাচ্চ তচ্চ প্রথমভাগাপেক্ষয়া চতুর্থাংশমিত্যাহুঃ। ইয়মপি কফে হিতা। ন কচিৎ প্রতিহন্যত ইতি পিত্তাবপি ন বার্য্যত ইত্যর্থঃ॥ ৭৫॥

হরীতকী, হরিদ্রা, পিপ্পলী ও সৈন্ধব লবণ, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত কণ্ডূ ও তিমির নাশক বর্ত্তি কখনও ব্যর্থ হয় না॥ ৭৫॥

কুমারিকাবর্ত্তিঃ—

অশীতিস্তিলপুষ্পাণি ষষ্টিঃ পিপ্পলীতণ্ডুলাঃ। জাতীকুসুমপঞ্চাশন্মরিচানি চ ষোড়শ। এষা কুমারিকাবর্ত্তির্গতং চক্ষুর্নিবর্ত্তয়েৎ॥ ৭৬॥

এষা কুমারিকাবর্ত্তিরিত্যত্র কুসুমিকাবর্ত্তিরিতি বৃন্দে পঠ্যতে॥ ৭৬॥

৮০ অশীতি তিলপুষ্প, ৬০ ষষ্টি পিপ্পলী তণ্ডুল, ৫০ পঞ্চাশৎ জাতীপুষ্প ও ১৬ ষোড়শ মরিচ, এইসকল দ্রব্য একত্র পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। ইহা দ্বারা গত চক্ষু ও প্রসন্নতা লাভ করে॥ ৭৬॥

ত্রিফলাদ্যবর্ত্তিঃ—

ত্রিফলা কুক্কুটাণ্ডত্বক্কাশীশময়সো রজঃ। নীলোৎপলং বিড়ঙ্গানি ফেণঞ্চ সরিতাংপতেঃ॥ আজেন পয়সা পিষ্টা ভাবয়েত্তাম্রভাজনে। সপ্তরাত্রং স্থিতং ভূয়ঃ পিষ্টা ক্ষীরেণ বর্ত্তয়েৎ। এষা দৃষ্টিপ্রদা বর্ত্তি রন্ধস্যাভিন্নচক্ষুষঃ॥৭৭॥

ত্রিফলেত্যাদৌ।—কাশীশং ধাতুকাশীশং অয়সোমারিতপুটিতস্য রজঃ ভাবয়েদিতি স্থাপয়েৎ লেপয়েদিতি বা। ক্ষীরেণেতি আজেনৈবেত্যাহুঃ। বর্ত্তয়েদিতি বর্ত্তিং কুর্য্যাৎ অভিন্নচক্ষুষ ইতি অনষ্টতারকস্য॥ ৭৭॥

ত্রিফলা, কুক্কুটাণ্ডত্বক্, হিরাকস, লৌহচূর্ণ, নীলোৎপল, বিড়ঙ্গ ও সমুদ্রফেণা, এই সকল দ্রব্য ছাগদুগ্ধসহ পেষণ করিয়া তাম্রপাত্রে রাখিয়া দিবে। অনন্তর সপ্তাহ অতীত হইলে পুনর্ব্বার ছাগদুগ্ধ সহ পেষণ করতঃ বর্ত্তি প্রস্তুত করিবে। ইহাদ্বারা অনিষ্টতারক অন্ধ ও চক্ষুর প্রসন্নতা লাভ করে॥ ৭৭॥

চন্দনাদ্যবর্ত্তিঃ—

চন্দনত্রিফলাপূগপলাশতরুশোণিতৈঃ। জলপিষ্টৈরিয়ং বর্ত্তিরশেষতিমিরাপহা॥ ৭৮॥

চন্দনেত্যাদৌ।—পূগং গুবাকফলং পলাশতরুশোণিতং কিংশুকবেষ্টকং পলাশপুষ্পরস ইত্যন্যে॥ ৭৮॥

রক্তচন্দন, ত্রিফলা গুপারি ও পলাশ বৃক্ষের আঠা, এই সকল দ্রব্য একত্র জলদ্বারা পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি অশেষ প্রকার তিমিররোগ নাশক ॥ ৭৮ ॥

নিশাদ্যবর্ত্তিঃ—

নিশাদ্বয়াভয়ামাংসীকুষ্ঠকৃষ্ণাবিচূর্ণিতাঃ। সর্ব্বনেত্রাময়ান্ হন্যাদেতৎ সৌগতমঞ্জনং ॥ ৭৯ ॥

নিশেত্যাদৌ।—সুগতেনোদ্ধৃতত্বাৎ সৌগতং ॥ ৭৯ ॥

হরিদ্রা, দারুহরিদ্রা, হরীতকী, জটামাংসী, কুড় ও পিপ্পলী, এই সকল দ্রব্য চূর্ণ করিবে। উক্ত চূর্ণদ্বারা চক্ষুতে অঞ্জন করিলে সর্ব্ব প্রকার নেত্ররোগই বিনষ্ট হয়। ৭৯ ॥

ব্যোষোৎপলাভয়াকুষ্ঠতার্ক্ষ্যৈর্ব্বর্ত্তিঃ কৃতাহরেৎ। অর্ব্বুদং পটলং কাচং তিমিরার্ম্মাশ্রুনিস্রুতিং ॥ ৮০ ॥

ব্যোষেত্যাদৌ।—তার্ক্ষ্যং রসাঞ্জনং ॥ ৮০ ॥

ত্রিকটু, নীলোৎপল, হরীতকী, কুড় ও রসাঞ্জন; এই সকল দ্রব্যদ্বারা বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তিদ্বারা অর্ব্বুদ, পটল, কাচ, তিমির, অর্ম্ম ও অশ্রুমোক্ষণ প্রভৃতি প্রশান্ত হয় ॥ ৮০ ॥

ত্র্যূষণাদ্যবর্ত্তিঃ—

ত্র্যূষণং ত্রিফলাবক্রং সৈন্ধবালমনঃশিলাঃ। ক্লেদোপদেহকণ্ডুঘ্নী বর্ত্তিঃ শস্তা কফাপহা ॥ ৮১ ॥

ত্র্যূষণেত্যাদৌ।—বক্রং তগরপাদুকা। আলং হরিতালং ॥ ৮১ ॥

ত্রিকটু, ত্রিফলা, তগরপাদুকা, সৈন্ধব, হরিতাল ও মনঃশিলা, এই সকল দ্রব্যদ্বারা বর্ত্তি প্রস্তুত করিবে। ইহা ক্লেদনিঃসরণ, দাহ, কণ্ডু ও কফ নিবারক ॥ ৮১ ॥

নয়নসুখাবর্ত্তিঃ—

একগুণা মাগধিকা দ্বিগুণাচহরীতকী সলিলপিষ্টা। বর্ত্তিরিয়ং নয়[illegible] [illegible] ॥ ৮২ ॥

একগুণেত্যাদৌ।—অত্র অর্ম্মতিমিরপটলাশ্রুকাচহরীতি পঠনীয়ং অন্যথা ছন্দোভঙ্গঃ স্যাৎ ॥৮২।

পিপ্পলী ১ ভাগ ও হরীতকী ২ ভাগ একত্র জলে পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি নয়নের সুখকর এবং তিমির, পটল, অর্ম্ম, কাচ ও অশ্রুমোক্ষণ নিবারক ॥ ৮২ ॥

চন্দ্রপ্রভাবর্ত্তিঃ—

অঞ্জনং শ্বেতমরিচং পিপ্পলীমধুযষ্টিকা। বিভীতকস্য মধ্যন্তু শঙ্খনাভির্ম্মনঃশিলা ॥ এতানি সমভাগানি অজাক্ষীরেণ পেষয়েৎ। ছায়াশুষ্কাং কৃতাং বর্ত্তিং নেত্রেষু চ প্রযোজয়েৎ ॥ অর্ব্বুদং পটলং কাচং তিমিরং রক্তরাজিকাং। অধিমাংসং মলঞ্চৈব যশ্চ রাত্রৌ নপশ্যতি। বর্ত্তিশ্চন্দ্রপ্রভানাম জাতান্ধ্যমপি নাশয়েৎ ॥ ৮৩ ॥

অঞ্জনমিত্যাদি।—অঞ্জনং রসাঞ্জনং শ্বেতমরিচং শোভাঞ্জনবীজং। এবং সর্ব্বত্র। ৮৩।

রসাঞ্জন, শোভাঞ্জনবীজ (সৈজনার বীজ), পিপ্পলী, যষ্টিমধু, বহেড়ার আঠির শাস, শঙ্খনাভি ও মনঃশিলা, এই সকল দ্রব্য সমভাগে লইয়া ছাগীদুগ্ধে উত্তমরূপ পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি ছায়াতে শুষ্ক করিয়া নেত্রে প্রয়োগ করিবে। অর্ব্বুদ, পটল, কাচ, তিমির, রক্তরাজিকা, অধিমাংস ও মল প্রভৃতি এবং রাত্র্যন্ধ ও জন্মান্ধ্য উক্ত চন্দ্রপ্রভা বর্ত্তি দ্বারা প্রশমিত হইয়া থাকে ॥ ৮৩ ॥

শ্রীনাগার্জ্জুনাঞ্জনম্—

ত্রিফলাব্যোষসিন্ধূত্থযষ্টীতুত্থরসাঞ্জনং।
প্রপৌণ্ডরীকং জন্তুঘ্নং লোধ্রং তাম্রং চতুর্দ্দশ॥ দ্রব্যাণ্যেতানি সঞ্চূর্ণ্য বর্ত্তিঃ কার্য্যা নভোঽম্বুনা। নাগার্জ্জুনেন লিখিতা স্তম্ভে পাটলিপুত্রকে। নাশিনী তিমিরাণাঞ্চ পটলানান্তথৈব চ। সদ্যঃ প্রকোপং স্তন্যেন স্ত্রিয়া বিজয়তে ধ্রুবং॥ কিংশুকস্বরসেনাথ পিল্লপুষ্পকরক্তাঃ। অঞ্জনাল্লোধ্রতোয়েন চাসন্নতিমিরং জয়েৎ॥ চিরমাচ্ছাদিতে নেত্রে বস্তমূত্রেণ সংযুতা। উন্মীলয়ত্যকৃচ্ছ্রেণ প্রসাদঞ্চাধিগচ্ছতি॥ ৮৪॥

ত্রিফলেত্যাদৌ।—জন্তুঘ্নং বিড়ঙ্গং তাম্রঞ্চ মারিতং গ্রাহ্যং। চতুর্দ্দশেতি সংখ্যাকথনেন অস্যাবর্ত্তেশ্চতুর্দ্দশাঙ্গীতি নামান্তরমপি সূচিতং। বাভটবচনাৎ। স্তম্ভে শিলাস্তম্ভে। কিংশুকস্বরসেনেতি কিংশুকপুষ্পস্বরসেন॥ ৮৪॥

ত্রিফলা, ত্রিকটু, সৈন্ধব, যষ্টিমধু, তুঁতিয়া, রসাঞ্জন, পুণ্ডরিয়াকাষ্ঠ, বিড়ঙ্গ, লোধ ও তাম্র, এই চতুর্দ্দশ দ্রব্য চূর্ণ করিয়া বৃষ্টির জলসহ বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি নাগার্জ্জুন মুনি কর্ত্তৃক পাটলী পুত্র নামক তন্ত্রে লিখিত হইয়াছে।

উক্ত বর্ত্তি স্তন্যদুগ্ধের সহিত মিশ্রিত করতঃ অঞ্জন করিলে তিমির ও পটল রোগ বিনষ্ট হয়; পলাশ রসের সহিত মিশ্রিত করিয়া অঞ্জন করিলে পিল্ল, পুষ্প (ফুলি) ও চক্ষুর রক্তিমা নিবারণ হয় এবং লোধ্ (লোধ) কাথের সহিত মিশ্রিত করিয়া অঞ্জন করিলে আসন্নতিমির রোগ বিনষ্ট হয়; চিরকালাচ্ছাদিত (ছানি পড়িলে) চক্ষুতে উহা ছাগমূত্রের সহিত প্রয়োগ করিলে সহজেই চক্ষুর্বিকশিত ও প্রসন্ন হয়॥ ৮৪॥

পিপ্পল্যাদ্যাবর্ত্তিঃ—

পিপ্পলীং সতগরোৎপলপত্রাং
বর্ত্তয়েৎ সমধুকাং সহরিদ্রাং।
এতয়া সততমঞ্জয়িতব্যং
যঃ সুপর্ণসমমিচ্ছতি চক্ষুঃ॥ ৮৫॥

পিপ্পলীমিত্যাদৌ।—উৎপলপত্রং উৎপলপুষ্পস্য পত্রং। বর্ত্তয়েদিতি বর্ত্তিং কারয়েৎ॥৮৫॥

পিপ্পলী, তগরপাদুকা, নীলোৎপল পত্র, যষ্টিমধু ও হরিদ্রা, এই সকল দ্রব্য দ্বারা বর্ত্তি প্রস্তুত করিবে। সুপর্ণ চক্ষু প্রার্থী ব্যক্তি উক্ত বর্ত্তিদ্বারা নিয়ত অঞ্জন করিবে॥ ৮৫॥

কোকিলাবর্ত্তিকা—

ব্যোষায়শ্চূর্ণসিন্ধূত্থত্রিফলাঞ্জনসংযুতা। বর্ত্তিকা জলপিষ্টেয়ং কোকিলা তিমিরাপহা॥ ৮৬॥

ব্যোষেত্যাদৌ।—অঞ্জনং সৌবীরাঞ্জনং কোকিলবৎ কৃষ্ণবর্ণত্বাৎ কোকিলেতি বর্ত্তেঃ সংজ্ঞা॥৮৬॥

ত্রিকটু, লৌহচূর্ণ, সৈন্ধব, ত্রিফলা ও সৌবীরাঞ্জন, এই সকল দ্রব্য জলসহ পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত কোকিলা বর্ত্তিদ্বারা অঞ্জন করিলে তিমির রোগ প্রশমিত হয়॥ ৮৬॥

ত্রীণি কটূনি করঞ্জফলানি
দ্বে রজনী সহ সৈন্ধবকঞ্চ।
বিল্বতরোর্ম্মিরুণস্যচ মূলং
বারিচরং দশমং প্রবদন্তি॥
হন্তি তমস্তিমিরং পটলঞ্চ
পিচ্চিটশুক্রমথার্জ্জুনকঞ্চ।
অঞ্জনকং জনরঞ্জনকং চ
দৃক্‌চ নশ্যতি বর্ষশতঞ্চ॥ ৮৭॥

ত্রীণিত্যাদৌ।—দ্বে রজনীতি ক্লীলিঙ্গনির্দ্দেশাৎ ক্লীলিঙ্গে রূঢ়েৰাণ্যোঽপি রজনীশব্দোঽস্তীতি জ্ঞেয়ং। বারিচরঃ শঙ্খনাভিঃ বারিধর ইতি পাঠে বারিধরঃ মুস্তকং। হন্তি তমস্তিমিরমিতি অন্ধকারত্বসাধর্ম্ম্যাত্তমঃ সদৃশং তিমিরং হন্তীতি।

অঞ্জনকমিতি সংজ্ঞায়াং স্বার্থে কঃ জনরঞ্জকং জনানুরাগকারীত্যর্থঃ। দোষকাখ্যাছন্দঃ॥ ৮৭॥

ত্রিকটু, ডহরকরঞ্জার ফল, হরিদ্রা, দারুহরিদ্রা, সৈন্ধব, বিল্বমূল, বরুণবৃক্ষের মূল ও বারিচর (শঙ্খনাভি); এই দশবিধ দ্রব্যের অঞ্জন চক্ষেতে প্রয়োগ করিলে তিমির, পটল, পিচ্চিট, শুক্র ও অর্জ্জুন রোগ বিনষ্ট হয় এবং যে ব্যক্তির শত বৎসর যাবৎ দর্শন শক্তির লোপ হইয়াছে, ইহাদ্বারা তাহারও নয়নরঞ্জন হইয়া থাকে॥ ৮৭॥

নীলোৎপর্লং বিড়ঙ্গানি পিপ্পলী রক্তচন্দনং। অঞ্জনং সৈন্ধবঞ্চৈব সদ্যস্তিমিরনাশনং॥ ৮৮॥

নীলোৎপলেত্যাদৌ।—অঞ্জনং রসাঞ্জনং এবং বক্ষ্যমাণেঽপি॥ ৮৮॥

নীলোৎপল, বিড়ঙ্গ, পিপ্পলী, রক্তচন্দন, রসাঞ্জন ও সৈন্ধব, এই সকল দ্রব্যের অঞ্জন করিলে সদ্য তিমিররোগ বিনষ্ট হয়॥ ৮৮॥

পত্রগৈরিককর্পূরযষ্টীনীলোৎপলাঞ্জনং। নাগকেশরসংযুক্তমশেষতিমিরাপহং॥ ৮৯॥

পত্রেত্যাদি।—পত্রং তেজপত্রং গৈরিকং স্বর্ণগৈরিকং॥ ৮৯॥

তেজপত্র, গৈরিক, কর্পূর, যষ্টিমধু, নীলোৎপল, রসাঞ্জন ও নাগকেশর, এই সকল দ্রব্যের অঞ্জন করিলে অশেষ প্রকার তিমিররোগ বিনষ্ট হয়॥ ৮৯॥

শঙ্খস্য চতুরোভাগা স্তদর্দ্ধেন মনঃশিলা। মনঃশিলার্দ্ধং মরিচং মরিচার্দ্ধেন পিপ্পলী॥ বারিণা তিমিরং হন্তি অর্ব্বুদং হন্তি মস্তুনা। পিচ্চিটং মধুনা হন্তি স্ত্রীক্ষীরেণ তদুত্তমং॥ ৯০॥

শঙ্খস্যেত্যাদৌ।—চতুরোভাগ ইতি ছান্দসত্বাৎ। এতৈর্ব্বর্ণপিষ্টৈর্ব্বর্ত্তিঃ কার্য্যা। স্ত্রীক্ষীরেণ তদুত্তমমিতি উৎকৃষ্টশক্তিকমিত্যর্থঃ॥ ৯০॥

শঙ্খচূর্ণ ৪ ভাগ, মনঃশিলা ২ ভাগ, মরিচ ১ ভাগ ও পিপ্পলী অর্দ্ধভাগ, এই সকল দ্রব্য জলের সহিত পেষণ করিয়া অঞ্জন করিলে তিমির, দধির মাতের সহিত অঞ্জন করিলে অর্ব্বুদ, মধুর সহিত অঞ্জন করিলে পিচ্চিট রোগ নষ্ট হয়। এবং ঐ সকল রোগেস্ত্রী দুগ্ধের সহিত অঞ্জন করিলে বিশেষ ফলদায়ক হয়॥ ৯০॥

হরিদ্রা নিম্বপত্রাণি পিপ্পল্যো মরিচানি চ। ভদ্রমুস্তং বিড়ঙ্গানি সপ্তমং বিশ্বভেষজং॥ গোমূত্রেণ গুড়ীকার্য্যা ছাগমূত্রেণ চাঞ্জনং। জ্বরাংশ্চ নিখিলান্ হন্তি ভূতাবেশং তথৈবচ॥ বারিণা তিমিরং হন্তি মধুনা পটলন্তথা। নক্তান্ধ্যং ভৃঙ্গরাজেন নারীক্ষীরেণ পুষ্পকং। শিশিরেণ পরিস্রাবমশ্রুষং পিচ্চিটন্তথা॥ ৯১॥

হরিদ্রেত্যাদৌ।—ভদ্রমুস্তং কাস্তক্রানকঃ। ভৃঙ্গরাজেনেতি ভৃঙ্গরাজস্বরসেন। শিশিরেণেত্যবশ্যায়জলেন। অশ্রুষং মুখরোগবিশেষঃ প্রভাবাদেব হন্তি জ্বরাংশ্চ নিখিলান্ হন্তি ইতি নিশ্চলস্থ আয়ুর্ব্বেদে পঠতি॥ ৯১॥

হরিদ্রা, নিম্বপত্র, পিপ্পলী, মরিচ, ভদ্র মুথা, বিড়ঙ্গ ও শুঁঠ, এই সকল দ্রব্য গোমূত্রের সহিত পেষণ করিয়া গুড়িকা প্রস্তুত করিবে। উক্ত গুড়িকা ছাগমূত্রে ঘর্ষণ করিয়া অঞ্জন করিলে বিবিধ জ্বর ও ভূতাবেশের শান্তি হয়। উহা জলের সহিত প্রয়োগ করিলে তিমির, মধুর সহিত প্রয়োগ করিলে পটল, ভৃঙ্গরাজ রসের সহিত প্রদান করিলে রাত্র্যন্ধতা, নারী দুগ্ধের সহিত প্রদান করিলে পুষ্পক, শিশির জলের সহিত প্রয়োগ করিলে পরিস্রাব, অশ্রুষ ও পিচ্চিট রোগ বিনষ্ট হয়॥ ৯১॥

সংগৃহ্যোপরতানলক্তকরসেনাক্ত্য গণ্ডুপদান্। লাক্ষারঞ্জিততুলবর্ত্তিনিহিতান্ যষ্টীমধুম্মিশ্রিতান্॥ প্রজ্জ্বাল্যোত্তমসর্পিষানলশিখাসন্তাপজং কজ্জলং। দূরাসন্ননিশান্ধ্যসর্ব্বতিমিরপ্রধ্বংসকৃচ্চোদিতং॥

ভূমৌ নিঘৃষ্টয়াঙ্গুল্যা অঞ্জনং শমনং তয়োঃ। তিমিরকাচার্ম্মহরং ধূমিকায়াশ্চনাশনং॥ ৯২॥

সংগৃহ্যেত্যাদৌ।—উপরতানিতি মৃতান্ আক্ত্যালক্তকরসেন ভাবয়িত্বা ইত্যর্থঃ। লাক্ষারঞ্জিতং তুলমলক্তকং। উত্তমসর্পিষা গব্যঘৃতেন। মৃতগণ্ডুপদান্ অলক্তকরসং দত্বা আতপে শোষয়েৎ তদনু চূর্ণীকর্ত্তব্যং। তদনু তৎগণ্ডুপদচূর্ণং যষ্টিমধুচূর্ণেন সহ অলক্তপত্রমধ্যে কৃত্বা সূত্রেণ সংবেষ্ট্য বর্ত্তিঃ কার্য্যা তয়া বর্ত্ত্যা গব্যঘৃতমিশ্রিতয়া দীপঃ প্রজ্বাল্যস্তদ্দীপশিখোপরি নির্ম্মলকাচাদিপাত্রং ধৃত্বা কজ্জলপাতনং কর্ত্তব্যং তেন কজ্জলেন কদুষ্ণেনাঞ্জনং কর্ত্তব্যমিতি ক্রিয়ামার্গঃ। আন্ধ্যশব্দোদূরাদিভিঃ সম্বধ্যতে। প্রত্যেকং তয়োরিতি দূরাসন্নান্ধ্যয়োর্নিশান্ধ্যদিবান্ধ্যয়োরিতি বা ধূমিকা ধূমিকাবলোকনং॥ ৯২॥

মৃতগণ্ডুপদ (কেঁচো) আলতারসের সহিত রৌদ্রে শুষ্ক করিয়া চূর্ণ করিবে। অনন্তর ঐ চূর্ণ যষ্টিমধু চূর্ণের সহিত মিশ্রিত করতঃ অলক্তক পত্র মধ্যে রাখিয়া সূত্রদ্বারা বেষ্টন করতঃ বর্ত্তি প্রস্তুত করিবে। ঐ বর্ত্তিতে ঘৃত মাখাইয়া দীপ প্রজ্জ্বালিত করিবে। উক্ত প্রজ্জ্বলিত দীপ শিখার উপরে নির্ম্মল কাচাদিপাত্র ধরিলে যে কজ্জল পতিত হইবে, সেই কজ্জল ঈষদুষ্ণাবস্থায় অঞ্জন রূপে প্রয়োগ করিলে দূরান্ধ্য, আসন্নান্ধ্য, রাত্র্যন্ধ্য ও সর্ব্ববিধ তিমিররোগ বিনষ্ট হয়॥

ভূমিতে অঙ্গুলি ঘর্ষণ করিয়া তদ্দ্বারা অঞ্জন করিলে তিমির, কাচ, অর্ম্ম ও ধূমিকা এবং দূরান্ধ্য ও আসন্নান্ধ্য প্রশমিত হয়॥ ৯২॥

ত্রিফলাভৃঙ্গমহৌষধমধ্বাজ্যাজাপয়োভিঃ গোমূত্রে। স্নাপং সপ্তমিতিকৃত্বা করোতি গরুড়োপমং চক্ষুঃ॥ ৯৩॥

ত্রিফলেত্যাদি।—ত্রিফলায়াঃ ক্বাথঃ ভৃঙ্গরাজস্য স্বরসঃ মহৌষধং শুণ্ঠী তস্যাঃ ক্বাথঃ স্নাপং সীসকং একচ্ছায়াবাবর্ত্ত্য ত্রিফলা ক্বাথাদাবেকৈকস্মিন্ তৎসীসকং সপ্তধা নির্ব্বাপ্য তেন সীসকেন শলাকা কর্ত্তব্যা তয়া তিমিরাঞ্জনলিপ্তয়া কেবলয়া বা প্রত্যহমাদিসৃষ্টয়া অঞ্জনং কার্য্যমিতি পরিপাটীতাবিপ্রয়োগদর্শনাৎ॥ ৯৩॥

ত্রিফলার ক্বাথ, ভৃঙ্গরাজের রস, শুঁঠের ক্বাথ, মধু, ঘৃত, ছাগদুগ্ধ ও গোমূত্র, এই সপ্ত দ্রব্যে সপ্তবার সীসক সিক্ত করিয়া শলাকা প্রস্তুত করতঃ চক্ষুতে অঞ্জন করিলে গরুড়ের ন্যায় নেত্রের জ্যোতিঃ বৃদ্ধি হয়॥ ৯৩॥

ত্রিফলসলিলযোগে ভৃঙ্গরাজদ্রবে চ হবিষি চ বিষকল্কে ক্ষীর আজে মধুগ্রে। প্রতিদিনমথতপ্তং সপ্তধা সীসমেকং প্রণিহিতমথপশ্চাৎ কারয়েত্তচ্ছলাকাং॥ সবিতুরুদয়কালে সাঞ্জনাব্যঞ্জনা বা করকরিকসমেতানর্ম্মপৈচ্ছিটরোগান্। অসিতসিতসমুত্থান্ সন্ধিবর্ত্মাভিজাতান্ হরতিনয়নরোগান্ সেব্যমানা শলাকা॥ ৯৪॥

ত্রিফলেত্যাদৌ।—হবিষি চ বিষকল্ক ইতি বিষং মারকদ্রব্যং কল্করূপং তত্র তাদৃশি হবিষি। অতএব চক্রপাটে হবিষি চ বিষমিশ্র ইত্যুক্তং। বাগ্ভটেপি সবিষাজ্যমজাপয় ইত্যুক্তং। মধুগ্র ইতি প্রচুরে মধুনি অন্যে তু মধুশব্দেন যষ্টিমধু বদন্তি। উক্তং হি বাগ্ভটে—বরাজলং ভৃঙ্গজলং সবিষাজ্যমজাপয়ঃ। যষ্টীরসশ্চ যৎ সীসং সপ্তকৃত্বঃ পৃথক্ পৃথগিতি। সাঞ্জনা তিমিরাঞ্জনেন সহিতা ব্যঞ্জনা তদ্রহিতা করকরিকা বালুকাভিভূতনেত্রবেদনাবৎ বেদনা॥ ৯৪॥

ত্রিফলার ক্বাথ, ভৃঙ্গরাজরস, ঘৃত, মারকদ্রব্য কল্ক, ছাগদুগ্ধ ও প্রচুর মধু, এই সকল দ্রব্যে প্রতিদিন সপ্তবার উত্তপ্ত সীসক সিক্ত করিয়া শলাকা প্রস্তুত করিবে। উক্ত শলাকা সূর্য্য উদয়-

কালে অঞ্জন সহ অথবা শুধই চক্ষুতে প্রয়োগ করিবে। ইহাদ্বারা করকরিকা বেদনা, অর্ম্ম, পিচ্চিট, অসিত বা সিত-জাত পীড়া, সন্ধি ও বর্ত্মজ নেত্ররোগ সমূহ নষ্ট হয় ॥ ৯৪ ॥

চিঞ্চাপত্ররসং নিধায় বিমলে চৌডুম্বরে ভাজনে। মূলং তত্র নিঘৃষ্টসৈন্ধব-যুতং গৌঞ্জং বিশোষ্যাতপে॥ তচ্চূর্ণং বিমলাঞ্জনেন সহিতং নেত্রাঞ্জনে শস্যতে। কাচার্ম্মার্জ্জুনপিচ্চিটে সতিমিরে স্রাবঞ্চ নির্ব্বাপয়েৎ॥ ৯৫ ॥

চিঞ্চেত্যাদৌ।—ঔডুম্বরে ভাজনে তাম্রাদি পাত্রে। গৌঞ্জং মূলং কাকণন্তিকা মূলং বিমলাঞ্জনং সৌবীরাঞ্জনং॥ ৯৫॥

তাম্রপাত্রে তিন্তিড়ী পত্রের রস রাখিয়া উহাতে সৈন্ধবলবণ ও গুঞ্জামূল ঘর্ষণ করতঃ রৌদ্রে শুষ্ক করিবে; পরে উহা চূর্ণ করিয়া বিমলসৌবীরাঞ্জন চূর্ণ সহিত মিশ্রিত করতঃ অঞ্জন করিবে। ইহাদ্বারা কাচ, অর্ম্ম, অর্জ্জুন, পিচ্চিট, তিমির ও স্রাব প্রভৃতি রোগ বিনষ্ট হয় ॥ ৯৫ ॥

চিত্রাষষ্ঠীযোগে সৈন্ধবমমলং বিচূর্ণ্য তেনাক্ষি। সমমঞ্জনেন তিমিরং গচ্ছতি বর্ষাদসাধ্যমপি ॥ ৯৬ ॥

চিত্রেত্যাদি।—চিত্রাষষ্ঠীযোগ ইতি চিত্রানক্ষত্রযুক্তষষ্ঠ্যাং॥ ৯৬॥

চিত্রানক্ষত্রযুক্ত ষষ্ঠী তিথিতে উৎকৃষ্ট সৈন্ধব চূর্ণ করিয়া তদ্দ্বারা অঞ্জন করিলে বর্ষাতীত তিমির রোগ বিনষ্ট হয় ॥ ৯৬ ॥

দদ্যাদুশীরনির্য্যূহে চূর্ণিতং কণসৈন্ধবং। তৎসুতং সঘৃতং ভূয়ঃ পচেৎ ক্ষৌদ্রং ক্ষিপেদ্ঘনে। শীতে তস্মিন্ হিতমিদং সর্ব্বজে তিমিরেঽঞ্জনং ॥৯৭॥

দদ্যাদিত্যাদি।—বাক্তটস্য। কণেতি পিপ্পলী ছান্দসত্বাৎ হ্রস্বত্বং। স্রুত ইতি বস্ত্রপরিস্রুতে এতচ্চোশীরনির্য্যূহ বিশেষণং উশীরমূলস্য কাথঃ কণাসৈন্ধবঘৃতানি মিলিত্বা পাদিকানি অষ্টমাংশানি বা দত্ত্বা পাকাৎ ঘনঃ কার্য্যঃ। শীতে চাস্মিন্ পাদিকং মধু প্রক্ষেপ্যং। বৈদ্যপ্রসারকেন্দ্রস্য বিবরণং যথা উশীরস্য পলদ্বয়ং জলস্য চত্বারঃ শরাবাঃ স্থাপ্যস্তু শরাবএকঃ পূতে তস্মিন্ প্রক্ষেপার্থং কণাসৈন্ধবয়োঃ প্রত্যেকমষ্টমাষকং ঘৃতস্য চ কর্ষঃ পুনঃ পাকেন ঘনীভূতে শীতে চ মধুনঃ কর্ষঃ॥ ৯৭ ॥

বেণারমূলের বস্ত্রপূত ক্বাথে পিপ্পলী ও সৈন্ধব চূর্ণ এবং ঘৃত মিশ্রিত করিয়া পুনর্ব্বার পাক করিবে। ঘনীভূত হইলে নামাইয়া লইবে এবং শীতল হইলে মধু প্রক্ষেপ করতঃ সর্ব্ববিধ তিমির রোগে উহাদ্বারা অঞ্জন করিবে ॥ ৯৭ ॥

ধাত্রীরসাঞ্জনক্ষৌদ্রসর্পির্ভিস্তু রসক্রিয়া। পিত্তানিলাক্ষিরোগঘ্নী তৈমির্য্যপটলাপহা ॥ ৯৮ ॥

ধাত্রীত্যাদি।—ধাত্রীকাথে রসাঞ্জনচূর্ণং ঘৃতঞ্চ প্রক্ষিপ্য পুনঃ পাকাৎ রসক্রিয়া সাধ্যা। রসক্রিয়া ঘনীভূতকাথস্য সংজ্ঞা। শীতে চ মধু প্রক্ষেপ্যং মানমেষাং সর্ব্বেষাং পূর্ব্ববর্ণিত॥ ৯৮॥

আমলকীর ক্বাথে রসাঞ্জন ও ঘৃত মিশ্রিত করতঃ ঘনীভূত হওয়া পর্য্যন্ত পাক করিবে এবং শীতল হইলে মধু মিশ্রিত করিয়া লইবে। এই রসক্রিয়াদ্বারা পিত্তজ ও বাতজ চক্ষুরোগ এবং তিমির ও পটল রোগ নষ্ট হয় ॥ ৯৮ ॥

শৃঙ্গবেরং ভৃঙ্গরাজং যষ্টী তৈলেন মিশ্রিতং। নস্যমেতেন দাতব্যং মহাপটলনাশনং ॥ ৯৯ ॥

শৃঙ্গবেরেত্যাদি।—যষ্টিমধুসাধিতেন তৈলেন মিশ্রিতং শৃঙ্গবেরভৃঙ্গরাজচূর্ণং নস্যং কিম্বা ভৃঙ্গরাজস্বরসে তৈলমিশ্রিতে শৃঙ্গবেরযষ্টিমধুচূর্ণং প্রক্ষিপ্য নস্যং কার্য্যং॥ ৯৯ ॥

শুঁঠ, ভৃঙ্গরাজ ও যষ্টিমধু; এই সকল দ্রব্য তৈলের সহিত মিশ্রিত করতঃ

নস্য গ্রহণ করিলে মহাপটলরোগ বিনষ্ট হয় ॥ ৯৯ ॥

লিঙ্গনাশে কফোদ্ভূতে যথাবদ্বিধিপূর্ব্বকং। বিদ্ধাদৈবকৃতে ছিদ্রে নেত্রং স্তন্যেন পূরয়েৎ ॥ ততো দৃষ্টেষু রূপেষু শলাকামাহরেচ্ছনৈঃ। নয়নং সর্পিষাভ্যজ্য বস্ত্রপট্টেন বেষ্টয়েৎ ॥ ততো গৃহে নিরাবাধে শয়িতোত্তান এবচ। উদ্গারকাসক্ষবথুষ্ঠীবনোৎকম্পনানি চ ॥ তৎকালং নাচরেদূর্দ্ধং যন্ত্রণা স্নেহপীতবৎ। ত্র্যহাত্র্যহাদ্ধাবয়েত্তু কষায়ৈরনিলাপহৈঃ ॥ বায়োর্ভয়াত্র্যহাদূর্দ্ধং স্বেদয়েদক্ষি পূর্ব্ববৎ। দশরাত্রস্তু সংযম্য হিতং দৃষ্টিপ্রসাদনং ॥ পশ্চাৎ কর্ম্মচ সেবেত লঘ্বন্নঞ্চাপি মাত্রয়া। রাগশ্চোষোর্ব্বুদং শোথো-বুদ্বুদং কেকরাক্ষিতা ॥ অধিমন্থাদয়শ্চান্যে রোগাঃ স্যুর্দুষ্টবেধজাঃ। অহিতাচারতোবাপি যথাস্বং তানুপাচরেৎ ॥ রুজয়ামক্ষিরোগে বা ভূয়ো যোগান্নিবোধ মে ॥ ১০০ ॥

লিঙ্গনাশ ইত্যাদি।—লিঙ্গ্যতে জ্ঞায়তেঽনেনেতি দৃষ্টিস্তস্য নাশো লিঙ্গনাশঃ। কফোদ্ভূত ইত্যনেন বাতজঃ পিত্তজশ্চ বিদ্ধো ন সিধ্যতীতি দর্শয়তি। যথাবদ্বিধিপূর্ব্বকমিতি বিধিশ্চাবদেহ সুশ্রুতাদ্যুক্তঃ তত্রানুসন্ধেয়ঃ স চ বিস্তার ভয়ান্ন লিখিতঃ। দৈবকৃতে ছিদ্রে ইতি অপাঙ্গভাগবর্ত্তিনঃ শুক্লভাগস্য মধ্যে যদ্দৈবকৃতং ছিদ্রমস্তি তস্মিন্ তদুক্তং সুশ্রুতে মতিমান্ শুক্লভাগৌ দ্বৌ কৃষ্ণান্মুক্তো হ্যপাঙ্গতঃ। উন্মাল্য নয়নে সম্যক্ ছিদ্রে দৈবকৃতে ততঃ। শলাকয়া তাম্রময্যা ব্যধয়েদিত্যাদি ॥ কৃষ্ণাৎ কৃষ্ণমণ্ডলাৎ প্রভৃতি দ্বৌ শুক্লভাগৌ ত্যক্ত্বা মধ্যে দৈবকৃতং ছিদ্রং যদস্তি তস্মিন্ বিধ্যেদিতি। ব্যধশ্চ তথা কর্ত্তব্যো যথা একেন পরং দুর্গাভিদ্যতে। সম্যগ্ব্যধলিঙ্গঞ্চ সুশ্রুতেনোক্তং যথা বারিগমে সম্যক্ শব্দশ্চ ব্যধনে ভবেদিতি। অসম্যগ্বিদ্ধে তু শোণিতাগমাদিতি। পট্টবস্ত্রেণ বেষ্টয়েদিতি। সদ্যঃ ক্ষতরোপণলোধ্রচন্দনং। ত্রিফলাচূর্ণং দত্ত্বা বস্ত্রেণ বেষ্টনং অন্যে তু ঘৃতের পিণ্ডং দত্ত্বা বস্ত্রেণ বেষ্টয়ন্তি। নিরাবাধে গৃহে ধূমাতপাদিরহিতস্থানে। শয়িতোত্তান এবেতি এতচ্চ চক্ষুর্দ্বয়োর্ব্যধে জ্ঞেয়ং। একতরস্য ব্যধেতু বিদ্ধ চক্ষুষোঽন্যেন পার্শ্বেন শয়নং জ্ঞেয়ং। বাগ্ভটেঽপ্যেবমেবোক্তং। উদ্গারেত্যাদৌ।—উৎকম্পনং কম্পনমেব। তৎকালমিতি সপ্তাহং। উক্তং হি বাগ্ভটেক্ষবথুকাসমুদ্গারং সপ্তাহং নাচরেদিতি। ঊর্দ্ধমিতি উত্তানশয়নাৎ পরং উদ্গারাদীনি সপ্তাহং পরিহরেদিত্যর্থঃ। যন্ত্রণা স্নেহপীতবদিতি স্নেহপীতস্যোবাহারাচারাদিনিয়মঃ। পূর্ব্ববদিতি বস্ত্রেণাচ্ছাদ্য। কিয়ন্তং কালময়ং বিধিঃকার্য্য ইত্যাহ দশাহমেবমিত্যাদি।—সংযম্যেতি এবমুত্তানশয়নাদিনা আত্মানং নিয়ম্য অনন্তরং দৃষ্টিপ্রসাদনাদিহিতং পশ্চাল্লঘ্বন্নঞ্চাপি কর্ম্ম সেবেতেত্যর্থঃ। দৃষ্টিপ্রসাদনমঞ্জনাদি লঘ্বন্নঞ্চাপীতি চকারাদ্দশাহাভ্যন্তরেঽপি লঘ্বন্নবিধিং সমুচ্চিনোতি।

রাগইত্যাদি।—সুশ্রুতস্য। চোষ উপতাপঃ চোষণবৎ পীড়া বা অর্ব্বুদং অর্ব্বুদাকার শোথঃ বুদ্বুদং বুদ্বুদাকারশোথঃ। কেকরাক্ষিতা বক্রদৃষ্টিতা টেরনেত্রমিতি যাবৎ। শূকরাক্ষিতা পাঠান্তরে শূকরস্যেবাধোদৃষ্টিতেত্যর্থঃ। রোগইত্যাদি সুশ্রুতস্য। যথা স্বমিতি বাতাদিপ্রোক্তানাক্ষাদিভিঃ। রুজায়ামিতি চোষাদিরূপপীড়ায়াং ॥ ১০০ ॥

কফজন্য লিঙ্গনাশে নেত্রের শ্বেতভাগস্থ ছিদ্র মধ্যে যথাবিধি শলাকা বিদ্ধ করিয়া স্তন্যদুগ্ধদ্বারা পূর্ণ করিবে। এবং রূপ দর্শন হইলে শনৈঃ শনৈঃ শলাকা বাহির করিয়া লইবে। অনন্তর চক্ষুতে ঘৃত মাখাইয়া বস্ত্রদ্বারা পটি বাঁধিয়া রাখিবে। এবং ধূমাতপাদ শূন্য গৃহে উত্তান ভাবে (চিৎহইয়া) শয়ন করিয়া থাকিবে। সপ্তাহ পর্য্যন্ত উদ্গার, কাস, ক্ষবথু (হাঁচি), নিষ্ঠীবন ও কম্প প্রভৃতি যাহাতে না হয় এরূপ সাবধানে থাকিবে। সপ্তাহ উত্তান ভাবে শয়নের পর স্নেহপীত ব্যক্তির আহারাদির ন্যায় আহারাদি করিবে। এবং তিন দিন বাতনাশক কষায়াদি ব্যবহার করিবে। বায়ু আশ্রয় না করিতে পারে এজন্য তিন দিবস পরে চক্ষুতে বস্ত্রপটি বাঁধিয়া স্বেদ দিবে। এইরূপ দশাহ অতীত হইলে দৃষ্টি প্রসাদক ঔষ-

ধাদি প্রয়োগ করিবে। অনন্তর যথাবিধি চিকিৎসা ও লঘু অন্ন ব্যবস্থা করিবে। অন্যায় রূপ বিদ্ধ হইলে রক্তিমা, উপতাপ, অর্ব্বুদ, শোথ, বুদ্বুদ, বক্রদৃষ্টি, অধিমন্থ, এবং অন্যান্য রোগ সকল ও উৎপন্ন হইতে পারে।

চক্ষুরোগে অহিতাচরণদ্বারা বাতাদি জন্য বেদনা হইলে যথাদোষপ্রত্যনীক চিকিৎসা এবং নিম্নলিখিত ঔষধ সমূহ ব্যবস্থা করিবে ॥ ১০০ ॥

কল্কিতাঃ সঘৃতাদূর্ব্বাযবগৈরিকশারিবাঃ সুখালেপাঃ প্রয়োক্তব্যা রুজারাগোপশান্তয়ে ॥ ১০১ ॥

কল্কিতাইত্যাদি।—বাভটস্য সুখালেপ ইতি এতৈঃ সমভাগৈশ্চক্ষুঃসমীপে প্রলেপ ইতি রাগোহক্ষিলোহিত্যং ॥ ১০১ ॥

দূর্ব্বা, যব, গেরিমাটি ও অনন্তমূল; এই সকল দ্রব্য পেষণ করিয়া ঘৃতের সহিত প্রলেপ দিলে চক্ষুর বেদনা ও রক্তিমা প্রশমিত হয় ॥ ১০১ ॥

পয়স্যাশারিবাপত্রমঞ্জিষ্ঠামধুকৈরপি ॥ অজাক্ষীরান্বিতৈর্লেপঃ সুখোষ্ণঃ পথ্য উচ্যতে ॥ ১০২ ॥

পয়স্যেত্যাদি।—বাভটস্য পয়স্যা ক্ষীরকাকোলী পত্রং তেজপত্রং। বাভটে সুখোষ্ণঃ পথ্যউচ্যত ইত্যত্র সুখোষ্ণঃ শর্ম্মকৃৎপর ইতি পাঠঃ ॥ ১০২ ॥

ক্ষীরকাকোলী, অনন্তমূল, তেজপত্র, মঞ্জিষ্ঠা ও যষ্টিমধু, এই সকল দ্রব্য ছাগদুগ্ধে পেষণ ও কিঞ্চিৎ উত্তপ্ত করতঃ নেত্ররোগে প্রলেপন করিবে ॥ ১০২ ॥

বাতঘ্নসিদ্ধে পয়সি সিদ্ধং সর্পিশ্চতুর্গুণে। কাকোল্যাদিপ্রতিবাপং প্রযুঞ্জ্যাৎ সর্ব্বকর্ম্মসু ॥ শান্ত্যভাবে ন চেচ্ছূলং স্নিগ্ধস্বিন্নস্য মোক্ষয়েৎ। ততঃ শিরাং দহেচ্চাপি মতিমান্ কীর্ত্তিতাং যথা। দৃষ্টেরতঃ প্রসাদার্থমঞ্জনে শৃণু মে শুভে ॥ ১০৩ ॥

বাতঘ্নেত্যাদি।—সুশ্রুতস্য। বাতঘ্নৈ ভদ্রদার্ব্বাদিঃ তেন ক্ষীরসাধনপরিভাষয়া সিদ্ধে পয়সি চতুর্গুণে। সর্ব্বকর্ম্মস্বিতি নস্যপানাদিষু। শান্ত্যভাবে ... ইতি সুশ্রুতস্য। শিরামিতি ললাটস্থাং ... মোক্ষয়েৎ দহেচ্চাপীত্যন্বয়ঃ। দৃষ্টেরিত্যাদি।—সুশ্রুতস্য অত ইতি শিরাব্যধদাহানন্তরং। ব্যধদাহাভ্যাং দোষ শোষেণ বা কলুষিতায়া দৃষ্টেঃ প্রসাদনায় অঞ্জনং। অঞ্জন ইতি অঞ্জনদ্বয়ং ॥১০৩॥

বাতঘ্ন (ভদ্রদার্ব্বাদি) দ্রব্য সহিত দুগ্ধ পাক করিবে। অনন্তর ঐ দুগ্ধ চতুর্গুণ ও কাকোল্যাদি কল্ক সহিত যথারীতি ঘৃত পাক করিয়া সর্ব্ববিধ কর্ম্মেই (নস্য পানাদিরূপে) প্রয়োগ করিবে। উক্ত সকল প্রক্রিয়া দ্বারাও বেদনার শান্তি না হইলে স্নেহ ও স্বেদ প্রদান করতঃ ললাটস্থিত শিরাবেধ ও দগ্ধ করিবে। অনন্তর বেধাদি কর্ম্ম শেষ হইলে যে অঞ্জন প্রয়োগ করিতে হইবে তাহা শ্রবণ করুণ।

মেষশৃঙ্গস্য পত্রাণি শিরীষধবয়োরপি। মালত্যাশ্চাপি তুল্যানি মুক্তাবৈদূর্য্যমেব চ। অজাক্ষীরেণ সংপিষ্য তাম্রে সপ্তাহমাবপেৎ। প্রণিধায় তু তদ্বর্ত্তিং যোজয়েদঞ্জনে ভিষক্ ॥১০৪॥

মেষশৃঙ্গোমেষশৃঙ্গী পুত্রঞ্জীবক বৃক্ষ ইত্যন্যে। আবপেদিতি আলিপ্য স্থাপয়েৎ ॥ ১০৪ ॥

মেষশৃঙ্গীপত্র, শিরীষ, ধব, মালতী, মুক্তা ও বৈদূর্য্য; এই সকল দ্রব্য তুল্য ভাগ গ্রহণ করতঃ ছাগদুগ্ধে পেষণ করিয়া সপ্তাহ পর্য্যন্ত তাম্রপাত্রে রাখিয়া দিবে। অনন্তর উহাদ্বারা বর্ত্তি প্রস্তুত করতঃ অঞ্জনরূপে প্রয়োগ করিবে ॥১০৪

স্রোতোজং বিদ্রুমং ফেণং সাগরস্য মনঃশিলা। মরিচানি চ তদ্বর্ত্তিং কারয়েৎ পূর্ব্ববদ্ভিষক্ ॥ ১০৫ ॥

স্রোতোজমিত্যাদি।—সুশ্রুতস্য। স্রোতোজং রসাঞ্জনং। পূর্ব্ববদিতি—তদ্গাঙ্গীরেণ পিষ্ট্বা তাম্রপাত্রে সপ্তাহং স্থাপয়েদিত্যর্থঃ॥ ১০৫॥

রসাঞ্জন, প্রবাল, সমুদ্রফেণা, মনঃশিলা ও মরিচ, এই সকল দ্রব্যদ্বারা পূর্ব্বের ন্যায় বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিবে॥ ১০৫॥

রসাঞ্জনং ঘৃতং ক্ষৌদ্রং তালীশং স্বর্ণ
গৈরিকম্। গোশকৃদ্রসসংযুক্তং
পিত্তোপহতদৃষ্টয়ে॥ ১০৬॥

রসাঞ্জনমিত্যাদৌ।—গোশকৃদ্রসেন বর্ত্তিঃ কার্য্যা। ১০৬॥

রসাঞ্জন, ঘৃত, মধু, তালীশপত্র ও স্বর্ণ-গৈরিক, এই সকল দ্রব্য গোময় রসে পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। পিত্তোপহত দৃষ্টির প্রসাদনার্থ উক্ত বর্ত্তি ঘর্ষণ করিয়া অঞ্জন করিবে॥ ১০৬॥

নলিনোৎপলকিঞ্জল্কং গোশকৃদ্রস-
সংযুতম্। গুড়িকাঞ্জনমেতৎ স্যাদ্দিন-
রাত্র্যন্ধয়োর্হিতম্॥ ১০৭॥

নলিনেত্যাদি। নলিনং পদ্মং উৎপলং নীলোৎপলং দ্বয়োঃ। কিঞ্জল্কং গোশকৃদ্রসেনেতি গোশকৃদ্রসেন গুড়িকাঃ কার্য্যা ইত্যাহুঃ॥ ১০৭॥

পদ্মকেশর ও উৎপলকেশর গোময় রসে পেষণ করিয়া গুড়িকাঞ্জন প্রস্তুত করিবে। উক্ত গুড়িকা ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে দিন ও রাত্র্যন্ধ্য প্রশমিত হয়॥ ১০৭॥

নদীজশঙ্খত্রিকটূন্যথাঞ্জনং
মনঃশিলা দ্বে চ নিশে গবাং যকৃৎ।
সচন্দনেয়ং গুড়িকাথ চাঞ্জনে
প্রশস্যতে রাত্রিদিনেষ্বপশ্যতাং॥ ১০৮॥

নদীজেত্যাদি।—সুশ্রুতস্য। নদীজং সৈন্ধবং শঙ্খং শঙ্খনাভিঃ শঙ্খস্থানে শিখীতি পাঠে শিখী ময়ূরকণ্ঠঃ অঞ্জনং রসাঞ্জনং। গবাং যকৃৎ রসাগ্রং শকৃদিত্যপি পাঠান্তরং॥ ১০৮॥

সৈন্ধব, শঙ্খ, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), রসাঞ্জন, মনঃশিলা, হরিদ্রা, দারুহরিদ্রা, গোযকৃৎ ও রক্তচন্দন, এই সকল দ্রব্য একত্র পেষণ করিয়া গুড়িকা প্রস্তুত করতঃ ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে দিন ও রাত্র্যন্ধ্য প্রশমিত হয়॥ ১০৮॥

কণাচ্ছাগযকৃন্মধ্যে পক্বা তদ্রসপেষিতা। অচিরাদ্ধন্তি নক্তান্ধ্যং তদ্বৎ সক্ষৌদ্রমূষণং॥ ১০৯।

কণেত্যাদি।—ছাগযকৃৎ বিদার্য্য তন্মধ্যে পিপ্পলীং স্থাপয়িত্বা উৎস্বেদয়েৎ। পক্বা উৎস্বিন্না তদ্রসপেষিতেতি উৎস্বেদজলেন পুনঃ পিষ্ট্বা বর্ত্তিঃ কার্য্যেত্যর্থঃ। তদ্বৎ সক্ষৌদ্রমূষণমিতি ঊষণং মরিচং পূর্ব্ববৎ ছাগযকৃৎ পিণ্ডং বিদার্য্য তন্মধ্যে মরিচং স্থাপয়িত্বা উৎস্বেদয়েৎ তত আকৃষ্য উৎস্বেদাবশিষ্টজলেন তন্মরিচং সংপিষ্য বর্ত্তিঃ কার্য্যেত্যর্থঃ॥ ১০৯॥

ছাগযকৃতের মধ্যে পিপুল স্থাপন করতঃ জলসহ পাক করিবে। পরে উক্ত উৎস্বেদাবশিষ্ট জলদ্বারা উহা পেষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে রাত্র্যন্ধ্য নষ্ট হয়। ঐরূপে মরিচ পাক করতঃ পূর্ব্ববৎ পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করতঃ মধুর সহিত অঞ্জন করিবে॥ ১০৯॥

পচেত্তু গৌধং হি যকৃৎ প্রকল্পিতং
প্রপূরিতং মাগধিকাভিরগ্নিনা।
নিষেবিতং তৎযকৃদঞ্জনেন
নিহন্তি নক্তান্ধ্যমসংশয়ং খলু॥ ১১০॥

পচেদিত্যাদি।—পচেদুৎস্বেদয়েৎ। গৌধং গোধাভবং যকৃৎ পিপ্পলীপূরণার্থং প্রকল্পিতমিতি পঠিতং। অগ্নিনেত্যত্র অম্বুনেতি পাঠান্তরে অম্বুনা স্বেদনং বোধ্যং। অত্র গোধাযকৃদর্দ্ধপাচিতমিত্যপি পাঠঃ। নিষেবিতং যকৃদিতি তথাভূতং যকৃৎ খাদিতমিত্যর্থঃ। পিপ্পলীত্বঞ্জনবিধিনা দেয়মিতি কশ্চিৎ। অন্যেতু উৎস্বিন্নকণাসহিতং যকৃৎং ভক্ষণবিধিনা অঞ্জনবিধয়া চ বিহিতং নক্তান্ধ্যং হন্তীত্যাহুঃ অপরন্তু উৎস্বিন্নকণা সহিতং যকৃদঞ্জনবিধয়া নিষেবিতং সৎ নক্তান্ধ্যং হন্তীতি ব্যাচক্ষতে। খলুশব্দঃ অবধারণে অসংশয়মেবেত্যর্থঃ॥ ১১০॥

গোধার (গোসাপ) যকৃতের মধ্যে পিপুল রাখিয়া উহা পাক করিবে। উক্ত যকৃৎ সেবন এবং পিপুল দ্বারা অঞ্জন করিলে নিশ্চয়ই রাত্র্যন্ধ্য প্রশমিত হয়॥ ১১০॥

দধ্না নিঘৃষ্টং মরিচং রাত্র্যন্ধ্যাঞ্জনমুত্তমং॥ তাম্বূলযুক্তং খদ্যোতভক্ষণঞ্চ তদর্থকৃৎ॥ ১১১॥

দধ্নেত্যাদি।—যোগঃ পষ্টঃ॥ ১১১॥

দধি সহিত ঘৃষ্ট মরিচ দ্বারা রাত্র্যন্ধ্য নিবারণার্থ শ্রেষ্ঠ অঞ্জন করিবে।

তাম্বুলের সহিত খদ্যোত সেবন করিলে রাত্র্যন্ধ্য প্রশমিত হয়॥ ১১১॥

শফরীমৎস্যক্ষারো নক্তান্ধ্যমঞ্জনতো নিহন্তি। ভদ্রদ্রা(?)টঙ্কণকর্ণমলশ্চৈক-শোঽঞ্জনান্মধুনা॥ ১১২॥

শফরীতি।—শফরীমৎস্যমন্তর্ধূমং দগ্ধ্বা মধুনা সন্ধ্যায়ামঞ্জনং কার্য্যং॥ ১১২॥

পুঁটিমৎস্যের ক্ষার মধু সহিত চক্ষুতে অঞ্জন করিলে রাত্র্যন্ধ্য বিনষ্ট হয়। ঐ রূপ, রামঠ, সোহাগা ও কর্ণমল প্রত্যেকে পেষণ করিয়া মধুর সহিত অঞ্জন করিলেও উক্ত রোগের শান্তি হয়॥১১২॥

কেশরাজান্বিতং সিদ্ধং মৎস্যাণ্ডং হন্তি ভক্ষিতং। নক্তান্ধ্যং নিয়তং নৃণাং সপ্তাহাৎ পথ্যসেবিনাং॥১১৩॥

কেশরাজেত্যাদি।—রোহিতমৎস্যাদীনা মণ্ডং কেশরাজং দত্ত্বা উপদেশাৎ কাঞ্জিকেন পক্ত্বা ভক্ষ্যং ইতঃ পরং ঘৃতান্যুচ্যন্তে॥ ১১৩॥

কাঞ্জিক ও কালীকেশুরের রসে মৎস্যের ডিম্ব সিদ্ধ করিয়া সেবন করিলে এবং যথা বিহিত পথ্য সেবন করিলে সপ্তাহ মধ্যে রাত্র্যন্ধ্য নষ্ট হয়॥ ১১৩॥

ত্রিফলাঘৃতম্—

ত্রিফলাক্কাথকল্কাভ্যাং সপয়স্কং শৃতং ঘৃতং। তিমিরান্ত্যচিরাদ্ধন্যাৎ পীতমেতান্নিশামুখে॥ ১১৪॥

ত্রিফলেত্যাদৌ।—চতুর্গুণেন ত্রিফলাক্কাথেন ব্যবহরন্তিসপয়স্কমিতি ক্ষীরং স্নেহসমং॥ ১১৪॥

ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) ক্কাথ, কল্ক ও উপযুক্ত পরিমাণ দুগ্ধ সহিত যথারীতি ঘৃত পাক করিয়া সায়ংকালে পান করিলে অতি সত্বর তিমির প্রভৃতি রোগ নষ্ট হয়॥ ১১৪॥

মহাত্রিফলাদ্যং ঘৃতম্॥

ত্রিফলায়া রসপ্রস্থং প্রস্থং ভৃঙ্গরাজস্য চ। বৃষস্যচ রসপ্রস্থং শতাবর্য্যাশ্চ তৎসমং॥ অজাক্ষীরং গুড়ূচ্যাশ্চ আমলক্যা রসং তথা। প্রস্থং প্রস্থং সমাহৃত্য সর্ব্বৈরেভির্ঘৃতং পচেৎ॥ কল্কঃ কণাসিতাদ্রাক্ষা ত্রিফলা নীলমুৎপলং। মধুকং ক্ষীরকাকোলী মধুপর্ণী নিদিগ্ধিকা। তৎসাধু সিদ্ধং বিজ্ঞায় শুভে ভাণ্ডে নিধাপয়েৎ। ঊর্দ্ধপানমধঃপানং মধ্যে পানঞ্চ শস্যতে। যাবন্তো নেত্ররোগাস্তান পানাদেবাপকর্ষতি। নক্তান্ধ্যে তিমিরে কাচে নীলিকাপটোলার্ব্বুদে। অভিস্যন্দেঽধিমন্থে চ পক্ষ্মকোপে সুদারুণে॥ নেত্ররোগেষু সর্ব্বেষু বাতপিত্তকফেষু চ। অদৃষ্টিং মন্দদৃষ্টিঞ্চ কফবাতপ্রদূষিতাং॥ স্রবতো বাতপিত্তাভ্যাং সকণ্ডূসন্নদূরদৃক্। গৃধ্রদৃষ্টিকরং সদ্যোবলবর্ণাগ্নি বর্দ্ধনং। সর্ব্বনেত্রাময়ং হন্যাত্রিফলাদ্যং মহৎঘৃতং॥ ১১৫॥

মহাত্রিফলাঘৃতে।—বৃষস্যেতি বাসকস্য পত্ররসঃ প্রস্থঃ। মধুপর্ণী গুড়ূচী। ঊর্দ্ধপানাদি বিধির্ভোজনাপেক্ষয়া জ্ঞেয়া। বাতপিত্তকফেষিতি বাতপিত্তকফেষু তেষু নেত্ররোগেষু তথা কফবাতপ্রদূষণাৎ জাতামদৃষ্টিং মন্দদৃষ্টিকাপকর্ষতীত্যর্থঃ। তথা বাতপিত্তাভ্যাং স্রবতশ্চক্ষুষঃ পথ্যমিতি শেষঃ। তথা কণ্ডূসন্নদূরদৃক্ যঃ তস্যাপি গৃধ্রতুল্যদৃষ্টিকারকমিতি সোপস্করং ব্যাখ্যেয়ং। পুনঃ

সর্ব্বনেত্রাময়ং হরত্যেব কথনং সর্ব্বনেত্রাময় হরণস্যাবশ্যকোপদর্শনার্থমিতি জ্ঞেয়ং॥ ১১৫॥

ত্রিফলার ক্বাথ /৪ চারি সের, ভৃঙ্গরাজের রস /৪ চারি সের, বাসকের রস /৪ চারি সের, শতমূলীর রস /৪ চারি সের, ছাগদুগ্ধ /৪ চারি সের, গুলঞ্চের রস /৪ চারি সের ও আমলকীর রস /৪ সের, এই সকল দ্রব এবং নিম্নলিখিত পিপুল প্রভৃতির কল্ক সহিত যথারীতি /৪ সের ঘৃত পাক করিবে। কল্ক দ্রব্য যথা—পিপ্পলী, শর্করা, দ্রাক্ষা, ত্রিফলা, নীলোৎপল, যষ্টিমধু, ক্ষীরকাকোলী, গুলঞ্চ, কণ্টিকারী, এই সকল দ্রব্য যথাযোগ্য মাত্রায় লইয়া উত্তম রূপ কুট্টিত করতঃ ঘৃতে নিক্ষেপ করিবে। এবং সুপক্ব হইলে নামাইয়া বস্ত্রপূত করতঃ উৎকৃষ্ট পাত্রে রাখিয়া দিবে। ইহা যথোপযুক্ত পরিমাণে গ্রহণ করতঃ ভোজনের আদি, মধ্য ও অন্তে সেবন করিবে। ইহা পান করিলে সর্ব্ববিধ নেত্ররোগই নষ্ট হয়। ইহাদ্বারা নক্তান্ধ্য, তিমির, কাচ, নীলিকা, পটল, অর্ব্বুদ, অভিষ্যন্দ, অধিমন্থ, দারুণ পক্ষ্মকোপ এবং সর্ব্ববিধ বাতজ, পিত্তজ ও কফজ নেত্ররোগ, কফবাতজ অদৃষ্টি (অন্ধ অর্থাৎ চক্ষে না দেখা), মন্দদৃষ্টি (চক্ষে অল্প দেখা), বাতপিত্তজ চক্ষুস্রাব ও কণ্ডূ নষ্ট হয়। এবং ইহা আসন্নদৃষ্টি ও দূরদৃষ্টি ব্যক্তির গৃধ্র তুল্য দৃষ্টিপ্রদ, সদ্য বল, বর্ণ ও অগ্নিকারক এবং সর্ব্ব নেত্রাময় নাশক॥ ১১৫॥

ত্রৈফলং ঘৃতম্—

ত্রিফলা ত্র্যূষণং দ্রাক্ষা মধুকং কটুরোহিণী। প্রপৌণ্ডরীকং সূক্ষ্মৈলা-বিড়ঙ্গনাগকেশরং॥ নীলোৎপলং শারিবে দ্বে চন্দনং রজনীদ্বয়ং। কার্ষিকৈঃ পয়সা তুল্যং ত্রিগুণং ত্রিফলা-রসং॥ ঘৃতপ্রস্থং পচেদেতৎ সর্ব্বনেত্র রুজাপহং। তিমিরং দোষমাস্রাবং কামলাকাচমর্ব্বুদং॥ বীবর্পং প্রদরং কণ্ডুং রক্তং শ্বয়থুমেব চ। খালিত্যং পলিতঞ্চৈব কেশানাং পতনন্তথা॥ বিষমজ্বরমর্ম্মাণি শুক্রঞ্চাশু ব্যপোহতি। অন্যে চ বহবোরোগা নেত্রজা যে চ বর্ত্মজাঃ॥ তান্ সর্ব্বান্নাশয়ত্যাশু ভাস্করস্তিমিরং যথা। নচৈবাস্মাৎ পরং কিঞ্চিদ্দৃষিভিঃ কাশ্যপাদিভিঃ। দৃষ্টিপ্রসাদনং দৃষ্টং যথাস্যাত্রৈফলং ঘৃতং॥ ১১৬॥

ত্রিফলেত্যাদি।—ত্রিগুণং ত্রিফলারসমিতি ঘৃতপ্রস্থবিশেষণং। বিষমজ্বরমর্ম্মাণীতি বিষমজ্বরস্তথা মর্ম্মাণীতি শেষঃ॥ ১১৬॥

ত্রিফলা, ত্রিকটু, দ্রাক্ষা, যষ্টিমধু, কটুকী, পুণ্ডরিয়াকাষ্ঠ, ছোটএলাইচ, বিড়ঙ্গ, নাগকেশর, নীলোৎপল, শ্যামলতা, অনন্তমূল, রক্তচন্দন, হরিদ্রা ও দারুহরিদ্রা, এই সকল দ্রব্যের উত্তম রূপ কুট্টিত কল্ক প্রত্যেক ২ দুইতোলা, সমপরিমাণ অর্থাৎ /৪ চারি সের দুগ্ধ এবং তিন গুণ অর্থাৎ ।২ বার সের ত্রিফলার ক্বাথ সহিত প্রস্থ পরিমিত (/৪ চারি সের) ঘৃত যথাবিহিত নিয়মানুসারে পাক করিবে। উক্ত ঘৃত সেবন করিলে সর্ব্ব প্রকার নেত্ররোগ এবং তিমির, ত্রিদোষজ (বাতজ, পিত্তজ ও কফজ) স্রাব, কামলা, কাচ, অর্ব্বুদ, বীসর্প, প্রদর, কণ্ডূ, দুষ্টরক্ত, শোথ, খালিত্য, পলিত, কেশপতন, বিষমজ্বর, অর্ম্ম ও শুক্ররোগ অতি সত্বর প্রশমিত হয়। ইহা ব্যতীত ইহাদ্বারা নেত্রজ ও বর্ত্মজ অন্যান্য বহুবিধ রোগ সূর্য্যো-

দয়ে বিলয় প্রাপ্ত অন্ধকারের ন্যায় অতি শীঘ্র বিনষ্ট হইয়া থাকে।

কাশ্যপাদি ঋষিগণ কর্তৃক নির্ম্মিত দৃষ্টিপ্রসাদক কোন ঔষধই এই ত্রৈফল ঘৃতের ন্যায় ফলপ্রদ নহে॥ ১১৬॥

ফলত্রিকাভীরুকষায়সিদ্ধং
কল্কেন যষ্টীমধুকস্য যুক্তং।
সর্পিঃ সমং ক্ষৌদ্রচতুর্থভাগং
হন্যাত্ত্রিদোষং তিমিরং প্রবৃদ্ধং॥১১৭॥

ফলত্রিকেত্যাদৌ।—অভীরু শতমূলী তত্র ফলত্রিকস্য ক্বাথঃ শতমূল্যাস্তু স্বরস ইত্যর্থঃ। সমমিতি সাম্বিতার্থঃ। উক্তং হি মেদিনী কর-কোষে সর্ব্বং সাধুসমানেষু সমং স্যাদভিধেয়বদিতি। অন্যে তু সমমিতি সহার্থে যথোক্তকষায়াদিনা সহ সিদ্ধমিত্যর্থ ইত্যাহুঃ॥ ১১৭॥

ত্রিফলার ক্বাথ, শতমূলীর রস এবং যষ্টি মধুর উত্তম রূপ কুট্টিত কল্ক সহিত যথারীতি ঘৃত পাক করিবে। পাক শেষে শীতল হইলে উহার (ঘৃতের) চতুর্থাংশ মধু মিশ্রিত করিয়া লইবে। উক্ত ঘৃত সেবন করিলে ত্রিদোষজ (বাতজ, পিত্তজ ও কফজ) প্রবৃদ্ধ তিমিররোগ বিনষ্ট হয়॥ ১১৭॥

ভৃঙ্গরাজাদ্যং তৈলম্—

ভৃঙ্গরাজরসপ্রস্থে যষ্টীমধুপলেন চ।
তৈলস্য কুড়বং পক্বং সদ্যোদৃষ্টিং প্রসাদয়েৎ। নস্যাদ্বলীপলিতঘ্নং মাসেনৈতন্নসংশয়ঃ॥ ১১৮॥

ভৃঙ্গরাজের রস /৪সের ও যষ্টিমধুরকল্ক এক পল সহিত কুড়ব পরিমিত তৈল যথারীতি পাক করিবে। ইহার নস্য গ্রহণ করিলে সদ্য দৃষ্টি প্রসন্ন হয়। এবং এক মাস পর্য্যন্ত উক্ত তৈলের নস্য গ্রহণ করিলে নিশ্চয়ই বলী ও পলিত বিনষ্ট হয়॥ ১১৮॥

গবাং শকৃৎক্বাথবিপক্বমুত্তমং
হিতন্তু তৈলং তিমিরেষু নস্যতঃ।
ঘৃতং হিতং কেবলমেব পৈত্তিকে
তথাশ্বতৈলং পবনাস্রগুত্থয়োঃ॥১১৯॥

গবামিত্যাদি।—সুশ্রুতস্য। গবাং শকৃৎ ক্বাথবিপক্বমিতি গোশকৃতঃ ক্বাথোত্রাক্তগুণাস্বুনা কার্য্যঃ মৃদোশ্চ চতুর্গুণং দেয়মিতি পরিভাষা ব্যবহারবাধিতা। ঘৃতং হি কেবলমিতি কেবলমিত্যসংস্কৃতং। নস্যত ইতি ইহাপি সম্বধ্যতে। অশ্বতৈলঞ্চ সুশ্রুতে বাতব্যাধাবুক্তং কশ্মিংশ্চিৎ সুশ্রুতপুস্তকে ঘৃতং হিতং কেবলমেব পৈত্তিক ইত্যস্যানন্তরং অজাবিকং যম্যুরৈর্ব্বিপাচিতং। তৈলং স্থিরাদৌ মধুরে চ যৎগণ ইতি পাঠো দৃশ্যতে স চ পাঠস্তথাবিধাকারপুস্তকেষু ন দৃশ্যতে টীকাকৃদ্ভিশ্চ ন ব্যাখ্যাতঃ তথা সংগ্রহ কৃদ্ভিশ্চ ন প্রামানিকৈর্লিখিত ইতি কৃত্বা অনার্ষ ইতি জ্ঞেয়ঃ।১১৯।

গোময় ক্বাথ সহিত যথারীতি তৈল পাক করিয়া নস্য করিলে তিমিররোগ বিনষ্ট হয়।

পিত্তজরোগ হইলে কেবল ঘৃত এবং বাত ও রক্তজরোগ হইলে সুশ্রুতোক্ত অশ্ব তৈলের নস্য গ্রহণ করিবে॥১১৯॥

নৃপবল্লভং তৈলং ঘৃতঞ্চ—

জীবকর্ষভকৌ মেদে দ্রাক্ষাংশুমতী নিদ্ধিকা বৃহতী। মধুকং বলাবিড়ঙ্গং মঞ্জিষ্ঠা শর্করা রাস্না॥ নীলোৎপলং শ্বদংষ্ট্রা প্রপৌণ্ডরীকং পুনর্নবালবণং। পিপ্পল্যঃ সর্ব্বেষাং ভাগৈরক্ষাংশিকৈঃ পিষ্টৈঃ। তৈলং বা যদি বা সর্পির্দত্বা ক্ষীরং চতুর্গুণং পক্বং। আত্রেয় নির্ম্মিতমিদং তৈলং নৃপবল্লভং সিদ্ধং॥ তিমিরং পটলং কাচং নক্তান্ধ্যমর্ব্বুদং তথাক্লাঞ্চ। শ্বেতঞ্চ লিঙ্গনাশং নাশয়তি চ নীলিকাব্যঙ্গং॥ মুখনাসাদৌর্গন্ধ্যং পলিতঞ্চাকালজং হনুস্তম্ভং। কাসং শ্বাসং শোষং হিক্কাং স্তম্ভং তথান্ধ্যং নেত্রে॥ মুখজিহ্বার্দ্দিভেদং রোগং বাহুগ্রহং শিরঃস্তম্ভং। রোগানথোর্দ্ধ্বসক্কানচিরেণ নাশয়তি॥ পক্তব্যং কুড়বং তৈলং নস্যার্থং নৃপবল্লভে।

অক্ষাংশৈঃ শাণিকৈঃ কল্কৈরন্যে ভৃঙ্গাদিতৈলবৎ ॥ ১২০ ॥

জীবকেত্যাদৌ।—অংশুমতী শালপর্ণী অক্ষাংশিকৈরিতি অক্ষঃ কর্ষস্তস্যাংশশ্চতুর্থোভাগঃ মাষকচতুষ্টয়ং। তেন শাণিকৈরিত্যর্থঃ তেন সর্ব্বে মিলিত্বা দ্বাদশমাষিকাধিকং পলং ভবতি অনেন তৈলকুড়বঃ সাধ্যঃ নস্যার্থং তৈলকুড়বঃ পচ্যতে ইতি সংপ্রদায়ঃ কুড়বশ্চাষ্টৌ পলানি ন চ কল্কস্তু স্নেহপাদিক ইত্যনেন বিরোধঃ কল্কপলেনাপি তৈলকুড়বপাকদর্শনাৎ তথা পূর্ব্বোক্তভৃঙ্গরাজ তৈলে তথা বক্ষ্যমাণঅভিজিতনাম্নি তৈলে চ কিম্বা অক্ষাংশিকৈরিতি কার্ষিকৈঃ অস্মিন্ পক্ষে কল্কস্য বহুত্বাৎ তৈলপ্রস্থঃ সাধ্যঃ ব্যবহারস্তু পূর্ব্বেবৈব। যদি বা সর্পিরিতি টপেত্তিকে তিমিরে সর্পিঃ পক্তব্যং দৃক্তিজোবিতি দৃষ্টিমণ্ডলরোগেষু ॥ ১২০ ॥

জীবক, ঋষভক, মেদা, মহামেদা, দ্রাক্ষা, শালপাণি, কণ্টিকারী, বৃহতী, যষ্টিমধু, বেড়েলা, বিড়ঙ্গ, মঞ্জিষ্ঠা, শর্করা, রাস্না, নীলোৎপল, গোক্ষুর, পুণ্ডরিয়া, পুনর্নবা, সৈন্ধব ও পিপ্পলী, এই সকল দ্রব্য প্রত্যেকে অর্দ্ধ তোলা পরিমাণে গ্রহণ করতঃ একত্র পেষণ করিয়া চতুর্গুণ দুগ্ধ সহিত কুড়ব পরিমিত ঘৃত অথবা তৈল যথারীতি পাক করিবে। আত্রেয় ঋষিনির্ম্মিত উক্ত সিদ্ধ ফলদায়ক নৃপতিবল্লভ তৈলদ্বারা তিমির, পটল, কাচ, রাত্র্যন্ধ্য, অন্ধ্য, অর্ব্বুদ, শ্বিত্র, লিঙ্গনাশ, নীলিকা, ব্যঙ্গ, মুখ ও নাসাদৌর্গন্ধ্য, অকাল জন্য পলিত, হনুস্তম্ভ, কাস, শ্বাস, শোষ, হিক্কা, নেত্রস্তম্ভ, নেত্ররোগ, মুখজৈহ্ম্য (মুখবক্রতা অথবা অর্দ্দিত), অর্দ্ধভেদক, বাহুস্তম্ভ, শিরঃস্তম্ভ ও ঊর্দ্ধ জত্রুগত রোগ সমূহ অতি সত্বর বিনষ্ট হইয়া থাকে। উক্ত নৃপবল্লভ তৈল নস্যপ্রয়োগার্থ কুড়ব পরিমিত তৈল পাক করিবে। অক্ষাংশ শব্দে শাণ (৪ মাষা অথবা অর্দ্ধ তোলা) পরিমাণ বুঝিতে হইবে। অপর উহার অন্যান্য বিধি ভৃঙ্গরাজ তৈলের ন্যায় জানিবে ॥ ১২০ ॥

অভিজিতং তৈলম্—

তৈলস্য পচেৎ কুড়বং মধুকস্য পলেন কল্কপিষ্টেন। আমলকরসপ্রস্থং ক্ষীরপ্রস্থেন সংযুতং ॥ কৃত্বাভিজিতং নাম্না তৈলং তিমিরং হন্ত্যাম্মুনিপ্রোক্তং। বিমলাং কুরুতে দৃষ্টিং নষ্টামপ্যানয়েত্তথা ॥ ১২১ ॥

যষ্টিমধুর কল্ক এক পল (অর্থাৎ ৮ আট তোলা), আমলকীর রস /৪ চারি সের ও দুগ্ধ /৪ চারি সের সহিত কুড়ব পরিমিত তৈল যথারীতি পাক করিবে। এই অভিজিত নামক তৈলদ্বারা তিমির রোগ বিনষ্ট হয়। অপর ইহাদ্বারা দৃষ্টি বিমল এবং নষ্টদৃষ্টিও প্রসন্ন হয় ॥ ১২১ ॥

অর্ম্ম তু ছেদনীয়ং স্যাৎ কৃষ্ণপ্রাপ্তস্তবেদযদ। বড়িশবিদ্ধমুন্নম্য ত্রিভাগশ্চাগ্র বর্জ্জয়েৎ ॥ ১২২ ॥

অর্ম্মস্ত্বিতি অর্ম্ম আমা ইতি খ্যাতোঽক্ষিরোগবিশেষঃ। অস্মচ্ছেদনমিতি মণ্ডলাগ্রেণেতশেষঃ। সমুন্নম্যেতি সূচ্যগ্রেণেতি শেষঃ সূচ্যগ্রেণ সমুন্নম্য উত্তোল্য অনন্তরং বড়িশেন বিদ্ধা মণ্ডলাগ্রেণ ছেদয়েদিত্যর্থঃ। ত্রিভাগমিতি তৃতীয়ভাগং কনীনিকাং বর্জয়েদিত্যর্থঃ। উক্তং হি রক্ষন্ কনীনিকাং ছিন্দ্যাচ্চতুর্ভাগাবশেষিতমিতি। ১২২॥

অর্ম্ম (আমা) চক্ষুর কৃষ্ণভাগ পর্য্যন্ত আক্রমণ করিলে সূচ্যগ্রদ্বারা উদ্ধৃত করতঃ বড়িশদ্বারা বিদ্ধ করিবে এবং তৃতীয়াংশ (কনীনিকা) পরিত্যাগ করতঃ মণ্ডলাগ্র অস্ত্র দ্বারা ছেদন করিবে ॥ ১২২ ॥

পিপ্পলীত্রিফলাদ্রাক্ষালোহচূর্ণং সসৈন্ধবং। ভৃঙ্গরাজরসে পিষ্টং গুড়িকাঞ্জনমিষ্যতে ॥ অর্ম্ম সতিমিরং কাচং

কণ্ডুং শুক্রং তদর্জ্জুনং। অজকাং নেত্ররোগাংশ্চ হন্ত্যাম্নিরবশেষতঃ॥১২৩॥

পিপ্পলীত্যাদি।—ভৃঙ্গরাজরসেনৈব পেষণমঞ্জনঞ্চেত্যাহুঃ। গুড়িকাঞ্জনং বর্ত্তিরিত্যর্থঃ। অজকাক্ষিরোগভেদঃ॥ ১২৩॥

পিপ্পলী, ত্রিফলা, দ্রাক্ষা, লৌহচূর্ণ ও সৈন্ধব, এই সকল দ্রব্য ভৃঙ্গরাজের রসে পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে অর্ম্ম, তিমির, কাচ, কণ্ডূ, শুক্র, অর্জ্জুন ও অজকা প্রভৃতি নেত্ররোগ নিঃশেষরূপে বিনষ্ট হয়॥ ১২৩॥

পুষ্পাখ্যতার্ক্ষ্যজসিতোদধিফেণশঙ্খ
সিন্ধূত্থগৈরিকশিলামরিচৈঃ সমাংশৈঃ।
পিষ্টৈশ্চ মাক্ষিকরসেন রসক্রিয়েয়ং
হন্ত্যর্ম্মকাচতিমিরার্জ্জুনবর্ত্মরোগান্॥১২৪॥

পুষ্পাখ্যেত্যাদি।—পুষ্পাখ্যং পুষ্পকাশীশং তার্ক্ষ্যজং রসাঞ্জনং সিতা শর্করা শঙ্খঃ শঙ্খনাভিঃ গৈরিকশিলা গৈরিকমেবেতি শ্রীকণ্ঠঃ। মাক্ষিকরসেনেতি মধুরূপদ্রবেণ। রসক্রিয়েয়মিতি এতৎ সর্ব্বং চূর্ণং প্রচুরতরমধুনা সমালোড্য বংশনলিকায়াং স্থাপ্যমেতৎ রসক্রিয়াবিধানং বদন্তি। অতএব পিষ্টং ক্ষৌদ্রেণ চালোড্য ইত্যাদি।—বচনমপি পঠন্তি॥ ১২৪॥

পুষ্পকাশীশ, রসাঞ্জন, শর্করা, সমুদ্রফেণা, শঙ্খনাভি, সৈন্ধব, গেরিমাটি মনঃশিলা ও মরিচ, এই সকল দ্রব্য সমভাগে গ্রহণ করতঃ মধুর সহিত পেষণ করিবে। উক্ত রসক্রিয়া দ্বারা অর্ম্ম, কাচ, তিমির, অর্জ্জুন ও বর্ত্মরোগ বিনষ্ট হয়॥ ১২৪॥

কৌম্ভস্য সর্পিষঃ পানৈর্বিরেকালেপসেচনৈঃ। স্বাদুশীতৈঃ প্রশময়েচ্ছুক্তিকামঞ্জনৈস্তথা॥ ১২৫॥

কৌম্ভস্যেত্যাদি।—কৌম্ভং দশবর্ষস্থিতং ঘৃতং॥ ১২৫॥

কৌম্ভঘৃত (১০ দশ বৎসরস্থ পুরাতন ঘৃতকে কৌম্ভঘৃত বলা যায়) পান, বিরেচন, আলেপন, অবসেচন এবং সুস্বাদু-শীতল দ্রব্য ও অঞ্জন প্রয়োগদ্বারা শুক্তিকারোগ প্রশমিত হয়॥ ১২৫॥

প্রবালমুক্তাবৈদূর্য্যশঙ্খস্ফটিকচন্দনং। সুবর্ণরজতং ক্ষৌদ্রমঞ্জনং শুক্তিকাপহং॥ ১২৬॥

প্রবালেত্যাদি।—ক্ষৌদ্রেণ পেষণমঞ্জনঞ্চ॥১২৬॥

প্রবাল, মুক্তা, বৈদূর্য্য, শঙ্খনাভি, স্ফটিক, রক্তচন্দন, স্বর্ণ ও রৌপ্য, এই সকল দ্রব্য মধুর সহিত ঘর্ষণ করিয়া নেত্রেতে অঞ্জন করিলে শুক্তিকারোগ বিনষ্ট হয়॥ ১২৬॥

শঙ্খঃ ক্ষৌদ্রেণ সংযুক্তঃ কতকঃ সৈন্ধবেন বা। সিতয়ার্ণবফেণো বা পৃথগঞ্জনমর্জ্জুনে॥ ১২৭॥

মধুর সহিত শঙ্খ, সৈন্ধবের সহিত নির্ম্মলীফল, শর্করার সহিত সমুদ্রফেণা পেষণ করিবে। উক্ত যোগত্রয় দ্বারা অঞ্জন করিলে অর্জ্জুনরোগ বিনষ্ট হয়॥ ১২৭॥

পৈত্তং বিধিমশেষেণ কুর্য্যাদর্জ্জুনশান্তয়ে। বৈদেহীসিতমরিচং সৈন্ধবং নাগরং সমং। মাতুলুঙ্গরসৈঃ পিষ্টমঞ্জনং পিষ্টকাপহং॥ ১২৮॥

পৈত্তং বিধিমিতি পিত্তাভিষ্যন্দোক্তবিধিং উক্তং হি পিত্তাভিষ্যন্দশমনোবিধিরর্জ্জুনশান্তিকৃদিতি। বৈদেহীত্যাদি।—বৈদেহী পিপ্পলী সিতমরিচং শোভাঞ্জনবীজং। ইতি শুক্লভেদেষু॥ ১২৮॥

অর্জ্জুনরোগ বিনাশার্থ পিত্তাভিষ্যন্দ নাশক চিকিৎসা আচরণ করিবে।

পিপুল, সিতমরিচ (সজিনারবীজ), সৈন্ধব ও শুঁঠ; এই সকল দ্রব্য একত্র ছোলঙ্গ লেবুর (টাবালেবু অথবা মাতুলুঙ্গ লেবুর) রসে পেষণ করিয়া অঞ্জন করিলে পিষ্টক রোগ বিনষ্ট হয়॥ ১২৮॥

ভিত্ত্বোপনাহং কফজং পিপ্পলীমধুসৈন্ধবৈঃ। বিলিখেন্মণ্ডলাগ্রেণ প্রচ্ছয়েদ্বা সমন্ততঃ॥ ১২৯॥

ভিত্ত্বেত্যাদি।—সুশ্রুতস্য ভিত্ত্বেতি ব্রীহিমুখেনেতি শেষঃ। যদ্যপ্যুপনাহং কেবলং কফজ এব তথাপি কফজমিতি স্বরূপপরং জ্ঞেয়ং। পিপ্পলীমধুসৈন্ধবৈরিত্যনন্তরং প্রতিসারণমিতি শেষঃ অত্র লেখনান্তরং প্রতিসারণং জ্ঞেয়ং। উক্তং হি বাভটে উপনাহং ভিষক্ স্বিন্নং ভিন্নং ব্রীহিমুখেন তু। লেখয়েৎ মণ্ডলাগ্রেণ ততশ্চ প্রতিসারয়েদিতি। অন্যে তু ভেদনপ্রতিসারণাভ্যাং অশমে লেখনং প্রচ্ছনঞ্চ দেয়মিত্যাহুঃ।। ১২৯।।

কফ জন্য উপনাহ ব্রীহিমুখ অস্ত্রদ্বারা ভেদ করিয়া পিপ্পলী ও সৈন্ধবদ্বারা প্রতিসরণ করিবে অথবা মণ্ডলাগ্র অস্ত্র দ্বারা চতুঃপার্শ্ব বিলেখন বা পুচ্ছন করিবে॥ ১২৯॥

পথ্যাক্ষধাত্রীফলমধ্যবীজৈ
স্ত্রিদ্ব্যেকভাগৈর্বিদধীত বর্ত্তিং॥
তয়াঞ্জয়েদশ্রুমতিপ্রগাঢ়
মক্ষ্ণোর্হরেৎ কষ্টমপি প্রকোপং॥১৩০॥

পথ্যেত্যাদৌ।—ফলমধ্যবীজপদং পথ্যাদিভিঃ প্রত্যেকং সম্বধ্যতে। ত্রিদ্ব্যেকভাগৈরিতি পথ্যাবীজাদিষু যথাক্রমং যোজ্যং অত্র পানীয়েন পেষণং মধুনা ত্বঞ্জনমিতি ব্যবহরন্তি।। ১৩০ ।।

হরীতকী মজ্জা ৩ তিন ভাগ, বহেড়া মজ্জা ২ দুই ভাগ ও আমলকী মজ্জা ১ এক ভাগ; এই সকল দ্রব্য জলদ্বারা একত্র পেষণ করিয়া বর্ত্তি প্রস্তুত করিবে। উক্ত বর্ত্তি মধুর সহিত চক্ষুতে অঞ্জন করিলে চক্ষুর প্রগাঢ় অশ্রু ও কষ্টতর প্রকোপ প্রশমিত হয়॥ ১৩০॥

স্রাবেষু ত্রিফলাক্কাথং যথাদোষং প্রযোজয়েৎ। ক্ষৌদ্রেণাজ্যেন পিপ্পল্যা মিশ্রং বিধ্যেচ্ছিরাং তথা॥ ১৩১॥

স্রাবেম্বিত্যাদৌ।—প্রয়োজয়েদিতি পিবেৎ। যথাদোষমিতি ক্ষৌদ্রেণ পিত্তরক্তে আজ্যেন বাতে পিত্তে রক্তে চ পিপ্পল্যাতু কফে। এভিরপ্রশমে শিরাব্যধ ইতি।। ১৩১।।

চক্ষুস্রাবে দোষ বিবেচনায় ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) কাথ মধু, ঘৃত ও পিপুল চূর্ণের সহিত পান করিবে। অর্থাৎ মধুর সহিত পিত্তরক্তে, ঘৃতের সহিত বাত, পিত্ত ও রক্তে এবং পিপুল চূর্ণের সহিত কফে পান করিবে। অপর এই সকল দ্বারা উপশম না হইলে শিরাবেধ করিবে॥ ১৩১॥

ত্রিফলামূত্রকাশীশসৈন্ধবৈঃ সরসাঞ্জনৈঃ। রসক্রিয়াক্রিমিগ্রন্থৌ ভিন্নে স্যাৎ প্রতিসারণং॥ ১৩২।

ত্রিফলেত্যাদি।—সুশ্রুতস্য। ত্রিফলাক্কাথগোমূত্রে মিলিত্বা পলচতুষ্টয়ে কাশীশসৈন্ধবরসাঞ্জনং পলমানং প্রক্ষিপ্য পুনঃ পাকেন ঘনতামাপাদ্য রসক্রিয়া বিধেয়া। কিন্তু কাশীশরসাঞ্জনাপেক্ষয়া সৈন্ধবমল্পমানং ব্যবহরন্তি বৃদ্ধাঃ। মূত্রস্থানে তুল্যেতি নিশ্চলঃ পঠতি। তন্মতে ত্রিফলাক্কাথস্যৈব পলচতুষ্টয়ং কিন্তু সুশ্রুতে বহুপুস্তকেষু চ মূত্রপাঠ এব দৃশ্যতে। ভিন্নে স্যাৎ প্রতিসারণমিতি রসাঞ্জনচূর্ণমধুভ্যামেব প্রতিসারণং জ্ঞেয়ং। ইতি সন্ধিজেষু।। ১৩২।।

ক্রিমিগ্রন্থি ভিন্ন হইলে ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়া) কাথ ও গোমূত্রে হিরাকস, সৈন্ধব ও রসাঞ্জন প্রক্ষেপ করিয়া রসক্রিয়া করতঃ প্রতিসারণ করিবে॥ ১৩২॥

স্বিন্নাং ভিত্ত্বা বিনিষ্পীড্য ভিন্নামঞ্জননামিকাং। শিলৈলানতসিন্ধুত্থৈঃ সক্ষৌদ্রৈঃ প্রতিসারয়েৎ॥ রসাঞ্জনমধুভ্যাঞ্চ ভিন্নাং বা শস্ত্রকর্ম্মবিৎ। প্রতিসার্য্যাঞ্জনৈর্যু [illegible] শিখোদ্ভবৈঃ॥ স্বেদয়েদ্ ঘৃষ্টয়াঙ্গুল্যা হরেদ্রক্তং জলৌকসা। রোচনাক্ষারতুত্থানি পিপ্পল্যঃ ক্ষৌদ্রমেব চ। প্রতিসারণমেকৈকং ভিন্নেন গণইষ্যতে॥ ১৩৩॥

প্রতিসার্য্যাঞ্জনৈরিতি অঞ্জনৈঃ কজ্জলৈঃ। রোচনেত্যাদি।—সুশ্রুতস্য। ক্ষারো যবক্ষারঃ

রোচনাদিভ্রু প্রাগুক্তং দ্বৈত্রযোগঃ । প্রতিসারণ-মিহ ব্রণমুখে দানং নতু ঘর্ষণং ।। ১৩৩ ।।

স্বিন্ন অঞ্জন নামিকা ভেদ ও নিষ্পী-ড়ন করতঃ উহা ভিন্নাবস্থায়ই মনঃশিলা, এলাচ, তগরপাদিকা, সৈন্ধব ও মধু-দ্বারা প্রতিসারণ করিবেন । অথবা অস্ত্র-কর্ম্মবিদ্ চিকিৎসক ভিন্ন অঞ্জন নামিকায় রসাঞ্জন ও মধুদ্বারা প্রতিসারণ করিয়া দীপশিখোত্থ ঈঙ্গুদ কজ্জলদ্বারা অঞ্জন প্রয়োগ করিবেন । এবং অঙ্গুলী ঘর্ষণ করিয়া স্বেদ ও জলৌকাদ্বারা রক্তমোক্ষণ করিবেন ।

গোরোচনা, যবক্ষার, তুঁতিয়া ও পি-প্পলী, এই সকল দ্রব্য পৃথক্ পৃথক্ মধুর সহিত মিশ্রিত করতঃ ব্রণমুখে প্রদান করিবে ॥ ১৩৩ ॥

নিমিষে নাসয়া পেয়ং সর্পিস্তেন চ পূরণং । স্বেদয়িত্বা বিষগ্রন্থিং ছিত্ত্বা-গ্রাস্থ নিরাশ্রয়ং । পক্বং ভিত্ত্বা তু শ-স্ত্রেণ সৈন্ধবেনাবচূর্ণয়েৎ ॥ ১৩৪ ॥

নিমেষ ইত্যাদৌ ।— সর্পিস্ত্রিফলাসিদ্ধমিতি কেচিৎ । অন্যেত্বপক্কমিত্যাহুঃ । পূরণমিতি তেন সর্পিষা চক্ষুঃপূরণমিত্যর্থঃ । স্বেদয়িত্বেত্যাদৌ ।— বিষগ্রন্থিং নাম বিষবর্ত্মাখ্যাক্ষিরোগং । নিরাশ্রয়-মিতি আশ্রয়ঃ স্ফোটকঃ নিরবশিষ্টং যথা স্যাত্তথা ছিত্ত্বেত্যর্থঃ । অংশে২প্যাশ্রয়ে সতি ব্যাধেরস্য পুনঃ সম্ভবাৎ । উক্তং হি বিষগ্রন্থিং তথা ছিন্দ্যাৎ যথা স্যান্নাশ্রয়ঃ ক্বচিৎ । পুনঃ প্রবর্দ্ধতে যস্মাদল্পেপ্যাস্যাশ্রয়ে স্থিত ইতি ॥১৩৪॥

নিমিষরোগে নাসিকাদ্বারা ঘৃত পান করিবে এবং ঘৃত চক্ষে পূরণ করিবে । পক্ক বিষগ্রন্থিতে স্বেদ করিয়া অস্ত্রদ্বারা নিরবশেষ ছেদন করিবে । এবং সৈ-ন্ধব চূর্ণ দ্বারা অবচূর্ণন করিবে ॥ ১৩৪ ॥

বর্ত্মাবিলেখং বহুশস্তদ্বচ্ছোণিতমো-ক্ষণং । পুনঃপুনর্বিরেকঞ্চ পিল্লরোগা-তুরো ভজেৎ ॥ পিল্লী স্নিগ্ধো বমেৎ পূর্ব্বং শিরাবেধং গতেহসৃজি । শিলা-রসাঞ্জনব্যোষগোপিত্তৈশ্চাঞ্জ[illegible] ॥১৩৫॥

বর্ত্মেত্যাদিনা ।—পিল্লরোগচিকিৎসানাত বর্ত্ম-লেখমিতি কর্কশশাকোটকাদিপত্রেণ বর্ত্ম ঘর্ষণং । পিল্ললক্ষণঞ্চ পূর্ব্বমেবোক্তং সাম্প্রতেনতু কুকুণ-কাদীনামষ্টাদশানাং পিল্লাখ্যা কৃতা । এতে২ষ্টাদশ পিল্লাখ্যা দীর্ঘকালানুবন্ধিন [illegible] পিল্লীত্যাদৌ ।—স্নেহোপি বোক্তো [illegible]-স্যাং শিরা লালাটী । শিলেত্যাদৌ ।—গোপিত্ত-স্যাপ্রাপ্তৌ গোরোচনয়া সর্ব্বত্র ব্যবহারঃ ।।১৩৫।।

পিল্লুরোগে কর্কশ পত্রাদিদ্বারা বর্ত্ম-দ্বয় ঘর্ষণ করিয়া রক্তমোক্ষণ করিবে এবং পুনঃ পুনঃ বিরেচন ঔষধ সেবন করিতে দিবে । পিল্লুরোগীকে প্রথমতঃ স্নেহপ্র-য়োগ করতঃ বমন করাইবে । তৎপরে শিরাবেধ করিয়া রক্তমোক্ষণ করিবে এবং রক্তমোক্ষণ হইলে মনঃশিলা, রসাঞ্জন, ত্রিকটু (মরিচ, পিপুল ও শুঁঠ), গোপিত্ত একত্র মিশ্রিত করতঃ চক্ষে অঞ্জন করিবে ॥ ১৩৫ ॥

হরিতালবচাদা[illegible] । অভয়ারসপিষ্টং বা তগরং পিল্লনা-শনং ॥ ১৩৬ ॥

হরিতালেত্যাদৌ ।—সুরসারস পেষিতমিতি সুরসা পর্ণাশভেদঃ সুবহমল্লীতিলোকে । প্রতি-সারণমেতৎ । অভয়েত্যাদৌ ।—তগরং তগর-পাদুকা ।। ১৩৬ ।।

হরিতাল, বচ ও দেবদারু, এই সকল দ্রব্য তুলসীর রসে পেষণ করিয়া চ-ক্ষুতে অঞ্জন করিলে অথবা হরীতকীর রসে তগরপাদুকা পেষণ করিয়া অঞ্জন করিলে পিল্লুরোগ বিনষ্ট হয় ॥ ১৩৬ ॥

ভাবিতং বস্তমূত্রেণ সস্নেহং দেবদারু চ । কাকমাচীফলৈকেন, ঘৃতযুক্তেন বুদ্ধিমান্ । ধূপয়েৎ পিল্লরোগার্ত্তং পতন্তি ক্রিময়োঽচিরাৎ ॥ ১৩৭ ॥

ভাবিতমিত্যাদৌ ।—স্নেহোঘৃতং চক্ষুর্ব্বাহ্যে এতদপি প্রতিসারণং । কাকমাচীত্যাদৌ । ফল-

নেকমেব ঘৃতলিপ্তং ধূপার্থং। ধূপনং চক্ষুর্ব্বাসসাচ্ছাদ্য কার্য্যং। অন্যে তু এতেন কেবলেন ভাবনাদিরহিতেন ধূপনমিত্যাহুঃ॥ ১৩৭॥

ঘৃত ও ছাগমূত্রে দেবদারু ভাবনা করিয়া প্রতিসারণ করিবে। এবং কাকমাচীর ফলে ঘৃত লেপন করতঃ এবং চক্ষু বস্ত্রাচ্ছাদিত করতঃ ধূপ প্রয়োগ করিবে। ইহাদ্বারা ক্রিমি সকল পতিত হইয়া পিলুরোগ বিনষ্ট হয়॥ ১৩৭॥

রসাঞ্জনং সর্জ্জরসো জাতীপুষ্পং মনঃশিলা। সমুদ্রফেণো লবণং গৈরিকং মরিচানি চ॥ এতৎ সমাংশং মধুনা পিষ্টং প্রক্লিন্নবর্ত্মনি। অঞ্জনং ক্লেদকণ্ডূঘ্নং পক্ষ্মণাঞ্চ প্ররোহণং॥ ১৩৮॥

রসাঞ্জনমিত্যাদৌ।—সর্জ্জরসো যক্ষধূপঃ অত্র পেষণং মধুনৈব॥ ১৩৮॥

রসাঞ্জন, ধূনা, জাতীপুষ্প, মনঃশিলা, সমুদ্রফেণা, সৈন্ধবলবণ, গেরিমাটি ও মরিচ, এই সকল দ্রব্য সমপরিমাণে লইয়া মধুর সহিত পেষণ করিবে। প্রক্লিন্নবর্ত্মে ইহাদ্বারা অঞ্জন করিলে ক্লেদ ও কণ্ডূ প্রশমিত হয়। এবং পক্ষ্মরোম উৎপন্ন হইয়া থাকে॥ ১৩৮॥

মস্তকাস্থি চুলুক্যাস্তু তুষোদনবণান্বিতং। তাম্রপাত্রেঽঞ্জনং ঘৃষ্টং পিল্লে প্রক্লিন্নবর্ত্মনি॥ ১৩৯॥

মস্তকাস্থীত্যাদৌ।—চুলুকী শিশুমারঃ তস্য মস্তকাস্থি তুষোদকং কাঞ্জিকং॥ ১৩৯॥

শুশু নামক জলজন্তুর মস্তকের অস্থি, কাঞ্জিক ও সৈন্ধবলবণ একত্র তাম্রপাত্রে ঘর্ষণ করিয়া প্রক্লিন্নবর্ত্ম ও পিলুরোগ নাশার্থ অঞ্জন করিবে॥ ১৩৯॥

তাম্রপাত্রে গুহামূলং সিন্ধুত্থমরিচান্বিতং। আরণালেন সংঘৃষ্টমঞ্জনং পিল্লনাশনং॥ ১৪০॥

তাম্রে ইত্যাদৌ।—গুহা পৃশ্নিপর্ণী তস্যা মূলং তাম্রপাত্রে সপ্তাহং ঘর্ষয়েদিতি জ্ঞেয়ং। অন্যে তু গুহাস্থানে স্নুহেতি পঠিত্বা স্নুহ্যামূলমাহুঃ। তচ্চ এতন্মতেন ক্ষীররহিতং কৃত্বা অঞ্জনবিধৌ প্রযোজ্যমিতি বদন্তি ব্যবহারস্তু পূর্ব্বেণৈব॥ ১৪০॥

পৃশ্নিপর্ণীর মূল, সৈন্ধবলবণ ও মরিচ, এই সকল দ্রব্য একত্র তাম্রপাত্রে কাঞ্জিক সহিত ঘর্ষণ করিয়া চক্ষুতে অঞ্জন করিলে পিলুরোগ বিনষ্ট হয়॥ ১৪০॥

হরিদ্রে ত্রিফলালোধ্রং মধুকং রক্তচন্দনং। ভৃঙ্গরাজরসে পিষ্ট্বা ঘর্ষয়েল্লৌহভাজনে॥ তথা তাম্রে চ সপ্তাহং কৃত্বা বর্ত্তিং রজোঽথবা। পিচ্চিটী ধূমদর্শী চ তিমিরোপহতেক্ষণঃ। প্রতিনিশাঞ্জয়েন্নিত্যং সর্ব্বনেত্রাময়াপহং॥ ১৪১॥

হরিদ্রেত্যাদৌ।—তথেত্যনেন তাম্রপাত্রে সপ্তাহং ঘর্ষয়েদিতি যোজ্যং। অন্যে তু তথা তাম্রে চেতি বিকল্পার্থমেতৎ বচনং ন সমুচ্চয়ার্থং তেন লৌহভাজনে তাম্রে ভাজনে বা ঘর্ষয়েদিত্যাহুঃ। রজোঽথবেতি এতেন চূর্ণাঞ্জনমপ্যুপদিশন্তি॥ ১৪১॥

হরিদ্রা, দারুহরিদ্রা, ত্রিফলা, লোধ, যষ্টিমধু ও রক্তচন্দন, এই সকল দ্রব্য ভৃঙ্গরাজ রসের সহিত সপ্তাহ পর্য্যন্ত লৌহপাত্রে ঘর্ষণ করিবে। পরে পুনর্ব্বার তাম্রপাত্রে সপ্তাহ পর্য্যন্ত ঘর্ষণ করিয়া বর্ত্তি অথবা চূর্ণ প্রস্তুত করিবে। উক্ত সর্ব্বনেত্ররোগ নাশক অঞ্জনদ্বারা পিচ্চিটরোগী, ধূমদর্শী ও তিমির রোগাক্রান্ত ব্যক্তি প্রত্যহ প্রতি রাত্রে অঞ্জন করিবে॥ ১৪১॥

চূর্ণাঞ্জনম্—

মঞ্জিষ্ঠামধুকোৎপলোদধিকফত্বক্সেব্যোগোরোচনা। মাংসীচন্দনশঙ্খপত্রগিরিমৃত্তালীশপুষ্পাঞ্জনৈঃ॥ সর্ব্বৈরেবসমাংশমঞ্জনমিদং শস্তং সদা চ-

ক্ষুষোঃ। কণ্ডুক্লেদমলাশ্রুশোণিত-
রুজাপিল্লার্ম্মশুক্রাপহং ॥ ১৪২ ॥

মঞ্জিষ্ঠেত্যাদৌ।—উদধিকফঃ সমুদ্রফেণঃ সেব্য মুশীরং পত্রং তমালপত্রং তেজপত্রমিত্যন্যে পুষ্পং পুষ্পকাশীশং অঞ্জনং রসাঞ্জনং তালীশপত্রাঞ্জনৈ-রিত্যপি পাঠঃ বর্ত্তিরিয়ং চূর্ণাঞ্জনং বা ॥ ১৪২ ॥

মঞ্জিষ্ঠা, মধুক (যষ্টিমধু), উৎপল (নীলোৎপল), সমুদ্রফেণা, দারুচিনি, বেণারমূল, গোরোচনা, জটামাংসী, রক্তচন্দন, পত্রপত্র (তমালপত্র, কেহ কেহ তেজপত্র বলিয়া থাকেন), গেরিমাটি, তালীশপত্র, পুষ্প (পুষ্পকাশীশ অথবা হিরাকস) ও রসাঞ্জন, এই সকল দ্রব্য সমভাগে লইয়া চূর্ণ করিবে। উক্ত চূর্ণ দ্বারা চক্ষুতে অঞ্জন করিবে। উক্ত অঞ্জন সর্ব্বদাই চক্ষের পক্ষে হিতকর এবং চক্ষের কণ্ডূ, ক্লেদ, মল, অশ্রু, শোণিত স্রাব, বেদনা, পিল্লু, অর্ম্ম ও শুক্র প্রভৃতি নিবারক ॥ ১৪২ ॥

তুত্থকস্য পলং শ্বেতমরিচানি চ বিংশতিঃ। ত্রিংশতা কাঞ্জিকপলৈঃ পিষ্ট্বা তাম্রে নিধাপয়েৎ ॥ পিল্লানপিল্লান্ কুরুতে বহুবর্ষোত্থিতানপি। তৎসেকেনোপদেহাশ্রুকণ্ডূশোথাংশ্চ নাশয়েৎ ॥ ১৪৩ ॥

তুত্থকেত্যাদি।—বাতটস্য শ্বেতমরিচানি শোভাঞ্জন বীজানি বিংশতিঃ কাঞ্জিকত্রিংশৎপলৈঃ উপদেহঃ পিচ্ছোক্তিকা ॥ ১৪৩ ॥

তুঁতিয়া ১পল (অর্থাৎ আট তোলা), শ্বেতমরিচ (সজিনার বীজ) ২০টী ও কাঞ্জিক ৩০ পল একত্র পেষণ করিয়া তাম্রপাত্রে রাখিয়া দিবে। ইহাদ্বারা অঞ্জন করিলে বহুবর্ষোত্থিত পিল্লুরোগ অপিল্লুরূপে পরিণত হয় এবং ইহাদ্বারা সেক করিলে উপদেহ, অশ্রু, কণ্ডূ, ও শোথ বিনষ্ট হয় ॥ ১৪৩ ॥

যাপ্যঃ পক্ষ্মোপরোধশ্চ রোমোদ্ধরণলেখনৈঃ। বর্ত্মন্যুপচিতং লেখ্যং স্রাব্যমুৎক্লিষ্টশোণিতং ॥ প্রবৃদ্ধান্তর্মুখং রোমসহিষ্ণোরুদ্ধরেচ্ছনৈঃ। সংদংশেনোদ্ধরেদ্দৃষ্টাং পক্ষ্মরোমানি বুদ্ধিমান্। রক্ষন্নক্ষি দহেৎ পক্ষ্ম তপ্তহেমশলাকয়া। পক্ষ্মরোগে পুনর্নৈবং কদাচিদ্রোমসম্ভবঃ ॥ ১৪৪ ॥

যাপ্য ইত্যাদৌ।—রোমোদ্ধরণলেখনৈরিত্যনন্তরং কর্ম্মভিরিতি শেষঃ পক্ষ্মোপরোধোরোমোদ্ধরণলক্ষণৈঃ কর্ম্মভির্যাপ্যঃ যাপনীয়ঃ লেখনৈরিত্যত্র লক্ষনৈরিত্যপি পাঠান্তরং। বর্ত্মান্যুপচিতমিতি পক্ষ্মলোমেতি শেষঃ।
কেনপ্রকারেণোদ্ধরেদিত্যাহ সংদংশেনেত্যাদি।—দৃষ্ট্যাং পক্ষ্মরোমাণীত্যত্র দৃষ্ট্বা পক্ষ্মরোমাণীত্যপি পাঠান্তরং। রক্ষন্নিত্যাদৌ।—পক্ষ্মেতি পক্ষ্মস্থানং উক্তং হি পক্ষ্মরোগে হৃতে নাস্তি দাহং তৎস্থানকে ভিষক্। তপ্তয়া হেমসূচ্যাতু যুঞ্জ্যাদ্যাপ্য ভয়াষ্টকমিতি ॥ ১৪৪ ॥

পক্ষ্মোপরোধপীড়া রোমোদ্ধরণ (রোম উৎপাটন) ও লেখন ক্রিয়াদ্বারা যাপ্য রাখিতে চেষ্টা করিবে।

বর্ত্মে রোম উপচিত হইলে লেখন ক্রিয়া করতঃ উৎক্লিষ্ট শোণিত মোক্ষণ করিবে।

প্রবৃদ্ধ অন্তর্ম্মুখ রোম সমূহ শনৈঃ শনৈঃ উদ্ধৃত করিবে। এবং পক্ষ্মরোম সমূহ চক্ষুতে পতিত হইলে বুদ্ধিমান্ ব্যক্তি সোন্দ্বারা উদ্ধৃত করিবেন। এবং চক্ষুর কোন অনিষ্ট না হয় এরূপ ভাবে পক্ষ্ম স্থান তপ্তহেমশলাকাদ্বারা দগ্ধ করিয়া দিবেন। পক্ষ্মরোগে এরূপে রোম সমূহ হৃত হইলে আর কখনো রোম উৎপন্ন হইতে পারে না ॥ ১৪৪ ॥

উৎসঙ্গিনী বহুলকর্দ্দমবর্ত্মনী চ
শ্যাববর্ত্ম যচ্চ পঠিতং ত্বিহ বদ্ধবর্ত্ম।
ক্লিষ্টঞ্চ পোথকিযুতং ত্বিহবর্ত্ম যচ্চ
কুম্ভীকিনী চ সহ শর্করয়াবলেখ্যাঃ।

শ্লেষ্মোপনাহনগণৌচ বিষঞ্চ ভেদ্যো
গ্রন্থিশ্চ যঃ ক্রিমিকৃতোঽঞ্জননামিকা চ॥১৪৫॥

ইদানীং নেত্ররোগেষু মধ্যেষু যেচ লেখ্যা যেচ ভেদ্যাস্তানাহ উৎসঙ্গিনীত্যাদি।—সুশ্রুতস্য। বহুলকর্দ্দমবর্ত্মিনী চেত বহুলবর্ত্ম কর্দ্দমবর্ত্ম চেত্যর্থঃ। শ্যাববর্ত্ম শ্যাবকেতি তথা ক্লিষ্টঞ্চ ক্লিষ্টবর্ত্ম। বিষমতি বিষগ্রন্থি॥ ১৪৫॥

উৎসঙ্গিনী, বহুলবর্ত্তিনী, কর্দ্দমবর্ত্মনী, শ্যাববর্ত্ম, বদ্ধবর্ত্ম, ক্লিষ্টবর্ত্ম, পোথকিযুক্তবর্ত্ম, কুম্ভীকিনী ও শর্করা, ইহারা লেখনীয় অর্থাৎ লেখনকরার যোগ্য।

শ্লেষ্মোপনাহ, নগণ, বিষগ্রন্থি, গ্রন্থি ও ক্রমিকৃত অঞ্জননামিকা, ইহারা ভেদনীয়॥ ১৪৫॥

ঘৃতসৈন্ধবচূর্ণেন কফানাহং পুনঃ
পুনঃ। বিলিখেন্মণ্ডলাগ্রেণ প্রচ্ছয়েদ্বাসমন্ততঃ॥ ১৪৬॥

ঘৃতেত্যাদি।—ঘৃতমিশ্রসৈন্ধবচূর্ণেন বিলিখেৎ প্রতিসারয়েৎ। মণ্ডলাগ্রেণ তু প্রচ্ছয়েদিত্যর্থঃ। ১৪৬।

কফানাহে ঘৃত মিশ্রিত সৈন্ধবচূর্ণদ্বারা পুনঃ পুনঃ বিলিখন অর্থাৎ প্রতিসারণ করতঃ মণ্ডলাগ্র অস্ত্রদ্বারা চতুর্দ্দিগে পুচ্ছন (পিঁচেদেওয়া) করিবে॥ ১৪৬॥

পটোলামলককাথৈ রাশ্চ্যোতনবিধিহিতঃ। ফণিজ্ঝকরসোনস্য রসৈঃ পোথকিনাশনঃ॥ ১৪৭॥

পোথকীচিকিৎসামাহ পটোলেত্যাদি।—ফণিজ্ঝকঃ পর্ণাসঃ। রসৈরিত্যনন্তরং পিষ্ট ইতি শেষঃ। ফণিজ্ঝকপত্রং রসোনস্য রসৈঃ পিষ্টমাশ্চ্যোতনমিত্যর্থঃ॥ ১৪৭॥

পটোল ও আমলকীর ক্বাথদ্বারা আশ্চ্যোতন অথবা তুলসীপত্র রসোনের রসদ্বারা পেষণ করতঃ তদ্দ্বারা আশ্চ্যোতন করিলে পোথকি রোগ বিনষ্ট হয়॥ ১৪৭॥

আনাহপিড়কাং স্বিন্নাং তির্য্যগ্‌ভিত্বাগ্নিনা দহেৎ। অর্শস্তথা বর্ত্মনাম্না শুষ্কার্শোঽর্ব্বুদমেব চ। মণ্ডলাগ্রেণ তীক্ষ্ণেণ মূলে ছিন্দ্যাদ্‌ভিষক্ শনৈঃ॥১৪৮॥

আনাহপীড়কামিত্যাদৌ।—দহেদিতি ছেদঃ। অর্শঃপ্রভৃতীনাস্তু ছিন্দ্যাদিত্যনেনান্বয়ঃ॥ ১৪৮॥

আনাহপীড়কা হইলে স্বেদ প্রদান করতঃ তির্য্যগ্‌ভাবে বিদারণ করিয়া অগ্নি দ্বারা দগ্ধ করিবে।

অর্শঃ, শুষ্কার্শঃ ও অর্ব্বুদ; ইহাদিগের মূল তীক্ষ্ণ মণ্ডলাগ্র অস্ত্রদ্বারা শনৈঃ শনৈঃ ছেদন করিয়া দিবে॥ ১৪৮॥

সিন্ধূত্থপিপ্পলীকুষ্ঠপর্ণিনীত্রিফলারসৈঃ। সুরামণ্ডেন বর্ত্তিঃ স্যাৎ শ্লেষ্মাভিষ্যন্দনাশিনী। পোথকী বর্ত্মোপরোধক্রিমিগ্রন্থিকতূণকে॥ ১৪৯॥

সিন্ধূত্থেত্যাদৌ।—চতস্রঃ পর্ণিন্যো গৃহ্যন্তে বিশেষাদিত্যাহুঃ। সিন্ধূত্থাদীনাং প্রত্যেকং সমং চূর্ণং গৃহীত্বা ত্রিফলারসেন ভাবয়িত্বা সুরামণ্ডেন বর্ত্তিঃ কার্য্যেত্যর্থঃ॥ ১৪৯॥

ইতি নেত্ররোগ-চিকিৎসা।

সৈন্ধবলবণ, পিপ্পলী, কুড়, শালপর্ণী, পৃশ্নিপর্ণী, মুদ্গপর্ণী ও মাষপর্ণী, ইহাদিগের সমভাগ চূর্ণ গ্রহণ করিয়া ত্রিফলার (হরীতকী, আমলকী ও বহেড়ার) রসদ্বারা ভাবনা করতঃ সুরামণ্ডের সহিত বর্ত্তি প্রস্তুত করিবে। ইহাদ্বারা শ্লেষ্মজন্য অভিষ্যন্দ, পোথকী, বর্ত্মোপরোধ, ক্রিমিগ্রন্থি ও তূণকরোগ প্রশমিত হয়॥ ১৪৯॥

ইতি নেত্ররোগ-চিকিৎসা।

অথ শিরোরোগ-চিকিৎসা।

বাতিকে শিরসোরোগে স্নেহস্বেদান্ সনাবনান্। পানান্নমুপনাহাংশ্চ কুর্য্যা দ্বাতাময়াপহান্ ॥ ১ ॥

শিরঃসংশ্রিতকর্ণনাসানয়নগতরোগাণাং চিকিৎসিতোক্তা সম্প্রতি তদাশ্রয়স্য শিরসোরোগাণাং চিকিৎসামাহ বাতিক ইত্যাদি। স্বেদোঽত্র বাতহরদ্রব্যকৃতসঙ্করাদিভিঃ। উপনাহঃ স্বেদবিশেষঃ অন্যেত্বুপনাহং শিরোবস্তিভেদমাহুঃ যেন মস্তিষ্ক উচ্যতে তন্ত্রান্তরে হি মস্তিষ্ক উপনাহঃ। শিরোবস্তির্নিশ্চয়েনোক্তঃ। যথা মস্তিষ্কেঽষ্টাঙ্গুলং পট্টং বস্তৌ তু দ্বাদশাঙ্গুলমিতি ॥ ১ ॥

বাতিক শিরোরোগে স্নেহ, স্বেদ, নাবন প্রভৃতি ক্রিয়া এবং বাতনাশক পান, আহার ও উপনাহ আচরণ করা কর্ত্তব্য ॥ ১ ॥

কুষ্ঠমেরণ্ডমূলঞ্চ লেপাৎ কাঞ্জিকপেষিতং। শিরোর্ত্তিং নাশয়ত্যাশু পুষ্পং বা মুচুকুন্দজং ॥ ২ ॥

মুচুকোন্দেহনিষ্ক ইতি নিশ্চলঃ কিন্তু পশ্চিমে স্বনামখ্যাত এব ॥ ২ ॥

কুড় ও এরণ্ডমূল একত্র কাঞ্জিতে পেষণ করিয়া অথবা মুচুকুন্দপুষ্প পেষণ করিয়া প্রলেপ দিলে অতি সত্বর শিরোরোগ বিনষ্ট হয় ॥ ২ ॥

পঞ্চমূলীশৃতং ক্ষীরং নস্যং দদ্যাচ্ছিরোগদে। আশিরো ব্যায়তং চর্ম্ম কৃত্বাষ্টাঙ্গুলমুচ্ছ্রিতং। তেনাবেষ্ট্য শিরোঽধস্তান্মাষকল্কেন লেপয়েৎ॥ নিশ্চলস্যোপবিষ্টস্য তৈলৈরুষ্ণৈঃ প্রপূরয়েৎ। ধারয়েদারুজঃ শান্তির্যামং যামার্দ্ধমেব বা। শিরোবস্তির্হরত্যেষা শিরোরোগং মরুদ্ভবং। হনুমন্যাক্ষিকর্ণার্ত্তিমর্দ্দিতং মস্তকম্পনং ॥ তৈলেনাপূর্য্য মূর্দ্ধানং পঞ্চমাত্রাশতানি চ। তিষ্ঠেৎ শ্লেষ্মণি পিত্তেঽষ্টৌ দশবাতে শিরোগদী। এষএববিধিঃ কার্য্যস্তথা কর্ণাক্ষি পূরণে ॥ ৩ ॥

পঞ্চমূলী বাতপৈত্তিকে স্বল্পা বাতকফে তু মহতী।

আশিরোব্যায়তমিতি।—যাবত্তা চর্ম্মণ ... বেষ্টনং ভবতি তাবন্মানং চর্ম্ম গ্রাহ্যমি... তৈলৈরিতি যথাবিধিসাধিতৈঃ পূরয়েদিত্যত্রুলোচ্চয়েন ঘৃতমিতি তন্ত্রান্তরদর্শনাৎ আরুজঃ শান্ত্যৈ ধারয়েদিতি বাতে যামং পৈত্তিকে যামার্দ্ধং কফে বক্ষ্যমাণ পঞ্চমাত্রাশতানীত্যাদি বচনং ভিন্নকর্ত্তৃকত্বান্নাত্র তেনাবিরুদ্ধং বোধ্যৎ। মাত্রাত্র নিমেষোন্মেষাদিঃ। উক্তং হি নিমেষোন্মেষণে পুংসাং স্ফোটনং বাপি চাঙ্গুলেঃ। অক্ষরস্য ... ভবেদিতি। ব্যবহারস্তু চুটিকয়েতি। কফজে তু শিরোবস্তিন স্যাদিতিব্রজিতে কফে বাতস্য চানুবন্ধে মতি জ্ঞেয়ঃ। কেবলকফে তস্যানৌচিত্যাৎ। বিধি রিতি মাত্রারূপঃ ॥ ৩ ॥

পঞ্চমূলের সহিত দুগ্ধ পাক করিয়া শিরোগে নস্য গ্রহণ করিবে। মস্তকের বেষ্টন যোগ্য অষ্টাঙ্গুল উন্নত একটী চর্ম্ম বেষ্টন দ্বারা মস্তক বেষ্টন করিয়া রাখিবে! এবং মস্তকের অধোদেশে মাষকলাই পেষণ করিয়া তদ্দারা প্রলেপন করিবে। অনন্তর স্থিরভাবে উপবিষ্ট হইয়া যথারীতি পক্ক সুখোষ্ণ তৈলদ্বারা উহা পূর্ণ করিয়া রাখিবে। এই রূপে বাত জন্য শিরোরোগে এক প্রহর এবং পিত্তজন্য শিরোরোগে অর্দ্ধ যাম (অর্থাৎ অর্দ্ধ প্রহর) অথবা যে পর্য্যন্ত শিরো বেদনার শান্তি না হয় তাবৎকাল পর্য্যন্ত উহা ধারণ করিয়া থাকিবে। উক্ত শিরোবস্তিদ্বারা বাতজন্য শিরঃপীড়া, হনু, মন্যা, চক্ষু ও কর্ণরোগ, অর্দ্দিত শিরঃকম্প প্রভৃতিও প্রশমিত হয়।

কেহ কেহ বলেন, পূর্ব্বোক্ত তৈল শ্লেষ্ম জন্য শিরোরোগে ১০৫ একশত পাঁচ মাত্রা, পিত্ত জন্য শিরোরোগে ১০৮ এক শত আট মাত্রা এবং বাত জন্য শিরো-

রোগে ১১০ এক শত দশ মাত্রা (নিমেষোন্মেষাদিকে মাত্রা বলা যায়) সময় পর্য্যন্ত ধারণ করা কর্ত্তব্য। কর্ণ এবং অক্ষি পূরণেও উক্ত তৈল ব্যবস্থা করিবে ॥ ৩ ॥

পৈত্তে ঘৃতং পয়ঃ সেকাঃ শীতলেপাঃ সনাবনাঃ। জীবনীয়ানি সর্পীংষি পানান্নানি পিত্তনুৎ। পিত্তাত্মকে শিরোরোগে স্নিগ্ধং সম্যগ্বিরেচয়েৎ। মৃদ্বীকাত্রিফলেক্ষূণাং রসৈঃ ক্ষীরৈর্ঘৃতৈরপি ॥ ৪ ॥

পৈত্ত ইত্যাদৌ।—শীতা ইতি সেকলেপয়োর্ব্বিশেষণঃ। জীবনীয়ানি সর্পীংষীতি জীবনীয়দশককাথকল্কসাধিতানি। মৃদ্বীকেত্যাদি মৃদ্বীকেক্ষুরসৌ ত্রিবৃচ্চূর্ণপ্রক্ষেপাদ্বিরেককারকৌ জ্ঞেয়ৌ ত্রিফলা ক্বাথস্তু স্বতএবেত্যাহুঃ। ক্ষীরঘৃতে চাপি ত্রিবৃতাদি সিদ্ধে বিরেকে ॥ ৪ ॥

পৈত্তিক শিরোরোগে ঘৃতং, পয়ঃ, শীতলসেক, শীতল লেপ, নস্য, জীবনীয়গণ-সাধিত-ঘৃত, পিত্তনাশক পানীয় ও আহার হিতকর।

পিত্ত জন্য শিরোরোগে প্রথমতঃ স্নেহ প্রয়োগ করিবে। অনন্তর নিম্ন লিখিত ঔষধদ্বারা সম্যক্ রূপ বিরেচন করাইবে। দ্রাক্ষার (কিস্‌মিসের) ক্বাথ ও ইক্ষু রসে ত্রিবৃৎ (তেউড়ী) চূর্ণ প্রক্ষেপ করিয়া তদ্দ্বারা বিরেচন করান কর্ত্তব্য। অথবা কেবল ত্রিফলার ক্বাথ কিম্বা ঘৃতে অথবা দুগ্ধে তেউড়ীচূর্ণ মিশ্রিত করিয়া বিরেচনার্থ প্রয়োগ করিবে ॥ ৪ ॥

শতধৌতঘৃতাভ্যঙ্গঃ শীতবাতাদিসেবনং। শীতস্পর্শাশ্চ সংসেব্যাঃ সদা দাহার্ত্তিশান্তয়ে ॥ ৫ ॥

শতধৌতঘৃতাভ্যঙ্গেতি।—শতধৌতেন ঘৃতেন শিরসোভ্যঙ্গো জ্ঞেয়ঃ উক্তং হি সর্পিষঃ শতধৌতস্য শিরসি ধারণং হিতমিতি। শীতস্পর্শা ইত্যাদি।—শীতস্পর্শাঃ কুমুদোৎপলপদ্মাদয়ঃ ॥ ৫ ॥

শিরোরোগে দাহ হইলে উহার শান্তির জন্য মস্তকে শতধৌত ঘৃত মর্দ্দন এবং শীতল বাতাদি সেবন এবং কুমুদ, উৎপল ও পদ্ম প্রভৃতি শীতস্পর্শদ্রব্য সর্ব্বদা ধারণ করিবে ॥ ৫ ॥

চন্দনোশীরযষ্ট্যাহ্ববলাব্যাঘ্রনখোৎপলৈঃ। ক্ষীরপিষ্টৈঃ প্রদেহঃ স্যাচ্ছৃতৈর্ব্বা পরিষেচনং ॥ ৬ ॥

চন্দনেত্যাদৌ।—বাঘ্রনখো নখীতিখ্যাতঃ। শৃতৈরিতি চন্দনাদিক্বাথৈঃ অন্যেতু চন্দনাদি শৃতৈঃ ক্ষীরৈরিত্যাহুঃ ॥ ৬ ॥

শিরোরোগে রক্তচন্দন, বেণারমূল, যষ্টিমধু, বেরেলা, ব্যাঘ্রনখী ও নীলোৎপল; এই সকল দ্রব্য দুগ্ধের সহিত পেষণ করিয়া প্রলেপন করিবে। অথবা চন্দন প্রভৃতি দ্রব্য দ্বারা যথারীতি দুগ্ধ পাক করিয়া পরিষেচন করিবে ॥ ৬ ॥

মৃণালবিসশালূকচন্দনোৎপলকেশরৈঃ। স্নিগ্ধশীতৈঃ শিরোদিহ্যাৎ তদ্বদামলকোৎপলৈঃ ॥ ৭ ॥

মৃণালেত্যাদৌ।—বিসং বালমৃণালং। উৎপলকেশরং কিঞ্জল্কং স্নিগ্ধশীতৈঃ স্নিগ্ধত্বং ঘৃতযোগাৎ। তদ্বদিত্যনেন ঘৃতযোগাৎস্নিগ্ধত্বমতিদিশতি ॥ ৭ ॥

মৃণাল, ক্ষুদ্রমৃণাল, শালুক, রক্তচন্দন ও উৎপলকেশর, এই সকল শীতলদ্রব্য একত্র ঘৃতসহযোগে পেষণ করিয়া মস্তকে প্রলেপন করিবে। এইরূপ আমলকী ও নীলোৎপল ঘৃতের সহিত পেষণ করিয়া মস্তকে প্রলেপন করিবে ॥ ৭ ॥

যষ্ট্যাহ্বচন্দনানন্তা ক্ষীরসিদ্ধং ঘৃতং হিতং। নাবনং শর্করাদ্রাক্ষামধুকৈর্ব্বাপি পিত্তজে ॥ ৮ ॥

যষ্ট্যাহ্বেত্যাদৌ।—অনন্তা অনন্তমূলং এষাং কল্কেন চতুর্গুণক্ষীরেণ ঘৃতং পক্তব্যং এবং শর্করা দ্রাক্ষা যষ্টিমধুকল্কেন চতুর্গুণক্ষীরেণ ঘৃতান্তরং পক্তব্যমিত্যর্থঃ ॥ ৮ ॥

যষ্টিমধু, রক্তচন্দন ও অনন্তমূল, এই সকল দ্রব্যের কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিয়া পিত্তজন্য শিরোরোগে নস্য গ্রহণ করিবে। অথবা শর্করা, দ্রাক্ষা ও যষ্টিমধু, এই সকল দ্রব্যের কল্ক ও চতুর্গুণ দুগ্ধের সহিত ঘৃত পাক করিয়া পিত্তজন্য শিরোরোগে নস্য গ্রহণ করিবে॥ ৮॥

ত্বক্‌পত্রশর্করারাম্নাবনং তণ্ডুলাম্বুনা। ক্ষীরসর্পির্হিতং নস্যং রসা বা জাঙ্গলাঃ শুভাঃ॥ রক্তজে পিত্তবৎসর্ব্বং ভোজনালেপসেচনং॥ শীতোষ্ণয়োশ্চ ব্যত্যাসো বিশেষো রক্তমোক্ষণং॥ ৯॥

ত্বক্‌পত্রেত্যাদি।—ত্বক্‌পত্রং তেজপত্রং। ক্ষীরসর্পিরিত্যাদি। সুশ্রুতস্য। ক্ষীরোত্থং সর্পিঃ ক্ষীরসর্পিঃ। শুভাইতি সদ্যস্কাঃ। জাঙ্গলাঃ শুভাইত্যত্র জাঙ্গলাওজা ইতি পাঠান্তরং তন্ত্রান্তরে তথাবিধাকারসুশ্রুতাদিপুস্তকেষদর্শনাৎ উপেক্ষণীয়মিতি।

শীতোষ্ণয়োশ্চ ব্যত্যাস ইতি।—শীতাং ক্রিয়াং কৃত্বা উষ্ণা, উষ্ণাঞ্চ কৃত্বা শীতেত্যর্থঃ। রক্তজেৎপোতদুষ্টক্রিয়াবিধানং যদ্যপি হেতুপ্রত্যনীকং ন ভবতি তথাপি ব্যাধিপ্রভাবাৎ ব্যাধিপ্রত্যনীকত্বমস্য বোধ্যং॥ ৯॥

তেজপত্র ও শর্করা পেষণ করিয়া তণ্ডুলোদকের সহিত নস্য গ্রহণ করিবে। এবং দুগ্ধ মথিত ঘৃতের নস্য ও জাঙ্গল-পশুর সদ্যস্ক রস পান করিবে।

রক্তজন্য শিরোরোগে, পিত্তজন্য শিরোরোগোক্ত ভোজন, প্রলেপ ও সেকাদি আচরণ করিবে। তন্মধ্যে বিশেষ এই যে, শীতক্রিয়ানন্তর উষ্ণক্রিয়া এবং উষ্ণ ক্রিয়ানন্তর শীতক্রিয়া ও রক্তমোক্ষণ করিবে॥ ৯॥

কফজে লঙ্ঘনং স্বেদোরুক্ষোষ্ণৈঃ পাচনাত্মকৈঃ। তীক্ষ্ণাবপীড়াধূমাশ্চ তীক্ষ্ণাশ্চ কবড়াহিতাঃ॥ অচ্ছঞ্চ পায়য়েৎ সর্পিঃ পুরাণং স্বেদয়েৎ। মধুকসারেণ শিরঃ স্বিন্নং চাস্য বিরেচয়েৎ॥ ১০॥

